শ্রীশম্ভুচরণ ঘোষঃ দীনবন্ধু এন্ড্রুজ কলেজের ছাত্র ভূদেব সেনকে যখন নির্মমভাবে গুলি করা হয় তখন সেই কলেজের যিনি অধ্যক্ষ এবং অধ্যাপকমণ্ডলী সবাই উপস্থিত ছিলেন। তাঁরা সেজন্য সরকারী প্রেস নোট-এর প্রতিবাদ করে একটা প্রস্তাব গ্রহণ করেছেন এবং তাঁরা এই দাবী করেছেন যে যেখানে তাঁদের সামনে পুলিস ভূদেব সেনকে হত্যা করেছে সেখানে পুলিসী তদন্তে তাঁরা বিশ্বাস করেন না এবং সেই প্রস্তাব তাঁরা সরকারের কাছে পেশ করেছেন এবং তাতে একথাও জানিয়েছেন যে বিচার বিভাগীয় তদন্ত হোক। আমার প্রশ্ন হচ্ছে যে কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকমণ্ডলী যাঁদের সামনে এই ঘটনা ঘটেছে তাঁদের প্রস্তাব সম্পর্কে কোন পজিটিভ রেসপনস করবেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ যখন তদন্ত হবে, তখন তাঁদের কাছে জিজ্ঞাসা করা হবে।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ ঐ কলেজের প্রিন্সিপাল এবং অধ্যাপকরা যাঁদের সামনে এই ঘটনা ঘটেছে তারা বলেছেন যে পুলিসী তদন্ত নয়, বিচার বিভাগীয় তদন্ত আমরা চাই। তাদের এই দাবীকে সরকার সম্মান দেবেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ সরকার অন্য কোন সিদ্ধান্ত বর্তমানে গ্রহণ করবেন না।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ যদি ১১ তারিখই হয়, শ্রদ্ধেয় হেমন্তবাবু এবং আর আর মাননীয় সদস্যের সামনে মাননীয় মুখ্যমন্ত্রী এই আশ্বাস দিয়ে থাকেন তাহলে আজকে তিনি সেখান থেকে পিছপাও হচ্ছেন কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি মোটেই বলি নি।

মিঃ স্পীকারঃ আপনি একটা জিনিস বলছেন তারপর উনি বলছেন বলি নি
It is not a Tribunal to decide it. You should stop there.

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ ভূদেব সেনকে হত্যার ব্যাপারে আমরা মনে করি সরকার এমন প্রভোগেসান দিয়েছিলেন যার জন্য এখানের রায়ট সেদিন থেকে তীব্র আকার ধারণ করে এবং সেটাকে ক্লীন করবার জন্য, সেই প্রভোগেসান যে পুলিসের তরফ থেকে হয়নি সেটা প্রমাণ করবার জন্য এই দাবীটা বিশেষ করে উঠেছে যে ভূদেব সেনের সংক্রান্ত ব্যাপারটা যেভাবে করেছেন তার জুডিসিয়াল এনকোয়ারী হওয়া দরকার। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে তাঁর সাহস আছে কি এখানে দাঁড়িয়ে বলার যে, সরকারের তরফ থেকে প্রভোগেসান সরকারের তরফ থেকে দেওয়া হয়নি ফর কমিউনাল ডিস্টারবেন্স সেটা প্রমাণ করবার জন্য অন্তত জুডিসিয়াল এনকোয়ারী করবেন এই ব্যাপারে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমার অনেক সাহস আছে। মাননীয় সদস্যের চেয়ে আমার সাহস কিছু কম নেই।

শ্রীহেমন্তকুমার বসুঃ স্পীকার স্যার বড় দুঃখের বিষয় যে আমাদের সামনে ১১ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী ভূদেব সেন সম্পর্কে বিচার বিভাগীয় তদন্তের কথা বলেছিলেন। আমরা তাঁকে বলেছিলাম তাতে তিনি রাজি হয়েছিলেন যে এখনই না দিয়ে রেডিও যোগে জানিয়ে দেবো একথা বলেছিলেন। তিনি হয়ত ভুলে গেছেন তিনি উড়িয়ে দিচ্ছেন দেখে অবাক হচ্ছি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি এটুকু বলেছিলাম যে আমি বিভাগীয় তদন্ত করবো। আমি একদম ঐ কথা বলি নাই যে, আমি বিচার বিভাগীয় তদন্ত করবো।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই তার কারণ উনি যে কথা বলেছেন তাতে আমাদের মর্যাদা রেখে সাপ্লিমেন্টারী করা সম্ভব হবে না। আমি আপনার প্রোটেকসান চাই। স্যার, আমাদের মাননীয় সদস্য কাশীকান্তবাবু যে কথা বললেন এবং মাননীয় সদস্য হেমন্তবাবু যে কথা বললেন তারপর মাননীয় মুখ্যমন্ত্রী সেটা অস্বীকার করলেন। আমরা

উভয় তরফের সদস্যরা এ বিষয়ে আপনাকে এ ব্যাপারে সত্য নির্ধারণ করবার জন্য অনুরোধ করছি because you are custodian of this House.
এ বিষয়ে আপনি ব্যবস্থা করবেন যাতে মাননীয় সদস্যদের অধিকার রক্ষা হয় সেজন্য আপনার প্রোটেকসান দাবী করছি।

[নো রিপ্লাই]

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বিচার বিভাগীয় তদন্ত হবে না তার একমাত্র কারণ যে ওদের বরাবর হয়ে থাকে আগে পুলিস এনকোয়ারী তারপর জুডিসিয়াল এনকোয়ারী কিন্তু এখানে তো পুলিস ট্রাডিসান ভেঙেছে সে বিদ্যায়তনের ভেতরে ঢুকে গুলি করেছে। সেখানে আপনার ট্রেডিসান ভেঙেছে যখন তখন এখানে ট্রেডিসান ভেঙে জনমতের দাবী অনুসারে বিচার বিভাগীয় তদন্ত করছেন না কেন ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: বরাবরই পুলিসের গুলিতে কেউ হত হলে ডিপার্টমেন্টাল এনকোয়ারী প্রথমে হয়।

শ্রীঅপূর্বলাল মজুমদার: অন্য জায়গায় যেখানে পুলিসের গুলিতে নিহত হয়েছে সেট কেও একই পর্যায়ে ইমপ্লিকেসান দিচ্ছেন কিনা ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: অনেক কিছু ইমপ্লিকেসান আছে সেটা আলোচনা করবার জায়গা এটা নয়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: গভর্নমেন্ট-এর তো আইন আছে এ তদন্ত করবার নিয়ম যাই হোক পুলিস এনকোয়ারী করবে কি কে করবে সে তো এনকোয়ারী অ্যাক্ট আছে সুতরাং গভর্নমেন্ট ইচ্ছা করলেই বিচার বিভাগীয় তদন্ত করতে পারেন সেটা করছেন না কেন ? বা সেটা করবেন কিনা ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি তো বলেছি না।

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Chief Minister be pleased to state categorically if there is any inexorable and invariable Government rule which says that if any death results from police firing, there must be first police enquiry and if the Chief Minister or his Cabinet is satisfied that, after the police enquiry is over, judicial probe is necessary, then and then only judicial probe is ordered? Is that the rule?

The Hon'ble Prafulla Chandra Sen: I cannot give reply to so many ifs.

Shri Kashi Kanta Maitra: Is the Chief Minister in a position to state before this House that there is any invariable departmental Government rule which says that it is only when deaths result from police firing then only police enquiry or departmental enquiry is to be held first before any judicial probe is ordered?

[12-30—12-40 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen: I have already stated what I propose to do, and I don't want to say anything more.

Shri Kashi Kanta Maitra: You have stated.................

Mr. Speaker: He has proposed to take steps.
এর বেশী উনি আর কিছু অ্যাড করতে চান না।

Shri Kashi Kanta Maitra: If I understood the Chief Minister aright, his answer to my question was, "Well we have ordered a departmental police enquiry and after the results are known if we think necessary we will order a judicial probe." But that is not my supplementary which I just now put to him. My supplementary is, whether there is any departmental rule which lays down that before any judicial enquiry is ordered there must be a departmental enquiry so that the conscience of the Chief Minister—the so-called conscience of the Chief Minister—is satisfied.

The Hon'ble Prafulla Chandra Sen: I have stated that that is the practice.

Shri Kashi Kanta Maitra: No, that is not so. It is a cardinal principle of parliamentary democracy. We want your protection and ruling. Bhudev is not coming here. Let us pay some respect to the soul of this man who died as a result of brutal police firing. Let this House stand up and demand a judicial probe.

Mr. Speaker: Mr. Maitra,
উনি যখন বলছেন দিস ইজ দি প্রসিডিওর তখন তার উপর আমি আর কিছু অ্যাড করতে পারি না।

Shri Kashi Kanta Maitra: No, no.

Mr. Speaker: This is the procedure.

Shri Kashi Kanta Maitra: Sir, with great humility I would appeal to the Chief Minister that don't say that is the procedure. There is a great deal of difference between the terms "procedure" and "practice". It may be the practice with the Government —a corrupt Government like this. But is that the departmental rule? Is that the Government circular?

The Hon'ble Prafulla Chandra Sen. That is the practice.

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, উনি কি জানেন না যে, কুচবিহারে গুলী চলবার পর সেখানে জুডিসিয়াল এনকোয়ারীর অর্ডার হয়েছিল এবং উনি কি জানেন না যে, ডিপার্টমেন্টাল এনকোয়ারী ছাড়াই গভর্নমেন্ট এখনই এখান থেকে জুডিসিয়াল এনকোয়ারীর অর্ডার করতে পারেন এবং সেটা বে-আইনী হয় না, রুলস্ বিরোধী হয় না? আপনি যদি দেখাতে পারেন তাহলে আমাদের দেখাবেন, কিন্তু আমরা জানি রুলস্-এর কোথাও একথা লেখা নেই। আপনি বলুন না কোথায় একথা লেখা আছে যে, পুলিশ এনকোয়ারী ছাড়া জুডিসিয়াল এনকোয়ারী করা যায় না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি বলতে পারি কুচবিহারে প্রথমে ডিপার্টমেন্টাল এনকোয়ারী হয়েছিল।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপসন্স]

শ্রীহেমন্তকুমার বসু: কোথায় লেখা আছে আপনি বলুন। আপনার ইচ্ছা হলে আপনি বলতে পারেন, কিন্তু আপনি বলুন কোথায় এই জিনিস লেখা আছে যে, পুলিশ এনকোয়ারী না হলে জুডিসিয়াল এনকোয়ারী হবে না?

মিঃ স্পীকার: হিজ অ্যানসার ইজ, দ্যাট ইজ দি প্রাকটিস্।

শ্রীহেমন্তকুমার বসু: স্যার, রুলস্-এ বাধা না থাকলেও, প্রাকটিস-এ বাধা না থাকলেও মুখ্যমন্ত্রী বলছেন যে আমি জুডিসিয়াল এনকোয়ারী করব না। এমতাবস্থায় আমাদের বক্তব্য হচ্ছে আইনে যখন দেখাতে পারছেন না যে পুলিশ এনকোয়ারী ছাড়া জুডিসিয়াল এনকোয়ারী হতে পারে না তখন তার প্রতিবাদে আমরা ওয়াক আউট করছি।

শ্রীননী ভট্টাচার্য: স্পীকার মহাশয়, এর প্রতিবাদে আমরাও ওয়াক আউট করছি।

[At this stage all the members of Opposition excepting Shri Siddhartha Shankar Ray walked out of the Chamber]

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, now that the House is free from all noise, may I point out that under the provisions of the Commissions of Inquiry Act, 1952, the Government has power to appoint a Judicial Inquiry Commission. But as far as I recollect, it is the convention, not the practice, of State Government not to order a judicial inquiry under the 1952 Act unless a departmental inquiry takes place, and unless and until the Government is prima facie satisfied that there is a case for judicial inquiry no order is made under the 1952 Act. I think the Chief Minister wanted to say this.

The Hon'ble Prafulla Chandra Sen: Yes, yes, that is what I wanted to convey.

Tribal Welfare Committee

***4.** (Admitted question No. *236.)

শ্রীজলেশ্বর হাঁসদা: আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলা আদিবাসী উন্নয়ন কমিটি কতজন সদস্য নিয়ে গঠিত এবং ঐ কমিটিতে আদিবাসী সদস্য সংখ্যা কত;

(খ) উক্ত কমিটির সদস্য কিভাবে ঠিক করা হয় এবং কে ঠিক করেন; এবং

(গ) গত বৎসরে উক্ত কমিটির কতবার মিটিং হয়?

The Hon'ble Tenzing Wangdi:

(ক) সর্বোচ্চ কোন সংখ্যা নির্দিষ্ট নাই। সংশ্লিষ্ট জেলার সকল আদিবাসী এম এল এ ও এম পি আদিবাসি-মঙ্গল পরিকল্পনাসমূহের রূপায়ণের সহিত সংশ্লিষ্ট সকল অফিসার এবং উল্লেখযোগ্য কয়েকজন সমাজকর্মীকে লইয়া জেলা আদিবাসি-মঙ্গল কমিটি গঠিত হয়। বর্তমান কমিটিগুলির মোট সদস্যসংখ্যা ও তাহার মধ্যে আদিবাসি সদস্যগণের সংখ্যা সম্বলিত একটি তালিকা নিম্নে রক্ষিত হইল (ক্রোড়পত্র)।

(খ) নিয়মানুযায়ী জেলার সকল আদিবাসি এম এল এ ও এম পি এবং সংশ্লিষ্ট সরকারী অফিসারগণ সদস্য নির্বাচিত হন। বেসরকারী সমাজকর্মীগণ সরকার কর্তৃক নির্বাচিত হন।

(গ) ক্রোড়পত্রের ৪র্থ স্তম্ভ দ্রষ্টব্য।

বিধান সভার ২৩৬ সংখ্যক প্রশ্নের (ক) ও (খ) উপ-প্রশ্নের জবাবে উল্লিখিত ক্রোড়পত্র।

জেলার নাম	জেলা আদিবাসী মঙ্গল কমিটির মোট সদস্য সংখ্যা	আদিবাসী সদস্য সংখ্যা	১৯৬২-৬৩ অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা
১	২	৩	৪
বর্দ্ধমান	২৩	৬	২
বীরভূম	২৩	৮	১
মেদিনীপুর	২৫	৮	১
হুগলী	২৫	৭	১
হাওড়া	২২	—	১
২৪-পরগণা	২৫	৩	১
নদীয়া	২১	৬	১
মুর্শিদাবাদ	২৫	৭	২
মালদহ	২১	৭	১
পশ্চিম দিনাজপুর	২৪	৬	১
জলপাইগুড়ি	২৫	৪	১
দার্জিলিং	২৫	৭	১
কুচবিহার	২৩	৫	১
পুরুলিয়া	২২	৩	১
বাঁকুড়া	২৫	৮	১

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন উক্ত সমিতির সদস্য ঠিক করা হয় সেখানকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্বারা, তারাই ঠিক করে দেবে কত সংখ্যা হবে, এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের নীতি কি? কোন্ কোন্ জেলা থেকে কিভাবে কোন্ কোন্ লোককে নিয়ে এই সমিতি গঠন করা হবে কোন্ কোন্ সরকারী এবং বে-সরকারী লোককে গ্রহণ করা হবে আদিবাসীদের কল্যাণের জন্য—এই সমিতি গঠনে কোন নীতি আছে কি না?

Shri Hon'ble Tenzing Wangdi: In answer to (kha) I have said that all M.L.A.s and M.L.C.s and connected Government officers are elected in every district committee. Furthermore, those officers who are connected with the implementation of tribal welfare are also elected for the benfit of tribal welfare. In addition to that, those social workers who are actively connected with tribal welfare are also included in the committee.

Sale of rice and paddy at Covernment rates

***5.** (Admitted question No. *256.)

শ্রীদেবশরণ ঘোষ: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য মুর্শিদাবাদ জেলার গ্রামাঞ্চলে কোথায়ও সরকার নির্ধারিত মূল্যে ধান ও চাউল বিক্রয় হইতেছে না; এবং

(খ) সত্য হইলে, এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) শুধুমাত্র সদর ও জংগীপুর মহকুমার কোথাও কোথাও সরকারী নির্ধারিত মূল্যের কিঞ্চিৎ উর্ধ্ব মূল্যে চাউল বিক্রয়ের কিছু কিছু খবর সরকারের গোচরে আসিয়াছে। অন্যত্র সরকারী নির্ধারিত মূল্যেই ক্রয়-বিক্রয় চলিতেছে, তবে কোথাও কোথাও সকল ধরণের চাউল মিলিতেছে না।

(খ) সরকারী নির্ধারিত মূল্যের অধিক মূল্যে ধান ও চাউল ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে আইনানুসারে যথাবিধি পন্থা গ্রহণ করিতে সংশ্লিষ্ট কর্মচারীগণকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Leave of the Police Commissioner, Calcutta

*6. (Admitted question No. *264.)

শ্রীমনোরঞ্জন বক্সী: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত জানুয়ারী (১৯৬৪) মাসে কলিকাতায় সাম্প্রদায়িক হাঙ্গামা শুরু হইবার মাত্র কয়েকদিনের মধ্যে অত্যন্ত ক্লান্তির জন্য পুলিস কমিশনার শ্রী এস এম ঘোষ ছুটি লইয়াছেন বলিয়া সরকারীভাবে প্রচার করা হয়;

(খ) ইহা কি সত্য যে, বাস্তব ক্ষেত্রে ছুটির নাম করিয়া শ্রী ঘোষকে উক্ত পদ হইতে অপসারণ করা হইয়াছে;

(গ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(ঘ) সত্য না হইলে, বর্তমানে শ্রী ঘোষের বিভাগীয় অবস্থা কি?

[12-40—12-50 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) গত সাম্প্রদায়িক হাঙ্গামার সময় অত্যধিক পরিশ্রমে শ্রী ঘোষ ক্লান্ত হইয়া পড়িয়াছিলেন এবং তিনি বিশ্রামের জন্য ১৫ই জানুয়ারী, ১৯৬৪ তারিখ হইতে এক মাসের ছুটি প্রার্থনা করিয়াছিলেন। এই ছুটি তাঁহাকে দেওয়া হইয়াছে।

(খ) না।

(গ) এ প্রশ্ন উঠে না।

(ঘ) বর্তমানে তিনি ছুটি উপভোগ করিতেছেন।

শ্রীনিখিল দাস: কবে থেকে তাঁকে ছুটি দেওয়া হয়েছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এটা আগেই বলে দেওয়া হয়েছে, ১৫ই জানুয়ারী থেকে।

শ্রীনিখিল দাস: একথা কি সত্য, যে এস এম ঘোষকে ছুটি দেবার কথা বলা হয়েছে, এটা কি আসলে তাঁকে অপসারণ করবার কৌশল?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: কৌশল কি অপকৌশল তা বলতে পারবো না, তিনি ছুটি চেয়েছিলেন তাঁকে ছুটি দেওয়া হয়েছে।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, যখন কোলকাতার উপর এই রকম ধরণের দাঙ্গা-হাঙ্গামা চলছে, যখন প্রত্যেকটি পুলিশ অফিসারকে তাঁর দায়িত্বে থাকার কথা, সেই সময় তাঁর ছুটি মঞ্জুর করা হয় কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ যেহেতু তিনি অসুস্থবোধ করছিলেন সেহেতু তাঁকে ছুটি দেওয়া হয়েছে।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি কি ধরণের অসুখে ভুগছিলেন এবং তাঁর কি মেডিক্যাল সার্টিফিকেট ছিল?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ তিনি ক্লান্ত হয়েছিলেন এবং কোন রকম দায়িত্বপূর্ণ কাজ করতে পারছিলেন না বলেই তাঁকে ছুটি দেওয়া হয়েছে।

শ্রীননী ভট্টাচার্যঃ তিনি কি ছুটির জন্য কোন দরখাস্ত করেছিলেন এবং মেডিক্যাল সার্টিফিকেট দিয়েছিলেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ ছুটির দরখাস্ত না করলে ছুটি মঞ্জুর হয় না।

শ্রীননী ভট্টাচার্যঃ মেডিক্যাল সার্টিফিকেট দিয়েছিল কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ সব সময় প্রয়োজন হয় না।

শ্রীনিখিল দাসঃ প্রয়োজনের কথা জিজ্ঞাসা করছি না, আমাদের কথা হচ্ছে মেডিক্যাল সার্টিফিকেট দিয়েছিল কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি বলতে পারবো না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ শ্রীঘোষ কোন তারিখে ছুটির দরখাস্ত করেছিলেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমার যতদূর মনে হয় ১৫ই জানুয়ারী তারিখে।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ বর্তমানে যিনি পুলিশ কমিশনার অ্যাপয়েন্টেড হয়েছেন, তিনি কি পার্মানেন্টলি য়্যাপয়েন্টেড হয়েছেন, না এটা একটা স্টপ গ্যাপ অ্যারেঞ্জমেন্ট?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমরা এখন কিছু বলতে পারি না এবং এ প্রশ্ন থেকে এটা আসে না।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, দৈনিক বসুমতী পত্রিকায় শ্রী এস এম ঘোষ সম্পর্কে—এটা খুব গুরুত্বপূর্ণ বলেই এখানে বলছি—একটা রচনা বেরিয়েছিল সেই রচনাটির নাম হচ্ছে, "ভদ্র মহোদয়গণ আপনারা ফিরে যান"। সেই রচনা যাঁর লেখা তাঁর নাম হচ্ছে অমূল্যরতন সেন। এটা বেরিয়েছিল মফঃস্বলের এডিশন, ১৬ই মাঘ, আমি তাঁকে এটা পরে পড়ে শোনাবো, এখানে আমার জিজ্ঞাসা হচ্ছে এই লেখার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকৃষ্ট হয়েছে কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ না, হয় নি।

Shri Bejoy Kumar Banerjee:

এই কথা কি ঠিক যে তিনি অনেক অস্ত্রশস্ত্র বের করেছিলেন এবং আপনাকে এবং শ্রীনন্দকে দেখিয়েছিলেন—

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি কোন অস্ত্রশস্ত্র বের করেন নি। পুলিশ কমিশনারের এত ক্ষমতা আছে যে তিনি যেখানে-সেখানে খানাতল্লাসী করতে পারবেন।

Dr. Kanai Lal Bhattacharjee: On a point of order, Sir.

কোন প্রশ্ন থেকে সাপ্লিমেন্টারী ওঠে কি না, তার রুলিং কি তিনি দেবেন না আপনি দেবেন? যদি আপনি প্রশ্ন এলাউ করেন তাহলে মিনিস্টারকে জবাব দিতে হবে, আপনি আমাদের এলাউ করেছেন, তিনি কি এই কথা বলতে পারেন, "এই প্রশ্ন উঠে না", "আমি জবাব দেব না"—এই বিষয়ে আমি আপনার ডিভিসান চাচ্ছি।

Mr. Speakers: Supplementaries.

উঠে না এটা তিনি স্পীকারকেই বলেছেন, নট দ্যাট হি হ্যাজ গিভেন ইট টু দি হাউস, এই সাপ্লিমেন্টারী উঠে না সেটা বিচার করে দেখবার জন্যই তিনি বলেছিলেন, সেই সংগে এও বলেছিলেন যে,

but I am not objecting to it, I am answering the question.

Dr. Kanai Lal Bhattacharya:

ননীবাবু তাঁকে জিজ্ঞাসা করেছিলেন মেডিক্যাল সার্টিফিকেট দেওয়া হয়েছিল কি না, তিনি বলেছিলেন এটা উঠে না—

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি স্পীকার মহাশয়কে বিবেচনা করে দেখবার জন্য বলেছিলাম—

Mr. Speaker:

তিনি বলেছিলেন যেটা এখানে উঠে না আমি তার জবাব দেব না, যেটা উঠে
I am ready to answer and I am answering it.

Shri Bejoy Kumar Banerjee:

দাংগার সময়ে, ঠিক লড়াইএর মাঝখানে পুলিশ কমিশনারকে বদলে দেওয়া এটা কি রকম বলে মনে হচ্ছে, এটা কি আপনাদের সংগে বনিবনা হয় নি বলে, না নন্দজী বলেছেন বলে তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

নন্দজীর সংগে এর কোন সম্পর্ক নেই।

Shri Nani Bhattacharjee:

ইমারজেন্সীর সময় বহু অফিসারকে ছুটি চাওয়া সত্ত্বেও ছুটি দেওয়া হয় নি, এমতাবস্থায় কলকাতায় যখন দাংগার জন্য খুব সাংঘাতিক জরুরী অবস্থা দেখা দিয়েছে তখন তাঁর ছুটি মঞ্জুর করার উপযুক্ত কারণ কি আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

উপযুক্ত কারণ ছিল বলেই তাঁর ছুটি মঞ্জুর করা হয়েছে।

Shri Nani Bhattacharjee:

সেই উপযুক্ত কারণটাই আমরা জানতে চাচ্ছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তো বলেছি তিনি অসুস্থ।

Shri Nani Bhattacharjee:

স্যার, তিনি এখানে মেডিক্যাল সার্টিফিকেটের কথা বলতে পারছেন না, অথচ দেখুন, ১৫ই তারিখে তিনি দরখাস্ত করলেন, ১৫ই তারিখেই ছুটি মঞ্জুর করছেন—তিনি প্রশ্নটা অ্যাভয়েড করছেন বলে মনে হচ্ছে। আমার সাপ্লিমেন্টারী হল, এটা কি সত্য যে, শ্রী ঘোষ তাঁর ছুটি

ফুরিয়ে যাচ্ছে বলে উধর্বতন কর্তৃপক্ষের কাছে এক দরখাস্ত করে জানতে চেয়েছেন, প্রথমতঃ তাঁকে পুলিশ কমিশনারের পদে রাখা হবে কি না, দ্বিতীয়তঃ, তাঁর জন্য কোন যোগ্য পদ সৃষ্টি করা হবে কি না—এই রকম কোন চিঠি তাঁর উধর্বতন কর্তৃপক্ষ পেয়েছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
না।

[12-50—1 p.m.]

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি শ্রী এস এম ঘোষ কবে ফিরে এসে আবার কমিশনার হিসাবে জয়েন করবেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আরও এক মাস তিনি ছুটি নিয়েছেন।

ডাঃ গোপিকারঞ্জন মিত্র ঃ আপনি কি বলবেন যে উনি কি সেই পুলিশ কমিশনার যে, যাঁর বিরুদ্ধে গত পুলিশ বাজেটের সময় অপজিশন বন্ধুরা বহু কথা বলেছিলেন?

[No Reply]

শ্রীননী ভট্টাচার্যঃ আপনি কি বলবেন যে

Mr. P. K. Sen

এ পদে আসার জন্য তাঁকে ছুটি দেওয়া হয়েছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ মোটেই সত্য নয়।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ আমরা যতদূর জানি পুলিশ কমিশনার একজন অত্যন্ত সৎ ব্যক্তি ছিলেন। গত এক বছর আগে যখন শেয়ালদা অঞ্চলে গন্ডগোলে কয়েকটা ট্রাম পুড়ে গিয়েছিল, সেই সময় মুখ্যমন্ত্রী চেয়েছিলেন তাঁকে এই পদ থেকে সরিয়ে দেবার জন্য। কিন্তু চীফ সেক্রেটারী রাজী হন নি এবং তাঁর এক্সপ্লানেসন কল করা হয়েছিল। কিন্তু এবার দাঙ্গা বাধবার সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী আবার তাঁর সেই অপকৌশলের মধ্য দিয়ে একজন সৎ কর্মচারী যিনি কোলকাতার অ্যাডমিনিস্ট্রেশন সমস্ত ভাল করে জানেন তাঁকে সরিয়ে দিলেন। এই রকম অপকৌশল গত বছর ধরে তিনি কি করেন নি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এক বছর ধরে এই রকম কোন চেষ্টাই হয় নি। আর আমি যদি নির্দেশ দিই তাহলে চীফ সেক্রেটারীর ক্ষমতা নেই সেটা অমান্য করতে পারেন।

শ্রীঅপূর্বলাল মজুমদার ঃ একথা কি সত্য যে শ্রী এস এম ঘোষকে প্রেসার দিয়ে জোর করে ছুটির দরখাস্ত দেওয়া হয়েছে, তখন চীফ সেক্রেটারী আপত্তি জানিয়েছিলেন যে এইভাবে সরান হলে লোকের মরেল, পুলিশ অফিসারদের মরেল নষ্ট হয়ে যাবে, কিন্তু তিনি চীফ সেক্রেটারীর কথা অমান্য করে এই কাজ করেছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় সদস্য কল্পনায় অনেক কিছু বলছেন, যার জবাব আমি দিতে পারব না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আপনি কি জানাবেন যে পুলিশ কমিশনার, শ্রী এস এম ঘোষ, প্রথম ছুটি নেবার পর তিনি যে আবার ছুটি নিলেন এর মধ্যে তিনি কি আপনার কাছে মেডিক্যাল রিপোর্ট কিছু সাবমিট করেছেন যাতে ছুটিটা আরও প্রোলংড হতে পারে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ মেডিক্যাল রিপোর্ট সাবমিট করেছেন কি না আমি খোঁজ করে বলব।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ একথা কি সত্য যে তাঁকে তাঁর নির্ধারিত কোয়ার্টার থেকে সরিয়ে দেওয়া হয়েছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ যিনি পুলিশ কমিশনার হবেন, তিনি ঐ কোয়ার্টারএ থাকবেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : এক মাসের জন্য ছুটি নিলেও কি তাঁকে কোয়ার্টার থেকে সরে যেতে হবে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : তিনি তাঁর নিজের বাড়ীতে চলে গেছেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ এই যে তাঁকে ছুটি দেওয়া হল এব নির্দেশ কি মুখ্যমন্ত্রী নিজেই দিয়েছিলেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ মুখ্যমন্ত্রীই ছুটির নির্দেশ দেবেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ নির্দেশ তিনি দিয়েছেন অসুস্থতার জন্য এবং তাঁকে এক মাসের ছুটি দেওয়া হয়েছে; অথচ ডাক্তারের সার্টিফিকেট তিনি দেখেন নি এটা সত্য বলে ধরে নেব?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ পুলিশ কমিশনার একজন উচ্চপদস্থ কর্মচারী—তিনি যদি তাঁর শারীরিক অসুস্থতার জন্য এবং মানষিক ক্লান্তির জন্য ছুটির দরখাস্ত করেন তা হলে অন্য লোকের মত তাঁর কাছ থেকে কৈফিয়ৎ তলব করা হয় না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আপনি কি বলবেন যে ও'র মত এই দাঙ্গার সময় আরও কতজন পুলিশ অফিসার ক্লান্তির জন্য ছুটি নিয়েছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ জানি না।

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এটা সত্য কি না যে, শ্রী এস এম ঘোষকে আর একটা পুলিস কমিশনারের পদমর্যাদা বিশিষ্ট আর একটা পোস্ট তৈরী করা হচ্ছে তাঁকে একমডেট করার জন্য?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : জানি না।

শ্রীকাশীকান্ত মৈত্র : এটা কি সত্য শ্রী ঘোষ আগে যে পোস্টে লিয়েন ছিলেন সে পোস্টে লিয়েন আছে কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : লিয়েনের মানে কি তা জানি না।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় : আপনি কি বলবেন যে এই হাউসের কমিউনিস্ট মেম্বাররা কোন সাপ্লিমেন্টারি করছেন না কেন?

[নো রিপ্লাই]

শ্রীনিখিল দাস : মাননীয় সদস্য ননীবাবু একটা প্রশ্ন করেছিলেন যে ইমারজেন্সি যখন চলছে তখন কাউকে ছুটি দেওয়া হয় না সেই অবস্থায় ক্লান্তির জন্য তাকে ছুটি দেওয়া হল কেন? ১৫ তারিখে ক্লান্তির জন্য পুলিস কমিশনার দরখাস্ত করেছিলেন তখন তাঁকে ছুটি দেওয়া হল। আমাদের কলকাতায় বহু গণ্ডগোল তার আগে হয়েছে, এই অবস্থায় পুলিস কমিশনারের মত লোককে ছুটি দেওয়া হল যাঁর এত রেসপনসেবল, এর রিপারকেসান বাংলাদেশের উপর এবং পুলিস অফিসারদের উপর এসেছে কি না। অথচ দাঙ্গার ব্যাপারে যেটা করণীয় ছিল তা করতে পারেন নি। এটা পশ্চিমবাংলার পক্ষে অগৌরবের বিষয় কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : কোনটা প্রশ্ন তা বুঝতে পারলাম না।

শ্রীঅপূর্বলাল মজুমদার : শ্রী এস এম ঘোষ মহাশয় ঐ পোস্টে ফিরে আসছেন কি না? It is an already settled fact.
কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি কিছু বলতে চাই না।

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমরা মনে করি আমাদের প্রশ্ন জানবার অধিকার আছে We have the right to know.
দাঙ্গার সময় পুলিস কমিশনারকে যে সরান হল এবং তিনি ঐ পোস্টে ফিরে আসছেন কিনা এটাই জানতে চাই?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : কোন্ কর্মচারীকে কোন্ পোস্টে নিয়োগ করা হবে তা মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করা হবে না।

শ্রীকাশীকান্ত মৈত্র : তাঁর বিরুদ্ধে যদি কোন দুর্নীতি, স্বজনপোষণ ইত্যাদির অভিযোগ থাকে তাহলে তাঁকে পানিশমেন্ট দেবেন কিন্তু তাঁর ক্লান্তির জন্য তাঁকে ছুটি দেওয়া হয়েছে এই ডিসিসান আপনারা অলরেডি নিয়েছেন কিন্তু তিনি ফিরে আসবেন না এটা আপনারা জানেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : এখানে শাস্তির কোন প্রশ্ন আসছে না। এখানে যা প্রশ্ন করেছিলেন তার জবাবে বলেছি, যে তিনি ক্লান্তির জন্য ছুটি নিয়েছেন। তারপর তাঁকে নেওয়া হবে কি হবে না, কতদিন ছুটিতে থাকবেন, এসব প্রশ্ন উঠে না।

শ্রীঅপূর্বলাল মজুমদার : তিনি ক্লান্তির জন্য ১ মাস ছুটি নিয়েছেন, এক মাসের পর মেডিকেল সার্টিফিকেট নিয়ে কম্প্লিটলি ফিট বলে যদি আসেন তাহলে ঐ পোস্টে তাঁকে রাখা হবে কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : তা এখন বলা যায় না।

শ্রীঅপূর্বলাল মজুমদার : তাঁকে ঐ পোস্টে না দেবার কারণ কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : এটা আমার অধিকারে আছে, মাননীয় সদস্যের অধিকার নেই!

মিঃ স্পীকার : এসব হাইপথেটিক্যাল কোশ্চেন হচ্ছে। যখন এসব হবে তখন জিজ্ঞাসা করবেন।

শ্রীঅপূর্বলাল মজুমদার : তাঁকে আর এ জায়গায় না দেবার জন্য মুখ্যমন্ত্রী সলাপরামর্শ করে নূতন একটা পোস্ট ক্রিয়েট করবার জন্য চিন্তা করছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : মাননীয় সদস্যের কি থট রিডিং জানা আছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : আপনি অপূর্ববাবুকে বললেন যে থট রিডিং জানেন কি না, আমি এ বিষয়ে জিজ্ঞাসা করছি, আপনার থট লেস রিডিংটা কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : আমি থট রিডিং জানি না।

মিঃ স্পীকার : কোশ্চেন আওয়ার ইজ ওভার।

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Paddy

***2.** (Admitted question No *84.)

শ্রীসুধীরচন্দ্র দাস ঃ খাদ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন খাদ্যনীতি ঘোষণার পর রাজ্যসরকার হইতে পশ্চিমবঙ্গে ধান্য ক্রয়ের কোন ব্যবস্থা হইয়াছে কিনা;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, কত ধান্য কোন্ কোন্ জেলা হইতে ক্রয়ের ব্যবস্থা হইয়াছে; এবং

(গ) ঐ ধান্য স্থানীয় আঞ্চলিক গুদামে রাখার ব্যবস্থা হইতেছে কি?

The Minister for Food and Supplies:

(ক) ধান্য ও চাউলের মূল্য নির্ধারণের ফলাফল সরকার বর্তমানে পর্যবেক্ষণ করিতেছেন। বাজারের ভাবগতিক লক্ষ্য রাখিয়া প্রয়োজন হইলে সরকার জনস্বার্থে ধান্য ক্রয় শুরু করিবেন এবং এ বিষয়ে আনুষঙ্গিক ব্যবস্থাদিও পূর্বাহ্নে অবলম্বিত হইবে।

(খ) বর্তমানে ইহা বিবেচনাধীন আছে।

(গ) প্রয়োজনমত ব্যবস্থাদি করা হইবে।

Rice-mills

***7.** (Admitted question No. *85.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ খাদ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন খাদ্যনীতি ঘোষণার পর পশ্চিমবঙ্গের চাউল কলগুলির উপর লেভি ধার্য করা হইয়াছে কিনা;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, ঐ লেভিব পরিমাণ কি, এবং

(গ) মোট কত চাউল লেভির মাধ্যমে সংগ্রহের ব্যবস্থা হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এ বিষয়ে একটি আদেশ অচিরেই জারী করা হইতেছে।

(গ) দুই লক্ষ টন সংগ্রহের ব্যবস্থা করা হইতেছে।

Railway spare lands

***8.** (Admitted question No. *100.)

শ্রীসনৎকুমার রাহাঃ কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত তিন বৎসর হইতে চিরটী হইতে আজিমগঞ্জ পর্যন্ত রেল লাইনের পার্শ্ববর্তী জমি যাহা এতকাল অধিক খাদ্য ফলাইবার জন্য কৃষি-দপ্তর হইতে সাময়িক মেয়াদে বন্দোবস্ত দেওয়া হইতেছিল, তাহা বন্দোবস্ত দেওয়া হয় নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) ঐ জমি পুনরায় সাময়িক মেয়াদে বন্দোবস্ত দিবার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা?

The Minister for Agriculture:

(ক) হ্যাঁ।

(খ) নূতন ভাবে জরিপ এবং অন্যান্য মেরামতি কাজ ইত্যাদির জন্য রেল কর্তৃপক্ষ সমস্ত জমি কৃষি বিভাগকে হস্তান্তর করিতে পারেন নাই।

(গ) হ্যাঁ, এই বৎসর হইতে জমির বন্দোবস্ত দেওয়া হইতেছে।

Requisition of police force in recent disturbances

***9.** (Admitted question No. *216.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সাম্প্রতিক হাঙ্গামার সময় সরকার কি অন্য রাজ্যের (স্টেট) পুলিশকে পশ্চিমবঙ্গে আহ্বান করিয়াছিলেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে কোন্ কোন্ রাজ্যকে এবং কোন্ কোন্ তারিখে এ বিষয়ে অনুরোধ করা হইয়াছিল?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত রাজ্যগুলিকে অনুরোধ করা হইয়াছিলঃ—

(১) উত্তরপ্রদেশ,
(২) উড়িষ্যা,
(৩) বিহার,
(৪) রাজস্থান,
(৫) গুজরাট, এবং
(৬) দিল্লী।

১০ই জানুয়ারী হইতে ২১এ জানুয়ারীর মধ্যে এ বিষয়ে অনুরোধ করা হয়।

Ranibundh Higher Secondary School

***10.** (Admitted question No. *356.)

শ্রীজলেশ্বর হাঁসদাঃ আদিবাসী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলাধীন রানীবাঁধ হাইয়ার সেকেন্ডারী স্কুলে আদিবাসী ছাত্রদের নিকট সরকার কর্তৃক স্টাইপেন্ড দেওয়া সত্ত্বেও বেতন নেওয়া হয়;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং

(গ) ইহা কি সত্য যে, বেতন না দিতে পারার জন্য এই বৎসর রানীবাঁধ হায়ার সেকেন্ডারী স্কুল থেকে কিছু আদিবাসী ছাত্র ছাড়িয়া অন্য স্কুলে চলিয়া গিয়াছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) প্রচলিত নিয়মে একই শ্রেণীতে একাধিকবার অকৃতকার্য হইলে কোন আদিবাসী ছাত্র বিনা বেতনে অধ্যয়নের জন্য সরকারী সাহায্য পায় না। এইরূপ দুই একজন ছাত্র ছাড়া বেতন না দিতে পারার জন্য কোন ছাত্র স্কুল ছাড়িয়া যায় নাই।

Package Scheme

***11.** (Admitted question No. *218.)

শ্রী[illegible] রায়ঃ কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্ধমান জেলা ছাড়া অন্য কোনও জেলায় "প্যাকেজ স্কীম" চালু করিবার আশু পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ কোন্ জেলায় কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনাগুলি চালু হইবে?

The Minister for Agriculture:
(ক) এবং (খ) কেন্দ্রীয় সরকারের উদ্যোগে "প্যাকেজ স্কীম" বর্ধমান জেলায় চালু করা হইয়াছে। কেন্দ্রীয় সরকার এই পরিকল্পনা আশু ভবিষ্যতে পশ্চিমবঙ্গের অন্য কোন জেলায় সম্প্রসারিত করিবেন কিনা তাহা রাজ্যসরকারের জানা নাই।

State trading scheme for essential commodities

***12.** (Admitted question No. *102.)

শ্রীসনৎকুমার রাহাঃ খাদ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, অতি আবশ্যকীয় পণ্য যথা, খাদ্যশস্য, ধান ও চাউল বিষয়ে রাষ্ট্রীয় বাণিজ্য পরিকল্পনা গ্রহণ করিবার প্রস্তাব পশ্চিমবঙ্গ সরকারের আছে কি?

The Minister for Food and Supplies:
বর্তমানে এরূপ কোন পরিকল্পনা রাজ্যসরকারের বিবেচনাধীন নাই।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Grants paid to Gram Panchayats by Blocks in the district of Murshidabad

1. (Admitted question No. 50.) **Shri Birendra Narayan Ray:** Will the Hon'ble Minister in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state the amount of money given to each Gram Panchayat for the years 1960-61 up to date by all Blocks of Murshidabad district and various kinds of development works with costs undertaken by each such Gram Panchayat during same period?

The Minister for Local Self-Government and Panchayats: No amount is paid directly to Gram Panchayats by the Blocks. Government grants for development works are paid to Anchal Panchayats through the Inspector of Panchayats. Anchal Panchayats distribute such grants along with other receipts to the constituent Gram Panchayats in accordance with the provision laid down in section 55(2) of the West Bengal Panchayat Act.

Food stock in Murshidabad district on 20th January, 1964

2. (Admitted question No. 66.)

শ্রী[illegible] রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ২০এ জানুয়ারি ১৯৬৪ তারিখে মুর্শিদাবাদ জেলায় সরকারের কাছে কি কি পরিমাণ খাদ্যশস্য প্রভৃতি মজুত ছিল?

The Minister for Food and Supplies:

গত ১৮ই জানুয়ারি তারিখের হিসাবমত মুর্শিদাবাদ জেলায় সরকারী গুদামে খাদ্যশস্যের পরিমাণ, যথাঃ—

চাউল ১,৪৩৭ কুইন্টাল

গম ২১,৫২০ কুইন্টাল

আটা ১৩ কুইন্টাল।

Rabindra Bhaban at Berhampore

3. (Admitted question No. 147.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুরে রবীন্দ্র ভবনের জন্য সরকার কোন সাহায্য দিয়াছেন কিনা;

(খ) সাহায্য দিয়া থাকিলে, তাহার পরিমাণ কত;

(গ) উক্ত রবীন্দ্রভবন নির্মাণের জন্য সংগৃহীত অর্থের পরিমাণ কত; এবং

(ঘ) কবে উক্ত ভবন নির্মিত হইবে?

The Minister for Education:

(ক) না। মুর্শিদাবাদ জেলার রবীন্দ্রনাথ শতবার্ষিকী কমিটি প্রস্তাব বর্তমানে ভারত সরকারের বিবেচনাধীন।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) উক্ত কমিটি ১,০২,২৮৮ টাকা সংগ্রহ করিতে পারিয়াছেন বলিয়া উল্লেখ করিয়াছেন।

(ঘ) প্রার্থিত সরকারী সাহায্য মঞ্জুরীকৃত হইলে নির্মাণকার্য আরম্ভ হইতে পারে।

Supply of electricity in the villages of West Bengal

4. (Admitted question No. 151.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে; এবং

(খ) ১৯৬৪-৬৫ সালে কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিবার পরিকল্পনা আছে?

The Minister for Commerce and Industries:

(ক) বর্তমানে (ইংরেজী ৩১এ জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত) পশ্চিমবঙ্গে মোট ৫৪৮টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে।

(খ) ১৯৬৪-৬৫ সালে রাজ্যবিদ্যুৎ পর্ষতের প্রায় ২৯টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিবার পরিকল্পনা রহিয়াছে, কিন্তু তাহা এখনও চূড়ান্ত অনুমোদনসাপেক্ষ।

Taxes levied and realised by each Gram Panchayat of Lalbagh Subdivision

5. (Admitted question No. 48.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : গত ১৮ই জুলাই ১৯৬৩ তারিখে প্রদত্ত অতিরিক্ত ৩০নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১৩১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইয়াছে কিনা;

(খ) তথ্যাদি সংগৃহীত হইয়া থাকিলে, তাহা কি; এবং

(গ) সংগৃহীত না হইয়া থাকিলে কতদিনে এইগুলি সংগ্রহ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) বিশদ বিবরণ সহ ১৩১নং প্রশ্নের চূড়ান্ত উত্তর ইতিপূর্বে দুইবার বিধানসভার দপ্তরে পাঠানো হইয়াছে। ঐ উত্তরের আর একটি প্রতিলিপি এই সঙ্গে দেওয়া হইল।

(গ) প্রশ্ন উঠে না।

Copy of the reply referred to in reply to clause (kha) of unstarred question No. 5

Question

Shri Birendra Narayan Roy: Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) the amount of various kinds of taxes levied on people by each Panchayat of Lalbagh subdivision, Murshidabad, year by year, for the last three years and total amount realised in each year by each Anchal Panchayat; and

(b) the number of A.E.O., Mukhya Sevikas, Gram Sevaks and Gram Sevikas in each Anchal Panchayat of the above area?

Answer

(এ) মুর্শিদাবাদ জেলার লালবাগ মহকুমায় কেবলমাত্র মুর্শিদাবাদ জিয়াগঞ্জ ব্লকে পঞ্চায়েত গঠিত হইয়াছে। উক্ত ব্লকের অধীনস্থ প্রত্যেক অঞ্চল পঞ্চায়েত কর্তৃক জনসাধারণের উপর গত তিন বৎসরে ধার্য ও আদায়ীকৃত ট্যাক্সের একটি বিবরণী এ সঙ্গে দেওয়া হইল।

(বি) (১) কৃষি সম্প্রসারণ আধিকারিক—উক্ত ব্লকে—একজন।

(২) মুখ্য সেবিকা—সমগ্র ব্লকে—একজন।

(৩) গ্রাম সেবক—আটজন।

(প্রতি অঞ্চলে একজন হিসাবে)

(৪) গ্রাম সেবিকা—দুইজন।

জিয়াগঞ্জ থানায়—একজন।

মুর্শিদাবাদ থানায়—একজন।

Statement referred to in reply to clause (a) of the question referred to in unstarred question No. 5.

Statement showing levy and realisation of taxes (different kinds) of eight Anchals under Murshidabad-Jiaganj Block

Name of Anchal.	Year	Tax levied and realised u/s 57(1)A of P Act.		Tax levied and realised u/s 57(1) of P. Act.		Fees levied and realised u/s 57(2) of P Act.		Remarks
		Tax levied	Tax realised.	Tax levied.	Tax realised.	Tax levied.	Tax realised.	
1	2	3(a)	3(b)	4(a)	4(b)	5(a)	5(b)	6
		Rs	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	
Murshidabad P. S.—								
No. I. Dashpara	1961-62	3,484 45	1,972 71		..	420 00	270 00	
	1962-63	3 923 38	2.425 10	82 00	82 00	420 00	308 00	
No. II Nutangram	1961-62	4 064 06	2,155 51	184 00	126 00	570 00	258 00	
	1962-63	3,554 14	1,885 02	210 00	68 00	474 00	344 00	
No. III Prosadpur	1961-62	3,335 63	845 36	Nil	Nil	714 00	156 00	Panchayats started functioning from April 1961. Hence the figures in respect of the year, 1959-60 and 1960-61 are nil.
	1962-63	3,888 39	2,991 95	321·00	181 00	776 00	236 00	
No. IV. Kapasdanga	1961-62	3,934 30	3,466 09	Nil	Nil	578 00	312 00	
	1962-63	4 500 50	3,195 36	78 00	26 00	578 00	176 00	
No V Tentulia	1961-62	3,219 51	2,711 36	.	..	834 00	160 00	
	1962-63	4,000 00	3,542 34	51 00	Nil	716 00	184 00	
No VI Dangapara	1961-62	2 266 66	2,226 07	74 00	68 00	1,112 00	1,052 00	
	1962-63	2,671 25	2,646 28	76 00	24 00	986 00	404 00	
Jiaganj P. S.—								
No I Mukundabagh.	1961-62	2,609 36	1,386 37	Nil	Nil	636 00	80 00	
	1962-63	3,203 05	1,636 59	152 00	50·00	630·00	62 00	
No II Bahadurpur.	1961-62	2,304 66	1,580 18	76 00	19 00	492 00	170·00	
	1962-63	2,271 00	1,718 50	58 00	18 00	468 00	362 00	

[1—1-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: Honourable members, I have received ten notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Death of Bhudev Sen by Shri Sambhu Charan Ghosh, Shri Sunil Das Gupta, Shri Amarenlra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha.

(2) Recent disturbances in Calcutta and its adjacent areas—by Shri Birendra Narayan Ray.

(3) Reported murder of Shri Gobinda Lal Kundu at Santipur—by Shri Kanai Pal.

(4) Non-payment of grant to schools—by Shri Sanat Kumar Raha.

(5) Non-availability of rice at Government fixed price—by Shri Sanat Kumar Raha.

(6) Attitude of the Government regarding refugees coming from East Bengal due to recent disturbances—by Shri Sambhu Charan Ghosh, Shri Sunil Das Gupta, Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha.

(7) Arrest of Santals coming from East Pakistan at Dinhata—by Shri Sunil Das Gupta, Shri Sambhu Charan Ghosh, Shri Kamal Kanti Guha and Shri Amarendra Nath Roy Prodhan.

(8) Death caused by police firing on an attack of Bhanghat Government Agricultural Farm by Pak nationals in P.S. Krishnaganj, district Nadia—by Shri Gour Chandra Kundu.

(9) Arrest of innocent people as preventive measures against communal troubles in Nadia—by Shri Gour Chandra Kundu.

(10) Death due to consumption of illicit liquor in Howrah—by Shri Apurbalal Majumdar.

I have selected the notice of Shri Sambhu Charan Ghosh, Shri Sunil Das Gupta, Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha, on the subject of death of Bhudev Sen. The Hon'ble Minister-in-charge may please make a statement of the subject to-day, if possible, or give a date for the same.

The Hon'ble Prafulla Chandra Sen: I will make a statement to-morrow.

Adjournment Motion

I have received the following notices of Adjournment Motion on the following subjects, namely—

(1) Influx of refugees from East Pakistan as a result of communal disturbances—by Shri Jyoti Basu.

(2) Inhuman treatment on the minority community in East Pakistan and the possible reaction in West Bengal—by Shri Hemanta Kumar Basu.

(3) Safe transit and unrestricted entry of the minority community from East Pakistan to Indian Union—by Shri Nani Bhattacharjee and Shri Nikhil Das.

(4) Riot in Calcutta and some other parts of West Bengal—by Shri Birendra Narayan Roy.

(5) Safe transit of the people from East Pakistan to India and their proper rehabilitation—by Shri Anadi Das.

(6) Genocide in East Pakistan and its consequent communal disturbance in Calcutta and in West Bengal—by Shri Sailendra Nath Adhikary.

(7) Communal disturbances in East Pakistan—by Shri Apurba Lal Majumdar.

(8) Migration facilities to Hindu migrants from East Pakistan—by Shri Kanai Pal.

The subject-matter of all the Adjournment Motions centres round the same matter and the same seems to be of urgent public importance. I give my consent to the raising of Adjournment Motion by Shri Jyoti Basu. I call upon him to ask for leave.

Shri Jyoti Basu: Sir, I beg leave to move the following:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely,—

The business of the Assembly do now adjourn to raise a discussion of urgent public importance and of recent occurence, viz., the situation arising out of influx of refugees as a result of communal disturbances in

East Pakistan and the failure of the West Bengal Government to deal effectively with the riots in this State during the initial phase and also the failure of the Government to rehabilitate the riot affected people.

Mr. Speaker: I call upon the members to say if they have any objection if leave is granted to Shri Jyoti Basu.

As there is no objection from the members I fix two hours after question hour tomorrow for discussion of the motion.

Laying of Ordinance

The West Bengal Criminal Law (Amendment) Ordinance, 1964

The Hon'ble Abha Maiti: I beg to lay before the Assembly the West Bengal Criminal Law (Amendment) Ordinance, 1964 (West Bengal Ordinance No. I of 1964, under Article 213(2)(a) of the Constitution of India.

Laying of Amendments to the Bengal Motor Vehicles Rules, 1940

The Hon'ble Saila Kumar Mukherjee: I beg to lay before the Assembly the amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

Laying of Amendments to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955

The Hon'ble Saila Kumar Mukherjee: I beg to lay before the Assembly the amendments to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955.

Presentation of Report of the Committee of Privileges

Shri Ashutosh Mallick: I beg to present the First Report of the Committee of Privileges.

GOVERNMENT BILLS

The Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1963

The Hon'ble Purabi Mukhopadhyay: I beg to introduce the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1963, be taken into consideration.

আমি ইতিপূর্বে ইণ্ডিয়ান রেড ক্রস সোসাইটি (বেঙ্গল ব্রাঞ্চ) অ্যাক্ট, ১৯৬২-কে অ্যামেণ্ড করেছিলাম. করে এখানে ইণ্ডিয়ান রেড ক্রস সোসাইটি (বেঙ্গল ব্রাঞ্চ), ১৯৬৩ করেছিলাম। এই এ্যামেণ্ডমেন্ট করার সময় সেক্সন ফাইভ-এ যেখানে
reconstitution of the managing body.
আমি বলেছিলাম আমি সেখানে কিছুটা অমিট করে দিয়েছিলাম এ্যাক্সিডেণ্টালী সেটা ভুল হয়েছিল। যতক্ষণ অবধি নূতন কমিটি রি-কনস্টিটিউটেড না হচ্ছে ততক্ষণ অবধি পুরাণো কমিটি আমাদের এখানে রাখা হয় নি যে তারা ফাংশন করে যাবে। তাই নূতন যে অ্যামেন্ডিং বিল এনেছি এই বিলে নূতন কমিটি যতক্ষণ না কনস্টিটিউটেড প্রপারলি হচ্ছে, ততক্ষণ পুরানো কমিটি যেসমস্ত কাজকর্ম করেছিল সে কাজকর্মগুলি ডিলিট করে দেওয়া, এটাই শুধু এই বিলের উদ্দেশ্য।

[1-10—1-20 p.m.]

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1964.

মিঃ স্পীকার, স্যার, এই সম্পর্কে, এই অ্যামেন্ডমেন্ট যেটা এসেছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যেটা এনেছেন, সেই সম্পর্কে প্রসঙ্গত আমি কয়েকটি কথা বলতে চাই। সেটা হচ্ছে, রেডক্রসের ফাইল, সেই ফাইলের মাঝখানে অনেকগুলি খুঁত আছে। রেডক্রসের জনহিতকর কাজের সারা পৃথিবীতে যে সুনাম অর্জন করেছে, আর্ত মানবতার সেবায় রেডক্রসের অবদানের কথা আমরা সকলে জানি, কিন্তু ভারতবর্ষে, বিশেষ করে পশ্চিমবঙ্গে এই রেডক্রসের পরিচালনার ব্যাপারে এমন সব কলঙ্ককর ধারার সূচনা হয়েছে যেটা পশ্চিমবাংলার বিধানসভায় বহুবার আলোচিতও হয়েছে। এই রেডক্রসের যে সমস্ত সম্পদ, দুধ ও ঔষধপত্র, বস্ত্রাদি, যেগুলি বিভিন্ন দাতারা দান করেন সেইগুলি আমরা দেখেছি স্বার্থান্বেষী ব্যক্তিরা বহু উপায়ে রেড-ক্রসের কার্য পরিচালনায় তাঁদের মধ্যে এমন কেউ কেউ আছেন যাঁরা নিজেদের ব্যক্তিগত স্বার্থে এবং দলগত স্বার্থে ব্যবহার করেন। এই বিধানসভায় কিছুদিন আগে চব্বিশপরগনা জেলার দুধ সংগ্রহের কথা নিয়ে অনেক আলোচনা হয়েছিল। আমি এই সম্পর্কে শুধু এই কথাই বলতে চাই আইনের মধ্যে যে খুঁটিনাটি রয়েছে তার সুযোগে দুর্নীতিবাজরা, রেডক্রস আর্ত মানবতার সেবার যে অবদান নিয়ে আমাদের কাছে এসেছে, সেই দুর্নীতিবাজ লোকেরা যাতে এর মধ্যে না ঢুকতে পারে, সৎ এবং সমাজসেবী যাঁরা তাঁরা আসতে পারেন সেইভাবে সম্পূর্ণ আইনটা তৈরি করা হোক। প্রথম কথা হচ্ছে, এর সদস্য সংগ্রহের যে পর্যায় আছে সেটা আমরা জানি—লাইফ টাইম মেম্বারশিপ রয়েছে—কিছু টাকা দিলেই একজন লোক লাইফ টাইম সদস্য হতে পারেন। আর একটা হচ্ছে এত বৎসরের ফি দিলেই তিনিও সদস্য হতে পারেন। এই সদস্য নির্বাচনের ক্ষেত্রে টাকা দিলেই যে সেবার অধিকার আসে এই জায়গায় একটা রেস্ট্রিকশন ইম্পোজ করা দরকার। দুর্নীতিবাজ লোক যাতে রেডক্রসে সদস্য পদে না আসতে পারে তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি তিনি যেন সেদিকে দৃষ্টি রাখেন। কারণ এই অধিকার দিয়ে তাঁরা রেডক্রস প্রতিষ্ঠানকে সম্পূর্ণভাবে কুক্ষিগত করে ফেলতে পারেন। এই যে লুফোল্ড বা সুড়ঙ্গ পথ আছে, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো ভবিষ্যতে, রেড-ক্রস সংক্রান্ত যে আইনটা সংশোধন করতে যাচ্ছেন, তাতে এই জাতীয় রন্ধ্র পথগুলিকে যেন বন্ধ করা হয়। জনসেবামূলক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়েই যেন এই প্রতিষ্ঠান গড়ে উঠে। বাংলাদেশের অতীতের যে দুর্নাম আমরা শুনেছি সেই দুর্নাম কাটিয়ে উঠে রেডক্রসকে যাতে তিনি সুনামে প্রতিষ্ঠিত করতে পারেন তিনি যেন তার ব্যবস্থা করেন।

The motion of Shri Nathaniel Murmu that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1964, was then put and lost.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1963, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The Hon'ble Purabi Mukhopadhyay: I beg to move that in sub-clause (1) of clause 1, for the figures "1963", the figures "1964" be substituted.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that in sub-clause (1) of clause 1, for the figures "1963", the figures "1964" be substituted was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 2 and 3

The question that clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, there is another amendment. I beg to move that in the enacting formula.................

Mr. Speaker: That is never moved.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1963, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Calcutta "Thika" Tenancy (Amendment) Bill, 1963

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the Calcutta "Thika" Tenancy (Amendment) Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the Calcutta "Thika" Tenancy (Amendment) Bill, 1963 be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলটা খুব ছোট। ১৯৪৯ সালে ক্যালকাটা ঠিকা টেনান্সি অ্যাক্ট প্রণীত হয়েছে। সেই আইনে এমন কোন বিধান নাই যাতে একনিয়ামক বা কন্ট্রোলার-এর কাছ থেকে অন্য নিয়ামকের কাছে মামলা স্থানান্তরীত করা যেতে পারে। নানা কারণে এক নিয়ামকের কাছ থেকে অন্য নিয়ামক বা কন্ট্রোলারের কাছে মামলা স্থানান্তর করার প্রয়োজন হয়, যেমন এক নিয়ামকের কাছে যদি অনেক মামলা জমা হয় তাহলে তিনি সেইসব মামলার যথাসময়ে নিষ্পত্তি করতে পারেন না, অথবা কোন নিয়ামক যদি মামলার সঙ্গে সংশ্লিষ্ট কোন পক্ষের লোকের সঙ্গে পরিচিত হন তাহলে সেই কন্ট্রোলারের কাছ থেকে অন্য কন্ট্রোলারের কাছে মামলা স্থানান্তরকরণের প্রয়োজন হয়—এইরকম নানা কারণে মামলা স্থানান্তর করার প্রয়োজন হতে পারে। কিন্তু ঠিকা টেনান্সি অ্যাক্ট-এ এমন কোন বিধান নেই। সেজন্যই এই ছোট বিধেয়কটি উপস্থিত করা হয়েছে। আশা করি মাননীয় সদস্যগণ এই বিলটি গ্রহণ করবেন।

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1964.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যামেন্ডমেন্ট সম্পর্কে বলার কিছু নাই। এক জায়গায় অনেক মামলা জমা হলে অন্য জায়গায় মামলা নিয়ে যাওয়া ভালো বলেই মনে করি। কিন্তু আমার কথা হল এই যে, এই অ্যামেন্ডমেন্ট যখন আমাদের সামনে হাজির করা হল তখন ঠিকা টেনান্সি অ্যাক্ট-এ অন্যান্য যেসমস্ত গলদ আছে সেগুলিও দূর করার ব্যবস্থা করা উচিত ছিল। কলকাতা শহরের ⅓ অংশ লোক বস্তী অঞ্চলে থাকে। কিন্তু ঠিকা টেনান্ট যারা, তাদের স্বার্থ যাতে ঠিকঠিকভাবে রক্ষা করা যেতে পারে এবং তারা যাতে উচ্ছেদ না হতে পারে তার জন্য কম্প্রিহেন-সিভ অ্যামেন্ডমেন্ট করে সেই ধরনের একটা বিল আনা উচিত ছিল।

তাই আমি এই উপলক্ষে এই সুযোগ থেকে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে বলব যে আরও যে ত্রুটি রয়েছে এবং তাড়াতাড়ি সেগুলো কেন নিষ্পত্তি হচ্ছে না এবং ঠিকা ভাড়াটিয়ারা যে অসুবিধার সম্মুখীন হচ্ছে সেইগুলো দূর করে যাতে একটা কম্প্রিহেনসিভ বিল আমাদের সামনে আসে সেই ব্যবস্থার চিন্তা তিনি করুন। এই আবেদন আপনার মাধ্যমে আমি রাখছি।

[1-20—1-30 p.m.]

শ্রীনরেন্দ্রনাথ সেন: মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মন্ত্রিমহাশয় ঠিকা টেনান্সী অ্যাক্ট-এর যে অ্যামেন্ডিং বিল নিয়ে এসেছেন সেটা আমার পূর্ববর্তী বক্তা যা বললেন আমি তাকে সমর্থন করি। ঠিকা টেনান্সী অ্যাক্ট-এর অপারেশন-এ কার্যতঃ দেখা গেছে যে কতকগুলি বিষয়ে ঠিকা প্রজাদের খুব অসুবিধা হচ্ছে। আমি সেকসন (৩), সাব-সেকসন (৪)-এর কথা আলোচনা করছি। এখানে আজকাল দেখা যাচ্ছে স্মল কজেস কোর্ট কন্ট্রোলার-এর কাছে বহু সংখ্যক উৎখাতের মামলা আসছে। এই বহু সংখ্যক উৎখাতের মামলার অন্যতম কারণ যে জমিদাররা তাঁদের নিজেদের প্রয়োজন বলে তিনি উৎখাত করবার মামলা করছেন। অথচ সেই প্রয়োজনের কতটা প্রয়োজন আছে সেটা দেখা প্রয়োজন। কাজেই যে-কোনভাবে নিজের প্রয়োজনের অছিলা করে যাতে ঠিকা প্রজা উৎখাত না হতে পারে সেইভাবে দৃষ্টি দেওয়া প্রয়োজন এবং তার জন্য ব্যবস্থা করা প্রয়োজন। আর একটা দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে সেকসন ১৩ অফ দি অ্যাক্ট তাতে বলছে পেমেন্ট অর টেন্ডার অফ দি রেন্ট কিভাবে হবে। এতে ১ অ্যান্ড ২ দুটো ধারা দিয়ে দিয়েছেন যে এইভাবে টেন্ডার হবে। এর একটা হচ্ছে
at the landlord's local office or at such other convenient place as may be appointed in that behalf by the landlord or by postal money order in the manner prescribed.

এই দুটো ছাড়া আর কোনভাবে জমিদারের টাকা পেমেন্ট করার কোন রীতি এতে নেই। এর ফলে অনেক সময় হচ্ছে ঠিকা টেনান্টরা যেখানে বস্তীতে বাস করছে সেখানে জমিদাররা তাদের কাছ থেকে ভাড়া নেয় করপোরেশন বা মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুযায়ী জমিদাররা ঠিকা টেনান্টদের কাছ থেকে আদায় করে নেয়। অথচ তিনি তাঁর সেই ট্যাক্স মিউনিসিপ্যালিটিতে জমা দেন তাহলে ডিসট্রেস ওয়ারেন্ট ঠিকা টেনান্ট-এর উপর পড়ে। সেই ডিসট্রেস ওয়ারেন্ট-এর হাত থেকে বাঁচবার জন্য তাকে করপোরেশন গিয়ে জমা দিতে হয়। এটাকে সে যদি জমিদারের ডিফল্ট ধরে নেয় তাহলে সে গিয়ে কেস করে। এইরকম বহু কেস হয়েছে তাতে টেনান্টকে ইজেকটেড হতে হয়েছে। টেনাণ্ট যখন আদালতে মিউনিসিপ্যাল রিসিপ্ট দিয়েছে তখন তাকে টেনাণ্ট বলে মেনে নেয় না তার ফলে তারা উৎখাত হয়েছে। আমাদের ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এ একটা প্রভিসান আছে ডিসট্রেস ওয়ারেণ্ট হিসাবে ল্যাণ্ড লর্ড ডিউজ যদি সে না দেয় তাহলে টেনাণ্ট সেটা এডজাস্ট করতে পারবে ভাড়া থেকে। পেমেন্ট এবং টেনান্ট-এর মধ্যে এইরকম একটা প্রভিসান থাকা একান্ত প্রয়োজন বলে আমি মনে করি। তবে মন্ত্রিমহাশয় যদি স্মল কজেস কোর্ট-এ একটু অনুসন্ধান করেন তাহলে দেখবেন যে বহু এইরকম মামলা এসেছে এবং অনেক ইজেকমেন্ট ডিগ্রী হয়েছে যা নিয়ে আজকে হাই কোর্ট-এ এ্যাপিল হয়েছে। এগুলি দূর করা দরকার, আরও কতকগুলি সেকসন পরিবর্তন করা প্রয়োজন। আমি আশা করি সামগ্রিকভাবে একটা অ্যামেন্ডিং বিল আনবেন।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যেসমস্ত প্রস্তাব প্রসঙ্গক্রমে আলোচনা করলেন সেগুলো বিশেষভাবে যত্ন সহকারে বিবেচনাযোগ্য। আমরা নিশ্চয় এমনভাবে পর্যালোচনা করব এবং প্রয়োজন মত সংশোধন আনতে পারব যাতে ভাড়াটেরা অন্যায়ভাবে উচ্ছেদ না হয় এবং সেই সঙ্গে সঙ্গে ঠিকা টেনান্ট বা অন্যায়ভাবে উৎপীড়িত না হয়।

The motion that the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the Calcutta "Thika" Tenancy (Amendment) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that in clause 1, for the figures "1963", the figures "1964" be substituted.

The motion was then put and agreed to.

The question that clause 1 as amended, do stand part of the bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and greed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the 'alcutta "Thika" Tenancy (Amendment) Bill, 1963, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal "Bhudan Yagna" (Amendment) Bill, 1963

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal "Bhudan Yagna" (Amendment) Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal "Bhudan Yagna" (Amendment) Bill, 1963, be taken into consideration.

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যে ১৯৫৪ সালে বিহারের ভূদান যজ্ঞ বিল পাশ হয়েছিল। সেই আইন পুরুলিয়া এবং ইসলামপুরে চালু হয় এবং এখনও চালু আছে। এদিকে পশ্চিমবঙ্গে ভূদান আইন ১৯৬২ সালে গৃহীত হয়েছে। এই আইনের মধ্যে অনেকগুলি পার্থক্য রয়েছে তা আমরা পর্যালোচনা করে দেখলাম। এই যে পার্থক্য নিরসনের দরকার এবং তা দরকার কারণ যাতে সমস্ত জায়গায় এক আইন হয়, যাতে পুরুলিয়া ও ইসলামপুরে যে পুরান আইন আছে তা বাতিল করা যায় এবং তা বাতিল করে দিয়ে পশ্চিম বাংলার সর্বত্র যাতে এই আইন প্রযুক্ত হতে পারে সেজন্য পুরান প্রবৃত্তি বাতিল করে এই নূতন একটা সংশোধনী বিধেয়ক মাননীয় সদস্যগণের নিকট উপস্থিত করা হয়েছে।

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the Bill be circulated r the purpose of eliciting opinion thereon by the 30th June, 1964.

াননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় ভূদান বিলের যে অ্যামেন্ডমেন্ট মামাদের সামনে এনেছেন তার নামটা খুবই ভাল এবং তা শুনে মহাভারতের অনেক াজ্ঞের কথাই মনে পড়ে, যেমন রাজসূয় যজ্ঞ এরূপ অনেক যজ্ঞের কথাই মনে পড়ে। মাননীয় ান্ত্রিমহাশয় এই রকম একটা যজ্ঞ ভূদান যজ্ঞ নামে একটা বিল আমাদের সামনে এনেছেন। মনে ফরছেন এই বিলের মধ্য দিয়ে তিনি বাংলাদেশের ভূমি ব্যবস্থার একটা আমূল পরিবর্তন আনবেন। আমার মনে হয় ভূদান যজ্ঞ আইন বলে বাংলাদেশের ভূমি ব্যবস্থার জন্য যে আইন ালু আছে তা পরিবর্তন করা সম্ভব হবে না। তার কারণ আমরা দেখছি জমিদারী দখল আইনের ফলে বাংলাদেশের বেশির ভাগ জমি মালিকানা স্বার্থান্বেষী ব্যক্তিদের হাতে থেকে গেছে। আমার ানে হয় এই সম্পর্কে একটা সাজেসান সেটা মাননীয় মন্ত্রিমহাশয় ভূদান যজ্ঞ বিলের মাধ্যমে যদি ানে করে থাকেন যে বাংলাদেশের ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন করা সম্ভব হবে আমার মনে র সেটা অলিক। এবং সেই কারণে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা প্রস্তাব করছি যে এই য়নের বিলকে ভূদান যজ্ঞ বিল না বলে একে একটা মস্তিষ্ক বিধৌত যজ্ঞ নামে বিল আনুন াবং মন্ত্রিমহাশয়দের মস্তিষ্ক বিধৌত হলে আমার মনে হয় আপাততঃ কিছু সমস্যার সমাধান তে পারে।

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I have nothing to say.

The motion that the West Bengal "Bhudan Yagna" (Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal "Bhudan Yagna" (Amendment) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

[1-30—1-40 p.m.]

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I move that the West Bengal "Bhudan Yagna" (Amendment) Bill, 1963, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1963

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to introduce the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1963.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1963, be taken into consideration.

স্যার, বড় বড় লোহা এবং ইঞ্জিনিয়ারিং কারখানা এবং আরও অনেক জায়গায় আমরা দেখতে পাচ্ছি মালিকরা কাজ থাকা সত্ত্বেও পুরাপুরি নিজেদের শ্রমিক নিয়োগ না করে কন্ট্রাক্ট সিসটেম-এর মাধ্যমে শ্রমিকদের নিয়োগ করেন এবং তার ফলে শ্রমিকদের যে সুযোগ সুবিধা পাওয়া উচিত তা তারা পাচ্ছে না। এর প্রধান কারণ হোল কন্ট্রাক্টররা তাদের দায়িত্ব নিতে পারে না এবং কন্ট্রাক্ট সিসটেমটা অল্পকালের জন্য হয় বলে তাদের উপর পুরো ভারটা চাপান যায় না। এই কারণে এই বিল আনা হয়েছে। যারা এক জায়গায় কাজ করে এবং যাদের সমস্ত দরকার এইরকম শ্রমিককে যদি কন্ট্রাক্ট সিসটেম-এর মাধ্যমে নিয়োগ করা হয় তাহলে যিনি প্রিন্সিপ্যাল ওনার তাঁর উপর পূর্ণ দায়িত্ব থাকবে যাতে সেই শ্রমিক তার মাইনে এবং অন্যান্য সুখ সুবিধা পায়। কন্ট্রাক্টর-এর নামে এড়িয়ে যাওয়া যাতে বন্ধ হয় সেইজন্যই এই প্রস্তাব রাখা হয়েছে এবং আমি আশা করি সকলেই এই বিলকে সমর্থন করবেন।

Shri Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিল আনার জন্য শ্রমমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। বস্তুতপক্ষে এই বিল অন্ততঃ একটা কাজ করেছে যে, শ্রমিকদের বড় একটা অভাব পূরণ করেছে। স্যার, আমরা দেখেছি ইন্ডাস্ট্রিয়ালিস্টরা তাদের নিজেদের শ্রমিকদের দায়িত্ব এড়াবার জন্য এবং শ্রমিকরা যাতে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্ট-এ আসতে না পারে তার জন্য প্রায়ই কন্ট্রাক্টর্স লেবার দিয়ে কাজ করায়। এর ফলে সাধারণ কর্মীরা কোন সুযোগ সুবিধা পায় না এবং ইউনিয়ন-এর পক্ষ থেকেও এই সমস্ত কন্ট্রাক্টর্স লেবারদের কোন সুযোগ সুবিধা দিতে প্যারে না। এই আইন হওয়াতে এই অভাব দূর হবে বলে আমি মনে করি। এই প্রসঙ্গে আমার আর একটা বক্তব্য

হচ্ছে যে, ইন্ডাস্ট্রিয়াল ডিসপ্যুটস অ্যাক্ট-এর আরও কতগুলি প্রভিসন পরিবর্তন করা দরকার। তারপর, পার্মানেন্ট সার্ভিসের ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে যে, ২৪০ দিন যে কন্টিনিউয়াসলী চাকুরী করবে তাকে পার্মানেন্ট ওয়ার্কার বলে গণ্য করা হোক। কিন্তু এই ২৪০ দিনের ব্যাপারে মালিকরা কি করে? প্রায়ই দেখা যায় ৫।৭ বছর চাকুরী করেও তাদের কন্টিনিউয়াস সার্ভিস ২৪০ দিন হয় না। এর কারণ হচ্ছে তারা মাঝে মাঝে এক একটি কর্মীকে ছাঁটাই করে আবার এক সপ্তাহ পর তাকে নিয়োগ করে এবং তার ফলে তার কন্টিনিউটিটি অব সার্ভিস নষ্ট হয়ে যায়।

যাতে সেটা না হয় যেই টোটাল ২৪০ দিন হবে চাকুরি, তখনি সে he will be treated as a permanent employee, permanent worker. এটা যদি পরিবর্তন করেন তাহলে আমার মনে হয় এটা একটা বড় অভাব পূরণ করবে এবং মালিকদের যে ফাঁকি দেবার সুযোগ আছে সে সুযোগ নষ্ট হবে। আরও কতকগুলি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট-এ ধারা আছে সেগুলি লক্ষ্য করে যদি মাননীয় মন্ত্রিমহাশয় একটি সামগ্রিক সংশোধনী বিল আনয়ন করেন তাহলে আমরা তাঁকে সাহায্য করতে প্রস্তুত আছি।

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1964.

Sir, the Bill which the Labour Minister has brought in this House is a half-way measure because he is going to amend only one side of the Act. According to the Bill, there will be no contractors' labour—contractors should not engage labour in any industry.

The Hon'ble Bijoy Singh Nahar: No, no, I have not said that.

Shri A. H. Besterwitch: As stated in the Statement of Objects and Reasons of this Bill, we find that the casual labourers are not included in the Bill. As my friend Shri Narendra Nath Sen has said, we have got to make labourers permanent after 240 days. But what does the industry do at present They make them work for about four or five months and then are dischraged. After two or three months they are taken again. This system of employment should be stopped by the Labour Minister. Under the Industrial Disputes Act the labourers have to spend a lot of money for industrials disputes There is nothing said in this Bill about this We have already requested the Labour Minister to bring a comprehensive amendment of the Industrial Disputes Act in West Bengal so that all these loopholes which the industry takes advantage of can be stopped. I have seen in tea gardens as well as in various other gardens that the industry takes advantage of various loopholes in the Industrial Disputes Act, and taking advantage of them, they automatically sit tight and let the labourers do whatever they like. That is why my submission is that all the loopholes in the Industrial Disputes Act should be amended in such a way that the industry can not take advantage of them and suppress the labourers.

[1-40—1-50 p.m.]

Shri Nikhil Das:

স্যার, আমাদের সামনে যে অ্যামেন্ডিং বিল এসেছে এটা মন্দের ভাল সেই হিসাবে আমি অভিনন্দন জানাচ্ছি। এটা মন্দের ভাল বলছি এজন্য, বেষ্টারউইচ সাহেবও বলেছেন যে এটা হাফ-ওয়ে, আমরা প্রথম থেকেই বলে আসছি, বিভিন্ন কেন্দ্রীয় শ্রমিক সংস্থা থেকে দাবী রাখছি যে এই

কন্ট্রাক্ট লেবার প্রথা রদ করা দরকার। ফোর্টিন্থ অর ফিফটিন্থ লেবার কনফারেন্স যেটা হয়েছিল তার থেকেও একটা এই ধরনের আওয়াজ উঠেছিল ইট ইজ এ্যান ইভিল, এটা একটা অন্যায়, খারাপ ব্যাপার চলছে এবং যাতে এই জিনিসকে দূর করা যায়। আমার মনে হয় এই যে অ্যামেন্ডমেন্টটি এসেছে সেই দিকে নজর রেখে বোধ হয় এই অ্যামেন্ডমেন্টটি আমাদের সামনে এসেছে। হাফ ওয়ে বলছি এইজন্য যে এখানে প্রিন্সিপ্যাল যে এমপ্লয়ার, আসল যে মালিক, সেই মালিককে দায়ী করা হচ্ছে কাদের জন্য? যারা পার্মানেন্ট নেচারের ওয়ার্কে যে সমস্ত কন্ট্রাক্টররা এমপ্লইজ এ্যাপয়েন্ট করবে কিন্তু যেগুলো ইন্টারমিটেন্ট অর টেমপোরারি নেচারের কাজ সেখানে যদি কোন কন্ট্রাক্টার কোন লেবারকে এমপ্লয় করেন তাহলে প্রিন্সিপ্যাল যে এমপ্লয়ার সে দায়ী হবে না। অর্থাৎ কোন কাজকে যদি ক্যাজুয়াল হিসাবে দেখান যায়, যে কাজে পার্মানেন্ট নেচার নেই, কোন কাজকে যদি টেমপ্রোয়ারি নেচারের দেখান যায়, সেই কাজে যদি কোন কন্ট্রাক্টার শ্রমিককে নিয়োগ করে তাহলে সেই শ্রমিকের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্টের যে সুবিধা সেই সুবিধা সেই শ্রমিক পাবে শুধু ঐ কন্ট্রাক্টারের ক্ষেত্রে সেই ব্যাপারে প্রিন্সিপ্যাল যে এমপ্লয়ার, আসল যে মালিক সে দায়ী হবে না। আসল মালিক দায়ী হবে শুধু তাদের ব্যাপারে, সেই সব কন্ট্রাক্ট লেবারের ব্যাপারে যারা পার্মানেন্ট নেচারে যে সব কাজ আছে সেই কাজে যারা নিয়োগ হচ্ছে, সেই ব্যাপারে যারা আছে তাদের ব্যাপারে প্রিন্সিপ্যাল এমপ্লয়ার দায়ী হবে। মাননীয় স্পীকার, স্যার, এই প্রসঙ্গে এই কথাটা বলতে চাই, যে মুহূর্তে এই ফাঁকটা থেকে যাবে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে তখন দেখবো সব কাজকেই ইন্টারমিটেন্ট অ্যান্ড টেমপোরারি নেচারের দেখাবার জন্য এমপ্লয়ারদের তরফ থেকে চক্রান্ত চলবে। আজকে কন্ট্রাক্টারর্স লেবারের নামে এমপ্লয়াররা যে সুবিধা নিচ্ছে এতে সেই সুবিধাকে খর্ব করে শ্রমিকদের যে সুবিধা দেওয়ার চেষ্টা হচ্ছে, ঐ যে একটা ফাঁক থেকে যাবে সেই ফাঁক থাকার জন্য মালিক পক্ষ সুবিধা নেবে, সমস্ত কাজকে তারা টেম্পোরারি নেচারের দেখাবে এবং ইণ্টারমিটেণ্ট নেচারের দেখাবে এবং বলবে এক হপ্তার জন্য আজকে নিলাম, কালকে বলবে তিন দিন বাদ গেল আবার এক হপ্তার জন্য নিলাম, আবার বলবে তিন মাসের জন্য নিলাম, দুই মাসের জন্য নিলাম, তার ফলে যে বেনিফিটটা দিতে যাচ্ছি সেই বেনিফিটটার ফাঁক থেকে যাচ্ছে। সেই দিকে নজর রেখে আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীকে বলবো যে এই ফাঁকটিকে তুলে দেওয়া দরকার এবং এই ফাঁক যাতে না থাকে তার ব্যবস্থা করা দরকার। তা না হলে যে বেনিফিট দেবার কথা আমরা চিন্তা করছি সেদিকেই লক্ষ্য রেখে এই অ্যামেন্ডমেন্ট বিল এসেছে সেই লক্ষ্যে ঠিক ঠিকভাবে আমরা পৌঁছাতে পারবো না। এইজন্য আমরা বলেছি ইট লিডস হাপ ওয়ে, অর্ধেক করছে অর্ধেক করছে না, এই কথা। দ্বিতীয় কথা যেটা সেটা হচ্ছে, এই ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে আরো কিছু অসুবিধা রয়ে গিয়েছে এবং সেই অসুবিধার কথা বারবার কেন্দ্রীয় শ্রমিক সংস্থা থেকে আমরা রেখেছি এবং প্রাদেশিক সরকারের কাছে রেখেছি, কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছি। লেবার কনফারেন্সেও সেই প্রশ্নগুলির কথা বলেছি। যেমন একটি উদাহরণ দিলেন ৪০ দিন। বছরে ২৪০ দিন নয়, সেই ২৪০ দিনটা কন্টিনিউয়াস হওয়া চাই। অর্থাৎ ৭ দিন যদি ব্রেক অব সার্ভিস হয়ে যায়, ঠিকমত ছুটি যদি আমি না নিতে পারি, সেই গ্যাড়াকলে যদি একবার মজুর পড়ে যায়, ব্রেক অব সার্ভিস হয়ে গেল, ২৫০ দিনও যদি মজুর হাজির হয় তাহলে সে সেই ২৪০ দিনের সুবিধা নিয়ে পার্মানেন্ট ওয়ার্কার হতে পারছে না। এই যে অসুবিধা রয়ে গিয়েছে এই অসুবিধা দূর করা দরকার। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে আরো যে অসুবিধাগুলি রয়েছে—সেগুলি মাননীয় শ্রমমন্ত্রী জানেন—সেগুলিকেও দূর করা দরকার। তা না হলে এর সুযোগ সুবিধা ঠিকমত নেওয়া যাচ্ছে না। আর একটি কথা এক্ষেত্রে বলবো কন্সিলিয়েশনের যে জায়গা, এই অ্যামেন্ডমেন্ট আসায় এই ব্যাপারে কিছু সুযোগ আমরা পেয়েছি। একটা ডিসপিউট যদি আসে সেটাকে কন্সিলিয়েশন অফিসারের কাছে যদি আমরা রাখি সেই ডিসপিউট কবে শেষ হবে কেউ বলতে পারে না। কন্সিলিয়েশন অফিসারের কাছে মাসের পর মাস চলে গেল, তার পরে গেল রাইটার্স বিল্ডিংএ, সেখান থেকে ট্রাইবুনালে আমরা পাবো কি না পাবো আমরা জানি না, সেখান থেকে চলে গেল ট্রাইবুনালে, শেষ হতে লাগলো ২॥ বৎসর, ৩ বৎসর সময়। এর মধ্যে যে শ্রমিকের ডিসপিউট সে বেঁচে থাকবে কি না থাকবে তারও কোন স্থির নেই। এক একটা ধর্মঘটের সম্মুখীন আমরা হয়ে যাই এবং সেই ধর্মঘটের সামনে গিয়ে দেখি যে শ্রমিকদের যে সুবিধা সেই

সুবিধার দিকে নজর রেখে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট কার্যকরী করা হয় না। কার্যকরীর ক্ষেত্রে দেখি মালিকদের দিকে নজর রেখে সেগুলিকে কার্যকরী করা হয় এবং শ্রমিকদের ধর্মঘট-গুলিকে কিভাবে বে-আইনী করা যায় সেই বে-আইনী করার দিকে নজর রেখে ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টকে কার্যকরী করা হয় এবং এইসব যে দিকগুলি রয়েছে সেইগুলিকে যদি না শুধরানো না যায় তাহলে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের মাধ্যমে যে সুযোগ সুবিধা দেবার কথা আমরা চিন্তা করছি সেই সুযোগ সুবিধা দেওয়া যাবে না। সব শেষ একটি বক্তব্য, তবু যে আধা পথে এটা এসেছে সেজন্য নিশ্চয়ই কিছুটা ধন্যবাদ তাঁকে জানাবো কিন্তু পুরোটা যদি করতেন তাহলে আরো অনেক বেশি ধন্যবাদ আমাদের কাছ থেকে পেতেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল পাস হলে কন্ট্রাক্ট লেবার বলে যে একটা ব্যাপার আছে এবং তাতে যেসব সমস্যা আছে তার কিছুটা সুরাহা হবে সন্দেহ নাই, কিন্তু কন্ট্রাক্ট লেবার যত ধরনের আছে তাদের সকলকে এই বিলের স্কোপ-এর মধ্যে আনতে পারবেন কিনা এই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। যেমন ধরুন, খুব নাম করা কনসার্ন মেটাল বক্স—তাদের একটা প্রাকটিস আছে ৬ মাস পর্যন্ত তাঁরা রাখলেন, বাকি ৬ মাস শেষ হবার আগেই ছাঁটাই করে দিলেন—এইভাবে নানা ছলছুতায় কর্মচারীরা ছাঁটাই হয়ে যায়। এই সমস্ত কারখানায় যদি এনকোয়ারী করা যায় তাহলে দেখা যাবে যে, এক একজন ওয়ার্কার গত ৮ বৎসর ধরে এই সমস্ত কলকারখানায় কাজ করছে, অথচ তারা যেহেতু টেমপোরারী বলে স্বীকৃত হচ্ছে সেই কারণে তারা নানারকম সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এই একটা পরিস্থিতি রয়েছে। এখন এই আইনের স্কোপ-এর মধ্যে কেমন করে এই সমস্ত মালিকদের আনতে পারবেন এই বিষয়ে আমার মনে সন্দেহ আছে—সেই কারণে আমি বলছি, কি ধরনের ছাঁটাই হয় সেটা দেখা দরকার। আজকে কন্ট্রাক্ট লেবার দিয়ে বড় বড় কোম্পানি বা বড় বড় বাড়ী রেলওয়ে ব্রিজ-এর কাজ হচ্ছে লক্ষ্য করলে দেখবেন তারা প্রতিদিন কাজ করছে, হাজার হাজার লোক কাজ করছে—আজকে এন্টায়ার ব্রিজ তৈরির কাজ এবং অন্যান্য ডেভেলপমেন্ট-এর কাজ রেগুলার এস্টাবলিসমেন্টএ হাজার হাজার লোক প্রতি মাসে কাজ করছে। কিন্তু এদের জন্য আইনে কোনরকম বিধিবিধান না থাকার ফলে তারা নানারকম সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। আমার বক্তব্য এই যে, যদি উদ্দেশ্য এটাই হয় যে, আমাদের দেশে যেসমস্ত শ্রমিক কাজ করছে, প্রডাকসন করছে, এবং দেশের সম্পদ সৃষ্টি করছে তারা যাতে এই সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত না হয় তার প্রতি যেন লক্ষ্য রাখা হয়। এই বিলের এই যদি লক্ষ্য হয়ে থাকে তাহলে আমি বলব, বিভিন্ন যেসমস্ত কন্ট্রাক্ট সিসটেম রয়েছে যার মধ্যে ফাঁক লেকুনা থাকার জন্য শ্রমিকেরা বঞ্চিত হচ্ছে সেগুলি দূর করার জন্য যেন ব্যবস্থা অবলম্বন করা হয়। আমি জানি খিদিরপুর অঞ্চলে বার্ড অ্যান্ড কোংর মেজর কাজ হচ্ছে, তাঁরা এইরকম কন্ট্রাক্ট লেবার দিয়ে কাজ করান। নানারকম ছলচাতুরী করে এই সমস্ত শ্রমিকদের তাদের ন্যায্য দাবি থেকে বঞ্চিত করা হয়। আমি আশা করি এই বিলের মাধ্যমে এই সমস্ত যা ফাঁক রয়েছে সেগুলি রোধ করবার জন্য ব্যবস্থা অবলম্বন করা হবে।

[1-50—2 p.m.]

Shri Sanat Kumar Raha:

স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে সংশোধিত শিল্পে এই সংশোধন চালু করলে অনেক ক্ষেত্রে উপকার হবে। এটা আমরাও জানি এবং তার জন্য এইরকম একটা সংশোধন আসার প্রয়োজন ছিল বলে অনেকদিন থেকে আশা করে গিয়েছিল। অসংগঠিত শিল্পে এর কতটুকু উপকার পাওয়া যাবে তার কিছু ব্যাখ্যা করে বলতে পারলে বোঝা যেত যে আইনের পরিধি অসংগঠিত শিল্পে কিভাবে উপকারে আসবে। আমার নিজের অভিজ্ঞতা হচ্ছে যে মুর্শিদাবাদ জেলার ঔরাঙ্গাবাদ ও ধুলিয়ান এলাকায় লক্ষ লক্ষ বিড়ি কারিগর সংগঠিতভাবে তারা কারখানায় কাজ করেন। কিন্তু এই আইনটা তাদের উপর কিভাবে কার্যকরী হবে সেটা আমি ঠিকভাবে পাচ্ছি না। সেই কন্ট্রাক্টর যখন কারিগরকে সঙ্গে করে নিয়ে এসে তার কাছ থেকে যেভাবে কাজ ফুরিয়ে নেয় তাতে তাদের সংগঠিত কারখানায় রাখলে যেভাবে রেজিস্ট্রি মেইনটেইন করে কা

করা হয় সেটা সংগঠিত কারখানা হওয়া সত্ত্বেও সেইসব কন্ট্রাক্টর কিভাবে বিড়ি কারিগরদের বঞ্চিত না করে চলবে আইন হওয়া সত্ত্বেও সেটা আমি বুঝতে পারছি না। কাজেই আমি মনে করি অসংগঠিত শিল্পে এই আইনের ধারা কি পরিমাণ উপকার করবে তা বুঝতে পারছি না—বিশেষ করে অসংগঠিত হোক, সংগঠিত হোক এই সমস্ত বিশেষ ধরনের শিল্পের কথাই বলছি। সুতরাং আমাদের জেলায় লক্ষ লক্ষ বিড়ি কারিগর সংগঠিত ও অসংগঠিত অবস্থায় কন্ট্রাক্টর-এর মারফত কাজ করে তখন তাদের অবস্থা এই আইনের পরিপ্রেক্ষিতে কি হবে সেটা পরিষ্কার করে বলা দরকার।

Shri Bhadra Bahadur Hamal:

স্পীকার, স্যার, মাননীয় লেবার মিনিস্টার যখন এই বিল নিয়ে এসেছেন তখন তাঁকে চা-বাগানের দৃষ্টান্ত দিয়ে বলতে চাই যে এ বিষয়ে কি হবে উনি তা ক্লিয়ার করে দেবেন। ১৯৪৭-এর আগে চা-বাগানের পার্মানেন্ট লেবার যা ছিল এখন তা নেই। ফিডার রেঞ্জ টি এস্টেট-এ আমরা জানি ১০০০ পার্মানেন্ট লেবার ছিল এখন প্রায় তা ২০০-তে নেবেছে। এরা কি করে না ৬ মাসের ঠিক ২।৩ দিন পূর্বে ওদের ছুটি দিয়ে দেয় এবং এক হপ্তা রেষ্ট দিয়ে আবার কাজে নিয়ে নেয়। এইরকম যারা ৪৮ বছর কাজ করছে তারাও আজকে টেমপোরারী রয়েছে। আমরা দেখেছি দার্জিলিঙ ডিস্ট্রিক্ট-এ এর সংখ্যা বর্তমানে ১৫ থেকে ১৮ হাজার পর্যন্ত লোককে টেমপোরারী করে রেখেছে। এদের কি প্রোটেকসান দেবেন বা এই বিলে তার কি হবে সেটা জানি না? অর্থাৎ এদের পার্মানেন্ট করার জন্য কি করবেন তা জানতে চাই। এইরকম লেবার আমরা জানি ৭ বছর ধরে কাজ করছে—তার বয়স ৬০ বছরের উপর, মারা গেছে—কিন্তু একেবারে টেমপোরারী কিন্তু ওদের পার্মানেন্ট করানোর বিষয় ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট-এ কি করবেন তা লেবার মিনিস্টার-এর কাছ থেকে জানতে চাই। কালো বলুন, গোরা বলুন, সাদা বলুন, আমাদের হিন্দুস্থানের লোক বলুন ফাঁকি দিয়ে সব লোককে টেম্পোরারী করে দিয়েছে। এইভাবে অনবরত টেম্পোরারীর সংখ্যা বাড়ছে। তারপর দুই কিসিমের টেম্পোরারী এখন কাজ করছে। আজকে ফেব্রুয়ারী মাসে টেম্পোরারী লেবার দেখবেন না, আবার এপ্রিল মাসে যাবেন দেখবেন টেম্পোরারী ওয়ার্কার হাজার হাজার নিয়োগ করেছে। আবার জুলাই মাস যখন আসবে দেখবেন টেম্পোরারী ওয়ার্কার নেই—আবার মার্চে নেবে। প্লাকিং সিজিন-এ ঠিক নিয়ে ৬ মাস হবার ২।৩ দিন আগে ছুটি দিয়ে ওদের কাজ খতম করে দেবে। এদের জন্য কি করবেন তা আমরা লেবার মিনিস্টার-এর কাছ থেকে বুঝতে চাই। আমরা চাই এরা পার্মানেন্ট হোক। আপনি জানেন চা-বাগান দেশের একটা মস্ত বড় সম্পদ। কিন্তু কি করে প্ল্যান্টার্সরা চা-বাগান নষ্ট করে বাজেট সেসনে তা আমি বলব। কিন্তু লেবারদের বাঁচাবার জন্য আপনারা কি করবেন সেটা জানতে চাই?

Shri Anadi Das:

এই যে বিলটা আনা হয়েছে যারা কন্ট্রাক্ট লেবার ছিল অর্থাৎ যারা কন্ট্রাক্টএ কাজ করছে কিন্তু ডাইরেক্ট এমপ্লয়মেন্ট-এর কোন সুযোগ সুবিধা পাচ্ছে না তাদের কিছু সুযোগ সুবিধা দেওয়া হয়েছে এই বিলের মধ্যে সেজন্য এ বিলকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এমন অসংখ্য কেস আছে, আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে বলছি ছুটিছাটার ব্যাপারে এ্যানুয়াল রেক এগুলি বহু দিন ধরে যা ফ্যাকটরী অ্যাক্টএ তে বিধানও আছে, এ ইনডাইরেক্ট এমপ্লয়ী যারা ঐ কন্ট্রাক্টর-এর লোক তারা পাচ্ছে না। সেসব ডিসপিউটস যখন হয়, কন্ট্রাক্টর-এর কাছে গেলে সে বলে কি করবো আমার রেট অত্যন্ত কম, আমি আর দিতে পারবো না। আর মালিক বলে ঐসব কন্ট্রাক্টর-এর লোকেদের আমরা দেব না। একটা গলদ দূর হচ্ছে না। ধরুন একটা কন্ট্রাক্টর-এর লোক ট্রেড অ্যাক্ট অনুযায়ী ৩ বৎসরের পুরান ছুটি সে পেতে পারে ৩০ দিন পর্যন্ত একস্ডেট করতে পারেন। অন্তত ডাইরেক্ট এমপ্লয়ী যারা আছে তাব হচ্ছে, যদিও সম্পূর্ণ হচ্ছে না। তাদের যদি রিট্রসপেকটিভ এফেক্ট দেন তাহলে অন্ততঃপক্ষে তাদের যে বাকি মাহিনা আছে, বাকি ছুটি আছে তা তারা পেতে পারে। তা না হলে হয়ত আজকে যারা ডাইরেক্ট এমপ্লয়ী তারা সুযোগ পেতে পারে, ডাইরেক্ট এমপ্লয়ী না হলেও কিছুটা সুযোগ পাবে বলে ধরে নেওয়া

যেতে পারে। এটা এখনও এসেন্ট পাবার কথা আছে, প্রোমালগেসন-এর সুযোগ আছে, আরও কিছু সময় যাবে সেটা যাতে তাড়াতাড়ি হয় এবং এই জিনিসে যাতে রিট্রসপেকটিভ এফেক্ট দেওয়া যায় ২।৩ ইয়ার্স এটাই বলছি। যারা ঐ টেম্পোরারী ওয়ার্কার সেটা এই বিলে কভার্ড নয় টেম্পোরারী ওয়ার্কাররা তো ডাইরেক্ট এমপ্লয়ী কিন্তু তারা টেম্পোরারী সেটা সম্পর্কে অন্যান্য বক্তারা বলে গেছেন, সে সম্পর্কে আমিও এক মত পোষণ করি। এর বেশি আমি কিছু বলতে চাই না, এই সম্পর্কে আলাদা করে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট নেওয়া হোক।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় স্পীকার, মহাশয়, আজকে কন্ট্রাক্ট লেবার সম্বন্ধে যে বিল এসেছে সেটাকে সমর্থন করি। কারণ এরকম বিল আমাদের দেশে অনেক আগে আসা উচিত ছিল। কিছুদিন আগে হাজার হাজার মজুর বার্ড কোং যারা জগন্নাথ ঘাটের কন্ট্রাক্টর-এর কাজ করে তারা কন্ট্রাক্ট চলে গেল বলে সংগে সংগে লেবার চলে গেল এই অজুহাত দেখিয়ে সরিয়ে দেওয়া হয়েছিল, কিন্তু আমাদের শ্রম দপ্তরের সাহায্যে সেই সমস্ত পুরান শ্রমিকরা আবার কাজ পেয়েছে। এটা একটা নূতন দৃষ্টিভংগী সেটা নিশ্চয়ই বলবো। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বরাবরই শ্রমিকরা যারা ঠিকাদারদের অধীনে কাজ করতো তাদের দেখাবার কেউ ছিল না। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে এই নূতন বিল আনার জন্য অভিনন্দন জানাচ্ছি, এবং সংগে সংগে এই কথা বলছি যে এতে আমাদের সমস্যার সমাধান হ'ল না, এটা একটু আগে আমাদের বন্ধু শ্রীভদ্র বাহাদুর হামাল মহাশয় উপস্থিত করেছেন এবং অন্যান্য সদস্যরাও আলোচনা করেছেন। যারা শ্রমিক আন্দোলনের সংগে যুক্ত আছেন তারা জানেন বাংলাদেশের মালিকপক্ষ কিভাবে নূতন নূতন ফন্দি করে শ্রমিকদের শোষণ করেন, যে উদাহরণ শ্রী হামাল দিলেন যে, ২৪০ দিন কাজ করা শ্রমিকদের কোনরকমে উপায় নেই, ২৩০, ২৩২, ২৩৪, কি ২৩৮, কি ২৩৯ দিন পর্যন্ত হবে কিন্তু ঐ ৪০ দিনটি হবে না, তাদের তা হতে দেবেন না তার আগেই ছাঁটাই হবে, এবং ৭ দিন পরে বা ৮ দিন পরে আবার নূতনভাবে নিয়োগ করা হবে। এটাই হচ্ছে আমাদের দেশের মালিক পক্ষের নীতি। আমি উদার শ্রমমন্ত্রীকে আবেদন করবো তিনি নিজেও একদিন শ্রমিক সংস্থার সংগে যুক্ত ছিলেন এবং ট্রেড ইউনিয়ন এবং ট্রেড ইউনিয়ন-এর এতে তিনি নিজেও দুর্ভোগ ভোগ করেছেন। আমি তাই তাঁর কাছে জানাব যত শীঘ্র সম্ভব পারলে এই সেসন-এ টেম্পোরারী ওয়ার্কার যে সংঘ আছে যার ফাঁকে আমাদের দেশের মালিকপক্ষরা শ্রমিকদের ফাঁকি দিচ্ছেন সরকারের ইনকাম ট্যাক্স ফাঁকি দিচ্ছেন বিভিন্নভাবে তারা আমাদের পয়সা লুটে নিচ্ছেন সেদিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেগুলি বন্ধ হয়। এই ক'টি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-2-10 p.m.]

Shri Lakhan Bagdi:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে কন্ট্রাক্ট লেবারদের বিষয় যে বিল নিয়ে এসেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে এই বিল অনেকদিন আগেই নিয়ে আসা উচিত ছিল। যা হোক, এখন যখন এসেছে তখন আমি মনে করি এর দ্বারা কন্ট্রাক্ট লেবার যারা আছে তাদের কিছুটা সুখ সুবিধা হবে। আমরা জানি রানীগঞ্জে এবং পশ্চিম বাংলার অনেক জায়গায় এমন অনেক কারখানা আছে যেখানে ক্যাজুয়াল বা টেম্পোরারী শ্রমিকদের দিয়ে কাজ করিয়ে নেয়। এদের নিয়ম হচ্ছে দুই, আড়াই মাস কাজ করাবার পর একদিন এদের ছাড়িয়ে দেয় এবং তার ২।১ দিন পর আবার এদের নিয়োগ করে। রানীগঞ্জে বেংগল পেপার মিলস-এ ৩ হাজার মজুর কাজ করে কিন্তু সেখানে ৪ হাজার কন্ট্রাক্টর লেবার আছে। সেখানে যখন কেউ ছুটিতে যায় তখন এদের নেওয়া হয় এবং তারপর সে এলে এদের বার করে দেওয়া হয়। সেখানে যত সংখ্যক লেবার-এর প্রয়োজন সেখানে তা নেই। তারা ঐ কন্ট্রাক্টর-এর লেবারদের দিয়ে কাজ করায় এবং তার ফলে সেই শ্রমিকরা কোন সুযোগ সুবিধা পায় না। শুধু এখানেই নয়, বার্ন কোম্পানীতেও এই জিনিস রয়েছে--অর্থাৎ তারাও কন্ট্রাক্টর-এর লেবারদের দিয়ে কাজ করায় এবং দুই, আড়াই মাস কাজ করার পর তাদের ছাঁটাই করে দেওয়া হয়। যাহোক, এগুলি যদি বন্ধ করা হয় এবং কন্ট্রাক্টর-এর লেবাররা পার্মানেন্ট লেবারদের মত সুযোগ সুবিধা পায় তাহলে সত্যিই এই বিল গ্রহণযোগ্য এবং আমরাও একে অভিনন্দন জানাতে পারি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jamini Bhusan Saha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী এই বিল নিয়ে এসে খুব ভাল কাজ করেছেন এবং আমি এ সম্বন্ধে দু-চারটি কথা বলতে চাই। আমাদের দেশে ইন্ডাস্ট্রিতে যে সমস্ত কন্ট্রাক্টর লেবার নেওয়া হচ্ছে তাদের সম্পর্কে বলা হয়েছে, কিন্তু বাংলাদেশে যদি ধরা যায় তাহলে দেখা যাবে এই কন্ট্রাক্টর লেবারের সংখ্যা এর চেয়ে আরও অনেক বেশি। আশ্চর্যের বিষয় হচ্ছে এই ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এ তাদের সম্পর্কে কোন অধিকার দেওয়া হোল না। যেমন ধরুন, রোড কনস্ট্রাকসন, বিল্ডিং কনস্ট্রাকসন, প্রজেক্ট। এই সমস্ত কনস্ট্রাকসন-এ কন্ট্রাক্টররা যে সমস্ত লেবারদের এমপ্লয় করছে তাদের মাইনে পাওয়া সম্বন্ধে কোন গ্যারান্টি থাকে না। এরা হিউজ কন্ট্রাক্ট নেয়--অর্থাৎ কোটি কোটি টাকার কন্ট্রাক্ট নেয় এবং অনেক লেবার এমপ্লয় করে। এরা ইন্ডাস্ট্রির মধ্যে পড়ে না বলে এই যে লক্ষ লক্ষ কন্ট্রাক্টর লেবার আছে তাদের সম্পর্কে এই বিলে কোন সেফগার্ড রাখা হয়নি। কাজেই শ্রমমন্ত্রীকে আমি অনুরোধ করছি যে, তিনি এইটুকু বলে শেষ না করে -অর্থাৎ ইন্ডাস্ট্রির কন্ট্রাক্ট লেবারদের সম্বন্ধে বলে শেষ না করে এই রোড, প্রজেক্ট এবং বিল্ডিং ইত্যাদির ক্ষেত্রে যে সমস্ত কন্ট্রাক্ট লেবাররা কাজ করছে তাদের সম্পর্কে একটা আইন বা প্রভিসন থাকা দরকার। আমি আশা করি শ্রমমন্ত্রী মহাশয় এ বিষয় বিবেচনা করবেন।

Shri Krishna Kumar Sukhla:

माननीय स्पीकर महोदय, पश्चिम बंगाल के श्रम-मंत्री ने आज जो यह संशोधन उपस्थापित किया है, इसके लिए मैं मजदूरों की ओर से उनको अभिनन्दित करता हूं, इसलिए कि पश्चिम बंगाल के मजदूर आन्दोलन में बड़ी बाधाएँ थीं लेकिन अब इस नयी व्याख्या से वे सब बाधाएँ हट जायेंगी। खास करके जो यह संशोधन उपस्थापित हुआ है, इस संबंध में बैरकपुर महकुमा के एक कारखाने की घटना याद आती है, जिसका उल्लेख अगर कर दिया जाय तो इस व्याख्या का समर्थन हो जाता है। मजदूरों को उनके हक से अलग करने के लिए, उनके अधिकार को छिनने की चेष्टायों की ऐसी दुर्घटनायें हुई हैं, इस संशोधन के आने के पहले, जैसे कि उनके आन्दोलन को तोड़ देने की, उनकी लड़ाई को दबा देने की। मजदूर संगठन को चकनाचूर करने के लिए बहुत से कार्य हुए है। तमाम मजदूरों को काम से निकाल दिया गया और उनकी जगह उन्हीं बेकार मजदूरों को कण्टक्टर के जरिए काम पर लगाया गया। इस तरह से मजदूरों के तमाम अधिकारों को छीन लिया गया। अगर यह संशोधन इसके पहले आ गया होता तो एक मालिक को इतना बड़ा अत्याचार, इतना बड़ा अन्याय करने का मौका नहीं मिलता।

आज पश्चिम बंगाल के श्रम-मंत्री ने मजदूरों की सहायता करने के लिए और उनके हक को दिलाने के लिए एक नया प्रयास किया है। इस संशोधन से यहाँ के समस्त मजदूर आन्दोलन को बल मिलेगा। यह निश्चित है कि इससे तमाम दिक्कतें दूर नहीं हो जायेंगी, मजदूरों को तमाम सुविधाएँ एक साथ नहीं मिल जाएँगी, लेकिन यह पहला मजबूत कदम है और इस मजबूत कदम के लिए श्रम-मंत्री को अभिनन्दन करता हूँ। और आशा करता हूँ कि इण्डास्ट्रियल डिस्प्यूट की जितनी धारायें हैं उन सभी को निश्चित से परिवर्तित करने की चेष्टा करेंगे। इन शब्दों के साथ में एक बार पुनः श्रम-मंत्री का अभिनन्दन करता हूँ।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিলটা শ্রমমন্ত্রী মহাশয় এতদিন বাদে এনেছেন এ সম্বন্ধে বিগত ৫-৬ বছর ধরে এবং এই হাউসের আগের হাউসেও দাবী আমরা করেছিলাম যে এরকম একটা সংশোধনী হওয়া প্রয়োজন ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে, যদিও এটা এত দেরীতে এসেছে তথাপি এটা আনবার জন্য শ্রমমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এর মধ্যে একটা জিনিস আমরা যেটা চেয়েছিলাম সেটা ঠিক পাওয়া গেছে বলে মনে হচ্ছে না। আমরা যারা ট্রেড ইউনিয়নে কাজ করি তারাই লক্ষ্য করেছি কন্ট্রাক্ট লেবারদের যে সমস্ত সুযোগ সুবিধা পাওয়া উচিত শ্রমিক হিসাবে তারা সেই সুযোগ-সুবিধা পাচ্ছে না কন্ট্রাক্ট লেবার তার এই অজুহাত দেখিয়ে। আইনেও এ সম্বন্ধে নির্দিষ্ট কোন ধারা ছিল না। যদিও একটা এক্সপ্ল্যানেশন দিয়ে এই ধারাটা সংশোধন করা হচ্ছে তা হলেও এটা একটা পারমানেন্ট নেচারের জব কি হবে সেটা একটা তর্কের বস্তু হয়ে দাঁড়াবে। এবং তার সুযোগ মালিকপক্ষ থেকে নেওয়ার চেষ্টা হবে। সেজন্য আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে যদি একটু সংশোধন করেন যে যারা কন্ট্রাক্ট লেবার আছে কিংবা যে কন্ট্রাক্ট প্রথা আছে সেটা সম্পূর্ণরূপে এ্যাবলিশ করে দিয়ে যা কিছু জব পারমানেন্ট নেচারেরই হোক আর টেম্পোরারী নেচারেরই হোক প্রিন্সিপল এমপ্লয়ার যিনি তাকে দিয়েই করাতে হবে এই ধরনের ধারা সংযোজিত হলে বোধ হয় আমরা যা চেয়েছিলাম, আমরা যারা ট্রেড ইউনিয়ন করি, বিরোধী পক্ষেরই হই আর কংগ্রেস পক্ষেরই হই, শ্রমিকের কল্যাণ যারাই চান তাঁরাই এটা চান যে দেশে যে শ্রমিক আইন প্রচলিত আছে তারা সুযোগ সমস্ত শ্রেণীর নিতে পারে তার জন্য এই কন্ট্রাক্ট প্রথা এ্যাবলিশ করে দেওয়া হোক। আমি সঙ্গে সঙ্গে আর একটা ব্যাপারে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে শ্রমমন্ত্রী মহাশয়ও জানেন নিশ্চয়ই যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে আছে যে একজন ওয়ার্কার ৬ মাসের বেশী কাজ করলে তবেই সেটা ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে যে সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে শ্রমিকদের সেই সমস্ত সুযোগ-সুবিধা ভোগ করতে দেওয়া হবে। আমরা দেখতে পাই একজন ওয়ার্কারকে পারমানেন্ট নেচারের কাজে এমপ্লয় করলে ৬ মাস যেই তার পূরণ হওয়ার সময় এলো সঙ্গে সঙ্গে তাকে ডিসচার্জ করে দিলেন এবং তিন চার দিন পর আবার তাকে কাজে এমপ্লয় করা হল। আবার সেই শ্রমিকদের এমপ্লয় করা হল। অর্থাৎ তাদের কন্টিনিউটি অব সার্ভিস যেটা ছিল সেটা ব্রেক করা হল। কেন? যদি কন্টিনিউটি রেখে এমপ্লয় করতে হয় তাহলে আরো অনেক সুযোগ-সুবিধা তাকে দিতে হবে। আমি ছোটখাটো এমপ্লয়ারের কথা বলছি না, আমি বলছি বড় বড় কম্পানী—বার্ন, গেস্টকিন, ব্রাইট হোয়াইট, জেসফ ইত্যাদি—তারা এই ধরনের অনেক শত শত শ্রমিক নিয়োগ করেন এবং সাড়ে পাঁচ মাস কাজ চালান তারপর তাদের ৭ দিন তাদের বসিয়ে দিয়ে আবার সেই সমস্ত শ্রমিকদের নিয়োগ করা হয়, যাতে কন্টিনিউটি অব সার্ভিস ব্রেক করা যায়। শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাবো এই ধরনের সুযোগ-সুবিধা আইনে যা দেওয়া আছে সেই সুযোগ সুবিধার যে অপব্যবহার মালিকরা করছেন এবং শ্রমিকদের সেই সুযোগ সুবিধা দিচ্ছেন না, আইনের সেই সমস্ত ত্রুটি যা এই ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে রয়েছে তা সংশোধন করা উচিত। মাননীয় মন্ত্রিমহাশয়, আশা করি সেদিকে দৃষ্টি দেবেন এবং আমাদের ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট যেটা রয়েছে সেই ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে সেই ধরনের সংশোধন তিনি করবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-10—2-20 p.m.]

শ্রীজীবনকৃষ্ণ দে: এই বিলের সঙ্গে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের আর একটা দিকে দৃষ্টি আকর্ষণ করছি। আমি প্রথমেই তাঁকে দেখাতে চাই যে হাজার হাজার বিড়ি মজুর তারা এর সঙ্গে জড়িত রয়েছে। আমি তাঁকে দেখাতে পারি—যেমন উত্তর বাংলায়। ৭-৮ বৎসর আগে মিনিমাম ওয়েজ বোর্ড বসেছিল, তখন ২ টাকা মজুরী ধার্য করা হয়। কিন্তু এই ৭-৮ বৎসরের মধ্যে অনেক কিছুরই দ্রব্যমূল্য বেড়ে গিয়েছে। বিড়ির প্যাকেট ১২ নয়া পয়সা থেকে ১৮ নয়া পয়সা হয়ে গিয়েছে। এতে মালিকদের প্রচুর মুনাফা হচ্ছে এবং গভর্নমেন্টের রাজস্বও বাড়ছে। কিন্তু বাস্তব ক্ষেত্রের ঘটনা হচ্ছে, শ্রমিকদের মিনিমাম ওয়েজ বোর্ড থেকে ৭-৮ বৎসর আগে যে রায় দেওয়া হয়েছিল তা থেকেও তারা বঞ্চিত হচ্ছে, তা তারা পাচ্ছে না। কন্ট্রা

সিস্টেমে বড় বড় বিড়ির কারখানায় বা ফ্যাক্টরীতে ব্যবসায়ীরা শ্রমিকদের নিয়োগ করেন এবং ১-১২ আনা, ১-১৪ আনা, সর্বত্র ১-১৪ আনা করে দেওয়া হয় ফ্যাক্টরী আইনের ফাঁক দিয়ে। এর ফলে দেখা যায় যে এমন অনেক এলাকা আছে যেখানে এর নাম গন্ধও নেই। কুচবিহারে মালিকরা এর এমন সুযোগ-সুবিধা নিচ্ছে যার ফলে আজকে এই সমস্ত শ্রমিকদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। এবং আজকে এমনই অবস্থা হয়েছে যে মিনিমাম যে বেঁধে দেওয়া হয়েছিল তার নীচে তারা পাচ্ছে। এর জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যাতে এই কন্ট্রাক্ট সিস্টেমটা বন্ধ করার ব্যবস্থা অবলম্বন করতে পারেন।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেই অ্যামেন্ডমেন্ট-এর উপর মাননীয় বন্ধুরা যেসমস্ত কথা বললেন, তার উপর ভিত্তি করে আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীকে অভিনন্দন জানাতে গিয়ে দেখলাম যে তাঁকে অভিনন্দন জানানোও ঠিক নয়, আবার অভিযোগ করাও ঠিক নয়, কারণ, তিনি যে পন্থা অবলম্বন করেছেন এবং যেভাবে এই অ্যামেন্ডমেন্টটা নিয়ে এসেছেন সেটা অভিনন্দনযোগ্য হলেও সমস্ত ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এর মধ্যে এমন সমস্ত লাকুনা রয়ে গিয়েছে—যেগুলি তিনি নিজেই জানেন যার জন্য তাঁর কাছে প্রত্যেক মাসে অন্ততপক্ষে কয়েক শত দরখাস্ত আসে—যার ফলে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট যে উদ্দেশ্যে হয়েছিল সেই উদ্দেশ্যই ব্যাহত হবে। আজকে সেন্ট্রাল লেবার সম্পর্কে যে অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হচ্ছে সেটা নিশ্চয়ই সমর্থনযোগ্য, কিন্তু এই কন্ট্রাক্ট লেবার সিস্টেম-এর জন্য শুধুমাত্র একটা অ্যামেন্ডমেন্ট করলেই হবে না। আজকে যেভাবে মালিকশ্রেণী সু-সংগঠিতভাবে শ্রমিকদের উপর শোষণ চালাচ্ছেন সেটা রোধ করবার জন্য এই ইন্ডাস্ট্রিয়াল ডিস-পিউট অ্যাক্ট-এর একটা সামগ্রিক অ্যামেন্ডমেন্ট-এর কথা মন্ত্রিমহাশয় চিন্তা করছেন কিনা সেটাই সর্বাগ্রে বিবেচ্য। এর মধ্যে অনেক জিনিস আছে যার কথা আমার পূর্ব বক্তারা বলেছেন। আমি কেবল দুটো জিনিস বলছি। মাননীয় বন্ধু সনৎবাবু বলেছেন অসংগঠিত শিল্পে কি হবে। বিজয়বাবু সেদিন ধুলিয়ানে গিয়েছিলেন, সেখানে গিয়ে তিনি শ্রমমন্ত্রী হিসাবে তাঁর বক্তব্য বলেছেন। তিনি দেখেছেন সেখানে বিড়ি শ্রমিকদের উপর কিভাবে শোষণ ও জুলুম করা হচ্ছে। তিনি যদি আরেকটু এগিয়ে গিয়ে থাকেন তাহলে আরো একটা জিনিস তিনি দেখতে পেরেছেন, যামিনীবাবু যে কথা বললেন—ফারাক্কা প্রোজেক্ট-এর কাজ আরম্ভ হয়েছে, সেখানে কন্ট্রাক্ট লেবার কিভাবে রিক্রুটেড হচ্ছে সেটাও তিনি দেখেছেন, এবং তারা কি মজুরী পাচ্ছে সেটাও তিনি দেখেছেন। কন্ট্রাক্ট লেবারদের শুধু শোষণ করা নয়, বাঙ্গালী শ্রমিকদের পর্যন্ত বাদ দেওয়া হচ্ছে। আজকে বিভিন্ন প্রদেশ থেকে শ্রমিক নিয়ে আসা হচ্ছে, অথচ সেখানকার শ্রমিকেরা কাজ পাচ্ছে না। যেহেতু সেখানকার শ্রমিকেরা ন্যায্য মজুরী চায়, তাদের বাদ দেওয়া হচ্ছে। সেদিক থেকে আমি বিজয়বাবুর কাছে আবেদন জানাব, তাঁরা তো এই কিছুদিন আগে ভুবনেশ্বর সমাজ-বাদী সমাজ প্রতিষ্ঠার কথা সজোরে প্রচার করে এলেন—আমি তাঁকে জানাব যে, সমাজবাদের প্রথম এবং প্রধান কথা হচ্ছে, শ্রমিক শ্রেণীর ন্যায্য অধিকার রক্ষা করা। কাজেই আমি শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব তিনি যে বিলটা এনেছেন সেই বিলটা বাদ দিয়ে একটা বৃহৎ ও কম্প্রিহেন্সিভ বিল নিয়ে আসুন, যাতে অসংগঠিত শ্রমিক, গভর্নমেন্ট প্রোজেক্ট-এর শ্রমিকদের সম্পর্কে আইনে যে সমস্ত লাকুনা রয়েছে সেগুলি রেকটিফাই করা যেতে পারে।

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে ভালোভাবে কথা বলা হয়েছে, সেজন্য আমি সকলকে ধন্যবাদ জানাচ্ছি। এর পূর্বে আমি মাননীয় সদস্যদের সঙ্গে এই সম্পর্কে যে আলোচনা করে-ছিলাম তারই পরিপ্রেক্ষিতে এই বিলটা আনা হয়েছে। ব্যাঙ্গালোর-এ অনুষ্ঠিত ইন্ডিয়ান লেবার-এ যে কথা বলা হয়েছিল তার প্রতি লক্ষ্য রেখেই এই বিল প্রণয়ন করা হয়েছে। যেখানে কন্ট্রাক্ট লেবার অ্যাবলিশন-এর কোন কথা হয় নি। যেখানে সব সময় কাজের ব্যবস্থা রয়েছে কিম্বা সব সময় কাজ করার মতো আয়োজন রয়েছে, সেখানে কন্ট্রাক্ট লেবারদের সম্পূর্ণ দায়িত্ব মালিকদের নিতে হবে, এই কথাই এই বিলে বলা হয়েছে। এই বিলে সমস্ত ইন্ডাস্ট্রিয়াল

ডিসপিউটস অ্যাক্ট পরিবর্তনের কথা নাই। মাননীয় সদস্যরা কতগুলি কথা বলেছেন। সকলেই বলেছেন টেম্পোরারী লেবার অর্থাৎ অস্থায়ী শ্রমিকরা যেসব জায়গায় কাজ করে সেই সমস্ত শ্রমিকদের সম্পর্কে কি হবে।

[2-20—2-30 p.m.]

এ কথা এর পূর্বে আমরা ঘোষণা করেছি এবং আমি বলতে পারি যে, এ বিষয় নূতনভাবে কি ব্যবস্থা করা যেতে পারে সে বিষয়ে সরকারের নজর আছে এবং হয়ত আমি শীঘ্র আরও একটা এইরকম ছোট আইন নিয়ে আসব। যে সমস্ত অসুবিধের কথা আজকে মাননীয় সদস্যরা বললেন তাও দূর হবে। অর্থাৎ আইনে ফাঁকি থাকার জন্য শ্রমিককে ফাঁকি দিয়ে নিজেদের সুবিধা করে নেবার জন্য মালিকরা যা করছেন তা বন্ধ করা হবে। ছোট এবং বড় কারখানায় বহু শ্রমিক যারা কাজ করে তাদের ২-১-১০ দিন বসিয়ে দিয়ে আবার তাদের দিয়ে কাজ করাই হচ্ছে। এইরকম-ভাবে বহু জায়গায় চলছে যা ভদ্রবাহাদুর জামাল বললেন যে প্লেন্টেসান-এ এইরকম চলছে—কেবল প্ল্যান্টেসান নয়, বহু জায়গায় মালিকরা আইনকে ফাঁকি দেবার চেষ্টা যে করছেন সেটা আমরা দেখেছি। এখন কোন আইন কিভাবে করলে শ্রমিকদের স্বার্থরক্ষা হবে, অথচ ফাঁকি দিয়ে তাদের যে উচিত প্রাপ্য সেটা যাতে তাদের বন্ধ না করতে পারে সেদিকে দৃষ্টি রেখে আইন করবার চেষ্টা আমরা করছি এবং যত শীঘ্র সম্ভব এই আইনকে আমরা উপস্থিত করব। আর একটা কথা এখানে বলা হয়েছে, বিড়ি শ্রমিকদের সম্পর্কে। আমার বন্ধুবরেরা বলেছেন যে, আমি ধুলিয়ান গিয়েছিলাম, শুধু ধুলিয়ান নয়, সারা বাংলাদেশে বহু বিড়ি শ্রমিক রয়েছে। বিড়ি শ্রমিকদের সম্পর্কে পূর্বে এই বিধানসভায় বলেছি যে আমরা একটা বোর্ড অফ এনকোয়ারী নিয়োগ করেছি এবং তাঁরা সব জায়গা দেখে রিপোর্ট আমাদের কাছে শীঘ্র দেবেন। আশা করছি সেটা এলে বিড়ি শ্রমিকদের সম্পর্কে একটা সাময়িক আইন করবার ব্যবস্থা সরকার বিবেচনা করছেন। এইরকম একটা খুচরো আইন করলে অনেক অসুবিধা হবে। তাদের যে অবস্থা, তাদের যে বিড়ি উৎপাদন হয় তাতে সাধারণতঃ ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস আইনের আওতায় বহু জায়গায় তারা আসছে না। সেজন্য তাদের নূতন আইনের প্রয়োজন। কয়েকটা স্টেট-এ এই-রকম নূতন আইন করা হয়েছে, কিন্তু নানা কারণে কয়েকটি স্টেট-এ সেই আইন এখনও চালু করতে পারে নি। সেসব সম্বন্ধে আলোচনা করে সমস্ত স্টেট-এ যাতে একরকম হতে পারে সেটাই ভালো। তা না করে কম্পিটিশান আমরা একটা আইন করেছিলাম তাতে কিছু হবে না। বাংলাদেশের বিড়ি শ্রমিকরা বিড়ি উৎপাদন করে অন্য স্টেট-এ গেলে সেখানে দাম কমে যায়, এ বিষয়েও আমরা চিন্তা করছি কি করা যায় এবং আশা করছি মাননীয় সদস্যদের সহযোগিতা এ বিষয়ে পাব। আর একটা কথা হচ্ছে যে কতকগুলি জায়গায় টেম্পোরারি কাজে টেম্পোরারি শ্রমিক নিয়োগ করা হয়—যেমন রাস্তা এবং অন্যান্য কারণে। কিন্তু এ সম্বন্ধে এখন তাড়াতাড়ি কিছু করা যাবে কিনা তাদের পার্মানেন্ট সম্বন্ধে আমি এখন সে সম্বন্ধে বলতে পারছি না। তবে তাদের যে মিনিমাম ওয়েজ আছে সেদিক থেকে তাদের অসুবিধা নেই। কিন্তু অন্যান্য সুযোগ-সুবিধা যেটা তাদের পাওয়া দরকার, সেটা ঠিক নেই। কারণ, আজকে অত্যন্ত অল্প সময়ের মধ্যে কন্ট্রাক্ট-এর কাজ -এর ঠিক নেই, সেই কন্ট্রাক্টারস কতদিন থাকবেন। লেবার কনফারেন্স-এ এই নিয়ে আলোচনা হয়েছে, তবে সিদ্ধান্তে এখনও আসা যায় নি। আমাদের একটা নিয়ম আছে যেটা সব ভারতবর্ষে চলছে যে কোন নূতন জিনিস যখন করা হয় তখন তা ত্রিদলীয় বৈঠকে বিবেচনা করা হয় এবং সাধারণভাবে অনুমোদন করলে তবে আইন নিয়ে আসা যায়। এর ফলে দেখা গেছে পরপারের মধ্যে মালিক এবং শ্রমিকের মধ্যে যে কোন অবস্থায় আলাপ আলোচনার মাধ্যমে যতটা করান যায় সেটা পার্মানেন্ট হয়, কিন্তু ঝগড়ার মধ্য দিয়ে যে জিনিস করা হয় তার ফাঁক দিয়ে মালিকপক্ষ চলবার চেষ্টা করেন। সেজন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে সরকার, মালিক এবং শ্রমিক ত্রি-দলীয় বৈঠক করে একটা ব্যবস্থা করা উচিত, কোন নিয়মমত করা উচিত। টেম্পোরারী কাজ, টেম্পোরারী শ্রমিক, কিম্বা টেম্পোরারী কন্ট্রাক্ট-এর মাধ্যমে যে শ্রমিক কাজ করেন তাদের সম্বন্ধে কি করা হবে সে সম্বন্ধে এখন বিশেষ কিছু বলছি না—এটা বিবেচনাধীন রয়েছে। মাননীয় সদস্যরা যদি কোন ইঙ্গিত দিতে পারেন যে এইরকমভাবে আইন

করলে হবে, নিশ্চয় আমরা সেটা গ্রহণ করবার চেষ্টা করব। আজ আমি যে প্রস্তাব এনেছি তাতে সর্বদিক দিয়ে সমর্থন করার জন্য আমি তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে আশা করছি যে এই বিলটা সর্বসম্মতিক্রমে গৃহীত হবে।

The motion that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1963, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1963, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The Hon'ble Ardhendu Shekhar Naskar: Sir, I beg to move that in Clause 1, for the figures "1963", the figures "1964" be substituted.

The motion was then put and agreed to.

The question that Clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 2 and 3

The question that Clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to move that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1963, as settled in the Assembly, be passed.

Shri Rabindra Nath Mukhopadhyay:

অন্য কিছু বলার নেই শুধু এটুকু ইমপ্রেস করবার জন্য বলছি যে, ক্যাজুয়াল নেচার অফ জব বলে যেগুলি বিভিন্ন জায়গায় আমরা সাধারণভাবে ধরে থাকি, সেগুলি ক্যাজুয়াল নেচার অফ জব নয়, আসলে রেগুলার জবগুলিকে ক্যাজুয়াল নেচার অফ জব করে, তারপর সেগুলি সেই কারখানারই কোন এক শ্রমিককে দিয়ে কন্ট্রাক্ট নিয়ে এরূপভাবে ফাঁকি দেওয়া হয়। আমি বলছি যে এরূপ ক্ষেত্রে কেস রেগুলার এমপ্লয়ি করে সাধারণভাবে কন্ট্রাক্ট সিস্টেমটা তুলে দেওয়া হবে না, একই কারখানার মধ্যেতে একই ইন্ডাস্ট্রিতে কাজ করছে ২ হাজার শ্রমিক। এর মধ্যে কোন মিস্ত্রীকে দিয়ে ১০টি ওয়ার্কারকে কন্ট্রাক্ট দিয়ে দেওয়া হল, সে সেই কারখানার মেটিরিয়াল নিয়ে কাজ করছে, অথচ আমরা যা মনে করি সেসব ক্ষেত্রে এক্সটেন্ড করা যেতে পারে, যদি কন্ট্রাক্ট সিস্টেম একেবারে তুলে না দেওয়া যায়, এরূপ ক্ষেত্রে একই ফ্যাক্টরীর মধ্যে একই রুফের নীচে যারা কাজ করছে তাদের এক ভাবে করা যায়। বিজয়বাবু, আপনি যে কথা বললেন সেই ফ্যাক্টরীর নীচে একই কারখানার মেটিরিয়াল নিয়ে যা—বাইরের ব্যাপার নয়, মিস্ত্রীকে দিয়ে ১০-১৫-২০ বা ৫০— এরূপভাবে কন্ট্রাক্ট-এ সেই কাজ দিয়ে—ঐ কারখানার মধ্যেই করিয়ে নেওয়া হচ্ছে, এরূপ যে লেবার কন্ট্রাক্ট সেটা এসব জায়গায় বন্ধ করবার ব্যবস্থাই করা খুব একটা কঠিন ব্যাপার নয়, এবং সেই জায়গায়ই আপনার আমি দৃষ্টি আকর্ষণ করছি। এবং এই সমস্ত বিশেষ বিশেষ জায়গায় যাদের মেন বিজনেস কন্ট্রাক্ট-এ কাজ করান—এসব বিরাট বিরাট কন্ট্রাক্ট-এর কথা যা আমি পূর্বেও বলেছি, এবং এখনও বলছি যে তারা হাজার হাজার লোক নিয়োগ করে বিরাট বিরাট কনসার্ন যারা, যাদের হাজার হাজার লোক কাজ করে, কিন্তু রেগুলাব এমপ্লয়মেন্ট-এ

কাজ করে সেই ফ্যাক্টরীর মধ্যে কারখানার মধ্যে হয়ত দুই শত লোক, কিন্তু সেখানে ১০ হাজার লোক হয়ত কাজ করছে বিভিন্ন কন্ট্রাক্ট-এ। হয়ত দেখা যাবে তারা ১০-২০ বছর ধরে কাজ করে যাচ্ছে। আপনার পারভিউর মধ্যে এটা আসছে না, এটাই হচ্ছে আসল বিপদ। কলিকাতার আশেপাশে বিরাট বিরাট কন্ট্রাক্ট-এর কনসার্ন আছে যারা ২০০-৫০০ করে লোক রেখে দিয়েছে। এভাবে ২০০-র মত লোক নিয়ে রেগুলার এস্টাবলিশমেন্ট চালিয়ে যাচ্ছে, কিন্তু তারা কারখানার বাইরের কন্ট্রাক্টর। এই সমস্ত কন্ট্রাক্টররা হয়ত বলবেন যে, এগুলি ক্যাজুয়াল ন্যাচার-এর জব—২-৪-৬ মাসের জব। কিন্তু আমরা দেখছি একই নেচার-এর জব বছরের পর বছর ধরে করা সত্ত্বেও তারা রেগুলার এমপ্লয়ীর ফ্যাসিলিটি পাচ্ছে না। বিভিন্ন জায়গায় এই যে বিভিন্ন পরিস্থিতি রয়েছে তার প্রতি আপনার দৃষ্টি আমি আকর্ষণ করছি। আপনি একটা সৎ উদ্দেশ্য নিয়ে করছেন, কিন্তু অধিকাংশ শ্রমিক যারা কন্ট্রাক্টরদের অধীনে কাজ করে তারা যদি সুযোগ লাভ থেকে বঞ্চিত হয় তাহলে আপনার সমগ্র চেষ্টা ব্যর্থ হবে এবং সেই কারণেই এর প্রতি আপনার দৃষ্টি আমি আকর্ষণ করছি।

2-30—2-33 p.m.]

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য রবীনবাবু অনেকদিন ধরে শ্রম আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন কাজেই তিনি জানেন যে, একটা নিয়ম বা আইন করলে সেটাকে ফাঁকি দেবার চেষ্টা অনেকেই করেন। তবে আবার যখন ট্রাইবুনালে যায়, জাজমেন্ট হয় তখন দেখা যায় অনেক জিনিসের সুরাহা হয় এবং তাদের এড়িয়ে যাবার রাস্তা থাকে না। উনি যেসব প্রশ্ন তুলেছেন তাতে আমি মনে করি সাধারণভাবে এটা প্রযুক্ত হবে এবং বিভিন্ন কারখানায় কন্ট্রাক্টরদের লোক দিয়ে যেসব কাজ করিয়ে নেওয়া হয় সেই কাজ যদি বরাবরের মত হয় তাহলে তারা নিশ্চয়ই সেখানকার শ্রমিকদের আওতায় পড়বে। তবে আইনজ্ঞরা এটা ভাল বলতে পারবেন এবং ২/১টি কেস্-এর জাজমেণ্ট না হলে এটা বোঝা যাবে না। যাহোক, আমি আশা করি এটা কার্যকরী হবার পর অসুবিধা হলে একে বদলাতে কোন অসুবিধা হবে না।

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1963, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Mr. Speaker: Tomorrow the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964 and the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, will be taken up.

Adjournment

The House was then adjourned at 2-33 p.m. till 12 noon on Wednesday, 12th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 12th February, 1964, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 11 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State and 207 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Trustees of the Murshidabad Estate

***14.** (Admitted question No. *28.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ এস্টেটের বর্তমান ট্রাস্টীদের নাম ও পরিচয় কি;

(খ) উক্ত ট্রাস্টীগণ কোনও মাহিনা বা ভাতা গ্রহণ করিতেছেন কি; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে কোন সময় হইতে মাহিনা বা ভাতা গ্রহণ করিতেছেন এবং বর্তমান সময় পর্যন্ত কোন ট্রাস্টী কত টাকা বেতন অথবা ভাতা হিসাবে গ্রহণ করিয়াছেন?

দি অনারেবল ঈশ্বরদাস জালানঃ (ক) ১৯৬৩ সালের মুর্শিদাবাদ এস্টেট (ট্রাস্ট) অ্যাক্ট অনুযায়ী মুর্শিদাবাদ এস্টেটের সমস্ত সম্পত্তি পশ্চিমবঙ্গের ন্যাসপালে বর্তাইয়াছে। ন্যাসপাল ছাড়া এই সম্পত্তির দ্বিতীয় কোন ট্রাস্টী নাই।

(খ) ন্যাসপাল সরকারী কর্মচারী হিসাবে তাঁহার নির্দিষ্ট বেতন গ্রহণ করিয়া থাকেন। ১৯৬৩ সালের ১লা মে হইতে তিনি মুর্শিদাবাদ এস্টেটের পরিচালনার ভার গ্রহণ করিলেও ইহার জন্য তিনি পৃথক কোন ভাতা বা মাহিনা গ্রহণ করেন না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ এই ট্রাস্টী বোর্ডের মধ্যে কাজেম আলী মির্জা কি একজন মেম্বার নন?

দি অনারেবল ঈশ্বরদাস জালানঃ না, কোন অফিসিয়াল ট্রাস্টি বোর্ডে থাকেন না। হি মাইট বি এ বেনিফিসিয়ারি।

Construction of a bridge over the Kansai

*15. (Admitted question No. *199.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার উন্নয়ন পরিষদ তমলুক ময়না রাস্তার উপরে শ্রীরামপুর গ্রামের নিকটে কাঁসাই নদীর উপর সেতু নির্মাণের প্রস্তাব করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ঐ সুপারিশ গৃহীত হইয়াছে কি না?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত : (ক) না, তৃতীয় পরিকল্পনায় গ্রহণ করিবার জন্য জেলা উন্নয়ন পরিষদের যে সকল প্রস্তাব জেলা শাসকের মাধ্যমে পাওয়া গিয়াছে তাহাদের মধ্যে সেতুটির উল্লেখ নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীঅনঙ্গমোহন দাস : জেলা পরিষদের যে মিটিং হয়েছিল তার প্রসিডিংস যা মেম্বারদের দেওয়া হয়েছে সেই প্রসিডিংস-এ এই পরিকল্পনা নেওয়া হয়েছিল বলা আছে। এটা দেখলে কি মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন যে জেলা ম্যাজিস্ট্রেট কেন প্রসিডিংস-এ যা লেখা আছে সেটা না পাঠিয়ে অন্যটা পাঠিয়েছেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত : জেলাশাসকের কাছ থেকে আমরা যে লিস্ট পেয়েছি সেই লিস্টের মধ্যে এটা নেই। আমি পূর্বেই বলেছি কোন্ কোন্ সদস্যের কাছে কি লিস্ট পাঠান হয়েছিল আমি তা জানি না।

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি কি জানেন, এই যে পুলটা আছে ময়না-তমলুক কাঁশাই নদীর উপর এই পুলটা নির্মিত না হলে ময়না-তমলুক অঞ্চলের প্রায় এক লক্ষ লোকের সঙ্গে বহির্জগত বিচ্ছিন্ন হয়ে পড়বে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: পুলটির প্রয়োজনীয়তা আছে এটা স্বীকার করি। কিন্তু তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় অর্থাভাবের দরুন এই পুলের নির্মাণ কার্য নেওয়া সম্ভব হয় নি। ৪র্থ পরিকল্পনায় এটা বিবেচনা করা হবে।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ডিস্ট্রিক্ট কাউন্সিল যে সমস্ত স্কীম রেকমেণ্ড করেন, সরকার তার সবগুলি গ্রহণ করেন কি না?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত : সবগুলি গ্রহণের কথা নয়। তবে যথাসাধ্য সবগুলি আমরা বিবেচনা করি। ডিষ্ট্রিক্ট কাউন্সিলের সুপারিশের যথাযোগ্য গুরুত্ব আমরা দিয়ে থাকি।

শ্রীগোপাল বসু: ডিস্ট্রিক্ট ডেভালপমেন্ট কাউন্সিল থেকে যেগুলি দেওয়া হয় সেগুলির কি প্রাইয়োরিটি অনুযায়ী গুরুত্ব দেওয়া হয় না?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: প্রাইয়োরিটি অনুযায়ীই গুরুত্ব দেওয়া হয়।

Bhagirathi Bridge at Berhampore

***16.** (Admitted question No. *74.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুরে গঙ্গানদীর উপর নির্মীয়মান জাতীয় সড়কের উপর যে সেতুটি ভাঙ্গিয়া পড়িয়াছিল তাহার কারণ সম্বন্ধে তদন্ত হইয়াছে কি;

(খ) উক্ত সেতু ভাঙিয়া পড়াতে কত টাকা ক্ষতি হইয়াছে; এবং

(গ) উক্ত সেতুর ঠিকাদারকে কত টাকা অদ্যাবধি দেওয়া হইয়াছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: (ক) তদন্ত হইতেছে কিন্তু তাহা শেষ হয় নাই।

(খ) সঠিক নির্ণয় এখনও সম্ভব হয় নাই। ইহা এখনও পরীক্ষাধীন।

(গ) ২১,৮৭,৪৪৬ টাকা।

Shri Nani Bhattacharya:

মন্ত্রিমহাশয় বলবেন কি কত টাকার কন্ট্রাক্ট ছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

২৬ লক্ষ টাকার।

Shri Nani Bhattacharya:

ঠিকাদার যে ছিল, তার নাম কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নাম হচ্ছে Messrs. Gammon (India) Ltd.

Shri Birendra Narayan Roy:

ব্রীজ ভাঙ্গার পিছনে অন্তর্ঘাতী কার্যকলাপ ছিল, সে সম্বন্ধে আপনাদের তদন্তের ফলাফল কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

অন্তর্ঘাতী কার্যকলাপের সম্বন্ধে আমরা এখনো পর্যন্ত কোন কিছু পাই নি।

Shri Birendra Narayan Roy:

একজন লোককে রাত্রি দশটায় ব্রীজের উপর দেখা গিয়েছিল, সেই লোকটি কি কংগ্রেসের সদস্য?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমার যতদূর সংবাদ, যে লোকটিকে গ্রেপ্তার করা হয়েছে তাকে অপ্রকৃতিস্থ বলেই ধরা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

এই যে হাই পাওয়ার কমিটি তার টার্ম অব রেফারেন্স কি কি, তারা কি কি তদন্ত করবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আজ আমার পক্ষে এটা বলা সম্ভব নয়, আমি পূর্বেই এই হাউসের সামনে সেটা রেখেছিলাম।

Shri Sanat Kumar Raha:

তদন্ত কি বিষয়ে হবে, কি পরিমাণ টাকা ক্ষতি হয়েছে, সেটা তদন্ত হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নিশ্চয়ই, সেটাও তদন্ত হবে, কার প্রাথমিক দায়িত্ব তারও তদন্ত হবে।

Shri Sanat Kumar Raha:

২১ লক্ষ টাকা অলরেডি কন্ট্রাক্টারকে দেওয়া হয়েছে, মোট ২৭ লক্ষ টাকা কন্ট্রাক্টএর ভ্যালু, এই অবস্থায় যে পরিমাণ টাকা দেওয়া হয়েছে সেই পরিমাণ কাজ দেখে নিয়ে টাকা দেওয়া হয়েছে ত?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ, দেখেই দেওয়া হয়েছে।

Shri Sanat Kumar Raha:

প্রিলিমিনারী কোন অ্যাসেসমেন্ট হয়েছে ক্ষয়ক্ষতির?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যে কন্ট্রাক্ট হয়েছিল তা লামসাম বেসিস-এ হয়েছিল, পেমেন্ট-এর সর্ত যেরূপ ছিল সেই অনুসারে প্রত্যেকটা স্টেজে যেমন যেমন কাজ করেন তার উপর টাকা দেওয়া হচ্ছে, এর পর পুলের কাজ শেষ হলে পুরো টাকা পাবে। কথা আছে এই কন্ট্রাক্টারকেই সম্পূর্ণ কাজ করতে হবে।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ইনকোয়ারী কমিটির সদস্য কে কে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সদস্য কে কে হতে পারেন আমি এই হাউসের সামনে দিয়েছিলাম, তাতো আপনাদের জানা কথা।

Shri Abani Kumar Basu:

তদন্ত কার্য কবে শুরু হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

তারিখটা আমার মনে নাই, প্রশ্ন দিলে বলতে পারব।

Shri Abani Kumar Basu:

এই সেতুর কি ক্ষয়ক্ষতি হয়েছে তার প্রিলিমিনারী কোন অ্যাসেসমেন্ট হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

প্রিলিমিনারী এ্যাসেসমেন্ট সম্ভব নয়।

Shri Birendra Narayan Roy:

নাইনটি পার্সেন্ট টাকা দেওয়া হয়েছে, তারা পুরো কাজ শেষ করবে বলে কোন গ্যারান্টি আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

গ্যারান্টি আছে কারণ, এই কনট্রাক্টার আর অনেক কার্যে নিযুক্ত আছে এবং তার অনেক টাকা আমাদের কাছে আছে।

Shri Birendra Narayan Roy:

এই কথা ঠিক যে, যখন কন্ট্রাক্ট দেওয়া হয় একজন বিশেষ ব্যক্তিকে কনট্রাক্ট দেওয়া হয় যিনি ব্যান্ডো সাহেবের প্রিয় পাত্র?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

টেন্ডার কল করে লোয়েস্ট টেন্ডার যার তাকেই কনট্রাক্ট দেওয়া হয়েছে—এটা ভারত সরকারের কাজ, এর সঙ্গে ব্যান্ডো সাহেবের কোন সম্পর্ক নাই। মিঃ ব্যান্ডো এই বিভাগের চীফ ইঞ্জিনীয়ার নন, কাজেই এই প্রশ্ন উঠতে পারে না।

Shri Sanat Kumar Raha:

বর্তমানে যে ব্রীজের কাজ চালু আছে সেটা কি এই ২৭ লক্ষ টাকার মধ্যেই?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ।

Shri Sanat Kumar Raha:

এজন্য নতুন কোন কনট্রাক্ট হবার সরকারী সিদ্ধান্ত আছে?

[12-10—12-20 p.m.]

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত ঃ নূতন কোন কনট্রাক্ট করার প্রয়োজন নেই, পুরানো কনট্রাক্টএর উপরে গ্যামনস (ইন্ডিয়া) লিমিটেড কাজ সম্পূর্ণ করবার প্রচেষ্টা করছে এবং তাদের কার্য সম্পূর্ণ করতে হবে।

শ্রীসনৎকুমার রাহাঃ কোন সময়ের মধ্যে এই কাজ সম্পূর্ণ করা হবে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ যথাসম্ভব সত্বর।

শ্রীঅবনীকুমার বসুঃ এই যে ব্রীজ, এই ব্রীজের স্ট্রাকচারাল ডিজাইন রচনা করেছিলেন কে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ এই ব্রীজ সম্পর্কে আমরা একটা ডিজাইন করেছিলাম, তারপর অন্যান্য কনট্রাক্টারের কাছ থেকে ডিজাইন চাওয়া হয়েছিল। গ্যামান (ইন্ডিয়া) লিমিটেড যে ডিজাইন দিয়েছিলেন তার উপরেই কনট্রাক্ট দেওয়া হয়।

শ্রীঅবনীকুমার বসুঃ আপনি জানাবেন কি এই ব্রীজটা যে ভেঙ্গে পড়ে তা কি স্ট্রাকচারাল ডিজাইনএর ডিফেক্টএর জন্য?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত ঃ আমার পক্ষে এটা বলা উচিত নয়; কেন না এটা তদন্ত সাপেক্ষ। তবে তাদের স্ট্রাকচারাল ডিজাইনএর ডিফেক্টএর জন্য ভেঙ্গে পড়েছে এমন কোন প্রস্তাব কোন দিক থেকে আমাদের কাছে আসে নি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ এই তদন্তের ফলাফল কবে পাব?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ তদন্ত শেষ হলে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ কত দিনের মধ্যে পেতে পারি একটা আইডিয়া দিতে পারেন কি?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ একটা হাই পাওয়ার কমিটি তদন্ত করছেন, তাঁরা কত দিনের মধ্যে তদন্ত শেষ করবেন তা আমার পক্ষে বলা কঠিন। তবে একথা ঠিক যে, তাঁদের তদন্তের কার্যে অনেক বাধাবিঘ্ন আছে। কারণ যেখানটা ভেঙ্গে পড়েছিল সেখানে আজকে ৩০ ফুট জল, সেই জল যত কমবে তদন্তের পক্ষে তত সুবিধা হবে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ আমরা একটা কোশ্চেন অ্যানসারএ শুনলাম যে তিনি বলেছেন যে কনট্রাক্টারকে এই ব্রীজ দেওয়া হয়েছিল তৈরী করবার জন্য তিনি আরও অনেক এই রকম ব্রীজ তৈরী করার জন্য কনট্রাক্ট পেয়েছেন। এই যদি অবস্থা হয় যে ২৬ লক্ষ টাকার একটা ব্রীজ ভেঙ্গে পড়েছে, তাহলে ওঁরা যদি দোষী সাব্যস্ত হন তাহলে তাঁদের চিরকালের জন্য কনট্রাক্ট না দেবার কি ব্যবস্থা করবেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ গ্যামনস (ইন্ডিয়া) লিমিটেড একটা বিখ্যাত ইঞ্জিনীয়ারিং ফার্ম। বহু সেতু এরা নির্মাণ করেছেন ও করছেন। কাজেই হঠাৎ একটা ব্রীজ মাঝখানে ভেঙ্গে পড়ল বলে তাদের কাজ দেওয়া বন্ধ করার কোন যুক্তি নেই।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ আপনি কি মনে করেন না যে তাদের দেওয়াতে এই টাকাটা গঙ্গায় গেল?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ টাকাটা গঙ্গায় ফেলা হয় নি। তারা যে কাজ করছে অধিকাংশ সাব-স্ট্রাকচার কমপ্লিট করেছে। সাব-স্ট্রাকচার হয়েছে ৫০ পারসেন্ট, সুপার স্ট্রাকচারএর ৭৫ পারসেন্ট কাজ করেছে। এর মধ্যে কিছুটা পোরসন ভেঙ্গে পড়েছে। কিছুটা পোরসন ভেঙ্গে পড়ল বলেই টাকাটা জলে যায় নি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আপনি বলবেন কি এই ব্রীজটার কনস্ট্রাকশন হয় সেই সময় থেকে আপনাদের ডিপার্টমেন্ট থেকে তদারকীর কাজে কোন্ কোন্ ধরনের কর্মচারী সেখানে ছিলেন এবং তাঁদের কি কি রিপোর্ট ছিল?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ সেখানে একজন একজিকিউটিভ ইঞ্জিনীয়ার নিযুক্ত আছেন—সেই একজিকিউটিভ ইঞ্জিনীয়ারএর অনেক স্টাফ ছিল।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ এর তদারকীর জন্য এবং ফাইনাল সুপারভিশানএর জন্য কোলকাতা থেকে সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার কবে গিয়েছিলেন এবং তিনি ফিরে আসার পর রাত্রি ১২টার সময় এই ব্রীজটা ভেঙ্গেছিল কি না?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার এবং চীফ ইঞ্জিনীয়ার প্রায়ই সেখানে যেতেন এবং দেখতেন—তাঁরা ফিরে আসার পর ব্রীজটা ভেঙ্গেছে কি না নোটিশ দিলে বলব।

Shri Birendra Narayan Roy:

যে কনট্রাক্ট দিয়েছিলেন, সেই কনট্রাক্টরএর কাছে এর আগে কোন ব্রীজ ভেঙ্গে গেছে কি না বা সেরূপ কোন রেকর্ড আছে কি না সেটা জানাবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমার জানা নেই।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে গ্যামন কোম্পানী এরা রূপনারায়ণ নদের উপরে যে ব্রীজ করছে ঐ কোলাঘাটে সেই ব্রীজএ পায়ারএ ভার্টিকল ক্র্যাক হয়েছে এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

পায়ার-এ ক্র্যাক হয়েছে তবে কি জন্য হয়েছে এবং এসব গ্যামন কোম্পানীর দোষে হয়েছে কি না তা বলতে পারব না।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে জানাবেন যে কোলাঘাট ব্রীজএ যে ড্যামেজ হয়েছে তার বর্তমান অবস্থা কি?

[No reply]

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যা উনি আগে জানিয়েছেন যে স্টেজ টু স্টেজ চেক আপ করার পর ২১ লক্ষ টাকা অলরেডী দেওয়া হয়েছে, যিনি চেক আপ করেছিলেন তিনি যদি ডিস্ট্রিক্ট একজিকিউটিভ ইঞ্জিনীয়ার হন তাহলে তাঁর রিপোর্টএ কোলাপ্‌স সম্পর্কে কিছু আছে কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

রিপোর্ট শুধু একজিকিউটিভ ইঞ্জিনীয়ারএর কেন অনেকেই গিয়ে দেখেছেন ও রিপোর্ট দিয়েছেন, রোডসএর চীফ ইঞ্জিনীয়ার দেখেছেন, পি ডবলিউ ডি-র চীফ ইঞ্জিনীয়ার দেখেছেন, ফারাক্কা ব্যারাজের চীফ ইঞ্জিনীয়ার দেখেছেন, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ইঞ্জিনীয়ারসরা দেখেছেন এবং এদের রিপোর্ট কিছু কিছু আছে। এদের রিপোর্টএর উপরেই হাই পাওয়ারস কমিটি অ্যাপয়েন্ট করা হয়েছে এবং কি কারণে ব্রীজ ভেঙ্গে গেছে তা কেউ বলতে পারছে না, হঠাৎ ঘটনা ঘটেছে—এর উপর তদন্ত হচ্ছে এবং তদন্ত শেষ না হওয়া পর্যন্ত বলা কঠিন।

Shri Sanat Kumar Raha:

এই যে এত রিপোর্ট পেয়েছেন তার ভেতরে কোন রকম কারণ নির্ণয় করা যায় নি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় জবাব দেবেন কি যে ব্রীজের যে পোরশনটা ভেংগে পড়েছে সেই পোরশনটার ক্ষতির পরিমাণ কত এবং সেই পোরশনএর ক্ষতির জন্য উল্টে ঐ কোম্পানী গভর্ন-মেন্টএর কাছে কিছু দাবী করেছে কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ক্ষতির পরিমাণ ৫।৬ লক্ষ টাকা হতে পারে। আমি এর পূর্বে বলেছিলাম, এখন এর তদন্ত চলেছে, তদন্তের পূর্বে কি করে বলা যাবে যে কে দায়ী, যেই দায়ী হোক একটা কথা আপনাদের জানাই যে, এটা হচ্ছে গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার কাজ, গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার প্রত্যেকটা ক্ষেত্রেই স্যাংসন দরকার হয় এবং তা নিয়েই কাজ করা হয়। পেমেন্ট-এরও গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার স্যাংসন দরকার হয়, গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার ইঞ্জিনীয়ারস আসছেন, তাঁরা এসে দেখে রিপোর্ট দিচ্ছেন। এটা যদি ঠিক হয় যে, ইঞ্জিনীয়ার-এর দোষে হয়েছে, ইঞ্জিনীয়ারসকে পেমেন্ট করতে হবে, আর যদি এটা ঠিক হয় যে ইঞ্জিনীয়ারস-এর দোষে নয় ডিজাইন-এর দোষে হয়েছে—যদিও কি সাব্যস্ত হবে জানি না। যদি গভর্নমেন্টের দেয় হয় তাহলে সেটা গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া যেভাবে ব্যবস্থা করবেন সেভাবে হবে।

Shri Sailendra Nath Adhikary:

যে প্রশ্ন করেছিলাম তার প্রায় সবই উত্তর পেলাম, শুধু একটা জায়গায় পেলাম না, এই যে কোম্পানী এরা গভর্নমেন্টএর কাছে কি কোন ক্ষতিপূরণ দাবী করে চিঠি দিয়েছে এই ভাংগার ব্যাপারে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমার জানা নেই, আমার কাছে এখনও আসে নি।

[12-20—12-30 p.m.]

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনার ডিপার্টমেন্ট-এর কাছে এরকম কোন প্রিলিমিন্যারি রিপোর্ট এসেছে কিনা যে সেন্টারিং-এর দোষে ব্রিজ ভেংগে পড়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত ঃ না।

শ্রীকানাই পালঃ অন এ পয়েন্ট অব ইনফর্মেসন, স্যার। মৌখিক উত্তরের জন্য যেসব প্রশ্ন করা হয় অনেক সময় সেইসব প্রশ্নের জবাব দেওয়া সম্ভব হয়না এবং সরকার পক্ষ থেকে বলা হয় যে টেবেল-এ উত্তর রেখে দেওয়া হয়েছে। কিন্তু আমরা দেখছি টেবেল-এ উত্তর পাওয়া যাচ্ছেনা এবং এমন কি ২/৪ মাস পরেও সেইসব উত্তর খুঁজে পাওয়া যায়না। এ্যাসেম্বলী কর্তৃপক্ষ বলছেন যে, সরকারকে বারবার বলা সত্ত্বেও তাঁদের তরফ থেকে উত্তর আসছেনা। যেমন, শীতকালীন অধিবেসনে আমি মৌখিক উত্তরের জন্য একটা প্রশ্ন দিয়েছিলাম এবং যথারীতি সেই প্রশ্ন গৃহীত হয়েছিল এবং তার নম্বর হচ্ছে ২৯০। তার উত্তর টেবেল-এ দেওয়া হয়েছে বলে জানান হয়েছে, কিন্তু আমি যখন নূতন প্রশ্ন করবার জন্য সেই প্রশ্নের উত্তর জানতে এ্যাসেম্বলী অফিসে যাই তখন তাঁরা বলেন যে, সরকার পক্ষ থেকে ৫টি কপি যেখানে দেবার কথা সেখানে একটি কপিও আমাদের দেননি। এই হচ্ছে আমার পয়েন্ট অব ইনফর্মেসন। এই যদি অবস্থা হয় তাহলে এতে আমাদের অধিকার খর্ব করা হচ্ছে না কি?

Mr. Speaker: Honourable Members, I can say that all the necessary papers, particularly relating to the questions are laid on the table. Regarding the complaint that has been made by Mr. Pal, I shall enquire into the matter.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Surgeons in Berhampur Sadar Hospital

6. (Admitted question No. 91.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতালের জন্য বর্তমানে সার্জেন কয় জন আছেন;

(খ) ইহা কি সত্য যে, ঐ হাসপাতালের সার্জিক্যাল ওয়ার্ডে রোগীর সংখ্যা অনুযায়ী সার্জেন দেওয়া হয় নাই;

(গ) সত্য হইলে, রোগীর সংখ্যা অনুপাতে সার্জেন নিয়োগের কথা সরকার চিন্তা করিতেছেন কি?

The Minister for Health:

(ক) দুইজন সার্জেন আছেন—একজন পুরা সময়ের জন্য, একজন খণ্ড কালের জন্য (পার্টটাইম স্টাইপেন্ডারী)।

(খ) অন্য জেলার সদর হাসপাতালের মত এই হাসপাতালেও রোগীর সংখ্যানুযায়ী সার্জেন আছে।

(গ) বর্তমানে অন্য কোনও সার্জেন পাঠানোর প্রস্তাব নাই। কারণ, এখন অপারেশন থিয়েটারের সুবিধা খুব কম। এই হাসপাতালের শয্যাসংখ্যা বাড়ানোর জন্য নূতন বাড়ি হইতেছে এবং হাসপাতালের শয্যা বাড়িলে অপারেশন থিয়েটার এবং অন্যান্য সুবিধা হইবে। তখন আর একজন পুরাপুরি সার্জেন পাঠানো হইবে।

Dental Specialist in Berhampore Sadar Hospital

7. (Admitted question No. 95.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any Specialist in the Dental Department of the Berhampore Sadar Hospital; and

(b) if so, the name of the Specialist?

The Minister for Health: (a) One wholetime Specialist Dental Surgeon and one Honorary Dental Surgeon are now working in the Dental Department of the Berhampore Sadar Hospital.

(b) The names of the Specialists are—

(i) Dr. Tapendra Sur Roy, B.D.S. (wholetime officer).

(ii) Dr. B. N. Sinha (honorary).

Medical officer in the Contai A. C. Hospital

8. (Admitted question No. 251.)

শ্রীসুধীরচন্দ্র দাশঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি এ জি হাসপাতালের স্থায়ী ডাক্তার প্রায় এক বৎসর না থাকায় কাঁথি সদর হাসপাতালের একজন ডাক্তার অস্থায়ীভাবে এ জি হাসপাতালের কার্য চালাইতেছেন;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে—(১) তাহার কারণ কি; এবং

(২) স্থায়ী ডাক্তারের নিয়োগের কি ব্যবস্থা হইতেছে?

The Minister for Health:

(ক) এবং (খ) (১) কাঁথি এ জি হাসপাতাল মহকুমা হাসপাতালের সান্নিধ্যে অবস্থিত হওয়ায় কাঁথি হাসপাতালের ভি ডি ক্লিনিকের ডাক্তার এ জি হাসপাতালের ভারপ্রাপ্ত হইয়াছেন এবং নিজ কাজ ছাড়াও ঐ হাসপাতালের কাজ চালাইতেছেন। বর্তমানে উপযুক্ত সংখ্যক ডাক্তারের অভাববশত সাময়িকভাবে উক্ত ব্যবস্থা করা হইয়াছে।

(২) সম্প্রতি পাবলিক সার্ভিস কমিশন হইতে কিছু ডাক্তার নিযুক্ত হইয়াছেন; কিন্তু তাহার মধ্যে বেশীর ভাগ ডাক্তার এখনও কার্যে যোগদান করেন নাই। সকল ডাক্তার কার্যে যোগদান করিলে কাঁথি এ জি হাসপাতালে একজন ডাক্তার স্থায়ীভাবে নিযুক্ত করা হইবে।

E. N. T. Departments in Berhampore Sadar Hospital

9. (Admitted question No. 96.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any arrangement for special treatment of ear, nose and throat in the Berhampore Sadar Hospital;

(b) if so, if there is any E. N. T. Specialist; and

(c) if the answer to (a) be in the negative, when special treatment for E. N. T. in the said hospital will be arranged?

The Minister for Health: (a) At present no separate arrangement for special treatment of ear, nose and throat cases in the Berhampore Sadar Hospital exists. The general Surgeon of the Hospital treats cases requiring immediate attention. Recently an E. N. T. Specialist has been posted to cope with the work with a view to extending Specialist service on the subject and the officer is expected to join shortly.

(b) Does not arise.

(c) Arrangement may be made as soon as the E. N. T. Specialist recently posted joins.

Issue of Medical Certificates from the Government Hospitals

10. (Admitted question No. 104.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হাসপাতাল হইতে মেডিক্যাল সার্টিফিকেট লওয়ার জন্য সরকার হইতে কোন ফী নির্দিষ্ট হইয়াছে কিনা;

(খ) ইহা কি সত্য যে, কোন আঘাতপ্রাপ্ত ব্যক্তি পুলিস কর্তৃক হাসপাতালে আনিত হইলে তাহার আঘাতজনিত সার্টিফিকেট দিবার জন্য দশ টাকা ফী দিতে হয়?

The Minister for Health:

(ক) সরকারী হাসপাতালে মেডিক্যাল সার্টিফিকেট দেওয়ার জন্য ১৬ টাকা ফী ধার্য আছে। ইহা সাধারণত রেলওয়ে, ইন্সিওরেন্স কোম্পানী প্রভৃতি সম্পর্কে প্রযোজ্য।

(খ) পুলিস কর্তৃক আনিত (পুলিস কেস) কোন আঘাতপ্রাপ্ত ব্যক্তিকে তাহার আঘাতজনিত সার্টিফিকেট পুলিসকে দেওয়া হয় এবং তাহার জন্য কোন ফী দিতে হয় না।

Radioligists in the Government Hospitals of West Bengal

11. (Admitted question No. 105.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সরকারী হাসপাতালগুলির মধ্যে কতগুলিতে রেডিওলজিস্ট আছেন;

(খ) রেডিওলজিস্টদের বেতন কত;

(গ) এক্স-রে প্লেটের উপর শতকরা হারে কোন কমিশন তাঁহারা পান কি না;

(ঘ) এই এক্স-রে ফটো তুলিবার জন্য কোন ফী ধার্য আছে কি না; এবং

(ঙ) গরিব লোকদের জন্য বিনামূল্যে এক্স-রে ফটো তুলিবার কোন ব্যবস্থা ঐ সকল হাসপাতালে আছে কি না?

The Minister for Health:

(ক) যে সকল হাসপাতালে এক্স-রে মেশিন আছে তাহাদের সবগুলিতেই রেডিওলজিস্ট আছেন। নিম্নলিখিত হাসপাতালসমূহে রেডিওলজিস্ট আছেনঃ—

(১) সমস্ত সরকারী যক্ষ্মা হাসপাতাল।

(২) কলিকাতার সমস্ত সরকারী হাসপাতাল (বেলেঘাটার সংক্রামক হাসপাতাল ও আমহার্স্ট স্ট্রীট এ জি হাসপাতাল ছাড়া)।

(৩) সমস্ত জিলা সদর হাসপাতালসমূহ (কেবল বাঁকুড়া সদর হাসপাতাল ছাড়া) বাঁকুড়া সম্মিলনি মেডিকেল কলেজে রেডিওলজিস্ট আছেন।

(৪) নিম্নলিখিত মহকুমা হাসপাতালসমূহ—
শ্রীরামপুর, চন্দননগর, আসানসোল, বিষ্ণুপুর, কন্টাই, বনগ্রাম, শিলিগুড়ি;

(৫) মাংপু সিনকোনা প্ল্যান্টেশন।

(৬) কলিকাতা পুলিস হাসপাতাল।

(৭) হাবড়া যক্ষ্মা চিকিৎসা কেন্দ্র, চব্বিশপরগনা।

(খ) যাঁহারা পশ্চিমবঙ্গ হেল্থ সার্ভিসের অন্তর্ভুক্ত অফিসার তাঁহারা নিজেদের স্কেল অনুযায়ী বেতন পান। নিম্নে বেতনের হার দেওয়া হইলঃ—

বেসিক গ্রেড—৩০০—২৫—৮০০

সিলেক্‌সন্‌ গ্রেড—৮৫০—৫০—১,৩৫০

ননগেজেটেড—

(১) এল এম এফ—২০০—১০—৪০০

(২) এম বি বি এস—২২৫—১০—৩২৫—১৫—৪৭৫

ইঁহারা বেতন ছাড়া সার্ভিসের নিয়মানুযায়ী ভাতা ইত্যাদি পান।

(গ) যে সকল রেডিওলজিস্ট প্রাইভেট প্রাক্‌টিস্‌ করিবার অধিকারী তাঁহারা নিজেরা এক্স-রে ফিল্ম্‌ দিলে নির্দিষ্ট ফীয়ের শতকরা ৮৫ ভাগ কমিশন পাইয়া থাকেন।

(ঘ) বহির্বিভাগে সাধারণত প্রত্যেক এক্স-রে ফটোর জন্য ৫ টাকা হারে ফী ধার্য আছে। প্রাইভেট কেসে এক্স-রে ফটো গ্রহণ করিলে সদর ও মহকুমা হাসপাতালে ৮ টাকা ফী ধার্য করা হয়। বিভিন্ন বিষয়ের বিভিন্ন হার ধার্য আছে।

(ঙ) প্রত্যেক সরকারী হাসপাতালেই গরিব লোকদের জন্য বিনামূল্যে এক্স-রে ফটো তুলিবার ব্যবস্থা আছে। বহুসংখ্যক গরিব ব্যক্তি এই সুবিধা পাইয়া থাকেন।

Import of rice

12. (Admitted question No. 156.)

শ্রী শরৎকুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) খাদ্যদ্রব্যের মূল্য ঠিক রাখিবার জন্য ১৯৬৪-৬৫ সালে রাজ্যসরকারের কী পরিমাণ চাউল আমদানি করার প্রস্তাব আছে; এবং

(খ) উক্ত সালের জন্য কী পরিমাণ চাউল কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়ার সম্ভাবনা আছে?

The Minister for Food and Supplies:

(ক) রাজ্যসরকার কর্তৃক নিজস্ব হিসাবে চাউল আমদানির কোন নির্দিষ্ট প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই। উহা অবস্থানুসারে বিবেচিত হইবে। তবে উড়িষ্যা হইতে ইস্টার্ন রাইস জোন স্কীম'-এর মাধ্যমে ব্যবসায়ী মারফত আনুমানিক চার লক্ষ টন চাউল আমদানির সম্ভাবনা আছে। এতদ্ব্যতীত নেপাল হইতেও ব্যবসায়ী মারফত কিয়ৎ পরিমাণ আমদানি আশা করা যাইতে পারে।

(খ) এক লক্ষ টন।

State trading of rice

13. (Admitted question No. 157.)

শ্রী শরৎকুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) চাউলের স্টেট ট্রেডিং করিবার কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করিয়াছেন কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৪-৬৫ সালের জন্য রাজ্যসরকার কী পরিমাণ চাউল বাজার হইতে খরিদ করিবেন; এবং

(২) উক্ত সালের জন্য কী পরিমাণ চাউল অন্য রাজ্য হইতে খরিদ করিবেন?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) (১) উক্ত সূত্রে এ প্রশ্ন উঠে না তবে ধান্য ও চাউলের সরকার-নির্ধারিত মূল্য যাহাতে বজায় থাকে সেই কারণ 'লেভি' প্রথার মাধ্যমে রাজ্যস্থিত 'রাইসমিলার্সদের' নিকট হইতে দুই লক্ষ টন চাউল ক্রয় করিবার এক পরিকল্পনা রাজ্যসরকার গ্রহণ করিয়াছেন।

(২) বর্তমানে এরূপ কোন নির্দিষ্ট প্রস্তাব রাজ্যসরকারের বিবেচনাধীন নাই; তবে অবস্থানুসারে ইহা বিবেচনা করা হইবে।

Calling Attention to Matters of Urgent Public Importance

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, in reply to the Calling Attention Notice given by Shri Sambhu Charan Ghosh, Shri Sunil Das Gupt Shri Amarendra Nath Roy Pradhan and Shri Kamal Kanti Guha on t] 11th February, 1964, I would like to a make a statement which is : follows:—

On the 10th January, 1964, at about 11-45 a.m. on receipt of informa tion about looting of some houses near Garia Outpost and stopping of buse and lorries at Raja S. C. Mullick Road in front of St. Andrew's College one Sub-Inspector with six constables hastened to the place in an R. T Van. On arrival there the R. T. Van was surrounded by a crowd of abou 200 persons including a number of students. Usual warnings by the Sub-Inspector had no effect on the crowd who attacked the Police personnel with brickbats. The Sub-Inspector relayed a report on the situation and with great difficulty managed to come out of the crowd. On receipt of the situation report and information about the surrounding of the R. T. Van, the Deputy Superintendent of Police (Crime), the Circle Inspector, Tollygunge, and other officers accompanied by about 29 constables, including six armed constables, rushed to the place. As the Police Party approached the rowdies, the latter started throwing brickbats towards them. Warnings were given to them asking them to disperse but to no effect. A lathi charge was thereafter resorted to but without any result! Gradually the crowd became more violent and commenced heavy brickbatting. Missiles like bombs or crackers were also thrown.

As warning and lathi charge failed to produce the desired effect and as attempts were made to snatch away the muskets, the Police had no alternative but to open fire. One of the students named Bhudev Sen was injured by the firing and died in hospital the same afternoon. A postmortem examination was held on the 11th January at Mangiram Bangur Hospital and the dead body was taken to Keoratala Cremation Ground.

An executive enquiry will be held as laid down in the Police Regulations after the present tension subsides.

Government deeply regret the incident which resulted in the unfortunate death of a student.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: এটা কি ডিপার্টমেণ্টাল এনকুইয়ারী করার পর এই রিপোর্ট?

দি অনারেবল্ প্রফুল্লচন্দ্র সেন: না, ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী এখনও করা হয়নি।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: তার আগেই যে আপনি রিপোর্টটা পড়ে দিলেন তাহলে কি ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী, প্রিজ্যুডিস্‌ড হবে না? স্যার এই রকমভাবে লেজিসলেচারের উপর দাঁড়িয়ে এরকম একটা মিথ্যা বলে গেলেন......(নয়েজ)......তিনি চীফ্ মিনিষ্টার হয়ে এরকম এ্যাবসোলিউট লাই বলে গেলেন.........(নয়েজ).........কি করে তিনি একথা বলে গেলেন? ইট ইজ এ লাই।

Mr. Speaker: After all, the statement has been made and it will be on record. So, it is open to all the members to take it as anything whether the statement is correct or not.

শ্রীনিখিল দাস : যে ষ্টেটমেন্ট তিনি বলে গেলেন তাতে ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী করার আগে বলাতে কেসটা প্রিজুডিস্‌ড হয়ে গেল।

এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চ : চাইলেন কেন?

[নয়েজ]

ডঃ কানাইলাল ভট্টাচার্য : আমি সেজন্য প্রথমেই জিজ্ঞাসা করেছিলাম এটা ডিপার্টমেন্টাল নকুইয়ারীর রিপোর্ট কিনা, যদি না হয় যখন একটা ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী হচ্ছে তখন ীফ মিনিষ্টার লেজিসলেচারের ফ্লোরে দাঁড়িয়ে একটা ষ্টেটমেন্ট দিলেন হুইচ ইজ ফুল্ অব ানট্রু ফ্যাক্টস্। এ জিনিষ কি করে তিনি বললেন, তাতে কি ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী সুপারভাইজ্‌ড হবে না হাও-এভার মাইট বি?

Shri Bejoy Kumar Banerjee: On a point of order, Sir, only yesterday e were told by the Chief Minister that this matter would be enquired into y the police. Certainly that matter is in the stage of enquiry. So, why e Chief Minister has been allowed to make a statement which will certainly rejudice any enquiry that will be made?

Mr. Speaker: Mr. Banerjee, I don't understand which point you are r ving at. After all, the Chief Minister made that statement on a Calling ttention Notice which was given. I don't know what more do you want.

Shri Bejoy Kumar Banerjee: The matter is in a stage of enquiry. Would it not prejudice the enquiry if the Hon'ble Chief Minister is allowed o make a statement?

Mr. Speaker: Mr. Banerjee, you can agitate that point elsewhere but ot in Calling Attention proceedings.

শ্রীজ্যোতি বসু : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এখন অসুবিধা হল যে মুখ্যমন্ত্রী হাশয় এখানে কাল দাঁড়িয়ে বললেন একটা ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী হবে, এবং ডিপার্টমেন্টাল রপোর্ট আমাদের দেখাবেন একথাও বলেছেন, তারপর উনি বিবেচনা করবেন বিচার বিভাগীয় তদন্ত হবে কিনা। এটা কাল উনি বলেছেন এখন আমরা বুঝতে পারলাম, আমরা যখন জিজ্ঞাসা করলাম কলিং এটেনশনে উনি বলে দিলেন। এটা মুখ্যমন্ত্রীর ষ্টেটমেন্ট কিনা তাই অসুবিধা হচ্ছে। এটাকে কন্ট্রাডিক্ট করে যদি কিছু থাকে সেটা কি করে আসবে? এটা কার রিপোর্ট হল? এটাতো ডিপার্টমেন্টেরই রিপোর্ট, পি সি সেন নিজেতো আর ইনকুইয়ারী করেননি কোন পুলিশ অফিসারের রিপোর্ট। তাহলে কাল যে উনি ষ্টেটমেন্ট করলেন তার মূল্য কি থাকছে? কি সংগতি থাকছে বুঝতে পাচ্ছি না। উনি এটা পড়ে দিলেন, এটাকে ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী বলে ধরে নিলাম। মুখ্যমন্ত্রীর ষ্টেটমেন্ট যদি মিথ্যা প্রমাণিত হয় ডিপার্টমেন্টাল ইনকুইয়ারীতে যা তিনি দাঁড়িয়ে বললেন তাহলে নিশ্চয়ই তাঁকে পদত্যাগ করতে হবে। কাজেই নিশ্চয়ই কোন পুলিশ অফিসারের সাধ্য নেই এর বিরুদ্ধে কোন ঘটনা থাকলেও সেগুলি বলবার, এটা সম্ভব হতে পারে না। সেজন্য ধরে নিচ্ছি ডিপার্টমেন্টাল ইনকুইয়ারী হয়ে গেছে এবং তার রিপোর্ট হচ্ছে এই। সেজন্য বলছি সে হিসাবে দাঁড়িয়ে বলে দিন বিচার বিভাগীয় তদন্তের অর্ডার করছি।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : এই যে ষ্টেটমেন্ট তাতে ফায়ারিং জাষ্টিফায়েড হয়েছে কিনা সেটা আদৌ বলিনি, ডিপার্টমেন্টাল ইনকুইয়ারীর সংগে এর কোন সম্পর্ক নাই।

শ্রীজ্যোতি বসু : তাড়াহুড়া আপনার পড়াতে যা বুঝলাম তাতে তো ফায়ারিং জাষ্টিফায়েড হয়েছে।

দি অনারেবল্ প্রফুল্লচন্দ্র সেন : ফায়ারিং জাষ্টিফায়েড হয়েছে কিনা সেটা একদম বলিনি।

শ্রীজ্যোতি বসু : যে ঘটনা সাজিয়েছেন এর সিদ্ধান্ত হবে পুলিশ ঠিকই করেছে গুলি করেছে বেশ ভাল করেছে। চমৎকার ইনকুয়ারী হয়েছে, চমৎকার তার রিপোর্ট হয়েছে।

দি অনারেবল্ প্রফুল্লচন্দ্র সেন: ইনকুইয়ারী আমি করিনি। এটা হচ্ছে পুলিশ রিপোর্ট। আমি বলেছি ডিভিশন্যাল কমিশনারকে এনকোয়্যারি করতে। পুলিশ এই রিপোর্ট দিয়েছে এবং এই রিপোর্টের ভিত্তিতে ডিভিশনাল কমিশনার এনকোয়্যারি করবেন। আমি বলছি না যে ফায়ারিং ওয়াজ জাষ্টিফায়েড। আমি বলেছি পুলিশ একথা বলছে, এটা এনকোয়্যারি রিপোর্ট নয়।

[12-30—12-40 p.m.]

শ্রীগোপাল বসু: এটা কার ষ্টেটমেন্ট, পুলিশের, না মুখ্যমন্ত্রীর?

মিঃ স্পীকার: উনি বলেছেন পুলিশ রিপোর্ট।

শ্রীননী ভট্টাচার্য : আমি একটা কথা বলতে চাই, মুখ্যমন্ত্রি মহাশয় যখন প্রথমে কলিং এ্যাটেনশনে ষ্টেটমেন্ট পাঠ করতে আরম্ভ করলেন তিনি তখন কোথায়ও এ কথা বলেননি যে এটা পুলিশ রিপোর্টের ভিত্তিতে একথা বলছি এবং তাতে এই উল্লেখ না থাকার দরুণ তিনি যে ষ্টেটমেন্ট দিলেন তাতে স্বভাবতঃই এটা এসে যায় যে চিফ মিনিষ্টার হিসাবেই তিনি এই ষ্টেটমেন্ট দিচ্ছেন। এর এনকোয়্যারি যেভাবেই করে থাকুন, পুলিশ বিভাগের যে কোন কর্তার মারফত এই এনকোয়্যারি করে থাকুন, এই রিপোর্ট রচনার ১৬ আনা দায়িত্ব সব কিছুই চিফ মিনিষ্টারের। সেইজন্য যদি ডিপার্টমেন্টাল এনকোয়্যারি এই রিপোর্টের কন্ট্রাডিকশন হয় তাহলে চিফ মিনিষ্টারের পোজিশন হাউসের কাছে খেলো হবে। এবং জ্যোতি বসু মহাশয় যে কথা বললেন, যদি এই রিপোর্ট মিথ্যা বলে প্রমাণিত হয়—এখন ঘটনাটা যেভাবে সাজান হয়েছে, সম্পূর্ণ মিথ্যা বলেই প্রমাণিত হয় এবং আমাদের কথাটা সত্য বলে প্রমাণিত হয়—তাহলে চিফ মিনিষ্টারকে এখানে ডিপার্টমেন্টাল এনকোয়্যারির পরে অন্য ধরনের ষ্টেটমেন্ট আবার দিতে হবে এবং সেই ধরনের অবাঞ্ছিত জায়গায় না যাওয়ার চেয়ে তিনি এখানে উঠে দাঁড়িয়ে বলুন এনকোয়্যারি হয়ে গিয়েছে এবং আমরা ভূদেব সেনের মৃত্যুর ব্যাপারে জুডিশিয়াল এনকয়্যারি করবো তাহলেই এই কন্ট্রাডিকশনের মধ্যে যে গোলমাল সেটার মীমাংসা হয়ে যায়। ষ্টেটমেন্টে যদি এটার উল্লেখ থাকতো পুলিশ রিপোর্টের ভিত্তিতে ষ্টেটমেন্ট দিচ্ছি, এর বাইরে আমাদের কাছে কোন খবর নেই, তাহলে স্বাতন্ত্র কথা ছিল। কিন্তু এখানে সে-রকম কোন উল্লেখ নেই।

দি অনারেবেল প্রফুল্লচন্দ্র সেন: আমি যে রিপোর্ট পেয়েছি তাতে বলেছি যে এটা এনকয়্যারি রিপোর্ট নয়। আমরা যে রিপোর্ট পেয়েছি সেটা হচ্ছে এই ঘটনার। আমি পরিষ্কার করে বলতে চাই দিস ইজ নট এনকোয়্যারি রিপোর্ট।

Mr. Speaker: According to our practice and procedure, regarding Calling Attention matters you know the rules are absolutely clear; there should not be a debate or discussion by honourable members on Calling Attention. You can make the statement made by the Hon'ble Chief Minister the subject-matter of debate on any other day. You must not speak over it here. I have not taken away the right of any of the honourable members. I have only said that so far as the Calling Attention is concerned, the honourable members must not speak here today. The statement is there, honourable members are here to agitate in any other form on any other date. Now, we must come to the next item.

শ্রীজ্যোতি বসু: স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, আপনি যেটা বল্লেন, তিনি একটা বিবৃতি দিলেন, এটা কেন তিনি বারে বারে বলছেন যে কোন পুলিশ অফিসার, সাব ইনসপেক্টর আর ইনফর্মার কেউ একটা রিপোর্ট লিখে দিয়েছে, সেটা তিনি পড়ে দিলেন, তিনি বলছেন এটা আমার বক্তব্য নয়, আমার সিদ্ধান্ত নয়, আমরা জবাব চাইলাম, তিনি তাই দিলেন। এই এ্যাসেম্বলীতে যা বলা হয়, পার্লামেন্ট-এ যা বলা হয়, সাব ইনসপেক্টরই তৈরী করে দিক বা যে কেউ তৈরী করে দিক, সেটা আমরা মন্ত্রীর বিবৃতি হিসাবেই ধরব। তাহলে এটা পদ্ধতির মধ্যে চলে যাচ্ছে। এখানে যা বলা হয় তার সমস্ত দায়িত্ব তাঁদের—এটা বল্লে হবে না সাব ইন্সপেক্টর করে দিয়েছিল। সেই জন্য আমি বলছি গুরুতর অপরাধ যারা করল মুখ্যমন্ত্রী কেন সেটা বিবেচনা না করে বল্লেন। তিনি কালকে যা বলেছিলেন তার তবু মানে হয়—তিনি বলেছিলেন ডিপার্ট-মেণ্টাল এনকোয়ারি করব, দরকার হলে বিষয় বিভাগীয় তদন্ত করব। আজকে যা করলেন তাতে সমস্ত জিনিসটা প্রিজুডিসড হয়ে গেল। এখন কেন তিনি বলছেন না বিচার বিভাগীয় তদন্ত করব—আইনে কোন বাধা নেই। এটা পুলিস অফিসারের স্টেটমেন্ট, এটা যেন মনে থাকে।

Mr. Speaker: If that be the procedure,, it will always be there; it will lways be the statement of the honourable member who makes it.

Shri Jyoti Basu: The Minister connot stand here and say, I had depended n a Sub-Inspector's report. It must be his statement.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি যে স্টেটমেন্ট করেছি, আমি ফাইয়ারিং জাষ্টিফাই করিনি, যা ঘটনা সেই কথাই বলেছি।

[Noise.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ফায়ারিং জাষ্টিফায়েড তিনি বলেননি, কিন্তু তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন তাতে ফায়ারিং জাষ্টিফায়েডই হয়েছে। তিনি বল্লেন একজন পুলিশ অফিসার এই রিপোর্ট লিখে দিয়েছেন। পুলিশ রেগুলেশন অনুসারে ডিপার্টমেন্টাল এনকয়ারির জন্য একজন অফিসারকে ভার দেওয়া হয়। আমি বলছি তিনি কেন স্বীকার করছেন না—ডিপার্ট-মেন্টাল এনকয়ারির জন্য একজন অফিসারকে ভার দেওয়া হয় এবং তিনি একজন অফিসারের মারফৎ এটা পেয়েছেন। যাই হোক, এই পর্যন্ত এটা কনসাইড করে যাচ্ছে। আমার বক্তব্য হল, প্র্যাকটিক্যালি তিনি এখন জুডিসিয়াল এনকয়ারির কথা স্বীকার করে নিলে ভাল হয়।

Shri Bejoy Kumar Banerjee:

অন এ পয়েন্ট অফ অর্ডার, মুখ্যমন্ত্রী যদি এখানে পুলিস রিপোর্ট পড়ে দেন, তাহলে গভর্নমেন্ট রিপোর্ট হয় কিনা এবং আমরা কিভাবে ধরব এটা পুলিস রিপোর্ট, না মুখ্যমন্ত্রীর রিপোর্ট ? আমি জানতে চাই মুখ্যমন্ত্রী পুলিস রিপোর্ট যেটা পড়লেন তাতে ষোল আনা দায়িত্ব গভর্নমেন্ট-এরই এটা আমরা ধরব কি ধরব না?

Mr. Speaker: Mr. Banerjee, this question is redundant. I have already said, whenever an honourable member makes a statement in this House it is taken as his own statement, on what information does not matter.

Shri Hemanta Kumar Basu:

মুখ্যমন্ত্রী বলছেন এটা পুলিস রিপোর্ট। তাহলে পর পয়েন্ট অফ অর্ডার যেটা ব্যানার্জি দিয়েছেন তাতে এটা মুখ্যমন্ত্রীর নিজের স্টেটমেন্ট ছাড়া ডিপার্টমেন্টাল রিপোর্ট হতে পারে? মিনিস্টার যদি কোন স্টেটমেন্ট করেন তখন আমরা সেটা তাঁদেরই রিপোর্ট বলে ধরে নিই—তাহলে এখানে পয়েন্ট অফ অর্ডার আসতে পারে এরকমভাবে মিনিস্টার কোন একজন অফিসারের রিপোর্ট পড়তে পারেন কিনা এবং সেটা তাহলে তাঁর স্টেটমেন্ট হয় কিনা?

[12-40—12-50 p.m.]

Mr. Speaker: So far as this House is concerned, we will take it as the statement of the honourable member—whether he is an Hon'ble Minister or any other ordinary member is immaterial. We are also not concerned with on whose enquiry it is based or on whose report it has been made. So far as this House is concerned, we will take it as the statement coming from the Hon'ble Minister so and so or honourable member so and so.

শ্রীহেমন্তকুমার বসু: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, এটা চিফ্ মিনিস্টারস স্টেটমেন্ট না পুলিশ অফিসারের স্টেটমেন্ট।

Mr. Speaker: I cannot allow that question to be put as to whether this is the statement of the police officer or not. So far as this House is concerned, when any statement is made by any honourable member—whether he is an Hon'ble Minister or an ordinary member—I may say that, that is the statement of that particular member. Further, we are not concerned with whether it is based on somebody else's statement or not.

Dr. Kanai Lal Bhattacharya:

আমার বক্তব্য হচ্ছে চিফ মিনিস্টার যদি এইরকম স্টেটমেন্ট দেন তাহলে ডিপার্টমেন্টাল ইনকোয়ারী কি একটা ফার্স হবে না?

মিঃ স্পীকার: সেটা আমি বলতে পারব না।

Shri Kashi Kanta Maitra: Sir, I rise on a point of privilege. The question of privilege arises in this way.

Sir, you may remember that yesterday this was the matter which agitated almost every member of this House. The point was whether the Chief Minister will agree to the demand made by the Opposition for a judicial probe into the circumstances under which firing was resorted to and the death of Bhudeb Sen occurred. To that the Chief Minister said: "No, there is no point in having a judicial enquiry at this stage. That question cannot arise now. There must first be departmental enquiry." Now, can we not assume—this point was raised by Shri Sudhir Chandra Das and others—that since the main culprit, since the main allegation has been against the police, how can there be full justice and fairplay if the whole enquiry is held by the police itself? To that the Chief Minister said that after the departmental enquiry was over, the question of having a judicial enquiry might be considered. But here today, in reply to the Calling Attention notice, he has made a statement which tantamounts to supplying circumstances which necessitated resort to firing. Therefore, by this statement, he is justifying resort to firing in an indirect way which he could not have done in a direct way. But this is what he is forbidden to do under the Rules of Procedure. Therefore, Sir, I am asking you kindly to consider if the Chief Minister by making that statement has not stultified his promise of having a fair departmental enquiry.

[The Hon'ble Chief Minister rose to speak.]

The Chief Minister, however big he may be, is not the person who can answer my point. It is a question of privilege and he cannot answer it.

Mr. Speaker: I think there is no question of privilege here.

The Hon'ble Prafulla Chandra Sen: I have stated that the enquiry will be made by the Commissioner of the Presidency Division and not by the police.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received seven Calling Attention notices—one from Shri Sambhu Charan Ghosh, Shri Amarendra Nath Roy Prodhan, Shri Bijoy Kumar Roy and Shri Kamal Kanti Guha on the subject of enhancement of dearness allowance of the State Government employees, the next one from Shri Sambhu Charan Ghosh Shri Amarendra Nath Roy Prodhan, Shri Bijoy Kumar Roy and Shri Kamal Kanti Guha on the subject of settlement of refugees coming from East Pakistan, the third one from Shri Sambhu Charan Ghosh on the subject of the proposed amendment of the Calcutta University Act, the fourth one from Shri Bejoy Pal on the subject of the recent assessment of municipal rates of the Asansol Municipality, the fifth one from Shri Sanat Kumar Raha on the subject of troubles due to Sugarcane Control Order......

The sixth one is from Shri Sanat Kumar Raha regarding failure to start the Beldanga Sugar Mill.

The last one is from Shri Birendra Narayan Roy regarding police atrocity during recent disturbances in West Bengal.

I have selected the notice of Shri Sambhu Charan Ghosh, Shri Amarendra Nath Roy Prodhan, Shri Bijoy Kumar Roy and Shri Kamal Kanti Guha on the subject of enhancement of dearness allowance of State Government employees. The Hon'ble Minister in charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

The Hon'ble Saila Kumar Mukherjee: I will make it on the 20th February, 1964.

Adjournment Motion

Mr. Speaker: The time allotted for discussion on the adjournment motion is two hours. The honourable members will kindly finish their speeches within the time allotted to them.

Shri Jyoti Basu: I move that this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the situation arising out of influx of refugees as a result of communal disturbances in East Pakistan and the failure of the West Bengal Government to deal effectively with the riots in this State during the initial phase and also the failure of the Government to rehabilitate the riot affected people.

মাননীয় স্পীকার মহাশয়, আজ এই প্রস্তাবটি হাউসের সামনে রাখলাম। এই আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে অসুবিধা আমাদের একটু হচ্ছে, সেটা হচ্ছে যে সময়ভাব, কারণ ১৫ মিনিটের বেশী বলবার কথা নয়। এই মুলতুবী প্রস্তাব আলোচনাকালে অনেক যা এ বিষয়ে বলবার আছে এবং জানবারও আছে সরকারের কাছ থেকে। আমি বোধকরি আজকে ই আলোচনার পরেও অন্য যে সুযোগ আমরা পাব সে সুযোগ আমাদের গ্রহণ করতে হবে এ বিষয় আলোচনার জন্য। আজকে সেজন্য এই অল্প সময়ের মধ্যে যা সম্ভব সেটুকুই জানাতে ই এবং জানতে চাই। আমাদের পক্ষ থেকে এ বিষয়ে সরকারের দৃষ্টি-আকর্ষণ করছি, আর এর ছু জবাব চাই। আমাদের মতে পূর্বপাকিস্তানে যে সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হয়ে গেল পকভাবে তার জন্য সেখানকার সরকার এবং প্রতিক্রিয়াশীল শক্তি প্রত্যক্ষ এবং পরোক্ষ বে দায়ী, তা নাহলে ঐ কাশ্মীরে যে, ঘটনা ঘটেছে তার সঙ্গে সাম্প্রদায়িকতার কোন যোগাযোগ ল না, সেটা আজকে সমস্ত দুনিয়ার কাছেই পরিষ্কার। ২০ হাজার লোক রাত্রির অন্ধকারে লনার পথে অগ্রসর হয়েছিল এবং সেখানে গিয়ে পেঁছায় যেভাবে তাতে সরকারের প্রত্যক্ষ এবং রোক্ষ সাহায্য না থাকলে সম্ভব হ'ত না বলে আমি মনে করি; এবং এই কারণে আমাদের কাছে

একটা গভীর সংকট দেখা দিয়েছে, কিছু দুষ্কৃতকারী কিছু সমাজবিরোধী লোকের সাময়িক কিছু উত্তেজনায় এরূপ ঘটনা পূর্বে পাকিস্তানে ঘটতো তাহলে আমাদের ভয় পাবার কিছু ছিল না এবং এতে যে সমস্যা আমাদের কাছে এসেছে তা এত গভীর হ'ত না, কিন্তু সংকটে যেহেতু সরকারের হস্ত দেখতে পাচ্ছি সেই কারণে এই সংকট আমরা এভাবে দেখছি; এবং আমাদের এখন কি করণীয়, এবং আমরা কি ব্যবস্থা করতে পারি সে বিষয়ে আমাদের আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

[12-50—1 p.m.]

আমাদের মতে এই মূলগত সমস্যার সমাধান—এই পাকিস্তানী সংখ্যালঘুদের—একমাত্র হতে পারে যদি সেখানকার লোকের উপর আমরা নির্ভর করি। সেই দৃষ্টিভঙ্গী দিয়ে যদি গণতান্ত্রিক শক্তি সেখানে আরও সংঘবদ্ধ হয় এবং যদি ঐ আয়ুব খানের মিলিটারী রাজত্বের বিরুদ্ধে লড়াই করে সেই গণতান্ত্রিক শক্তির প্রতিষ্ঠা করতে পারি। সুখের বিষয় যে দুর্বল ও সুসংগঠিত না হলেও সেখানে সে রকম মানুষ সে রকম শক্তি এবারে এই দাঙ্গার মধ্যে ক্ষীণতম আলোক দেখতে পাচ্ছি যা ইতিপূর্বে খুব বেশী আমরা দেখিনি। দেখেছি আমরা সেখানে মানুষকে—যাদের কাছে আমি কৃতজ্ঞ - যারা সংখ্যালঘু তাদের বাঁচাবার জন্য নিজের জীবন পর্যন্ত দান করেছে। আমরা দেখেছি সংবাদপত্রে—সব সঠিক খবর জানি না যে ৫০ জন থেকে ১০০ জন মুসলমান—তারা জীবন দিয়েছে এই সংখ্যালঘুদের রক্ষা করতে গিয়ে। আমরা দেখেছি যে সেখানে সৎ নির্ভিক মানবিকতার আদর্শ তারা তুলে ধরেছে ইত্তেফাক সংবাদপত্র বা এই রকম আরও দু-একটি সংবাদপত্র। আমরা দেখেছি শুধু লেখার মধ্য দিয়ে নয়—তারা সেখানে সংখ্যালঘুদের বাঁচাবার জন্য রাস্তায় পর্যন্ত মিছিল বের করেছে। নিজেরা তাদের সংগঠিত করেছে—অবশ্য বেশী কিছু করতে পারে নি। কারণ তাঁরা সংঘবদ্ধ নয়—সেই শক্তি একতাবদ্ধ নয়। কিন্তু আমি জানি যে তারা তৈরী হচ্ছে এই প্রতিক্রিয়াশীল চক্রান্তকে চূর্ণ করে হিন্দু মুসলমান গণতান্ত্রিক রাজত্ব সেখানে তৈরী করবার জন্য। জানি না কবে হবে। এখনও তারা সংঘবদ্ধ হতে পারে নি। সেইজন্য আমাকে বলতে হচ্ছে বাধ্য হয়ে যে ওর দিকে তাকিয়ে এখন যে অবস্থা সেই অবস্থায় আমরা বসে থাকতে পারি না। সেইজন্য দেখতে হবে যে আমাদের কিছু করণীয় আছে কিনা। আমার মনে হয় আছে। সেইজন্য আমরা বলেছি যে সেখান থেকে যারা নিরাপদবোধ করছে না সেই সংখ্যালঘু যারা—যারা চলে আসতে চান—আশ্রয় চান তাদের আশ্রয় দিতে হবে এবং পাকিস্তানের যারা সংখ্যালঘু তাদের যে কোন অন্য দেশের সংখ্যালঘুদের সঙ্গে তুলনা করে লাভ নেই। এর একটা ইতিহাস আছে—তার মধ্যে আমার যাবার সময় নেই। আমরা সবাই জানি যে তাদের কাছে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম দেশ বিভাগের সময় যে যদি কখনও এই রকম বিপদ আসে তাহলে তাদের আমরা আশ্রয় দেবো। তারা ঐ তিব্বতী রিফিউজীদের মত নয় যাদের আশ্রয় দিলেও চলে না দিলেও চলে। সেখানে তেমন বিশেষ কোন কারণ ঘটেনি। কিন্তু এখানে এটা শুধু মানবিকতার কথা নয়। এখানে কথা হচ্ছে যে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম। আমি এই জন্য বলছি যে যতটা পারি সেই প্রতিশ্রুতি আমাদের পালন করতে হবে। আজকে আমি সংবাদপত্র দেখে একটু আশ্চর্য হলাম—অবশ্য সব খবর পাই নি। কিন্তু দেখলাম শ্রী নন্দ আমাদের কাছে যা বলেছিলেন—যেভাবে আমরা বুঝেছিলাম তার থেকে অনেক সংকুচিতভাবে তিনি বলেছেন, সীমাবদ্ধভাবে বলেছেন, এই মাইগ্রেসনের ব্যাপারটা। অর্থাৎ তিনটি ক্যাটাগরী করেছেন। তিনি নারীদের কথা বলেছেন, বিবাহযোগ্যা ইত্যাদি, যাদের ওখানে ঘরবাড়ী পুড়েছে তাদের কথা বলেছেন আর যারা নিজের চাকুরী হারিয়েছে কৃষক শ্রমিক ইত্যাদি তাদের ঘরবাড়ী যারা উৎখাত হয়েছেন তাদের কথা। এই রকমভাবে তিনটি ক্যাটাগরী তিনি করেছেন। কিন্তু আমার মত হচ্ছে যে যাদের ঘরবাড়ী পুড়েনি অথচ যারা ঐসব অঞ্চলে আছেন যারা আতঙ্কগ্রস্ত যারা নিরাপদবোধ করছেন না। তাদের কি হবে? তারা কি আসতে পারবে না? তাদের কি সুবিধা দেওয়া হবে না? এই প্রশ্নটা আমি জানতে চাই এখানকার সরকার যদি কিছু জানেন। আমার দাবী হচ্ছে যে যে অবস্থা এখানে দাঁড়িয়েছে তাতে এই সব বাধা-নিষেধ যেন আমরা এখানে না রাখি। এটা আমি জানি যে পণ্ডিত নেহেরু সেদিন কংগ্রেসী পার্লামেন্টারী মিটিংয়ে বলেছেন যে পাকিস্তান কিছু বাধা সৃষ্টি করছে। নানা রকম ইনকাম ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ইত্যাদি নানা রকম কগজপত্র তারা চাচ্ছে যারা আসতে চাচ্ছে তাদের

কাছ থেকে। সেই বাধা অপসারিত করবার জন্য পশ্চিমবঙ্গ সরকার তথা ভারত তারা কি করেছেন? তাঁদের সঙ্গে কিছু কথা বলেছেন—অন্য রকম জনমত সৃষ্টি করেছেন—বা অন্য কিছু চাপ দিয়েছেন কি? যারা আসতে চান তাদের আমরা আসতে দিতে পারবো কিনা—আজ অবধি আমাদের কাছে এটা পরিষ্কার হোল না। মনে হচ্ছে না। পণ্ডিত নেহেরুর কথা শুনে যে এখনও সরকার এই ব্যাপারে কতদূর অগ্রসর কি না। অথচ আমরা শুনেছি যে হাজার হাজার লোক এপ্লাই করে বসে আছে আরও কিছু যারা ইন্টিরিয়ারে বাস করে ভেতরের দিকে বাস করে তারা হয়তো এসে যাচ্ছে না। কারণ তাদের ইনকাম ট্যাক্স দিতে হয় না। তাদের তো সার্টিফিকেট দরকার নেই। অথচ নিয়ম অনুযায়ী তারা এ্যাপ্লাই করতে পারছেন না হাই কমিশনারের কাছে। তাদের সেফ ট্রানজিট-এর কি ব্যবস্থা হয়েছে সেটা আমরা বুঝতে পারছি না। এটা আমাদের দাবী ছিল যে, বিচ্ছিন্নভাবে না হয়ে সংঘবদ্ধভাবে পাকিস্তান সরকারের সঙ্গে কথা বলে এই জিনিস করা যায়। কিন্তু সেই জিনিস আমরা দেখতে পাচ্ছি না। তারপর আমার বক্তব্য হচ্ছে এখানে যাঁরা চলে আসবেন তাঁদের জন্য সমস্ত ব্যবস্থা যেন হয়। ভারতবর্ষের মন্ত্রী যাঁরা এখানে এসেছিলেন তাঁরা নীতিগতভাবে বলেছিলেন যে, তাঁরা এটা মেনে নিলেন। তাঁরা কোন বিবৃতি দেননি, কিন্তু তাঁরা বলেছিলেন যে, এখানে যাঁরা আসবেন তাঁদের পুনর্বাসনের ব্যাপারটা দণ্ডকারণ্যে, অন্যান্য রাজ্যে এবং অল ইণ্ডিয়া রেসপন্সিবিলিটি হিসেবে আমরা ধরে নিচ্ছি। সেই হিসেবে আমরা বাজেটের দিকে এবং পার্লামেন্টের ডিবেটের দিকে তাকিয়ে আছি। কিন্তু যদি দরকার হয় তাহলে এই ব্যাপারে লক্ষ লক্ষ কেন, কোটি কোটি, টাকার দরকার হবে—অর্থাৎ কয়েক কোটি টাকা খরচ করতে হবে। স্যার, আমি বলছি না যে ৯০ লক্ষ লোক যে আছে তারা সকলে চলে আসুক, কিন্তু যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে কয়েক লক্ষ লোক চলে আসবে। সেইজন্য আমি বলছি আমাদের এখন উচিত হচ্ছে বলা এবং দেখা যে, এই সব ব্যবস্থা করবার জন্য যে টাকা প্রয়োজন সেটা বরাদ্দ হচ্ছে কিনা। এটা যতদিন না দেখব ততদিন বুঝব যে কয়েক হাজার টাকার মাত্র ব্যবস্থা হবে-- তার বেশী কিছু হবে না। তারপর আমার বক্তব্য হচ্ছে এই-সব আজগুবী কথা, অন্যায় কথা, অপরাধমূলক কথা বলা হচ্ছে যে লোক বিনিময় হোক। আমি এর ঘোরতর বিরোধী। আমি জানি না কার এই অধিকার আছে ভারতবর্ষের একজন নাগরিককে বলা যে, তুমি পাকিস্তানে চলে যাও? কিন্তু তবুও এইসব কথা বলা হচ্ছে। আমি এগুলিকে অপরাধমূলক কথা বলে মনে করি বলে আমি এর বিরোধিতা করছি এবং আমার বক্তব্য হচ্ছে এইসব কথা যেন চিরকালের জন্য স্তব্ধ হয়ে যায়। তারপর, পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটেছে তার বিবরণ দেবার সময় এখন নেই বলে অন্য সময় দেব। আমার কথা হচ্ছে প্রথম ২-৩ দিন পশ্চিমবঙ্গ সরকার কেন নিষ্ক্রিয় ছিলেন? কেন ২ দিন দেরী হোল মুখ্যমন্ত্রীর কংগ্রেস অধিবেশন থেকে এখানে আসতে? শুধু তাই নয়, এখানে আসবার পর কেন তিনি পুলিশী ব্যবস্থা করলেন না, কেন হুকুম দিলেন না? পুজোর সময় হাজার হাজার লোককে গ্রেপ্তার করা হয় এবং তাদের বলা হয় এবং তাদের বলা হয় সমাজবিরোধী লোক। এই যেমন, এর আগের পুজোর সময় ৮ হাজার লোককে নাকি গ্রেপ্তার করা হয়েছিল। স্যার, আমার বক্তব্য হচ্ছে একথা বললে চলবে না যে, ওখানকার রিঅ্যাকসন হিসেবে এখানে কোথাও কোথাও রায়ট হয়েছে—এত বিস্তীর্ণ অঞ্চল জুড়ে হয়নি। কিন্তু আমি বলি একজন মুসলমানের গায়ে যদি কেউ হাত দেয়, একজন নিরপরাধ মানুষের গায়ে যদি কেউ হাত দেয় তাহলে নিজেদের ধিকৃত করা উচিত। আমি মনে করি এটা সংবিধানের প্রতি, গণতন্ত্রের প্রতি চরম অপরাধ। স্যার, লজ্জায় কোথায় মুখ লুকাব জানিনা নৌসের আলী সাহেবের মত লোককে যদি তাঁর পরিবারের লোক নিয়ে অন্য জায়গায় চলে যেতে হয়। আমি ১/২/১০ জনের কথা বলছি না, এরকম একজন মানুষ যাঁকে নাকি দেশ বিভাগের আগে মুসলিম জনতা আক্রমণ করেছিল তাঁকে আমরা রাখতে পারলাম না। তাঁর নাতি, নাতনী এবং মেয়ের সঙ্গে দিল্লীতে দেখা হয়েছিল। তাঁদের আমরা কি বলব? এতে আমি আপনাদের শুধু বলছি না, সমস্ত সমাজকে এবং নিজেকে আমি জিজ্ঞাসা করি এই লজ্জা কোথায় লুকাব? তবে গৌরবের বিষয় হচ্ছে এখানেও বহু গণতান্ত্রিক মানুষকে দেখেছি যাঁরা হচ্ছেন হিন্দু পরিবারের তাঁরা তাঁদের বাড়ীতে, তাঁদের পাড়ায় নিয়ে গিয়ে বহু মুসলমানকে কয়েকটি দিন রেখেছিলেন এবং বলেছিলেন আপনাদের কোন ভয় নেই—আমাদের মৃত্যু না ঘটিয়ে আপনাদের গায়ে কেউ হাত দিতে পারবে না।

[1—1-10 p.m.]

এই ঘটনা হয়েছে। আমরা গণতন্ত্রের বড়াই করি ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে। আমি বলবো ধর্ম-নিরপেক্ষ রাষ্ট্রের মর্য্যাদা তাকে দিতে হবে। একথা বলে পার পাব না যে ওখানকার প্রতিক্রিয়া হিসাবে এখানে হয়েছে। তাই—ভবিষ্যতের জন্য বলছি তিন দিন যা ঘটল তার জন্য আত্ম-সমালোচনা করবেন। আপনারা বাধা দিতে পারতেন, পাকিস্তানে ঘটনা হচ্ছিল, আপনি জানেন এই সব প্রতিক্রিয়া হবে, ওখানে রায়োট হচ্ছে এখানেও হতে পারে। ভবিষ্যতের জন্য বলছি আমাদের সিক্রেট পুলিশ কি ছিল না? ৩-৪ দিন দাঙ্গার কি পুলিশ রিপোর্ট ছিল না? আপনারা আমাদের ঘরের কথা জানেন, কমিউনিষ্ট পার্টির লোকদের বিছানা থেকে রাত ৩ টার সময় ধরে ধরে নিয়ে জেল ভর্তি করে দিলেন, অথচ এ ব্যাপারে কি করছিল আপনাদের পুলিশ? কি করে আপনাদের সিক্রেট সার্ভিস? আমাদের পেছনে তারা ঘুরে বেড়ায় কেন, কিসের জন্য আমি জিজ্ঞাসা করি। এত বড় কান্ড ঘটে গেল—কিছু করতে পারলেন না। চারটা কারখানা পুড়ে গেল, এত লোকের চাকুরি গেল। সেই শ্রমিকদের সকলেই যে মুসলমান ছিল, তা নয়, অনেক হিন্দু ছিল। কোন কোন জায়গায় গ্রামেও গোলমাল হল কিছুই করতে পারলেন না। অবশ্য কিছু করেছেন পরবর্তীকালে। কিন্তু তিনটা দিন কেন নষ্ট করলেন, তার জন্য আপনার কাছে আমরা জবাব চাই যাতে ভবিষ্যতে আর এ জিনিষ না হতে পারে। এবং আমি বলবো রিলিফ এবং রি-হ্যাবিলিটেশন যেভাবে চলছে এভাবে চললে হবে না। পরবর্তীকালে আবার কথা হচ্ছে সমস্ত জিনিষ সরকারের হাতে নিয়ে দ্রুতগতিতে অগ্রসর হতে হবে যাতে মনে করতে পারে রাই-ওট এফেক্টেড্ যারা, আমাদের এখানে এ ঘটনা আর হবে না। ঈদ আসছে, আমরা সবাই মিলে যেন ভ্রাতৃত্বমূলক ব্যবস্থা করতে পারি এবং ঈদের সময় এবং ভবিষ্যতে হিন্দু এবং মুসলমান মিলে যেন বাস করতে পারি।

শ্রীহেমন্তকুমার বসুঃ মাননীয় স্পীকার মহাশয়, পূর্ববঙ্গে যে দাংগা হয়েছে এইরকম দাংগা ইতিহাসে খুব কমই শোনা গেছে। বহু লক্ষ লক্ষ লোকের জীবন বিপন্ন হয়েছে, হাজার হাজার লোক নিহত হয়েছে, ঘর বাড়ী চলে যাচ্ছে এবং সর্বস্বান্ত হয়েছে। কাজেই আর পাকিস্তানে সংখ্যালঘুদের থাকা নিরাপদ নয়। এটা আমরা সকলেই মর্মে মর্মে অনুভব করছি, তাদের এখানে কোন নাগরিক অধিকার নাই। তাদের কোন সিটিজেনশিপ রাইট নাই। তাদের মানুষের মত ব্যবস্থা করেছেন বলে আমি জানি না। তারা অপমানমূলক অবস্থায় বাস করছে, নাগরিক অধিকার থেকে বঞ্চিত অবস্থায় তাদের বাস করতে হচ্ছে, কোন কিছু বলবার বা করবার অধিকার নাই। কাজেই এই দাংগা স্মরণ করিয়ে দিচ্ছে যে এখানে আমাদের প্রধানমন্ত্রী এবং রাজ্যের কর্ণধাররা যা বলে দিয়েছেন সেটা কার্যে পরিণত করতে পারেন নি। নেহরু-লিয়াকত প্যাক্ট-এ যে শর্ত আছে তাকে এফেকটিভ করবার জন্য পাকিস্তান সরকারের উপর চাপ দিবার জন্য এই সরকারকে অত্যন্ত দুর্বল দেখা যাচ্ছে। তাই দেখা যাচ্ছে পূর্ব পাকিস্তানে সংখ্যালঘুদের থাকবার কোন রাস্তা নাই। বার বার শ্রী নন্দর কাছে বলা হয়েছে মাইগ্রেশন শিথিল করা হোক, যারা আসতে চায় তাদের আসতে দেওয়া হোক। তিনি আমাদের কথাও দিয়েছিলেন যে অনেকখানি শিথিল করা হবে। আজকে সংবাদপত্রে দেখলাম সরকারের আগেকার দুর্বল নীতি এবং পূর্ব-বঙ্গের সংখ্যালঘুদের বিরুদ্ধে যে নীতি সেই নীতিই আজকে নন্দর স্টেটমেন্টের মধ্য দিয়ে অত্যধিক পরিষ্কার হচ্ছে। কাজেই আমরা পশ্চিমবঙ্গের লোকেরা কোন মতেই সেটা মেনে নেব না। আমরা চাই যে পূর্ববঙ্গের সংখ্যালঘুরা যাতে সকলে আসতে পারে তার ব্যবস্থা করা হোক। যদি সেই ব্যবস্থা না করেন তাহলে শুধু পশ্চিম বাংলায় কেন ভারতবর্ষে এক বিরাট আন্দোলন হবে। ভারতবর্ষের জনসাধারণ আজকে সংকল্পবদ্ধ যে পূর্ব পাকিস্তানের সংখ্যা-লঘুদের এখানে নিয়ে আসা এবং তাদের নিরাপত্তা বিধান করা এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা। কেন্দ্রীয় সরকারকে আজকে দায়িত্ব নিতে হবে, বাংলা সরকারকে তাদের উপর আজকে চাপ দিতে হবে। বাংলা সরকারকে আজকে কেন্দ্রীয় সরকার যা বলবে সেই অনুসারে কাজ করবে, তাদের মুখপাত্র হিসাবে কাজ করবে তা নয়, বাংলা সরকারকে আজকে বলতে হবে যে পশ্চিম বাংলার জনমত এই যে পূর্ব পাকিস্তানের সংখ্যালঘুদের এখানে আসতে দিতে হবে এবং আনতে দিতে হবে। তারপর স্যার, আমাদের রাষ্ট্র ব্যবস্থা অত্যন্ত দুর্বল। আমাদের বর্ডারগুলি পর্যন্ত আমরা রক্ষা করতে পারি না। আজকে আমাদের বর্ডারে পাকিস্তানী গুন্ডারা বারবার হামলা

করছে এবং তারা আমাদের জমি দখল করে নিচ্ছে এবং নানাভাবে অত্যাচার ও নির্যাতন করছে। আমরা বারবার এই এ্যাসেম্বলীতে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি এই বিষয়ের প্রতি কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে সে বিষয় কোন ব্যবস্থা হচ্ছে না। আমাদের এই পশ্চিম বাংলায় পাকিস্তানী ন্যাশনাল, যাদের কোনরকম পাসপোর্ট নেই বা কোন ভ্যালিড ডকুমেন্ট নেই, তারা এখানে বিভিন্ন জায়গায় আস্তানা গেড়ে উস্কানী দিচ্ছে। পশ্চিম বাংলায় রায়ট হোত না, পাকিস্তানী মুসলমান যারা এখানে আছে উইদাউট এনি ভ্যালিড ডকুমেন্ট, তারা যদি এই উস্কানী না দিতো তাহলে পশ্চিম বাংলায় রায়ট হোত না। এবং খালি যে এই রায়টে মুসলমানরাই ক্ষতিগ্রস্ত হয়েছে তা নয়, অনেক হিন্দুও ক্ষতিগ্রস্ত হয়েছে সে কথাও আমাদের মুক্ত কণ্ঠে বলতে হবে। আমরা নিশ্চয়ই চাই যে পশ্চিমবঙ্গে যারা থাকবে তারা এ দেশকে ভাল বাসবে। তাদের সকলেরই, তারা যে-কোন সম্প্রদায়েরই হোক, মুসলমানই হোক আর খৃষ্টান হোক, প্রত্যেকেরই নিরাপত্তা বিধান করা হোক এটা আমরা চাই কিন্তু এই নিরাপত্তা কিভাবে বিঘ্নিত হয়েছিল তা এনকোয়ারি করলেই পরিষ্কারভাবে জানা যাবে সে বিষয় কোন সন্দেহ নেই। কাজেই আমি পশ্চিমবঙ্গ সরকারকে বিশেষ করে সাবধান করে দিচ্ছি যে আমাদের স্বাধীনতা একদিকে সীমান্তে চীনের দ্বারা ক্ষুণ্ণ হচ্ছে এবং তারা আমাদের অনেক জমি দখল করে বসে আছে, আজ পর্যন্ত তার কোন সমাধান হয়নি, অপরদিকে আমাদের এই গভর্নমেন্ট এতই দুর্বল যে পাকিস্তানী সীমান্তে অনুপ্রবেশের মধ্যে দিয়ে আমাদের সীমান্ত রক্ষার ব্যবস্থা যে কত দুর্বল হয়ে পড়েছে এটা আজকে সকলেই বুঝতে পারছেন। কিন্তু এ বিষয়ে আমরা বারবার বলা সত্ত্বেও সরকার থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। যদি সীমান্ত রক্ষার উপযুক্ত ব্যবস্থা না করা হয় তাহলে জনসাধারণ বাধ্য হবে এই সরকারের বিরুদ্ধে দাঁড়িয়ে এই সরকারের অবসান ঘটানর জন্য এবং জনসাধারণ তার জন্য সমস্ত ক্ষমতা হাতে নিতে বাধ্য হবে। সেদিক থেকে আমি সাবধান বাণী উচ্চারণ করছি।

শ্রীঅবনীকুমার বসু: আপনি সাজেশন দিন।

শ্রীহেমন্তকুমার বসু: সাজেশন হচ্ছে, বর্ডার রক্ষা করুন। পাকিস্তানী ন্যাশনাল উইদাউট এনি ভ্যালিড ডকুমেন্ট এখানে আছে। আমাদের পুলিস কোথায় গেল? তারা এখানে এসে কিভাবে সন্ত্রাসমূলক কার্যকলাপ করতে পারে? আমাদের সি আই ডি, পুলিস- আমাদের যে সমস্ত যুবকেরা স্বাধীনতা আন্দোলনের কার্যে লিপ্ত থাকতো, তাদের টুঁটি ধরে নিয়ে আসতো - সেই পুলিস আজকে কোথায়? আজকে আমাদের দেশের নিরাপত্তা বিপন্ন, কোথায় তারা? আমরা যদি এইভাবে চলি, বহু লোকের রক্ত দান ও নির্যাতনের ফলে আমরা আজকে যে স্বাধীনতা পেয়েছি আমাদের সেই স্বাধীনতা থাকবে না। একদিকে চীনের আক্রমণ আর একদিকে ভুট্টো সাহেব পরিষ্কার করে করে বলে দিয়েছেন তার এই ব্যাপারে পররাষ্ট্রের সাহায্য গ্রহণ করবেন এবং প্রয়োজন হলে যুদ্ধ করতেও প্রস্তুত আছেন। আমরা যদি কেবল তোষণ নীতি নিয়ে চলি তাহলে আমাদের স্বাধীনতা নিশ্চয়ই বিপন্ন হবে সে বিষয় কোন সন্দেহ নেই। তারপর, স্যার, আমাদের দেশে যেসব এ্যান্টি ন্যাশনাল এলিমেন্ট আছে তাদেরও বিশেষভাবে সাজার ব্যবস্থা করতে হবে। তাদের ভোটের দিকে চেয়ে নয়, দেশের কল্যাণ এবং স্বার্থের দিকে চেয়ে আমাদের সরকারী নীতি পরিচালনা করতে হবে। কাজেই সেদিক থেকে সরকারকে বিশেষভাবে অবহিত হতে হবে যে পূর্ব বাংলার সকল লোককেই নিয়ে আসতে হবে এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। বারবার দাঙ্গার মধ্যে দিয়ে একথা পরিষ্কার হয়ে গিয়েছে যে সেখানে তাদের জীবনের কোন নিরাপত্তা নেই। অতএব দেশ বিভাগের সময় আমরা যে দায়িত্ব গ্রহণ করেছিলাম সেই অনুসারে আমাদের কাজ করতে হবে। যদি সেইভাবে কাজ না করা হয় তাহলে নিশ্চয়ই বাংলাদেশে একটা বিরাট গণ-আন্দোলনের সম্মুখীন এই সরকারকে হতে হবে।

[1-10—1-20 p.m.]

শ্রীনিখিল দাস: মাননীয় স্পীকার মহাশয়, পূর্ব বাংলায় যে ঘটনাগুলি ঘটেছে সেই ঘটনাগুলিকে যদি প্রকৃত পটভূমিকায় বিচার না করতে পারি তাহলে আমরা তার যে সিদ্ধান্ত করব তাতে ভুল হবার সম্ভাবনা আছে। পূর্ব বাংলায় যে ঘটনা ঘটে গিয়েছে তা যদি নিছক সাম্প্রদায়িক

দাঙ্গা হিসাবে অভিহিত করি তাহলে আমরা ভুল করব। পূর্ব পাকিস্তানের ঘটনা থেকে পরিষ্কার হয়ে গিয়েছে পাকিস্তানের সরকার ফ্যাসিস্ট সরকার। তাদের বিরুদ্ধে জনমত যাতে না গড়ে উঠতে পারে তার জন্য ৯৩ লক্ষ সংখ্যালঘু হিন্দু যারা আছে ওদের উপর হাঙ্গামা করে, নিহত করে, নির্যাতন করে সমস্ত প্রগতিশীল আন্দোলনকে বিপথগামী করতে চায়। এবারের দাঙ্গার দিকে তাকালে আমরা দেখব পূর্ব পাকিস্তানে যে জাতীয়তাবাদী আন্দোলন একদিন গড়ে উঠেছিল সেই আন্দোলনকে ভেঙ্গে দেবার জন্য পাকিস্তান সরকার সুপরিকল্পিতভাবে খুলনা, যশোহর, ঢাকা, নারায়ণগঞ্জে দাঙ্গা করেছে। তাই তাকে কমিউনাল ডিষ্টারব্যান্স বলে ছেড়ে দিলে চলবে না, রাজনৈতিক পটভূমিকার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। সেখানে কিছু কিছু প্রগতিশীল মুসলমানও মারা গিয়েছে, এবং ইত্তেফাক কাগজের মত কাগজ যেরকম নির্ভীক সাংবাদিকতার পরিচয় দিয়েছে সেই কথা ভুলে গেলে চলবে না। তাই যেকথা আমি আপনার মাধ্যমে বলতে চাই, নট অন কমপাসিওনেট গ্রাউন্ড, শুধু করুণার দৃষ্টি দিয়ে একে বিচার করলে ভুল হবে। যারা বিপদে পড়েছে তাদের আপাততঃ সাহায্য দেওয়ার দৃষ্টিভঙ্গী থাকলেই শুধু চলবে না—১৯৪৭ সালে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম, আমরা যেন সেটা ভুলে না যাই আমরা তাদের ভারতবর্ষে আশ্রয় দেব; এটা শুধু মুখে বললে হবে না, তাকে কার্যকরী করার ব্যবস্থা করতে হবে এবং সেই অনুসারে কার্যক্রম গ্রহণ করতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, পূর্ব পাকিস্তানে যে ঘটনা ঘটেছে সেই ঘটনাবলীতে পশ্চিম বাংলার মানুষের মন সাংঘাতিকভাবে নাড়া খেয়েছে এই কথা ভুললে চলবে না। পূর্ববঙ্গের সংখ্যালঘু মানুষ যাঁরা তাঁদের সঙ্গে আমাদের রক্ত মাংসের সম্পর্ক, সেই সম্পর্ক এক কথায় ভেঙ্গে দেওয়া চলে না। দুঃখের সঙ্গে বলব, ১৯৪৭ সালে দার্জিলিঙ-এ যে মিনিষ্টেরিয়াল কনফারেন্স হয়েছিল তাতে যে প্রস্তাব গৃহীত হয়েছিল—পূর্ব পাকিস্তান থেকে যাতে লোক না আসতে পারে—সেই প্রস্তাব ছুঁড়ে ফেলে দেওয়া উচিত ছিল, বাতিল করে দেওয়া উচিত ছিল, কিন্তু কেন্দ্রীয় মন্ত্রী থেকে আরম্ভ করে আমাদের মুখ্যমন্ত্রীর বিবৃতিতে আমরা লক্ষ্য করছি যে, তারা সেই সম্পর্কে একটি কথাও বলেন নি। ১৯৫০ সালের নেহরু-লিয়াকত চুক্তির শর্ত যদি পাকিস্তান সরকার না মানে তবে আমাদের সরকার কেন একথা বলতে পারবে না যে নেহরু-লিয়াকত চুক্তি তোমরা যখন মানছ না, সেই চুক্তির যা শর্ত ছিল তা মানার মত ব্যবস্থা কেন আমাদের সরকার গ্রহণ করছেন না?

মাইগ্রেসানের ব্যাপারে ও'রা বলে গেলেন যে মাইগ্রেসান ও'রা শিথিল করেছেন। কিন্তু ৯ই তারিখের রবিবারের পাকিস্তানের দৈনিক ইত্তেফাক কাগজের খবর যে ভারতীয় হাই কমিশনার অফিস থেকে প্রেস নোট-এ বলা হয়েছে মাইগ্রেসান-এর আইনকানুন শিথিল করা হয়নি। শিথিল করা হইয়াছে বলিয়া যে গুজব রটিয়াছে তাহা মিথ্যা। একথা তাঁরা প্রেস নোটএ বলেছেন এবং সেই খবর ৯ই ফেব্রুয়ারি পাকিস্তানের কাগজে বেরিয়েছে এবং এখানকার আনন্দবাজার কাগজেও বেরিয়েছে। তাই মাইগ্রেসান-এর ব্যাপারে সরকারী নীতি কি তা বলতে হবে? কালকে নন্দজী পারলিয়ামেন্ট-এ যা বলেছেন তাতে আমরা আরও বিভ্রান্ত হচ্ছি। যাদের বিয়ের বয়স হয়েছে সেই মেয়েদের বেলায় শিথিল করা হবে, যাদের বিয়ের বয়সের কাছাকাছি তাদের বেলায় শিথিল করা হবে এবং এই দাঙ্গায় যদের বাড়ী পুড়ে গেছে, লুণ্ঠিত হয়েছে ও যাদের পরিবারের লোকজন মারা গেছে তাদের বেলায় শিথিল করা হবে। এটা একটা অদ্ভুত ব্যাপার। পূর্ব পাকিস্তানে যে ঘটনা হয়ে গেল তাতে সমস্ত মানুষ, বিপদাপন্ন মানুষ আশঙ্কায় আছে তাই তারা বিপদগ্রস্ত মনে করে আসতে চায় বলে তাদের জন্য দরজা খুলে দিতে হবে। এই দরজা খুলে দেবার কথা পরিষ্কার করে বলতে হবে এবং পশ্চিমবঙ্গ সরকার থেকে কেন্দ্রে চাপ দিতে হবে যাতে দরজা খোলার ব্যবস্থা করতে হবে এবং মাইগ্রেসান খুঁটিনাটির মধ্যে যেন আমাদের যেতে না হয়। এখানে সেফ ট্রানজিট-এর একটা প্রশ্ন আছে। লোকগুলো কি করে আসবে? সুদূর গ্রামাঞ্চলে যারা পড়ে আছে তাদের আনবার ব্যবস্থা কিভাবে হবে? মাইগ্রেসান সার্টিফিকেট-এর জন্য ঢাকায় এসে কি করে তারা দরখাস্ত করবে? এই ব্যাপারে পাকিস্তান সরকারের সঙ্গে কথা বলে তাদের উপর চাপ দিয়ে যে ব্যবস্থা করা দরকার সে সম্পর্কে একটা কথাও দেখছি না এবং আমাদের সরকারও সেখানে চপ। রিহ্যাবিলিটেশনের ব্যাপারে এই অবস্থা আরও খারাপ—কোনরকম দায়-সারা গোচের। বানপুর এবং বনগাঁ বর্ডারে দায়সারা গোচের রিলিফ সেন্টার খুলেছেন। পশ্চিম-বঙ্গ সরকার থেকে কয়েক সের চিড়া ও গুড়ের ব্যবস্থা সেখানে আছে। যে লোকগুলো সেখান

থেকে আসছে তাদের জন্য সামান্যতম রিলিফ দেবার ব্যবস্থা সরকার আজ পর্যন্ত করেন নি। হৃদয়হীন সরকারের লজ্জায় মাথা হেঁট করা দরকার—এঁরা বক্তৃতা দেওয়া ছাড়া আর কোন কার্যকরী পন্থা গ্রহণ করেন নি। পুনর্বাসনের ব্যাপারে দণ্ডকারণ্য দেখান হচ্ছে যে দণ্ডকারণ্যে পুনর্বসতি করব। আমি জিজ্ঞাসা করছি ২৫ হাজার লোক যে এসেছে তাদের মধ্যে ক'জন লোককে দণ্ডকারণ্যে পুনর্বসতির ব্যবস্থা করতে পারেন? পুনর্বসতির কোন ব্যবস্থাই তাঁরা করতে পারেন নি। ওপারে ফেলে আসা সম্পত্তির ক্ষতিপূরণ সম্পর্কে কোন কথা বলেননি এসব কথাগুলো সরকারকে পরিষ্কার করে বলতে হবে—বক্তৃতা দিলে কিছু হবে না। মাইগ্রেসান শিথিল করতে হবে। লোকগুলো যারা আসছে তাদের আসতে দিতে হবে এবং সেফ ট্রানসিটের ব্যবস্থা করতে হবে। এদের ফেলে আসা সম্পত্তির ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। পুনর্বাসনের দায়িত্ব সরকারকে নিতে হবে—দায়সারা রিলিফ দিলে চলবে না। এপারের দাঙ্গার ব্যাপারে সরকারকে দায়িত্ব নিতে হবে। ওপারে জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে যশোহর, খুলনায় যখন ঘটনা হল তখন বাবুরা সব ভুবনেশ্বরে থাকলেন। আমাদের এখানে যখন শীতকালীন অধিবেশন চলছিল তখন আমরা এখানে দাঁড়িয়ে দাঙ্গা সম্পর্কে সতর্ক করবার চেষ্টা করেছি। তাঁরা সব ভুবনেশ্বরে চলে গেলেন এবং সেখান থেকে মুখ্যমন্ত্রী ১১ই তারিখে বেলা ২ইটার সময় এলেন।• সেই ভুবনেশ্বর সম্মেলন থেকে একটা কথাও তাঁরা খুলনা, যশোহর সম্পর্কে বললেন না, যারা নিপীড়িত উদ্বাস্তু ওপার থেকে এল তাদের প্রতি একটু সমবেদনাও জানালেন না এবং আমাদের সরকারের তরফ থেকে খুলনা, যশোহর সম্পর্কে যে কথাগুলি বলা দরকার ছিল সে সম্পর্কে একটা কথাও বললেন না। এই যে সরকারের কমপ্লিট ক্যালাসনেস এবং
callous indifference, pathetic attitude towards East Pakistan refugees
জন্যই পশ্চিম বাংলায় তার প্রতিক্রিয়া হয়েছে এবং সেই জায়গায় সরকার ব্যর্থ হয়েছেন। এখানে যে দাঙ্গা হয়েছে সেই দাঙ্গায় যারা অ্যাফেকটেড হয়েছে তাদের পুনর্বাসন দেবার সরকারের যে দায়িত্ব সেই দায়িত্বও সরকার ঠিকভাবে যে পালন করেননি এগুলি আমরা লক্ষ্য করেছি। আমার সময় অল্প—মাত্র ১০ মিনিট সময়—বলে আমি তাই বলতে চাই যে মাইগ্রেসান-এর ব্যাপারটা ঠিক ঠিকভাবে শিথিল করতে হবে, লোককে আসতে দিতে হবে, দরজা খুলে দিতে হবে, ১৯৫৭ সালের প্রস্তাবকে কিছুদিনের জন্য স্থগিত রাখতে হবে, নেহরু-লিয়াকত চুক্তিকে ছিঁড়ে ফেলে দিতে হবে—ঐ জায়গায় ধামা চাপা দিলে চলবে না এবং সেফ ট্রানসিট-এর ব্যবস্থা করতে হবে এবং এখানে রিলিফ-এর ব্যবস্থা করতে হবে। সেফ ট্রানসিট-এর ব্যবস্থা করতে হবে। রিলিফের ব্যবস্থা করতে হবে এতে ফাঁকি দিলে হবে না। এই কাজ যদি না করেন মনে করেন চলে যাবেন তাতে সেন্টিমেন্ট যাবে না, যাবে না, যাবে না। আজকে এই যে এডজোর্নমেন্ট মোশান একসেপটেড হয়েছে সমস্ত হাউসের কেউ কোন আপত্তি না করে, যে এডজোর্নমেন্ট মোশান এনেছেন এর দ্বারা প্রমাণিত হচ্ছে যে সরকারের যে দায়িত্ব ছিল সে দায়িত্ব সরকার পালন করেন নি। ইট ইজ এ সেনসার মোশান এবং এই সেনসার মোশানে সরকার যদি সতর্ক না হন এবং এর পরেও করণীয় কাজ না করেন তাহলে বাংলাদেশের জনসাধারণ বসে থাকবে না এবং বাংলাদেশের জনসাধারণ এগিয়ে চলবে এবং সরকারকে বাধ্য করবে সরকারকে তার করণীয় কাজ করিয়ে নেবার জন্য।

[1-20—1-30 p.m.]

শ্রীশামসুদ্দিন আমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা কখনই মনে করে নি যে, রাজনীতি ক্ষেত্রে আমাকে সব সময় স্মরণ রাখতে হবে যে আমি মুসলমান।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একথা মনে করার কোন কারণই নেই যে, যে কোন রকমের পাগলামি, চিৎকারের ফলে আমাকে আমার বক্তব্য বলান থেকে প্রতিহত করান যাবে। আমি জানি কমলবাবুর আমার উপর ক্ষেপবার কি কারণ আছে।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস]

শ্রীকমলকান্তি গুহ: স্যার উনি ও কথা বলবেন কেন?

Mr. Speaker: *Mr. Guha, please do not interrupt in this way. Please allow him to speak.*

শ্রীশামসুদ্দিন আমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা আমি কেন বলছি, সে কৈফিয়ত নিশ্চয়ই আপনার সামনে রাখব, আমি সব সময় ভুলতে চেয়েছিলাম যে, আমার শেষ পরিচয় এই হবে যে আমি মানুষ এবং আমি ভারতবাসী এবং আমি এ দেশে জন্মেছি, এবং আমার সর্বপ্রকার অধিকার রয়েছে, উঁচু মাথায় থেকে সমস্ত অধিকার বহাল রেখে দেশের উন্নয়নের সাথে সাথে আমার যা কিছু ক্ষমতা আছে তাকে নিয়োজিত করা। এই অধিকার থেকে আজকে যারা আমাকে বঞ্চিত করবার উদ্ভট পরিকল্পনা করেন বা উদ্ভট কথা বলেন, সে প্রস্তাবগুলি যখন আজকে বিধানসভায় আলোচিত হয় তখন আমি ভাবতে বাধ্য হই যে আমার আর একটা পরিচয় আছে সেটা ধর্মীয়. আমি জানি, মাননীয় অধ্যক্ষ মহাশয় বিধানসভায় বহু বিরোধী দলের সদস্য এবং বাংলাদেশের একটা বিশিষ্ট জনমত আজকে দাবী করেছেন, আমি যে কথা সভার সামনে রাখতে চেয়েছিলাম সে কথা অত্যন্ত ক্ষোভের জন্য রাখতে চেয়েছি। আজকে যখন বাংলাদেশের জনমত এই আলোচনায় নিয়োজিত হন--দেশের সমস্ত মুসলমান যারা বাংলার মাটিতে জন্মেছে বাংলার জলবায়ুতে মানুষ হয়েছে, তাদের আজকে পূর্ববঙ্গে বিদায় করে দিতে হবে। তারা পশ্চিম বাংলার নাগরিক অধিকারের স্বীকৃতিলাভ করতে পারবে না। আমি লোক বিনিময়ের কথা বলছি. আজকে এ প্রশ্ন সম্পর্কে বাংলাদেশে নিশ্চয়ই আলোচনা হচ্ছে।

শ্রীকাশীকান্ত মৈত্র: স্যার, হাউসে একথা বলার মানে কি সেকথা আপনাকে জিজ্ঞাসা করছি। মাননীয় সদস্য যেভাবে বক্তৃতা শুরু করেছেন এবং যেভাবে বলে চলেছেন তাতে হাউসের উপর কটাক্ষ করেছেন।

Mr. Speaker: After all, time is limited. You allow him to speak.

শ্রীকাশীকান্ত মৈত্র: স্যার, আমি বলছি রুলস অফ ডিবেটএ হাউসের লোক বিনিময়ের কথা কে বলেছে। লোক বিনিময়ের কথা কেউ বলেনি। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি এসব কথা শুনে।

শ্রীশামসুদ্দিন আহমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ভাবে আমার সময় নষ্ট করে দেওয়া হচ্ছে আমি আশা করবো যে আপনি আমার এই সময়টা পূরণ করে দেবেন। এই লোক বিনিময়ের প্রসঙ্গে যেকথা বলছিলাম যে প্রশ্নটা এই সভায় রাখা হয়েছে। [গোলমাল।] মাননীয় সদস্য শ্রীজ্যোতি বসু মহাশয় এই প্রশ্নটা তুলেছেন- আমি তার বিরোধীতা করছি। [গোলমাল।]

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য তাঁর আলোচনা কালে তিনি যে কথা বললেন তাতে আমি বলছি যে আমরা লোক বিনিময়ের প্রশ্ন সমর্থন করি না।

Mr. Speaker: Mr Maitra, you are an astute lawyer. How can you intervene in this way? You can raise a point of order or a point of privilege, but how can you take the freedom of speech of a member

শ্রীকাশীকান্ত মৈত্র: না না স্যার, তা নয়; কিন্তু স্যার, এই হাউসে লোক বিনিময়ের আলোচনা কেউ করেন নি।

মিঃ স্পীকার: এটা আপনার জবাবে বলে দেবেন।

শ্রীশামসুদ্দিন আহমেদ: ভারতবর্ষের সংবিধান যে অধিকার আমাকে দিয়েছে—আমার জন্ম যে অধিকার আমাকে দিয়েছে--তার থেকে আমাকে বিচ্ছিন্ন করার বা বিচ্যুত করার কোন অধিকার কোন মানুষের নেই। এ প্রশ্ন নিয়ে যারা আলোচনা করেন, উত্তেজনার সৃষ্টি করেন এবং তাদের মর্মবেদনার সবচেয়ে বড় কারণ হচ্ছে ভারতবর্ষের সংবিধান যে পবিত্র অধিকার সকল নাগরিককে অক্ষুণ্ণভাবে রক্ষা করবার জন্য দিয়েছে তারা তার শত্রুতা করছেন। তারা তার মর্মমূলে নিষ্ঠুর

আঘাত করছেন। আমি চাইবো রাষ্ট্রের যদি কোন শক্তি থেকে থাকে তাহলে এই ধরনের দায়িত্বজ্ঞান-হীন ব্যক্তির মত যারা ঐ উক্তি করে থাকে বা যারা আলোচনা এ নিয়ে যারা সাম্প্রদায়িকতার সৃষ্টি করে থাকে তার জন্য আমি অনুরোধ করবো যে সরকার কঠোর হস্তে তার যেন প্রতিকার করেন। আমি যে আলোচনা করছি তা নিজের অধিকার বলেই করছি। কারও করুণায় করছি না। বাংলা-দেশের জনগণের বিধানসভার প্রতিনিধি যে অধিকার আছে আমারও সেই অধিকার আছে আমি তাই দিয়ে বলছি যে বাংলার মাটিতে যদি কোন লোক শুধু মুসলমান কেন যে-কোন লোককে পশ্চিমবাংলার মাটি থেকে অন্য দেশে পাঠিয়ে দেবার স্বপ্ন দেখেন তাহলে আমার মনে হয় ভারতবর্ষের প্রগতিশীল জনগণ তাদের কণ্ঠকে চেপে ধরবে তার কণ্ঠকে রোধ করে দেবে। রাজ-নীতির ক্ষেত্রে নিশ্চয়ই প্রগতিশীলতার একটা টান আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এবং বুঝতেও পারছেন যে যখন লোক বিনিময়ের প্রশ্নের অবতারণা করছি তখন তারা বেশী উত্তেজিত হচ্ছেন। আমি মনে করি যার মনে কোন পাপ নেই তাদের উত্তেজিত হবার কোন কারণ নেই। [গোলমাল।]

শ্রীকমলকান্তি গুহঃ কে বলেছেন—তাই বলুন না। [গোলমাল।]

শ্রীশামসুদ্দিন আহমেদঃ এরা চাইছে সাম্প্রদায়িকতাকে বজায় রেখে নিজেদের স্বার্থ সিদ্ধি করতে চাচ্ছে। আমি একথা কখনও বলতে চাই না যে পূর্ব বাংলায় যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তার প্রতি পশ্চিম বাংলার জনগণের বেদনার কোন কারণ নেই। নিশ্চয়ই কারণ আছে। আমার কণ্ঠে যত জোর আছে তা দিয়ে পূর্ব বাংলায় যে মর্মান্তিক ঘটনা ঘটেছে সেই ঘটনাগুলির তীব্র-ভাবে নিন্দা করতে চাই। কিন্তু শুধু চিৎকার করেই তার প্রতিকার করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় একটা জিনিস ভাবতে চাই যে যে অবস্থা আজ পূর্ব বাংলায় চলেছে তার বিরুদ্ধে যে জনমত সেই জনমতকে রোধ করবার জন্য পাকিস্তান সরকার বার বার গণতন্ত্রের কণ্ঠকে রোধ করবার সেখানে পাকিস্তান সরকার সাম্প্রদায়িকতার আশ্রয় নিয়েছে। আমরা জানি বর্তমান অবস্থায় পাকিস্তানে যে গণতন্ত্র আন্দোলন আয়ুবকে খর্ব করার চেষ্টা করছে তার কণ্ঠরোধ করবার জন্য। পাকিস্তান চেয়েছিল কাশ্মীর সমস্যাকে পুনর্জীবিত করা—তাকে আন্তর্জাতিক কোরাম সিকিউরিটি কাউন্সিলে নিয়ে যাওয়া। তারা চেয়েছিল ভারতবর্ষের মাটিতে এমন কোন ঘটনা ঘটুক যাতে করে তারা বলতে পারে ভারতবর্ষের মাটিতে যেহেতু সংখ্যালঘু নিরাপদ নয় সেই জন্য কাশ্মীরের সংখ্যাগরিষ্ঠ অধ্যুষিত সবই আমাদের দিকে আসা উচিত। এই যুক্তিকে সফল করবার জন্য তারা এই প্রবোচনা দেবার চেষ্টা করছে।

[1-30—1-40 p.m.]

তার জন্য তারা হজরতবালের কথা প্রচারিত করেছে এবং তাতে ব্যর্থ হয়ে তারা পূর্ব বাংলায় দাঙ্গা সৃষ্টি করেছে। তারা চেয়েছিল ভারতবর্ষের প্রগতিশীলতার যারা শত্রু সেই প্রতিক্রিয়া-শীলরা বাংলাদেশে এমন ঘটনা ঘটাক যাতে আন্তর্জাতিক দরবারে তারা গিয়ে বলতে পারে যে বাংলাদেশে বা ভারতবর্ষে সংখ্যালঘুরা নিরাপদ নয়। স্যার, বাংলাদেশের এই বেদনাদায়ক ঘটনায় যারা শক্তি নিয়োগ করেছে, যারা একে প্রশ্রয় দিয়েছে তারা শুধু মুসলমানের শত্রু নয়, তারা ভারতবর্ষের শত্রু। ভারতবর্ষ আন্তর্জাতিক ক্ষেত্রে নিজের মাথা উঁচু করতে চেয়েছে, কিন্তু তা তারা ব্যর্থ করেছে। যারা আয়ুবশাহীর দালালী করেছে তারাই মুসলমানের রক্তে নিজেদের হাত কলঙ্কিত করেছে। পাকিস্তানে হিন্দুরা মার খেয়েছে, তার জন্য এখানে যে বেদনাদায়ক অধ্যায় সৃষ্টি হয়েছে, যে অন্যায় কাজ করা হয়েছে তাতে আন্তর্জাতিক দরবারে ভারতবর্ষের মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে এবং যে কাশ্মীর মোকদ্দমা রাখা হয়েছে তাকে দুর্বল করা হয়েছে। এটাকে যারা বাঁচিয়ে রাখার চেষ্টা করছেন তাঁরা সাম্প্রদায়িক ছোট দৃষ্টির পরিচয় দিচ্ছেন। একে রাজনৈতিক সমস্যা হিসেবে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী দিয়ে দেখা দরকার এবং রাজনৈতিক পর্যায়ের সমস্যা করবার জন্য সচেষ্ট হওয়া দরকার। স্যার, পূর্ব বাংলায় যে হিন্দু ভাইবোনেরা মার খেয়েছেন বাঙ্গালী হয়ে তাঁদের সকলকে স্বাগত জানাই এবং বাংলাদেশের মাটিতে তাঁদের সকলকে আশ্রয় দিতে চাই।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা যে গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা করছি তাতে সময় এত সীমিত যে এর মধ্যে বিস্তারিতভাবে আলোচনা করা সম্ভব নয়। প্রথমে আমি বলতে চাই আজকে যে সমস্যা আমাদের সামনে এসে দেখা দিয়েছে সেই সমস্যার মূল কারণ হচ্ছে দিল্লীর মসনদে যাঁরা রয়েছেন তাঁরা সস্তায় বাহাদুরী নেবার জন্য ১৯৪৮ সালের জুন মাসে ভারতবর্ষ স্বাধীন হবে বলে বিলেতের লেবার পার্টির প্রধানমন্ত্রী এটলী প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং সেদিন ভারতবর্ষ বিভাগ হবার কোন সম্ভাবনা ছিল না। কিন্তু দিল্লীর মসনদে যাঁরা রয়েছেন তাঁরা সেই স্বাধীনতাকে ১০ মাস আগে আদায় করবার জন্য, চোরাবাজারের গলির মধ্য দিয়ে লুকিয়ে স্বাধীনতা আমদানী করবার জন্য এক কুৎসিত চক্রান্ত করেছিলেন এবং তার মধ্যে ভারতের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু, কংগ্রেস নেতারা এবং মুসলিম লীগ নেতা মিঃ জিন্না ছিলেন। আজকে ভারতবর্ষের প্রতিটি জায়গায় যখন দাঙ্গা হয়, মানুষ যখন মরে তখন আমরা বুঝি এই সমস্ত চক্রান্তকারীরা মানুষকে বিপদের মুখে ঠেলে দিয়েছে। মাননীয় সদস্য জ্যোতিবাবু যে কথা বলেছেন আজকে তার উত্তর দেবার সময় পাব না—পরে দেব। জ্যোতিবাবু যে কথা বলেছেন তার উত্তর দেবার প্রয়োজন আছে। তিনি বলেছেন লোক বিনিময়ের কথা যাঁরা বলেন তাঁদের কণ্ঠ স্তব্ধ করতে হবে। ভাল কথা। কিন্তু তিনি গোড়ার কথায় কেন আসছেন না? কারা দেশ বিভাগ করেছিলেন, কারা বলেছিলেন পাকিস্তান একটা গণতান্ত্রিক দাবী, কারা বলেছিলেন কংগ্রেস এবং লীগ এক হও তবেই হিন্দু মুসলমানের সমস্যার সমাধান হবে, কারা বলেছিলেন ভারতবর্ষ দ্বিখণ্ডিত কর, কারা বলেছিলেন রাইট অব পাকিস্তানস ডিম্যান্ড ইজ দি রাইট অব সেলফ-ডিটারমিনেসন, কারা বলেছিলেন ১৯৪০ সালের লাহোর প্রস্তাব হচ্ছে গণতান্ত্রিক দাবী এবং কংগ্রেসের ভারতবর্ষের স্বাধীনতার দাবীর সামিল? এসব কথা ভুললে চলবে না। সেই দেশ বিভাগ আমরা করেছি এবং তার ফলে ৬ লক্ষ লোক মারা গেছে, ১ কোটি ৪০ লক্ষ লোক গৃহ থেকে বিতাড়িত হয়েছে, ১ লক্ষ ভগিনী ধর্ষিত হয়েছে, তাঁদের মর্যাদা ভ্রষ্ট হয়েছে। আজকে যখন কোথাও এই ঘটনা ঘটবে তখন এইসব কথা যেন আমরা ভুলে না যাই। স্যার, পশ্চিম বাংলায় যে সাম্প্রদায়িক ঘটনা ঘটেছে তার জন্য আমি দুঃখিত কারণ এতে মুসলমান মরেছে, বহু নিরপরাধ মানুষ মরেছে, বহু হিন্দুও মরেছে এবং বহু বাড়ীতে আগুন জ্বলেছে। স্যার, আমাদের দলের শক্তি নেই, কিন্তু রাজনৈতিক দলের শক্তির বড়াই যাঁরা করেন, যে রাজনৈতিক দলের হাতে শক্তি আছে, যাঁদের হাতে ট্রেড ইউনিয়ন আছে, যাঁরা মাস অর্গানাইজেসন-এর বড়াই করেন তাঁরা ফেইল করেছেন। কিন্তু তার চেয়েও বড় কথা হচ্ছে সামসুদ্দীন সাহেব যে কথা বলেছেন। আমি তাঁকে বলি ১৯৪৭ সালের ২২এ জুলাই যে দলিল হয়েছিল সেটা ভারতবর্ষ এবং পাকিস্তান হবার আগে এবং সেই দলিলে যাঁরা সহি করেছিলেন তাঁদের কথা আর কেউ না হোক অন্ততঃ প্রফুল্ল সেন জানেন এবং সেই দলিলে মাউন্টব্যাটেন-এর স্বাক্ষর ছিল। সেই ২২এ জুলাইয়ের ঐতিহাসিক দলিলে দুটো রাজ্য হতে চলেছে, এখানে সংখ্যালঘু যাঁরা থাকবেন তাঁদের পূর্ণ মর্যাদা স্বাধীনতা নিরপত্তা দিতেই হবে। যদি না হয় তাহলে আমরা সমস্ত শক্তি প্রয়োগ করবো। কিন্তু আমি জিজ্ঞাসা করছি পূর্ব বাংলায় খুলনায় এই তাণ্ডব যখন চলল বাংলাদেশের বিধানসভার কজন মুসলমান ভাই আছেন এবং কজন ট্রেড ইউনিয়ন লীডার আছেন, কজন বামপন্থী লীডার আছেন যারা এগিয়ে গিয়ে পাঁচ সাত হাজার লোক নিয়ে ঢাকা হাই কমিশন অফিস ঘেরাও করে বলেছেন আমরা তা হতে দেব না, এই জিনিস বন্ধ কর। এ জিনিস কেউ করেননি। আজকে শুধু একথা বললে চলবে না। আমি শ্যামসুন্দর ভাইকে বলবো আপনি ২২এ জুলাইয়ের দলিলটা পড়ুন, বাড়ী ফিরে গিয়ে লিওনার মুসলের ইতিহাসটা পড়ুন আর একবার সমস্তই সেখানে দলিলে লেখা আছে। বেশী পড়তে হবে না সেই দলিলে আমি আপনি পাকিস্তানের লোক সকলেই পার্টিসান। আজ যদি খুলনায় ঘটনা ঘটে তাহলে প্রতিটি হিন্দু, মুসলমান, পার্শী, খৃষ্টান, এ্যাংলো ইন্ডিয়ান-এর দায়িত্ব রয়েছে তাদের মুখের দিকে চেয়ে কথা বলবার জন্য তেমনি এখানে যদি সংখ্যালঘুদের উপর অত্যাচার হয় তাহলে তাদের কথাও পূর্ব বাংলার লোকের বলবার অধিকার আছে because everybody is a party to this sacred international document. This document has been trampled upon by our Prime Minister, by Ayub Khan, by every man in the country who are in power today. Think of it আজকেসেই mad rush heltler skelter rush for freedom without reckoning the cause. আজকে তাই বলছি মাননীয় সদস্যকে জ্যোতিবাবু যে বললেন এক লক্ষ দু-লক্ষ আসুক এর যুক্তিটা কি আছে? এক লক্ষ লোকের বেলায় যে যুক্তি ৯২ লক্ষ লোকের বেলায়ও সেই যুক্তি।

তাহলে কি আপনার এবং আমার দলের লোকের যুক্তিটা হচ্ছে এই যে ঢাকায় যে ঘটনা হচ্ছে it only concerned one lakh of people and not more than that আবার যখন ঘটনা ঘটবে, আবার যখন সেই নারকীয় ঘটনা ঘটবে, সেই রকম জিনিস হবে, আবার তখন বলবো দু লক্ষকে নিয়ে আসুন। তা মোটেই হবে না। আজকে দেখছি এই সমস্ত ভদ্রলোকের চুক্তি সম্মানিত হচ্ছে না। অতএব আজকে বলছি যে সেখানকার সংখ্যালঘুদের ভারতবর্ষে নিয়ে আসুন এবং ভারতবর্ষে তাদের পুনর্বাসন দিন। আমি বলছি যে এই সমস্ত লোকের দায়িত্ব ভারতবর্ষকে স্বীকার করতেই হবে। আপনারা দণ্ডকারণ্যের কথা বলছেন, এটা একটা ধাপ্পা। শৈবাল গুপ্তের চিঠিতে দেখতে পাচ্ছি দু-তিনশ পরিবার সেখানে যাবার পরই রব উঠেছে ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী, আবার আপনাদের রিফিউজীতে ভরে গেছে। এভাবে দেশকে ধাপ্পা আর দেবেন কতদিন, কতদিন আর প্রতারিত করবেন? দণ্ডকারণ্য থেকে চিঠি আসছে লোক পাঠাবেন না আর এদিকে বাংলাদেশের জনসাধারণকে বলছেন দণ্ডকারণ্যে যাবে। সতীর অঙ্গের মত ছিন্ন বিচ্ছিন্ন করে নানা জায়গায় ছড়িয়ে দেবেন। মানুষের ভাগ্য নিয়ে এই জুয়াখেলা খেলতে পারবেন না, সেই আহ্বান জানাচ্ছি মুখ্যমন্ত্রী মহাশয়কে। তারপর বক্তব্য হচ্ছে আজকে এখানকার সংখ্যালঘুদের সংখ্যালঘু হিসাবে নয় ভারতবর্ষের নাগরিকদের মর্যাদা দিয়ে তাদের রক্ষা করতে হবে।" যে দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের প্রতিনিধি চাগলা সাহেব বিবৃতি দিয়েছেন সেই দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করুন। মাননীয় সামসুদ্দিন সাহেব আজকে খুব দুঃখের কথা বলেছেন। আজকে দাঙ্গার মধ্যে দিয়ে প্রথম প্রভোকেশন এল পাকিস্তানের কাছ থেকে, দ্বিতীয় প্রভোকেশন এল পুলিসের কাছ থেকে, ভূদেব সেন, নিরীহ যুবকের হত্যা হল পুলিসের হাতে। তৃতীয় প্রভোকেশন এল দিল্লীর মসনদ থেকে বিবৃতি দিতে আরম্ভ করলেন। হজরতবাল মসজিদ থেকে যখন পয়গম্বরের পবিত্র কেশ অপহৃত হল তা কি করে হল কিছুই জানলাম না

দি হোল নেশন ইজ ইন মোর্নিং এই সমস্ত বলে পাকিস্তানের যারা দাঙ্গাবাজ তাদের উস্কানি দিয়েছেন আপনাদের সরকার। তাই দায়িত্ব এড়াতে পারবেন না। এভাবে সেকুলারিজম ভ্রষ্ট করছেন। এসব কথা বলছি এজন্য ঐ যে সামসুদ্দিন সাহেব বললেন রাজনীতিতে আমি ভুলতে পারছি না যে আমি মুসলমান, কেন একথা বললেন, তার মানেই দুর্বলতা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি সচেতন থাকতে কেন না আজকে রব উঠেছে যে বাঙ্গালীদের পুলিস থেকে তাড়াতে হবে, রিফিউজীরা দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হতে চলেছে। হাবড়াতে দেখেছি কি বীভৎস অত্যাচার, নদীয়ায় ধুবুলিয়াতে ধনঞ্জয় মজুমদারকে হত্যা করে ২০ টাকা পুরস্কার দেওয়া হয়েছে। আমরা দেখেছি জেলা শাসকের কাছে লিখিত অভিযোগ যে, পুলিস লুট করছে, টাকা পয়সা সমস্ত জিনিস নিয়ে গেছে, পুলিসের জুলুম চলেছে বাংলাদেশে। আমি সঙ্গে সঙ্গে বলতে চাচ্ছি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, ১১ই ফেব্রুয়ারির পয়গমের সম্পাদকীয় পড়বেন এবং তাতে দেখবেন ধর্মনিরপেক্ষ রাষ্ট্র এসব ধোকাবাজী, এবং জাকির হোসেন সাহেবকে এবং চাগলা সাহেবকে তারা বলছেন ভারতের ক্রীতদাস। এ লেখাটা তিনি যেন পড়ে দেখেন।

[1-40—1-50 p.m.]

শ্রীকানাই পাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দেশ কি করে বিভক্ত হল, একটা জ্যান্ত বাঙ্গালী জাতি, তার ভাষা, তার সমস্ত ঐতিহ্য, এটাকে টুকরো করে দিয়ে বুকের উপর দিয়ে পাঁচিল তুলে দেওয়া হল, দুই শত্রুর শিবির চিরদিনের জন্য সৃষ্টি করা হল, তার বিশদ বিবরণ আমি দিতে চাই না। তবে এটা সম্ভব হয়েছিল এইজন্য যে, তৎকালীন জাতীয় নেতৃবৃন্দ তাঁরা ...কারের দেশের হিন্দু মুসলমান নির্বিশেষে জনসাধারণকে তাদের নিজেদের বাঁচবার দাবী ...তে শ্রেণী সংগ্রামের আহ্বান জানান নি। তাঁদের নিজের প্রয়োজনে তাঁদের হাতকে শক্তি...লী করবার জন্য যখন ডাক দিয়েছিলেন তাই সম্ভব হয়েছিল শক্তিশালী আন্দোলন হবার ...রে দেশকে এইভাবে টুকরা করা। মাননীয় স্পীকার মহাশয়, তার ফলে আজকে পাকিস্তানের ...র্বল সরকার, যখন সেখানে বাঁচার আন্দোলন জোরদার হয়ে উঠছে তখন তারা দাঙ্গার আশ্রয় ...চ্ছে। আর তার সুযোগ নেবার জন্য এই ভারতবর্ষেও প্রতিক্রিয়াশীল শক্তির কোন অভাব

আমরা দেখতে পাচ্ছি না। তাই বারবার দেশের ভিতর দাঙ্গা বাধছে। এই শোষণবাদী সমাজ ও এই সমাজের শাসনকর্তারা এই দাঙ্গা সৃষ্টি করছে নিজেদের বাঁচাবার জন্য জনসাধারণের সংগ্রামের হাত থেকে। তাই পৃথিবীর ইতিহাসে দেখা গিয়েছে হিটলার যেভাবে সেই দেশের মানুষের বাঁচবার আন্দোলনকে বিভ্রান্ত করেছে ইহুদী দলনের মধ্যে দিয়ে, রাশিয়ায় আমরা জারের আমলে দেখেছি জনসাধারণের প্রচন্ড আন্দোলনের হাত থেকে, প্রগতিশীল শক্তির হাত থেকে নিজেদের রক্ষা করবার জন্য ইহুদী দলন শুরু হয়েছিল। আর সেই অক্টোবর রেভোলিউশনের পরে আমরা দেখেছি এই দাঙ্গার ভিত্তিকে কিভাবে উপড়ে ফেলে দেওয়া হয়েছে। তাই শোষণবাদী পাকিস্তান এবং এই ভারত রাষ্ট্রে যতদিন না এই প্রতিক্রিয়াশীল শক্তিকে দমন না করতে পারা যায় ততদিন পর্যন্ত এই দাঙ্গার পুরোপুরি সমাধান হবে না। এই অবস্থায় আজকে দাঙ্গা বন্ধ করবার জন্য কতকগুলি বিশেষ কর্মপন্থার কথা আমি এই সভায় উপস্থাপিত করতে চাই। সরকারী হিসাব অনুযায়ী আমরা দেখেছি যে কলকাতায় এই হাঙ্গামায় প্রায় ১ লক্ষ লোক বাস্তুচ্যুত হয়েছে কিন্তু তার এক চতুর্থাংশও আজকে তারা তাদের বাস্তুতে ফিরে আসতে পারে নি। তাদের নিয়ে আসা এবং পুনর্বাসনের ব্যবস্থা করা, তাদের নিজেদের ঘরে আবার প্রতিষ্ঠিত করার সম্পূর্ণ দায়িত্ব সরকারকে নিতে হবে এবং সেটা পুলিশ মিলিটারির দ্বারা সম্ভব নয়, সেটা দেশের হিন্দু সাধারণকে এগিয়ে এসে সেই দায়িত্ব গ্রহণ করতে হবে। এর সঙ্গে সঙ্গে ক্ষতিগ্রস্থকে ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে এবং পূর্ব পাকিস্তান থেকে যারা আসতে চাচ্ছে তারা যেন তাদের মান-সম্মান, ধন-দৌলত যাতে নিয়ে আসতে পারে তার সম্পূর্ণ ব্যবস্থা সরকারকে করে দিতে হবে এবং আসা-যাওয়ার যে অসুবিধা আছে তা তুলে দিতে হবে। সঙ্গে সঙ্গে আজকে এই নবাগত এবং পুরানো উদ্বাস্তুদেরও সম্পূর্ণ পুনর্বাসনে দায়িত্ব এই সরকারকে নিতে হবে। আজকে এই দাঙ্গা সম্পর্কে একটা নিরপেক্ষ তদন্তের ব্যবস্থা করতে হবে এবং সরকারকে যদি এই দাঙ্গার বিরুদ্ধে দাঁড়াতে হয় তাহলে পুলিশ মিলিটারি, সরকারী কর্মচারী দিয়ে হবে না, অসাম্প্রদায়িক ভিত্তিতে সমস্ত জিনিসটা গঠন করতে হবে।

[At this stage the honourable member, having reahed his time limit, resumed his seat.]

শ্রীগিরীশচন্দ্র মাহাতঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা নিশ্চিত যে, পাকিস্তানে আজ সেখানকার সংখ্যালঘুদের স্থায়ী নিরাপত্তা বিষয়ে কোনো নিশ্চয়তা নেই। এবং সেখানের বহু সংখ্যালঘু নিরাপত্তার অভাব বোধে এখানে চলে আসতে চান। সেজন্য যাঁরা চলে আসতে চান তাঁদের আসবার সমস্ত রকম সুযোগ আজ দেওয়া দরকার। পাকিস্তানের সংখ্যালঘুদের এক বৃহৎ সংখ্যক ভারতে চলে আসতে পারেন এই দৃষ্টিতে ভারতবর্ষে তাঁদের জন্য দ্রুত, সুযোগপূর্ণ, সম্মানিত পুনর্বাসনের পরিকল্পনা, মনোভাব ও আয়োজন সুরু হওয়া চাই। লোক বিনিময়ের প্রশ্ন সরাসরি উঠতে পারে না। কারণ ভারতবর্ষে যে সংখ্যালঘুরা ভারতীয় নাগরিক হিসাবে বসবাস করছেন তাঁরা পাকিস্তানে যেতে অনিচ্ছুক থাকলে পাকিস্তানের অপরাধে তাঁদের বাধ্য করে পাকিস্তানে পাঠানোর প্রশ্ন ওঠে না। কারণ ভারতবর্ষকে নিজ সংবিধানের মর্যাদা ও সংখ্যালঘুর ন্যায়সংগত অধিকার রক্ষা করতে হবে। তবে ভারতবর্ষের সংখ্যালঘুদের কিছু সংখ্যক যদি বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে পাকিস্তানে যেতে চান তবে সেই সংখ্যক সংখ্যালঘুর সম্পত্তির সঙ্গে ভারতে আসতে ইচ্ছুক হিন্দুদের সম্পত্তির বিনিময় ব্যবস্থা করা যেতে পারে। এ বিষয়ে কতদূর কি সম্ভাবনা আছে দ্রুত ভালভাবে তার পর্যালোচনা ও তথ্য সংগ্রহ করা প্রয়োজন উপযুক্ত সুযোগ পেলে উভয় দেশ থেকেই, সংখ্যালঘুরা স্থান পরিবর্তনের আহ্বান গ্রহণ করতে পারে বিবিধ রকমের বিবেচনায়। আজ এও সত্য যে, পাকিস্তানে বিপদের সম্ভাবনার আশংকা সত্ত্বেও বিবিধ কারণে পাকিস্তানের সংখ্যালঘু সকলেই ভারতে চলে আসবেন না। সুতরাং যাঁরা সেখানে থাকবেন তাঁদের সম্পূর্ণ নিরাপত্তার জন্য ভারতবর্ষের দিক থেকে যা কিছু করবার আছে তার উপায় করা দরকার। এই দ্বিবিধ কর্মলক্ষ্যের জন্য আমাদের সামনে যে কাজ রয়েছে তা এই বিশ্ব জনমত সৃষ্টি করা ভারতের সরকারী ও বেসরকারী পক্ষ থেকে উপযুক্ত ব্যবস্থা ও সংহতি সহকারে। বিশ্ব তদারক ব্যবস্থা করা এশিয়া, আফ্রিকার শক্তিবর্গের পক্ষ থেকে শক্তিশালী তদারক কমিটি। কোনো উপযুক্ত সংস্থা থেকে শক্তিশালী তদারক কমিটি। কোনো উপযুক্ত সংস্থা থেকে থাকলে তাকে সক্রিয় ও এ বিষয়ে কার্যকরী করা। রাষ্ট্রসংঘকেও

অনুরূপ তদারকের ব্যবস্থায় সক্রিয় ও উদ্যোগী করা পাকিস্তান ও ভারতবর্ষ বিষয়ে অথবা প্রাচ্য ক্ষেত্র বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট নয় এমন কয়েকটি রাষ্ট্রে প্রতিনিধিস্বারা গঠিত তদারক কমিটি বা রাষ্ট্রসঙ্ঘের পক্ষে কাজ করবে। ভারতবর্ষ ও পাকিস্তানের জনগণের মধ্যে যোগাযোগ সম্প্রীতি প্রসার ও নিজেদের মধ্যে পারস্পরিক সরকারী ও বেসরকারী তদারক ব্যবস্থার উদ্দেশ্যে উভয় দেশের মিলিত জনগণের চেষ্টায় ক্ষেত্র রচনা করা। ভারতবর্ষের কেন্দ্রীয় শক্তির পক্ষ থেকে এইসব লক্ষ্যে দ্রুত সক্রিয় হওয়া প্রয়োজনীয় ক্ষেত্রে উপযুক্ত দৃঢ়তা ও চাপ সৃষ্টির ব্যবস্থা করা। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এইসব লক্ষ্যে উপযুক্ত দ্রুততা সহকারে ও আয়োজনে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা। এই লক্ষ্যে সর্বভারতীয় জনমত সৃষ্টি করা। সারা ভারতের অগ্রণী ব্যক্তিবর্গ, সংবাদপত্র ও বাঞ্ছিত দলসমূহের সহিত যোগাযোগ করা। সমগ্র পশ্চিমবাংলার জনশক্তিকে এই-সমস্ত লক্ষ্যে সংঘবদ্ধ করা। জনস্বার্থ বিপন্ন হতে পারে এমন দলসমূহ বা ব্যক্তিবর্গকে বাদ দিয়ে এই বিষয়ে সমগ্র বাংলার ব্যাপক জনমতকে ঐক্যবদ্ধ, সংহত ও বলিষ্ঠ করা, এই উদ্দেশ্যে উপযুক্ত সংগঠন, উপযুক্ত কর্মধারার লক্ষ্যে সমলক্ষ্যসম্পন্ন দল ও জনসমষ্ঠিকে সম্মিলিত করা।

[1-50—2 p.m.]

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: মাননীয় স্পীকার মহাশয়, আমি অবাক হয়ে যাচ্ছি যে, অনেকে এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় তাতে আমাকে মাত্র ৬ মিনিট টাইম দেওয়া হয়েছে—কি নিয়ম আমি জানি না—যাই হোক সেকথা এখন বলবার সময় নয়। আমার প্রায় বলার কথা যেসমস্ত হিন্দু যারা এখন পাকিস্তানে আছে তারা যদি এখানে চলে আসতে চায় তাহলে কোন রকম আইন কানুনের বাধা দিয়ে তাদের সেখানে রাখা উচিৎ নয়। সরকারী দায়িত্বে, সরকারী খরচে, সরকারী প্রতিশ্রুতি পালনের জন্য এই কাজ সরকারের করা কর্তব্য। এই কাজ যদি সরকার আজকে না করেন তাহলে এই রকম নৃশংসতা, হত্যাকাণ্ড, দাঙ্গা তা কোনদিনই বন্ধ হবে না। আজ যেভাবে রাষ্ট্র বা এখানকার সরকার কাজ করছেন যেখানে নারীর মর্যাদা তাঁরা রাখতে পারেননি, তাঁরা নারী হত্যা, শিশু হত্যা, মানুষ হত্যা ইত্যাদি সব বন্ধ করতে পারেননি তাতে সেখানে অপদার্থ, অকর্মণ্য সরকারের ভরসায় না থেকে হিন্দুরা যদি সেখান থেকে চলে আসতে চায় তাহলে এখুনি তাদের চলে আসবার ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে তাঁরা জনমত নিন এবং এ সম্বন্ধে বাংলাদেশের মুখ্যমন্ত্রী বাংলার নেতৃত্ব করুন। এটা কোন সাম্প্রদায়িকতার কথা নয়। আজকে সেখানে এই রকম অত্যাচার, অনাচার এবং অনেক কিছু প্রতিশ্রুতির পর যদি এই হয় তাহলে কোন আশাভরসায় আমরা ঠিক করব যে তারা সেখানে থাকুক। পয়গম্বরের পবিত্র কেশ একটুখানি হারিয়ে যাবার জন্য সমস্ত দিল্লি সরকার সন্ত্রস্ত হয়ে রাতারাতি খুঁজে বার করলেন তখন আমি অভিনন্দন জানিয়েছিলাম প্রধানমন্ত্রীকে যে এটা খুব ভাল কাজ। এই রকম যদি আন্তরিকতার সঙ্গে হিন্দু নিধনযজ্ঞ বন্ধ করার জন্য সরকার চেষ্টা করতেন তাহলে এই রকম অবস্থা হোত না। আজকে আমরা কি দেখছি না যত পারা যায় তাদের তোষণ করা হচ্ছে, প্রলেপ দেওয়া হচ্ছে। এসব সমস্যার সমাধান প্রলেপ দিয়ে হবে না। মান্যবর নন্দজী এসে যাদের মা মারা গেছে, বাপ মারা গেছে, স্বামী মারা গেছে তাদের সান্ত্বনা দিতে পারেন, কিন্তু তাতে কাজ হবে না। আজ আমরা দেখছি আমাদের দেশে দল বড়, দেশ ছোট হয়ে যাচ্ছে। কংগ্রেসকে জিয়িয়ে রাখতে হবে, শুধু দল গড়ার সমস্ত লোক এগিয়ে যাচ্ছে। অর্থাৎ মানুষ মরে মরুক, দল গড়। কিন্তু বাংলাদেশে এই রকম হওয়া উচিত নয়। আমরা দেখেছি বাস্তবিক পক্ষে সকলে সকলকে বাঁচিয়েছে—হিন্দু মুসলমানকে বাঁচিয়েছে, মুসলমান হিন্দুকে বাঁচিয়েছে এবং যতটা সম্ভব মানবতাবোধে তারা এই কাজ করেছে। আজকে আমরা দেখছি অত্যাচারে, অনাচারে, অনাহারে শেয়ালদহ স্টেসন-এ মানুষ বছরের পর বছর মরে যেতে লাগল—রাজভবন তাদের জন্য খুলেছেন, ভালমন্দ খাওয়াচ্ছেন, কিন্তু সেই শিয়ালদহ স্টেশন-এ রাজ্যপাল যাননি কেন? একথা হিন্দুদের তরফ থেকে জিজ্ঞাসা করার অধিকার আমাদের আছে। মুখ্যমন্ত্রীর বাণীর জন্য এই দাঙ্গায় এত বড় একটা কার্য ঘটেছে এবং বাহিরে সব উল্টো প্রচার হচ্ছে। আমি এই সভায় বার বার বলেছি যে বাণী বন্ধ করুন, তাঁর এক-একটা বাণী মানে চালের দাম ১০ টাকা বেড়ে যায়, এক-একটা বাণী মানে দাঙ্গার বিস্তৃতি হওয়া। তিনি ভুবনেশ্বরে বসে থাকলেন—এখানে দাঙ্গা লাগল, আগুনে পুড়তে লাগল। তারপর সেখান থেকে ফিরে এসে

বললেন গ্নলি চালাও। আই, বি, কনসার্ন-এ একটা রেজিলিউসন হল। কিন্তু এতে হবে না। বাঙালী ফাঁসীকাঠে গেছে, বাঙালী স্বাধীনতা এনেছে, স্বাধীনতার পুরোভাগে ছিল সেই বাঙালীকে এখন পিষে মারা হচ্ছে। আজকে বাঙালীকে বাঁচাবার দায়িত্ব আমাদের এই সরকারের নিতে হবে। আজকে ৫০টি মানুষ যদি আমরা এখানে থাকি, আর এক কোটি মানুষ যদি আসে তাতে কিছু হবে না। আজকে তাদের জন্য রাজভবন খুলে দেওয়া হোক। তাদের বলা হয়েছিল যে এই করা হবে, ঐ করা হবে, কিন্তু দেখলাম যে, দেশ বিভাগের পর কিছুই করা হলনা। পাঞ্জাবে এই সমস্যা নেই, কেননা পাঞ্জাবীরা সমস্ত চলে গেছে। আজকে তাই বাঙালীদের দগ্ধে দগ্ধে মারবার ব্যবস্থা বন্ধ করার ব্যবস্থা করুন।

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার স্যার, কলকাতায় সাম্প্রতিক কালে যে ঘটনা ঘটে গেল আমার মনে হয় সে বিষয়ে মাননীয় সদস্যদের সে বিষয় গভীরভাবে চিন্তা করে দেখা দরকার, দেখা দরকার কারণ কেন গন্ডগোল হয়েছিল এবং ভবিষ্যতে কি করে এ বন্ধ করা যেতে পারে। আমরা দাঙ্গা দেখেছি, ১৯৫০-এ যে রায়ট হয়েছিল সে রায়টও দেখেছিলাম এবং এ রায়টও দেখলাম। দেখে মনে হ'ল অবস্থা ক্রমশ যেন খারাপের দিকে যাচ্ছে। তখন যে ঘটনা ঘটেছিল সে সম্বন্ধে কিছু বলেন নি, বা এবারে যে যতই বলুন না কেন কলকাতায় কিছু হয় নি যারা বিভিন্ন উপদ্রুত এলাকাগুলি দেখেছেন তাঁরা নিশ্চয়ই দেখবেন যে, কি ব্যাপক ঘটনা ঘটছে, এবং সেটা যদি কারো মনে হয় কিছু হয়নি তাহলে আলাদা, তবে আমার মনে হয় যথেষ্ট কিছু হয়েছে এবং শুধু কলকাতায় নয় মফস্বলের হাবড়া থেকে ওধারে মধ্যমগ্রামের মধ্যে প্রায় ১৫০টা গ্রাম জ্বালিয়েছে। কলিকাতায় ১৯/২০টা ফ্যাক্টরীতে আগুন লেগেছে, এবং এ ছাড়া প্রাণহানী হয়েছে যে কত তা গভর্নমেণ্ট-এর কাছ থেকে সঠিক খবর না পেলে বলা যায় না। আমার মনে হয় বহু লোক প্রায় ১০০ জন লোক মারা গেছে। এখানে বলা হ'চ্ছে যে পাকিস্তানের প্রতিক্রিয়া হিসাবে এই ঘটনা ঘটেছে। স্বীকার করি প্রতিক্রিয়া হিসাবে হয়েছে। কিন্তু আমার মনে হয় কেন, এই প্রতিক্রিয়া, পাকিস্তান একটা ইস্‌লামিক ষ্টেট্, তারা ভারত বিরোধী একটা পথ গ্রহণ করেছে এবং তারা সেই ভাবেই চলছে, কিন্তু আমরা যদি সেইভাবে চলি তাহলে আমাদের আর সেকিউলার স্টেট কি হ'ল এটাই হ'ল আমার কথা? এটা আজকে ধীরভাবে চিন্তা করে দেখা দরকার। পাকিস্তান যা করে তাই যদি আমরা করি তাহলে আমরা গর্ব করবো কি করে যে আমরা সেকিউলার স্টেট। এখানে যে দাঙ্গা হয়েছে এবং মাইনরিটির উপর যেভাবে অত্যাচার হয়েছে তার জন্য আমরাও নিন্দা করছি। আমরা ষ্টেটমেণ্ট দিয়েছি খবরের কাগজে, কিন্তু তা ছাপা হয়নি, ছাপা হ'লে আপনারা দেখতে পেতেন। খুলনায় যে ঘটনা ঘটেছে এবং তার প্রতিক্রিয়া হিসাবে আমরা আশাকরি না যে, সেকিউলার স্টেট-এও সে ঘটনা ঘটুক, কিন্তু এরূপ ঘটনা ঘটেছে দেখছি, এবং পুলিসের সেখানে যে ভূমিকা, সে ভূমিকা দেখে মনে হয়েছিল সরকার যেন নিষ্ক্রিয় ছিল। আজ নানারকমের প্রশ্ন আমাদের সামনে আসে। যখন ২/৩ দিন দাঙ্গা হ'ল, তখন সরকার যদি দাঙ্গা দমন করবার চেষ্টা করতেন তাহলে তা পারতেন, কিন্তু আমরা দেখেছি সরকারের সেখানে দমন করবার যে সদিচ্ছা সে সদিচ্ছার অভাব ছিল, এবং পুলিসের নিষ্ক্রিয়তায় আমরা দেখেছি যে কিভাবে যে পুলিশ ফেল করেছে। এ ব্যাপারে সঠিকভাবে তদন্ত করা দরকার বলে মনে করি, এবং যারা সমাজের চিন্তা করেন তাঁদেরও ধীরভাবে এটা চিন্তা করে দেখতে হবে। এই রায়ট-এ কারা অংশ গ্রহণ করেছিল এবং কেনই-বা অংশ গ্রহণ করেছিল এই সমস্ত চিন্তা ভালভাবে তাদের করার প্রয়োজনীয়তা আছে। কেননা আমাদের এটা যখন সেকিউলার স্টেট, আমরা যখন প্রচার করি আমরা শিক্ষিত এবং গর্ব করি শিক্ষিত জাতী হিসাবে, আমরা শিক্ষাদীক্ষায় বড় একথা যেন ভুলে না যাই, আমাদের এ সব চিন্তা করে দেখা দরকার যে এ ধরণের রায়ট ভবিষ্যতে কি করে বন্ধ করা যায়, গণতন্ত্র ইত্যাদির মাধ্যমে এই সমস্ত দূর করা যেতে পারে, এটা সকলেই স্বীকার করবেন এবং এ চিন্তা সকলের মনেই আসে যে আমরা গণতান্ত্রিক শক্তির মাধ্যমে এই রায়ট বন্ধ করবো, মাননীয় অধ্যক্ষ মহাশয় বিভিন্ন সংবাদপত্রে যে সংবাদ ছাপান হয়েছে তাতে কিছুটা উত্তেজনার সৃষ্টি হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আমাদের মিটিং হয়, সেখানেও স্বীকার করা হয় যে সংবাদপত্রের এ সব খবর বন্ধ করা দরকার, আমাদেরও মনে হয় এটার প্রতিবাদ করতে হবে। আমি গতকাল সপ্তমগ্রামের দিকে

গিয়েছিলাম—সেখানে আমি শুনলাম যে মাননীয় তরুণকান্তি ঘোষ মহাশয় ১১ তারিখে তাঁর এলাকাতে গিয়েছিলেন। কিন্তু তাঁর বক্তব্য হোল যে তিনি ১১ তারিখে সেখানি গিয়েছিলেন কিন্তু রায়ট বন্ধ করতে পারেন নি। এই বিষয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করি যে এটা তিনি করতে পারতেন। আমি যে কথাগুলি বল্লাম সেইকথাগুলি একটু চিন্তা করে আপনি দেখবেন।

[2—2-10 p.m.]

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ মাননীয় স্পীকার মহোদয় সত্যই আমি পূর্ববাংলার লোক। ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট তারিখে সীমান্ত অতিক্রম করে এখানে চলে আসি। এবং এখানকার নাগরিক রাইট নিয়ে এখানে বসবাস করছি। এটা ঠিক যে এবারকার পূর্ববাংলার দাঙ্গায় আমার যারা নিকটতম আত্মীয় সেখানে আছে তাদের অনেকে জীবন হারিয়েছেন—কেউ কেউ তারা সর্বস্ব হারিয়ে এখানে আসবার সেখানকার ক্যাম্পে আছে। এবং সেজন্য গভীর বেদনায় গভীর দুঃখে এবং আমার অন্তরের যে মত যে দাবী তা উত্থাপন করেছি। আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকার আশাকরি সেই কয়টি দাবী মেনে নেবেন। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হয় সেই দাবী না মেনে তারা যেন হিপক্রাটিক এ্যাটিচিউড নিয়েছেন। দাবী ছিল যে পূর্ববাংলা থেকে যারা আসতে চান—তাদের প্রত্যেকনক সেখান থেকে নিয়ে আসতে হবে। ফ্রি ট্রানজিট চেয়েছিলাম। আমি জানি—আমি চিঠি পেয়েছি ঢাকা নারায়ণগঞ্জের ক্যাম্পে বা ঐ গ্রামাঞ্চলের মানুষ সেই ক্যাম্পে দরখাস্ত করে বসে আছে। বেশ খানিকটা দুঃখ নিয়ে আপনার কাছে এই বক্তব্য পেশ করছি। ১৯৪৭ সালে কংগ্রেস এবং মুসলিম লীগ দেশ বিভাগ করে সেই দিন যে পাপ করেছিল আজকে পূর্ববাংলার লক্ষ লক্ষ মানুষ তার প্রায়শ্চিত্ত করছে। ১৯৫০ সালে পূর্ববাংলায় যে নৃশংস দাঙ্গা হয়েছিল সেই দাঙ্গার পরে এবারকার মধ্যে আর এতবড় দাঙ্গা আর আমরা দেখি নি। আমরা আশা করেছিলাম যে পশ্চিমবাংলার সমগ্র মানুষের তরফ থেকে এর একটা কিছু ব্যবস্থা হবে। ছাড়পত্র নেবার জন্য যারা সর্বস্ব হারিয়ে যারা ক্যাম্পে রয়েছে—ক্যাম্পের বাইরে আসবার যাদের ক্ষমতা নেই—তারা কিভাবে ছাড়পত্র পাবে আমি জানি না। আমি টেলিগ্রাম করেছিলাম যে তাদের ক্ষেত্রে অন্তত ফ্রি ট্রানজিট-এর ব্যবস্থা করা হোক—তাদের ভারতবর্ষে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক। হোম মিনিষ্টারের কাছে পণ্ডিত নেহেরুর কাছে টেলিগ্রাম করেছিলাম কিন্তু তার কোন জবাব পাই নি। যেসব আত্মীয়-স্বজনের সংবাদ আমি পাই নি পূর্ববাংলার ডেপুটি হাইকমিশনারের কাছে ঢাকাতে টেলিগ্রাফ করেছিলাম, কিন্তু সে অফিসও নিরব—কোন সংবাদ তারা দিচ্ছে না। আমি জানি চিঠিপত্রের মাধ্যমে এবং আমি যা খবর পেয়েছি তার মাধ্যমে যে যশোরে, খুলনায়, ঢাকায়, ময়মনসিংহে, নারায়ণগঞ্জে, নোয়াখালিতে সেখানে বিভিন্ন জায়গায় লক্ষ লক্ষ মানুষ সর্বস্ব হারিয়ে তাবা ক্যাম্পে আশ্রয় নিয়েছে এবং সেখানে যাঁরা আছেন সেখানে কোন ব্যবস্থা নেই—চাল, ডাল সিদ্ধ করবার জন্য তেল, আগুন পর্যন্ত সেখানে নেই—সেখানে তারা জল দিয়ে ভিজিয়ে খেয়েছেন। অনেকে মারা গেছেন এবং অনেকে অসুস্থ হয়েছে। আজকে নন্দজী তাঁর যে স্টেটমেণ্ট সংবাদপত্রে বেরিয়েছে তার মধ্যে দেখতে পাবেন যে সেখানে রিলিফ ক্যাম্পের মধ্যে নানা রকম অশুভতা নির্যাতনে অনেকে মারা গেছেন।

১৯৪৭ সালে মুসলিম লিগ এবং কংগ্রেসের নেতৃস্থানীয় লোকেরা যখন মসনদে ছিলেন তখন তাঁরা পূর্ববাংলার মানুষকে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তাঁরা তাদের সুখ, দুঃখ এবং বেদনার অংশীদার হবেন। তাদের বলেছিলেন দুঃখের দিনে, বেদনার দিনে, তোমরা যখন অপমানিত হবে তখন এখানে চলে আসার জন্য দ্বার খোলা থাকবে, পুনর্বসতির সমস্ত ব্যবস্থা করে দেব এবং এখানকার মানুষের মত বাস করতে পারবে। আজ আমি মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই যে, কোথায় ভেসে গেল সেই প্রতিশ্রুতি? আজকে আপনারা বলছেন খানিকটা ইজ করে দেব—শিথিল করে দেব। কিন্তু নারায়ণগঞ্জের এক নম্বর কটন মিলের মধ্যে যে ৪০ হাজার লোক আছে তারা কিভাবে দরখাস্ত করবে? ফতুল্লা থেকে আরম্ভ করে ঢাকা সহর পর্যন্ত ২০।৩০ মাইল দূরে ক্যাম্পের মধ্যে যে নিরাশ্রয়, সর্বহারা মানুষরা আছে তারা বিনাপয়সায় ঢাকা পর্যন্ত এসে কি করে ছাড়পত্র পাবে? আজ আপনারা কুম্ভীরাশ্রু

ফেলছেন, কিন্তু সেদিন ক্ষমতার লোভে, সিংহাসনের লোভে বাংলাদেশের ঐ মানুষগুলোকে আপনারা ত্যাগ করেছিলেন। কাজেই আপনাদের যদি মনুষ্যত্ব থাকে, বিবেক বলে কোন পদার্থ থাকে তাহলে ঐ অবরুদ্ধ মানুষগুলোকে ফিরিয়ে নিয়ে আসুন যারা তিলে তিলে মরে যাচ্ছে, নির্যাতনে মরে যাচ্ছে। স্যার, আমি মুখ্যমন্ত্রীর কাছে আমার বেদনার কথা, দুঃখের কথা, ক্ষুব্ধ চিত্তের কথা বলছি কারণ আমি জানি লক্ষ লক্ষ মানুষ ছাড়পত্রের জন্য সেখানে বসে আছে। এখন থেকে ইনকোয়ারি কর, দরখাস্ত কর, এফিডেভিট কর, এখান থেকে সার্টিফিকেট কর, তোমরা সমস্ত খরচ বহন কর—কেন্দ্রীয় সরকারের কাছে ভিক্ষা করব না এই প্রতিশ্রুতি না দিলে তাদের ফিরে আসার পথ থাকে না। স্যার, ডেপুটি হাইকমিশনার যিনি আছেন তিনি দাম্ভিকতার সংগে মানুষকে অপমান করেন। তিনি যে এমন কথা বলতে সাহস করেন তার কারণ হচ্ছে এখানকার এই সরকারের নীতি। ওখানকার বেদনাহত, বিক্ষুব্ধ, নির্যাতিত মানুষরা আপনাদের কাছে আশ্রয় ভিক্ষা চাচ্ছে, কিন্তু আপনারা এতই কাপুরুষ যে, দরজা বন্ধ করে দিয়ে তাদের শ্বাসরোধ করে মারবার চেষ্টা করছেন। স্যার, এ'দের এই হীন চক্রান্তের প্রতি, এই আমলাতান্ত্রিক নীতির প্রতি এবং দেশের মানুষের প্রতি এই যে নিষ্ঠুর মনোভাব তার প্রতি আমি চরম ধিক্কার জানাই। এর সংগে সংগে আর একটা কথা বলতে চাই যে, পূর্ববাংলার মানুষকে আপনারা যেমন রক্ষা করতে পারেননি, তাদের আশ্রয় দেবার জন্য আপনাদের মন কাঁদেনি ঠিক সেইভাবে এখানে যেসব নিরীহ মুসলমান মারা গেছে তার কারণ হচ্ছে তাদের নিয়ে আপনারা রাজনীতি করেছেন, তাদের রক্ষা করতে পারেননি। ২৭এ ডিসেম্বর কাশ্মীরে পয়গম্বরের কেশ চুরি গেল তার জন্য আপনারা অশ্রু বিসর্জন করলেন, কিন্তু তার জন্য কি প্রিভেন্টিভ মেজার নিয়েছিলেন, কি স্টেপ নিয়েছিলেন, প্রিভেনসন অব কম্যুনাল রায়ট তার জন্য কি করেছিলেন? খুলনা শহরে, দৌলতপুর এলাকার আশেপাশের অঞ্চলে ৩রা জানুয়ারী যখন রায়ট দেখা দিল তার জন্য ৬ই তারিখে পশ্চিমবাংলার ২।৪ জন মানুষ মুসলমানদের বিরুদ্ধে ক্ষেপে উঠল। কই ৬ই তারিখে আপনারা তো তাদের বাঁচাবার চেষ্টা করেননি? ৬ই থেকে ১১ই তারিখ পর্যন্ত কেটে গেল আপনাদের কনফারেন্স থেকে কোলকাতায় ফিরে আসতে আপনারা সময় পেলেন না। নিরীহ মুসলমানদের উপর যখন আঘাত হানল তখনও আপনারা কনফারেন্স করছেন। আপনাদের পুলিস যদি ঠিকভাবে স্টেপ নিত, অ্যাকসান নিত তাহলে মানুষের উপর এইভাবে অত্যাচার হোত না। যাহোক্, মুসলমানদের উপর এই অত্যাচার করবার জন্য আমি কংগ্রেস সরকারকে দায়ী করি।

[2-10—2-20 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় কাশীকান্তবাবু জ্যোতিবাবুর কথার উত্তরে যে কথা বলেছেন তাতে আমি আশ্বস্ত হচ্ছি। তিনি বলেছেন মাত্র দু লক্ষ লোককে জ্যোতিবাবু আসার কথা বলেছেন। জ্যোতিবাবুর কথা তা নয়, যাঁরা আসতে চান তাদের আসার ব্যবস্থা করতে হবে একথাই তিনি বলেছেন। কিন্তু যাঁরা আসতে চাননা তাদেরও নিয়ে আসতে হবে এমনটা বোধ হয় কাশীকান্তবাবু দাবী করবে না। প্রশ্নটা সেখানে যেভাবে দাঁড়িয়েছে তাতে পাকিস্তানে আবার দাংগা হবে কারণ সাম্প্রদায়িক-উন্মত্তা প্রচার করাই সেখানকার শাসকশ্রেণীর নীতি। সেখানকার সংখ্যালঘুদের আশ্বস্ত করবার জন্য তাদের আশ্বাস দেবার জন্য আমাদের দ্বার এমনভাবে খোলা রাখা দরকার যে তারা যাতে বুঝে যে তাদের জন্য দ্বার খোলা আছে তারা প্রয়োজনবোধ করলে চলে আসতে পারবে। এবং তার জন্য যথাসাধ্য পুনর্বাসনের ব্যবস্থা করা দরকার। কিন্তু শ্রীনন্দ যে বিবৃতি দিয়েছেন তাতে সেই আশ্বাস প্রায় নাকচ হয়ে গেছে। কাজেই বক্তব্য হচ্ছে দলমত নির্বিশেষে সমস্ত মানুষ ঐক্যবদ্ধ হয়ে যেন দাবী করতে পারি তোমার এই ছিটে ফোঁটা কৃপা দূর কর, মানুষের যা প্রয়োজন তার ব্যবস্থা কর, তা না হলে সমস্ত পশ্চিমবাংলা তোমার বিরুদ্ধে দাঁড়াবে। আমি আমার সামান্য সময়ের মধ্যে পূর্ববংগের উন্মত্ততার উপর বিশেষ কিছু বলবো না, কারণ সে ব্যাপার এখানকার সংবাদপত্রে অনেক পরিমাণে বেরিয়েছে। আমি আমার এখানকার সাম্প্রদায়িক উন্মত্ততার কথাই বলবো। কারণ এখানকার ঘটনা সংবাদপত্রে বিশেষ স্থান পায়নি, দুঃখের হলেও, লজ্জার হলেও কলকাতা সহরে দাঁড়িয়ে তা স্বীকার করতে হবে। দাংগার সময় সকালবেলা একটা জনবহুল রাস্তা দিয়ে চলেছিলাম। সবে তখন দাংগা সুরু হয়েছে। রাত্রিবেলা পুলিশের খাতায় নাম লেখা আছে

যে গুন্ডার দল তারা সংখ্যালঘুর দোকানপাট লুট করে নিয়েছে। ভাঙ্গা দরজা তার সাক্ষী। তারপর ছোট ছোট কচি কচি ছেলেপিলেরা সেই দোকানে ঢুকে লুণ্ঠিতাবশিষ্ট নিয়ে আসছে, কাপ ডিস নিয়ে আসছে, আর তিনজন লাঠিয়ালধারী পুলিশ দাঁড়িয়ে দাঁড়িয়ে তা দেখছে। তারপর সেই ছেলেপিলের দল ফিরে গেছে তাদের পাড়ায় এবং তারেদ ঘিরে দাঁড়িয়েছে সেই সমস্ত মানুষগুলো, যাদের নাম পুলিশের খাতায় আছে, লুঠ করেছে এবং তাদের কাছ থেকে তারিফ আদায়ের চেষ্টা করছে এই বলে দেখ দাদা আমরা কিরকম বীর হয়েছি, কাপ, ডিশ, আনতে পেরেছি এবং কোন দাদা কটা মুসলমান কেটেছে তাই নিয়ে সরলমতি ছেলেরা গল্প করেছে আলোচনা করেছে। আমি তাদের দোষ দিইনা কারণ সমাজ কয়েক দিনের জন্য উন্মত্ত হয়ে গেছল এবং তারা ছেলেপিলেদের শাসন করতে ভুলে গেছল। যে মানুষগুলিকে ঘৃণা করতাম, যে মানুষগুলি বাড়ীর বৌ ঝি-এর পেছনে অশ্লীল উক্তি করত বলে ঘৃণ্য ছিল, সামান্য উন্মত্ততার মধ্যে তারাই বীর হয়ে দাঁড়িয়েছিল, তাদের বিরুদ্ধে বুক ফুলিয়ে কথা বলার সাহস অনেকেরই হয়নি সাম্প্রদায়িক উন্মত্ততায়।

স্পীকার মহাশয়, আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে গণতন্ত্র এবং এই সমস্ত জিনিষ আকাঙ্ক্ষিত তো বটেই কিন্তু তার চেয়ে অনেক প্রাচীন আমার সমাজের সভ্যতা, সমাজের সংস্কৃতি, এই সমস্তই সাম্প্রদায়িক উন্মত্ততায় অপসৃত হতে বসেছিল, তা চোখের সামনে দেখেছি। কাজেই যা ঘটেছে তার জন্য সরকারের কিছু কিছু দায়িত্ব নিশ্চয়ই আছে তা আমরা বিবেচনা করবো তবে সঙ্গে সঙ্গে আমাদের নিজেদের দায়িত্বের কথাও যেন ভুলে না যাই যে এই সভ্যতার অপমৃত্যুকে অন্ততঃ সাময়িকভাবে আমরা বাঁচাবার ব্যবস্থা করতে পারি। একে অপরকে নিন্দা করে লাভ নাই। উন্মত্ততার স্রোতে আমরা ভেসে গেছলাম অথবা তাতে আমরা হস্তক্ষেপ করিনি। অনেকেই একথা বলেছে পুলিশ গোড়ার দিকে দাঙ্গায়, নিষ্ক্রীয় ছিল, সহায়তা করেছিল। আমাদের মুখ্যমন্ত্রী ভুবনেশ্বর থেকে ফিরে এসে প্রেস কনফারেন্স করে খুব গর্ব করে বল্লেন যে আমরা ৪২০ জনকে গ্রেপ্তার করেছি। যেখানে সামান্য ষ্ট্রাইক-এ একটা কারখানায় ৪২০ জন গ্রেপ্তার হয় এই দাঙ্গায় ৪২০ জনকে গ্রেপ্তার করেই মনে করলেন প্রচন্ড কাজ করেছি। পুলিশ কিছুই করেনি যতক্ষণ না নন্দজী এসেছেন। তিনি এসে দাঙ্গা থামাবার জন্য আন্তরিকভাবে চেষ্টা করেছেন সেজন্য তাঁকে ধন্যবাদ দিই। কিন্তু তার আগে সরকারী শাসনযন্ত্র পুলিশ কিছুই করেনি, চোখের সামনে তা দেখেছি। আমরা আরও দেখেছি যে সমস্ত সাম্প্রদায়িক নেতা ছিলেন তাদের কোথায় বন্ধ করবেন না, অবাক হয়ে দেখলাম শান্তি মিছিলে তাদের স্থান দিলেন। শান্তি-মিছিলে সাম্প্রদায়িক উন্মত্ততা প্রচারকারীরাই সেই মিছিলের ধারক ও বাহক হয়ে উঠল। আমরা আরো দেখেছি যে খবরের কাগজ, বিশেষ করে কতকগুলি খবরের কাগজ, যার প্রধান নেতা "আনন্দ বাজার পত্রিকা," দিনের পর দিন খোলা মনে, বিনা বাধায়, সাম্প্রদায়িক উন্মত্ততা প্রচার করে যাচ্ছে, এখনও করছে। তাকে বন্ধ করবার জন্যে, নিষিদ্ধ করবার জন্যে, তাকে থামাবার জন্যে, কি প্রচেষ্টা, কি ক্ষীণ প্রচেষ্টা, সরকারের তরফ থেকে হয়েছে তা দেখে আমরাই অবাক হয়ে গিয়েছি। এমন কি সেই কাগজে এই সাহসও হয়েছে যে, হুমায়ুন কবীর, কেন্দ্রীয় মন্ত্রী, তিনি পাকিস্থানী বলে সেই কাগজে প্রকাশ্যভাবে লেখা হয়। দাঙ্গার পরিস্থিতিতে একজন ভারতীয় নাগরিককে পাকিস্থানী বলে লেখার অর্থই হল ইনসাইটমেন্ট টু মার্ডার। হুমায়ুন কবীরের প্রতি আমাদের কোন প্রীতি নেই, তিনি যে সরকারের যে নীতি পরিচালনা করেন তার বহু নীতির বিরুদ্ধে আমাদের প্রচন্ড আপত্তি আছে কিন্তু যেখানে তিনি একজন ভারতবর্ষের মুসলমান হলেও ভারতবর্ষের নাগরিক সেখানে সেই মানুষকে দাঙ্গার পরিস্থিতিতে কোন সংবাদপত্র যদি পাকিস্তানী নাগরিক বলে ইঙ্গিত করবার সুযোগ পায়, তাকে হত্যা করবার, ইনসাইটমেন্ট করবার সুযোগ পায়, তার অর্থ হুমায়ুন কবীর নয় তার অর্থ এখানে প্রত্যেক মুসলমান নাগরিকের জীবন বিপন্ন হতে পারে। এই সমস্ত সাম্প্রদায়িকতা ব্যবসায়ী সংবাদপত্রের কাছে আমাদের মুখ্যমন্ত্রী আনন্দবাজারের সম্পাদককে ডেকে অতি বিনীতভাবে তাঁকে অনুরোধ করেছেন, অতি মোলায়েমভাবে, যে বাবা অশোক এটি করবে না। তিনি তাতে কর্ণপাত না করে, আজকের কাগজেও দেখবেন, আনন্দবাজারে বেরিয়েছে, তা তারা ঐ সব লিখে দেশের খুব উপকার করেছেন এবং তারজন্য তিনি নানা লোকের কাছ থেকে সই সংগ্রহ করে চিঠি ছাপিয়ে সেই প্রচারকে আরো ফুলিয়ে ফাঁপিয়ে প্রচার করছেন। কাজেই আমার বক্তব্য হল এই যে, এখানকার সরকারী প্রশাসন যন্ত্র,

বার ঐ দাঙ্গার উন্মত্ততা রোধ করবার জন্যে যে পরিমাণ সক্রিয় হওয়া প্রয়োজন ছিল সেই পরিমাণ সক্রিয় হয়নি। তার সঙ্গে সঙ্গে সাময়িকভাবে আমাদের মনের মধ্যে যে দুর্বলতা এসেছিল সেই সমস্ত মিলিয়ে এই যে ক্ষত হয়েছে সেই ক্ষতকে উপশম করবার জন্য আমরা যদি সকলে মিলে প্রচেষ্টায় নামতে পারি তবেই উপশম হতে পারে নইলে ঐ আমাদের শিশু থেকে বৃদ্ধ পর্যন্ত সকলের মনেই একটা দাগ থেকে যাবে।

[2-20—2-30 p.m.]

The Hon'ble Tarun Kanti Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে জ্যোতিবাবুর যে এ্যাডজোর্ণমেণ্ট মোশন-এর উপর আমরা আলোচনা করছি তা যে অত্যন্ত গুরুত্বপূর্ণ সে সম্পর্কে আমাদের কারুর কোন সন্দেহ নাই। শুধু গুরুত্বপূর্ণ বললে ভুল বলা হবে। সমগ্র ভারতবর্ষের চিন্তাশীল মানুষের মনকে আজকে এই জিনিস নাড়া দিয়েছে এবং আজকে সমস্ত মানুষ এই নিয়ে আলোচনা করছে। ১৭ বৎসর আগে যখন দেশ বিভাগ হয়েছিল, তা যে-কোন কারণেই হোক, দেশ বিভাগের সময় এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে, যারা পাকিস্তানে থাকবে তাদের পাকিস্তানের সরকার এবং যারা ভারতবর্ষে থাকবে তাদের ভারতবর্ষের সরকার রক্ষণাবেক্ষণ করবে এবং তারা যাতে মান সম্মান নিয়ে বাঁচতে পারে তার সম্পূর্ণ সুযোগ দিবার দায়িত্ব গ্রহণ করবে। কিন্তু স্বাধীনতা প্রাপ্তির পরে যেখানে যেসমস্ত ঘটনা ঘটছে তাতে এই কথা প্রমাণ হয়েছে যেখানে যেসমস্ত সংখ্যালঘু বাস করে তাদের নিরাপত্তা নাই, ৯৩ লক্ষ সংখ্যালঘু যে এখনও সেখানে বেঁচে আছে এটাই আশ্চর্য। সেখানে সাম্প্রদায়িক জিগীর তুলে মানুষে মানুষে বিভেদ সৃষ্টি করে শাসন-চক্র কায়েম রাখার চেষ্টা করা হচ্ছে এবং তারা সাম্প্রদায়িক নীতি গ্রহণ করেছে জনসাধারণকে দাবিয়ে রাখবার জন্য, জনসাধারণের দাবিকে ঠেলে রাখবার জন্য এবং যখনই সেখানে জনসাধারণের মধ্যে থেকে কোন ন্যায্য দাবী উঠেছে তখনই সেটাকে হিন্দু বিদ্বেষে এবং ভারত বিদ্বেষে রূপায়িত করার চেষ্টা হয়েছে। তার ফলে আজকে নতুন করে খুলনা ও যশোহরেই শুধু যে দাঙ্গা হয়েছে তা নয় ঢাকা, নারায়ণগঞ্জ প্রভৃতি জায়গায়ও মর্ম্মবিদারক ঘটনা অনুষ্ঠিত হয়েছে, গত ১৭ বৎসর ধরে এই ঘটনা অবিচ্ছিন্নভাবে চলেছে যার ফলে সেখানকার অন্ততঃ ৪৫ লক্ষ থেকে ৫০ লক্ষ মানুষ ঘরবাড়ী সমস্ত কিছু ছেড়ে দিয়ে এখানে এসে আশ্রয় গ্রহণ করতে বাধ্য হয়েছে। মানুষ নিজের জন্মভূমি, পৈত্রিক সম্পত্তি ইত্যাদি কখনো ইচ্ছা করে ছেড়ে দিয়ে চলে আসে না, যদি না বাধ্য হয়। এর থেকেই প্রমাণ হয়, আজ পাকিস্তান সরকার সংখ্যালঘুদের বের করে দেওয়ারই ষড়যন্ত্র করেছে, এবং যখনই তাদের কোন অসুবিধার সৃষ্টি হয়েছে তারা এ রাজ্যে চলে এসেছে। ১॥ বৎসর আগে তারা রাজসাহী থেকে কয়েক হাজার সাঁওতালকে বিতাড়িত করেছিল এবং তারা তাদের জীবন নিয়ে পালিয়ে এসে আমাদের রাষ্ট্রে আশ্রয় গ্রহণ করেছিল। এবার হজরতবল মসজিদের পবিত্র কেশ চুরি গেল, এবং তারপর সেখানকার হাজার হাজার মানুষের উপর অত্যাচার হল, আমরা জানি না কত লোক খুন হয়েছে, এবং তার প্রভাব শুধু যে খুলনা ও যশোহর জেলাতেই বিস্তৃত হয়েছিল তা নয়, নারায়ণগঞ্জ এবং ঢাকায় তার বেশি ভয়াবহ ঘটনা ঘটে গেল। সংবাদপত্রের মারফৎ যে খবর আমাদের কাছে এসেছে তাতে ১ হাজার লোক মারা গিয়েছে, না তার ৪।৫ গুণ মারা গিয়েছে সেই তথ্য এখনো উদ্ঘাটিত হয় নি। আমরা এই কথা জোর গলায় পৃথিবীর সামনে ঘোষণা করব পাকিস্তানের সরকার সভ্য সরকার বলে পরিগণিত হবার উপযুক্ত নয়। পাকিস্তানী সরকার শুধু যে সংখ্যালঘুদের দায়িত্ব গ্রহণ করতে পারেনি তা নয়, বারে বারে প্ররোচনা দিয়ে তাদের উপর অত্যাচার করিয়েছে। আজকে আমরা দেখতে পাই যে, আমাদের ভারত সরকারের প্রচার যন্ত্রের দুর্বলতার জন্য পৃথিবীর মানুষ একথা ভাল করে জানে না। আজকে আমরা জানি না কে আমাদের কতটুকু বন্ধু। কাশ্মীরের ঘটনায় আজকে আমরা বুঝতে পারছি, এবং একথা আমাদের বুঝতে হবে যে, ভারতবর্ষের বন্ধু খুব কম রয়েছে—আমরা নিজেরাই নিজেদের বন্ধু, ৪৫ কোটি মানুষ আমরা, আমরাই আমাদের বন্ধু। আরেকটা কথা আমি জোর দিয়ে বলতে চাই, আজকে যদি আমরা শক্তি অর্জন করতে পারি—কই, আজকে তো কোন আমেরিকানের উপর কেউ অত্যাচার করতে পারে না, তবে আমাদের ওপারের সংখ্যালঘুদের

উপরই বা কেন বারে বারে অত্যাচার হবে—সুতরাং আমাদের শক্তি অর্জন করতে হবে। অতএব, আজকের দিনে ওখানকার সংখ্যালঘুদের নিরাপত্তার অভাবের জন্য যেমন পাকিস্তানী সরকারকে বর্বর সরকার বলব তেমনি বলব আমাদের যে একতা ও ঐক্যবোধকে আরো শক্তিশালী করার দরকার ছিল, তা আমরা করতে পারিনি। আজকে পাকিস্তানের সংখ্যালঘুদের এখানে নিয়ে আসাকে মন্দের ভালো হিসাবে আমাদের গ্রহণ করতে হবে। ভারত সরকারের কাছে—নন্দা সাহেব এবং শ্রীকৃষ্ণমাচারী যখন এখানে এসেছিলেন তখন আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের প্রাদেশিক কংগ্রেসের নেতা অতুল্যবাবু এই দাবীই তাঁদের কাছে রেখেছিলেন যে, সংখ্যালঘুদের মধ্যে যারা চলে আসতে তৈরী, তাদের প্রত্যেককে এখানে নিয়ে আসতে হবে। যদি তারা সেখানে সম্মানের সঙ্গে বাস না করতে পারে তবে তাদের নিয়ে আসাই উচিত। বর্তমানে যারা সেখানে থেকে যাবে তাদের ফেজ্‌ড্‌ প্রোগ্রাম আনার ব্যবস্থা করতে হবে। একটা কথা আমাদের ভুলে গেলে চলবে না যে, এই নিয়ে যদি আমাদের এখানে সমাজবিরোধী লোকেরা বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করে তাহলে ভারতে আমরা যে গণতান্ত্রিক সমাজতন্ত্র রচনার চেষ্টা করছি তা ব্যাহত হতে পারে।

অতএব এই প্রশ্ন শুধু পাকিস্তানের আভ্যন্তরীণ প্রশ্ন বললে চলবে না এবং আজ বক্তৃতা দিয়ে সমগ্র বাংলার হৃদয় কম্পিত হচ্ছে—এইভাবে এটাকে ছোট করে দেখলেও হবে না। সমস্ত ভারতবর্ষের এটা একটা পবিত্র দায়িত্ব, ভারত সরকারের কথা বলব না, বলব সমস্ত ভারতবর্ষের যে ৪০ কোটি লোক রয়েছে হিন্দু মুসলমান প্রত্যেকের দায়িত্ব এ জিনিস দেখা। অর্থাৎ সেখানকার সংখ্যালঘু হয় সেখানে সম্মানের সঙ্গে বাস করবে, আর না হয় এখানে এলে সম্মানের সঙ্গে বাস করবার ব্যবস্থা করতে হবে। ভারতবর্ষ যখন স্বাধীন হয়েছিল তখন ছিল ৩০ কোটি লোক, এখন ৪০ কোটি লোক যদি হয় তার সঙ্গে আরও ৫ কোটি এলে এমন কিছু মহাভারত অশুদ্ধ হবে না। এটা ঠিক প্রতি বছর ৮০ লক্ষ করে লোক বাড়ছে, সেখানে যদি ১ কোটি করে লোক বাড়ে তাহলে ভারতবর্ষ নিশ্চিহ্ন হবে না। আমরা সারা পৃথিবী ব্যাপী আন্দোলন করতে পারি যাতে করে সেখানে তারা সম্মানের সঙ্গে বাস করতে পারে, তা না হলে তাদের এখানে নিয়ে আসতে হবে। একথা বলবার সঙ্গে সঙ্গে আমি এই কথা বলব যে আমাদের এখানে কমিউনিস্ট বন্ধুরা যে বক্তৃতা দিয়েছেন আমি তার অনেক সমর্থন করি, কিন্তু একটা কথা অনুরোধ করব যে এখানে যে ঘটনা ঘটে গেছে তাতে ভারতবর্ষের মুখে যে চুণকালি পড়েছে সে বিষয়ে সন্দেহ নেই। আমরা বিশ্বাস করি—পাকিস্তানে যাই হোক না কেন, আমাদের ভারতবর্ষে যে নীতি গ্রহণ করেছে যে প্রত্যেকের সমান অধিকার, ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র তা আমরা নিশ্চয় করব। আমরা একথা ভুলতে পারি না মহাত্মা গান্ধী যে রাষ্ট্র পত্তন করবার জন্য প্রাণ দিয়েছিলেন, নেতাজী তাঁর সমগ্র জীবন দিয়ে এই আদর্শই প্রচার করে গেছেন, দেশবন্ধু তাঁর সমস্ত জীবন দিয়ে এই আদর্শ প্রচার করে গেছেন কিন্তু তার পরেও যে ঘটনা এখানে হয়েছে তার জন্য আমরা সবাই লজ্জিত। অতএব আমাদের ভালবাসা ও সেবা দিয়ে যে সমস্ত সংখ্যালঘু যারা সর্বস্ব হারিয়ে কষ্ট পাচ্ছেন তাঁদের আমাদের পুনঃ প্রতিষ্ঠা করতে হবে এবং তাঁদের মধ্যে আত্মবিশ্বাস ফিরিয়ে আনতে হবে। কিন্তু সঙ্গে সঙ্গে একটা অনুরোধ করব যে ইয়াজদানী সাহেব, সোমনাথবাবু যে বক্তৃতা দিলেন তার মধ্যে পুলিশের অবহেলার কথাও আলোচনা করলেন। একটা কথা তাঁদের বলি—অবহেলা যে কোন জায়গায় হয় নি এতবড় একটা বিরাট ব্যাপারে একথা কেউ বলতে পারবেন না, কিন্তু একথা তাঁদের কাছে বলব যে দয়া করে পাকিস্তানকে প্রোপাগান্ডা করার অস্ত্র যুগিয়ে দেবেন না, যদি কিছু থাকে তাহলে মুখ্যমন্ত্রীর কাছে এসে বলুন। আপনারা নিশ্চয় একথা স্বীকার করবেন, ভারতবর্ষের প্রত্যেকটি মানুষ একথা স্বীকার করবেন যে পশ্চিমবাংলা সরকার যতটা সম্ভব জোর দিয়ে এই দাঙ্গা দমন করবার ব্যবস্থা করেছিলেন। মুখ্যমন্ত্রী ১০ তারিখে ২ইটার সময় ভুবনেশ্বর থেকে এখানে এসেছিলেন, এবং ১১ তারিখে এখানে মিলিটারি তলব করা হয়েছিল। একথা যাঁরা বলে থাকেন যে নন্দজী এখানে এসে শান্তি স্থাপন করতে পেরেছিলেন, তাঁরা ঠিক জানেন না বলে একথা বলেন। কারণ নন্দজী ১২ তারিখে রাত্রিতে এখানে এসেছিলেন, আর ১৩ তারিখ সকাল থেকে এখানে কোন ঘটনা ঘটেনি। আমি একথা বার বার বলেছি এবং এখনও বলছি যে হাবড়ায় যে ঘটনা ঘটেছে তাতে আমি লজ্জিত। আমার নির্বাচনী এলাকায় এটা হয়েছে বলে শুধু আমি নই, সেখানকার প্রত্যেকটি গণতান্ত্রিক মানুষ, সেখানকার প্রত্যেকটি

হিন্দু-মুসলমান তারা প্রত্যেকেই লজ্জিত। এই ঘটনা ঘটিয়েছে মুষ্টিমেয় কয়েকজন লোক, কিন্তু তার জন্য আমি প্রত্যেকটি উদ্বাস্তুকে, হিন্দু-মুসলমানকে দায়ী করব না। অতএব আমি একথা বলতে চাই পুলিশ যে অত্যাচার করে থাকে সেটা যেমন অন্যায়, তেমনি পুলিশ সব দিক থেকে চেষ্টা করেছেন এটা জোর দিয়ে ঘোষণা করা যায়। এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

[2-30—2-40 p.m.]

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীজ্যোতি বসু মহাশয়ের যে মুলতুবী প্রস্তাব এনেছেন তাতে যে বিতর্ক হচ্ছে সে সম্বন্ধে আমার অনেক কিছু বলবার ছিল, সময় কম মাত্র ১৪ মিনিটে আমার বক্তব্য শেষ করতে হবে এই মুলতুবী প্রস্তাব এর প্রস্তাবক শ্রীজ্যোতি বসুর সঙ্গে অনেক বিষয়েই আমি এক মত হই না। কিন্তু আজকে তাঁর সঙ্গে বহু বিষয়ে যে সমস্ত তিনি অবতারণা করেছেন তার সঙ্গে একমত। আমাদের এখানে পূর্ববঙ্গ থেকে যে সমস্ত ভাইবোন আসবেন তাদের ভারতবর্ষে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে, সে সম্বন্ধে দ্বিমত নেই। আমাদের যাই হোক না কেন পূর্ববাংলা থেকে যে সমস্ত ভাইবোনেরা চলে আসবে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন দিল্লীতে এ বিষয় নিয়ে আলোচনা হয়। পাকিস্তান থেকে যারা চলে আসতে বাধ্য হবে, তাদের ব্যাপারটা এখন জাতীয় সমস্যা বলে গণ্য করা এবং আপনি এ খবর জানেন যে কয়েক দিন আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী দিল্লীতে ৫টি রাজ্যের মুখ্যমন্ত্রীদের একটা সম্মেলন আহ্বান করেছিলেন, এবং সেখানে গভীর-ভাবে এসব আলোচনা হয়েছে, এবং তাতে সকলে এই সম্বন্ধে একমত হয়েছিলেন যে, পাকিস্তান থেকে যারা চলে আসবেন সেই সমস্ত ভাইবোনদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এ সম্বন্ধে দ্বিমত নেই। একটা কথা উঠেছে যে মাইগ্রেসান সার্টিফিকেট ঠিক ঠিক ভাবে দেওয়া হচ্ছে না, তত লিবারালাইস করা হয় নি। আমি জানি যাদের মাইগ্রেসান সার্টিফিকেট দেওয়া হয়েছে তারাও আসতে পাচ্ছে না নানারকম অজুহাত করা হয়েছে যে, তাদের ইনকাম ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট নেই, সেল ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট নেই—এমন কি এটা কতদূর সত্য তা জানি না, যারা এসেছেন তাঁরা বলেন ইউনিয়ন বোর্ডের যে রেট আদায় হয় সে রেটের রসিদ পর্যন্ত দাবী করছেন। কাজেই সেখান থেকে সকলে আসতে পাচ্ছে না এ বিষয়ে সন্দেহ নেই। নেহেরু লিয়াকৎ প্যাক্ট যেটা ছিল, তার মর্ম হচ্ছে এই যে যারা মাইগ্রেসান সার্টিফিকেট পাবেন তাদের আর পাসপোর্ট ভিসার দরকার হবে না, তারা চলে আসবেন ভারতবর্ষে স্থায়ীভাবে বসবাস করবার জন্য, কাজে কাজেই নেহেরু লিয়াকৎ চুক্তি অনুসারে মাইগ্রেসান সার্টিফিকেট যারা পাবেন তাদের চলে আসতে দেওয়া উচিত। কিন্তু তারা যদি বলেন যে, আমাদেরই এখানে কাজ করবার ব্যবসা-বাণিজ্য করেছো, তোমাদের ইনকাম ট্যাক্স দাবী করছি, না দিয়ে চলে যেতে পারবে না। এটা তারা দাবী করছেন এবং এগুলি বন্ধ করা উচিত। আমাদের হাউস এটা বিচার করতে পারে না, এই সমস্ত কথা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং প্রতি দিনই কেন্দ্রীয় সরকারের সঙ্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে টেলিফোনে আলোচনা হয় এবং যে সমস্ত অসুবিধা ঘটছে পাকিস্তানে যা সংবাদ পাই তা তাঁর কাছে রাখি। এর সমাধান কি করে করা যায় কেন্দ্রীয় সরকারকে তা নির্ধারণ করতে হবে। আমরা সর্বদলসম্মত এমন কোন ব্যবস্থা করতে পারি না যাতে পাকিস্তানকে বাধ্য করবো যে পূর্বপাকিস্তানে যারা আছে তাদের মাইগ্রেসান দেখানোর সাথে সাথে আসতে দিতে হবে। আমাদের কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই ব্যবস্থা করবেন—তবে কি ব্যবস্থা করবেন তা আমি বলতে পারবো না। এ পর্যন্ত আমাদের পশ্চিমবাংলায় পূর্ব পাকিস্তান থেকে শুধু ১৪ হাজার লোক এসেছে মাইগ্রেসান সার্টিফিকেট নিয়ে—১৪ হাজার কত শো। এবং যাঁরা মাইগ্রেসান সার্টিফিকেট নিয়ে এসেছেন তাদের মধ্যে প্রায় সকলেই—মানে হয়তো শতকরা ৯৫।৯৬—তার মানে সকলেই এখানে তাঁদের আত্মীয়স্বজনের বাড়ীতে চলে যাচ্ছে। আমাদের সরকারের কাছে—

শ্রীগণেশ ঘোষ: কোন তারিখের থেকে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এই গত ৫।৬ই জানুয়ারী থেকে ৯ই ফেব্রুয়ারী পর্যন্ত। এই হিসাব আমাদের এখানে আছে। ১৪ হাজারের উপর পূর্ব পাকিস্তান থেকে হিন্দুরা এসেছে মাইগ্রেসান সার্টিফিকেট নিয়ে—বা আর একটু বলা ঠিক হবে যে পাকিস্তানের পাসপোর্ট নিয়ে এখানে এসেছে। তারা অনেকে এসেছে এবং বলছে--মশাই আমরা আর ফিরে যেতে পারবো না সেখানে আমাদের পক্ষে বসবাস করা নিরাপদ নয়।' এই ১৪ হাজারের মধ্যে এ'রাও আছেন। আর মাইগ্রেসান সার্টিফিকেটে যারা এসেছে তারাও আছে। অর্থাৎ যাদের ভ্যালিড ডকুমেণ্টস আছে এই ১৪ হাজারের মধ্যে তারা সকলেই আছে। এদের অধিকাংশই আমাদের সরকারের কাছে কোন রকম সাহায্যের জন্য বা পুনর্বাসনের কোন কথা বলছেন না। আর ১ হাজারের মত তারা তাদের সম্মান বজায় রেখে কাজ করবার মত সেখানে চলে যাচ্ছে। যখন চলে যাচ্ছে—আমরা তাদের বস্ত্র দিচ্ছি--আমরা তাদের কম্বল দিচ্ছি--কেন না শীতকাল কম্বল দিতেই হবে। কিছু বাসনপত্র দিচ্ছি আর ট্রেনে উঠবার পর এক মাসের মত আমরা তাদের সেখানে খোরাকীর টাকা দিয়ে দিচ্ছি। আমাদের এখানে সরকারের তরফ থেকে তাদের খাওয়ার জন্য প্রায় দু দিন লাগে যেতে তাই খাবার জন্য প্রাপ্তবয়স্কদের ও বয়স্কদের মাথাপিছু ৩ টাকা করে দেওয়া হচ্ছে। আর যারা শিশু তাদের মাথাপিছু ১ টাকা ৯৫ নয়া পয়সা প্রায় ২ টাকা দেওয়া হচ্ছে। আমাদের এখানে কতিপয় বেসরকারী সংস্থা আছে তারা অনেক কিছু দিচ্ছে। কালকে একটা বেসরকারী সংস্থা তাদের একটা করে টিনের বাক্স দিচ্ছে--শিশুদের কিছু কিছু জামা দিচ্ছে--আরও খাবার তারা দিয়েছে এই রকমভাবে তারা দণ্ডকারণ্যে যাচ্ছে। এবং আশা করি দণ্ডকারণ্যে যাদের থাকবার সুব্যবস্থা হবে এবং সুষ্ঠুভাবে পুনর্বাসনও পাবেন। পশ্চিমবাংলায় যারা থেকে যাচ্ছেন তাদের কিভাবে কি হবে ভবিষ্যতে তা আমি এখন বলতে পারছি না। আমাদের পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটেছে তার এখানে এখন কেউ নেই--সে যে দলেরই হোক না কেন যে তিনি লজ্জিত নন। অবশ্য আমরা লজ্জিত। আমাদের মাথা হেঁট হয়ে গেছে। আজকে এখানে ১ শত জনের প্রাণ গিয়েছে, ২ শত জনকে হত্যা করা হয়েছে কি না সেটা বড় কথা নয় যদি একটা লোকেরও প্রাণ যায় সাম্প্রদায়িক কারণে তাহলে আমাদের মাথা হেঁট হয়ে যায়। যদি একটি লোকের সম্পত্তি নষ্ট হয়--একটি লোকের বাড়ীতে লুট হয় এই সাম্প্রদায়িক কারণে যদি চোর লুট করে তাহলে আলাদা ব্যাপারে তাহলে আমাদের মাথা হেঁট হয়ে যায়, আমরা এই রাজ্যে তা অনুভব করি তাহলে আমরা বুঝি যে এটা আমাদের পবিত্র সংবিধানের বিরুদ্ধে হয়েছে।

[2-40—3-10 p.m.]

অনেক মাননীয় সদস্য এখানে বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার ঠিকভাবে এই দাঙ্গাকে নিয়ন্ত্রণ করতে পারেন নি। তাঁরা একথা বলতে পারেন যে দাঙ্গা ঠিকভাবে নিয়ন্ত্রিত হয়নি, কিন্তু আমি কৈফিয়ত দিয়ে বলব এই দাঙ্গা নিয়ন্ত্রণ করবার জন্য আমরা সাধ্যমত চেষ্টা করেছি। মাননীয় বন্ধু সোমনাথবাবু বললেন নন্দ এসে এই দাঙ্গা বন্ধ করেছেন। নন্দজীকে একথা বললে তিনি বোধ হয় মাথা নীচু করে বলবেন যে, এটা আমি বন্ধ করিনি,--এটা বন্ধ করেছে পশ্চিমবঙ্গ সরকার। আমাদের পুলিশের মধ্যে যারা গাফিলতি দেখিয়েছে তাদের বিরুদ্ধে আমরা কঠোর ব্যবস্থা অবলম্বন করব, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু একথাও জোরের সঙ্গে বলব আজ সকাল বেলাই আমাদের সরকারী কর্মচারীদের, বিশেষ করে পুলিশ কর্মচারীদের এক তালিকা পেয়েছি, যারা খুব সুন্দরভাবে সততার সঙ্গে কাজ করেছে এবং নিজেদের প্রাণ বিসর্জন দিয়ে মুসলমানদের রক্ষা করেছে, তাদের সম্পত্তি রক্ষা করেছে। আমাদের মাননীয় সদস্য জাহাঙ্গীর কবীর বলেছেন যে, বসিরহাটে যিনি কর্তা আছেন তিনি পুলিশ হোন, আর এস ডি ও হোন, তিনি এত ভালমত, সুন্দরমত কাজ করেছেন যার ফলে বসিরহাটে হাঙ্গামায় একটি ঘটনাও ঘটেনি। তবে বনগাঁতে, বারাসতে এবং নৈহাটীতে যে ঘটেছে এটা খুব লজ্জার কথা। আমি আপনাদের এটুকু বলতে পারি যে, কোন কোন কর্মচারী তাঁর কর্তব্য সুষ্ঠুভাবে পালন করেন নি এবং যদি অন্যায় করে থাকেন তাহলে তাঁর নিশ্চয়ই শাস্তি হবে। তবে পুলিশ কর্মচারী যদি তার কর্তব্য পালন না করে থাকেন তাহলে সেই দোষ আমাদের, কারণ আমরা সেই রকম কর্মচারী রেখেছি। কিন্তু একথাও মনে রাখতে হবে যে, যখন এই উত্তেজনা সৃষ্টি হয়েছিল, যখন এই উন্মত্ততা সৃষ্টি হয়েছিল তখন অনেকেই মাথা ঠিক রাখতে পারেনি। তবে তৎসত্ত্বেও

আমরা বিচার করব যে কি কারণে পুলিশ কর্মচারীরা কর্তব্যে অবহেলা করেছে। তারপর, পশ্চিমবঙ্গ সরকার কিছু করতে পারে নি, এই যে কথা সোমনাথবাবু বলেছেন এটা ঠিক কথা নয়। তাঁদের মতে অবশ্য ঠিক কথাই বলেছেন, কিন্তু একথা সত্য নয়। নন্দজী কি করতে পারেন? আমাদের মাননীয় বন্ধু তরুণবাবু বলেছেন আমরা ১০ তারিখে এসেছি। আমরা ৯ তারিখেও আসতে পারতাম, কিন্তু সে রকম কোন সংবাদ আমাদের কাছে যায়নি, ৯ তারিখ রাত্রে আমরা শুনলাম কিছু কিছু ঘটনা ঘটেছে। আমরা ১০ তারিখ ২৷৷টার সময় এসেছি এবং সন্ধ্যার সময় আর্মিকে সাহায্যের জন্য ডেকেছি। ১১ তারিখ থেকে তারা পজিসন নিয়েছে এবং উত্তরবঙ্গের বিভিন্ন স্থান থেকে এরোপ্লেনএ করে সৈন্য এসে সমস্ত জায়গায় কাজ করেছে। স্যার, আমি উড়িষ্যার স্বরাষ্ট্র মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই, কারণ আমি যখন উড়িষ্যা থেকে আসি তখন তাঁরা আমাকে ৮টি ব্যাটেলিয়ন দিয়েছেন এবং এ ছাড়া বিহার এবং রাজস্থানও দিয়েছে। তারপর আমি আসবার পর নন্দজী ১২ তারিখে দিল্লী থেকে যখন কথা বলেন তখন আমি তাঁকে বলি যে আমাকে আর একটি আর্মড ব্যাটেলিয়ন দিন। নন্দজীর সঙ্গে আমাদের কোন তফাৎ নেই, কিন্তু একথা যদি কেউ বলেন যে, পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গ পুলিশ কাজে অবহেলা করেছে তাহলে আমি বলব তা সত্য নয়। বিরোধীদল একথা বলতে পারেন যে আমরা ভালভাবে কাজ করতে পারি নি, কারণ অ্যাডজোর্নমেন্ট মোসনএর মানে হচ্ছে সরকারের উপর অনাস্থা প্রস্তাবের মত। যা হোক, আমি আর কিছু বলতে চাই না, আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি।

The motion of Shri Jyoti Basu that this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the situation arising out of influx of refugees as a result of communal disturbances in East Pakistan and the failure of the West Bengal Government to deal effectively with the riots in this State during the initial phase and also the failure of the Government to rehabilitate the riot affected people, was then put and a division taken with the following result:—

NOES—134

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna

Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Gakul Behari
Das, Dr. Kanai Lal
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charu Shila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr Ranjit Kumar
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Ishaque, Shri A. K. M.
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri

Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Mahammed Giasuddin, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Maiti, The Hon'ble Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Krishna Prasad
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookherjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Dr. Radha Krishna
Pandit, Shri Krishna Pada
Platel, Shri R. E.
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta

Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prasad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin, Ahmed, Shri
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Wangdi, The Hon'ble Tenzing

AYES—69

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Bakshi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jagat
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil

Besterwitch, Shri A. H.

Bhattacharjee, Shri Nani

Bhattacharya, Dr. Kanai Lal

Chakravarty, Shri Haridas

Chattoraj, Dr. Radhanath

Chowdhury, Shri Subodh

Das, Shri Anadi

Das, Shri Gobardhan

Das, Shri Nikhil

Das, Shri Shambhu Gopal

Das Gupta, Shri Sunil

Dey, Shri Jiban Krishna

Dey, Shri Tarapada

Dolai, Shri Nagen

Ghosh, Shri Deb Saran

Ghosh, Shri Ganesh

Golam Yazdani, Dr.

Guha, Shri Kamal Kanti

Haldar, Shri Mahananda

Hamal, Shri Bhadra Bahadur

Hansda, Shri Jaleswar

Josse, Shri Lakshmi Ranjan

Kisku, Shri Mangla

Konar, Shri Hare Krishna

Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerja, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Bejoy
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Saha, Shri Jamini Bhusan
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Singha, Dr. Radhakrishna
Soren, Shri Suchand
Thakur, Shri Shreemohan

The Ayes being 69 and the Noes 134, the motion was lost.

(At this stage the House was adjourned for twenty minutes).

After adjournment

[3-10—3-20 p.m.]

ডাঃ মৈত্রেয়ী বসু: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার একটা কথা আপনার সামনে বলবার আছে। হাউসের কাজ আরম্ভ হবার আগে একটা সামান্য কথা রাখতে চাই। আমাদের এখানে একটা খাবারের জায়গা আছে, জায়গাটা খুব ছোট বেশী ব্যবস্থা হয় না। যখন প্রথম এই ব্যবস্থা হয়েছিল, তখন ভিজিটারদের জন্য একটা আলাদা জায়গা ছিল। এখন দেখছি সেসব কিছু নেই।

একটা জায়গা খালি ছিল, আমি একটা চেয়ারে বসতে গেলাম, একজন ভিজিটার এসে বললেন যে ও চেয়ারে আপনি বসতে পারবেন না, ও চেয়ারটা রিজার্ভড। কাজেই চা না খেয়েই চলে আসতে হল। আর তাছাড়া সেখানে চা ছাড়া আর কিছুই পাওয়া যায় না।

মিঃ ডেপুটি স্পীকার: আমি এই বিষয় সেক্রেটারিকে বলে দিচ্ছি, তিনি ব্যবস্থা করবেন।

GOVERNMENT BILLS

The West Bengal Criminal Law (Amendment) Bill, 1964

The Hon'ble Abha Maiti: Sir, I beg to introduce the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, and to place before the House a statement required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Abha Maiti: Sir, I beg to move that the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, be taken into consideration.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা বলতে চাই মাননীয় সদস্যদের যে, কিছুদিন আগে বাংলাদেশের বিভিন্ন জায়গায় এবং কলকাতা সহরের বিভিন্ন জায়গায় যে দাঙ্গাহাঙ্গামা হয়ে গেল তাতে বহু ব্যক্তিকে নিজের ঘরবাড়ি ছেড়ে চলে আসতে হয়েছিল, বহু জায়গায় ঘরবাড়ি পুড়ে গিয়েছিল সরকারের তরফ থেকে আমরা চেয়েছিলাম যে দাঙ্গাবিধ্বস্ত সেই সমস্ত জায়গায় তাদের পুনর্বাসন দেওয়া হোক। এই উদ্দেশ্যেই এই অর্ডি-ন্যান্সটা আমরা করেছিলাম যে, ঐ সমস্ত ব্যক্তিরা যাতে সেইসমস্ত জায়গায় পুনরায় ফিরে যেতে পারে, কারণ দেখা গিয়েছে কোন জায়গা যদি খালি পড়ে থাকে তাহলে অনেক অবাঞ্ছিত ব্যক্তি সেই সমস্ত জায়গা জবরদখল করে থাকে, অনধিকার প্রবেশ করে থাকে, এবং আমাদের দেশে যে চালু আইন আছে সেই আইনের মাধ্যমে যদি তাদের সরিয়ে দিতে হয় তাহলে দীর্ঘ সময় লাগে। সেইজন্য সরকার বিবেচনা করেছিলেন যাতে তাড়াতাড়ি তাদের পুনর্বাসিত করা যায় সেই জন্য এই বিলে কতগুলি ব্যবস্থা করা হয়েছে। সেই সময় হাউস ছিল না বলে অর্ডিন্যান্স করা হয়েছিল, সেটা আইনে পরিণত করার জন্য হাউসের সামনে এই বিল এনেছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিল সমর্থন করছি।

Mr. Deputy Speaker: Then you are not going to move the Circulation Motion standing in your name?

Shri Nani Bhattacharjee:

মাননীয়া মন্ত্রিমহোদয়া বলেছেন যে, গত দাঙ্গায় হিন্দু-মুসলমান নির্বিশেষে অনেককে তাদের ঘরবাড়ি ছেড়ে চলে আসতে হয়েছিল এবং তাদের যাতে স্পিডি রিহেবিলিটেশন হয় তার সুযোগ এই আইনের মারফত পাওয়া যাবে। কিন্তু আমরা অনেক সময় দেখেছি যে, পুলিশ কর্তৃপক্ষের দুর্নীতিপরায়ণতার জন্য অনেক ভালো আইন শেষ পর্যন্ত ব্যর্থতায় পর্যবসিত হয়েছে, এবং দৃষ্টান্তও ভুরিভুরি দেওয়া যায়। যারা বাস্তুচ্যুত হয়েছে তাদের পুনর্বাসন করা সম্পর্কে যাতে স্থানীয় কোনপ্রকার বাধা না উঠতে পারে তার জন্য সর্বদলীয় পিস কমিটি গঠন করে তার মারফতে ও সহযোগিতায় এটা কার্যকরী করা উচিত, তা ছাড়া শুধু পুলিশের উপর ছেড়ে দিলে এই বিলের উদ্দেশ্য ব্যর্থ হবে। জনসাধারণের কর্পোরেশন ব্যতীত এই বিলের উদ্দেশ্য সিদ্ধ হবে না।

The motion of the Hon'ble Abha Maiti that the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4, 5 and 6

The question that clauses 1 to 6 do stand part of the *Bill* was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Abha Maiti: Sir, I beg to move that the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964

[3-20—3-30 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ জানেন যে, কোলকাতার বস্তীগুলির অবস্থার কথা। এই বস্তীগুলির উন্নয়নের জন্য ১৯৫৮ সালে ক্যালকাটা স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্ট পাশ করা হয়েছিল। এই আইনের বিধান অনুসারে বেশী কিছু করা হয় নি। সম্প্রতি দাঙ্গাহাঙ্গামায় এইসব বস্তীগুলির মধ্যে অনেকগুলির বিশেষ ক্ষতি হয়েছে এবং অনেকগুলি বস্তী সম্পূর্ণভাবে বাসের অযোগ্য হয়েছে। এই কারণে ঐসব বস্তীগুলি গ্রহণ করে ঐখানে নূতন বাসোপযোগী বাড়ি তৈরী করবার জন্য সরকার ঠিক করবেন। আপাতত ১২টা বস্তী দিয়ে কাজ আরম্ভ হবে এবং ২ হাজার ২১০টা ঘর নির্মাণ করা হবে। কাজ স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট-এ জমি দখলের যে বিধান আছে তাতে খুব তাড়াতাড়ি কাজ করা সম্ভব নয়। সেজন্য ল্যান্ড রিকুইজিশন অ্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট-এর পরিবর্তন সাধন করে তাড়াতাড়ি জমি গ্রহণ করবার চেষ্টা করা। আর একটা কথা এই আইনের ৩(১) ধারা অনুসারে কোলকাতার পৌরসভা অধিকারভুক্ত বস্তী এলাকায় কোন কাজ করা সম্ভব নয়। সেজন্য এই আইনটা এমনভাবে পরিবর্তন করা যাচ্ছে যাতে কোলকাতা পৌরসভা এই আইনের আওতার মধ্যে পড়ে। আর একটা কথা, এই আইনে জমি অধিগ্রহণ করা হলে এর বিধান অনুসারে চলতি দাম অনুসারে ক্ষতিপূরণ দিতে হবে না। এই আইনের যা বিধান বর্তমানে আছে তাতে কারেন্ট মার্কেট প্রাইস অনুযায়ী ক্ষতিপূরণ দিতে হয়। কিন্তু আমরা যেভাবে সংশোধন করছি তাতে বস্তী এলাকাগুলি যখন গ্রহণ করা হবে তখন ক্ষতিপূরণ দেওয়া হবে। স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট-এ জমি গ্রহণ করলে মালিককে সেইভাবে ক্ষতিপূরণ দেবার বিধান আছে। সেই বিধান অনুসারে—অর্থাৎ অনেক কম রেটে ক্ষতিপূরণ দেবার বিধান করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বলে আমার এই প্রস্তাব সভায় উপস্থিত করছি।

[illegible] রাহা: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে বিল আনা হয়েছে তাকে আমি সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। এইরকম ধরনের বিল কোলকাতায় অচল বস্তীগুলিকে সংস্কার করার জন্য অনেক আগেই আনা উচিত ছিল। পশ্চিমবাংলায় সাম্প্রতিক দাঙ্গার ফলে এর গুরুত্বটা আমাদের মন্ত্রীমণ্ডলী এখন সম্যকভাবে উপলব্ধি করতে পেরেছেন। যাই হোক, স্লাম ক্লিয়ারেন্স আইনে যা ছিল তার চেয়ে আরও ব্যাপক বিল রচনা করার ফলে সরকারের হাতে ক্ষমতা আসবে, সেই ক্ষমতার ফলে বস্তীগুলির সংস্কার হবে এবং এতে বাংলাদেশে একটা নূতন

সম্ভাবনা সৃষ্টি হচ্ছে। কিন্তু এই সঙ্গে আমার বক্তব্য হচ্ছে যে, বস্তীগুলি থেকে যাঁরা উচ্ছেদ হয়ে আছেন এই বস্তীগুলি যখন নূতন সংস্কার হবে তখন সেই বস্তীগুলিতে পুনরায় তাঁরা যাবেন বাস করতে তাতে প্রায়োরিটি কাদের থাকবে? বা, যাঁরা উচ্ছেদ হয়ে গেলেন তাঁরা দাঁড়াবেন কোথায়, তাঁদের বসবাস করবার জায়গা কোথায় এবং তাঁদের যে মিনস আছে, যে রোজগার আছে তা দিয়ে তাঁরা তাতে বসবাস করতে পারবেন কিনা এসব বিচার করার আছে। কাজেই বাংলাদেশের অচল বস্তীতে যাঁরা বাস করতেন তাঁরা সেই নিষ্ক্রিয় বস্তীগুলিতে বসবাস করার সুযোগ না পায় তাহলে আর একটা সমস্যা উদ্ভূত হবে। এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করি তিনি আলোকপাত করবেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল নিয়ে এসেছেন সেই বিলের প্রতি সম্পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিলে বর্তমান পরিপ্রেক্ষিতে যা করছেন সেটার প্রতি যথেষ্ট আস্থা রেখে আমি ২।১টা কথা বলতে চাই। বস্তীগুলি সম্বন্ধে এর আগে বহুবার কথা হয়েছে এবং সেই বস্তীবাসীর জীবন, অসুবিধা এবং তাদের নানারকম দুর্দশা সম্বন্ধে অনেকবার কথা হয়েছে। আজকে বস্তীবাসীরা যে ভগ্ন গৃহে থাকে সেটাও দাঙ্গার ফলে তাদের সেই ঘর থেকে সড়ে পড়তে হয়েছে বহু জায়গা থেকে হিন্দু ও মুসলমানকে। অতএব সেই সমস্ত জায়গায় আবার পুনর্গঠন করে সেখানে মানুষের জন্য একটা সুস্থ আলয় তৈরী করবার যে পরিকল্পনা সেটা নিশ্চয় সমর্থন করিনা—তা নয়। মন্ত্রিমহাশয় এবং তাঁর গভর্নমেন্ট বলছেন যে লোক বস্তীচ্যুত হন তাদের ওখানে যেতে হবে এবং সেই ব্যবস্থা তাঁরা করছেন। একটা কথা আমি পরিষ্কার বুঝতে পারলাম না, সেটা হচ্ছে যে, যারা ফিরে যাবে সেই বস্তীর মধ্যে যেখানে ঘর গঠন করা হবে, সে বস্তি গড়ে উঠবে সেখানে পূর্বের মত অবস্থায়, পূর্বের সে দেয়—অর্থাৎ পূর্বে যে অর্থ তারা দিত ঠিক সেভাবে থাকবে, না আজকাল সি আই টি বিল্ডিংস যেভাবে হচ্ছে —ঐ ৫ টাকার বস্তীতে যারা থাকতো সি আই টি বিল্ডিং-এ ২০-২৫-৩১ টাকা হওয়ায় ঐ বস্তীবাসী লোকের নাম আছে সেখানে কিন্তু থাকতে পারে না। এই জিনিসটির দিকে দৃষ্টি আকর্ষণ করছি। যাতে বস্তির মানুষ তারা ঘরে ফিরে যায়, এবং সেই ঘরগুলিতে সুস্থ এবং স্বাস্থ্যজনক পরিবেশের মধ্যে আবার তারা পায়; তারা তাদের যে ঘর হারিয়েছে তা যেন তারা ফিরে পায়। এবং সেখানে সে বাস করার উপযুক্ত অবস্থা ফিরে পায়। মাননীয় মন্ত্রিমহাশয় সেভাবে অগ্রসর হয়েছেন তার জন্য তাকে ধন্যবাদ দিই। এই অসুবিধা দূর করতে যদি তিনি দৃঢ়ভাবে অগ্রসর হন তবে আমাদের সমস্ত সমর্থন তার পাশে রাখবো। এই কথা বলেই তাকে অভিনন্দন জানাচ্ছি।

শ্রীঅভয়পদ সাহা: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ভূমিরাজস্ব মন্ত্রী যে সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন তা খুবই সময় উপযোগী হয়েছে, এর আগে অনেক চেষ্টা হয়েছিল বস্তি অপসারণ করে নূতন পরিবেশ সৃষ্টি করার। যদিও দাঙ্গাহাঙ্গামা অত্যন্ত দুঃখজনক পরিস্থিতি আমাদের দেশের, কিন্তু যে ঘটনা ঘটে গেল, যে বস্তিগুলি নষ্ট হয়েছে, ধ্বংস হয়েছে, সেটা থাকা ঠিক নয় বা সেখানে বস্তি গজিয়ে উঠুক এটা ঠিক নয়। এই বস্তির জায়গা দখল করে ভাল পরিবেশ এবং ঘরবাড়ি তৈরি করা দরকার এবং তার জন্য সরকারকে সে জমি গ্রহণ করতে হবে। এই আইনে সে ব্যবস্থা সফল হয়েছে। কিন্তু এই বস্তীতে যারা বাস করেন তারা যদি সেখানে বাস করতে চান তাহলে তাদের আজকে যেন ব্যবস্থা হয়, সেটা দাঙ্গার দরুণ ক্ষতিগ্রস্থ হয়েছে এ জন্য যদি বস্তিগুলি উঠে যায় এবং যারা সেখানে বাস করে তাদের অধিকার নষ্ট হলে, আমাদের আর বলার থাকবে না। আমাদের সেখানে এমন পরিবেশ সৃষ্টি করতে হবে যাতে তারা বাস করতে পারে এবং তাদের আর্থিক অবস্থা যেমন সেই আর্থিক অবস্থাতে নূতন ঘরবাড়ি যা তৈরি হবে সেই ঘরবাড়িতে তারা বাস করতে পারে, সেই ভাবে ব্যবস্থা করতে হবে, এবং তা করলে এই বিলের উদ্দেশ্য সিদ্ধ হবে। তা না হয়ে যদি নূতন নূতন ভাল ভাল বাড়ি হয়ে সেখানে অবস্থাপন্ন লোকেরা বাস করার অধিকার পায়, গরীব যারা তারা না পায় তাহলে এ আইন সফল হবে না। তাতে যেসব বস্তিবাসী বাস করতো তাদের দীর্ঘনিঃশ্বাস পড়বে, সেজন্য এ কথাটা আমি মন্ত্রিমহাশয়কে মনে রাখতে অনুরোধ করছি। সেখানে যাতে সেই বস্তিবাসীরা বাস করতে পারে সেইরূপ ব্যবস্থা অবলম্বন করুন।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ এই বিলকে যেভাবে সমর্থন জানিয়েছেন এর জন্য তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাই। আমি আশা করি সমবেত চেষ্টাতে এই বিলের উদ্দেশ্য সফল হবে। মাননীয় সদস্যগণ এ কথা উল্লেখ করেছেন যে, গৃহচ্যুত বস্তিবাসীরা যাতে প্রস্তাবিত নবনির্মিত বাড়িতে বাস করতে পারে এবং তাদের আর্থিক অবস্থা অনুসারে খাজনা দিয়ে বাস করতে পারে, সেই সম্বন্ধে যেন ব্যবস্থা করা হয়। আমি এ কথা বলতে পারি যে, সরকারের উদ্দেশ্য হচ্ছে ঠিক তাই। যে কথা তাঁরা বলছেন, এই কথা বলেই আমি শেষ করছি।

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, 3 and 4

The question that clauses 1, 2, 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 3-30 p.m. till 12 noon on Thursday, the 13th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Buildings, Calcutta, on **Thursday**, the 13th February, 1964, at 12 noon.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the **Chair**, 9 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State and 195 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Supply of filtered water and construction of a subdivisional hospital at Murshidabad town

***17.** (Admitted question No. *53.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ শহরে (১) পরিস্রুত জল সরবরাহ এবং (২) ফৈজিবাগে মহকুমা হাসপাতাল প্রতিষ্ঠার যে পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছিলেন তাহার কোন্‌টি কতদূর অগ্রসর হইয়াছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(১) আনুমানিক ৭·৬২ লক্ষ টাকা ব্যয়ে মুর্শিদাবাদে পানীয় জল সরবরাহের একটি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে। কিন্তু অর্থাভাববশতঃ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ইহার অন্তর্ভুক্ত সম্ভব হয় নাই।

(২) প্রকল্পটি সরকারের বিবেচনাধীন আছে এবং আশা করা যায় শীঘ্রই উহা প্রশাসনিক অনুমোদন (অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভ্যাল) লাভ করিবে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এই দুইটি পরিকল্পনা কতদিন থেকে বিবেচনাধীন আছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আপনার দুইটি প্রশ্ন সম্পূর্ণ আলাদা, সেইজন্য এই বিষয় সংক্রান্ত ব্যাপারে আলাদা করে জবাব দিচ্ছি। মুর্শিদাবাদ শহরে জলের যে পরিকল্পনা রয়েছে এর জন্য ৭,৬২,১৭০ টাকা ধরা ছিল। এর মধ্যে তারা যে দরখাস্ত করেছিল লোনের জন্য, সেই লোন পিটিশনে ভুল ছিল। তাদের জানানো হয়েছে, আবার নূতন করে লোন পিটিশন করবার জন্য। সেই পিটিশন এখন পর্যন্ত পাওয়া যায় নি। এবং এটা তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত করার কোন সম্ভাবনা নেই।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আর দ্বিতীয়টা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : দ্বিতীয়টা হচ্ছে, লালবাগে এখন যে ২৫ বেডের হাসপাতাল রয়েছে তাতে এখন সেখানে স্থান সঙ্কুলান হচ্ছে না বলে সেখানে যে গার্ডেনটা রয়েছে সেটা অ্যাকোয়ার করা হয়েছে এবং সেটার অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভ্যাল আমরা দু-এক দিনের মধ্যেই দিতে পারব বলে আশা করছি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : তাহলে কি ধরে নেব যে কাজ এই বৎসরেই শুরু হবে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: হ্যাঁ, এই বৎসরেই হবে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি বলেছেন পরিস্রুত জল সরবরাহের চুক্তিপত্রে ভুল ছিল। কি ভুল ছিল?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : যেভাবে লোন পিটিশন করতে হয়, সেইভাবে করা হয় নি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : এটা কারা করেছিলেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: মিউনিসিপ্যালিটি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : এই যে পরিস্রুত জল সরবরাহের পরিকল্পনা, এই পরিকল্পনায় মিউনিসিপ্যালিটির দেয় কত এবং কত টাকা গভর্নমেন্ট দেবেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ওয়ান-থার্ড দেয় মিউনিসিপ্যালিটির।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনারা কি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করবেন, এই টাকাটা দেবার জন্য?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে ৯ কোটি টাকা ধরব, তার টাকা আমাদের হাতেই আছে। কেন্দ্রীয় সরকারকে বললেও কোন লাভ হবে না। কেননা এখনই ফেব্রুয়ারি মাস হয়ে গিয়েছে। মিউনিসিপ্যালিটি এখনও দরখাস্ত করেন নি। পুরানো যে দরখাস্ত করেছিলেন সেই ভুল দরখাস্তের উপর আমরা কোন অ্যাকশন নিতে পারব না। অর্থাৎ আজকে ১৩ই ফেব্রুয়ারি হয়ে গেল, এর পরে দরখাস্ত পেলেও কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের লিখবার কোন সময় থাকবে না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ফৌজিপুরে যে হাসপাতালটি তৈরি হচ্ছে এই হাসপাতাল তৈরি হবার আগে লালবাগ সহরের মধ্যে নশিপুর রাজ এস্টেটের রাজবাড়ি এবং তার সংলগ্ন জমি সমস্তই দেবার জন্য সরকারের কাছে লেখা হয়েছিল এটা কি সত্যি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : খোঁজ নিয়ে বলতে পারি, এখন বলতে পারব না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: তার মানে আপনি এই কথাই বলতে চাচ্ছেন যে, মিউনিসিপ্যালিটির ভুল দরখাস্তের জন্যই দেরী হচ্ছে? আর কোন কি কারণ নেই?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: মিউনিসিপ্যালিটির ভুল দরখাস্ত করা একটি কারণ। অন্য কারণও আছে। তার মধ্যে একটি হল অর্থাভাব। আপনি জিজ্ঞাসা করেছিলেন কেন্দ্রীয় সরকারের কাছে আমরা লিখব কিনা। ১৩ই ফেব্রুয়ারি পর্যন্ত তারা দরখাস্ত করে নি। এর পর দরখাস্ত পাঠালেও তার উপর এগ্রিমেন্টে আসার পর—কেন্দ্রীয় সরকারকে লিখব, ইতিমধ্যে ৩১এ মার্চ পার হয়ে যাবে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অর্থাভাব ছাড়া আর কি কি কারণ আছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : অর্থাভাবই মূল কারণ।

Maintenance of tubewells

***18.** (Admitted question No. *113.)

শ্রীসনৎকুমার রাহা : স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পানীয় জলের জন্য বিভিন্ন দপ্তর হইতে যেসকল নলকূপ দেওয়া হইয়াছে তাহার রক্ষণাবেক্ষণের কাজ কোন্ বিভাগ করেন ; এবং

(খ) অকেজো নলকূপগুলি সংস্কারের সরকারী ব্যবস্থাপনা কিরূপ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) লোক্যাল ডেভেলপমেন্ট ওয়ার্কসএর অধীনে যেসমস্ত নলকূপ দেওয়া হইয়াছে, তাহা ব্যতীত অন্যান্য দপ্তরের দেওয়া সমস্ত নলকূপ রক্ষণাবেক্ষণের কাজ স্বাস্থ্য দপ্তরের অন্তর্গত জনস্বাস্থ্য বাস্তুকার (চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ারিং) করেন।

(খ) নলকূপগুলির সাধারণ রক্ষণাবেক্ষণের কাজ প্রতি থানায় নিযুক্ত রিপেয়ারিং স্কোয়াডস দ্বারা করা হয়। কিন্তু যেসমস্ত নলকূপ একেবারে অকেজো হইয়া যায় এবং যাহাদের সংস্কার উক্ত রিপেয়ারিং স্কোয়াডস দ্বারা সম্ভব হয় না তাহাদের পুনস্থাপনের ব্যবস্থা প্রতি বৎসর রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষ প্রতি ৪০০ জন একটি ও প্রতি গ্রামে অন্তত একটি জল উৎস স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী করা হইয়া থাকে।

Shri Sanat Kumar Raha:

লোক্যাল ডেভেলপমেন্ট স্কীম-এ যে নলকূপ দেওয়া হয়, তাহা রক্ষণাবেক্ষণের দায়িত্ব কার?

The Hon'ble Purabi Mukhopadhyay:

সমস্ত দায়িত্বই রক্ষণাবেক্ষণের চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারএর উপর।

Shri Sanat Kumar Raha:

লোক্যাল ডেভেলপমেন্ট স্কীম ব্যতিরেকে বাকী সমস্ত নলকূপের রক্ষণাবেক্ষণের দায়িত্বও কি চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ-এর?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি বলছি, যখন কোন একটা নলকূপ নষ্ট হয় তখন সেই অঞ্চলে যে অফিসার আছেন, লোক্যাল ডেভলপমেন্ট স্কীমএ তাঁকে বললে অনেক সময় লেগে যায়, দু-আড়াই বৎসরের আগে একটা নলকূপের সংস্কার করা যায় না। আমরা এক মাস আগে নতুন অর্ডার দিয়েছি, যেসমস্ত নলকূপ রক্ষণাবেক্ষণের দায়িত্ব পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং স্কোয়াড এবং এখন সেই অনুযায়ী কাজ হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

তাঁর অফিস কোথায়, এই চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথএর?

The Hon'ble Purabi Mukhopadhyay:

কলকাতায় আছে, ডিস্ট্রিক্ট-এ ডিস্ট্রিক্ট-এ আছে; এ ছাড়াও দুটো সাবডিভিসন-এ আগে ছিল, আরও ৩-৪টি ডিভিসনাল অফিসার আমরা তৈরি করব আগামী ফাইন্যান্সিয়াল ইয়ারএ।

Shri Sanat Kumar Raha:

যদি কোন নলকূপ খারাপ হয়ে যায় সেই নলকূপ রিপেয়ার করার জন্য কার কাছে আমরা অ্যাপ্রোচ করব?

The Hon'ble Purabi Mukhopadhyay:

বি ডি ও-র কাছে।

Shri Nani Bhattacharjee:

সব জেলাতেই কি এইরকম রিপেয়ারিং স্কোয়াড আছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

হ্যাঁ।

Shri Nani Bhattacharjee:

জলপাইগুড়িতে আছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:
আমি তো বলেছি আছে।

Shri Nani Bhattacharjee:
আপনি বলেছেন প্রত্যেক থানায় থানায় আছে, প্রত্যেক ব্লকেই হবে কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:
প্রত্যেক ব্লকেই আছে।

Dr. Kanai Lal Bhattacharjee: Scheduled Caste Department থেকে যে টিউবওয়েল দেওয়া হয় তার রক্ষণাবেক্ষণের দায়িত্ব কাদের?

The Hon'ble Purabi Mukhopadhyay:
ট্রাইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করবেন।

Dr. Kanai Lal Bhattacharjee:
আপনি বলেছেন রক্ষণাবেক্ষণের সমস্তই আপনার ডিপার্টমেন্টের।

The Hon'ble Purabi Mukhopadhyay:
সেই অর্ডার তো গত মাসে দেওয়া হয়েছে।

[12-10—12-20 p.m.]

Shri Sailendra Nath Adhikari:
মন্ত্রিমহাশয় বললেন, প্রত্যেক থানায় থানায় স্কোয়াড আছে। আমি জানতে চাই এই স্কোয়াডকে নেসেসারি ইমপ্লিমেন্ট দিয়ে সাহায্য করা হচ্ছে কিনা, যাতে তারা তাড়াতাড়ি সিঙ্কিং এবং রি-সিঙ্কিং করতে পারে?

The Hon'ble Purabi Mukhopadhyay:
এই স্কোয়াডএর হাতে সমস্ত যন্ত্রপাতি আছে।

Shri Sailendra Nath Adhikari:
বিভিন্ন জায়গায় আমরা দেখছি এবং মন্ত্রিমহাশয়ও স্বীকার করলেন যে, দু-আড়াই বছর ধরে পড়ে থাকে। আমার প্রশ্ন হচ্ছে, যদি তাদের হাতে যন্ত্রপাতি থাকে, তা হলে এটা কি করে সম্ভব হচ্ছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:
আমি আপনাদের জানাতে চাই আমাদের রিপেয়ারিং ব্যবস্থায় যে ডিফেক্ট আছে এ বিষয়ে আমরা সকলেই প্রায় একমত এবং যাদের গ্রামাঞ্চলের অভিজ্ঞতা আছে তাঁরাও এটা জানেন। কাজেই ডিস্ট্রিক্ট-এর উপর ডিভিসন-এ একজন করে যদি লোক রাখা না হয় এবং ডিসেন্ট্রালাইজড ওয়েতে না করা হয় তা হলে প্রত্যেকে প্রত্যেকের ঘাড়ে দোষ চাপায়। একটি নলকূপ ভেঙ্গে গেলে বি ডি ও-র কাছে যায়, তিনি বলেন ট্রাইব্যাল ওয়েলফেয়ার-এ যাও, তারপর ট্রাইব্যাল ওয়েলফেয়ার গেলে তিনি বলেন, এটা আমার নয়—এটা রুরাল বাজেট স্কীম। সেইজন্য সমস্তটাকে কো-অর্ডিনেট করে এই পাবলিক হেলথএর চীফ ইঞ্জিনীয়ারএর আন্ডারএ নিয়ে এসেছি। বিভিন্ন পরিকল্পনায় যে নলকূপ দেওয়া হয়েছে তাতে ডিফেক্ট আছে বলে রেক্টিফাই করবার জন্য এটা করা হয়েছে।

Shri Khagendra Kumar Ray Chaudhury:
মন্ত্রিমহাশয় কি জানেন, আলিপুর সাব-ডিভিসনে ১১টি থানায় ১টি মাত্র রি-সিঙ্কিং স্কোয়াড আছে—অনলি ওয়ান?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি খোঁজ নেব।

Shri Deb Saran Ghosh:

মন্ত্রিমহাশয় জানাইবেন কি, রি-সিঙ্কিংএর জন্য জনসাধারণকে টাকা দিতে হয় কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমার যতদূর জানা আছে, রুরাল ওয়াটার সাপ্লাই স্কীমএ টাকা দিতে হয় না। এটা কিভাবে দেয় সেটা বলছি। ওখানকার স্থানীয় মেটিরিয়াল হিসাবে বা শ্রমিক হিসাবে কাজ করে ইন কাইন্ড উসুল করে দেন। আমরা সমস্ত জলব্যবস্থাকে নূতন করে একজামিন করছি। যে টাকা দিতে হয় সেই ব্যবস্থা রাখলে অন্য সুযোগ-সুবিধা নেন। যে গ্রামে উৎসাহী লোকের অভাব আছে এবং পয়সা দেবার ক্ষমতা নেই সেই গ্রামে এই সুযোগ পায় না। অবশ্য টাকা দিতে হয় মত্র ১০০ এবং এই ১০০ টাকায় একটি টিউবওয়েল সিঙ্কিং এবং রি-সিঙ্কিং এটা বলতে গেলে একটা টাকাই নয়, যেখানে অ্যাভারেজএ সতেরশ'-আঠারশ' টাকা লেগে যাচ্ছে। সেইজন্য টাকা দেবার প্রস্তাব তুলে দিচ্ছি—এটা কম্পালসরি করব না। আপনারা পুরানো অভিজ্ঞতা নিয়ে প্রশ্ন করছেন—নূতন স্কীমএ অনেক পরিবর্তন হচ্ছে।

Shri Jiban Krishna Dey:

আমরা দেখছি ওল্ড স্কীমএ একটি কল খারাপ হলে তাকে ভাল করতে দু-আড়াই বছর সময় লেগে যাচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, এই নূতন স্কীম কতদিনের মধ্যে কমপ্লিট করবেন? বিভিন্ন জায়গায় আমরা দেখেছি পনের হাত দূরে যদি একটি কল খারাপ হয়ে থাকে তা হলে বি ডি ও, অর ডবলিউ এসকে বলে ৩।৪।৬ মাসেও তার সংস্কার হয় না। এই যখন অবস্থা তখন নূতন স্কীমে কতদিনে এর সমাধান হবে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আপনারা যে আশঙ্কা করছেন সেটা অমূলক, কারণ সমস্তটা মার্জ করে যাবে পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং-এর কাছে। যে সেট আপ আছে তাঁরা থাকবেন, উপরন্তু নূতন লোক অ্যাপয়েন্ট করতে হবে নূতন স্কোয়াডএর জন্য। তখন আর দেরী হতে পারবে না। আজকে প্রপার সুপারভিশন হচ্ছে না বলে কাজ করছে না বা যেতে দেরী হচ্ছে। এগুলি যাতে ভালভাবে দেখা হয় সেইজন্যই এই ব্যবস্থা হচ্ছে।

Shri Jiban Krishna Dey:

এই অল্প স্টাফ দূর করবার জন্য কোন পদ্ধতি অবলম্বন করবেন কিনা? আর ডবলিউ এস এস এতে অত্যন্ত মিনিমাম স্টাফ। তাঁরা বলছেন আমরা এতে কভার করতে পারি না।

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি এইমাত্র বলেছি নূতন স্টাফ অ্যাপয়েন্ট করা হবে।

Shri Jiban Krishna Dey:

কতদিনের মধ্যে করবেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি এখন বলতে পারব না। আমি নিজে লোক নেব না—খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে লোক নিতে হবে। এসব না করে লোক নিলে আবার হয়ত বলবেন আমার মাসতুতো ভাই চাকুরী পেয়েছে।

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত : মাননীয়া মন্ত্রিমহোদয়া দয়া করে জানাবেন কি, এই যে নলকূপগুলি বহুদিন থেকে খারাপ হয়ে আছে বিভিন্ন জায়গায়, এগুলির খোঁজখবর নেওয়ার ব্যবস্থা ডিপার্টমেন্ট থেকে আছে কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ যতক্ষণ অবধি কেউ খোঁজ না দিচ্ছেন, সত্য কথা বলতে কি কেউ অগ্রণী হয়ে গিয়ে খোঁজ নেয় না।

শ্রীনিরঞ্জন সেনগুপ্ত : যে নলকূপগুলি খারাপ হয়ে গেছে ২-৩-৪ বছর ধরে, গভর্নমেন্টের কোন ডিপার্টমেন্ট থেকে এটার খোঁজখবর নেওয়া হয় না, আজও পর্যন্ত সেভাবেই পড়ে আছে।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : স্পেসিফিক কেস দিলে খোঁজ করব।

শ্রীসনৎকুমার রাহা : মাননীয়া নূতন স্বাস্থ্যমন্ত্রী মহোদয়া আপনার সংবাদের ভিত্তিতে বক্তব্য পেশ করছি, ১,৭০০ টাকা পানীয় জলের টিউবওয়েল করতে খরচ হয় না, এবং ডেভেলপমেন্ট স্কীম-এ আমরা ৪৫০ টাকায় করি।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : আমার জেলায় চলুন, ৪০০ টাকায় করে দিয়ে আসবেন। তা ছাড়া আমি তো গড়ে বলেছি, অ্যাভারেজ ধরে বলেছি।

শ্রীসনৎকুমার রাহাঃ আমি আমার জেলার অভিজ্ঞতা থেকেই বলছি।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : আপনার জেলার অভিজ্ঞতা থেকে বলছেন, আমি ভুল সংবাদ দিয়েছি তা বলবেন না।

শ্রীসনৎকুমার রাহাঃ ১০০ টাকা গড়ে সর্বত্র রি-সিঙ্কিংএর জন্য দেওয়া হচ্ছে না, রেওয়াজ হচ্ছে ৬০ টাকা দেওয়ার। এই টাকা আর ডবলিউ এস জমা নিয়ে স্কোয়াড পাঠায় তারা রি-সিঙ্কিং করে দেন। এই ইনফরমেশন দিচ্ছি এজন্য...

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ আপনি প্রথমেই ভুল করছেন, রি-সিঙ্কিংএ যা খরচ পড়ে, সিঙ্কিং-এও এই একই খরচ পড়ে। অতএব আপনার কাছে যে খরচের কথা বলেছি সেই ১০০ টাকা সেটা সিঙ্কিং-এর সময়। উনি সিঙ্কিং এবং রি-সিঙ্কিং দুটোই বলেছেন। এই ১০০ টাকা কেন নেওয়া হয়, যেখানে গভর্নমেন্ট ১,৭০০ টাকা খরচ করতে পারেন এই কন্ট্রিবিউশন চাওয়া হয় এজন্য যে, পিপলস্ পার্টিসিপেশন ইন দি প্রোগ্রাম সেই হিসাবে চাওয়া হয়। কারণ এখনও আমাদের নিয়ম আছে, যেসমস্ত লোক্যাল ডেভেলপমেন্ট স্কীমে কুয়ো হয় তাঁরা বেনিফিসিয়ারী রাইট মেনটেন করবেন, সত্যিই কি তাঁরা মেনটেন করছেন?

শ্রীখগেন্দ্রকুমার রায়চৌধুরীঃ রিপেয়ারিং স্কোয়াড এখনও হয় নি, সেটা কতদিনের মধ্যে হবে আশা করছেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : খুব তাড়াতাড়িই হবে।

শ্রীখগেন্দ্রকুমার রায়চৌধুরীঃ রিপেয়ারিংএর জন্য আর ডবলিউ এস থেকে সারাই খরচ নেওয়া হচ্ছে, এই যে নিয়ম এটা বন্ধ করবেন কি নূতন নিয়ম চালু করবার আগে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : না, বন্ধ করব না নূতন স্কীম চালু করবার আগে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ পশ্চিম বাংলায় কতগুলি নলকূপ অকেজো হয়ে আছে, তা মোটামুটি জানা আছে কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : বলতে পারি না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ কোন্ কোন্ নলকূপ ৫-৭ বছর ধরে অকেজো হয়ে আছে জানেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : আমি পূর্বেই বলেছি।

শ্রীঅজয়পদ রাহাঃ মাননীয় মন্ত্রিমহোদয়া জানাবেন কি, থানায় যে রিপেয়ারিং স্কোয়াড আছে, তাঁরা কার নির্দেশে চলেন? বি ডি ও-র নির্দেশে চলেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ তাঁদের বি ডি ও-র আন্ডারে প্লেস করা হয়েছে।

শ্রীকাশীকান্ত মৈত্র: বর্তমানে গ্রামে টিউবওয়েল সমস্যা রয়েছে, এই ব্যাপারে লোক্যাল এম এল এ-দের অ্যাসোসিয়েট করবার কি কোন প্রোগ্রাম আছে? আগে ডিস্ট্রিক্ট হেল্থ কমিটি ছিল, তাতে চরম অব্যবস্থা হয়েছে, আমি এখন জিজ্ঞাসা করছি, স্থানীয় এম এল এ-দের অ্যাসোসিয়েট করবার কোন পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমাদের স্কাইট সিলেকশন নিয়ে সাধারণতঃ যেখানে গোলমাল হচ্ছে অর্থাৎ দুটো গ্রামে কি একই গ্রামে দুটো দল হয়ে একদল বলে এখানে কর, আর এক দল বলে ওখানে কর, এই যেখানে অবস্থা, এই সমস্ত জায়গায় যদি দু পক্ষকে এম এল এ-রা ডেকে নিয়ে ফয়সলা করতে পারেন, তো এ ব্যাপারে এম এল এ-দের সহযোগিতা নিতে প্রস্তুত আছি।

[12-20—12-30 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: বিধানসভার সদস্য বা ঐ এলাকার যাঁরা পার্লামেন্ট-এর সদস্য, তাঁরা কিন্তু দীর্ঘদিন ধরে কনসাল্টেড হচ্ছেন না। আজ দু বছর ধরে পিন পয়েন্ট করার ব্যাপারে কোন এম এল এ কনসাল্টেড হচ্ছেন না—অন্ততঃ নদিয়া জেলার কথা আমি বলতে পারি। সেজন্য আমি বলছি যে, এটুকুন অ্যাসিওরেন্স যদি দেন যে, আপনারা যে নূতন স্কীম করছেন তাতে সাইট সিলেকশনই বলুন, অথবা অন্য যে কোন কাজের জন্য সাজেসান দেবার ব্যাপারে আপনারা লোক্যাল এম এল এ ইরেসপেক্টিভ অফ পার্টি তাঁদের সহযোগিতা আপনারা নেবেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল যেটা আছে সেখানে লোক্যাল এম এল এ মেম্বার আছেন, সাব-ডিভিশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল মেম্বার আছেন। ব্লক ডেভেলপমেন্টএর যে অ্যাডভাইসরি কমিটি আছে সেখানেও লোক্যাল এম এল এ-রা মেম্বার আছেন। এই তিনটা জায়গায় জলের ব্যবস্থা আছে। জল সম্পর্কে তাঁরা টাকা খরচ করতে পারেন। অতএব এম এল এ অ্যাসোসিয়েট করা হয় নি এটা ঠিক নয়। কাজেই রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীমএর জন্য যখন যেখানে মিটিং হয়, সেই অঞ্চলে এম এল এ যদি থাকেন তা হলে তাঁদের প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে তাঁরা ভাল সাজেসান দিতে পারেন। আমরা চেষ্টা করব যেখানে যেখানে রুরাল ওয়াটার সাপ্লাই হবে, সেখানে লোক্যাল এম এল এ নেবার।

শ্রীকাশীকান্ত মৈত্র: থানায় থানায় যে স্কোয়াড্গুলি থাকবে তারা রি-সিঙ্কিং করতে পারবে কিনা, সেই ব্যবস্থা থাকবে কিনা এবং লোকাল লোকের সাহায্য নিয়ে যেটা রি-সিঙ্কিং হত, সেটা এখন হবে কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: থানায় থানায় যে স্কোয়াড থাকবে তাদের হাতে বোরিং, রি-সিঙ্কিং, সিঙ্কিং সব কিছু দেওয়া হবে। এখন মাত্র ৩০টা বোরিং সেট থাকতে এই অসুবিধা হচ্ছে। এই বোরিং সেট যাতে বাড়ানো যায় তার জন্য আমরা চেষ্টা করছি।

শ্রীনলী ভট্টাচার্য: আপনি বললেন, যে সব থানায় থানায় রিপেয়ারিং স্কোয়াড তৈরি হয়েছে। কিন্তু এখনও সব জায়গায় হয় নি। জলপাইগুড়ি জেলায় নেই। কিন্তু যেখানে হবে সেখানে ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ডেভেলপমেন্ট কাউন্সিল-এর মিটিং-এ থাকবেন? দুই নম্বর কথা আমরা জানি এবং জলপাইগুড়িতে আমরা দেখলাম যে, সাতটা টিউবওয়েল এবং রিংওয়েল মিলিয়ে অকেজো অবস্থায় পড়ে আছে। আপনাদের কি এই রকম স্কীম আছে, যদি রিপেয়ার না হয় তা হলে সেগুলো সার্ভে করার অ্যারেঞ্জমেন্ট হবে কিনা বা এই বিষয়ে সার্ভের সেট-আপ করার কথা ভাবছেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: সার্ভে না করলে কোন স্কীম করা যাবে না— সার্ভে করার ব্যবস্থা আছে এবং তাতে প্রত্যেক বছর কতকগুলি নূতন টিউবওয়েল হল সব জানা যাবে। কতকগুলি জায়গায় আমরা কভার করতে পারি নি। এই স্ট্যাটিসটিকস আমাদের কাছে আছে। তবে আপনারা যেটা বলছেন যে, অনেক জায়গার নষ্ট হয়ে গেছে, তার কারণ গ্রামের লোক খবর দেন নি। সেখানে সার্ভে পার্টি গিয়ে কাজ করেছেন কিনা জানি না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আপনি কি বলবেন রুরাল ওয়াটার সাপ্লাই কমিটি দ্রুত কার্যকরী করার জন্য তিনি কি আদেশ দেবেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এই প্রশ্নের উত্তর দিতে গেলে আমাদের বাজেট প্রভিসন কি হবে এবং কটা নূতন করে আমরা করতে পারব সেটা দেখতে হবে। রুরাল ওয়াটার সাপ্লাই কমিটির স্কীম যে খুব দরকারী সেটা আমরা জানি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আমার জিজ্ঞাস্য হ'চ্ছ যে, এই অচল অবস্থায় আছে, কিন্তু এটাকে কার্যকরী করার জন্য দ্রুত আদেশ দেবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এর উত্তর ত আমি আগেই দিয়েছি।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, দু মাস আগে আগে এই স্কীম নিয়েছেন এবং আমরা যারা প্রশ্ন করেছি সব পুরানো অভিজ্ঞতার ভিত্তিতে প্রশ্ন করেছি। সুতরাং দু মাস আগে যে স্কীম নেওয়া হয়েছে তা সংক্ষেপে তা জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমরা বলেছি প্রত্যেক জায়গায় যেখানে জল দেবার ব্যবস্থা আছে সেটা চীফ ইঞ্জিনীয়ার ও পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ার মারফৎ কো-অর্ডিনেট হবে এবং এই যে রিপেয়ারিং স্কোয়াড, এরা শুধু আমাদের যেগুলি দেওয়া হয়েছে, তা করবে না, যে কোন স্কীমে টিউবওয়েল রিপেয়ারিংএর কাজ করবে।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, নদিয়া জেলায় যে ডেভেলপমেন্ট কমিটি আছে, সেই কমিটির ইতিপূর্বে যে সভা হয়ে গেছে, সেখানে জানানো হয়েছিল যে, টিউবওয়েল তুলে নূতন করে পুঁততে গিয়ে অনেক নষ্ট হয়ে যায়, তাই সরকার থেকে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, টিউবওয়েল তুলে বসানোর পরিকল্পনা সরকার করছেন না। নূতন টিউবওয়েল বসানো হবে, কিন্তু তুলে বসাতে অতি খরচ এবং অধিকাংশ নষ্ট হয়ে যায়, এটা সত্য কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এটা সত্য।

শ্রীবিজয়কুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বাংলাদেশের প্রত্যেকটি গ্রামে এই জল খাবার ব্যবস্থা টিউবওয়েল মারফত হয়ে থাকে। এ রকম কোন গ্রামে আছে কিনা যেখানে টিউবওয়েল হয় নি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: হাজার হাজার আছে। কারণ আপনি যেটা জিজ্ঞাসা করলেন তার উত্তর হচ্ছে প্রত্যেক গ্রামে জল খাবার ব্যবস্থা টিউবওয়েল মারফত হয় না কুয়ো দিয়ে হয়। বহু জায়গা আছে যেখানে টিউবওয়েল হয় না। সেখানের সয়েল কন্ডিশানে টিউবওয়েল করা যায় না বলে পাতকুয়া করতে হয়। আর যদি বলেন সোর্স অফ ওয়াটার সাপ্লাই আছে কিনা, তা হলে বলব বেশির ভাগ গ্রামেই আছে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: এই যে পাতকুয়ার ব্যবস্থা আছে বলেছেন, আমরা জানি না কারণ শহরের লোক। এই পাতকুয়ার যে ব্যবস্থা আছে তা সরকার থেকে নেবার কোন ব্যবস্থা আছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আপনি পাতকুয়া সম্বন্ধে যে কথা বলেছেন, সেটা আপনার অভিজ্ঞতা নেই বলেই বললেন।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয়া বলবেন কি, সারা পশ্চিম বাংলায় সরকারের পক্ষ

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : নোটিস চাই।

শ্রীঅবনীকুমার বসু : মাননীয় মন্ত্রিমহাশয়া কি বলবেন, নলকূপ যেগুলি বরাদ্দ হয়, সেগুলি নূতন নলকূপ এবং পুরানো নলকূপ কি প্রোপারশনে মঞ্জুর করেন অর্থাৎ নিউ সিঙ্কিং এবং রি-সিঙ্কিং যখন স্যাংশন করা হয়, তখন কি প্রোপরশনে স্যাংশন করা হয়, সেটা জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : আমাদের রি-সিঙ্কিংএর বেলায় আমরা দেখেছি বেশির ভাগ গ্রামে রি-সিঙ্কিং-এর জন্য যখন তোলা যাচ্ছে তখন অর্ধেক পাইপ নষ্ট হচ্ছে। সেটা পয়সা খরচ করে রি-সিঙ্কিং করলে পয়সা নষ্ট হয়, সেজন্য রি-সিঙ্কিং-এর প্রভিশন রাখা হয় নি। একমাত্র রাখা হয়েছে ৪০০ জন লোক যে গ্রামে বাস করে সেখানে মাথাপিছু কূয়া বা টিউবওয়েল বসানো হয়, তাতে যদি রি-সিঙ্কিং করে বসানো হয়, তা যদি অকেজো হয়ে যায়, তা হলে সেখানে নূতন সিঙ্কিং করা হয়।

[12-30—12-40 p.m.]

শ্রীগিরীশ মাহাতো : আমি গত ১৯৬২ সালে হেলথের চীফ ইঞ্জিনীয়ারের অফিসে গিয়েছিলাম। তাঁর কাছে পুরুলিয়া জেলার পানীয় জলের কতকগুলি কূয়ার কথা বলেছিলাম। তিনি বললেন যে, শঙ্করবাবু মেম্বার আছেন, তিনি সই না করলে কোনটাই মঞ্জুর হবে না। তারপরেও আমি তাঁর অফিসে গিয়েছি ১৯৬৩ সালে, ঐ কূয়াগুলি আজ পর্যন্ত মঞ্জুর হয় নি। তিনি কি সত্যই মেম্বার আছেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : আপনি যে কথা বললেন, তা আজগুবি কথা। কোন অফিসার যদি এ কথা বলে থাকেন, তা হলে তিনি সম্পূর্ণ অসত্য কথা বলেছেন এবং সত্যের অপলাপ করেছেন এবং তিনি অফিসার থাকার উপযুক্ত নন।

শ্রীগিরীশ মাহাতো : এ ব্যাপার হচ্ছে, আপনি খোঁজ নিয়ে দেখবেন।

[নো রিপ্লাই]

শ্রীকানাই পাল : মাননীয় মন্ত্রিমহাশয়, আমি আপনার কাছে জানতে চাই, আপনি এখানে উত্তরে বললেন যে, অনেক জায়গায় পাতকূয়া আছে বিশুদ্ধ পানীয় জলের জন্য। আমি আপনাকে একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাচ্ছি, নদিয়া জেলায় শান্তিপুর থানায় এমন অনেক টিউবওয়েল আছে, যাতে জল থাকে না, প্রায়ই নষ্ট হয়ে যায়, কিন্তু অধিকাংশ জায়গাতেই পাতকূয়ার কাজ মিউনিসিপ্যালিটি থেকে আটকে আছে, কারণ সেখানে যখন নূতন করে কলের পরিকল্পনার জন্য চাওয়া হয় স্বাস্থ্যবিভাগ থেকে তখন মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ তাঁদের জানিয়েছিলেন যে, আমাদের দরিদ্র দেশ, এখানে এটাতে এত বেশি ব্যয় হয়, মেনটেনেন্স করতে যে, তাতে মিউনিসিপ্যালিটির ট্যাক্সপেয়ারদের অনেক বেশি ট্যাক্স দিতে হবে। সেইজন্য সেটা করার দরকার নেই। পাতকুয়ার জল বিশুদ্ধ নয়, এমন কোন স্যাম্পল নিয়ে দেখা হয়েছে কিনা? আমি জানতে চাচ্ছি, সেখানে পাতকুয়ার এইরকম ভাল ব্যবস্থা থাকা সত্ত্বেও সরকার এই ওয়াটার-ওয়ার্কস সেখানে কেন তৈরি করতে চাচ্ছেন? কোন্‌টা সত্য, পাতকূয়ার জল বিশুদ্ধ, কি বিশুদ্ধ নয়?

মিঃ স্পীকার : সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন সর্ট না করলে আমরা বুঝতে পারি না।
I do not know whether the Hon'ble Minister has understood your question or not.
আপনার পয়েন্ট যেটা, সেটা বলুন।

শ্রীকানাই পাল : আমার পয়েন্টটা হচ্ছে, এখানে যে পাতকূয়ার জল, ইঁদারার জল, বিশুদ্ধ কিনা? তিনি বলছেন যে, এইগুলি বিশুদ্ধ পানীয় জল। পাতকূয়া ও ইঁদারা সেখানে থাকা সত্ত্বেও এই যে ওয়াটার-ওয়ার্কস তৈরি করতে যাচ্ছেন, তার জন্য পাতকুয়ার জলের বিশুদ্ধতার বিরুদ্ধে কোন প্রমাণ আছে কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায় : এর কি জবাব দেব? আমি প্রশ্নটাই বুঝতে পারলাম না। এটা যদি শান্তিপুরের জলের প্রশ্ন হয়, তা হলে সেটা সেখানকার মিউনিসিপ্যালিটিকে জিজ্ঞাসা করবেন, আমি বলতে পারব না যে, কেন এত পাতকুয়া থাকা সত্ত্বেও টিউবওয়েলের ব্যবস্থা করা হচ্ছে।

Shri Khagendra Kumar Ray Chaudhury:

আগে যে টিউবওয়েল আর আর থেকে বসান হয়েছে এখন এই টিউবওয়েলগুলির পোজিশন কি হবে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

সমস্তই এখন চীফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ-এর অন্তর্ভুক্ত হবে, যে স্কীমই থাকুক না কেন।

Shri Sanat Kumar Raha:

রিপেয়ারিং স্কোয়াড-এর যারা কর্মচারী তারা সাইকেল-এর জন্য বহু কমপ্লেইন করেছে, তাদের বহু বিলও আটক আছে, এজন্য কাজেও বাধা হয়—এই সম্পর্কে কোন অভিযোগ আছে কি আপনার কাছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

খোঁজ নেব।

Shri Girish Mahato:

আপনি বললেন অফিসার মিথ্যা কথা বলেছে, আমি এই বিষয়ে তদন্তের দাবি করছি, আপনি তদন্ত করবেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

নিশ্চয়ই, যদি লিখিতভাবে দেন তবে তদন্তের ব্যবস্থা হবে।

Construction of a hospital at Durgapur

***19.** (Admitted question No. *239.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government have any scheme to set up a hospital at Durgapur for the non-project people; and

(b) if so, the particulars of such scheme and the approximate date of its implementation?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) Yes.

(b) It is proposed to establish an indoor hospital and one or two Subsidiary Health Centres in the Durgapur area. The details of the scheme are being worked out.

It is not possible to give an approximate date when the scheme will be implemented. All attempts are however, being made to implement it as quickly as possible.

Construction of Health Centres is proposed to be undertaken after suitable land is acquired.

Dr. Kanai Lal Bhattacharjee:

যে হাসপাতালের কথা আপনি বললেন প্রোজেক্ট-এর জন্য হাসপাতাল দুর্গাপুরের কোন অঞ্চলে প্রতিষ্ঠিত হবে চিন্তা করছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমরা তিনটি পুরো হেলথ সেন্টার করব, বেনাচটীতে একটা, একটা ফরিদপুরে, একটা মুখভাণ্ডী এরিয়াতে।

Dr. Kanai Lal Bhattacharjee:

সাবসিডিয়ারী হেলথ সেন্টার-এ কতগুলি বেড থাকে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

দুইটি বেড থাকে।

Dr. Kanai Lal Bhattacharjee:

১০-১৫টি বেডযুক্ত কোন হাসপাতাল করার স্কীম আপনাদের নাই?

The Hon'ble Purabi Mukhopadhyay:

মেন হস্পিটাল-এ তার ব্যবস্থা হবে।

Dr. Kanai Lal Bhattacharjee:

মেইন হস্পিট্যাল কোথায় হবে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এখনো জমি একোয়ার করা হয় নি, জমি দেখা হচ্ছে।

Dr. Kanai Lal Bhattacharjee:

মন্ত্রিমহাশয়ের জানা আছে যে, দুর্গাপুর প্রোজেক্ট এবং স্টীল এই দুটো এরিয়া ছাড়া অন্য কোন হাসপাতালের সুযোগ-সুবিধা নাই, এজন্য সেখানে অত্যন্ত অসুবিধা হয়, কারণ, সেখানে কোন প্রাইভেট ডক্টর নাই।

The Hon'ble Purabi Mukhopadhyay:

সেই কারণেই আমরা এই ব্যবস্থা করতে যাচ্ছি।

[12-40—12-50 p.m.]

Dr. Kanai Lal Bhattacharjee:

এখনও সব ব্যবস্থা করতে পারেন নি কেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমরা জমির পজেশান পাই নি। জমি দিলে সুরু করব—আমাদের সমস্ত অ্যারেঞ্জমেন্ট হয়ে গেছে।

Dr. Kanai Lal Bhattacharjee:

মন্ত্রিমহাশয় কি জানেন যে, প্রোজেক্ট এরিয়ায় দুর্গাপুর স্টীল-এর হাতে প্রচুর জমি আছে, চাই-লেই পাওয়া যায়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

জমি চাওয়া হয়েছে। তাঁরা জমি পরিষ্কার করে, জঙ্গল পরিষ্কার করে অকুপেন্সী রাইট আমাদের হাতে দেবেন।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

মন্ত্রিমহাশয় জানালেন দুইটি এমারজেন্সী বেড আছে। আমার প্রশ্ন হচ্ছে কোন মেটারনিটি বেড আছে কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এই যে দুটি এমারজেন্সী বেড সেটাই এমারজেন্সী মেটারনিটির জন্য রাখা হয়।

Shri Abani Kumar Basu:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ইনডোর হসপিট্যাল হবে সেটা কত বেডেড হসপিট্যাল হবে?

The Hon'ble Purabi Mukhopadhyay:
এখনও ঠিক করা হয় নি।

Shri Abani Kumar Basu:
মন্ত্রিমহাশয় জানাবেন কি তাঁদের এই চিন্তা কতদিনে পরিষ্কার হবে এবং আমরা কতদিনে জানতে পারব?

The Hon'ble Purabi Mukhopadhyay:
টাকার ব্যবস্থা হলে।

Shri Ananda Gopal Mukhopadhyay:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, দুর্গাপুরে নন-প্রোজেক্ট পিপল যারা আছে তাদের চিকিৎসার ব্যবস্থা সরকারী হাসপাতাল করার প্রথম প্রস্তাব কতদিন আগে গ্রহণ করা হয়েছিল?

The Hon'ble Purabi Mukhopadhyay:
আমি বলতে পারব না।

Shri Ananda Gopal Mukhopadhyay:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, দুর্গাপুরের সরকারী হাসপাতালের জন্য জায়গা কতদিন আগে এই বিভাগকে দেওয়া হয়েছিল?

The Hon'ble Purabi Mukhopadhyay:
এখনও পজেসন পাওয়া যায় নি।

Shri Ananda Gopal Mukhopadhyay:
মন্ত্রিমহাশয় জানাবেন কি এই মেইন হসপিটাল ছাড়া সাবসিডিয়ারী হেলথ-এর তিনটি প্রস্তাব যে সরকার রাখেন সেগুলি প্রথমে কখন গ্রহণ করা হয়েছিল?

The Hon'ble Purabi Mukhopadhyay:
তিনটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার-এর প্রস্তাব অনেকদিন আগে গ্রহণ করা হয়েছিল। কিন্তু সাবসিডিয়ারী হেলথ সেন্টার করতে হলে মেইন হসপিট্যাল করতে হয়। অতএব মেইন হসপিট্যাল না হলে সাবসিডিয়ারী হেলথ সেন্টার তৈরি করা যাবে না।

Shri Ananda Gopal Mukhopadhyay:
মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই প্রস্তাবগুলি গত ৫ বছর যাবৎ সরকারের বিবেচনাধীন হয়ে আছে কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:
একথা সত্য।

Shri Ananda Gopal Mukhopadhyay:
মন্ত্রিমহাশয় কি জানেন যে, এক্জিসটিং পপুলেসান-এর উপর ৭৫ হাজার নন-প্রোজেক্ট পিপল ওখানে বেড়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:
লোকসংখ্যা বাড়লে তার সংগে হসপিট্যাল বেড কিছু বাড়বে।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি নন-প্রোজেক্ট এরিয়ার পিপলরা বর্তমানে কি কি মেডিক্যাল ফেসিলিটি পান?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এখন সেখানে নন-প্রোজেক্ট পিপপল-এর জন্য কোন ফেসিলিটি নেই। তারা সাধারণতঃ ডিস্ট্রিক্ট হস্‌পিট্যাল এবং সাব-ডিভিশনাল হস্‌পিটাল-এর সাহায্য নিচ্ছেন। স্টীল প্রোজেক্ট-এ যারা কাজ করেন সেইসব স্টাফ তাদের ফ্যামিলী মেম্বাররা যেতে পারেন এবং এতে খানিকটা লোড টেনে নেয়। এ ছাড়া ই. এস. আই হাসপাতালে খানিকটা টেনে নেয়, এবং দুর্গাপুর ইন্ডাস্ট্রিয়াল বোর্ড একটা হাসপাতাল করেছে তারাও ফ্যামিলি মেম্বারসদের লোড খানিকটা টেনে নেবে। তারপর, বর্ধমান ডিস্ট্রিক্ট হস্‌পিট্যাল এবং আসানসোল সাব-ডিভিসনাল হস্‌পিট্যালও খানিকটা টেনে নেবে।

Dr. Kanai Lal Bhattacharjee:

বর্ধমান জেলায় ই এস আই স্কীম এক্সটেনডেড হয়েছে কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

দুর্গাপুরে ই এস আই থেকে পরিকল্পনা করা হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharjee:

পরিকল্পনা হয়েছে, কিন্তু স্কীম যদি এক্সটেন্ডেড না হয়, তাহলে কিভাবে হাসপাতাল হবে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

সম্মিলিত স্কীম আছে কিন্তু কোনটাই হয় নি।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহোদয়া জানালেন হাসপাতালের জন্য ল্যান্ড পাওয়া যায় না, আমি জানতে চাচ্ছি তাঁর কাছে এই ল্যান্ড পজেশন নিয়ে কি কি ডিফিকালটি হচ্ছে দয়া করে জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ল্যান্ড পজেশন পেতে খুব বেশী ডিফিকালটি হবে না। কোন জায়গায় হবে ইয়ার মার্ক করে আমাদের দেখাতে হয়েছে, ওরা নিজেরাই জঙ্গল পরিষ্কার করে রাস্তা করে আমাদের দিচ্ছে, দেওয়ার পরেও তখন সেই ফান্ড থাকবে কিনা সব ক'টি হাসপাতাল এক সঙ্গে সুরু করতে আমরা তাই দেখে ঠিক করবো। থার্ড ফাইভ ইয়ার প্ল্যানের একেবারে শেষের দিকে যদি অর্ডার দিই তাহলে কনষ্ট্রাকসন হতে সুরু করবে, পেমেণ্ট নেক্সট ইয়ারে হবে, এজন্য এই ব্যবস্থা হয়েছে।

শ্রীগোপিকারঞ্জন মিত্র: দুর্গাপুর কি সাব-ডিভিশন হতে চলেছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: সাব-ডিভিশন যদি হয় তাহলে আমাদের হাসপাতাল-গুলি সাব-ডিভিশনাল হাসপাতাল হয়ে যাবে।

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা কি সত্য যে দুর্গাপুর প্রজেক্ট এরিয়াতে যদি বাইরের লোক যেয়ে অসুস্থ হয়ে পড়েন তাহলে তারা প্রজেক্ট এরিয়াতে থাকে না বলে তাদের চিকিৎসা হবে না।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: শুধু এ্যাক্সিডেন্ট কেস হলে এবং ইমারজেন্সী কেস হলে তাঁরা নেন, অন্য কেস হলে তাঁরা নিতে চান না।

শ্রীকাশীকান্ত মৈত্র: কারণ কি? এটা কি পাবলিক পলিসি? দুর্গাপুরের মত একটা ইমপরট্যান্ট জায়গায় সারা ভারতবর্ষের লোক যেয়ে পেঁছুবে, নন-প্রজেক্ট এরিয়ার লোকেরা সেখানে বাস করতে যাবে না। তারা সেখানে গিয়ে অসুস্থ হয়ে পড়লে প্রজেক্ট হাসপাতালে চিকিৎসা পাবে না, এটাই কি পাবলিক পলিসি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: না তা নয়, পাশ দিয়ে জি টি রোড থাকায় ওখানে প্রায়ই এ্যাক্সিডেন্ট হয় সেগুলি ওরা নেন, প্রজেক্ট দেখতে যাওয়া ছাড়াও ওখানে মস্ত বড় একটা পপুলেশন আছে। নন-প্রজেক্ট এরিয়ার লোকের জন্য যদি ওরা বাজেট থেকে খরচ করেন তার

জন্য তার অডিট আছে, তাদের এক্সপ্লানেশন দিতে হচ্ছে, তাই তারা করতে চান না, এটা টেম্পোরারী মেজার হিসাবে করছেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহোদয়া বললেন বিগত ৫ বছর ধরে স্কীমটা দপ্তরে পড়ে আছে, তাই যদি হয়, নন-প্রজেক্ট এরিয়ার লোক যারা হাসপাতালের কোন সুবিধাই পাচ্ছে না, তাদের জন্য এমন কোন অর্ডার হাসপাতালগুলিকে দেবেন কি যে এই যারা নন-প্রজেক্ট এরিয়ার লোক, যারা ব্যবসায়ী ছোট-খাট কারবার করে ওখানকার লোকদের সুযোগ-সুবিধা করে দিচ্ছে তারা যাতে সেই সব হাসপাতালে চিকিৎসার সুযোগ পায়?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমার মনে হয় আমার সেরকম অথরিটি নেই, কারণ দুর্গাপুর স্টীল যেটা সেটা আমাদের সরকারের আণ্ডারে নয় এবং আমি আগেই বলেছি তারা যদি করে তাহলে অডিটকে জবাব দিতে হয় তোমরা নন-প্রজেক্ট এরিয়ার লোকেদের জন্য খরচ করেছ কিনা?

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মাননীয়া মন্ত্রিমহোদয়া দয়া করে জানাবেন কি, দুর্গাপুর প্রজেক্টে পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনাধীনে যে কারখানা আছে তাদের হাসপাতালে আউট-ডোর ট্রিটমেন্ট ফ্যাসিলিটি স্থানীয় জনসাধারণকে দেবেন বলে যে এক সময় সিদ্ধান্ত করেছিলেন সেই সিদ্ধান্ত কেন কার্যকরী হচ্ছে না?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমি তো আগেই বলেছি আপনাকে তাদের অডিটে আপত্তি রয়েছে, সেজন্য তাদের ব্যয়বরাদ্দ নন-প্রজেক্ট এরিয়ার লোকের জন্য খরচ করতে প্রস্তুত নয়।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মাননীয়া মন্ত্রীমহোদয়া জানাবেন কি এই হাসপাতালের আউট-ডোরে এক্সরে প্ল্যান্ট এবং অন্যান্য মেশিনারীর জন্য নিজেদের মেডিক্যাল বাজেট থেকে টাকা দিয়েছেন এবং তখন এই সিদ্ধান্ত গৃহীত হয়েছিল যে আউটডোর ফ্যাসিলিটি প্রজেক্ট এরিয়ার লোক ছাড়াও বাইরের লোককে দেওয়া হবে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এটি খুব সংগত প্রশ্ন করেছেন, এটা আমার জানা ছিল না, আমার দপ্তরও এই খবর এখনও পর্যন্ত জানায় নি, আমাদের কাছ থেকে কোন টাকা যদি দিয়ে থাকে নন-প্রজেক্ট এরিয়ার জন্য, অথচ সেই বেনিফিট দিচ্ছে না কিম্বা দিচ্ছেন কিনা সে সম্পর্কে খবর নেব।

Realisation of refugee loans

***20.** (Admitted question No. *336.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উদ্বাস্তু ঋণ মকুব করিবার জন্য পশ্চিমবঙ্গ-সরকারের প্রস্তাব অনুমোদন করিয়া কেন্দ্রীয় সরকারের কোন নির্দেশ আসিয়াছে কি;

(খ) উদ্বাস্তু ঋণ আদায় করিবার জন্য গত ৬ মাসে কতগুলি সার্টিফিকেট জারী করা হইয়াছে ও কতগুলি ক্ষেত্রে ডি ডব্লিউ জারী করা হইয়াছে এবং কতগুলি ক্ষেত্রে মাল-পত্র জোরপূর্বক ক্রোক করা হইয়াছে; এবং

(গ) উদ্বাস্তুদের আর্থিক দুরবস্থার কথা চিন্তা করিয়া সার্টিফিকেট ও ডিডব্লিউ জারী করিয়া টাকা আদায়ের ব্যবস্থা স্থগিত রাখার কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

[12-50—1 p.m.]

The Hon'ble Abha Maity:

(ক) এখনও পর্যন্ত আসে নাই।

(খ) ৮৬২টি সার্টিফিকেট জারী করা হইয়াছে। গত ৬ মাস ধরিয়া যে সকল সার্টিফিকেট জারী করা হইয়াছে শুধুমাত্র সেই সকল ক্ষেত্রে নয়, এমন কি শুরু হইতে যে সকল সার্টিফিকেট কেস অমীমাংসিত অবস্থায় পড়িয়া আছে, সেই সকল ক্ষেত্রেও ৯৫১টি ক্রোক পরোয়ানা জারী করা হইয়াছে। আইনানুগ ব্যতীত জোর করিয়া মালপত্র কোন ক্ষেত্রেই ক্রোক করা হয় নাই।

(গ) যে সকল উদ্বাস্তু ঋণ গ্রহিতা ঋণের টাকা পরিশোধ করিবার সংস্থান থাকা সত্ত্বেও স্বেচ্ছাকৃত অভিসন্ধিমূলকভাবে তাহা করিতেছেন না তাহাদের ক্ষেত্র ব্যতীত সরকার অন্যান্য ক্ষেত্রে সার্টিফিকেট কার্যবহি প্রসিডিংস দায়ের করিতে বা ক্রোক পরোয়ানা জারী যথাসম্ভব না করিবার জন্য নির্দেশদান করা হইয়াছে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: ঋণ মকুব করার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের সিদ্ধান্ত বা প্রস্তাব বা মতামত বা সাজেসান কোন্ সালে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়েছিল?

দি অনারেবল আভা মাইতি: দীর্ঘদিন পূর্বে পাঠান হয়েছে—আমার যতদূর মনে হয় ১৯৬০-৬১ সালে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: এর মধ্যে কি কোন রিমাইণ্ডার পাঠিয়েছেন?

দি অনারেবল আভা মাইতি: অনেকবার রিমাইণ্ডার পাঠিয়েছি। আমরা যেসব প্রস্তাব পাঠিয়েছি আমাদের ভারত সরকার অনেক সময় সেই প্রস্তাবগুলোর নানারকম মডিফিকেশন করেছেন এবং তাঁরা নূতন একটা প্রস্তাব পাঠিয়েছেন সেটা আমরা গ্রহণ করি নি বলে তাঁরা আমাদের পুনরায় নূতনভাবে প্রস্তাব দিতে বলেছেন।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: আপনারা সেখানে গিয়ে প্রধানমন্ত্রী বা পুনর্বাসন মন্ত্রীর সঙ্গে এই সম্পর্কে আলোচনা করেছেন কি?

দি অনারেবল আভা মাইতি: হ্যাঁ।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: গত সেপ্টেম্বর মাসে আপনারা আইনসভায় বলেছিলেন যে, সার্টিফিকেট জারী করা হয়েছে শুধু মাত্র তামাদী বন্ধ করার জন্য, কিন্তু এই মর্মে কোন নির্দেশ আপনারা সংশ্লিষ্ট অফিসারকে পাঠিয়েছেন কি?

দি অনারেবল আভা মাইতি: আমি এই মাসে বলেছি যে, যাঁরা দিতে পারেন সেসব ক্ষেত্রে করা হয়েছে। আপনারা জানেন যে কতকগুলি ক্ষেত্রে ঋণ মকুব কোন সময়েই হয় না যেমন নন-কনস্টিটিউশান লোন যেসমস্ত দেওয়া হয়েছিল, কিম্বা বিজনেস লোন যারা নিয়েছিল সেসব ক্ষেত্রে হবে না। অতএব সেসব ক্ষেত্রে যদি সার্টিফিকেট হয় তাহলে আমাদের কিছু করার নেই এবং ভবিষ্যতেও আমরা তাদের লোন মকুব করব না। কিন্তু যেসব লোন মকুব করবার জন্য প্রস্তাব দিয়েছি সেসব ক্ষেত্রে আমরা বলেছি যে যেন কোনরকম কড়াকড়ি না করা হয়।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: গত সেপ্টেম্বর মাসে আপনি বলেছিলেন যে তামাদী বন্ধ করবার জন্য কোন ক্ষেত্রে মাল ক্রোক করা হবে না—এই মর্মে কোন সার্কুলার পাঠান হয়েছিল কিনা—দ্যাট ইজ মাই ডেফিনিট কোশ্চেন।

দি অনারেবল আভা মাইতি: আমি আগেই বলেছি যারা দিতে পারবে না তাদের সম্পর্কে জোর করার কোন প্রয়োজন নেই—এই নির্দেশই দিয়েছি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আপনি বলবেন যারা দিতে পারবে এইরকম অবস্থায় উদ্বাস্তুদের জন্য সার্টিফিকেট জারী করার ব্যবস্থা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, যারা দিতে পারবে এই ক্যাটাগরি সরকার কিভাবে নির্ধারিত করেছেন এবং এটা কবে হয়েছে এবং সেই অনুযায়ী ডিটেইলড ইনস্ট্রাকশন বিভিন্ন ডিপার্টমেণ্টে গেছে কি?

দি অনারেবল আভা মাইতি: আমি আগেই বলেছি কতকগুলি ঋণের ক্ষেত্রে মকুবের সম্ভাবনা নেই সেসব ক্ষেত্রে সার্টিফিকেট কিম্বা প্রসিডিংস হবে। কিন্তু যেসব ক্ষেত্রে আমাদের প্রস্তাব রয়েছে সেসমস্ত ক্ষেত্রে আমরা নির্দেশ দিয়েছি যে সার্টিফিকেট করা হবে তামাদী বন্ধ করবার জন্য এবং অন্যান্য হ্যারাসমেণ্ট যাতে না করা হয় তাই করা হবে।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ আপনি বললেন আইন অনুযায়ী মালপত্র ক্রোক করা হয়েছে.........

দি অনারেবল আভা মাইতিঃ আমি ডিটেইলস বলতে পারব না।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ ১৯৬২ সালে সাধারণ নির্বাচনের পূর্বে আপনাদের এবং ভারত সরকারের পক্ষ থেকে এরূপ একটা ঘোষণা করা হয়েছিল কিনা যে উদ্বাস্তুদের ঋণ মকুব করা হবে?

দি অনারেবল আভা মাইতিঃ আমি আগেই বলেছি যে ১৯৬১ সালে শেষ করা হয়েছিল এবং সেই পর্যন্ত স্ট্যান্ড এখনও ভারত ও পশ্চিমবঙ্গ সরকারের রয়েছে। খুঁটিনাটি কতকগুলি কারণে অসুবিধা আমাদের হচ্ছে সেগুলি ভারত সরকার আমাদের কাছে জানতে চেয়েছিলেন যে ফ্যামিলি ওয়াইজ কিভাবে লোন দেওয়া হচ্ছে? আমাদের আগে যে ব্যবস্থা ছিল তাতে দেখা যাচ্ছে যে, ফ্যামিলি ওয়াইজ ঠিক নয়, খাতাপত্র ঠিকভাবে রাখা হয় নি—টাইপ ওয়াইজ ছিল। সেই টাইপ ওয়াইজ লোনকে ফ্যামিলি ওয়াইজ লোন-এ নিয়ে আসতে গেলে দীর্ঘ সময় লেগেছে। সেজন্য ভারত সরকার একটা দ্বিতীয় প্রস্তাব তাঁরা দিয়েছিলেন তাতে বলেছিলেন যে এ পর্যন্ত যে ঋণ তাঁরা মকুব করতে চান সেই ঋণ বাংলা সরকারকে গ্র্যান্ট করে দিতে চান এবং কন্ডিশন তাঁরা দিয়েছিলেন যে পশ্চিমবঙ্গ সরকার তাঁরা ইচ্ছা করলে যে পরিমাণ তাঁরা দিতে চান সেটা তাঁরা মকুব করতে পারবেন। এই ঋণ থেকে টাকা যেটা মকুব করবেন না, তার থেকে টাকা আদায় করে রেসিডুয়ারী প্রোবলেম-এ যে খরচ সেই টাকা তাঁরা নেবেন এবং ভারত সরকার আর কোন টাকা দেবেন না। এই প্রস্তাব আমাদের সরকার স্বীকার করেন নি, সেজন্য নূতনভাবে আর একটা প্রস্তাব দেবার কথা হচ্ছে। তারা দ্বিতীয় প্রস্তাব দিয়েছিলেন। সে প্রস্তাবে আমি বলবো যে, এ পর্যন্ত যে ঋণ মকুব করতে চান সে ঋণ বাংলা সরকারকে যদি গ্র্যান্ট করে দিতে চান এ কন্ডিসান তারা দিয়েছিলেন যে পশ্চিমবঙ্গ সরকার ইচ্ছা করলে যত পরিমাণ দিতে চান তা মকুব করতে পারবেন এবং যে ঋণ মকুব করবেন না, তাদের টাকা আদায় করে রেসিডিওরী প্রব্লেমের জন্য যে খরচ তা দেবেন না এবং ভারত সরকার আর কোন টাকা দেবেন না। এই প্রস্তাব আমাদের বিভাগ বা আমরা স্বীকার করে দিতে পারি না। সেজন্য নূতন করে তার একটা প্রস্তাব দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

শ্রীগোপাল ব্যানার্জিঃ পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যে প্রস্তাব দেওয়া হয়েছিল তার সারমর্মটা কি এবং ভারত-সরকার যে প্রস্তাব দিয়েছেন, সম্প্রতি যে প্রস্তাব তাদের কাছে পাঠিয়েছেন এর মধ্যে ব্যবধান কতখানি এবং কি প্রস্তাব?

দি অনারেবল আভা মাইতিঃ আমি আগেই বলেছি, আমরা বলেছিলাম যে সাধারণত আমরা দেখছি ছোট ছোট এগ্রিকালচারিস্ট কিম্বা স্মল ট্রেডস লোন যে সমস্ত তা আউটরাইট লোন মকুব করতে বলেছিলেন। মাঝখানে যখন মিঃ খান্না সাহেব এখানে এসেছিলেন তার সঙ্গে, আমার সঙ্গে কনফারেন্স করে, তাতে স্বীকার করেছিলেন যে এক হাজার পর্যন্ত করা হবে। কারণ আপনারা জানেন আমরা এক হাজার পঁচাত্তরের বা দুই হাজারের বেশী টাকা দিই নি। ছোট ছোট যাদের দিয়েছি, সে টাকার মধ্যে তাঁরা বলেছিলেন টাকা আউটরাইট মকুব করতে পারি। এটা এখানে বলে গিয়েছেন। কিন্তু পরে সেখানে ফাইন্যান্স ডিপার্টমেন্ট-এর সঙ্গে কথাবার্তা বললে তারা আমাকে একটা নূতন প্রস্তাব পাঠিয়েছিলেন। সে প্রস্তাবের কথা আমি আগেই বলেছি। সে প্রস্তাবে বলেছেন, এই ধরনের ছোট ছোট ঋণগুলি, আজ গ্রান্ট করে দেবে পশ্চিমবঙ্গ সরকারকে। পশ্চিমবঙ্গ সরকার যেখানে প্রয়োজনীয়তা বোধ করবে সে ভাবে ঋণ মকুব করবেন, বাকিটা আদায় করবেন। সে আদায়ের টাকায় যে ডেভালাপমেন্ট ওয়ার্ক যে সব রেসিডিওরী প্রব্লেম বাকি আছে সেগুলিতে খরচ করতে হবে। তাতে আমি আপত্তি জানিয়েছিলাম। আমি এই কথা বলেছিলাম যদি আউটরাইট গ্রান্ট আমাদের দেন, তাহলে ইচ্ছামত ফার্স্ট পোরসন অফ দি প্রপোসাল আমি একসেপ্ট করতে পারি। কিন্তু দুটা প্রস্তাব এক সঙ্গে থাকলে আমি গ্রহণ করতে পারি না। কারণ, ঋণ আদায় করে রীতিমত বাজেটে তা ঢুকিয়ে কোন ডেভালপমেন্ট ওয়ার্ক করা যাবে না কলোনীতে এবং অন্যান্য জায়গায়। সেজন্য সে প্রস্তাব প্রত্যাক্ষাণ করে দি।

শ্রীকাশীকান্ত মৈত্র: তাহলে ধরে নিতে পারি ভারত সরকারের এবং রাজ্য সরকারের প্রথম প্রস্তাব ছিল আউটরাইট ক্যান্সেলেসান অফ দি ডেট, সেটা কি এখন রয়েছে না নাকচ হয়ে গেছে। কথা হচ্ছে দ্বিতীয় প্রস্তাব খান্না সাহেবের কাছ থেকে আসার ফলেতে আপনাদের যে প্রথম প্রস্তাব ছিল আউটরাইট ক্যান্সেলেসান সে প্রস্তাব কি একেবারে নাকচ হয়ে গেছে না আজও বেঁচে আছে?

দি অনারেবল আভা মাইতি: আমি আর একটা ভায়ামিডিয়া বার করবার চেষ্টা করছি। সেটা হয়ত কিছুদিন পরে জানাব। ঐ প্রস্তাবটা নাকচ হয় নি। তিনি বলেছেন সে প্রস্তাব কার্যকরী করতে গেলে আমাদের জানতে হবে কার কত ঋণ রয়েছে। আমি আগে বলেছি সেটা যদি ফ্যামিলি ওয়াইজ লেজার দিতে হয় দু বৎসর আড়াই বৎসর লেগে যাবে। কিন্তু আমরা সেটা স্বীকার করতে চাই না, কারণ টাইপ ওয়াইস সমস্ত খাতায় হিসাব আছে, এবং আপনারা অনেকে জানেন ৫০০ টাকা দিতে গিয়ে অনেক ২-৩-৪ বার করে দিয়ে হয়েছে। এক খাতায় ৩-৪ বার নাম লেখা আছে। সেগুলি বার করে ফ্যামিলি ওয়াইজ সাজাতে গেলে দু-এক বৎসর সময় লাগবে। এই জন্য প্রস্তাব করেছিলাম আউটরাইট করা হোক, তাঁরা করতে পারেন নি, এখন তাঁরা কতকগুলি ইনফরমেশান কি পেয়েছেন এবং ইনফরমেশান ভিত্তিতে নূতন প্রস্তাব দিতে বলেছিলেন। তার জন্য আমরা তৈরী হচ্ছি।

শ্রীগোপাল ব্যানার্জি: টাইপ ওয়াইস বা ফ্যামিলি ওয়াইজ-এর ব্যাপারটা কি?

দি অনারেবল আভা মাইতি: আমি আগেই বলেছি, বিশেষ ব্যক্তি এগ্রিকালচারাল হিসাবে এগ্রিকালচার লোন পেয়ে থাকেন, তিনি বাড়ির জন্য লোন পেয়ে থাকেন, আবার আর একজন ব্যক্তি তিনিও বাড়ির জন্য লোন পেয়ে থাকেন, ছোটখাট ব্যবসার জন্য যাকে, এস টি লোন বলে তা পেয়ে থাকেন। একজন হয়ত ২-৩ বার করে লোন পান, এবং সেই ২-৩ রকমের লোক একজন লোক ৪-৫ দফা পেয়ে থাকেন। সে হিসাবে আমাদের খাতা সাজান আছে, এখন নাম বার করে এনে প্রতি দফায় কিভাবে কত টাকা পেয়েছেন। সেটা যোগ করে তাদের জানতে হবে যে, একটা পার্টিকুলার লোক কত টাকা পেয়েছে। সে জানালে তবে দেবেন।

শ্রীগোপাল ব্যানার্জি: আপনি নন-কন্ট্রিবিউটারী লোন মুকুব করা হবে ফার্স্ট থাউজেন্ড অফ নন-কন্ট্রিবিউটরি লোন, এটা বোধ হয় পশ্চিমবঙ্গ সরকারের প্রস্তাব। কন্ট্রিবিউটারিকে এভাবে আউটরাইট বাদ দেওয়া হল কেন তাদের সম্পর্কে কোন প্রস্তাব নেই।

দি অনারেবল আভা মাইতি: আমি আগেই বলেছিলাম যে, কনট্রিবিউটারী এবং বিজনেস লোন যা পেয়েছেন তা শোধ করবেন।

শ্রীগোপাল ব্যানার্জী: কন্ট্রিবিউটারী লোন সম্বন্ধে কোন প্রস্তাব ছিল কিনা।

দি অনারেবল আভা মাইতি: তাঁরা যদি এসব ঋণ মুকুব করে দেন তা ভাল।

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Proposal for a Government hospital at Santipur

***21.** (Admitted question No. *361.)

শ্রীকানাই পাল: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তিপুর সহরে সরকারী হাসপাতাল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) পরিকল্পনা থাকিলে কত সংখ্যক বেড উক্ত হাসপাতালে থাকিবে; এবং

(গ) এই পরিকল্পনা গৃহীত হইয়াছে কিনা এবং কত দিনে উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Health:

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Nurses in Jail hospitals

***22.** (Admitted question No. *153.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন জেলা জেলের হাসপাতালে দিন এবং রাত্রে রোগীর পরিচর্যার জন্য নার্স দেওয়া হয় কিনা; এবং

(খ) উপযুক্ত ফ্যানের ব্যবস্থা ঐরূপ হাসপাতালে আছে কিনা?

The Minister for Home (Jails):

(ক) আলিপুর কেন্দ্রীয় কারায়, সিউড়ী জেলা কারায় এবং লালগোলা বিশেষ কারায় শিক্ষিত বেতনভোগী নার্সের ব্যবস্থা আছে। ইহা ব্যতীত সব জেল হাসপাতালেই দিবারাত্র রোগীদের পরিচর্যার জন্য উপযুক্ত কয়েদীদের নিযুক্ত করা হয়।

(খ) কতকগুলি জেল হাসপাতালে ইলেকট্রিক ফ্যানের ব্যবস্থা আছে। অন্যান্য জেল হাসপাতালগুলিতে হাত পাখা দেওয়া হইয়া থাকে।

Brothels

***23.** (Admitted question No. *283.)

শ্রী[illegible] রায়: স্বরাষ্ট্র (সমাজ উন্নয়ন) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পতিতাদের বাসস্থান সম্পর্কে সরকার কোন পরিসংখ্যান রাখেন কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে (১) ১৯৪৮ সালের ১লা জানুয়ারি এবং (২) ১৯৬৪ সালের ১লা জানুয়ারি পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতসংখ্যক পতিতাদের বাসস্থান ছিল?

The Minister for Home (Social Welfare):

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Jail-warders

***24.** Admitted question No. *154.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেল ওয়ার্ডারদের প্রত্যহ কয় ঘণ্টা ডিউটি দিতে হয়; এবং

(খ) ইহা কি সত্য যে, তাহাদের প্রত্যহ এক ঘণ্টা করিয়া প্যারেড করান হয়?

The Minister for Home (Jails):

(ক) জেল ওয়ার্ডারদের প্রত্যহ গড়ে প্রায় ৮ ঘণ্টা ডিউটি দিতে হয়।

(খ) না, ইহা সত্য নহে। শারীরিক সুস্থ এবং ডিউটি-বহির্ভূত ওয়ার্ডারগণকে রবিবার, "জেল হলিডে" ও সাপ্তাহিক বিশ্রামের দিন ব্যতীত প্রত্যহ আধ ঘণ্টা করিয়া ড্রিল করিতে হয়।

Proposal for a union health centre at Baghirapara

***25.** (Admitted question No. *271.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার বাঘিড়াপাড়া ইউনিয়নে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের নিকট পড়িয়া আছে; এবং

(খ) সত্য হইলে তাহার কারণ কি?

The Minister for Health:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

T.B. and Leprosy Patients in West Bengal

14. (Admitted question No. 3.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী হিসাব অনুযায়ী (১) যক্ষ্মা এবং (২) কুষ্ঠ রোগীর সংখ্যা কত;

(খ) উক্ত কোন্ রোগের জন্য মোট কয়টি "বেড" পশ্চিমবঙ্গে আছে; এবং

(গ) ১৯৫৯ খ্রীস্টাব্দ হইতে ১৯৬৩ খ্রীস্টাব্দ পর্যন্ত জেলাওয়ারী উক্ত রোগগুলির কোন্‌টিতে কত জন লোক মারা যাওয়ার সংবাদ সরকার অবগত আছেন?

The Minister for Health:

(ক) (১) যক্ষ্মারোগীর সঠিক সংখ্যা বলা সম্ভব নয়। ইণ্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চের সমীক্ষা অনুযায়ী পশ্চিমবঙ্গে শতকরা প্রায় ১·৭ জন লোক যক্ষ্মা রোগে আক্রান্ত। এতদনুসারে যক্ষ্মা রোগীর সংখ্যা প্রায় ৬ লক্ষ দাঁড়ায়। (২) এই রাজ্যে কুষ্ঠরোগীর সংখ্যা প্রায় ৩ লক্ষ ৫৮ হাজার।

(খ) যক্ষ্মা রোগীদের জন্য ৪,৪৪৪টি (ধুবুলিয়া যক্ষ্মা হাসপাতালে আরও ২৫০টি শয্যা খোলার ব্যবস্থা হইতেছে)।

কুষ্ঠ রোগীদের জন্য ২,৩৯৭টি।

(গ) ১৯৬৩ খ্রীস্টাব্দের স্বাস্থ্য পরিসংখ্যান এখনও পাওয়া যায় নাই। ১৯৫৯ খ্রীস্টাব্দ হইতে ১৯৬২ খ্রীস্টাব্দের একটি বিবরণী টেবিলে স্থাপন করা হইয়াছে।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 14.

১৯৫৯ খ্রীষ্টাব্দ হইতে ১৯৬২ খ্রীষ্টাব্দ পর্যন্ত পশ্চিমবঙ্গে জেলাওয়ারী যক্ষ্মা ও কুষ্ঠ রোগে মৃত্যুর পরিসংখ্যান তালিকা

জেলা	১৯৫৯		১৯৬০		১৯৬১		১৯৬২	
	যক্ষ্মা	কুষ্ঠ	যক্ষ্মা	কুষ্ঠ	যক্ষ্মা	কুষ্ঠ	যক্ষ্মা	কুষ্ঠ
বৰ্দ্ধমান	৩৫২	৬৫	২৪৭	৯২	১৮০	৯২	১৭৩	৬৮
বীরভূম	১৩৫	৬৩	৯০	৫১	৮৭	৭১	৬০	৫৯
বাকুড়া	৪২২	২২৪	২১৩	২৩২	২১৯	২৫২	১৮৫	১৯৮
মেদিনীপুর	৫৩১	১৬১	৪৭৫	১৯৬	৩৪০	১৮৩	২৭৯	১৯৫
হুগলি	২১৪	২৫	১৬৯	৩৯	১২৮	৪১	১০৪	৫৪
হাওড়া	২৮৮	২০	২৭৯	২৩	২৩৫	২১	২৪৯	১৭
চব্বিশ-পরগণা	৪৪৫	২৭	৩৫৯	১২	২৮৩	২১	২৬৭	১৬
কলিকাতা	১,৯৫৫	৩৪	১,৯৮১	৪৮	১,৬৫২	৬৭	১,৭২৯	৪৩
নদীয়া	১৬৮	১৫	১২২	২২	৭৪	২৪	৮০	১৩
মুর্শিদাবাদ	১৫৪	৩৪	১২০	৩৪	১১০	২৭	৮৯	৪১
পশ্চিম দিনাজপুর	১৭৯	১৮	১০১	৩১	৯১	৩০	১৩৩	২১
জলপাইগুড়ি	৪১১	৩৮	৩৪৫	৫৭	২৬৯	৪৫	২৫৭	৪৮
দার্জিলিং	২৩৬	১৩	১৫১	১২	৬০	৯	১০২	৯
মালদহ	৮৬	১৬	৪৫	২৫	৩২	১২	৩৩	১৩
কোচবিহার	১৫৫	১২	৪৩	১৬	৩৫	৬	৪০	১৪
পুরুলিয়া	৫০	৩৫	৭	৪০	১২	৩৪	১৫	২৪
পশ্চিম বাংলা	৫,৭৮১	৮০০	৪,৭৪৭	৯৩০	৩,৮০৭	৯২৫	৩,৭৯৫	৮৩৩

Rehabilitation of goldsmiths affected by the Gold Control Order

15. (Admitted question No. 101.)

শ্রীসনৎকুমার রাহাঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বর্ণ নিয়ন্ত্রণ আইনের ফলে বর্তমানে কতজন স্বর্ণশিল্পী বেকার আছেন;

(খ) উক্ত শিল্পীর মধ্যে কতজন সার্টিফিকেট লইয়াছেন;

(গ) সার্টিফিকেট-হোল্ডারদের পুনর্বাসনের জন্য অর্থ সাহায্য দেওয়া হইবে কিনা; এবং

(ঘ) অর্থ সাহায্য দেওয়া হইলে কি কি শর্তে অর্থ সাহায্য দেওয়া হইবে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) বেকারের সংখ্যা সঠিক নির্ধারিত হয় নাই। ভারত সরকারের নূতন নির্দেশ অনুযায়ী স্বর্ণশিল্পীরা আগামী ৩১এ মার্চের মধ্যে পুনর্বাসনের জন্য দরখাস্ত করিতে পারেন। তাহার পর সঠিক পরিসংখ্যান পাওয়া যাইবে।

(খ) এখন বলা সম্ভব নহে। ভারত সরকারের সাম্প্রতিক নির্দেশানুযায়ী সার্টিফিকেটের জন্য দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ২৯এ ফেব্রুয়ারি, ১৯৬৪ ধার্য হইয়াছে। ইহার পরে সার্টিফিকেট দেওয়া হইবে।

(গ) সাধারণতঃ নহে। স্বর্ণশিল্প ব্যতিরেকে অন্য কোন ব্যবসা বা পেশায় পুনর্বাসনের জন্য আর্থিক সাহায্য করা হইবে।

(ঘ) অর্থপ্রাপ্তির তিন মাসের মধ্যে সার্টিফিকেট বাতিল করার জন্য ভারপ্রাপ্ত কর্মচারীর নিকট পেশ করিতে হইবে।

Districtwise unemployed in West Bengal

16. (Admitted question No. 13.)

শ্রী[illegible] রায়: শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের প্রতি জেলায় বেকারের সংখ্যা কত; এবং

(খ) তাঁহাদের মধ্যে কত জন পুরুষ এবং কত জন স্ত্রীলোক?

The Minister for Labour:

(ক) ও (খ) জেলাওয়ারী হিসাবে পশ্চিমবঙ্গে সঠিক বেকারসংখ্যা রাখিবার ব্যবস্থা নাই। ১৯৬১ সালের আদমসুমারী অনুযায়ী জেলাওয়ারী পরিসংখ্যান টেবিল "এ"-তে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Kha) *of the unstarred question No. 16.*

TABLE A

Name of district	Persons seeking employment for the first time.		Persons employed before but now out of employment and seeking work.	
	Male.	Female.	Male.	Female.
Darjeeling	5,607	4,566	1,938	1,580
Jalpaiguri	5,844	2,203	5,608	1,605
Cooch Behar	1,160	283	1,067	353
West Dinajpur	2,074	157	1,392	152
Malda	1,387	12	1,066	141
Murshidabad	5,775	41	3,335	181
Nadia	7,946	442	5,696	438
24-Parganas	45,709	4,221	34,362	1,908
Calcutta	41,906	5,818	23,782	1,996
Howrah	21,827	898	16,837	400
Hooghly	16,037	627	11,580	367
Burwdan	22,046	631	15,710	668
Birbhum	3,413	28	2,765	102
Bankura	6,003	32	4,074	168
Midnapur	12,091	147	9,177	253
Purulia	5,894	302	2,681	274

Opening of the new Subdivisional Hospitals in the district of Murshidabad

17. (Admitted question No. 103.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বিভিন্ন মহকুমা হাসপাতালগুলি কবে খোলা হইবে; এবং

(খ) উক্ত হাসপাতালগুলির কোন্ কোন্‌টিতে শয্যাসংখ্যা কত?

The Minister for Health:

(ক) নূতন মহকুমা হাসপাতালগুলি কবে খোলা হইবে এখন তাহা সঠিক বলা সম্ভব নহে।

(খ) বর্তমান মহকুমা হাসপাতালগুলির শয্যাসংখ্যা নিম্নরূপঃ

(১) লালবাগ মহকুমা হাসপাতাল—২৫

(২) জঙ্গীপুর মহকুমা হাসপাতাল—১৪

(৩) কান্দি মহকুমা হাসপাতাল—৩৩

(জঙ্গীপুর ও কান্দিতে ৬৮ শয্যাযুক্ত নূতন হাসপাতাল নির্মাণ করা হইতেছে।)

Production and cultivation of Ganja in Murshidabad district

18. (Admitted question No. 17.)

শ্রীব[illegible]ণ রায়: আবগারী বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলায় ১৯৬৩ সালে মোট কত মণ গাঁজার উৎপাদন হইয়াছে;

(খ) মোট কয় বিঘা জমিতে ঐ বৎসর গাঁজার চাষ হইয়াছে;

(গ) উক্ত গাঁজা চাষের জন্য কে কে লাইসেন্স পাইয়াছিলেন;

(ঘ) উক্ত গাঁজা চাষের জন্য সরকার কোন প্রকার ঋণ, সাহায্য, অনুদান বা অন্য প্রকার সাহায্য করিয়াছেন কি; এবং

(ঙ) সাহায্য করিয়া থাকিলে, কাহাকে কাহাকে এবং কি কি প্রকার সাহায্য করিয়াছেন?

The Minister for Excise:

(ক) ১৯৬২-৬৩ সালে মুর্শিদাবাদ জেলায় মোট ১৪৬ কুইন্টাল ৬১ কেজি ১৫০ গ্রাম গাঁজা উৎপন্ন হইয়াছিল।

(খ) ঐ বৎসর মোট ৯৫·৮৬ একর জমিতে গাঁজার চাষ হইয়াছে।

(গ) (১) সর্বশ্রী নির্মলকুমার জৈন ও কুমারশঙ্কর ভট্ট।

(২) শ্রীনির্মলকুমার দত্ত।

(৩) বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিঃ লাইসেন্স পাইয়াছিলেন।

(ঘ) না করেন নাই।

(ঙ) প্রশ্ন উঠে না।

Sinking and resinking of tubewells in the district of Murshidabad

19. (Admitted question No. 112.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ থানায় কতগুলি পানীয় জলের নূতন নলকূপ বরাদ্দ হইয়াছিল এবং কতগুলির প্রতিষ্ঠা হইয়াছে; এবং

(খ) ঐ সালে কতগুলি নলকূপ রি-সিঙ্কিং করার জন্য বরাদ্দ ছিল এবং কতগুলি রি-সিঙ্কিং করা হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ) ১৯৬৩-৬৪ সালে রুর‍্যাল্ ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে মুর্শিদাবাদ জেলার জন্য মোট ৪৮টি নূতন নলকূপ খনন ও ৭২টি অকেজো নলকূপ পুনর্খননের জন্য মঞ্জুর করা হইয়াছে। মুর্শিদাবাদের জেলাশাসক স্থানীয় ডিস্ট্রিক্ট হেলথ কমিটি ও রুরাল ডেভেলপমেন্ট কমিটির সহিত পরামর্শক্রমে উক্ত নলকূপগুলির স্থান নির্বাচন করিবার পর ইহাদের কাজ আরম্ভ করার ব্যবস্থা হইয়াছে। উক্ত জেলাশাসকের নিকট হইতে এ সম্বন্ধে এখনও রিপোর্ট পাওয়া যায় নাই।

এতদ্ব্যতীত উক্ত জেলার কয়েকটি অঞ্চলে কলেরা মহামারী দমনের জন্য মোট ১০০টি জরুরি নলকূপ মঞ্জুর করা হইয়াছিল এবং ইহাদের কাজও ইতিমধ্যে সম্পূর্ণ হইয়া গিয়াছে। থানাওয়ারী বিবরণ স্থানীয় কর্তৃপক্ষের নিকট চাওয়া হইয়াছে।

The Murshidabad Museum

20. (Admitted question No. 143.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ মিউজিয়ম প্রতিষ্ঠার জন্য যে সমিতি গঠিত হইয়াছে তাহার সদস্য কাহারা এবং নাম কি; এবং

(খ) উক্ত সংস্থার জন্য কেন্দ্রীয় অথবা রাজ্য সরকার কোন অর্থ সাহায্য করিয়াছেন কিনা?

The Minister for Education:

(ক) নিম্নলিখিত সদস্যগণ লইয়া কার্যনির্বাহক সমিতি গঠিত হইয়াছে:

(১) জেলাশাসক—সভাপতি।

(২) মহকুমা-শাসক, লালবাগ।

(৩) জেলা সমাজশিক্ষা প্রাধিকারিক।

(৪) শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ, দাতা ও জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান—সম্পাদক ও কোষাধ্যক্ষ।

(৫) শ্রী জে পি সেনগুপ্ত, অধ্যক্ষ, শ্রীপৎ সিং কলেজ।

(৬) শ্রী ডি এন চক্রবর্তী, প্রধান শিক্ষক, রাজা বি এস বিদ্যামন্দির।

(৭) শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী, এম এল এ, জিয়াগঞ্জ।

(৮) শ্রীদুর্গাপদ সিং, জিয়াগঞ্জ।

(৯) শ্রীগোলবদন ত্রিবেদী, বাহারা (কান্দী)।

(১০) শ্রীরাধানাথ চৌধুরী, নিমতিতা।

(১১) শ্রীমৃণাল গুপ্ত, বহরমপুর।

(১২) শ্রীউমানাথ সিংহ, বহরমপুর।

(খ) উক্ত সংস্থার জন্য কেন্দ্রীয় সরকার ২৫,০০০ টাকা অর্থ সাহায্য করিয়াছেন। রাজ্য-সরকার এখন পর্যন্ত কোনও অর্থ সাহায্য করেন নাই।

Establishment of a Thana Health Centre at Lalgola in the district of Murshidabad

21. (Admitted question No. 232.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার লালগোলা থানায় যে থানা হাসপাতাল হওয়ার প্রস্তাব ছিল তাহা বর্তমানে কি অবস্থায় আছে?

The Minister for Health:

জলাংগোলা উন্নয়ন এলাকায় (ডেভেলপমেন্ট ব্লক) একটি দশ-শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সরকারী পরিকল্পনা আছে। স্থানীয় পাট ব্যবসায়ী সমিতি ৬·৬৩ একর জমি উক্ত স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে সরকারকে দান করিতে স্বীকৃত হইয়াছেন এবং উক্ত জমি স্বাস্থ্য-কেন্দ্র স্থাপনের পক্ষে উপযুক্ত বলিয়া সরকার কর্তৃক বিবেচিত হইয়াছে। উক্ত পাট ব্যবসায়ী সমিতিকে ঐ জমি সরকারের অনুকূলে রেজিস্ট্রি করিয়া দিবার জন্য অনুরোধ করা হইয়াছে। রেজিস্ট্রিকার্য সম্পাদন হইলে উক্ত স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হইবে।

Establishment of a Medical College at Berhampore

22. (Admitted question No. 145.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government has received any prayer from the people of Murshidabad for starting a Medical College at Berhampore; and

(b) whether the Government has any plan to start a Medical College at Berhampore?

The Minister for Health: (a) and (b) No.

Resinking of tubewells in the police-station Kanthi of Midnapore district

23. (Admitted question No. 245.)

শ্রীসুধীরচন্দ্র দাস: গত ২রা জানুয়ারি ১৯৬৪ তারিখে প্রদত্ত অ-তারকাচিহ্নিত ৪৬নং (অ্যাড-মিটেড প্রশ্ন নং ৯৫) প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) অচল নলকূপগুলিকে সচল করিবার কি ব্যবস্থা অবলম্বিত হইতেছে;

(খ) ঐ সকল অচল নলকূপকে সচল করিবার জন্য টাকা মঞ্জুর করা হইয়াছে কিনা; এবং

(গ) টাকা মঞ্জুর হইয়া থাকিলে কোন্ কোন্ নলকূপের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে।

The Minister for Health:

(ক), (খ) ও (গ) গত ২রা জানুয়ারি ১৯৬৪ তারিখে প্রদত্ত ৯৫নং বিধানসভা প্রশ্নের উত্তরে বলা হইয়াছিল যে মেদিনীপুর জেলার কাঁথি থানায় মোট ২৪০টি নলকূপের মধ্যে ২২২টি বর্তমানে চালু অবস্থায় আছে। অর্থাৎ মাত্র ১৮টি নলকূপ অকেজো অবস্থায় আছে।

১৯৬৩-৬৪ সালের রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে সমগ্র মেদিনীপুর জেলার জন্য ২১৬টি অকেজো নলকূপ (৩,০১,৯২০ টাকা ব্যয়ে) পুনর্খননের জন্য মঞ্জুর করা হইয়াছে। ইহাদের মধ্যে কতগুলি নলকূপ কাঁথি থানায় দেওয়া হইবে তাহা স্থানীয় জেলাশাসক তথাকার ডিস্ট্রিক্ট হেলথ্ কমিটি ও ব্লক ডেভেলপমেন্ট কমিটিগুলির সহিত পরামর্শক্রমে স্থির করিবেন। উক্ত জেলাশাসকের নিকট হইতে এ সম্পর্কে এখনও কোন রিপোর্ট পাওয়া যায় নাই।

Proposal for supply of electricity in Murshidabad district

24. (Admitted question No. 152.)

শ্রীসনৎকুমার রাহা: বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কর্তৃক ১৯৬৩-৬৪ সালে মুর্শিদাবাদ জেলায় কতগুলি গ্রামে এবং কোন্ কোন্ থানায় বিদ্যুৎ সরবরাহ সম্প্রসারণ করিবার প্রস্তাব আছে?

The Minister for C[illegible] and Industries:

১৯৬৩-৬৪ সালে মুর্শিদাবাদ জেলার কোন গ্রামে বা থানায় বোর্ড কর্তৃক বিদ্যুৎ সরবরাহ সম্প্রসারণ করিবার কোন প্রস্তাব নাই। শুধু ফরাক্কা এলাকায় ব্যারেজ কর্তৃপক্ষকে বিদ্যুৎ সরবরাহ করার জন্য একটি প্যাকেজ প্ল্যান্ট বসাইবার প্রস্তাব আছে এবং আগামী জুন মাসের মধ্যে ইহা কার্যকরী করা হইবে।

Supply of powdered milk to Rania Milan Sangha, Block No. 3, police-station Contai

25. (Admitted question No. 250.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কাঁথি থানার ৩নং ব্লকের অন্তর্গত রানীয়া মিলন সঙ্ঘ নামক ক্লাবকে ১৯৬২-৬৩ সালে যে গুঁড়া দুধ দেওয়া হইয়াছে তাহার পরিমাণ কত এবং উহার বিতরণ তালিকা কি?

The Minister for Health:

রানীয়া মিলন সঙ্ঘ ক্লাবকে ১৯৬২-৬৩ সালে ৭০২ পাউন্ড গুঁড়া দুধ বিতরণের জন্য দেওয়া হইয়াছিল।

বিতরণ তালিকা ইহার সহিত সংযোজিত হইল।

Statement referred to in reply to the unstarred question No. 25.

গ্রাহকের নাম ও বয়স এবং অভিভাবকের নাম

(১) শ্রীমান লালু কর, ২, লক্ষ্মণ
(২) শ্রীমান টুনু কর, ২½, ভরত
(৩) শ্রীমান খোকা কর, ½, ভরত
(৪) শ্রীমান হরেন জানা, ২½, রাখাল
(৫) কুমারী খুকী জানা, ½, রাখাল
(৬) শ্রীমান রামাপদ জানা, ২, গোবিন্দ
(৭) কুমারী মাধুরী সরদার, ½, বিহারী
(৮) কুমারী সন্ধ্যারানী সর্দার, ২, সর্বেশ্বর
(৯) কুমারী কাদম্বরী শ্যামল, ২½, গোরাচাঁদ
(১০) শ্রীমান সুবল দলাই, ১½, বিভূতি
(১১) শ্রীমান সুকুমার দলাই, ২½, জগন্নাথ
(১২) শ্রীমতি মেনকা দলাই (গর্ভবতী), ৩১, জগন্নাথ
(১৩) কুমারী খুকি দাস, ১½, উপেন
(১৪) কুমারী করুণা দাস, ১½, বনবিহারী
(১৫) শ্রীমান খোকা বেরা, ১¾, সর্বেশ্বর
(১৬) কুমারী জ্যোৎস্না মান্না, ২, সুধাংশু
(১৭) শ্রীমান বাবলু মান্না, ১½, রবিন
(১৮) শ্রীমান খোকা দিক্ষিত, ২½, নিরঞ্জন
(১৯) শ্রীমান শঙ্কর বেচা, ২½, গোবিন্দ

গ্রাহকের নাম ও বয়স এবং অভিভাবকের নাম

(২০) কুমারী খুকি বেচা, ২½, হরি
(২১) শ্রীমান হৃদয় বেচা, ½, হরি
(২২) শ্রীমতী নিলীমা দলাই (গর্ভবতী), ২৫, ভৈরব
(২৩) শ্রীমান শঙ্কর শ্যামল, ২, রাইচাঁদ
(২৪) কুমারী বাসন্তী সর্দার, ২½, সুধীর
(২৫) কুমারী খুকি সর্দার, ½, সুধীর
(২৬) কুমারী রেনুকা সর্দার, ২, সন্তোষ
(২৭) শ্রীমান প্রদীপ সামন্ত, ১½, কৃষ্ণমোহন
(২৮) শ্রীমান খোকা সামন্ত, ½, কৃষ্ণমোহন
(২৯) শ্রীমান কটী সামন্ত (বড়), ৩, জন্মেজয়
(৩০) শ্রীমান কটী সামন্ত (ছোট), ১½, জন্মেজয়
(৩১) শ্রীমান গণেশ সামন্ত, ১½, সত্যরঞ্জন
(৩২) শ্রীমান প্রদীপ মান্না, ২, সুধীর
(৩৩) শ্রীমান সত্যেন মান্না, ১½, অনিল
(৩৪) শ্রীমান খোকা মান্না, ½, অনন্ত
(৩৫) কুমারী খুকি মান্না, ২, ভূধর
(৩৬) শ্রীমতি চঞ্চলা শ্যামল, ৩০, গোরাচাঁদ
(৩৭) শ্রীমান দিনবন্ধু প্রধান, ২¼, নীলকণ্ঠ
(৩৮) শ্রীমান খোকা প্রধান, ১½, বৈকুণ্ঠ
(৩৯) শ্রীমতি মান্না, ১¼, অনুকূল
(৪০) শ্রীমতি বাসন্তী শ্যামল, ১¼, খগেন
(৪১) শ্রীমান খোকা শ্যামল, ¼, খগেন
(৪২) কুমারী অলোক মান্না, ২¼, অবনী
(৪৩) কুমারী আরতি মান্না, ১¼, অবনী
(৪৪) শ্রীমান নিশিকান্ত মান্না, ১¼, ননী
(৪৫) শ্রীমান নান্টু মান্না, ২¼, ইন্দু
(৪৬) শ্রীমান নবু মান্না, ২¼, ইন্দু
(৪৭) শ্রীমান বাবলু মান্না, ১¼, সন্তোষ
(৪৮) শ্রীমান কটী মান্না, ২¼, সন্তোষ
(৪৯) কুমারী খুকী সামন্ত, ¼, গোকুল
(৫০) শ্রীমান বাবলু সামন্ত, ১¼, সঞ্জয়
(৫১) কুমারী মেনকা মান্না, ২¼, ক্ষীরদ
(৫২) কুমারী কাজলরানী মান্না, ১¼, ক্ষীরদ
(৫৩) কুমারী খুকি মান্না, ¼, ক্ষীরদ
(৫৪) কুমারী কানন দাশ, ২¼, নরত্তম
(৫৫) শ্রীমান স্বপন মান্না, ১¼, অশ্বিনী

গ্রাহকের নাম ও বয়স এবং অভিভাবকের নাম

(৫৬) কুমারী নমিতা মান্না, ২½, অর্দ্ধেন্দু
(৫৭) শ্রীমান খোকা সামন্ত, ২½, গোকুল
(৫৮) শ্রীমান তপন মান্না, ২, শচীন
(৫৯) কুমারী অরুণা মান্না ১½, দেবেন
(৬০) শ্রীমতি বাসন্তি শ্যামল (গর্ভবতী), ৩২, রাইচাঁদ
(৬১) শ্রীমতি চঞ্চলা শ্যামল (গর্ভবতী), ৩০, গোরাচাঁদ
(৬২) খোকা দাস, ১, রাধাশ্যাম
(৬৩) রেনুকা সামন্ত, ১, সৃষ্টিধর

Managing Committee of Nabagram Junior High School

26. (Admitted question No. 37.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ গত ৭ই মার্চ ১৯৬৩ তারিখে প্রদত্ত অ-তারকিত ১৫৯নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ২১৫) উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবগ্রাম জুনিয়ার হাই স্কুল শীঘ্রই নির্বাচনের যে প্রতিশ্রুতি সরকার দিয়াছিলেন সেই নির্বাচন হইয়াছে কিনা; এবং

(খ) বর্তমান অ্যাড-হক কমিটির সভ্যদের বা সভ্যের বিরুদ্ধে কোনও অভিযোগ সরকার পাইয়াছেন কি?

The Minister for Education:
(ক) না, কিন্তু গ্রীষ্মের ছুটির পূর্বে যাহাতে কমিটি নির্বাচিত হয় তাহার ব্যবস্থা হইতেছে।
(খ) না।

Reconstitution of District School Board, Murshidabad

27. (Admitted question No. 146.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কবে নির্বাচিত হয়; এবং

(খ) এই বোর্ডের নূতন নির্বাচন কবে হইবে?

The Minister for Education:

(ক) ১৯৫৫ সালে।

(খ) এই বোর্ড পুনর্গঠনের জন্য ১৯৫৯ সালে যথারীতি ব্যবস্থা গ্রহণ করা হইতেছিল, কিন্তু মহামান্য হাইকোর্টের নিষেধাজ্ঞার ফলে নির্বাচন স্থগিত রাখা হয়। পরে মহামান্য হাইকোর্টের নির্দেশমত ১৯৩০ সালের বঙ্গীয় (গ্রামীণ) প্রাথমিক শিক্ষা আইনে সংশ্লিষ্ট নিয়মাবলী সংশোধিত করা হইয়াছে এবং মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের পুনর্নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

[1—1-10 p.m.]

Mr. Speaker: The question hour is over.

Adjournment motion

I have received notice of an adjournment motion from Shri Bejoy Pal on the subject of death of 18 persons in Howrah due to consumption of liquor. I have refused my consent.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received seven notices of Calling Attention on the following subjects: one from Shri Sambhu Charan Ghosh and Shri Amarendra Nath Roy Prodhan on the strike at the Jay Engineering Works; the second from Shri Ananga Mohan Das on the plan of ship-building factory at Haldia or at Geonkhali; the third one from Shri Bejoy Pal on the declaration of lock-out at the Dhakeswari Cotton Mill No. 3, police-station Burnpur, district Burdwan; the fourth from Shri Sambhu Charan Ghosh on the amendment of the Calcutta University Act; the fifth from Shri Sanat Kumar Raha on the false employment advertisement published in a Calcutta daily; the sixth from Shri Sanat Kumar Raha on the demands of the State Government employees and the last one from Shri Sanat Kumar Raha on the reported police repression in some villages of 24-Parganas. I have selected the notice of Shri Sambhu Charan Ghosh and Shri Amarendra Nath Roy Prodhan on the strike at the Jay Engineering Works The Hon'ble Minister will please make a statement today, if possible, or give a date for the same.

The Hon'ble Jagannath Kolay: Tomorrow this will be given.

Discussion on Governor's Address

Mr. Speaker: Now, we take up discussion on the Governor's Address. The amendments will be taken up first All the amendments are in order.

Shri Jyoti Basu: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(1) there is absolutely inadequate awareness and recognition of the moral, economic, political and human problems created by the attacks against the minorities in East Pakistan and riots in West Bengal and the responsibility which develves on the Government and people of India;

(2) there is no mention of the sick state of our economy and the deplorable condition of our people on the thershold of the fourth year of the Third Five-Year Plan;

(3) there is no mention of the subvension of democrarcy by the Government, the unwarranted attacks against the liberties of the citizens under the unconstitutional and lawless Defence of India Rules and the revengeful treatment meted out to prisoners detained without trial, undertrials and others."

আমার যে অ্যামেন্ডমেন্ট আছে সেটা আমি আর পড়ছি না। সেগুলি আমি পেশ করছি। তার উপর আমার যে বক্তব্য তা আমি আপনার মাধ্যমে সবায়ের কাছে রাখছি। প্রথমে এই রাজ্যপালের বক্তৃতা পড়ে এটা মনে হোল যে বোধ হয় পশ্চিমবাংলা সরকারের আর

কিছু বলার নেই এবং বোধ হয় শীঘ্রই তাঁরা পদত্যাগ করবেন। কাজেই আর কোন নীতি কোন কার্যক্রম কিছুই আর বলার প্রয়োজন নেই। জনসাধারণের অবস্থার কোন কিছু আভাস বা ইঙ্গিত বা এই সমস্যার কোন সমাধান আছে কিনা এর মধ্যে তার কোন কিছু আমি খুঁজে পেলাম না। সংক্ষিপ্ত বলে আমার কোন আপত্তি নেই। সংক্ষিপ্ত হলেও অনেক কথা সেখানে বলা যায়। কিন্তু এতে দেখলাম এই যে দেউলিয়া নীতির কার্যক্রম যতক্ষণ চলেছে পশ্চিমবাংলা সরকার-এর তার একমাত্র প্রতিফলন এই বক্তৃতা এবং আমি কালকে যে ঘটনাটা আলোচনা হয়েছে এখন আমি মুলতুবী প্রস্তাব সেই বিষয়ের দিক দিয়ে আমি আমার বক্তব্য সুরু করছি। কারণ, দু-একটি কথা কালকে সময়ের অভাবে বলতে পারি নি। তার দু-একটি কথা মন্ত্রিমহাশয় যে বক্তৃতা দিয়েছে তার বক্তব্য উদ্ধৃতি করে এখানে আমি রাখতে চাই। প্রথমতঃ শুনে একটু মজা লাগলো যে তরুণ মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ খুব আপেক্ষ করেছিলেন— অবাক হয়ে গেলাম যে ভেবেছিলাম যে ইংরাজরা বুঝি আমাদের বন্ধু-তো, হায় হায় যখন দেখছি যে আমরা বন্ধুবিহীন হয়ে গেছি। বন্ধু আর কেউ নেই। বোধ করি স্যার প্যাট্রিক ডিনের এই বক্তৃতা শুনে রাষ্ট্রসঙ্ঘে তিনি এই আক্ষেপ করলেন। তা আমি জিজ্ঞাসা করবো তিনি কি এখনি আবিস্কার করলেন যে, ব্রিটিশ সাম্রাজ্যবাদ আমাদের বন্ধু নয়? দু-একটা অস্ত্রশস্ত্র দিয়েছে চীনের বিরুদ্ধে লড়াই করবার জন্য, এতেই বন্ধু হয়ে গেল? এই হল কংগ্রেসী রাজনীতি? এর জন্য রাজনীতি করবার কোন প্রয়োজন হয় না, এটা সহজেই বোঝা যায়। স্যার প্যাট্রিক ডিনকে আপনারা এখন কি বলবেন? খোসামদ করে কখনও কিছু লাভ হয়েছে? তারা আমাদের দেশে অনুপ্রবেশ করছে, ব্যবসা-বাণিজ্যের জন্য লোন এইসমস্ত কিছুর মারফত আপনাদের মাথায় হাত বুলিয়ে যাচ্ছেন। আর আজকে আপনারা এটা আবিস্কার করছেন? যাই হোক, এই সব কথা আজকে না বাড়িয়ে পূর্ব-বঙ্গের সংখ্যালঘুদের বিষয়ে, পূর্ব পাকিস্তানে যা হচ্ছে এইজন্য সমস্ত দুনিয়ার কাছে যা কিছু আমাদের বক্তব্য আছে, ওখানে যেসব জিনিস ঘটছে, যা ওখানকার সরকারেরই অপরাধ বলে আমরা মনে করি এবং সেগুলো আপনারা বিশেষ করে সমস্ত দুনিয়ার কাছে বলবার চেষ্টা করেন, নিজস্ব কায়দায় এবং নিজস্ব ভঙ্গিতে এবং বিশেষভাবে এশিয়া, আফ্রিকার দেশগুলির কাছে যদি সেখানে কোন জনমত গঠন করতে পারেন এই আশায়, কিন্তু ব্রিটিশ আমেরিকার উপর নির্ভর করে আমার মনে হয় এই কাজ আপনারা করতে পারবেন না। আমরা দেখেছি কাশ্মীরের বেলায়, বহু ক্ষেত্রে এবং বহু বৎসর ধরে এটা আমরা দেখেছি। দ্বিতীয় কথা হচ্ছে, এটা যদি করতে হয় তাহলে আমাদের এখানে—কালকেই আমি বলেছি, আজকে বেশী বলতে চাই না—আমাদের একটু সাবধানতা অবলম্বন করতে হবে ভবিষ্যতের জন্য। কি ফল হোত বলুন তো- আমরা যে এখানে এত বড় গণতন্ত্র প্রতিষ্ঠা করেছি, এখানে মানুষের চেতনা উদ্বুদ্ধ হল, এত আন্দোলন এই সমস্ত হল, এখানে আমরা ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র ঘোষণা করি, এখানে যদি একজন মুসলমানের গায়ে হাত না পড়তো, সংখ্যালঘুদের গায়ে হাত না পড়তো, যা আমরা সকলেই মনে মনে চাই- কালকে যেটা আমি সময় অভাবে বলতে পারি নি সেটা এখন বলি, এখানে যে মুসলমান গৃহচ্যুত হয়েছে, অনেক জায়গায় কিছু হিন্দুও গৃহচ্যুত হয়েছে, কতকগুলি জায়গা আমি নিজে দেখেছি, বস্তিগুলি এমনভাবে পুড়ে গিয়েছে যে সেখানে আর ফিরে যাবার উপায় নেই। সরকার বা মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে আমি এই বুঝেছিলাম সেই সব জায়গার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিন্তু গতানুগতিকভাবে প্ল্যান করা হয় এবং যেভাবে সেগুলি কার্যকরী করা হয়, আমি বিশেষ-ভাবে তাদের ঘর বাড়ির কথাই বলছি—সেইভাবে করতে গেলে কত বৎসর লাগবে আমি জানি না। সেইজন্য এটা যেন একটু দ্রুতগতিতে করা হয় সেই ব্যবস্থা করবার জন্য আমি সরকারকে বলছি। যারা ওখানকার ঘরবাড়ি তৈরি করবে তাদের আপনারা ৪০০ টাকা দেবেন কিন্তু এতে হবে বলে আমরা বলতে পারছি না, এইজন্য আরো কার্যকরী ব্যবস্থা অবলম্বন করতে পারা যায় কিনা এবং পুরাণো টেনেন্ট যাঁরা ছিলেন তাঁরা ফিরে যেতে পারবেন কিনা এগুলো একটু বেশ ভাল করে ব্যবস্থা করতে হবে এবং একটা টাইম লিমিট দিতে হবে যে এর মধ্যে আমরা এগুলি কার্য-করী করবো। আপনারা জানেন প্রায় ৬ হাজার লোকের চাকরী গিয়েছে কারখানা পুড়ে যাবার জন্য ৪-৫টি রাবারের কারখানা, তারমধ্যে ৫ হাজার মুসলমান, দেড় হাজার হিন্দু, তারা যাতে চাকরী পায় এবং তাদের জন্য যাতে বিকল্প ব্যবস্থা হয় তার জন্য যা যা করণীয় তা করতে হবে এবং প্রয়োজনবোধে ফরেন এক্সচেঞ্জের ব্যবস্থা করবার জন্য এ সম্পর্কে ভারত সরকারের সঙ্গে কথা বলার প্রয়োজনও আছে। যতদিন এই ব্যবস্থা না হবে, যতদিন না তাদের জন্য বিকল্প

ব্যবস্থা হবে ততদিন তাদের জন্য রিলিফের ব্যবস্থা করা ছাড়া অন্য কোন উপায় নেই। তারপর আর একটা কথা, এখন এইসমস্ত হাঙ্গামা থেমে গিয়েছে, কোথায়ও কোথায়ও হয়ত কিছুটা ভীতি আছে, সে অন্য কথা, কিন্তু এখন দেখা প্রয়োজন যে অনেক জায়গায় যে-কোন মানুষকে নির্বিচারে গ্রেপ্তার করা হয়েছে, অনেক জায়গায় ইনডিসক্রিমিনেট অ্যারেস্ট করা হয়েছে। কোথায়ও কোন দিন কোন মানুষ হাঙ্গামার সময় ভুলটুলের জন্য গ্রেপ্তার হবে না এটা কেউ গ্যারান্টি দিতে পারে না, অনেক সময় নিরপরাধ মানুষও গ্রেপ্তার হয়, কিন্তু আমাদের কাছে যে রিপোর্ট এসেছে তাতে বুঝতে পারছি যে গোড়ার দিকে এবং পরবর্তী কালেও এইরকম ইনডিসক্রিমিনেট অ্যারেস্ট হয়েছে—সরকার পক্ষের কাছে এইরকম রিপোর্ট এসেছে কিনা জানি না, কিন্তু আমাদের কাছে রিপোর্ট এসেছে যে যারা অন্য দলের লোক, যারা অন্য গ্রুপের রাজনীতি করেন, এই সুযোগে তাদের গ্রেপ্তার করা হয়েছে।

(শ্রীঅবনী বসুঃ সে অন্যটা কি?)

[1-10—1-20 p.m.]

যারা কংগ্রেস পক্ষের নয়। সেইজন্যই আমি বলছি, সেইজন্যই আমাদের ভয় হয় সরকারের হাতে এই ক্ষমতা দিতে হয় যে এই রকম ঘটনা হলে এই রকম ইনডিসক্রিমিনেট এ্যারেষ্ট হবে। এখন আমি বলছি, এগুলো আমাদের দেখতে হবে, আজকে যখন শান্তি ফিরিয়ে আনতে চাচ্ছেন তখন বিচার করে তাদের ছেড়ে দিতে হবে। আবার এখনও আমরা জানি যারা প্রকৃতই অপরাধী তাদের অনেককেই গ্রেপ্তার করা হয় নি। আপনারা জানেন কারা সমাজদ্রোহী। কিন্তু তারা আপনাদের দলের হলে, এই সমস্ত সমাজদ্রোহীরা আপনাদের দলীয় লোক হলে তাদের আপনারা গ্রেপ্তার করেন নি। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি কমিউনিস্ট পার্টির কিছু লোককে পর্যন্ত আপনারা গ্রেপ্তার করেছেন। কেন? কোথায়ও একটা উদাহরণ দেবেন তারা রায়ট করতে গিয়েছিল? এইরকম চীনের আক্রমণের সময় আপনারা করেছেন, এই জিনিস তখন আমরা দেখেছি। তাই আমি বলছি এইগুলো আপনারা একটু ভেবে দেখে তাদের ছেড়ে দেবার ব্যবস্থা করবেন এবং যাতে এই ধরনের অত্যাচার না হয় সেদিকেও একটু দৃষ্টি দেবেন। তারপর আমার কথা হচ্ছে কালকে মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন বললেন যে আমরা ত পূর্ব পাকিস্তান থেকে যারা আসতে চায় তাদের অনেককে মাইগ্রেশন সার্টিফিকেট ইত্যাদি দিয়েছি কিন্তু পাকিস্তানী সরকার তাদের আসতে দিচ্ছে না। আমাদের প্রশ্ন সেটা-ত কোন কাজের কথা নয়, এবং সেটা কোন বড় প্রশ্নও নয়। আমাদের প্রশ্ন হচ্ছে, এই যে তিনটি ক্যাটাগরি—কেন্দ্রীয় সরকার অর্থাৎ শ্রী নন্দ যে তিনটি ক্যাটাগরির কথা বলেছিলেন তাতে এই কথাই তিনি বলেছেন যে আমরা এই তিন ক্যাটাগরির বাইরে মাইগ্রেশন দেবো না। যারা ভীত সন্ত্রস্ত হয়ে আসতে চান তাঁদের আসতে দেবার বন্দোবস্ত করুন। তারপর পাকিস্তানী সরকার বাধা দিচ্ছে, তাদের উপর পলিটিক্যাল এবং ডিপ্লোমেটিক চাপ সৃষ্টি করুন যাতে তারা আসতে দেয়। কিন্তু আমাদের কর্তব্য হচ্ছে—মুখ্যমন্ত্রী যে বললেন অনেক-ত মশায় আমরা দিয়েছি এবং দিচ্ছি তারাই আসতে দিচ্ছে না, এই যদি হয় তাহলে এই ব্যাপারটা তাদের সঙ্গে টেক-আপ করতে হবে—কিন্তু আমাদের দিকটা কেন আমরা করছি না, কেন এই তিনটি ক্যাটেগরি? এই প্রশ্ন কেন পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে করছেন না, তাঁরা কেন কেন্দ্রীয় সরকারকে বলছেন না যে আমরা এটা চাই না। একটা মস্ত বড় কথা কালকে এখানে মুখ্যমন্ত্রী বললেন, আমার একটা প্রশ্ন ছিল তার উত্তরে তিনি বললেন, এখন আমাদের কোন সংবাদ নেই। কেন? এই সমস্ত খবর নেবার ব্যবস্থা করছেন না কেন? আমাদের ওখানে যে ডেপুটি হাই-কমিশনারের অফিস, তাতে বহু লোক কাজ করেন, সুতরাং বহু উপায় আছে খবর আনার। যাতে সঠিক খবর আনা যায় তার বহুবিধ উপায় আছে। তা না হলে লোকে যা ইচ্ছা বলে যাবে এবং এই সমস্ত আন-কনফার্মড রিপোর্ট কাগজে ছাপান হয় যার ফলে এখানে উত্তেজনা বাড়ে।

এরকম সংবাদের কথা আমি বলছি। তাঁরা অনেক সময় বলেন আমরা করব। কিন্তু যখন কোন খবর পাচ্ছি না এবং পাবারও উপায় নেই, তখন কি করা যায়? এর উত্তর দেওয়া কঠিন।

প্রেসের সংবাদপত্র কনফার্মড. আন-কনফার্মড সংবাদ ফেলে দেয় আমি তাদের কথা বলছি না, কিন্তু যারা সঠিক সংবাদ ছাপাতে চায় তারা কি করে ছাপবে সেদিকে সরকারের নজর দেওয়া উচিত। কেউ বলছে ১ হাজার আবার কেউ বলছে ২০ হাজার। এর মধ্যে কোন সামঞ্জস্য আছে? যে ২০ হাজার বলছে তিনি কি করে জানলেন এবং যিনি এক হাজার বলছেন তিনিই বা কি করে জানলেন সেসব কিছু বোঝা যাচ্ছে না। গতকাল আনন্দবাজার পত্রিকার কথা এখানে বলা হয়েছে। আমি সচরাচর এটা পড়ি না, তবে গত ১১ তারিখের এই কাগজটা আমাকে এক-জন দিয়েছেন এবং তাতে দেখেছি আনন্দবাজার পত্রিকা লিখেছে, "কলিকাতায় পাক ডেপুটি হাই কমিশনের কয়েকজন পদস্থ অফিসার জনৈক কমিউনিস্ট এম এল এ সহ পাক দরদী বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃস্থানীয় কয়েকজন ব্যক্তি এবং কলিকাতাস্থ কোন কোন বৈদেশিক দূতা-বাসের কয়েকজন অফিসারের যোগসাজসে সাম্প্রতিক দাঙ্গাহাঙ্গামায় সংখ্যালঘু সম্প্রদায়কে উস্কানী দেওয়া হয় বলিয়া পুলিশী রিপোর্টে প্রাপ্ত অভিযোগে প্রকাশ।" আমি বলি এটা মিথ্যা, অসত্য কথা। আনন্দবাজার পত্রিকার ধর্মই হচ্ছে এইরকম অসত্য কথা বলা এবং আনন্দ-বাজারে ২-১ জন দালাল আছে, পুলিশের দালাল আছে যারা একথা বলে। কিন্তু আমার কথা হচ্ছে সরকারের কাছে এরকম কোন রিপোর্ট যদি থাকে তাহলে সরকারকে এখানে তা প্লেস করতে হবে। আনন্দবাজারের কথায় চলবে না। সেই রিপোর্ট এখানে প্লেস করতে হবে, কারণ সেই এম এল এ যদি আমাদের দলভুক্ত হন তাহলে সে পার্টি থেকে বহিস্কৃত হবেন। তবে এটা জানি যে, আনন্দবাজারের ধর্মই হচ্ছে মিথ্যা কথা লেখা। তারপর, রাজ্যপালের বক্তৃতার কথা আমি আগেই বলেছি যে, অর্থনৈতিক কোন সমস্যা পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে যা আছে এবং জনসাধারণের কি অবস্থা সে সম্বন্ধে কোন কথা তাঁর বক্তৃতার মধ্যে আমরা দেখতে পেলাম না। তিনি বললেন তৃতীয় পরিকল্পনার চতুর্থ বছরের দিকে আমরা এগুচ্ছি, কিন্তু তার ফলে জন-সাধারণের কি অবস্থা তার একটি কথাও এত বড় বক্তৃতায় খুঁজে পেলাম না এমনকি আভাষে-ইঙ্গিতেও না। অন্যান্য বছর দেখেছি কিন্তু থাকে; কিন্তু এবারে কিছুই দেখছি না, সেইজন্য ২-১টি কথা বলতে চাই। আমি খুব বেশী পরিসংখ্যানের মধ্যে যাব না এবং যাবার ইচ্ছাও নাই। পরিসংখ্যানের কি প্রয়োজন আছে? সবাই একথা জানেন যে সম্পূর্ণ বেকার, অর্ধ বেকার এবং আংশিক বেকার এই নিয়ে ভারতবর্ষে প্রায় ৩ কোটির উপর লোক আছে। এর মধ্যে বেকার ৩৮ ভাগ শহরে এবং ৫২ ভাগ গ্রামে এবং তারা হচ্ছে ১৮ থেকে২৬ বছর বয়সের। কত বড় অভিশাপ একবার ভেবে দেখুন যে, ১৮ থেকে ২২ বছর বয়সের লোক গ্রামে এবং শহরে আছে যারা কাজ করতে সক্ষম, কাজ করতে চায় -কিন্তু কাজ নেই। অথচ রাজ্যপাল বলছেন ১৬ বছরের কংগ্রেসী রাজত্বে আমরা তৃতীয় পরিকল্পনায় চতুর্থ বছরের দিকে এগুচ্ছি। ১৯৫০ সালে পশ্চিমবাংলায় যখন পরিকল্পনা সুরু হয় তখন আন-এমপ্লয়মেন্ট রেজিস্টারে ৫৫ হাজার লোক রেজিস্ট্রিভুক্ত ছিল যারা কাজ চায়, কিন্তু এখন ৬ লক্ষের উপর হচ্ছে সম্পূর্ণ বেকার।

1-20—1-30 p.m.]

আরও লক্ষ লক্ষ আছে, সঠিক হিসাব নাই আমার কাছে। যারা আংশিকভাবে কাজ পান, তারাও বেকার। একটা লাইন আছে রাজ্যপালের বক্তৃতায়। তিনি বলেছেন এটা সমাধানের জন্য ৫ বছর শিল্প এবং কুটিরশিল্প গড়ে তুলাবার চেষ্টা করছেন। কোথায় চেষ্টা করছেন, জানিন না-তো আমরা, কুটিরশিল্প এবং ছোট শিল্প এগুলি করে গ্রামের যারা ক্ষেতমজুর তাদের কোথায় চাকুরি দেবেন? এই যে শহরে শহরে মধ্যবিত্ত ঘুরে বেড়াচ্ছে তাদের কোথায় চাকুরি দেবেন এই যে লক্ষ শ্রমিক আছে এবং বাদবাকী যারা আছে তাদের কোথায় চাকুরি দেবেন, এগুলির কোন আভাষ কোন ইঙ্গিত কোথাও কিছু নাই। এই হচ্ছে আমাদের দেশের নিয়ম। আবার এই সময় দেখছি, কাল এঁরা আমার কাছে এসেছিলেন, ২৫০ জন কর্মচারী যাদের বাড়ি তৈরি করার কাজে নিয়োগ করেছিলেন, আমার মনে আছে ডাঃ রায়ের সময় একটা স্কীম করেছিলেন যে বন্যাবিধ্বস্ত অঞ্চলে বাড়ি তৈরি করা হবে, তাতে বহু যুবক ভদ্রলোক কাজ করতো, দেশ গঠনের জনা তারা বহু কাজও করেছে ঘর বাড়ি তৈরি করে দিয়েছে, এখন সেই ২৫০ জনকে ৫-৭ বছর কাজ করার পর বলা হচ্ছে এই সরকারী কর্মচারীরা ছাটাই হবে মার্চ মাসে। কাল তাঁরা আমার কাছে এসেছিলেন। বহু

বছর আগে অন্তত ৬-৭ বছর আগে ডাঃ রায়ের কাছে শুনেছিলাম এই যে সমস্ত সরকারী কর্মচারী বিভিন্ন পরিকল্পনায় কাজ করছে সেখানে কোন জায়গায় কাজ যদি বন্ধ হয়ে যায় পরিকল্পনা সম্পূর্ণ হয়ে গেলে, তাহলে তারা আর এক জায়গায় কাজ পেতে পারে। তাদের নাম একটা তালিকাভুক্ত করা উচিত এবং তাদেরই প্রথম প্রেফারেন্স দেওয়া উচিত। সেটার কি হল জানি না, অথচ লোক নেওয়া হচ্ছে বাইরে থেকে। এই যদি হয় তাহলে এখানে কোন লোক কি উৎসাহ পাবে? এ বিষয়ে আপনাদের একটু চিন্তা করে দেখা উচিত।

তারপর জনসাধারণের অবস্থা খুব বেশী চিন্তা করে লাভ নেই। কারণ কিছুদিন আগে আমি তখন জেলে, তখন দেখলাম আমাদের সংসদে আলোচনা চলছিল ভারতবর্ষের শতকরা ৬০ ভাগ লোকের দৈনন্দিন আয় ১৯ নয়া পয়সা না ৪৭ নয়া পয়সা, এই নিয়ে বিরাট আলোচনা। শ্রীনন্দজী বলছেন ৪৭ নয়া পয়সা আর লোহিয়াজী বলছেন ১৯ নয়া পয়সা। যদি আমি ৪৭ নয়া পয়সাও ধরে নিই, তাহলেও আমরা কোথায় আছি, কোন্ দিকে যাচ্ছি? এবং এ-ও দেখেছি প্ল্যানিং কমিশন বলছে যে আমাদের দেশের লোক ৬০ ভাগ দেশের মানুষ ২০ টাকাও মাসে খরচ করতে পারে না, তার নীচে খরচ করবার ক্ষমতা। শতকরা ৬০ ভাগ মানুষের এই অবস্থা। আমাদের দেশে বিলো মিনিমাম স্ট্যান্ডার্ড, এই হচ্ছে প্ল্যানিং কমিশনের ভাষা, এই ভাষা তাঁরা ব্যবহার করছেন। আরও দেখলাম আমি অনেক দিন ফিগার পরিসংখ্যান [illegible] সাম্প্রতিকালের যে ফিগার, আমরা ক্যালরী কত পাই, আশ্চর্য [illegible] ভারতবর্ষ হচ্ছে সবচেয়ে নীচে, ২,১০০। পাকিস্তান থেকেও আমরা ক্যালরী কম পাই। ১৬ বছর কংগ্রেসী রাজত্বে তিন তিনটা পরিকল্পনা হয়েছে। আমি পশ্চিমবাংলার স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর একটা পরিসংখ্যান একটা বিষয়ে যোগাড় করেছিলাম, তাতে দেখছি, প্রতি পরিবারে গড়পড়তা ৫ জনের একটা পরিবারে একজন যেখানে চাকরি করে, সেখানে [illegible] লোকের দৈনন্দিন আয় হচ্ছে, রোজগার হচ্ছে ৪২ নয়া পয়সা।

এবং ৩৮ জনের রোজগার হচ্ছে ৮৫ নয়া পয়সা। আর শতকরা ১২ জনের দিন মাথাপিছু রোজগার হচ্ছে এক টাকা। এই হচ্ছে কোলকাতার চেহারা, যেখানে ধনসম্পদের কোন অভাব নেই, কিন্তু সেই ধনসম্পদগুলি ঐ মুষ্টিমেয় লোকের কাছে থাকে এটাই আমরা দেখতে পাচ্ছি। এই যে চেহারা, যেটা আমরা দেখেছি সেই চেহারার কোন পরিবর্তন হয় নি, বরং আরও ধনদৌলত মুষ্টিমেয় ধনী লোকের কাছে গিয়ে জমছে। এই কারণে একজন কংগ্রেসের নেতা তিনি বলেছিলেন যে

"While the rich were getting richer, it was wrong to say that the poor were getting poorer The poor stood where they were because they had already touched rock bottom and had nothing further to lose"

এই যে কথা এটা কি বিবেচনা করার দরকার ছিল না, দেখার কি দরকার ছিল না? তাহলে পরিকল্পনা কি হচ্ছে? কোন্ দিকে আমরা যাব? শ্রীকৃষ্ণ মেনন তিনি কংগ্রেসের অধিবেশন এংব পাবলিক মিটিং-এ বক্তৃতা দিয়েছিলেন এবং বলেছিলেন যে, জনসাধারণ যারা গরীব তাদের আর কিছু বাড়াবার নেই, আর তারা কোথায় যাবে? এই অবস্থা আমাদের দেশে হয়েছে এবং জাতীয় আয়ের কথা এখন আর বেশী শুনি না। কংগ্রেস পক্ষ থেকে আগে খুব বড়গলায় বলা হোত, যে, জাতীয় আয় বাড়ছে অবশ্য সাধারণ মানুষ কি পেয়েছে সেটা জানি না--কিন্তু এখন আর সেসব কথা শুনি না। বোধ হয়, ১৯৬২-৬৩ সালে দেখলাম শতকরা ২ ভাগ বেড়েছে, যেখানে ৫-৬ ভাগ বাড়বার কথা। এর সংগে যোগ দিন ১-১½ বছরে সমস্ত জিনিসের দাম বেড়েছে, ২ বছরের ট্যাক্স এক বছরে বসিয়ে দেওয়া হয়েছে এবং সমস্ত রকম নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেড়েছে। এর থেকে আপনি বুঝতে পারছেন যে জনসাধারণের অবস্থাটা কোথায় গিয়ে হাজির হয়েছে। কিন্তু এর কোন জবাব, এই সমস্তের কোন সমাধানের বিষয়ে কোন কথা রাজ্যপালের বক্তৃতায় নেই। এই বক্তৃতায় কি করা হয়েছে তা আমরা দেখলাম এবং এরও একটা নমুনা আমি দিচ্ছি। হাসপাতালের কথায় বলা হয়েছে যে এত আমাদের বেড হয়েছে। কয়েকটা বেড বেড়েছে কিন্তু আমরা কি সেসব কথা শুনবার জন্য এখানে এসেছি? এটা কি পাবলিক মিটিং-এর জায়গা? এখানে কথা হচ্ছে আমরা কি করে সমস্যার সমাধান করব কোথায় টাকা পাব কি করে করব

কতটা প্রয়োজন এসবগুলির আলোচনার ক্ষেত্র হচ্ছে এটা। কিন্তু এটা কোথাও বলা হল না যে, আমাদের পশ্চিমবাংলায় ৬ লক্ষের উপর মানুষ টি বি রোগের দ্বারা আক্রান্ত হচ্ছে? এটা বললেই হল না যে তার জন্য ১০ হাজার বেডের দরকার, আছে ১ হাজার ৪০০ বেড। এটা কোথাও বলা হল না যে, গত বছর কতসংখ্যক মানুষ, যা বোধ হয় স্বাধীনতার পর মরেনি, তার চেয়ে বেশী মানুষ কলেরায় মারা গেল। এ বিষয়ে সরকারের কি কিছু করণীয় নেই? কিন্তু কোথাও এসব পেলাম না? আমরা যদি হিসাব ধরি ৫ জন লোকের জন্য একজন নার্স দরকার তা হলে এখন এখানে ১½-২ হাজার নার্স আরও বেশী দরকার। নার্স নেই বলে একজন নার্সকে বহু রুগীকে দেখতে হয়। হাঁসপাতালে, হাঁসপাতালে অব্যবস্থা, মারপিট পর্যন্ত হচ্ছে। মেঝেতে লোক শুয়ে কাতরাচ্ছে, কিন্তু নার্সকে ডেকে পাওয়া যায় না—এজন্য নয় যে তারা কাজে অবহেলা করল, আসলে সংখ্যায় তারা খুবই কম। এসব কথা রাজ্যপালের বক্তৃতায় নেই। সেজন্য আমি বলছি যে এসব যখন কিছু নেই তখন এর সমাধানের উপায় নেই। তারপর এতদিন আমাদের একথা বলা হয়েছে যে, দেশকে শক্তিশালী করবার জন্য আমাদের এই ট্যাক্স-এর প্রয়োজন হয়।

[1-30—1-40 p.m.]

এবং এই জন্য জিনিসের দাম বাড়ছে আজকে এই কথা বলা হচ্ছে, কিন্তু এই যে ছবিটা তুলে দেখলেন, এই ছবি থেকে কি মনে হয়? এ থেকে কি মনে হয় যে আমাদের দেশ শক্তিশালী হচ্ছে? দেশ মানে কি কত অস্ত্র পেলাম, কত অস্ত্র তৈরি করলাম? এই নিয়েই কি দেশ? এতেই কি দেশকে শক্তিশালী বলে? এই কথাই আমি জিজ্ঞাসা করছি। যে দেশে শতকরা ৬০ ভাগ মানুষের ১৯ পয়সা রোজগার না ৪৭ পয়সা দৈনন্দিন রোজগার এ কথা আলোচনা করতে হয়। আজ আমরা দেখছি ট্যাক্স-এর নামে কোটি কোটি মানুষ মুনাফা লুটছে। আপৎকালীন অবস্থায় বড় বড় কলকারখানার মালিক যারা বিদেশী এবং দেশী তারা মুনাফা লুটছে। এবং জনসাধারণ যারা গরীব মানুষ তারা গরীব থেকে আরো গরীব হচ্ছে, বা এমন গরীব যার আর হারাবার কিছু নেই আর গরীব হবারও উপায় নেই। সেখানে শক্তি কোথায়? কোথায় দেশ গড়ে তুলবে? সেজন্য দেখা যাচ্ছে আপৎকালীন অবস্থায় এমারজেন্সী থাকা সত্ত্বেও বম্বেতে জনসাধারণের উত্থান। আমরা দেখেছি পশ্চিমবাংলায় সাধারণ ধর্মঘট। আপনারা দেখেছেন কলকারখানার মানুষ চুপ করে থাকতে পাচ্ছে না। তারা জানে দেশরক্ষার জন্য কি করতে হবে। কিন্তু তারা যে জিনিস সহ্য করতে পারছে না—যে জিনিস কংগ্রেস সরকার তাদের উপর চাপিয়েছে এমারজেন্সী এবং আপৎকালীন অবস্থার নামে। এজন্য আন্দোলন এবং সংগ্রামের পথে মানুষ পা বাড়িয়েছে। উপায় কি—চালের দাম যদি ৫০ টাকা হয়? আপনারা চালের দাম বেঁধে দিয়েছেন, কিন্তু সে দামে চাল পাওয়া যায় না আমি নিজে জানি। আপনারা বলে দিন কোথায় পান। আপনারা কিছুই করবেন না। আজ সেজন্য শ্রমিক, কৃষক, সাধারণ মানুষ তারা আজ সংগ্রাম করছে আন্দোলন করছে, এবং আমরা দেখছি যে, এই সময় এদিকে আপনারা নজর দিলেন না, কিন্তু উড়িষ্যায় গিয়ে অধিবেশন করে যা প্রতি বৎসরই আপনারা আলোচনা করলেন সোসিয়েলিজম-এর ডেফিনিসানটা কি। বরাবরই কয়েক বৎসর পরপর এই সোসিয়ালিজম-এর ডেফিনিসান কি এইটাই করেন। কংগ্রেসের মধ্যে কিছু মানুষ আছেন যারা এগুলি দেখেন যে কি কোনখানে দিকে আজ যাচ্ছে। যেখানে প্রেসিডেন্টকে বলতে হয়, ঐ কলকাতা দমদম এবং বিভিন্ন জায়গায় যেসব চাল বার করার অভিযান তা দেখে বলতে হয় যে হাংগ্রী পিপল তারা কি করবে। সেখানে আপনারা বারবার ঐ ডেফিনিসান করবেন না। তারপর রাজ্যপাল যে বক্তৃতা দিলেন—যা আপনাদের সরকারের কথা বলেছেন তাতে কোন কিছু প্রতিফলন দেখতে পেলাম না। আপনারা কি ঠিক করে এলেন ভুবনেশ্বরের লোক তো কিছু দেখতে পেলো না? কংগ্রেসের মধ্যে যারা বামপন্থী বলে উচ্চ গলায় বলেন—তারা হয়ত ভাল বুঝে বলেন, কিন্তু আজ কেউ উৎসাহিত নয়। লোক মনে করে আপনারা ভাঁওতা দিচ্ছেন। মানুষকে আপনারা কথা কিছু দেবেন না। ডেফিনিশন করে দেন সাম্যবাদের কিন্তু তার প্রতিফলন কোথায় নেই। আজকে কস্ট অফ লিভিং ইনডেক্স-এর কি অবস্থা এবং আমরা দেখছি শ্রমিকদের ঠকাচ্ছেন, বম্বেতে তার ধরা পড়েছে, পরিসংখ্যানের চুরি সেখানে ট্রেড ইউনিয়ন থেকে বলা হয়েছিল এসব জোচ্চুরি মিথ্যা, আসল হিসাব যাই হোক, সরকার পক্ষ থেকে অন্তত বলা হয়েছে চুরি করা হয়েছে। যদিও

অনেক বেশী, ৫০ পার্সেন্ট, ঐ জচ্চুরি করা হয়েছিল কিন্তু সরকার পক্ষ থেকে ১৯ পার্সেন্ট মেনে নিয়েছেন। যে গোলমাল হয়েছিল তা ত শ্রমিকরা এতদিন ঠকেছে। সে অনুসারে ডিয়ারনেস এলাউন্স তারা পায় নি। আমাদের এখানেও সে কারচুপী হয়েছে। আমাদের এখানেও সেভাবে ঠকেছে, আপনারাও এখানে সেভাবে ডিয়ারনেস এ্যালাউন্স ফাঁকি দিচ্ছেন।

এই জন্য আমি শুধু অন্য কোন কারখানায় যাবার সময় নেই—আর প্রয়োজনও নেই। কিন্তু এই ধরুন সরকারী কর্মচারী—তাদের দেখুন, কি অবস্থা। অন্য জায়গায় যেতে সময় লাগবে-কিন্তু পশ্চিমবঙ্গ চতুর্থ শ্রেণীর কর্মচারী যারা তারা একটা স্মারকলিপি মুখ্যমন্ত্রীকে দিয়েছিলেন জানি না উনি এ বিষয়ে কিছু বলবেন কিনা। সেখানে আমি দেখছি ৫৭-৫৮ টাকা যাদের মাইনে ছিল ঐ পে কমিশনে তাদের ৬০ টাকা হোল। সর্বসাকুল্য ৬০ টাকা মাগ্‌গী ভাতা কিছু নেই। হাউস রেন্ট নেই, কিছুই নেই। ৭২ হাজার এইরকম সরকারী কর্মচারী আছে, তারা চতুর্থ শ্রেণীর। এরা বলছে এ দের স্মারকলিপিতে এই যে আমাদের এই যে ৬০ টাকা বেতন এর থেকে ১৫-২৫ টাকা বাড়ি ভাড়া চলে যায়, তাহলে বাকি ৩৫ টাকা দিয়ে একটি লোকের জীবন কি করে চলতে পারে? যেখানে [illegible] দাম [illegible] দিয়েছেন ২৭-২৮-২৯ টাকা। এখন কি করে চলতে পারে? এটা তো সোজা হিসাব এদের অর্ধাহারে অনাহারে থাকতে হবে এবং এরা বলছে কি বেশী চাচ্ছে না, চাইবার ক্ষমতাও হারিয়ে ফেলেছেন এই ৭২ হাজার লোক কি বলছে? বলছে যে ৮০ টাকা করে আমাদের দিতে পারেন না? এই কথাই বলছে এবং বলছে বাস্তবের কষাঘাতে সমাজতান্ত্রিক সমাজ গঠনের ঘোষণায় এই সমস্ত কর্মচারীদের মধ্যে কোন উৎসাহ সঞ্চার করতে পারে নি। সেখানে সরকারী কর্মচারীদের তাঁরা এই কথা বলছেন সমাজবাদের কথা কিন্তু এটা বিচার করতে হবে। ঠিক সেইভাবে আমি আতঙ্কিত হয়ে শুনলাম যে সরকারী কর্মচারীদের জন্য নাকি যেমন কেন্দ্রীয় কিছু বাড়িয়েছে—এখন শুনছি যে এখানেও নাকি এটা বিবেচনাধীন আছে। এখন এইরকম নাকি আলোচনা হচ্ছে যে মাগ্‌গীভাতা বাড়াবার ব্যাপারে যারা কম টাকা পান তাদের কম দেওয়া হবে—আর যারা বেশী টাকা পান তাদের বেশী টাকা দেওয়া হবে। এ ত কর্মচারীদের প্রতিনিধি তারা বলছেন—আমরা তো এটা বুঝতে পারছি না। এতো মারাত্মক ব্যাপার হবে। চালের দাম, তেলের দাম, কয়লার দাম, কাপড়ের দাম, সমস্ত রকম নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম যা বেড়েছে তা তো যাদের এক মণ চাল কিনতে হয় সে বড়লোক যিনি আছেন যাদের পরিবারে পাঁচ জন লোক আছেন তাঁরা কি ছয় মণ চাল কিনবে? আর যারা কম মাইনে পান তাঁরা কম চাল কিনবে?—এটা কি এইভাবে হবে? সেই জন্য ও'রা চেয়েছেন অন্তত ৩০ টাকা মাসে এই মাগ্‌গীভাতা দেওয়া উচিত। কস্ট অব লিভিং ইনডেক্স যা আছে সেইটা পাঁচশোর উপর চলে গেছে। এই হিসাবে ওঁরা বলছেন পরবর্তীকালে এইরকম যখন ১০ পয়েণ্ট বাড়বে সেই অনুপাতে আপনারা ৫ টাকা করে বাড়াবেন। এখন ৩০ টাকা দিয়ে দিন। এখানে আমাদের কথা হচ্ছে যে যদি আপনারা বিচার না করেন আপনাদের সরকারী কর্মচারী যাঁরা আছেন তাদের মধ্যে কে বিশ্বাস করবে যে এই সরকার সেই সরকার সমস্ত সাধারণ মানুষের জন্য। কলে-কারখানায় যারা কাজ করছে অফিস আদালতে যারা কাজ করে তাদের একটি সঠিক নীতি আপনারা নিতে বাধা করেন। অসম্ভব—হতে পারে না। আপনারা ঐ মালিকদের পক্ষ অবলম্বন করেন। জনসাধারণের পক্ষ শ্রমিক কর্মচারীদের পক্ষ অবলম্বন করেন না। সেই জন্য এই কথাগুলি আমাকে বলতে হোল আপনাদের কাছে। তারপর আমার শেষ কথা হচ্ছে এই যে এতো ঘটনা ঘটলো গত দেড় বৎসর তার ব্যাপারে কোন প্রতিফলন দেখতে পেলাম না এই রাজ্যপালের ভাষণে। এই যে এক-দেড় বৎসরের মধ্যে গণতন্ত্রের উপর যে আক্রমণ কংগ্রেস সরকার করলো তার কোন কথাই এর মধ্যে নেই। আমি ডিফেন্স অব ইন্ডিয়া রুলসের কথা বলছি। আপনারা যে একটা সংবিধান বিরোধী, একটি বে-আইনী আইনকে প্রয়োগ করলেন তা কিসের জন্য? আপনাদের একটি বৃহত্তম বিরোধী দলকে শেষ করবার জন্য এবং জনসাধারণের মধ্যে যাঁরা আন্দোলন করেন সংগঠিত করেন, তাদের বিনা বিচারে গ্রেপ্তার করে জেলে রাখলেন, সাহস হোল না একথা বলতে যে, অভিযোগটা কি আমাদের বিরুদ্ধে। একটা লাইনও জানালেন না, আমাদের লিখে জানাতে যে এই কাজ করেছো এবং এইজন্য আপনাদের প্রতি এই ব্যবস্থা অবলম্বন করেছি, এবং আপনারা জানেন যে এটা আমাদের সৌভাগ্য যে পরবর্তীকালে আমরা দেখেছি যে সব থেকে বড় বড় যারা

আইনজ্ঞ ব্যক্তি তারা সুপ্রীম কার্টে এবং প্রতিটি কোর্টে আমাদের জন্য দাঁড়িয়েছিল। তাঁরা হয়তো অনেকেই কমিউনিস্ট বিরোধী হতে পারেন, কিন্তু তাঁরা দাঁড়িয়েছিল এই জন্য যে যে আপনাদের এই যে গণতন্ত্রকে হত্যা করার যে প্রচেষ্টা তার বিরোধীতা করবার জন্য।

[1-40—1-50 p.m.]

কারণ তাঁরা দেখেছিলেন যে রুল অব ল কিছু নেই, কি রুল অব ল থাকতে পারে যদি একটা চোথা কাগজ লিখে গভীর রাত্রে আমাদের বিছানা থেকে তুলে নিয়ে এসে দমদম জেলে ভর্তি করে দিতে পারেন কোন রুল অব ল থাকতে পারে। আরো আমাদের সৌভাগ্য যে সুপ্রীম কোর্টের মাইনরিটি একজন জজ বলেছিলেন আমাদের ছেড়ে দেওয়া হোক, কিন্তু মেজরিটি যাঁরা তাঁরা বললেন আমরা অপারগ কিন্তু তাঁরা বললেন প্রভিশন অব দি কনস্টিটিউশন যা সেটা পালন করা হয় নি, এই ভাবে প্রভিশন অব দি কনস্টিটিউশন পালন করা হয়নি ডি আই রুলস বলেছে এবং আপনার প্রেসিডেন্সিয়াল অর্ডার, দেশে এমারজেন্সি আমরা আপনাদের কোন রকম রিলিফ দিতে পারি না। কিন্তু তাঁরা আর একটা কথা বলেছিলেন, সরকারকে বলেছিলেন, আপনারা যদি কিছু ব্যবস্থা না করেন তাহলে এমারজেন্সী উঠে গেলে এঁরা যদি মামলা করেন তাহলে অনেক টাকা ড্যামেজ হিসাবে ওদের আপনাদের দিতে হবে। তা আমি এইসব কংগ্রেসী মন্ত্রী এবং মন্ত্রীদের যাঁরা আপনাদেরই যে পার্টি ভারতবর্ষে রাজত্ব করছে, আমি বলি যদি আপনাদের সাহস থাকে, আমি চ্যালেঞ্জ করছি আপনারা কনস্টিটিউশন আর বদলাবেন না। কনস্টিটিউশন সম্বন্ধে অনেক বড় বড় কথা বলেন, কনস্টিটিউশনকে মান্য করেন, আমি কালকে মুখ্যমন্ত্রীকে বলেছি আপনারা যা করছেন তা সংবিধান বিরোধী, আর ১৮ অ্যামেন্ডমেন্ট বিল আনবেন না এমনিতেই ১৭টা অ্যামেন্ডমেন্ট হয়েছে। এর পর আমরা আপনাদের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা আদায় করবো বে-আইনীভাবে আমাদের এক বৎসর কারাবাস করাবার জন্য। কিন্তু আমি জানি এই কাপুরুষের দল কংগ্রেসী মন্ত্রীরা ১৮ অ্যামেন্ডমেন্ট এনে কনস্টিটিউশনকে তাঁরা বদল করে দেবেন যাতে আমরা ড্যামেজেস না আদায় করতে পারি। আইনের কথা আর বলবেন না। আমলাশাহী হতে আর কত বাকী, মিলিটারী রাজত্ব ইত্যাদি হতে আর কত বাকী? আপনাদের হাতে এখনও এমারজেন্সী পাওয়ার আছে, আপনারা এতে অভ্যস্ত হয়ে যাচ্ছেন। এই যদি থেকে যায় তাহলে আমি জানি না গণতন্ত্রের যেটুকুও আছে তা আর কতদিন থাকবে যদি জনসাধারণ সংগ্রাম না করে আপনাদের এই নীতির বিরুদ্ধে এবং আমরা জেলে বসে বসে দেখেছি যে, কোন কংগ্রেসী সমাজদ্রোহী লোক একজনের নামে পুলিশের কাছে একটা চিঠি লিখে দিচ্ছে অমুক লোক চায়ের দোকানে বসে অমুক কথা বলেছে, তারপর পুলিশ রায়টের সময় তাকে খুঁজে পেলো না, যার কোন সিকরেট রিপোর্ট সরকার পেলেন না, মুখ্যমন্ত্রীর লজ্জা করলো না একথা বলতে যে তিনি ৯ই তারিখে জানতে পারলেন ভুবনেশ্বরে যে এখানে গণ্ডগোল লেগেছে, কেন পুলিশের সিকরেট রিপোর্ট কোথায় গেল? পুলিশ-ও আপনাদের এত তৎপর সমাজদ্রোহী একজন কংগ্রেসী গুণ্ডা একটা চিঠি লিখে দিয়েছে থানায়, তারপরই তার ৬ মাস হয়ে গেল রেহাই দেওয়া হল না, ডিভিশন থ্রি দেওয়া হল, এই সব জিনিস আমরা দেখেছি। হয়ত সে লোক একজন এম এ, বি টি, হয়ত সে প্রফেসার, হয়ত ইঞ্জিনীয়ার, হয়ত রাজনৈতিক কর্মী, তাঁরা সেই সমস্ত লোককে ডিভিশন থ্রিতে রেখে দিলেন এই জিনিস আমরা দেখেছি। এইগুলো আমরা দেখেছি যে অ্যাপীল যে মামলায় দায়ের করা হয়েছে তাতে অনেক মামলায় আমরা খালাস পেয়ে এসেছি। এই ভদ্রলোক, তিনি একজন এম এ, বি টি, আমি শুনেছি তিনি কংগ্রেসেরই লোক, তিনি নদীয়ার বেলপুকুর হাই স্কুলের হেডমাস্টার, এই ভদ্রলোক আমরা দেখেছি খালাস পেয়ে এসেছেন এঁর জেল হয়েছিল আড়াই বৎসর লোয়ার কোর্টে, ম্যাজিস্ট্রেটের কোর্টে। কে একজন কংগ্রেসী গুণ্ডা পুলিশের কাছে তার নামে কি বলে দিয়েছে তাতে তার আড়াই বৎসর জেল হল, তারপর তিনি অ্যাপীল করেন, সেই অ্যাপীলে শেষপর্যন্ত জজ সাহেব বলছেন

The case appears to me, on the other hand, an outcome of party faction.

সুতরাং আর একজন কংগ্রেসেরই লোক তাঁকে ধরিয়ে দিয়েছে যার জন্য তাঁর আড়াই বৎসর জেল হল। এইরকম আমরা অনেক দেখেছি। এইরকম মামলা আরো উঠবে সে সমস্ত আমরা পরে

পড়ে শুনাবো। এখন আমি আর একটা কথা বলতে চাচ্ছি, জেলের ভিতরে দেখলাম আমাদের নিয়ে গিয়ে তাঁরা বললেন আপনাদের আমরা কিছু খাওয়া দেবো তবে বাড়ি থেকে পয়সা নিয়ে এসে অন্যান্য খরচপত্র করতে হবে। কেন? ইংরাজ কি আমাদের এইরকম করেছিল? কংগ্রেস সরকারও ইংরাজেরই পদলেহন করছে। আমি বলি এগুলো-ত ইংরাজদের কাছ থেকে শিখতে পারতেন। ওখানে আমাদের নিজেদের পয়সায় টুথ-ব্রাশ কিনতে হবে, কাপড় কাচা সাবান কিনতে হবে, আর যাদের পয়সা নেই তাদের আমাদের দিতে হবে, এইত কংগ্রেসী ব্যবস্থা। এ সম্পর্কে দরখাস্ত লিখে লিখে এ পর্যন্ত কোন প্রতিকার আমরা পেলাম না, কিসের জন্য, কোন মামলায় আমরা জড়িত ছিলাম, কোন প্রমাণ হয়েছে?

A man is innocent till he is proved guilty.

এই সব ডিমোক্র্যাসির বড় বড় কথা যখন আমরা আইন পড়তাম তখন আমরা দেখেছি। কিন্তু আজকে কংগ্রেসী মন্ত্রীরা যদিও আগেকার দিনে বলতেন এখন তাঁরা ভাবছেন ইংরাজ বড় বেশী ডিমোক্রাটিক এবং রুল অব ল এখন আর তার সেই অর্থ নেই, আমাদের রুলিং পার্টিও সেটা মনে করেন কিনা আমি জানি না। তারপরের কথা, চীন চীন বলে কোন লাভ নেই। আপনারা চীনের সঙ্গে যুদ্ধ করুন, চীনের লোককে ধরুন, কিন্তু আমাদের ধরে কি লাভ আছে? আপনাদের এই কথা আমি বলি এবং মাননীয় স্পীকার মহাশয় এখানে আর একটা জিনিস পরবর্তী কালে আসবে, হয়ত আসবে, সেটা অন্য আলোচনায় হবে, কিন্তু এখানে দাঁড়িয়ে এখন এখানে মহিলা মন্ত্রীদের কাউকে দেখছি না তাঁরা আমাদের সবাইকে দেশদ্রোহী বলেছেন, কিসের দেশদ্রোহী, কেন দেশদ্রোহী? যদি সাহস থাকে যদি আপনাদের বুকের পাটা থাকে তবে ১৮ এ্যামেণ্ডমেণ্ট আনবেন না, লক্ষ লক্ষ টাকা আমরা গভর্ণমেণ্ট থেকে আদায় করে নেবো। কে দেশদ্রোহী আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করি, কি কাজ করেছি যার জন্য দেশদ্রোহী? আপনারা দেশের জন্য কোন কাজ করেছেন, খেয়ে খেয়ে ত মোটা হচ্ছেন। সেইজন্য স্পীকার মহাশয়, এই আলোচনা পরে হবে এবং আমরা চাই তাঁরাও এই আলোচনায় অংশ গ্রহণ করবেন। কিন্তু আমি বলতে চাই কংগ্রেসী-দের তরফ থেকে আমাদের দেশপ্রেম শিখতে হবে না। আমি এই কথা বলি ভেবে দেখুন ওঁরা কোন নীচু স্তরে নেবে গিয়েছেন, বিনা বিচারে গ্রেপ্তার করে রেখে দিয়ে মানুষের প্রতি কি ব্যবহার তাঁরা করেছেন। দেড় বৎসর ধরে আমরা দেখে আসছি, আমরা যদিও তখন জেলের ভিতরে ছিলাম—মিথ্যা ভাষণ দিয়ে, দেশের ভিতরে মিথ্যা প্রচার করে, কাগজে কাগজে মিথ্যা প্রচার করে তাঁরা ভেবেছেন আমাদের তাঁরা দেশের লোক থেকে বিচ্ছিন্ন করবেন, কতগুলি গুণ্ডা লোক দিয়ে দেশের মানুষের থেকে আমাদের বিচ্ছিন্ন করতে পারবেন, কিন্তু তা পারবেন না। এই স্বৈরাচারী ব্যবস্থায় কতগুলি মানুষকে বিনা বিচারে বন্দী করে রেখেছেন, সংবিধান বিরোধী এবং আইন বিরোধী উপায়ে অসংখ্য মানুষকে যদি তাঁরা এইভাবে গ্রেপ্তার করে রেখে দেন তবে তাঁদের হাতে ডিমোক্র্যাসির সর্বনাশ হয়ে যাবে। এইজন্য আমি বলি এই আপৎকালীন অবস্থাকে খতম করুন, এই আপৎকালীন অবস্থার সুযোগ নিয়ে যদি এইভাবে দেশের শাসন ব্যবস্থা চলে তাহলে দেশের সর্বনাশ হয়ে যাবে এই কথা বলে আমি রাজ্যপালের যে বক্তৃতা এবং তার যে ধন্যবাদ-সূচক যে প্রস্তাব তার বিরোধিতা করি। গনেশবাবু আণ্ডার ট্রায়ালদের কথা বলেছেন, যাঁরা এখনও ডিভিশন পান নি।

এক-দেড় বছর যাবত মানুষ বেল পায় নি, কেস হয় নি, এই জিনিস হয়েছে। আমাদের পশ্চিমবাংলার এম এল এ অশ্বিনী রায়কে আপনারা মামলায় জড়িয়েছেন। আমরা অনেক মামলায় দেখেছি আপনারা আমাদের আক্রমণ করেছেন আমাদের জড়িয়েছেন এবং আমরাও সেই চ্যালেঞ্জ গ্রহণ করেছি। এখানেও দেখছি সরকার পক্ষ থেকে চেষ্টা করা হচ্ছে যাতে বেল না পায়। যা হোক আমার মনে হচ্ছে মার্কসিস্টদের উপর যদি এই ব্যবস্থা করে তাহলে গণতন্ত্র কোথায় থাকবে সেটা একবার ভেবে দেখবেন!

[1-50—2 p.m.]

শ্রীঅশোককৃষ্ণ দত্ত: মাননীয় স্পীকার মহাশয়, গত সোমবার আমাদের বিধানমণ্ডলীর সামনে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উত্তরে তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করে সেদিন বিধানসভায় আমি এই প্রস্তাব এনেছিলাম। স্যার, এবারে মহামান্য রাজ্যপালের ভাষণের একটা বৈশিষ্ট্য হল এর আয়তন খুব ছোট। একটু আগে বিরোধী দলের নেতা বলেছেন যে, বলবার কিছু নেই বলে বক্তৃতা ছোট হয়েছে। এখনও সামনে থেকে শুনতে পাচ্ছি বলবার কিছু নেই বলে বক্তৃতা ছোট হয়েছে। যাঁদের উইট আছে তাঁরা জানেন, ব্রেভিটি ইজ দি সোল অব উইট এবং যাঁদের নেই তাঁরা বলবেন না। স্যার, রাজ্যপালের ভাষণের আয়তন খুব ছোট হলেও এই সামান্য ১৫ মিনিটের বক্তৃতার মধ্যে বাংলাদেশের প্রত্যেকটি সমস্যার কথা তিনি বলেছেন, প্রত্যেকটি বিষয়ের তিনি উল্লেখ করেছেন। তাঁর তরফ থেকে বিশদভাবে আলোচনা করবার প্রয়োজন নেই—আমাদের এখানে তাঁর ভাষণ নিয়ে যে আলোচনা হবে তাতে বিশদভাবে প্রত্যেকটি বিষয় নিয়ে আলোচনা হবে। যা হোক, প্রত্যেকটি বিষয়ে ইঙ্গিত করা হয়েছে এবং বলতে গেলে এমন কোন গুরুত্বপূর্ণ বিষয় নেই যার কথা বলা হয় নি। এরপর বাজেট রয়েছে, আয়-ব্যয়ের বরাদ্দ রয়েছে কাজেই সেই সময় বিশদভাবে আলোচনা হবে। তবে রাজ্যপাল তাঁর ভাষণের প্রথমেই আমাদের দেশের ল এ্যান্ড অর্ডারের পরিস্থিতির কথা বলেছেন। স্যার, এখন আমাদের সামনে সবচেয়ে ইম্পর্ট্যান্ট জিনিস হচ্ছে গত কয়েকদিন আগে অর্থাৎ জানুয়ারী মাসে পশ্চিম বাংলার ল অ্যান্ড অর্ডার সিচুয়েশন নিয়ে একটা বিরাট ব্যাপার হয়ে গেছে এবং সে সম্বন্ধে রাজ্যপাল বিশদভাবে বলেছেন। শুধু তাই নয়, বিরোধী দলের নেতার এ্যাড-জোর্নমেন্ট মোশন ছিল, তার উপর আলোচনা হয়েছে এবং প্রত্যেকেই একথা স্বীকার করেছেন যে, এই প্রশ্ন আজকে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন। আমাদের রাজ্যপাল এ বিষয়ে বিশদভাবে বলেছেন এবং পশ্চিম বাংলার প্রত্যেকটি লোকের কাছে এই বিধানমণ্ডলীর মাধ্যমে জানিয়েছেন যাতে তাড়াতাড়ি ল এ্যান্ড অর্ডার রেসটোর্ড হতে পারে শান্তি ফিরে আসে এবং পশ্চিম অর্থনীতি বেড়ে ওঠে। শুধু তাই নয় অন্যান্য বিষয়ের সাথে সাথে কৃষির বিষয়ও তিনি বলেছেন। স্যার, একটু আগে শুনলাম গত বছর ৫০ টাকা চালের মণ হয়েছিল, তার উল্লেখ কেন করা হয় নি? ভবিষ্যৎ বছরে কি কর্মসূচী তা নিয়ে আলোচনা করা হয়েছে, আমাদের দেশে ৯ লক্ষ টন ফসল উৎপাদন বেশী হয়েছে, তার ইঙ্গিত করা হয়েছে। স্যার, যেসব দেশ থেকে খাদ্যদ্রব্য আমদানি করা হয়, সেখানে ফসল বেশি হয়েছে বলে পরিস্থিতি খানিকটা ভাল হয়েছে। একটু আগে মাননীয় জ্যোতিবাবুর বক্তৃতা শুনতে শুনতে আমি অবাক হয়ে ভাবছিলাম যে, আমরা পশ্চিমবাংলার বিধানসভায় বসে আছি, না পার্লামেণ্টে বসে আছি? তিনি ফরেন পলিসি নিয়ে আলোচনা করছেন এবং ফরেন পলিসির কি দোষ আছে তা বলেছেন। তারপর, অবাক হয়ে শুনলাম, ৩ কোটি লোক বেকার। স্যার, আমাদের বাংলাদেশে যখন সাড়ে তিন কোটি লোক তখন তিন কোটি লোক বেকার হল কি করে?

তারপর শুনলাম বাংলাদেশের নয়, ভারতবর্ষের, সমস্ত ভারতবর্ষ নিয়ে আলোচনা করা হচ্ছে। কেন না জ্যোতিবাবুর দল থেকে ভারতবর্ষের সংসদে যে সদস্যরা গেছেন, তাঁরা জ্যোতিবাবুর মত চীনাপন্থী নয় বলে তাঁরা তাঁদের বক্তব্য ভারতের সংসদে পেশ করতে পারেন না তাই পশ্চিমবাংলার নামে সর্বভারতীয় বিষয় আলোচনা করে যান। যাই হোক, অনেকগুলি কথা এখানে রয়েছে, আমাদের রাজ্যপালের ভাষণে প্রত্যেক বিষয়ে আলোচনা করা হয়েছে। কৃষির বিষয়ে শিক্ষার বিষয়ে কি কি উন্নতি হয়েছে তা রয়েছে, শিল্পের কথা রয়েছে, দুর্গাপুরে যে বিরাট আর্থিক পরিকল্পনা চলেছে তার পরিষ্কার ইঙ্গিত রয়েছে, সে বিষয়ে অনেক কিছু বলা হয়েছে। আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে দু-একটি বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যদিও প্রত্যেকটি বিষয়ে আলোচনা করা হয়েছে, কিন্তু কতকগুলি ক্ষেত্রে আমি দেখতে পাই কো-অর্ডিনেশনের অভাবের দরুণ জায়গায় জায়গায় কোন কোন ক্ষেত্রে সরকারের অর্থ ব্যয় করা সত্ত্বেও পরিকল্পনা করা সত্ত্বেও, পরিকল্পনা অনেকখানি রূপায়িত হওয়া সত্ত্বেও, অনেক সময় কো-অর্ডিনেশনের অভাবে সেটা সম্পূর্ণ প্রস্ফুটিত হতে পারে না, তার সম্পূর্ণ রূপায়ণ পাই না।

বিভিন্ন ক্ষেত্রে দেখছি, কুটিরশিল্পের ক্ষেত্রেও দেখছি উন্নয়নের জন্য উৎসাহদান করছেন। এতে নিশ্চয়ই উৎসাহ পাবার কথা। বোর্ড অব ইন্ডাস্ট্রিজ থেকে ছোট ছোট শিল্পকে টাকা দেওয়া হয় স্মল ইন্ডাস্ট্রি করবার জন্য। কিন্তু কতকগুলি ক্ষেত্রে যথেষ্ট অসুবিধা রয়েছে। সেগুলি আজকে সরকারের দৃষ্টি আকর্ষণ করা উচিত ছিল। আজকে বোর্ড অব ইন্ডাস্ট্রিজে বিধানসভার প্রতিনিধি রয়েছে, বিভিন্ন শিল্পের প্রতিনিধি রয়েছে, সরকারের বিভিন্ন দপ্তরের প্রতিনিধি রয়েছে, তাঁরা যে টাকা পাশ করেন, স্যাংশন করেন, সেই টাকা পাশ হবার পরেও ফিনান্স ডিপার্টমেন্ট থেকে করেসপন্ডেন্স পেতে এত দেরি হয় তাতে যে উৎসাহ দান করা হয়, যেসমস্ত লোক উৎসাহ পায়, সেই উৎসাহ অনেক সময় নিরুৎসাহে পরিণত হতে বাধ্য হয়। এখানে ফ্রিকশনাল ডিলে যাতে না হয় তার জন্য সরকারের সচেতন হওয়া উচিত।

আমাদের এখানে হাসপাতালের কথা ... হয়েছে, হাসপাতালের সংখ্যা অনেক বেড়েছে। সত্যই নাই। জ্যোতিবাবু সমালোচনা করে বলেছেন যে, পাঁচজন রোগী পিছু একজন আমাদের নার্স চাই, এতে লজ্জার কিছু ব্যাপার নয়। আমেরিকা রাশিয়া যে সুচারু ব্যবস্থা করেছে, আমরা সেই অবস্থায় আসতে পারি না। আমাদের এখানে একটা জিনিস মনে রাখতে হবে, ... হচ্ছে আমরাও পাঁচজন রোগী পিছু একজন করে নার্স রাখতে চাই, কিন্তু আমাদের কতখানি সামর্থ আছে সেটাও বিচার করতে হবে। যদিও আমরা আজকে পাঁচজন রোগী পিছু একজন নার্স রাখার মত অবস্থায় পৌঁছুতে পারি নি, তথাপি এখন আগে থেকে পরিস্থিতির ঢের ভাল একথা স্বীকার করতেই হবে। আজকে বিরাট বিরাট হাসপাতাল হয়েছে, কতগুলি প্রাইমারী হেলথ সেন্টার হয়েছে, কতগুলি সাবসিডিয়ারী হেলথ সেন্টার হয়েছে সেগুলি বিবেচনা করতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের স্বাস্থ্যের যথেষ্ট উন্নতি হয়েছে এবং আমাদের যতখানি আর্থিক সামর্থ্য রয়েছে, লোকবল রয়েছে তার মাধ্যমে নিশ্চয়ই যেভাবে এগিয়ে চলেছি তাতে যেভাবে পরিকল্পনা হয়েছে, আমি বলছি না যে, থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানের শেষে আমাদের যা কিছু দরকার সমস্ত হয়ে যাবে, কিন্তু আমরা পরিকল্পনার বাইরে এগিয়ে চলেছি টার্গেটের দিকে এগিয়ে চলেছি। এর চেয়ে বেশি করার সামর্থ্য আমাদের নেই, অর্থ নেই। যতগুলি হাসপাতাল হলে সমস্ত দেশের লোক সন্তুষ্ট হতে পারে নার্স হলে সমস্ত দেশের লোক সন্তুষ্ট হতে পারে সেটা এক বছরেই হবে যাবে সেটা আমি বলছি না।

[2—2-10 p.m.]

আমরা দায়িত্বশীল দল যতটা করতে পারব ততটা করতে পারা সম্ভব তাই করেছি। তাই বলছি, সমালোচনা করা খুব সহজ। পাঁচজন রোগী পিছু একজনও নার্স নেই বলা খুব সহজ, কিন্তু পাঁচজন রোগী পিছু একজন নার্স এর জন্য বাজেটে যতখানি ব্যয় বরাদ্দের প্রয়োজন হয় তা আসবে কোথা থেকে? যাঁরা দায়িত্বহীন, তাঁরা এসব কথা বলতে পারেন কিন্তু যাঁরা দায়িত্বশীল হয়ে সরকার চালান তাঁরা এসব কথা বলতে পারবেন না। (শ্রীবীরেন রায় কি বলিলেন শোনা গেল না।) বীরেনবাবু কি বলছেন বুঝতে পারছি না। তিনি কখনও কমিউনিস্ট বেঞ্চএ বসেন, কখনও ইন্ডিপেন্ডেন্ট বেঞ্চএ বসেন। তিনি বোধ হয় রেভলিউশনারি, তাই ঘুরে-ফিরে বেড়ান। আমাদের যতজন রোগী পিছু যতজন নার্স রয়েছে, চীনে তার চেয়ে কম রয়েছে। চীনারা যেদিকে বসতেন......

শ্রীগণেশ ঘোষঃ আপনি কি এটা অ্যালাও করলেন?

(Noise and interruptions from the opposition benches.)

শ্রীঅশোককৃষ্ণ দত্তঃ স্যার চীনের নাম করলে গায়ে এত জ্বালা কেন ধরে? রাজ্যপালের ভাষণে আনন্দবাজার পত্রিকা কি করে এল সেটা আমি ঠিক বুঝতে পারছি না। আনন্দবাজার পত্রিকাকে গালাগালি দেবার ইচ্ছা হয়, সেটা অন্য জায়গায় দিতে পারেন। কিন্তু রাজ্যপালের ভাষণে আনন্দবাজার পত্রিকাকে টেনে আনার কি তাৎপর্য তা বুঝলাম না। আনন্দবাজার

পত্রিকা সত্য কি মিথ্যা সেটা আমার জানবার দরকার নেই। কিন্তু জ্যোতিবাবু যখন মিথ্যা বলছেন তখন বোধ হয় খবরটা সত্য। আর একটা জিনিষ বিবেচনা করতে হবে যে, খবরটা প্রাইমা ফেসি নিশ্চয় সত্য। কারণ এটা অ্যাডমিটেড ফ্যাক্ট যে, জ্যোতিবাবু এবং তাঁর দলের কিছু লোক চীনের অত্যন্ত বন্ধু এবং চীন এখন পাকিস্তানের অত্যন্ত বন্ধু। অতএব যে কথা বলা হয়েছে যে, পাকিস্তান ডেপুটি হাই কমিশনার-এর সঙ্গে আলোচনা করেছেন তখন এটা প্রাইমা ফেসি ট্রুথ যে, তাঁরা গিয়েছিলেন পাকিস্তান ডেপুটি হাই কমিশনার-এর কাছে।

[গোলমাল]

তারপর জ্যোতিবাবু ক্যাটেগরি নিয়ে অনেক কথা বলেছেন। যেসমস্ত উদ্বাস্তুরা নূতন করে আসতে আরম্ভ করেছেন বা আসবেন বলে আশা করছেন তাঁদের বিষয়ে জ্যোতিবাবু সমালোচনা করবার সময় কেন্দ্রীয় সরকারের কথা বলেছিলেন—ক্যাটেগরির কথায়। তাদের তিনটা ক্যাটেগরিতে ভাগ করা হয়েছে। রাজ্যপালও এ বিষয়ে পরিষ্কার বলে দিয়েছেন যে পূর্ব পাকিস্তান হতে যেসমস্ত নূতন উদ্বাস্তু আসছেন তাদের দণ্ডকারণ্যে পুনর্বাসন নীতি সরকার গ্রহণ করেছেন। ভারত সরকার এটা গ্রহণ করেছেন এবং পশ্চিমবঙ্গ-সরকার এ বিষয় দাবী করছেন যে, এ বিষয়ে কোন রকম ক্যাটেগরি ভাগ করা হবে না। শ্রেণীনির্বিশেষে যাতে রিসেটেলমেন্টএর ব্যবস্থা করা যেতে পারে এই নীতি ভারত সরকার গ্রহণ করেছেন এবং এটা পশ্চিমবঙ্গ সরকারেরও দাবী। এর পরিষ্কার ইঙ্গিত এর মধ্যে নেই বলে এর জন্য সমালোচনা করবার নেই। ভারত সরকারের যদি সমালোচনা করতে হয় তার জন্য পার্লামেন্টে রয়েছে—সেখানে সমালোচনা করা হবে। পশ্চিমবঙ্গ সরকারের দাবী যে আরও পরিষ্কার রয়েছে সে বিষয়ে দ্বিমত নেই যেসমস্ত ক্যাটেগরির লোককে রিসেটেল করা হবে। এটা শুধু পশ্চিমবাংলার প্রশ্ন নয়, পশ্চিম বাংলা সরকারেরও নয়। পশ্চিম বাংলা থেকে যে সমস্ত সংসদীয় সভ্য রয়েছেন তাঁদের প্রত্যেকে এক বাক্যে দাবী তোলা উচিত যে, শুধু এই সমস্যা পশ্চিমবঙ্গ সরকারের নয়, এবং আমার মনে হয় বিধানসভার প্রত্যেক সভ্যদেরও এই দাবী করা উচিত। আজ পূর্ব পাকিস্তান থেকে আগত নূতন উদ্বাস্তু সমস্যা এটা কোন দলীয় সমস্যা নয়, এটা কোন প্রদেশের সমস্যা নয় এর দায়িত্ব পশ্চিমবঙ্গ-সরকারের নয় এটা সর্বভারতীয় প্রশ্ন। পূর্ব পাকিস্তান থেকে যেসমস্ত নূতন উদ্বাস্তু আসতে আরম্ভ করেছেন তাদের উপযুক্তভাবে রিসেটেল করানোর দায়িত্ব পশ্চিমবঙ্গ-সরকারের একার নয়, সমস্ত ভারতবর্ষের।

আমরা কেন নিজের হাতে দায়িত্ব নিতে যাব, আমরা দাবি করেছি এ সমস্ত ভারত সরকারের দায়িত্ব, ভারত সরকারই বিচার করবেন সমস্ত ক্যাটেগরিওয়াইজ রিসেটেল করবেন এবং সে দাবী করার পদ্ধতি আলাদা, আমরা হয়ত মিছিল বার করে শ্লোগান দিয়ে বা বাজার গরম করে যাওয়াটাকে আমরা যথাযথ বলে মনে করি না। যেভাবে ভারত সরকারকে সাহায্য করলে কাজ হতে পারে সেইভাবে দায়িত্বপূর্ণভাবে আমরা দাবী রাখতে চাই। আমরা চিৎকার করে, শ্লোগান দিয়ে বাজার গরম করার দাবীকে বিশ্বাস করি না। ভারত সরকারের সঙ্গে যেভাবে করলে কাজ হতে পারে সেইভাবে করব। মুখ্যমন্ত্রী বার বার দিল্লী যাচ্ছেন এবং বিভিন্ন প্রদেশের মন্ত্রীদের সঙ্গে এবং সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত মন্ত্রীদের সঙ্গে যোগাযোগ করছেন ইতিমধ্যে। ভারত সরকার তাঁদের পলিসি ঘোষণা করেছেন। ভারত সরকার ক্যাটেগরি নির্বিচারে যেসমস্ত উদ্বাস্তুরা এখানে তাঁদের দায়িত্ব গ্রহণ করেছেন এবং করছেন, এটাই হল আমাদের পলিসি, এটা নূতন করে বলবার নয়, যেটুকু বলবার এক লাইনে পরিষ্কার বোঝানো হয়েছে। এতে জ্যোতিবাবুর সমালোচনা করবার কিছু নেই। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, একটু আগে রাজ্যপালের ভাষণের সমালোচনাকালে জ্যোতিবাবু একটি কথা ঐ সমালোচনায় বললেন যে, রাজ্যপালের ভাষণে ঐ যে ডেমোক্রেসির একেবারে শেষ করা হয়েছে, সর্বনাশ করা হচ্ছে। বোধ হয় এ বিষয়ে কিছু বলা হয় নি। বোধ হয় রাজ্যপালের ভাষণে স্বীকার করা উচিত ছিল যে, ডেমোক্রেসি একেবারে শেষ করে দেওয়া হয়েছে। জ্যোতিবাবুর মত লোক হঠাৎ ডেমোক্রেসির এত অনুরাগী হলেন কবে থেকে সেটা বুঝতে অবাক লাগছে। ডেমোক্রেসি শব্দের সঙ্গে তাঁদের কিছু সম্পর্ক নেই যাঁদের, তাঁরা ডেমোক্রেসির এ্যাডভোকেট হয়েছেন, এবং আমাদের তিনি শোনাচ্ছেন আমরা নাকি এইটিনথ্ অ্যামেন্ডমেন্ট এনে তাঁদের সমস্ত মৌলিক অধিকার কেড়ে

নিচ্ছি, না হলে লক্ষ লক্ষ টাকার ড্যামেজ স্যুট করতে পারতেন। সেই ড্যামেজ স্যুট ঐ এইটিনথ অ্যামেন্ডমেন্ট এনে বন্ধ করে দিচ্ছি, তা এই এইটিনথ অ্যামেন্ডমেন্টএর কথা তাঁদের কানে কানে কে দিয়ে গেল? তিনি বা তাঁর দলের লোক যাঁরা ঐ লক্ষ লক্ষ টাকা ড্যামেজ স্যুট ফাইল করতেন—তাঁরা তো এক মাস, দু মাস, তিন মাস ছাড়া পেয়েছেন, এইটিনথ অ্যামেন্ডমেন্ট তো আজও আসে নি তা তাঁরা মামলা করছেন না কেন? জ্যোতিবাবু নিজে একজন ব্যারিষ্টার, আর একটা মামলা ফাইল করতে ক'দিনই বা সময় লাগে—আর এই এক মাস, দু মাস তিন মাসের ভেতর তাঁরা ড্যামেজ স্যুটএর মামলা আনছেন না কেন? এটাই আমরা জানতে চাই?

[গণ্ডগোল ও হৈ চৈ]

তিনি এখানে নদিয়া জেলার বেলপুকুরের কথা বলেছেন সেখানে নাকি কোন কংগ্রেস কাকে—ঐ কমিউনিস্ট গুণ্ডাদের ধরিয়ে দিয়েছে, তার জন্য তিনি একটা জাজমেন্ট এনেছেন, তাও সবটা পড়লেন না, কিছুটা শোনালেন দিস ইজ দি আউটকাম অব পার্টি ফ্যাকসন। তা যদি একটা কমিউনিস্ট ধরিয়ে দিয়ে তাতে পার্টি ফ্যাকসন হয়, তা হলে সেই পার্টির আর একটা ফ্যাকসন এটা বোঝবার মত বুদ্ধি তাই থাকা উচিত। পার্টি ফ্যাকসন আমরা দেখেছি। আমরা দেখেছি প্রথম বেঞ্চের সঙ্গে শেষ বেঞ্চের যে পার্টি ফ্যাকসন দেখা দিয়েছে এ থেকে বোঝা যাচ্ছে যে জ্যোতিবাবুকে ধরাবার জন্য আমাদের দরকার নেই, এদিকেরই বহু লোক আছেন। মাননীয় স্পীকার মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণে, আমি মনে করি বাংলাদেশের প্রত্যেকটি সমস্যা আলোচনা করা হয়েছে, এবং সামনের বৎসরে কিভাবে সরকারের নীতি ঠিক হবে তারও একটা পরিষ্কার ইঙ্গিত তিনি দেখিয়েছেন। আমি মহামান্য রাজ্যপালকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

[2-10—2-20 p.m.]

Shri Hemanta Kumar Basu:

Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz:—

But regret that—

(1) no mention has been made about planned evacuation and safe transit of East Bengal minorities to West Bengal;

(2) no mention has been made about full rehabilitation of East Pakistan minorities now migrants to West Bengal and giving them full citizenship in the State;

(3) no mention has been made about arrangement to be made for compensation of migrants' properties left in East Pakistan;

(4) no mention has been made of any [illegible] step to be [illegible] for protection of the people living [illegible] from the inroads of Pakistanis;

(5) no mention has been made of any radical step for expulsion of Pakistanis who have been staying here without valid documents of travel;

(6) no mention has been made about any definite step for punishment of anti-social elements in the State;

(7) no mention had been made of any [illegible] plant to take strong and suitable steps to bring round the hoarders of food and other articles and supply them to the people without any trouble.

সভাপাল মহোদয়, শ্রীঅশোক দত্ত মহাশয় এখানে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে যে উজ্জ্বল চিত্র আমাদের সামনে আঁকলেন- ফ্যাক্টস-ফিগারস-এর উপর ভিত্তি করে এই যে চিত্র আঁকলেন তাতে আমি বুঝতে পাচ্ছি না যে, রাজ্যপালের বক্তৃতার মধ্যে বিশেষ কিছু আছে কিনা। এবং যে সমস্ত সমস্যা আমাদের দেশের সামনে রয়েছে এই সমস্ত সমস্যা সমাধানের কোন পথ আমরা দেখতে পাচ্ছি না। রাজ্যপালের ভাষণের মধ্যে নিশ্চয় খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য, বেকার-সমস্যা—এই সমস্ত সমস্যাগুলির যাতে সমাধান হয়, সেই রকম চিত্র আমরা দেখতে চেয়েছিলাম, কিন্তু সেই রকম কোন চিত্র আমরা দেখতে পাচ্ছি না। আমরা দেখছি এবার রাজ্যপাল বলেছেন যে, আমাদের দেশে যে খাদ্য উৎপাদন হবে, তা হবে ৪৮ লক্ষ টন—৬ লক্ষ টন আউশ হবে এবং তিন লক্ষ টন উড়িষ্যা থেকে আসবে। প্রত্যেক বছরই আমরা দেখেছি যেমন গত বছরে রাজ্যপাল তাঁর বক্তৃতার মধ্যে বললেন যে, মাত্র চার লক্ষ টন খাদ্যের অভাব হবে, অথচ দেখলাম শেষকালে বাইশ লক্ষ টন খাদ্যের অভাব হয়ে গেল। কাজেই এই যে রাজ্যপাল আমাদের সামনে খাদ্য অর্থাৎ ধানের যে চিত্র আঁকলেন সেটা যে কতখানি বাস্তব তাতে আমাদের সন্দেহ আছে। আমাদের মনে আছে যে, যতই দিন যাচ্ছে ততই দেশের অবস্থা শোচনীয় হয়ে আসছে। বেকার সমস্যা বেড়ে চলেছে। খাদ্যের সমস্যা আরও দিন দিন গভীর জটিল হয়ে পড়ছে। তারা যে শিক্ষাব্যবস্থা করতে চেয়েছিল, এখন সেখানে তারা ভাবছে যে যে শিক্ষাব্যবস্থা করা হয়েছে হায়ার সেকেণ্ডারী-সেকেণ্ডারী ইত্যাদি নানারকমভাবে সেদিক থেকে তার কোন পরিবর্তন করা যায় কিনা। কাজেই সেদিক থেকে কোন পরিষ্কার অভাব আমাদের সামনে রাখা হয় না। এটা ঠিক যে, মানুষের সবচেয়ে দরকার যেটা সেটা হচ্ছে তাদের স্বাস্থ্যরক্ষা। হাসপাতাল বাড়ছে ঠিক। কিন্তু যে অনুসারে রোগ আমাদের দেশে আছে যেমন প্রায় আট লক্ষ লোক যক্ষ্মায় ভুগছে। আমরা দেখছি না যে, আট লক্ষ লোকের যক্ষ্মায় ভোগার মত অবস্থায় আপনাদের যে ব্যবস্থা করা দরকার সেই রকম কোন ব্যবস্থা করা হয় নি। আর রোগের সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে। হাসপাতালে জায়গা হয় না। আপনি স্যার, মেডিক্যাল কলেজে যান বা যে কোন হাসপাতালে যান সেখানে দেখবেন যে, রোগীরা গায়ে গায়ে শুয়ে আছে। যদি এই অবস্থায় নিশ্চয়ই একটা ব্যবস্থা করার ইঙ্গিত এই রাজ্যপালের ভাষণের মধ্যে যা থাকা উচিত ছিল তা আমরা দেখতে পাচ্ছি না। কাজেই অশোকবাবু যে কথা উল্লেখে বলেছেন বা যে সমস্ত কথার তিনি উল্লেখ করেছেন তার কোন কিছু আমরা এর মধ্যে দেখতে পাচ্ছি না। আমরা দেখছি যে, পূর্ববঙ্গের দাঙ্গা বিধ্বস্ত যেসমস্ত উদ্বাস্তুরা এখানে এসেছেন তাদের সম্বন্ধে একটা প্ল্যানড রিহ্যাবিলিটেশনের কথা যেটা বাংলাদেশের পক্ষ থেকে রাজ্যপালের জোর করে বলা দরকার ছিল অর্থাৎ পূর্ববঙ্গ থেকে যেসমস্ত লোক এসে ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে, যারা বিধ্বস্ত হয়ে পড়েছে তাদের নিশ্চয়ই সেখান থেকে কোন ব্যবস্থা করা একটা ইঙ্গিত যা রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত ছিল, তা নেই। তিনি নিশ্চয়ই বলবেন বলে আশা করেছিলাম যে, তাদের সেখানে থাকা কোন রকম আর নিরাপদ নয়। তাদের সম্মানের ক্ষুণ্ণ হয়েছে। কাজেই একটা মাইনরিটিকে, একটা হিন্দুকেও সেখানে রাখা উচিত নয় যেটা ভারত গভর্নমেন্ট দেশ বিভাগের সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন। আজকে আপনারা দেখেছেন যে, কাশ্মীরে একটা প্রশ্ন নিয়ে যা অশোকবাবু বললেন, যেটা আন্তর্জাতিক প্রশ্ন সেটা বাংলাদেশের বিধান সভায় হবার স্থান নয়। কিন্তু যে আন্তর্জাতিক প্রশ্নে সমস্ত দেশ বিজড়িত, তার সঙ্গে সম্পর্কিত এই কাশ্মীর প্রশ্ন—সারা ভারতবর্ষের জনসাধারণের স্বার্থ তার সঙ্গে জড়িত। পৃথিবীর এমন কি শান্তি এর সঙ্গে জড়িত। কিন্তু সেদিক থেকে এই রাজ্যপাল কাশ্মীরে যে প্রশ্ন, আজকে যে কথা বৃটিশ গভর্নমেন্ট বলেছেন, আমাদের ডীন সাহেব ঠিক কথাই বলেছেন এবং বৃটিশ গভর্নমেন্ট যে নীতি এতদিন চালিয়েছে সেই একই নীতি বৃটিশ গভর্নমেন্ট কাশ্মীর ও ভারত সম্বন্ধে চালাচ্ছে, সেই নীতির কিছুই বদলায় নি। ভারত বিভাগ হয়েছিল, তখন লর্ড মাউন্টব্যাটেনের ইন্টারভেনশনে কাশ্মীরকে পুরোপুরি দখল করতে দেওয়া হল না এবং অর্ধেক কাশ্মীর শুধু আজ ভারতবর্ষে রয়েছে, বলা হয়েছিল পরে মিটমাট করে দেওয়া হবে। কিন্তু কেন এটা করা হয়েছিল? লর্ড মাউন্টব্যাটেন, আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর খুব প্রিয় পাত্র এবং লর্ড মাউন্টব্যাটেনের চাপ ছিল বলে কাশ্মীর দখল করা সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হল। আজকে তাই সেদিক থেকে যখন আমরা দেখছি নিরাপত্তা পরিষদে কাশ্মীরের বিষয় সম্বন্ধে আলোচনা হচ্ছে তাতে বৃটিশ গভর্নমেন্ট স্বভাবতঃই তাদের সমর্থন করছে, এটা কোন অস্বাভাবিক ব্যাপার নয়। আমাদের উচিত নয়, তাদের উপর

বিশ্বাস স্থাপন করা এবং বৃটিশ গভর্নমেন্ট নিজেদের স্বার্থের দিকে তাকিয়েই তাদের নীতি পরিচালিত হয়েছে, সুতরাং আমরা যে কাশ্মীরের ব্যাপারে বৃটিশ গভর্নমেন্টের সমর্থন পাব না এটাই স্বাভাবিক। বৃটিশ গভর্নমেন্ট এবং আমেরিকাও সাম্রাজ্যবাদী নীতির দ্বারা পরিচালিত সে বিষয় কোন সন্দেহ নেই। আজকে এত বড় একটা কাণ্ড পূর্ব বাংলায় ঘটে গেল, কত হাজার লোক নিহত ও আহত হয়েছে, হাজার হাজার ঘরবাড়ি পুড়লো সে অবস্থা সম্বন্ধে কোন প্রকার বিশেষ আলোচনা না করে এবং তার প্রকৃত প্রতিকারের ব্যবস্থা না করে তাঁরা আজ এইভাবে কাজ করছেন। কাজেই সেদিক থেকে পাকিস্তানের সংখ্যালঘুদের সম্বন্ধে এই অ্যাডজের্নমেন্ট মোশনে আমি আমার বক্তব্য পরিষ্কারভাবে রাখতে চাই। আজকে আমি বলতে চাই, পাকিস্তানের সংখ্যালঘুদের সম্বন্ধে নন্দাজী যে কথা বলেছেন আমরা বাংলাদেশের তরফ থেকে সমস্ত দল মিলে নন্দজীর সঙ্গে গভর্নর-হাউসে দেখা করে যে দাবি করেছিলাম সেই দাবি এখনও আমরা করছি। কালকে পার্লামেন্টে বিরোধী পক্ষ টোটাল মাইগ্রেশন দাবী করেছেন, সমস্ত লোক যাতে চলে আসতে পারে সেই দাবি করেছিলেন, কিন্তু বলা হচ্ছে সেই সুযোগ দেওয়া হবে না। স্যার, আপনি কি চিন্তা করতে পারেন, সেখানে যে, মাইনরিটি রয়েছে তাদের পাকিস্তানের নিষ্ঠুর শাসকবর্গের হাতে ছেড়ে দিয়ে আমরা এখানে চুপচাপ বসে থাকতে পারি? স্বাধীনতা সংগ্রামে আমরা একসাথে লড়েছি, তাদের কথা কি আজ আমরা ভাবব না? আজকে তাঁরা কি করে এই কথা বললেন এবং কি করে মাইগ্রেশনের পথে নানাভাবে বাধা সৃষ্টি করছেন তাই ভেবে আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি। আজকে সেদিক থেকে নন্দজীর উচিত আমরা যেমন চীনের আক্রমণ ব্যাপারে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেছিলাম, বেরুবাড়ি সম্পর্কে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেছিলাম, পূর্ব বাংলার সংখ্যালঘুদের সম্পর্কে সেই রকম একটা প্রস্তাব নিয়ে আসা এবং তাকে আমাদের সর্বসম্মতভাবে গ্রহণ করতে হবে। আমি তাঁদের সকলের কাছে আপনার মাধ্যমে এই আবেদন জানাচ্ছি। কারণ, সেখানে তাঁদের কোন রকম নিরাপত্তা নেই এবং পাকিস্তানী সরকারও স্বভাবতঃই তাদের আগমনের পথে নানাভাবে চেষ্টা করবে বাধা সৃষ্টি করতে। কিন্তু আমাদের ভারত গভর্নমেন্টের এবং পশ্চিমবঙ্গ গভর্নমেন্টের তরফ থেকে তাদের উপর চাপ সৃষ্টি করতে হবে, বিশেষ করে ভারত সরকারের উপর চাপ সৃষ্টি করবার জন্য আমাদের পশ্চিমবঙ্গ গভর্নমেন্টকে চেষ্টা করতে হবে যাতে করে সকলকেই মাইগ্রেশন দেওয়া হয়। আজকে পূর্ববঙ্গের সংখ্যালঘুদের নিরাপত্তা বিধানের এবং তাদের রক্ষা করবার খানিকটা দায়িত্ব আমাদেরও রয়েছে, সেই দায়িত্ব আমরা অবহেলা করতে পারি না এবং দরকার হলে সব দিক থেকে আজকে পাকিস্তানী গভর্নমেন্টের উপর চাপ সৃষ্টি করতে হবে। আমাদের বন্ধু রাষ্ট্রগুলির মাধ্যমে। আজকে পাকিস্তানে যেসমস্ত আন্দোলন হচ্ছে, আমরা মনে করি বাস্তবিকই সেগুলি প্রগতিশীল আন্দোলন। সেখানে ছাত্ররা আন্দোলন করছে, এবং আমরা শুনেছি এবং জানি সেখানকার প্রগতিশীল মুসলমানেরাও তাদের ন্যায্য দাবিদাওয়া আদায়ের জন্য এই আন্দোলনের সঙ্গে নিজেদের যুক্ত করেছে।

[2-20—2-30 p.m.]

কিন্তু আয়ুবশাহী পূর্ব-পাকিস্তানের মানুষের সেই আন্দোলনকে বন্ধ করবার জন্য একটা বিশেষ সন্ত্রাসের সৃষ্টি করেছে। কারণ, আয়ুবশাহী আজ বুঝতে পারছে যে, হিন্দু-মুসলমানের এই প্রগতিশীল আন্দোলনকে বন্ধ না করতে পারলে তাদের সেখানে রাজত্ব করা অসম্ভব হবে। একদিন এই দেশে বৃটিশ সাম্রাজাবাদ ছিল, তখন আমরা বৃটিশ সাম্রাজ্যবাদের এই একই স্বরূপ দেখেছি। বৃটিশ সাম্রাজাবাদ ভেবেছিল এইভাবে স্বাধীনতার লড়াই করে আমরা তাদের কি করতে পারব। কিন্তু সেই বৃটিশ সাম্রাজ্যবাদেরও অবসান ঘটল। কাজেই আজকে আয়ুব-শাহীর এইভাবেই পতন হবে। সমস্ত হিন্দুদের আমরা যদি এখানে নিয়ে আসি তা হলে সেখানে সাম্প্রদায়িক অশান্তি থাকবে না এবং জনসাধারণের এই প্রগতিশীল আন্দোলনকে দমন করবার সুযোগ থাকবে না। আমরা যদি সেই সমস্ত সংখ্যালঘুদের এখানে নিয়ে আসতে পারি এবং এই প্রগতিশীল আন্দোলনের চাপে এই আয়ুবশাহীর পতন হলে পর সেখানে যে প্রগতিশীল সরকার গঠিত হবে তাতে পশ্চিম বাংলা ও ভারত সরকারের সঙ্গে সৌহার্দপূর্ণ সম্পর্ক স্থাপনের সুবিধা হবে সে বিষয় সন্দেহ নেই। সেদিক থেকে আমি বলি টোটাল মাইগ্রেশন

সরকার, মাইগ্রেশন সম্বন্ধে কোন বাধানিষেধ রাখা উচিত নয়, সমস্ত হিন্দুকেই আসতে দিতে হবে, সেখানে যারা সংখ্যালঘু আছে তাদের রক্ষা করবার দায়িত্ব আমাদের সকলেরই সমান রয়েছে, নিশ্চয়ই সেই দায়িত্ব আমাদের পালন করতে হবে এবং আমাদের এই সরকারেরও সমান দায়িত্ব রয়েছে সে বিষয় কোন সন্দেহ নেই।

আমি নিজে দেখেছি কলেজ স্ট্রীটে পুলিসের প্রহরা আছে কিন্তু লুঠ হচ্ছে, পুলিশ তাদের কিছু বলছে না।

কাজেই সেদিক থেকে সকল বক্তাই বলেছেন যে, আমাদের এখানে সংখ্যালঘু সম্প্রদায় ক্ষতিগ্রস্ত হয়েছে তা নয়, পাকিস্তানে যেমন অনেক বাঙ্গালী মুসলমান পূর্ব পাকিস্তানের হিন্দুদের রক্ষা করবার জন্য জীবন দিয়েছে, বিপদগ্রস্ত হয়েছে ঠিক তেমনি এখানেও রায়টের সময় কিছু কিছু হিন্দু বিপন্ন হয়েছে। কাজেই এখানকার সংখ্যালঘুদের নিরাপত্তার ব্যবস্থা, ঘরবাড়ির ব্যবস্থা যেমন করা উচিত, ঠিক তেমনি হিন্দু যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের জন্যও ব্যবস্থা করা উচিত। স্যার, আমি পূর্বেই বলেছি পাকিস্তানের ব্যাপারে আমরা একটা তোষণ নীতি অবলম্বন করছি, তারা যা করছে আমরা তাই মেনে নিচ্ছি। আমাদের বর্ডারে যারা আসছে তাদের ইনরুড করছে, লুঠপাট করছে, ধান কেটে নিয়ে যাচ্ছে, গরু-বাছুর নিয়ে যাচ্ছে অর্থাৎ একটা যেন মগের মুল্লুক হয়ে দাঁড়িয়েছে। তারা ভারত গভর্ণমেন্টের তোষণ নীতির ফলে আমাদের অনেক জমি দখল করেছে এবং আমি বলতে পারি, আমাদের এই তোষণ নীতির ফলেই পাকিস্তানের এতখানি সাহস বেড়েছে, যে কোন অন্যায় অত্যাচার ভারতবর্ষের বিরুদ্ধে করতে পারছে। কাজেই আমাদের একটু কড়া হওয়া দরকার এবং আর্মির সাহায্য নিয়ে আমাদের বর্ডারগুলিকে প্রোটেকশন দেওয়া দরকার। স্যার, আমাদের বর্ডারে যেসমস্ত নাগরিকরা রয়েছে তাদের উপর অত্যাচার করছে, তাদের ঘরবাড়ি জ্বালাচ্ছে অথচ এগুলি রক্ষা করা হচ্ছে না। কাজেই আমার বক্তব্য হচ্ছে, এই ব্যাপারে যত টাকার দরকার, দেশরক্ষার জন্য যত টাকার দরকার তার ব্যবস্থা করা উচিত। বর্ডারের উপর এরকম অত্যাচার করবে, লোকদের ঘরবাড়ি জ্বালাবে, লোক মারবে এসব কেন হবে? এটা কি একটা স্বাধীন দেশ নয়? এটা কি মগের মুল্লুক? এইসব লোককে রক্ষা করবার জন্য আমরা সরকারকে বারে বারে বলেছি কিন্তু সেই ব্যবস্থা হয় নি। আমরা প্রায়ই সংবাদপত্রে দেখি, বর্ডারের জনসাধারণ বিপন্ন হয়ে পড়ছে। তারপর স্যার আমরা দেখছি সাম্প্রদায়িকতা আমাদের মধ্যে এখনও রয়েছে। যেমন গতকাল সামসুদ্দিন ভাই বললেন আমি মুসলমান। আমি মনে করি রাজনীতিতে আমরা সকলেই এক জাতির নাগরিক। ভারতবর্ষ এবং পাকিস্তান হয়েছে দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে, আমরা সেটা মানি না। আমাদের এটা সেকুলার স্টেট—ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। এখানে হিন্দু হোক, মুসলমান হোক, সকলের সমান অধিকার। এখানে হিন্দু-মুসলমানের কোন প্রশ্ন নেই। কিন্তু কিছু কিছু মুসলমান আছেন তাঁরা মনে করেন আমরা প্রথমে মুসলমান, তারপর এই রাষ্ট্রের নাগরিক। তাঁদের এই যে মনোভাব—অর্থাৎ এখানকার নাগরিক এবং মুসলমান এর মধ্যে একটা সঙ্ঘর্ষ চলছে। আমার বক্তব্য হচ্ছে, একজন মুসলমানের যেমন নিজের ধর্ম, নিজের সংস্কৃতি পালন করবার অবাধ অধিকার থাকবে। ঠিক তেমনি একজন হিন্দুরও নিজের ধর্ম এবং সংস্কৃতি পালন করবার অবাধ অধিকার থাকবে। যা হোক। এই সাম্প্রদায়িকতা সম্বন্ধে আমি বেশি কিছু না বলে শুধু এটুকু বলতে চাই যে, সাম্প্রদায়িক মনোভাবাপন্ন লোকের স্থান যেন ভারতবর্ষে না হয়। ভারতবর্ষের প্রত্যেকটি নাগরিকের মনোভাব হবে প্রথমে সে ভারতবর্ষের নাগরিক, তারপর সে হিন্দু বা মুসলমান। একথা বলে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bejoy Krishna Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই সভায় রাজ্যপালের ভাষণের পক্ষে এবং বিপক্ষে

যথেষ্ট বক্তৃতা হোল। আমরা দেখছি এই বক্তৃতার ভেতর যথেষ্ট পুনরাবৃত্তি রয়েছে এবং শুধু তাই নয়, আমরা এর পূর্বে যেসব জিনিস নিয়ে আলোচনা করেছি সেগুলিই দিনের পর দিন আলোচিত হচ্ছে। স্যার, রাজ্যপালের ভাষণ পার্লামেন্টারী ডেমোক্রেসীর একটা যে ইনস্টিটিউশন সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই ভাষণের মুখ্য উদ্দেশ্য হচ্ছে অগামী বছরে সরকারের নীতি কি তার একটা আভাষ দেওয়া। সেই নীতির আভাষ দিতে গেলে পূর্ব বছরের বিভিন্ন ঘটনাবলীর উল্লেখ থাকা আবশ্যক এবং সেই বিভিন্ন ঘটনাবলী সম্বন্ধে সরকারের মনোভাব কি, দৃষ্টিভঙ্গী কি সেটা বলা দরকার। শুধু তাই নয়, আগামী বছরে সেই রকম কথার পুনরাবৃত্তি যাতে না হয় এবং নূতন কি কর্মপন্থা বা প্ল্যান সরকারের আছে সেগুলি বলা দরকার। এইসব দিক থেকে রাজ্যপালের ভাষণে খুব বেশী আপত্তি করবার কিছু আছে বলে আমি মনে করি না।

[2-30—2-40 p.m.]

রাজ্যপাল তাঁর ভাষণে সরকারের যে কার্যক্রম আগামী বছরে তার বিবরণ যদিও দেন, এই ভাষণের উদ্দেশ্য কিছু নাই অবশ্য জ্যোতি বসু মহাশয় যা বলেছেন এবং অশোকবাবু যা বলেছেন কোন কোন ক্ষেত্রে গোটা কয়েক সমস্যা নিয়ে বললে ভাল হত একথা ঠিক এবং এ বিষয়ে আমরা সকলেই একমত যে রাজ্যপালের ভাষণে আরও বেশী করে বলা দরকার ছিল যে এই যে পূর্ব পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে অমানুষিক অত্যাচারের ফলে যেসব নরনারী এখানে এসেছে তাদের প্রথমে শুধু মানবতার দিক থেকে নয় আমাদের রাষ্ট্রীয় নেতার দিক থেকে একটা মস্ত বড় দায়িত্ব আছে। এই যে ভারত বিভাগ হয়েছে, সভ্যরা সকলেই জানেন, সভাধ্যক্ষ মহাশয় জানেন যে ভারতবর্ষ বিভাগের সময় বল্লভভাই প্যাটেল বলেছিলেন যে যতদিন একটা তৃতীয় শক্তি আমাদের দেশে থাকবে ততদিন সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা এবং গোলমাল চলতেই থাকবে, আমরা এই আশা নিয়ে ভারত বিভাগ করেছি যে তৃতীয় শক্তি অপসারিত হলে ভরতবর্ষ এবং পাকিস্তান নিজেদের নীতির ব্যাপারে নিজেদের দেশে আর্থিক সম্বন্ধি, সংস্কৃতি, শিক্ষা এবং বিভিন্ন বিষয় সম্বন্ধে তারা মনোনিবেশ করবে। তখন সাম্প্রদায়িক অবস্থা আর থাকবে না। একথা স্বীকার করতেই হবে যে এই তৃতীয় শক্তি ভারতবর্ষ থেকে অপসারিত হয়েছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই, কিন্তু আমরা দেখছি ইউ এন ও-তে কাশ্মীর আলোচনার জন্য তৃতীয় শক্তি আত্মপ্রকাশ করছে এবং সেখানে তাদের পুরাতন ইতিহাসেরই পুনরাবৃত্তি করছে ইউ এন ও-এর সিকিউরিটি কাউন্সিল সভায়। একথা অস্বীকার করা যায় না যে কাশ্মীরের ব্যাপারে পশ্চিমী গোষ্ঠীর সাহায্য আমরা পাই নি, এবং রাশিয়ার সাহায্য যদি আমরা না পেতাম তাহলে সিকিউরিটি কাউন্সিলের যে বিচার আমাদের বিপক্ষে যেত সে বিষয়ে সন্দেহ নাই। আমাদের একথা মনে রাখতে হবে যে আমাদের হয়ত নিজেদের ভুল বুঝার দরুন ভারত বিভাগ আমরা স্বীকার করে নিয়েছি কিন্তু একথা আমরা কখনও ভাবি নি যে এই সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা দেশ বিভাগের পর আর পুনরাবৃত্তি হতে পারে তৃতীয় শক্তির সাহায্যের ফলে। আমরা সকলেই জানি চীন যখন ভারতবর্ষ আক্রমণ করেছিল তখন পাকিস্তান পশ্চিমী গোষ্ঠীর কাছে আপত্তি জানিয়েছিল যে তোমরা ভারতবর্ষকে সাহায্য করো না, ভারতবর্ষ শক্তিশালী হয়ে যাবে এবং শক্তিশালী হয়ে গেলে ব্যালেন্স অব পাওয়ার নষ্ট হয়ে যাবে। একথা কারও অবিদিত নাই যে এই যে আপত্তি করেছিল তাতে তারা কতকটা সার্থক হয়েছে। এ বিষয়ে কোন সন্দেহ নাই। আমরা যতটা সাহায্য পাবার, সাহায্য পাব বলে আশা করেছিলাম ততটা আমরা পাই নি কিংবা পাবার আশা দেখি না।

সুতরাং আমার মনে হয় যে আজ আমাদের এদিক দিয়ে ভাবা উচিত যে, আশার উপর নির্ভর করে ভারত ভাগ হয়েছিল, সেই আশা ভঙ্গ হয়েছে এবং সেই পূর্বেকার নীতি ত্যাগ করে আমাদের একথা স্বীকার করা দরকার যে আমাদের এখন পাকিস্তানের সঙ্গে বোঝাপড়ার একটা দরকার আছে। যাঁরা এই অ্যাকসান-এর বিরুদ্ধে বিভিন্ন রকম প্রস্তাব করেছেন একার হোক, ওকার হোক আমি তাঁদের কাছে নিবেদন করব যে, এই কাজ তো পশ্চিমবঙ্গ-সরকারের নয়, এটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার। অবশ্য আমরা আমাদের মতামত দিয়ে তাদের সাহায্য করতে পারি। কিন্তু গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এবং পাকিস্তান গভর্নমেন্ট এঁরা পরস্পরের সঙ্গে কথাবার্তা বলে এ বিষয়ে একটা সমাধান না করলে সম্ভব নয়। এটা ঠিক যে বর্তমান দিনে যুদ্ধের কথা বলা বুদ্ধিমানের কাজ নয় এবং আমরা এই কক্ষের সভ্যরা প্রত্যেকেই এই কথা স্বীকার করি যে লোক-বিনিময় মোটেই বাঞ্ছনীয় নয় এবং এ বিষয়ে এ সভার কক্ষে দ্বিমত যে নেই সেটা গতকাল দেখে

আনন্দিত হয়েছি। সুতরাং এখন আমাদের লোকবিনিময় যেখানে সম্ভবপর নয়, যুদ্ধের দ্বারা এই সমস্যার সমাধান যখন সম্ভব নয়, তখন পাকিস্তানের সঙ্গে আলাপ-আলোচনা করে কাজ করতে হবে। যাঁরা ভাবেন এইসব ব্যাপার নিয়ে সিকিউরিটি কাউন্সিল-এর কাছে যাওয়া উচিত তাঁরা আশা করি সিকিউরিটি কাউন্সিল-এর সাম্প্রতিক বৃটিশ প্রতিনিধি যা বলেছেন এবং যেভাবে চক্রান্ত সিকিউরিটি কাউন্সিল-এ চলছে একটা রেজলিউসান আনবার জন্য সেসব দেখে শুনে তাঁরা বুঝবেন যে ইউ. এন. ও-তে গিয়ে বিচার পাবার কোন সম্ভাবনা নেই. ইউ-এন-ও পলিটিক্স একটা সাধারণ গ্রামের মার্কেট পলিটিক্স ছাড়া আর কিছু নয়। সেখানে এক স্টেট চেষ্টা করছে আর একজনকে নাজেহাল করবার জন্য এবং তার জন্য বিভিন্ন গোষ্ঠী সৃষ্টি করছেন। সুতরাং আমি মোটেই সমর্থন করি না যে ইউ. এন. ও-তে আর গিয়ে আর একটা আর্জি পেশ করে আবার একটা চক্রান্তের সৃষ্টি করা এবং তাতে হয়ত ভারতবর্ষের দায়িত্ব যাতে বিভিন্নভাবে পর্যুদস্ত হতে পারে তার ব্যবস্থা তাঁরা করবেন। আজকের দিনে হয়ত মনে হবে যে এটা সম্ভবপর নয় যে পাকিস্তান আমাদের সঙ্গে এক টেবিলে বসে মিলেমিশে কাজ করবে? এটা ঠিক যে আমাদের পাকিস্তানে বর্তমান যে শাসন ব্যবস্থা সেই শাসনব্যবস্থায় এটা হওয়া সম্ভবপর হবে না। গত রায়ট-এর সময় আমরা পাকিস্তানে দেখেছি—যেমন এখানে দেখেছি—যে পাকিস্তানের বাঙালী মুসলমানরা বাঙালী হিন্দুদের যথেষ্ট সাহায্য করেছেন। অর্থাৎ নিজেদের সর্বস্ব নষ্ট করে তাঁরা হিন্দুদের সাহায্য করেছেন। পূর্ববঙ্গের মুসলমান যাঁরা তাঁরা বুঝতে পেরেছেন যে হিন্দুদের নিপীড়ন করা তাঁদের পক্ষে সম্ভবপর নয়। হিন্দুদের রাখা তাঁদের কর্তব্য এবং সেইভাবে তাঁরা কাজ করেছেন। এই যে জাগরণ এর একটা দিক আছে. এটা এখন ভাববার কথা। আমাদের মেনে নিতে হবে যে পাকিস্তানে হিন্দু ছাত্র, হিন্দু মধ্যবিত্ত, হিন্দু চাষী যেসব পাকিস্তানে আছে তাদের থাকা পাকিস্তানে দরকার এবং পাকিস্তানী মুসলমানরাও একথা ভাবেন। সুতরাং আমার মনে হয় আমরা যেভাবে আলোচনা করছি যে পাকিস্তানকে জোর দিয়ে এসব করানো হোক, এইসব আলোচনার কোন স্বার্থকতা নেই। এইভাবে আমরা এগিয়ে গেলে কোন সমস্যার সমাধান করতে পারব না। কথাটা মন্দ কথা. কিন্তু এটা ঠিক যে পাকিস্তানকে জোর করবার কিছু নেই। ইউ-এন-ও থেকে কোন সাহায্য আমরা এ বিষয়ে পাব না। আয়ুব খানের বর্তমান যে অবস্থা তাতে তিনি সমস্ত পাকিস্তানের অধিকর্তা এবার তাঁর সঙ্গে মিলিত হয়ে এ সমস্যার সমাধান করতে হবে।

[2-40—2-50 p.m.]

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

But regret that—

(১) যশোহর ও খুলনা ছাড়াও পূর্ব পাকিস্তানের বিভিন্ন জেলায় বিশেষতঃ এ নারায়ণগঞ্জে সংখ্যালঘুদের উপর ব্যাপক আক্রমণ—নরহত্যা, লুণ্ঠন, গৃহদাহ প্রভৃতি ঘটনার উল্লেখ নাই;

(২) দাঙ্গা-নিগৃহীত সংখ্যালঘুদের প্রতি সমবেদনার কোন কথা নাই;

(৩) যাঁহারা পাকিস্তানে এখনও অবরুদ্ধ অবস্থায় আছেন তাঁহাদের পুনরুদ্ধারের প্রয়োজনীয়তা, সংখ্যালঘু শরণার্থীদের সুপরিকল্পিতভাবে ও নিরাপদে ভারতে আনার ব্যবস্থা, তাঁহাদের পুনর্বাসন এবং ফেলে-আসা সম্পত্তির ক্ষতিপূরণ দানের সম্পর্কে কোনও উল্লেখ নাই;

(৪) ধান-চালের মূল্য নিয়ন্ত্রণ কার্যকরী করার ব্যাপারে সরকারী ব্যর্থতার কোনও উল্লেখ নাই;

(৫) ক্রমবর্ধমান বেকার সমস্যা এবং ব্যাপক দারিদ্রের সম্যক উপলব্ধি এবং উহার সমাধানকল্পে কৃষি, শিল্প ও ব্যবসার ক্ষেত্রে সামগ্রিক পরিকল্পনার কোনও প্রসঙ্গ নাই;

(৬) কলিকাতা ও শহরতলীতে শিক্ষালাভেচ্ছু ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে কলেজের সংখ্যা বৃদ্ধি, বাংলা দেশের সর্বত্র মাধ্যমিক শিক্ষার প্রয়োজনানুরূপ প্রসার এবং মেডিক্যাল কলেজ ও কারিগরী বিদ্যালয়ের সংখ্যা বাড়াইয়া বিকল্প শিক্ষার অধিকতর সুযোগ সৃষ্টির কোনও উল্লেখ নাই ;

(৭) ভারত রক্ষা আইন ও নিবর্তনমূলক আটক আইনের অপব্যবহার, গণতান্ত্রিক অধিকার হরণ, দরিদ্র জনসাধারণের উপর অতিরিক্ত করভার চাপানো, ধনীদের জন্য অতি লাভের সুযোগ সৃষ্টি এবং চালকলের মালিক ও পাইকারদের চালের দুর্ভিক্ষ-সৃষ্টির অপচেষ্টায় প্রশ্রয় দান—যাহা জরুরী অবস্থাকালীন প্রশাসন ব্যবস্থাকে কলঙ্কিত করে, তাহার কোনও স্বীকৃতি নাই।"

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণে গত বৎসরের কোন রকম আলোচনা দেখতে পাচ্ছি না। শ্রদ্ধেয় বিজয়বাবু বললেন যে, রাজ্যপালের ভাষণে বিশেষ করে গত বৎসর যে সমস্ত পলিসি থাকা উচিত এবং ভবিষ্যতে কি প্ল্যান হবে, কি পলিসিতে কাজ চলবে তার ইংগিত থাকা উচিত, কিন্তু রাজ্যপালের ভাষণে আমরা দেখলাম যে, গত বৎসরের যে শাসন ব্যবস্থার মধ্য দিয়ে পশ্চিমবংগ সরকারের বিভিন্ন কাজে কর্মে চলেছিল তার চরিতার্থতা সম্বন্ধে হোক আর ব্যর্থতা সম্বন্ধেই হোক, তার কোন উল্লেখ এতে নেই, সেদিক থেকে এই রাজ্যপালের ভাষণ অসম্পূর্ণ। এই কথা বলা নিশ্চয় দোষের হবে না। অবশ্য এটা হতে পারে যে, এ কথা বলা যেতে পারে যে, গত বৎসর রাজ্যের শাসন নীতি সম্পূর্ণ ব্যর্থ হওয়ার দরুন হয়ত তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পেলাম না। এবং সেটা যে ব্যর্থ হয়েছে সেটা ২।৪টা কথায় বুঝতে পারা যায়। চালের কথায় বুঝতে পারা যাবে, গত বৎসর রাজ্যপাল বলেছিলেন যে ৪ লক্ষ টনের মাত্র সর্টেজ হবে, সেখানে আমরা দেখলাম সেটা ২২ লক্ষ টনে বেড়েছে, এবং সরকারী খাদ্য দপ্তর, মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সমস্ত কেবিনেট-এর যে নীতি সে নীতি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে, এবং জরুরী অবস্থার সুযোগে সরকারী ব্যর্থতার সুযোগ নিয়ে তারা চালকল মালিক এবং চালের বড় বড় পাইকার তারা লাভবান হয়েছে সাধারণ মানুষকে মেরে তাদের লাভবান করবার চেষ্টা হচ্ছে, এই সুযোগ তারা পেয়েছে এবং চরম ব্যর্থতা লক্ষ্য করছি। ঠিক তেমনি দেশরক্ষার নাম করে বলুন, বিভিন্ন অত্যাচারে অনাচারে মানুষের জীবনকে উৎকণ্ঠা করে তোলা হয়েছে। আপনি জানেন শ্রমিকদের উপর কাজের চাপ বাড়ান হয়েছে বিভিন্ন শিল্পে। অথচ সেখানে আবার ছাঁটাই হচ্ছে, তারা কোন বিচার পায় না। সেখানে বহু কর্মচারী এমন কি বহু সরকারী কর্মচারী ভিকটিমাইজড, তারা বার বার নিবেদন করছে কাজের জন্য অথচ এখন পর্যন্ত তাদের কেস পুনর্বিবেচনার কোন ব্যবস্থা হয় নি। চা-বাগানের দিকে যদি তাকান যায় সেখানে দেখা যাবে প্রত্যেক বৎসর কয়েক হাজার শ্রমিক নিয়োগের সংখ্যা করে যাচ্ছে এবং সেখানে সরকার থেকে কমিটি নিয়োগ করা হয়েছিল ১৯৫৯ সালে, গদাইলস্করী চালে সে রিপোর্ট বেরিয়েছে, এই রিপোর্টএ পরিস্কার এই কথার স্বীকৃতি দেখতে পাচ্ছি যে, বেশ কয়েক সহস্র শ্রমিক এবং কর্মচারী যাবার আগে নিয়োজিত ছিল সেটা কমিয়ে দেওয়া হয়েছে অথচ বাংলাদেশের শ্রমদপ্তর নাচার—কিছু ব্যবস্থা নেই। এমন কি যে সমস্ত পদ খালি ছিল সে সমস্ত পদে নূতন কর্মচারী নিয়োগের দাবী করেছে প্রত্যেকটি ইউনিয়ন পক্ষ। অথচ সে দাবী মানা হয় নি ওয়েজ বোর্ড চা-বাগানের শ্রমিক কর্মচারীদের কি হবে? তাদের ৬০,০ জনের স্ট্রাইক বা স্ট্রাইক স্ট্রেটএর পর কেন্দ্রের সেই ওয়েজ বোর্ড বোধ হয় সেই ওয়েজ বোর্ড সিদ্ধান্ত কি হবে জানা যাচ্ছে না। সেখানে দেখতে পাচ্ছি এক দিকে যখন ৩।৪ বৎসরও হ'ল তখনও ওয়েজ বোর্ডএর কিছু হল না। জিনিষপত্রের দাম ভীষণভাবে বেড়ে গেছে, কস্ট অফ লিভিং ইনডেক্স-এ তখন যে মাগ্গীভাতা বাড়ানোর কথা ছিল, যে মিনিমাম ওয়েজেস-এর সেটা স্থগিত রাখা হয়েছে, বাড়ান হয় নি।

ঠিক এই রকম ধরনের অবস্থায় অন্যান্য শিল্পে নিয়োজিত শ্রমিক এবং কর্মচারীদের সম্বন্ধে নিশ্চয়ই বলা যেতে পারে। সেই দিকে থেকে দেখা যাবে যেমন মজুরদের ক্ষেত্রে বা অন্যান্য সাধারণ মানুষের ক্ষেত্রে—সাধারণ কৃষকদের ক্ষেত্রে যে উদ্বৃত্ত জমি ভূমি দখল আইন অনুসারে

গ্রহণ করা হয়েছিল সেই ভূমি দখল আইন অনুসারে যে পাওয়া উদ্বৃত্ত জমি সেগুলি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করার কথা ছিল। তাতে গতবারে দেখলাম যে সেই বিলি-ব্যবস্থা করা হয় নি। বরং আগে যে বিলি-ব্যবস্থা করা হয়েছিল নূতন করে ইউনিয়ন ভিত্তিতে কমিটি তৈরী হবার পর থেকে সমস্ত কিছু ধামাচাপা পড়ে আছে। সেই রকম কোন কিছুরই উল্লেখ এই রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না। ইমারজেন্সী সম্বন্ধে বলি—আমরা একটা কথা মনে করেছিলাম যে সেখানে সরকারের তরফ থেকে ক্ষিপ্রতা বাড়বে—তাড়াতাড়ি কাজ করবার ক্ষমতা যোগ্যতা বাড়বে। কিন্তু দেখলাম উপরতলার যে সমস্ত সরকারী দপ্তর আছে—সেখানে কি রকম অকর্মন্যতা। ফাইল ফেলে রেখে নানা ধরণের অবস্থা চলতে লাগলো। এবং অন্য দিকে দুর্নীতি বেড়েছে। যার ফলে একদিকে যেমন কিছু মুষ্টিমেয় লোক, স্বার্থান্বেষী লোক তারা সাধারণ মানুষের জীবনকে নিয়ে ছিনিমিনি করে লক্ষ লক্ষ লোক কোটি কোটি লোকের কোটি কোটি টাকা অতিরিক্ত লাভ করার সুযোগ পেয়েছে। অন্যদিকে গত এক বছরের মধ্যে সাধারণ মানুষের অবস্থায় আরও গরীব থেকে বেশী গরীবে পরিণত হয়েছে। সেই ব্যর্থতার চিত্র হয়তো ঠিক স্বাভাবিকভাবে রাজ্যপালের ভাষণের মধ্যে স্থান পেতে পারেন বলে স্থান পায় নি। সেখানে আমি লক্ষ্য করলাম রাজ্যপাল ভবিষ্যৎ সম্বন্ধে এবং বর্তমান সম্বন্ধে কি বলছেন? পূর্ব পাকিস্তানের ঘটনাকে খুব ছোট করে দেখান হয়েছে। ঢাকায় এবং নারায়ণগঞ্জের রায়ট এক মাস প্রায় আগে ঘটেছে। যেখানে পূর্ব পাকিস্তানে সাম্প্রদায়িক দাঙ্গার কথা উল্লেখ করা হচ্ছে সেখানে শুধু যশোর এবং খুলনার কয়েকটি ঘটনা মাত্র। কিন্তু প্রায় এক মাস আগে ঢাকা এবং নারায়ণগঞ্জে রায়ট হওয়া সত্ত্বেও সেখানকার সেই ঘটনা সম্বন্ধে একটি কথা বা কোন একটি লাইন বা একটি ওয়ার্ড এর মধ্যে স্থান পায় নি। এটা আমি লক্ষ্য করলাম। অর্থাৎ এটাকে একটি সাধারণ মামুলি ঘটনা হিসাবে ধরা হয়েছে। এর বেশী কোন কিছু করা হয় নি। বহু লোক যারা পূর্ব পাকিস্তান থেকে এখানে চলে আসতে চান তাদের নিয়ে আসার দায়িত্ব যেটুকু সরকারের আছে তার কতটুকু তাঁরা করেছেন? কালকে চীফ মিনিস্টার মহোদয় বললেন যে বাধা এখন বাধা পাকিস্তান সরকারের বা পাকিস্তান রাজ কর্মচারীদের পক্ষ থেকে আসছে। সেই বাধা দূর করবার জন্য কি ব্যবস্থা রাজ্যসরকারের তরফ থেকে হয়েছে। তার কোন কিছু কথা আমরা এখানে জানতে পারলাম না। কি ব্যবস্থা কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছেন বা কি ব্যবস্থা কেন্দ্রীয় সরকারের তরফ থেকে করা হয়েছে সেফ ট্রানজিটের জন্য? আমি জানি কোন ব্যবস্থাই সেখানে গ্রহণ করা হয়নি। আজকে গুলজারীলাল নন্দ সাহেব কি বলছেন জানি না। কিন্তু এ পর্যন্ত পাকিস্তান থেকে যে সমস্ত সংখ্যালঘু সম্প্রদায়ের লোকরা বাংলাদেশে আসতে চান তাদের সেফ ট্রানজিটের জন্য কি ব্যবস্থা হয়েছে বা কি কথাবার্তা বা কি আলাপ-আলোচনা হয়েছে তার কোন কথাই এখনও পর্যন্ত জানতে পারলাম না। এই সম্বন্ধে তারা কোন কোন সিরিয়াসভাবে সমস্ত ব্যাপারটি নেন নি। অন্য দিকে ঠিক আমরা লক্ষ্য করছি যা গভর্নরের ভাষণে সেটা প্রতিফলিত হয়েছে যে পাকিস্তানে এটা মামুলি ঘটনা ঘটেছে এই সাম্প্রদায়িক দাঙ্গা হয়ে গেল এবং ওরা সেইটা অল্প দিনের মধ্যেই দূর হয়ে যাবে এবং সেই সংখ্যালঘু সম্প্রদায়ের লোকরা সেখানে থেকে যাবে। তার জন্য বেশী কিছু করার দরকার নেই। সুতরাং তারা যাতে নিরাপদে এখানে এসে পৌঁছাতে পারে সরকারীভাবে তাদের আনবার ব্যাপারে আলাপ-আলোচনার কোন দরকার নাই ঠিক সেই রকম মনোভাব সরকারী কার্যে কর্মে নীতিতে পরিস্ফুট হয়ে পড়েছে বলে মনে হচ্ছে। ঠিক সেই রকমই আজকে রিহ্যাবিলিটেসনের প্রশ্ন আসে। মাইগ্রেসন রেসট্রিকসনের কথা যেটা বললাম বা সেখানে বলা যায় যে নানা রকম ক্যাটাগরীতে ভাগ করে সেখানে অমুককে প্রাইয়রিটি দেওয়া হোক ও অমুককে মাইগ্রেসন সার্টিফিকেট দেওয়া হোক এই বলে সেখানে সীমাবদ্ধভাবে যাতে না হয় সেজন্য বলছি। কিন্তু দেখছি সেই রকম ব্যবস্থা করা হচ্ছে। আর রিহ্যাবিলিটেসন ক্ষেত্রে সেখানে শুধু দণ্ডকারণ্য দেখানো হচ্ছে। এদিকে শৈবাল গুপ্ত মহাশয় খবর পাঠাচ্ছেন যে দণ্ডকারণ্যে জায়গা নেই। সুতরাং অতশত কিছু এখানে হবে না। অব এখান থেকে আবার তদ্বীর করা হচ্ছে না দণ্ডকারণ্যে দেখ তোমরা কিছু জায়গা পাও কি না, কিছু করতে পারা যায় কি না। কিন্তু যারা পূর্ব পাকিস্তান থেকে আসবে তাদের পুনর্বাসনের ব্যবস্থাকে একটা জাতীয় সমস্যা হিসাবে ধরে যেটা বিচার করা উচিত ছিল একটা ইন্টিগ্রেটেড প্ল্যান নেওয়া উচিত ছিল কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের তরফ থেকে সেই রকম ধরনের কোন প্ল্যানের কথা এখনও জানতে পারলাম না।

[2-50—3-10 p.m.]

কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকারের তরফ থেকে সেই রকম ধরণের কোন প্ল্যানের কথা এখনও পর্যন্ত আমরা জানতে পারলাম না, এমন কোন কথা কালকে চীফ মিনিস্টারও আমাদের জানাতে পারলেন না। এখানে শুধু দণ্ডকারণ্যের কথাটা বলা হয়েছে, রাজ্যপালের ভাষণে শুধু দণ্ডকারণ্যের কথাই বলা হচ্ছে যেখানে নাকি আজকে কথা উঠেছে জায়গা নেই, জায়গা নেই। প্রসঙ্গতঃ আমি একটা কথা বলবো, সেটা সামান্য ঘটনা হওয়া সত্ত্বেও কিছুটা আলোকপাত করতে পারে সেটা হচ্ছে কয়েকদিন আগে হিন্দুস্থান স্ট্যান্ডার্ড এবং আনন্দবাজারে একটা মজার খবর বেরিয়েছে যে বাংলা দেশের ৪ হাজার গ্রাম, পূর্বাঞ্চলের ২১টি গ্রামে জনবিহীন হয়ে পড়ে আছে, সেখানে বহু রেফিউজি যারা পূর্বে পাকিস্তান থেকে আসছে তাদের সেখানে রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা হতে পারে। সুতরাং সেদিক থেকেও তাদের জন্য ব্যবস্থা করা যেতে পারে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে কে কত সংখ্যক রেফিউজি রিহ্যাবিলিটেশনের দায়িত্ব নিতে পারে সেই রকম ধরণের একটা প্ল্যান ঠিক করে নিয়ে যারা বিভিন্ন পেশাজীবী তাদের সেইভাবে পুনর্বাসনের ব্যবস্থা হতে পারে আঞ্চলিক ভিত্তিতে। কিন্তু সেই পরিকল্পনার কোন আভাষ পর্যন্ত এই কংগ্রেস সরকারের তরফ থেকে কোন স্টেটমেন্টের মাধ্যমেই হোক বা চীফ মিনিস্টারের স্টেটমেন্টের মধ্যে দিয়েই হোক আমরা দেখতে পেলাম না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে ও পক্ষের অশোকবাবু একটা কথা বললেন যে এখানে এ ব্যাপারে বিশদভাবে বলা কিছু দরকার নেই, শুধুমাত্র যেটুকু আমরা করতে পারি সেটুকু বললেই যথেষ্ট। তাঁরা নাকি দায়িত্বশীল দল, সুতরাং সেই দায়িত্বশীল দলের তরফ থেকে বেশী কিছু বলার দরকার নেই। কতখানি কোথায় আমাদের দরকার তার যাতে একটা ধারণা আমাদের হতে পারে সে সম্বন্ধেও আমরা রাজ্যপালের ভাষণে কোথায়ও কিছু পেলাম না। উদ্বাস্তু পুনর্বাসনের ক্ষেত্রেও যেমন তেমনি অন্যান্য ক্ষেত্রেও, সরকারী কর্মচারীদের কথা আমাদের মাননীয় জ্যোতিবাবু বলেছেন ২॥ শত ব্রিক টেনার্স যেটা ডাঃ রায়ের আমলে হয়েছিল সেটা এখনও পর্যন্ত ডাঃ রায়ের স্বপ্নবিলাস হিসাবেই রয়ে গিয়েছে, এখন তাদের ঘাড়ের উপর ছাঁটাইএর খাঁড়া ঝুলছে। এখনও আপনাদের ব্লক ডেভেলপমেন্ট স্কীমে বহু প্রাসাদোপম অট্টালিকা তৈরী হচ্ছে, বহু ইমারত তৈরী হচ্ছে, সেই সমস্ত ক্ষেত্রে কি তাদের নিয়োজিত করা যায় না? অথচ আমরা দেখতে পাচ্ছি ছাঁটাইএর খাঁড়া তাদের উপর ঝুলছে। এই গেল তাদের কথা। তারপর ক্লাস ফোর স্টাফের কথা ধরুন এই ক্লাস ফোর কর্মচারীর সংখ্যা ৭৮ হাজার এবং শতকরা ৮০ ভাগই তাদের মধ্যে অস্থায়ী তারা ৬০ টাকার বেশী মাইনে পায় না, ফ্রি মেডিক্যাল এড নেই, কলকাতায় থাকলে ৫ টাকা মাত্র বাড়ী ভাড়া পায়, ৫ টাকা দিয়ে কোন বাড়ী ভাড়া পাওয়া যায়, না কোন বাড়ীর বারান্দাটুকুও পাওয়া যায়, সেখানে তারা কি রকম অবস্থার মধ্যে আছে বলুন তো। সরকার এক সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমরাও চাই যাতে তাদের ১০০, টাকা মিনিমাম হয় অথচ কোথায় আজ তাঁদের সেই প্রতিশ্রুতি, গভর্নরের ভাষণে তার কিছুমাত্র উল্লেখ নেই, এই পরিপ্রেক্ষিতে যদি বিচার করা যায় তাহলে দেখা যাবে সেই প্রতিশ্রুতি আজ মিথ্যায় পরিণত হয়েছে, এবং সেই কথা উল্লেখ করার মত সৎসাহসও রাজ্যপালের যাঁরা পরামর্শদাতা তাঁদের মধ্যে আমরা দেখতে পেলাম না। অথচ এঁরা আবার আইডিয়াল এমপ্লয়ার হবার কথা বলেন। তারপর শ্রমিকদের কথা, আজকে শিল্পে নিয়োজিত, সরকারী শিল্পই হোক আর বে-সরকারী শিল্পই হোক তাদের অবস্থা আজ কতখানি দুর্বিসহ হয়ে উঠেছে সেটা সহজেই অনুমান করতে পারা যায়। অথচ আমরা দেখি শ্রমিকদের অসহায়তার ১৬ আনা সুযোগ তাঁরা গ্রহণ করছেন। মাননীয় রাজ্যপালের যে ভাষণ, আজকে আমরা এই ধরণের ভাষণ আশা করি নি, এটা কোন কাজের ভাষণ নয়, এটা একটা দায় সারা গোছের ভাষণ হয়েছে যা না দিলেও চলতো। আজ সমস্ত বাংলা দেশের সামনে যে সব সমস্যা দেখা দিয়েছে, যে সব সমস্যা আজ চাকুরীজীবীদের ক্ষেত্রেই হোক, শ্রমিকদের ক্ষেত্রেই হোক, দেখা দিয়েছে তার সুরাহার কিছু মাত্র ইঙ্গিত রাজ্যপালের ভাষণে নেই। এই সব সমস্যার সমাধানের পথে না এগিয়ে বিলাসের স্রোতে যদি গা ভাসিয়ে দেন তাহলেও একথা মনে রেখে দেবেন ইমার্জেন্সির কথা দিয়ে মানুষকে বেশী দিন ভুলিয়ে রাখতে পারবেন না। ইমার্জেন্সি দিয়ে আজকে আপনারা বাংলাদেশের মানুষকে ঠেকিয়ে রেখেছেন নিজেদের দলীয় স্বার্থে, মুষ্টিমেয়

কতকগুলি বড়লোকের স্বার্থে ব্যবহার করছেন, এইভাবে যদি করেন তাহলে এটাও জেনে রাখুন বাংলাদেশের মানুষ পড়ে পড়ে আর মার খাবে না। শিক্ষকদের সম্বন্ধে আপনারা কি করেছেন তারও আপনারা জবাব দেবেন।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

(After adjournment.)

[3-10—3-20 p.m.]

Dr. Maitryee Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে অনেক বক্তৃতা হয়ে গিয়েছে এবং আরো বক্তৃতা হবে কয়েক দিন ধরে। আমি তাঁর ভাষণের সমস্ত পরিধি নিয়ে—যদিও সেটা সংক্ষিপ্ত ভাষণ, তার মধ্যে পড়লে দেখা যাবে অনেক পয়েন্ট আছে—আমি সব পয়েন্টের উপর বলবো না, আমি তার মধ্যে বিশেষ একটা পয়েন্টের উপরেই বলবো। আমাদের এখানে সম্প্রতি কলকাতায় যে দাঙ্গা হয়ে গেল সেই দাঙ্গা সত্যি সত্যিই সাম্প্রদায়িক দাঙ্গা কিনা সেটা চিন্তা করে দেখবার বিষয়। আমার যতটুকু অভিজ্ঞতা তাতে আমি দেখেছি যে এই দাঙ্গা সাম্প্রদায়িক শুরুতে ছিল না। অনেক দিন থেকেই পাকিস্তানের বহু চর আমাদের দেশে দাঙ্গা হয় না সেটা সংশোধন করবার জন্য ঘুরে বেড়াচ্ছিল। পাকিস্তানে দাঙ্গা হয়, দেশে-বিদেশে পাকিস্তানের নিন্দা হয় সেটা ভারতবর্ষে হয় না, বিশেষ করে বাংলাদেশে ১৯৫০ সালের পর থেকে বলতে গেলে কোন দাঙ্গা হয় নি। যদিও পাকিস্তানে বারে বারে হিন্দুদের উপর, সংখ্যালঘুদের উপর অত্যাচার হয়েছে তা সত্ত্বেও এখানে হয় নি, এই যে সুনাম আমরা এতদিন রক্ষা করতে পেরেছি সেই সুনাম নষ্ট করবার জন্য পাকিস্তানের বেশ কিছু চর কিছুদিন ধরে আমাদের এখানে চেষ্টা করছিল এবং সেটা আমরা জানতাম না তা নয়, অনেকেই জানতাম, অনেক রকমে সেটা বন্ধ করবার চেষ্টা হয়েছে কিন্তু পারা যায় নি। অনেকেই সেই ফাঁদে পা দিয়েছে। তারপরে কাশ্মীর এবং যশোর, খুলনার ঘটনার পর সেটা আর রক্ষা করা যায় নি। বিশেষ করে সেখানে মেয়েদের উপর যে অত্যাচার হয়েছে তার সমস্ত ঘটনাবলির বর্ণনা আমাদের দেশের কতকগুলি কাগজে, যাঁরা এই সমস্ত প্রকাশ করে আনন্দ পান, তাঁরা যখন এই সমস্ত জিনিষ প্রকাশ করলেন তখন তা আর সেটেই ঠেকিয়ে রাখা গেল না। এই সব খবরের কাগজগুলি যদি এই রকমভাবে না লিখতেন তাহলে আমাদের দেশে এই রকম জিনিষ হতে পারতো কি না সে বিষয় সন্দেহ আছে। সেই বিষয় অনেকখানি দায়িত্ব খবরের কাগজগুলির আছে। এবং বিশেষ করে কোন কোন খবরের কাগজ আছে, আমি নাম করে বলতে চাই না, কারণ কোন একটি খবরের কাগজ সম্বন্ধে বললে তা নিয়ে গোলমাল আরম্ভ হয়। আমি সেই গোলমালের মধ্যে যেতে চাই না। তবে আমি যে খবরের কাগজ সম্বন্ধে বলছি সেই খবরের কাগজে এত খারাপ খবর বেরোয় এবং এমন ভাবে বেরোয় যার ফলে সেই কাগজকে আমি আমার বাড়ীতে ঢুকতে দিই না। আমি তার নাম বলব না তবে সেই কাগজ দেখলেই আমি ফেলে দিই এবং এই কাগজ বাংলাভাষায় লেখা। আর একটি খবরের কাগজ একটি এডিটোরিয়াল লিখেছিলেন, কিন্তু তারপর ভেবে দেখল যে মুস্কিল হয়ে গেল এবং তখনই অর্থাৎ সেই দিনই আর একটি চিঠি বার করলেন যেটি সম্পাদকীয়র ঠিক বিরোধী। অর্থাৎ তাঁরা ব্যালান্স এমনভাবে রক্ষা করলেন যাতে দুপক্ষই খুসী থাকে। কিন্তু দুপক্ষকে খুসী করা শক্ত কাজ। যদি মনে করেন এক পক্ষকে খুসী করবেন তাহলে তা করুন, অন্য পক্ষকে খুসী করবার প্রয়োজন নেই এবং তা পারবেনও না। তারপর, আর একটি কথা বলা হয়েছে যে, কেন্দ্রীয় মন্ত্রী নন্দ এসে এখানকার দাঙ্গা বন্ধ করেছেন, এখানকার মুখ্যমন্ত্রী দাঙ্গা বন্ধ করতে পারেন নি। একথা অবান্তর। ধরুন, একটি লোকের যদি ১০২।১০৩ ডিগ্রি পর্যন্ত জ্বর হয় এবং তার ফলে প্রথম যে ডাক্তারকে ডাকা হয় তাঁর ঔষধে যদি জ্বর না কমে, তাহলে একজন কনসালটেন্ট ডাক্তারকে ডাকা হয় এবং তাঁর ঔষধে যদি জ্বর কমে তাহলে বলা হবে যে প্রথম ডাক্তার কিছু করতে পারেন নি। কিন্তু আমাদের দেশের লোক জানে মেয়াদী জ্বর

বলে একটা জিনিস আছে। তারা টাইফয়েডকে মেয়াদী জবর বলে, তাদের অন্তর্নিহিত জ্ঞান আছে এবং তারা জানে এই জবর এই রকম সময় হয় এবং এই রকম সময় কমে। কাজেই পি সি সেন দাঙ্গা বন্ধ করেছেন, না নন্দ দাঙ্গা বন্ধ করেছেন সে বিষয় তর্ক অবান্তর। তবে সোমনাথ-বাবুর মুখে একথা শুনে আশ্চর্য হলাম এবং আরও আশ্চর্য হলাম এই দেখে যে, তিনিও এই ফাঁদে পা দিয়েছেন এবং এরকমভাবে কথা বলছেন। তবে তার কারণ হচ্ছে স্বাধীনতার রোটারী মেসিন-এর ইতিহাস আমি যেমন জানি সোমনাথবাবু আমার চেয়েও বেশী ভালভাবে জানেন। যখন চীনা পন্থী কমিউনিস্টরা ধরা পড়ল তখন তাঁদের ব্যাংকে অর্থাৎ পার্টি ফান্ড-এ মাত্র ২৩ নয়া পয়সা ছিল এবং এই ২৩ নয়া পয়সা নিয়ে তিনি কাজ আরম্ভ করলেন। তাঁর বোঝা উচিত যে নিজের দলের মধ্যে যখন গোলমাল বাঁধে তখন কোন রকম পার্টির কাজ বা রাজ্যের কাজ চালান যায় না। যা হোক, রোটারী মেসিন সম্বন্ধে যদি কারুর কিছু জানার থাকে তাহলে তা গোপনে বলতে পারি। রোটারী মেসিন সম্বন্ধে যারা জেলে গিয়েছিলেন তাঁরা কি করে-ছিলেন? কাজেই পি সি সেন দাঙ্গা বন্ধ করেছেন, না নন্দ দাঙ্গা বন্ধ করেছেন সে বিষয়ে আমি আর কিছু বলতে চাই না। তারপর পূর্ববাংলা থেকে যে সমস্ত উদ্বাস্তুরা আমাদের দেশে এসেছে তাদের দুর্দশার জন্য কেন্দ্রীয় মন্ত্রী দায়ী না বাংলাদেশের মন্ত্রীরা দায়ী এই নিয়ে বাক-বিতন্ডা চলছে এবং তাতে এমন কি আমাদের দলের কিছু কিছু লোক না বুঝে সেই দলে পা দিয়েছেন। এটা আত্মঘাতী নীতি। একথা আমাদের সব সময় মনে রাখতে হবে যে বাংলাদেশ আলাদা জায়গা নয়, এটা ভারতবর্ষেরই একটা অঙ্গ এবং সেই জন্যই বাংলাদেশের খানিকটা অংশ ছেড়ে দিলেও আমরা ভারতবর্ষের সঙ্গে থেকে গেছি। এই জিনিস না বুঝলে আমরা ভুল করব। তবে পূর্ববাংলার উদ্বাস্তুদের আমাদের দেশে যে অবাধে ঢুকতে দেওয়া উচিত সে বিষয়ে কোন দ্বিমত নেই। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণী করে কি হবে আমি জানি না তবে একথা ঠিক যে, যারা ভারতবর্ষে আসতে চায় তাদের আসতে দেওয়া উচিত এবং অবাধে আসতে দেওয়া উচিত।

[3-20—3-30 p.m.]

আমি একটা কথা বলি, পাকিস্তানে আমাদের মা-বোনেদের উপর কি অত্যাচার হয়েছে যারা জিঘাংসার সৃষ্টি করেন তারা কি ভেবে দেখেছেন কিংবা তারা কি কোন দিন এই সব মা-বোনেদের যারা আগে আগে এসেছেন তাদের আশ্রয় দিয়েছেন? এখন যাঁরা আসছেন তাদের কথা আমি বলিনি। ঐ লেক কলোনীতে সেখানে যে বড় বড় গাড়ী দাঁড়ায় সেখানে মেয়েদের নিয়ে পতিতা বৃত্তি করায় তারা তো কেউ মুসলমান ছিল না, তারা তো আমাদের দেশেরই হিন্দু বড় লোক। কেউ কি তাদের বাধা দিয়েছেন? দেন নি। তখন তো বিরোধী দল কোন কথা বলেন নি? (নয়েজ).. ওখানে বীরেনবাবু ওসব চীৎকার করবেন না, আপনার সব কথা আমি জানি। আজকে এই যে লোক বিনিময়ের কথা উঠেছে তার চাইতে কুৎসিত আর কিছু হতে পারে না। লোক বিনিময় করে কিছু মাত্র সুবিধা হবে না। আজকে অনেকে বলছেন বিনিময় করার অসুবিধা হল এজন্য যে পাকিস্তানী মুসলমানরা চলে গেলে না কি পোর্ট চলবে না। পোর্ট এবং পাকিস্তানী মুসলমান এটা সম্পূর্ণ আলাদা করে চিন্তা করতে হবে। ভারতে ৫ কোটি মুসলমান আছে, মালাবার থেকে কাশ্মীর পর্যন্ত সকলকে নিয়ে গিয়ে পাকিস্তানে পুরে দেবো এ কল্পনাও কেউ করতে পারি না। এটা অত্যন্ত অবাস্তব, অন্যায় এবং কুৎসিত। কখনো কল্পনা করাও উচিত নয়। সেখানে যদি মনে করি যে পাকিস্তানী মুসলমানরা আমাদের পোর্ট রাখবে তাহলে আমি একথা বলতে পারি আমাদের দিক থেকে আমরা যারা তেরঙ্গা ঝান্ডা নিয়ে আন্দোলন করি তারা এই বিষয়ে বহুদিন ধরেই চেষ্টা করছে কিন্তু যারা লাল ঝান্ডা নিয়ে আন্দোলন করেন তাঁরাই তাদের ভিসা এক্সটেন্ড করে রেখেছেন এবং আজকে বড় বড় কথা বলছেন। এই যে পাকিস্তানীরা চলে যাচ্ছে তারা অনেকে আমার খুব বন্ধু, ১৫।২০ বছর ধরে আমাদের সঙ্গে আছে, কিন্তু তা সত্ত্বেও আমি বলবো এখন ভারতবর্ষের এবং পাকিস্তানের যে সম্পর্ক তাতে পোর্টে পাকিস্তানীদের থাকা উচিত নয় এবং তারা চলে যাচ্ছে। প্রথম তারা দুরভিসন্ধি প্রণোদিত হয়ে ভেবেছিল সকলে এক সঙ্গে রিজাইন দিয়ে দিলে পোর্ট অচল হয়ে যাবে। কিন্তু আসলে তা হয় নি। আমাদের ছেলেরা যাদের শ্রমবিমুখ বলা হয়, তারাই ২৪ ঘণ্টা কাজ করে পোর্টকে সচল রেখেছে এবং সমস্ত কাজ করছে, বন্ধ হয় নি, তার জন্য তারা

ওভার টাইমও চায় নি, এমন কি তারা দাবীও করে নি। একথা আমাদের জানা উচিত। সেখানে মুসলমান এবং পাকিস্তানী ন্যাশনালদের মিশিয়ে ফেলা অত্যন্ত অন্যায়। পাকিস্তানীরা আজকে রিজাইন দিয়ে চলে যাচ্ছে এবং তার জায়গায় যারা আসছে তারা বেশীরভাগই হিন্দু এবং তারা উলুবেড়িয়ার মুসলমান, মেদিনীপুরের মুসলমান, তারাই আজকে সেই কাজ সাগ্রহে গ্রহণ করেছে। আজকে একথা সকলেরই জানা উচিত যে শান্তি চিরস্থায়ী করতে গেলে লোক-নয়, তাদের কাছ থেকে জমি কেড়ে নয়, ৯৩ লক্ষ হিন্দুকে ওখান থেকে আমাদের এখানে নিয়ে এলেই যে শান্তি হবে তা নয়। শান্তি চিরস্থায়ী করতে গেলে আমাদের আর্থিক অবস্থা সম্পূর্ণ বদলাতে হবে। যদি তা আমরা না করতে পারি, তাহলে আমাদের শান্তি স্থায়ী হতে পারে না। আজকে আর্থিক অবস্থা সম্পূর্ণ বদলাতে না পারলে এই যে ছেলেরা প্রত্যেকের রোয়াকে বসে আড্ডা মারে তাদের জন্য কিছু করবার নাই। তারা বাড়ীতে হয়ত গেল অবস্থা যদি ভাল থাকে তাহলে দুটি মাছ-ভাত পেল, আর অবস্থা ভাল না থাকলে গাল গালি খেয়ে চলে এল এবং রোয়াকে বসে আড্ডা দিতে লাগল, এই সব ছেলেদের শিক্ষার সুবিধা নাই, কাজ করবার সুবিধা নাই, অন্য দিকে মন দিবার সুবিধা নাই, এই সব ছেলেদের পক্ষে খারাপ কাজ করা অসম্ভব নয়। এবং সেজনাই এগুলি হয় এবং তার একটা প্রতিকার নিশ্চয়ই করতে হবে। এ বিষয়ে অন্য দিন বলবার সুযোগ হলে বলবো। কিন্তু এটা ঠিক যে আমাদের আর্থিক পারিপার্শ্বিক এবং সামাজিক অবস্থার উন্নতি করতে হবে নতুবা শান্তি স্থায়ী হতে পারে না। ৯৩ লক্ষ লোককে, পাকিস্তান থেকে হিন্দুকে আমাদের দেশে নিয়ে এসে ভাল করে দণ্ডকারণ্যে এবং অন্যান্য জায়গায় বসালেও শান্তি স্থায়ী হবে না, তখন অন্য রকম ভাবে গোলমাল হবে।

এই যে জিনিষ এটা উপলব্ধি করা নিতান্ত প্রয়োজন হয়ে পড়েছে। আজকে যাঁরা বলছেন যে মুখ্যমন্ত্রীকে সরান, এই মন্ত্রীসভাকে সরান, তাঁদের আমি বলতে চাই যে আজকে আমাদের মুখ্যমন্ত্রী শান্তি স্থাপনের জন্য যতদূর পারেন চেষ্টা করেছেন, তাঁকে যদি কোন রকম অপমান করা হয়, তাঁর বিরুদ্ধে জনমত সৃষ্টি করা যায় তাহলে তারপর যিনি আসবেন তাতে তাঁর ভয়ানক অসুবিধা হবে। আজকে আমাদের মুখ্যমন্ত্রী অসাম্প্রদায়িক, তিনি অনেক কষ্টে শান্তি স্থাপন করেছেন। সুতরাং তাঁকে ফেলে দেবার জন্য যদি আপনারা চেষ্টা করেন তাহলে অরাজকতা হবে এবং তারপর আমার সামনে যাঁরা বসে আছেন তাঁদের কোন সুবিধা হবে না। এই জিনিষটা সব সময় মনে রাখবেন যে, পার্টি নিজের রোটারী মেসিন রক্ষা করতে পারেন না, যে পার্টির ঘরে ৩০টা নয়া পয়সা থাকে না, যখন জ্যোতিবাবু জেলে যান তখন যাদের পার্টি করবার কোন ক্ষমতা কিছু নেই, তখন এটা সব সময় তাঁদের মনে রাখা দরকার এবং সেটা মনে রেখে এই অসাম্প্রদায়িক মুখ্যমন্ত্রীকে নানা রকম আক্রমণ করা তাঁরা বন্ধ করে দিন। তাঁরা বলেন তাঁরা দেশের ভাল চান, তাঁরা না কি খুব দেশপ্রেমিক এবং জ্যোতিবাবু না কি সবচেয়ে বড় দেশপ্রেমিক। কিন্তু যখন চীনা আক্রমণ হল জ্যোতিবাবুর দল সেই সময় গিয়ে কুপন বিক্রি করে বললেন এইগুলি নাও--চীনারা যখন আসবে তাদের দেখালেই তারা তোমাদের খেতে-পরতে দেবে। এটা কি দেশপ্রেমিকের নিদর্শন ? তবুও এই সংস্থাকে বজায় রাখতে হবে ? সুতরাং কেন্দ্র এবং বাংলার মধ্যে বিরোধ বাধিয়ে জ্যোতিবাবু কিছু করতে পারবেন না।

[3-30—3-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, **viz.**:

'But regret that—

(1) there is no mention in the Speech that the West Bengal Government would move the Central Government to take diplomatic and effective measures so that the minority communities of East Pakistan can be brought into India as, the Pak Government has been using the minorities as hostages thus denying them the human rights to live freely as enunciated in the **Charter of Freedom**;

(2) there is no mention in the Speech of the failure of the Government to protect the border areas from frequent raids by Pakistan Government and its agents;

(3) there is no mention in the Speech of the police in action during the first phase of the communal disturbances in Calcutta and suburbs and subsequent police excesses which create a psycology of panic in the minds of the peace-loving people;

(4) there is no mention in the Speech of the failure of the West Bengal Government to take effective measures and actions in time to check communal disturbances in Calcutta and in some parts of West Bengal, which occurred as a reaction on the ghastly genocide organised by East Pakistan Branch of the "Ayubshahi" Government recently;

(5) there is no mention in the Speech of the failure of the West Bengal Government to stop objectionable activities of Pak Deputy High Commissioner in Calcutta prior to breaking out of communal disturbances and during the disturbances,

(6) there is no mention in the Speech of Government's initiative and activities to rescue the tortured humanity at Pakistan check-posts from the cruel hands of Pak Government's officials;

(৭) মহামান্য রাজ্যপালের ভাষণে দাঙ্গাবিধ্বস্ত এলাকায় রিলিফ বিতরণে অব্যবস্থার কোনও উল্লেখ নাই,

(৮) রাজশাহী প্রভৃতি জেলা হইতে প্রাণভয়ে পলাতক আশ্রয়প্রার্থী যাহারা মুর্শিদাবাদ জিলায় বৎসরাধিক কাল হইতে আশ্রয় লইয়াছে এবং যাহাদের অধিকাংশই উপ-জাতীয় শ্রেণীভুক্ত ও অনগ্রসর শ্রেণীর লোক কোনও সাহায্য ও পুনর্বাসনের সুযোগ আজ পর্যন্ত পায় নাই, এ সম্পর্কে কোনও উল্লেখ নাই,

(৯) সরকারী শাসনযন্ত্রে দুর্নীতির মূলোচ্ছেদ করিবার জন্য সরকারের দৃঢ় আগ্রহের অভাব আছে তাহার কোনও উল্লেখ নাই।"

মাননীয় স্পীকার মহাশয় আজ শুধু বাংলাদেশ কেন সমস্ত ভারতবর্ষে আমরা এমন একটা সময়ে এসে দাঁড়িয়েছি যখন এই সময়টাকে একদিন ইতিহাস বলবে যে চরম একটা সংকট মুহূর্ত। আমরা সেই সময়ে দাঁড়িয়ে নিশ্চয় আশা করব যে আজকে যে দল গভর্নমেন্ট চালাচ্ছেন এবং আমরা সকলে এই চরম দুঃসময়ে আমাদের সমস্ত রকমের ক্ষুদ্র ক্ষুদ্র যে বিভেদ বা বিপদটা সরিয়ে রেখে আমাদের দেশের এই চরম সংকটের সম্মুখীন হব। আজকে কে কতটা বেশী বড় সেটা বড় কথা নয়, আজকে সবচেয়ে বড় কথা হচ্ছে একদিকে পূর্ব পাকিস্থানে একটা জঙ্গী-শাহী মানুষকে হত্যা করছে, জেনোসাইড করছে এবং সেখানে সাধারণ মানুষ, সাধারণ মুসলমান সেই জঙ্গীশাহীর বিরুদ্ধে যে লড়াই করছে তার অংগ হিসাবে উন্মাদনার মধ্য দিয়ে যে প্রাণ বিসর্জন দিচ্ছে রক্ত দিয়ে সংগ্রাম শিখছে যে কি ভাবে এপারে এবং ওপারে সাধারণ মানুষ একদিন জঙ্গীশাহী এবং সব রকম প্রতিক্রিয়ার বিরুদ্ধে দাঁড়াবে। ঠিক সেই সময় এই পশ্চিমবাংলারও খুব লজ্জার কথা যে এই কোলকাতা মহানগরী- যে কোলকাতা মহানগরী শুধু ভারতবর্ষ কেন সমস্ত বিশ্বের কাছে মাঝে মাঝে বিস্ময় আকার ধারণ করে, যে কোলকাতা মহানগরীতে ১৯২৮ সালে পরাধীন ভারতের আত্মা গর্জে উঠেছিল, ১৯২৮ সালে সেই কংগ্রেসকে কোলকাতা মহানগরীতে দেখা গেল এবং তার প্রতিক্রিয়া হিসাবে হিন্দু মুসলমানের যে দাঙ্গা তা আমাদের লজ্জার বিষয় আত্মশ্লাঘার বিষয় হয়ে দাঁড়িয়েছে।

এই দাঙ্গার পিছনে কারা আছে তা খুঁজে বার করবার সময় এসেছে, এটা কোশ্চেন নয়, এটা পরস্পরের প্রতি পরস্পরের দোষারোপ নয় এটা সত্য কথা এবং খুবই চিন্তার কথা। এই যে

দাঙ্গা এটা কারা বাঁধিয়েছে। এর পেছনে প্রতিক্রিয়াশীল একটা দল আছে। এবার আমরা কি দেখছি এবার দেখছি এই প্রতিক্রিয়াশীল সরকারের যারা এজেন্ট তিনি মুসলমান হোন আর হিন্দু হোন কারণ শুধু মুসলমান বললে চলবে না, পাকিস্তান সরকারের এজেন্ট হিন্দুদের মধ্যেও আছে, তাদের টাকা দিয়ে এজেন্ট করা হচ্ছে। সেখানের এজেন্ট এবং এখানের প্রতিক্রিয়াশীল শক্তির যারা উৎস তাদের টাকা দিয়ে এসব জিনিষ করান হচ্ছে। দাঙ্গার বিরুদ্ধে যে প্রতিরোধ তাতে সকলেই ফেল করেছে। কটা মানুষ মারা গেছে সেটা প্রশ্ন নয় বা কত বাড়ী পুড়ে গেছে তা প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে একটা লোকও যদি মারা গিয়ে থাকে সে হিন্দু বা মুসলমান হোক যার জীবনই নষ্ট হোক এখানে এতগুলো পলিটিক্যাল পার্টি থাকা সত্ত্বেও আমরা যাই এখন করি না কেন পৃথিবীর বুকে আমাদের ভবিষ্যত বংশধররা এর জন্য মাথা হেঁট করবে। কাজেই আজকে এই যে প্রশ্ন এটা সবচেয়ে বড় হয়ে জেগেছে। আজকে পরস্পরের প্রতি দোষারোপের প্রশ্ন নয়। আজকে এই সংকট মুহূর্তে আসুন দলমত নির্বিশেষে এই যে অশান্তি এই যে পেনিক হচ্ছে তা দূর করা যদি লক্ষ্য হয় তাহলে আসুন সকলে মিলে কর্মপন্থা ঠিক করি। কিন্তু সত্য কথা বলতে গেলে এটা কি আশা করেছিলাম সাধারণ মানুষ হিসাবে যে মহামান্য রাজ্যপালের ভাষণে পাব যাতে তিনি জাতীকে পথের নির্দেশ দেবেন কিন্তু তা নেই। আর একটা কথা এই দাঙ্গার সময় আমি যা ইনফরমেশান পেয়েছি তার উপরেই বলছি যে ইনফরমেশান নিয়েছি যে দাঙ্গার সময় কলকাতায় পুলিশএর ভূমিকা সংশয় ছিল। কলকাতাতে পুলিশরা দাঙ্গার সময় নিষ্ক্রিয় ছিল, তাই তাদের শুরুতে যেভাবে বিভিন্নক্ষেত্রে উপেক্ষা ছিল, এটা লজ্জার কথা। এর দ্বারা প্রমাণ হচ্ছে যে এডমিনিষ্ট্রেশন ফেইল করেছিল। এডমিনিষ্ট্রেশন ফেইল-এর আর একটা ঘটনা দেখবো ১৬ই অক্টোবর যখন ক্ষুধার অন্নের জন্য সাধারণ মানুষ তাদের মজুতদারদের ঘরে দলে দলে গেল তখন দেখেছি এডমিনিষ্ট্রেশন ফেইল করেছে। কাজেই আজকে প্রশ্ন হচ্ছে আমরা কি করবো। কাজেই আমরা যদি সেদিক থেকে চিন্তা করি ভাল হয়। আমি আর একটা কথা বলবো সাধারণ মানুষের কাছে রাজ্যপালের ভাষণ হ্রস্ব কি দীর্ঘ সে প্রশ্ন [illegible]। [illegible] নিয়ে কথা নয়। অশোক দত্ত মহাশয় বলেছেন যে, দায়িত্বশীল দল হিসাবে আমরা কথা কম বলি নিশ্চয়ই। এটা শুনে খুশি হলাম কারণ দায়িত্বশীল দল কম কথা বলে। কিন্তু কথা কম বলে বোলে কি দায়িত্বশীল দল কাজ কম করবে? দায়িত্বশীল [illegible] কি কাজ [illegible] সে সব থাকা উচিৎ কিন্তু তা নেই। রাজ্যপালের [illegible] ভাষণ আমাদের কাছে [illegible] একটা আশা নিয়ে আসে নি। তারপর আর একটা কথা বলতে চাই এখানে [illegible] বলেছেন এবং মন্ত্রীরাও বলেছেন যে সরকারের যে [illegible] উপর নির্ভর করে এসব ব্যবস্থা চলেছে তা হচ্ছে ঐ আর্দালী পিওন ক্লাস ফোর্থ গ্রেড, [illegible] ও কেরানী ও নন-গেজেটেড অফিসার [illegible] উপর নির্ভর করে শাসন [illegible]। [illegible] কর্মচারীরা আর [illegible] তারা আজ সরকারের বিরুদ্ধে দাবী [illegible] ব্যাজ লাগিয়ে [illegible] চাচ্ছে এর চেয়ে সরকারের প্রতি অনাস্থা -এর [illegible] সরকারের প্রতি সাধারণ মানুষের যে মনোভাব ফুটে উঠেছে তার প্রতিফলন আর কি হতে পারে যখন সরকারের নিজের কর্মচারী সরকারের বিরুদ্ধে তাদের ভুকা ব্যাজ লাগাতে বাধ্য হয়? এই সমস্ত কথা আমাদের চিন্তায় আসে কারণ আমরা দেশকে ভালবাসি। অবশ্য আমি বলি না যে দেশের প্রতি ভালবাসা আমাদের একচেটিয়া। কিন্তু ভালবাসি বলে আজকে সেই ভালবাসার দাবী নিয়ে [illegible] আমরা বলবো যে আসুন এই বিষয় নিয়ে আমরা একটু চিন্তা করি। এবং তার জন্য বলবো যে যারা সরকারী দলে আছেন তাদের দায়িত্ব সবচেয়ে বেশী। আজকে দেশ যে চরম মুহূর্তে এসে পড়েছে তার জন্য আজকে সমস্ত অপোজিসনকে খোলাখুলিভাবে পথ নির্দেশের জন্য বলা উচিত। মাননীয় স্পীকার মহাশয়, ভুবনেশ্বরের যখন কংগ্রেস অধিবেশন চলছিল তখন এই কংগ্রেসের ক্ষুদে ঈশ্বররা সাম্যবাদের স্বপন রচনা করছিলেন তখন এই বাংলাদেশের এক প্রান্তের সীমান্তে মুর্শিদাবাদের চরে কতগুলি মানুষ যারা ওপার থেকে এক বৎসরের অধিককাল এসেছে তারা না খেয়ে এস ডি ও-র দরজায় ধরনা দিয়েছে—এটা কি ঐ সমাজতন্ত্রবাদের প্রতিফলন? এটা কি সত্যিকারের সমাজতন্ত্রবাদের ধিক্কার নয়? যে যখন সমাজতন্ত্রবাদের ব্যাখ্যা করা হচ্ছে তখন সমাজতন্ত্র যাদের নিয়ে তারা এস ডি ও-র কাছে শুধু খাদ্যের দাবী নিয়ে চাল আর গমের দাবী নিয়ে যাচ্ছে। এই দিকটা আমাদের চিন্তা করতে

হবে। কিন্তু মহামান্য রাজ্যপালের ভাষণে সে কথা নেই। তারপর এই দাঙ্গা বিধ্বস্ত অঞ্চল নিয়ে কয়েকটি জায়গায় আমি দেখেছি এমন একটি অবস্থার সৃষ্টি হয়েছে যে হিন্দু এলাকায় হিন্দুরা বলছে কেন তারা কিছুই পায়নি সব মুসলমানরা পাচ্ছে আর মুসলমান এলাকায় গিয়ে দেখছি যে তাদের মতও ঠিক এক রকম - আমরা কিছুই পাচ্ছি না সব অন্য জায়গায় চলে যাচ্ছে। এই জিনিষটার অবসান হওয়া উচিত। আমি মনে করি কংগ্রেসের যে ঐতিহ্য আছে সেই হিসাবে আমি শুধু মন্ত্রিসভাকে বলছি না মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে সমস্ত কংগ্রেস বন্ধুদের বলছি যে এই বিষয়ে আপনারা একটু সচেতন হোন—আপনাদের সরকারকে বলুন যে এইভাবে দলবাজী করে ডিসট্রিবিউসন করলে চলবে না। তাতে সাম্প্রদায়িক সমস্যার সমাধান হবে না আরও বেশী গোলযোগ হতে পারে কাজেই এতে সরকারের প্রতি বিদ্বেষ এসে যাচ্ছে। কাজেই এই দলবাজী যা দেশের সর্বনাশ করছে তা আপনারা ছেড়ে দিন।। আমি গোলকুটিতে গিয়ে দেখি যে তিন হাজার মুসলমান মেয়ে তারা সামান্য চাল নিচ্ছে। তাদের গিয়ে যখন জিজ্ঞাসা করলাম যে তোমাদের রিলিফ দেওয়া হয় নি? তারা বললেন না। এবার অন্য আর এক জায়গায় গিয়ে দেখলাম হিন্দুরা বলছে যে আমাদেরও রিলিফ দেওয়া হচ্ছে না। আমি তাই বলছি যে এটা হিন্দু-মুসলমানদের ব্যাপার নয়। এটা আমাদের দেশের ভাগ্যের ব্যাপার তাই এ সম্বন্ধে সরকারকে সচেতন হতে বলি। শেষ কথা স্যার আজকে লোক বিনিময়ের কথা উঠেছে। আমি জানি না বাংলাদেশের এমন কোন দল আছে হিন্দু মহাসভা, জনসংঘ ছাড়া, যারা আজকে লোক বিনিময় সম্বন্ধে কথা বলেন।

It is a very preposterous theory.

লোক বিনিময় মানে হচ্ছে দেশের সর্বনাশ করা। লোক বিনিময় মানে হচ্ছে গণতন্ত্রের সর্বনাশ করা। লোক বিনিময় মানে হচ্ছে আমাদের ঐতিহ্য, এবং কৃষ্টি নষ্ট করা, লোক বিনিময় মানে হচ্ছে ফ্যাসিবাদকে ডেকে নিয়ে আসা—এবং লোক বিনিময় মানে হচ্ছে যে ভারতবর্ষকে একটা গ্রাসে পরিণত করা। এই কথা বলে আমি মহামান্যা রাজ্যপালিকার ভাষণকে অভিনন্দন না জানিয়ে আসন গ্রহণ করছি।

[3-40—3-50 p.m.]

Committees

Mr. Speaker: Before I call on the next speaker, I would like to make some announcements.

Committee of Privileges

In accordance with the provision under rule 301 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form the Committee of Privileges.—

1. Shri Ashutosh Mallick (Chairman).
2. Shri Baidyanath Banerjee,
3. Kumar Jagadish Chandra Sinha,
4. Shri Sankardas Banerji,
5. Shri Asoke Krishna Dutta,
6. Dr. Pratap Chandra Chunder,
7. Shri Syed Abul Mansur Habibullah,
8. Shri Nani Bhattacharjee and
9. Dr. Kanai Lal Bhattacharya

Committee of Petitions

In accordance with the provisions under rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form the Committee on Petitions:—

1. Shri Ashutosh Mallick (Chairman).
2. Shri Gurupada Khan,
3. Shri Brindaban Goyen,
4. Dr. Ranjit Kumar Ghosh Chowdhury,
5. Shrimati Biva Mitra,
6. Shri A. K. M. Ishaque,
7. Dr. Golam Yazdani,
8. Shri Amarendra Nath Roy Pradhan
9. Shri Nathaniel Murmu, and
10. Shri Kashi Kanta Maitra.

Business Advisory Committee

In accordance with the provision under rule 284 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form the Business Advisory Committee:—

1. The Hon'ble Jagannath Kolay,
2. The Hon'ble Bijoy Singh Nahar,
3. Shri Ananda Gopal Muhopadhyay,
4. Shri Abani Kumar Basu,
5. Shri Asoke Krishna Dutta,
6. Shri Ganesh Ghosh,
7. Shri Kamal Kanti Guha,
8. Shri Nikhil Das

and myself.

I may inform honourable members that I have asked my Secretary to request some other honourable members to attend on invitation any meeting of the Business Advisory Committee, as may be required.

The Hon'ble Jagannath Kolay: I suggest that Shri Bijesh Chandra Sen may be nominated in place of the Hon'ble Bijoy Singh Nahar.

Mr. Speaker: All right. I nominate Shri Bijesh Chandra Sen in place of the Hon'ble Bijoy Singh Nahar, in the Business Advisory Committete.

I now call upon Shri Pijush Kanti Mukherjee to speak.

Discussion on Governor's Address

Shri Pijush Kanti Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমরা অত্যন্ত সংকটাপন্ন অবস্থার মধ্যে আছি এবং ভারাক্রান্ত হৃদয়ে আজকে আমাদের এই আলোচনায় যোগ দিচ্ছি। কিছু দিন আগে পাকিস্তানে যে বর্বর অত্যাচার আমরা দেখলাম এবং তার প্রতিক্রিয়া পশ্চিমবঙ্গে কোন কোন স্থানে দেখা দিয়েছিল তাকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার যেরকম প্রশংসনীয় দক্ষতার সঙ্গে বন্ধ করে

দিয়েছেন তাতে আমি পুরোপুরি বিশ্বাস করি যে আমাদের এখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে আস্থার ভাব পুরোপুরি ফিরে আসবে। কিন্তু আমাদের আজ চিন্তা করতে হবে পূর্ব পাকিস্তানের অবস্থাটা কি। মাননীয় স্পীকার মহাশয়, পাকিস্তান সাম্প্রদায়িক রাষ্ট্র, সেখানে যখন দেশ বিভাগ হল মুসলিম লীগ ঘোষণা করেছিল যে, পাকিস্তানে সংখ্যালঘুরা জিম্মা, অর্থাৎ তাদের জামীন হিসাবে রাখা হবে। তারই আজ অত্যন্ত নগ্নরূপ প্রকট হয়ে উঠেছে। কাশ্মীর ছেড়ে দাও আমাদের হাতে তা নইলে সংখ্যালঘুদের হত্যা করবো এই হচ্ছে মূল কথা। যেদিন কাশ্মীরে মহম্মদের পবিত্র কেশ চুরি হল তার কয়েক দিন পরেই পাকিস্তানের রাষ্ট্র প্রধান এই বিবৃতি দিলেন যে এর মধ্যে অন্য সম্প্রদায়ের ষড়যন্ত্র আছে। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রীও এই একই কথা তীব্র ভাষায় বললেন, সঙ্গে সঙ্গে পাকিস্তানে দাঙ্গা শুরু হল এবং সেই দাঙ্গার ভীষনতা ও ব্যাপকতা কল্পনা করা যায় না। তার ফলে লক্ষ লক্ষ লোক ক্ষতিগ্রস্ত হয়েছে, বহু সহস্র লোক প্রাণ হারিয়েছে। এর থেকে পরিত্রানের উপায় কি? যদি আমরা আজ বাস্তব অবস্থা চিন্তা না করি তাহলে এই দাঙ্গা চলতেই থাকবে, রোধ করা যাবে না, কারণ তারা একটার পর একটা দাবী তুলে আমাদের এখানে আঘাত করবে এবং সেই আঘাতের প্রতিক্রিয়া দেখা দেবে বা দেখা দেবারই সম্ভাবনা বেশী। এক্ষেত্রে আমি বলি দেশ বিভাগের পর ৫০ লক্ষ সংখ্যালঘু ভারতে চলে এসেছে এবং তার পরেও পূর্ব বাংলায় ৫০ লক্ষ হিন্দু সংখ্যালঘু থেকে গিয়েছে। আজ যাঁরা এখানে চলে আসতে পেরেছেন তাঁদের আত্মীয়স্বজন পূর্ববঙ্গের একজনও নেই এটা কেউ বলতে পারে না। সুতরাং আমাদের দেশ যদিও সেকুলার স্টেট, মাননীয় স্পীকার মহাশয়, এটা মনে রাখতে হবে যে শ্রেণী হিসাবে, সম্প্রদায় হিসাবে, যখন কোন উস্কানী কেউ দেয় তখন সেকুলার স্টেটের কথা মনে থাকে না। যখন কোন শ্রমিক বিপন্ন হয়, যখন কোন শিক্ষক বিপন্ন হয়, এ্যাফেকটেড হন, যখন কোন ছাত্র বিপন্ন হয়, তখন সকলের মনেই দোলা লাগে। সেই রকম পাকিস্তানের হিন্দুরা বিপন্ন হলে স্বভাবতই বাংলা দেশের লোকের মনে আঘাত আসতে পারে। এই মনোভাব লোকের মধ্যে যাতে না হয় তার ব্যবস্থা করা প্রয়োজন। অনেকে বলেছেন লোক বিনিময় সম্ভব নয়। কিন্তু লোক বিনিময় পুরোপুরি সম্ভব না হলেও সংখ্যালঘু যাঁরা আসতে চান তাঁদের নিয়ে আসা কেন অসম্ভব? তাঁদের যদি নিয়ে আসা হয় তাহলে বারবার এ প্রশ্ন আসতে পারে না। সুতরাং যাতে তারা উস্কানী দেবার কোন রকম সুযোগ না পায় সেজন্য পাকিস্তানে যে সংখ্যালঘুরা আছেন তাঁদের এখানে নিয়ে আসা দরকার এবং তাঁদের পুনর্বাসন ভারতবর্ষে যেখানে করা সম্ভব সেখানেই করা দরকার, অন্যথায় এই গোলমাল জোড়াতালি দিয়ে কোন রকমভাবে বন্ধ করা সম্ভব নয়। যদি আমরা তাই চেষ্টা করি তাহলে আমাদের একথাই বলতে হবে যে আমরা মূর্খের স্বর্গে বাস করছি। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি অনেকে এই প্রশ্ন তুলতে পারেন পাকিস্তানের যাঁরা সংখ্যালঘু তাঁরা পাক ন্যাশনাল, তাদের জন্য কেন আমরা এতটা এগিয়ে যাবো। আমি আগেই একথা বলেছি তাঁরা পাক ন্যাশনাল হলেও আমাদের যদি আত্মীয়-স্বজন সেখানে থাকে তাহলে এই নীতি উপদেশ দিয়ে লোককে বোঝান যাবে না। ১৯৫০ সালের ২৬এ জানুয়ারী আমাদের গঠনতন্ত্রে ঘোষণা করা হয়েছে আমরা সেকুলার স্টেট। মাননীয় স্পীকার মহাশয় এই সেকুলার স্টেট ভারতবর্ষে হবার অনেক আগেও আমাদের এই হিন্দু ধর্ম আমাদের সৌভাগ্যের কথা, অন্য বহু ধর্মকে সহ্য করে এসেছে, আমাদের এখানে পাশাপাশি বহু সম্প্রদায়ের লোক বাস করেছে, তৎসত্ত্বেও সেই পুরানো কথাকে আবার নূতন করে বলার কি প্রয়োজন আছে। দেশ বিভাগের পূর্বে মুসলিম লীগ টু নেশন থিওরিকে মূলধন করে এটা করেছে, হিন্দুদের এক কনস্টিটিউশন আর মুসলমানদের ভিন্ন কনষ্টিটিউশন এইভাবে এটা করা হয়েছে। সাধারণতঃ শিক্ষিত মানুষ কনষ্টিটিউশনকে পবিত্র বলে মনে করে কিন্তু মূর্খ লোক কনষ্টিটিউশন বোঝে না, তারা ধর্মকেই অত্যন্ত পবিত্র বলে জানে। তা সত্বেও কেন এই গোলমাল হয় তা সম্যকভাবে অনুধাবন করার চেষ্টা না যদি করি তাহলে বারবার এই গোলমাল হবে। শুধু নীতির কথা বলে কোন লাভ হবে না। অর্থনৈতিক দিক দিয়ে আমরা পিছিয়ে আছি আজকে আমাদের দেশে অর্থনীতির বুনিয়াদকে যদি দৃঢ় করতে হয় তাহলে দেশের অভ্যন্তরে ছোট ছোট স্কীম যাতে নিতে পারি তার ব্যবস্থা করতে হবে।

[3-50—4 p.m.]

কারণ এই দায়িত্ব আমাদের। ভারতবর্ষ যখন বিভাগ হয় তখন বলা হয়েছিল যে, যদি কোন সম্প্রদায়ের লোক বিপদগ্রস্ত হয় তাহলে তাদের আমরা গ্রহণ করব। কাজেই আজকে যদি আমরা সেই দায়িত্ব পালন না করি সমস্ত লোককে পুনর্বাসন দেব একথা যদি খোলাখুলিভাবে না বলি তাহলে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি তা থেকে আমরা সরে যাব। কাজেই পশ্চিমবঙ্গ সরকারকে আমি অনুরোধ করছি যে, আমাদের সেই দাবী আমাদের সেই মনোভাব, আমাদের সেই চিন্তা-ধারাকে যাতে উপযুক্তভাবে এবং জোরের সঙ্গে কেন্দ্রের কাছে প্রকাশ করতে পারি তার জন্য চেষ্টা করতে হবে। এটা না করতে পারলে আমরা স্বার্থকভাবে অগ্রসর হতে পারব না এবং আমাদের অগ্রগতি সমস্ত দিক দিয়ে ব্যাহত হবে।

Shri Bejoy Kumar Banerjee: I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

> "But regret that there is no mention about the serious unemployment position of the State growing more and more acute and the distressing condition of the middle-class people particularly."

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল সংবিধানের নির্দেশমত বাৎসরিক অনুষ্ঠান হিসেবে বিধান সভায় যে ভাষণ দিয়েছেন তা শোনার সৌভাগ্য আমার হয়েছে। তিনি ভাষণ দেবার আগে যে শোভাযাত্রা হয়েছিল তার জৌলুস দেখে আমি মুগ্ধ হয়েছি। এই ভাষণ কিন্তু একটি মামুলি ভাষণ, অন্তঃসারশূন্য ভাষণ দেশের মানুষের সঙ্গে এর কোন সম্পর্ক নেই। বাস্তব চিত্র তিনি যা এঁকেছেন তাতে এরকম ভাষণকে আমি অভিনন্দন জানাতে পারি না। সংবিধানে লেখা আছে তাই তিনি ভাষণ দেন এবং আমাদেরও কিছু বলতে হবে তাই কিছু বলি। ধন্যবাদ দেবার কথা সংবিধানে লেখা আছে তাই দেওয়া হয়, কিন্তু এর কি সার্থকতা আছে আমি বুঝি না। আজকে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে এরকম আর কতদিন চলবে? রাজ্যপাল এখানে এসে কিছু বলে চলে গেলেন এবং আমরাও শুনলাম, কিছু বললাম তারপর সব শেষ হয়ে গেল। তাঁর এই ভাষণ পড়ে দেখেছি তিনি এই সাম্প্রদায়িক দাঙ্গা সম্বন্ধে অনেকটা বলেছেন। কিন্তু এরকম দাঙ্গা আজকে নূতন নয়, শুনেছি ২ হাজার ২০০ সাম্প্রদায়িক ঘটনা পাকিস্তানের অনুগ্রহে এখানে এবং ভারতবর্ষের চতুর্দিকে হয়েছে। রাজ্যপাল এই সাম্প্রদায়িক ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেছেন এবং বলেছেন এরকম হওয়া উচিত নয়। প্রতিটি বাঙ্গালী সেই কথা বলছে এবং এই দেশের মানুষ কেউ দাঙ্গা চায় না। শুধু তাই নয়, এই দেশের মানুষ কোনদিন মুসলমানদের এই দেশ থেকে তাড়াতে চায় নি। কিন্তু যাঁরা রাষ্ট্র পরিচালনা করেন, মানুষের জীবন রক্ষার ভার যাঁদের উপর রয়েছে তাঁরা যদি তাঁদের কর্তব্য পালনে অক্ষম হন তাহলে কি করে চলবে? কতদিন আর মানুষ নারীর সম্মান বিসর্জন দিয়ে এরকম অপদার্থ সরকারের ভরষায় বসে থাকবে এবং বলবে যে আমাদের সংযমী হওয়া উচিত? আমি উত্তেজনা সৃষ্টি করবার জন্য বলছি না, আমার দুঃখ হয় এইজন্য যে বাংলাদেশের রাজ্যপাল বাঙ্গালীকে বাদ দিয়ে এই ভাষণ দিয়েছেন। স্যার, আমি একথা মানি না যে, বাঙ্গালীর কথা বললে সাম্প্রদায়িকতার কথা বলা হয়। আমি যাদের কথা বলছি তার মধ্যে মধ্যবিত্ত বাঙ্গালী আছে, নিম্ন মধ্যবিত্ত বাঙ্গালী আছে, শিখ, মারোয়াড়ী, পার্শি, খৃষ্টান আছে এবং তাদের সকলের কথাই আমি বলছি। স্যার, আজকে আপনি যদি চিন্তা করেন তাহলে দেখবেন বাংলাদেশ থেকে বাঙ্গালী মুছে যাবে এবং তার আর দেরী নেই। কাজেই একথা আজ বলা দরকার এবং সাহস করে বলা দরকার।

বাঙ্গালীর ভাগ্যে গরল উঠেছে, অমৃত তারা পায় নি। সবচেয়ে বেশী যারা করল ফাঁসি কাঠে যারা গিয়ে পথ দেখাল তাদের ভাগ্যে বঙ্গ বিভাগ হয়েছে। আজ বঙ্গ বিভাগে এঁরা রাজী হয়েছিলেন কেন, তার কারণ হল গদীতে তাদের বসতে হবে, এই গদী তাদের চাই। আস্তে আস্তে বাঙ্গালী তাদের জীবনের বিনিময়ে যাদের গদীতে বসাল তাদের প্রতি সেই বাঙ্গালীদের প্রতি

এই এদের কর্তব্য রয়েছে। আজকে দিন কতক আগে যে ঘটনা ভারতবর্ষে দেখলাম তাতো আগে দেখি নি। ভারতের ভিতর তাঁর যে তৎপরতা আমরা দেখেছি সে তৎপরতা আগে কেন দেখি নি? সেখান থেকে যখন বাঙ্গালীদের বিতাড়িত করা হল দেখিনি তো তখন নন্দ সাহেবের তৎপরতা। সেখানে যে ভীষণ এক তরফা রাইয়ট হয়ে গেল সেটা বন্ধ করার চেষ্টা করতে তখন নন্দ সাহেবকে দেখিনি তো। আর নন্দ সাহেব কেন, কোন সাহেবকেই এক কথায় বন্ধ করেন নি। সেই সময় শিশুর আর্তনাদ মায়ের ক্রন্দন রাজ্যপালের হৃদয় বিদীর্ণ করে নি এবং রাজভবনের ফটক খুলে দেওয়া হয় নি। ধুকে ধুকে তিলে তিলে বাঙ্গালী কোথায় চলে গেছে, তাদের খবর, অন্ত মানুষের খবর মানুষ রাখে না। কিন্তু এই সমস্ত জিনিষের জন্য তাই আপনারা যদি তাদের কাছে আজকে সম্মিলিতভাবে দাবী না করেন তাহলে এই বাংলাদেশের মানুষ আর বাঁচবে না। আপনারা চিন্তা করুন সাম্প্রদায়িকতার কথা নয়, মধ্যবিত্ত বাঙ্গালীদের কথা। আমি আজকে আমার দৈনন্দিন অভিজ্ঞতা থেকে এই কথা বলছি যে মধ্যবিত্ত বাঙ্গালীদের আর্থিক অবস্থা যা হয়েছে তাতে তারা খেতে পাচ্ছে না, যে সমস্ত লোকদের মেয়েদের বেরুতে দেখিনি তারা এসে আজকে সামান্য অনুগ্রহের জন্য অনুরোধ জানাচ্ছে। হয় ছেলেদের ভর্তি করে দাও, না হয়ত হাসপাতালে বেড পাবার জন্য চিঠি দাও, চিঠিপত্র না দিলে কিছু হবে না। এই রাজ্যের এই বিধান সভার দাদারা দিদিরা রয়েছেন তাদের সুপারিশ না হলে কিছু হয় না, নাগরিক হিসাবে আমাদের কোন দাবী নাই, আমাদের কোন অধিকার নাই, এই আমরা দেখছি। আজকে কি অধিকার আছে, পাঁচ মিনিট দশ মিনিট বকে যাবো তাতে লাভ হয় না জানি। একথাও জানি আমার চেয়ে যারা বুদ্ধিমান সংখ্যাগরিষ্ঠ দলের সঙ্গে মিলে মিশে থেকে ভবিষ্যতের ব্যবস্থা করে রাখে। কিন্তু এ জিনিস খুব অন্যায় এবং এইভাবে সমস্ত ক্ষমতা কুক্ষিগত করে রাখা হচ্ছে রাজ্যপাল একথাও বলেন নি যে কলকাতা সহরের মানুষ ক্ষুধার অন্নের জন্য সারা রাত্রি জেগে এই চালের লাইনে দাঁড়িয়েছে, চালের জন্য লাইন দিয়েছে এত বড় ঘটনা তাঁর চোখে পড়ে নি। যে সমস্ত সাধারণ মানুষ, উদ্বাস্তু শিয়ালদহ স্টেশনে পড়ে রয়েছে তাদের আজকে রাজভবনে ঢুকবার সুযোগ হয় না। আমি অভিনন্দন জানাই রাজ্যপালকে তিনি ইতিহাস সৃষ্টি করেছেন রাজভবনকে দুর্দশাগ্রস্ত লোকদের জন্য খুলে দিয়ে কিন্তু তাই বলে বাঙ্গালী হয়ে এখানে বাস করতে পারবে না, তাদের ছেলেমেয়ে এভাবে মারা যাবে এটা ঠিক নয়।

[4-10 p.m.]

এইরকম সামান্য গুটিকতক লোক হয়ত কোলকাতা সহরে পরিচয় দেবার মত থাকবে। কিন্তু আমি আজকে ভবিষ্যৎবাণী করে যাচ্ছি যে সামান্য কয়েক বছরের মধ্যে আস্তে আস্তে বাঙ্গালী জাতি বাংলাদেশ থেকে নিশ্চিহ্ন হয়ে যাবে—একথা অতি সত্য কথা। কুক্ষিগত লোকের হাতে আজ ক্ষমতা রয়েছে, কুক্ষিগত লোকের হাতে পয়সা রয়েছে তারা আস্তে আস্তে খুব ভাল নিয়ম অনুসারে এই সমস্ত মানুষের দুঃখ-দুর্দশার সুযোগ নিয়ে তারা আর কোন উপায় দেখে জমি বিক্রি করে দিয়ে বাহিরে কোথাও চলে যাচ্ছে। রাষ্ট্র পরিচালনার এই যদি উদ্দেশ্য হয় তাহলে বাঙ্গালী জাতি মারা যাবে। কিন্তু আমাদের সৌভাগ্য হয়েছিল নেতাজী সুভাষচন্দ্রের অনুপ্রেরণায় হোক বা তাঁর নির্দেশে হোক আমি আমার পাবলিক লাইফ আরম্ভ করি। আমি জানি আজ যদি তিনি এখানে থাকতেন তাহলে বাংলা বিভাগ হোত না। একথা পরের কথা, বলে কোন লাভ নেই। আজকে দেখছি যে ছেলেরা আসছে স্কুলের মাইনে দিতে পারছে না, মায়েরা এসে বলছেন যে স্কুলে ভর্তি পাচ্ছে না, হাসপাতালে যেতে পারছে না। হাসপাতালে যদি একটা সুপারিশ করে পাঠাই সেখান থেকে বলে ঔষধের দাম দাও আবার একটা চিঠি তার জন্য লিখি এবং তারপর আবার বলি যে এক্স-রে খরচ দাও তখন আবার একটা চিঠি দিই। বাংলা দেশকে কি এইভাবে চালাবেন? তা যদি চালান তাতে দুঃখ নেই। কিন্তু আমি আপনাকে বলছি এরাই হচ্ছে আমাদের দেশের ভবিষ্যৎ। আমাদের দেশ আপনার কথা অনুযায়ী বিশ্বাস করি যে সব ঠিক আছে, নিজেরা সর্বনাশ করে ফেলেছি যে সব দিক ঠিক নেই। আমাদের যারা নেতা তারা বারবার বলছেন যে কোটি কোটি টাকা খরচ হচ্ছে অথচ আপনারা তো দেশের টাকা নিয়ে ছিনিমিনি খেলছেন। কিন্তু চালে আমাদের ঘাটতি

যায় নি, লক্ষ লক্ষ টাকা খরচ করে ইমারৎ তৈরী হয়েছে, কিন্তু স্কুলে মাষ্টার নেই, যন্ত্র নেই, কিছু নেই। হসপাতালেও তাই অবস্থা। কতকগুলি টাকার অঙ্ক রাজ্যপাল দিয়েছেন। কিন্তু টাকা খরচ একটা জাতির জীবনের মান হয়। তিনি বলেছেন আমরা অগ্রগতির পথে চলেছি—কিন্তু সত্যি কি তাই? স্বাধীনতার পর শুনলাম এটা আমাদের শিশু রাষ্ট্র—১৭ বছর হল এই রাষ্ট্র যে কবে সাবালক হবে জানি না। অন্যান্য স্বাধীন রাষ্ট্রে দেখেছি কোন মন্ত্রীদের কাছে কোন কিছুর জন্য ধর্না দিতে হয় না। এটা আমাদের নাগরিক অধিকার সব কিছু সুবিধা পাওয়া। রেশন কার্ড পাওয়ার জন্য, স্কুলে ভর্তি হওয়ার জন্য কাউকে খোসামোদ করতে হয় না। এসব সম্বন্ধে রাজ্যপাল তার ভাষণে কিছু বলেন নি। আর একটা কথা তিনি মাইগ্রেশান-এর কথা বলেছেন। এখান থেকে শুনছি মাইগ্রেশান-এর সমস্ত সুবিধা করে দিয়েছেন, আবার ওখান থেকে ডেপুটি কমিশনার বলছেন এসব মিথ্যা কথায় কান দিও না। এই রাজ্যের অবস্থা কি? এখানে বলা হচ্ছে এক, আর উপদেশ দেওয়া হবে আর এক রকম। কারণ হাই কমিশনার এক রকম কথা বলছেন, আর আজকে খবরের কাগজে ছবি দেখলাম যে হিন্দু হয়ে তারা সেখানে লুঙ্গি পরে মাইগ্রেশান অফিস-এর সামনে দাঁড়িয়ে আছে। একজনকে দেখলাম বোখরা পরে শেয়ালদা স্টেশনে এসে হাতে শাঁখা পরছে, সিঁথেয় সিঁদুর দিচ্ছে। সেখানে ছোট ছোট শিশুদের ... করছে। এইভাবে তাঁরা সেখানে রাষ্ট্র পরিচালনা করছেন। কিন্তু আপনারা কি করছেন? আপনারা একবার পরিসংখ্যান নিয়ে দেখবেন যে সব স্তরে বাঙ্গালী হটে যাচ্ছে। ব্যবসার ক্ষেত্রে দেখবেন সেখানে বাঙ্গালী নেই, যেখানে বাঙ্গালীদের বড় বড় বাড়ী ছিল তা আজ তাদের নেই সমস্ত অবাঙ্গালীর হাতে গেছে। সুতরাং আপনাদের রাষ্ট্রের এই যে অর্থনীতি এই অর্থনীতি যদি বদলাতে না পারেন তাহলে রাষ্ট্র পরিচালনার ভার জনসাধারণ আপনাদের হাতে দেবে না।

জাগ্রত জনতা আপনাদের আচ্ছাদিত করে দেবে। আজকে হয়ত আপনারা একথা শুনবেন না। আপনারা চেষ্টা করছেন ১০০ বা ২০০ বৎসর ধরে কি করে সংখ্যাগরিষ্ঠতা বজায় রাখা যায় সেটা কায়েম করবার ব্যবস্থাই আপনারা করছেন। পঞ্চায়েত রাজ এ রাজ ও রাজ ইত্যাদি করে সমস্ত নিজেদের লোক রেখে পৃষ্ঠপোষকতা করে রাষ্ট্র পরিচালনা করছেন। বলছেন আমাদের বসাও তাহলেই ভাল হবে। এতো ভাল কথা। আপনাদের ১০০ বৎসর হোক কোন দুঃখ নেই, কিন্তু দেশের ভবিষ্যৎ আপনারা সর্বনাশ করে দিচ্ছেন। এই কথা বলেই আমার ভাষণ শেষ করে দিচ্ছি।

Shri Narendra Nath Sarkar:

মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। রাজ্যপাল তাঁর ভাষণের মাধ্যমে যে জিনিসের প্রতি আমাদের মন আকৃষ্ট করেছেন, তা হল দ্বিতীয় পরিকল্পনার মাধ্যমে নূতন বিদ্যুৎ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কৃষির চাহিদা পরিপূরণের জন্য, আমি এটা লক্ষ্য করেছি। আমি নদীয়ার কথা বলবো নদীয়ায় হরিণঘাটা থেকে আরম্ভ করে করিমপুর পর্যন্ত বিভিন্ন জায়গায় ডিপ টিউব ওয়েল বসান হয়েছে। প্রতি গ্রামে আজ বিদ্যুৎ প্রসারিত হবে এবং তা যদি সম্প্রসারিত হয় তাহলে আশা করা যায় নদীয়ার ক্ষুদ্র শিল্প চাষের উন্নতি সম্ভব হবে। যেমন লক্ষ্য করেছি নদীয়ার বুকে কিছু কিছু গেঞ্জী শিল্প পাওয়ার লুম ফ্যাক্টরী হয়েছে। নদীয়ায় কল্যাণী শিল্প নগরী হিসাবে গড়ে উঠেছে। কিন্তু এর চেয়েও আরও লক্ষ্য করেছি দুর্গাপুরে সার কর্পোরেশনের মাধ্যমে একটা সারের কারখানা চালুর প্রচেষ্টা চলছে। চাষের উন্নতির জন্য সারের প্রয়োজনীয়তা আছে এ কথা অস্বীকার করা যায় না। কিন্তু তার সঙ্গে সঙ্গে সার কাটানর দিকেও সরকারের লক্ষ্য রেখে সুব্যবস্থা করতে হবে এ অনুরোধ জানাই। সেচের ও সারের যদি উন্নতি হয় তাহলে ফসলের উন্নতি হবে তা বলা চলে এবং সে ফসল যদি কৃষকের চাহিদা পূরণ করতে পারে তবে ভাল কিন্তু জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে। সে জনসংখ্যা বৃদ্ধির দিকে লক্ষ্য রাখতে হবে, এবং তা নিরোধ করবার জন্য আজকে নূতন করে পরিকল্পনা গ্রহণ করতে হবে। গ্রামে বার্থ কন্ট্রোল করা প্রচার করতে হবে, এবং এদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। এ ছাড়া দেনা ভারাক্রান্ত মনে একটা জিনিস লক্ষ্য করেছি পূর্ববংলায় যে দাঙ্গা সংঘটিত হয়েছে তার দিকেও

রাজ্যপালের দৃষ্টি নিক্ষিপ্ত হয়েছে। তিনি তা বিশেষভাবে নির্দেশ করেছেন। কাশ্মীরের হজরত বাল মসজিদ থেকে কেশ অপহৃত হয়েছিল এবং তার ফলে খুলনা এবং যশোহরে যে ভীষণ দাংগা হয়েছিল সে দাংগার প্রতিক্রিয়াস্বরূপ পশ্চিমবাংলায় কলিকাতায় যে অত্যাচার এবং অনাচার হয়েছে তার জন্য বেদনা জানিয়ে বলেছেন যে, নিরপেক্ষ নীতি আরও কঠোরভাবে বজায় রাখতে হবে এবং তিনি তা রাখবার নির্দেশ দিয়েছেন। আমি এর জন্য তাঁকে অভিনন্দন জানাই। কিন্তু এই কথা বলতে গিয়ে পূর্ববাংলার দাঙ্গার কথা সামনে এসে যায় এবং তখন মনে হয় এই কি সেই বাংলাদেশ, এ-কি সেই ভারতবর্ষ--যে ইংরাজ এর বিরুদ্ধে লড়ায়ের জন্য হিন্দুর পাশে মুসলমান দাঁড়িয়েছে, বৌদ্ধের পাশে জৈন দাঁড়িয়েছে এবং লড়াই করেছে আমাদের স্বাধীনতার জন্য। আমাদের সে দিনের স্বাধীনতার সে ইতিহাস মনে পড়ে। ১৯৪৬ সালে সাম্প্রদায়িক দাংগার ফলে আকাশ-বাতাস বিষাক্ত হয়। বাংলাদেশে এটা বিশেষ করে মুসলিম লীগের প্ররোচনার ফলে যে দাংগার উদ্ভব হয়েছিল এবং যার ফলে শহীদ হতে হয়েছিল আমাদের বহু শ্রদ্ধেয় শচীনবাবুকে, সে কথা নিশ্চয়ই ভারতবর্ষের স্বাধীনতা-কামীদের মনে আছে। আজকে আমাদের দুঃখের দিনেও দেখেছি মানুষ জাতীয়তার জন্য লড়াই করতে পারে। সংগ্রহশীল মন নিয়ে স্বাধীনতার জন্য লড়াই করেছিলেন শচীনবাবু, এবং শহীদ হয়ে এটা তিনি দেখিয়ে দিয়ে গেছেন। আজকে যখন পূর্ব পাকিস্তানের কথা মনে পড়ে, তার সেই যে ইতিহাস যার প্রতিবাদে আমরা নির্যাতন ভোগ করেছিলাম এবং বারবার হুঁশিয়ার করে দিয়েছিলাম ভারতবর্ষের মানুষকে এর বিষময় ফল একদিন ভোগ করতে হবে এবং তার জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। আজকে সে বিষময় ফল দেখা দিয়েছে এবং তাই আমরা দেখছি খুলনা, যশোহর, ঢাকা, নারাণগঞ্জ, এবং রাজসাহীতে অত্যাচার চলেছে এবং যে নারকীয় হত্যা, নরমেধ যজ্ঞ অনুষ্ঠিত হয়েছে, হত্যা হয়েছে, নারী ধর্ষণ হয়েছে লুণ্ঠন হয়েছে এবং গৃহদাহ হয়েছে এবং তার ফলে সংখ্যালঘু মানুষকে পথের ভিখারী হয়ে পশ্চিমে এসে দাঁড়াতে হয়েছে।

[4-10—4-20 p.m.]

আমরা সাধারণ মানুষের কাছে আবেদন রাখি, আমরা বিশ্বাস করি ভারতবর্ষের সাধারণ মানুষ যে সুর ও আওয়াজ তুলেছে যে ৯০ লক্ষ পূর্ববঙ্গের সংখ্যালঘু যারা সেখানে আছে মানবতার দিক দিয়ে স্বাধীনতায় সংগ্রামশীল মানুষ যারা তাদের প্রতি কর্তব্যের দিক দিয়ে দায়িত্বের দিক দিয়ে, সেই মানুষকে বাঁচাবার জন্য আমি এই আবেদন রাখছি। আমাদের শ্রদ্ধেয় নেতা অতুল্যবাবু ভারতবর্ষের সমস্ত মানুষের কাছে তথা পৃথিবীর মানুষের কাছে তিনি এই আবেদন রেখেছেন যে এদের প্রতি পবিত্র দায়িত্ব আমাদের আছে। সেই দায়িত্ব পালন করবার জন্য আমাদের পথ নির্দেশ করতে হবে। আমরা বিশ্বাস করি যে মাইগ্রেসন শুধু করলে চলবে না। এদের আসবার জন্য পূর্ণ সুযোগ সৃষ্টি করতে হবে এবং বিশ্বের দরবারে আন্দোলনের সৃষ্টি করতে হবে। আজকে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং পুঞ্জীভূত বেদনাময় মানুষ তাদের আজকে ফিরিয়ে আনবার জন্য আন্তর্জাতিক সংস্থাকে সহায় করতে হবে যাতে তারা এখানে আসতে পারে। আমরা বিশ্বাস করি সংগ্রামশীল মানুষ যারা স্বাধীনতার শহীদ তারা যে আমাদের পাশে থেকে সংগ্রাম করেছিল সেই মানুষদের প্রতি আমাদের পবিত্র কর্তব্য আছে। বিশেষ করে লক্ষ্য করলাম ঐ খুলনা, রাজসাহী, পাবনাতে, যশোরে যে দাংগা অনুষ্ঠিত হয়েছে সেখানে যারা জীবন দিয়েছে ঐ সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে তাদের কিছু কিছু মুসলিম ভাইরা যারা সমাজ সেবা করে যারা সত্যিকারের রাজনৈতিক কর্মী তাদের আমরা অভিনন্দন জানাই। যারা মানবতার উপহাস করেছে ঐ পূর্ববঙ্গের সম্প্রদায়ের মধ্যে যারা নারকীয় হত্যাকান্ড করে তাদের আমরা অত্যন্ত ঘৃণা করি। কিন্তু যারা আজকে তাঁদের বাঁচাবার জন্য চেষ্টা করেছে যারা প্রগতির ইতিহাসকে রক্ষা করেছে আমি বিশ্বাস করি ভারতবর্ষের প্রত্যেকটি লোক তাদের শ্রদ্ধা জানাবে। যে মানুষ প্রগতির জন্য জীবন দিয়েছে সেই সেই মানুষ ঐ পূর্ব পাকিস্তানে যারা দাঙ্গাকারী বা হত্যাকারী যারা লাঞ্ছনাকারী তাদের বিরুদ্ধে নবীন বিপ্লব সৃষ্টি করবে। ভারত-বর্ষে আজ ৪৪ কোটি মানুষ, সেখানে আরও ১ কোটি মানুষ যদি আশ্রয় গ্রহণ করে আমি বিশ্বাস করি অর্থনৈতিক বিপর্যয় ব্যাপারে আমাদের ক্ষতিগ্রস্ত হতে হবে না। ভারতবর্ষে যে পরিকল্পনা

নিয়ে চলেছে সেই পরিকল্পনার মাধ্যমে ৪৪ কোটি লোকের যদি ব্যবস্থার সমাধান হয় তাহলে আর এক কোটি লোকের সমস্যা সমাধান হবে। আমি একথা বলি না যারা লোক বিনিময়ের কথা মনে করে তারা গোটা আদর্শের উপর আঘাত হানেন। আমাদের রাজ্যপাল সে দিকে নির্দেশ করেছেন। তিনি ধর্মনিরপেক্ষ নীতির কথা বলেছেন। সেই ধর্ম নিরপেক্ষ নীতিই হচ্ছে আমাদের সংবিধানের নীতি। সেই নীতিকে সামনে তুলে ধরে আমাদের পরিষ্কার করে বলতে হবে যে সর্বতোভাবে সাধারণ সংহতি গড়ে আমরা তুলবোই। যখন চায়না ভারতবর্ষকে আক্রমণ করেছিল তখন গোটা ভারতবর্ষের মানুষ সেদিন গর্জে উঠেছিল। তখন ভারতের মানুষ বলেছিল যে চায়না যদি ঐ লাডাকে এবং নেফায় এগিয়ে আসে তাহলে তার ফল আমরা দিয়ে দেবো। আজ পশ্চিমবাংলায় যে দাংগা হয়েছে সেটা পাকিস্তানের চক্রান্ত, পাকিস্তানের অনুচর যারা আছে সে হিন্দু হোক মুসলমানই হোক তারাই এই দাংগা করেছে। এই দাংগা কোন সাম্প্রদায়িক দাংগা নয়। সেই শয়তান সেই হত্যাকারী সেই গুন্ডা তারাই এর জন্য দায়ী। আমাদের মুখ্যমন্ত্রী তাদের উপর প্রতিশোধ নেবার জন্য যে ব্যবস্থা করেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। এবং তিনি অতি তাড়াতাড়ি এটা করেছেন যাতে মানুষের মধ্যে শান্তি স্থাপিত হয়েছে। সাধারণ মানুষ রাস্তা আজ খুঁজে পেয়েছে। আমি বিশ্বাস করি যদি ভারতবর্ষের মানুষ একনভাবে চেষ্টা করে তাহলে সে নিশ্চয়ই শান্তি আবার ফিরিয়ে আনতে পারবে। এখানে হিন্দু-মুসলমানের প্রশ্ন নয় গোটা ভারতবর্ষ এই হিন্দু মুসলমানের জন্য এটা আমি সকলের সামনে বলছি - এই কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz :—

"But regret that—

নিম্নলিখিত বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই

(১) নিত্য ব্যবহার্য দ্রব্যাদির ক্রমশঃ দর বৃদ্ধি হইতেছে অথচ পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধি অথবা মাগগী ভাতা দিবার প্রস্তাব গ্রহণ করা হইতেছে না;

(২) পশ্চিমবঙ্গে অর্থকরী ফসল পাট ও তামাকের ন্যায্য দর বাঁধিয়া দিয়া কৃষকদের স্বার্থ রক্ষা করা হইতেছে না;

(৩) কোচবিহার জেলাতে জনসাধারণের আগ্রহ থাকা সত্ত্বেও আজ পর্যন্ত পলিটেকনিক ক্লাস স্থাপন করা হইতেছে না,

(৪) কোচবিহার জেলার ভিক্টোরিয়া কলেজে রসায়ন, পদার্থবিদ্যা ইত্যাদি বিষয়ে অনার্স ক্লাস খোলা হইতেছে না,

(৫) পশ্চিমবঙ্গের মন্ত্রীসভার সদস্যরা ও উচ্চপদে অধিষ্ঠিত সরকারী কর্মচারীদের দুর্নীতির তদন্তকল্পে হাইকোর্টের বিচারপতি দ্বারা গঠিত উচ্চস্তরের তদন্ত কমিশন গঠন করিবার প্রস্তাব গ্রহণ করা হইতেছে না,

(৬) পশ্চিমবঙ্গের মধ্যে শিল্প সর্বাপেক্ষা অনগ্রসর কোচবিহার জেলাতে কোনও বড় শিল্পকেন্দ্র স্থাপন করিবার কথা ঘোষণা করিয়া কোচবিহার জেলার সামগ্রিক উন্নয়নের ব্যবস্থা করা হইতেছে না;

(৭) সমগ্র উত্তর বঙ্গে বিশেষ করিয়া কোচবিহার জেলাতে ব্যাপকভাবে বে-আইনী মদ-চোলাই-এর কারবার ফলাওভাবে প্রকাশ্যে চালান হইতেছে। সরকার হইতে ইহা বন্ধ করিবার কোনও কঠোর, সুনির্দিষ্ট বাস্তব পরিকল্পনার কথা ঘোষণা করা হইতেছে না;

(৮) পশ্চিমবঙ্গের পাকিস্তান সংলগ্ন সীমান্ত অরক্ষিত রহিয়াছে। ইহার ফলে প্রায় প্রতিদিনই পাক অনুপ্রবেশকারীরা সীমান্ত অঞ্চলে সশস্ত্র হানা দিয়া পশ্চিমবঙ্গের ধন-সম্পত্তি, গবাদি পশু, শস্যাদি এমনকি মানুষ পর্যন্ত অপহরণ করিয়া লইয়া যাইতেছে। সেই সীমান্তকে সুরক্ষিত করিবার ব্যবস্থা, সীমান্ত অঞ্চলে ব্যাপক-ভাবে রাস্তা-ঘাট নির্মাণ করিয়া যোগাযোগ ব্যবস্থা সহজতর করা, বেতার ব্যবস্থা সহ আরও অধিক সংখ্যক পুলিশ চৌকী স্থাপন করিয়া সীমান্ত অঞ্চলের অধি-বাসীদের ধন-প্রাণ-সম্পত্তি রক্ষা করিবার ব্যবস্থা করা হইতেছে না;

(৯) পাকিস্তান সংলগ্ন পশ্চিমবঙ্গের সীমান্ত অঞ্চলে লক্ষ লক্ষ পাক অনুপ্রবেশকারী বে-আইনীভাবে বসবাস করিতেছে। ইহার ফলে সীমান্ত অঞ্চলে অবাধ চোরাই চালান ও গুপ্তচরবৃত্তি-সহ নানারূপ অপরাধমূলক কার্যকলাপ ক্রমশঃ বৃদ্ধি পাইয়া জাতীয় নিরাপত্তাকে বিপন্ন করিতেছে। এই পাক অনুপ্রবেশকারীরা সরকারের শৈথিল্যপূর্ণ নীতি ও দুর্বলতার সুযোগ গ্রহণ করিয়া লোকসভা ও বিধান সভার নির্বাচনের ভোটার তালিকায় নিজেদের নাম তালিকাভুক্ত করিয়া দেশের বৃহত্তর রাজনীতি এবং অর্থনীতিকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাবান্বিত করিবার সুযোগ গ্রহণ করিতেছে। অবিলম্বে এই সমস্ত বে-আইনীভাবে বসবাস-কারী পাক অনুপ্রবেশকারীদের পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষ হইতে উচ্ছেদের কোনও পরিকল্পনার কথা ঘোষণা করা হইতেছে না;

(১০) ১৯৫১ সালের ২১এ এপ্রিল তারিখে কোচবিহারের শহীদবাগে শান্তিপূর্ণ খাদ্য-মিছিলের উপর পুলিশের নৃশংস গুলী চালনার ফলে পাঁচজন নিহত হন। ইহার ফলে যে বিচার বিভাগীয় তদন্ত অনুষ্ঠিত হইয়াছিল তাহার রায় আজ পর্যন্তও প্রকাশ করা হইতেছে না।"

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের এই সংক্ষিপ্ত ভাষণ সারা বাংলাদেশের যে চাহিদা যে আকাঙ্খা ছিল তাকে শুধু উপেক্ষাই করে নি, রাজ্যপাল এই ভাষণের মাধ্যমে বাংলা-দেশের সমস্ত সৎ নাগরিককে অপমান করেছেন। রাজ্যপাল তাঁর ভাষণে এক জায়গায় বলেছেন, "আমাদের সীমান্তের ওপারে যে সমস্ত ভয়ংকর ঘটনা ঘটেছে তার প্রতিক্রিয়ায় পশ্চিমবঙ্গের কোন কোন স্থানে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর যে বেদনাজনক আক্রমণ হয়েছে তাতে আমার অপেক্ষা বেদনাবোধ বোধ হয় কারো হয় নি।" এই যে রাজ্যপালের বেদনার অহংকার তার থেকে এক পাও নেবে আসেন নি রাজপথে, তাঁর মুখ থেকে একটি কথাও আমরা বেশী বেদনাবোধ হয় নি। আর ওদিকেও সব কংগ্রেসের সদস্যরা চুপচাপ বসে থাকলেন আমি বুঝতে পারছি না। রাজ্যপাল তাঁর রাজ সদনে বসে ছিলেন, তিনি তাঁর বিলাস ব্যসনের সমারোহ থেকে পশ্চিমবঙ্গ থেকে আরম্ভ করে বিহারের বিভিন্ন গ্রামে গ্রামে তারা বসে গিয়েছে শুনিনি অথচ রাজ্যপাল বললেন তাঁর থেকে বেদনাবোধ আর কেউ করে নি, তাঁর এই অহংকারকে আমি পুনরায় ধিক্কার দিচ্ছি। মিঃ স্পীকার, স্যার, আমি শুনেছি গতকাল কাউন্সিলে ত্রাণ মন্ত্রী বলছেন বিনা মাইগ্রেশনে, বিনা দলিলপত্রে যাঁরা পাকিস্তান থেকে আসছেন তাঁদের এমনভাবে গ্রেপ্তার করা হচ্ছে যে তাঁরাও বুঝতে পারছেন না। তাঁর এই বক্তব্য অসত্য। আমি বলতে চাই তিনি এখানে অসত্য কথা বলেছেন, সত্য কথা গোপন করছেন, মাননীয় সদস্যদের কাছ থেকে সত্য কথা গোপন করছেন। আমি এই হাউসে একথাই বলতে চাই বিনা মাইগ্রেশনে যাঁরা পাকিস্তান থেকে জীবন নিয়ে চলে আসছে তাঁদের গ্রেপ্তার করে জেলে রাখা হয়েছে আর তিনি বলছেন তিনি বুঝতে পারছেন না তাঁদেরকে গ্রেপ্তার করা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই কোচবিহার জেলার কথা, সেখানে দেড় শত সাঁওতাল আছে, পাকিস্তান থেকে পালিয়ে এসেছিল ভারতবর্ষে আশ্রয়ের সন্ধানে, তাদের আজ গ্রেপ্তার করে রাখা হয়েছে। আমি এখানে বিশেষভাবে ভবানী কাপালীর কথা বলবো, ১২ বৎসরের ছেলে ৫-৬ দিন না খেয়ে-দেয়ে ভারতবর্ষের মাটিতে যখন এসে দাঁড়িয়েছিল তখন সেই ১২ বৎসরের শিশুকে গ্রেপ্তার করে রাখা হয়েছে—এই সেই ভবানী কাপালী যার মা-বাপকে তার সম্মুখে খন্ড খন্ড করে কাটা হয়েছে পাকিস্তানে। ত্রাণমন্ত্রী শ্রীমতি আভা মাইতি অসত্য ভাষণ দিয়েছেন, সত্য গোপন করেছেন,

তিনি কি অস্বীকার করতে পারবেন ভবানী কাপালীকে গ্রেপ্তার করা হয় নি? মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপাল তাঁর ভাষণে আর একটি কথা বলেন নি। সেটা হচ্ছে পাকিস্তানের অনুপ্রবেশকারীদের সম্বন্ধে। ১৯৬২ সালের জুলাই, অগাস্ট মাসে এই বিধানসভায় একটি বে-সরকারী প্রস্তাব এসেছিল এবং সেই বে-সরকারী প্রস্তাব আমাদের ফরোয়ার্ড ব্লক থেকেই এনেছিলাম যে পাকিস্তানের অনুপ্রবেশকারীদের বিতাড়িত করতে হবে। সেদিন আমরা পরিষ্কারভাবে এই কথাই বলেছিলাম যে সুচিন্তিত পরিকল্পনার ভিতর দিয়ে লক্ষ লক্ষ পাকিস্তানী ভারতবর্ষে এসে আশ্রয় নিচ্ছে, কিন্তু গত ১০ বৎসর ধরেও তাদের সম্বন্ধে আমাদের সরকার কিছুই করেন নি। এই পাকিস্তানীরা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ঘাঁটি গেড়ে বসেছে, আসাম আসাম থেকে পশ্চিমবঙ্গ থেকে আরম্ভ করে বিহারের বিভিন্ন গ্রামে গ্রামে তারা বসে গিয়েছে ভবিষ্যতে কোন দিন ভারতবর্ষের বুকে আবার পাকিস্তানী আওয়াজ তোলা যায় কিনা সেই চেষ্টায়। পাকিস্তানী অনুপ্রবেশকারীদের বিতাড়ন করা সম্বন্ধে আমরা জানতাম যে কেন্দ্রীয় সরকার এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকার চিন্তা করছেন, লোক দেখান চিন্তা অবশ্যই, সে সম্বন্ধেও আমাদের রাজ্যপাল একটি কথাও বলেন নি। মাননীয় সদস্যা মৈত্রেয়ী বসু মহাশয়া বলেছেন এখানে যে গোলমাল হয়েছে কোলকাতার বুকে পাকিস্তানের অনুচরেরাই সেই গোলমাল বাধিয়েছে।

[4-20—4-30 p.m.]

আমি বলি তার চেয়েও বড় কথা, এই পাকিস্তানী অনুচরেরা আমাদের এখানকার নাগরিকের ছদ্মবেশে বসে আছে কিন্তু তাদের আশ্রয় দিচ্ছে কারা? পুলিশ কেন তাদের তাড়াচ্ছেন না? আমি একটা কথা বলি আমাদের ফরোয়ার্ড ব্লক থেকে আমাদের দিনহাটা অঞ্চলের ছানুমাটি স্কুলের যে হেড মাস্টারটি রয়েছেন তার সম্বন্ধে এস পি এবং এস ডি ওকে বলেছিলাম, সে হচ্ছে পাকিস্তানের নাগরিক, তাকে এখান থেকে খেদিয়ে দেওয়া হোক। কিন্তু আমরা দেখলাম উপ-নির্বাচনে কংগ্রেসের জন্য খাটার জন্য সে বন্দুকের লাইসেন্স পেয়েছে। এটাকে আপনাদের দেশদ্রোহিতা ছাড়া আর কি বলতে পারি। মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমরা দেখলাম যে কলকাতার বুকে সংখ্যালঘু নিহত হয়েছে, আমি সংখ্যালঘু বুঝি না, সংখ্যাগুরু বুঝি না, আমরা বুঝি ভারতবাসী, আজকে হিন্দু-মুসলমানের প্রশ্ন তুলতে চাই না, একটি লোকও যদি থাকবে। কিন্তু কলকাতার বুকে এই যে হিন্দুরা নিহত হল সে সম্পর্কে একটি কথাও শুনতে আজকে নিহত হয় তার জন্য আমাদের গ্লানিবোধ থাকবে, তার জন্য আমাদের প্রতিরোধের ব্যবস্থা পেলাম না ও পক্ষের কারো মুখে। ওঁরা কেবল ভোটের দিকে চেয়ে আছেন। মুসলমান অধ্যুষিত অঞ্চলে যে সমস্ত হিন্দু ডাক্তারের ডিসপেনসারি লুঠ হয়েছে, যে সমস্ত হিন্দু বাড়ি লুঠ হয়েছে এবং যে সমস্ত হিন্দু নিহত হয়েছেন তাদের কথা কেন আমরা বলছি না? এইভাবে যদি একতরফা বিচার হয় তাহলে আজকে যে বিক্ষোভের আগুন জ্বলবে তা রাষ্ট্রপতির বাণী দিয়ে, মুখ্যমন্ত্রীর বাণী দিয়ে, বিধানসভা থেকে বাণী দিয়ে আমরা থামিয়ে রাখতে পারবো না। মিঃ স্পীকার, স্যার, আমরা দেখেছি আজকে এখানকার সংখ্যাগুরুদের মধ্যেও বিক্ষোভ এসে গিয়েছে, তারা বলছে এই কথা যে আমরা শান্তির জন্য চেষ্টা করেছিলাম, আমরা মুসলমানদের বাঁচাবার জন্য চেষ্টা করেছিলাম অথচ নির্বিচারে আমাদের অ্যারেস্ট করা হচ্ছে। কেন অ্যারেস্ট করা হচ্ছে তার কোন কৈফিয়ত নেই। এই সব তরুণবাবু, অশোকবাবুদের নির্বাচন বৈতরণী-সংগম করবার পথে সংখ্যাগুরু উদ্বাস্তুরা বাধা সৃষ্টি করছে তাদের নির্বিচারে অ্যারেস্ট করা হচ্ছে, এর ফলে কি রি-অ্যাকশন সৃষ্টি হচ্ছে, কি প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে সেটা বোঝা যায় যখন এখানকার লোক বলে দোষ না করেও দেখি আমরা দোষী, আমরা শাস্তি ভোগ করি। আজকে আমাদের এই কথা খোলাখুলিভাবে যদি সমালোচনা না করতে পারি তাহলে আমাদের ভবিষ্যৎ কি? তাই আমি বলছি আজকে সমস্ত কিছু আমাদের আলোচনা করতে হবে, হিন্দু হোক, মুসলমান হোক, তাকে আমাদের রক্ষা করতে হবে এই নীতি আমরা গ্রহণ করেছি। কিন্তু কার্যত তা করা হচ্ছে না, যেখানে লোকে তরুণবাবুকে, অশোকবাবুকে ভোট দিচ্ছে না সেখানে লোক নির্যাতিত হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, পাকিস্তানী প্রবেশকারীদের সম্বন্ধে আমি আর একটা কথা বলি, দাঙ্গা হয়ত থেকে যাবে, যদিও পাকিস্তানে গোলমাল হয় তার প্রতিক্রিয়ায়

এখানে দাংগা হবার সম্ভাবনা হলে আমরা তার প্রতিরোধ করবার চেষ্টা করবো নিশ্চয়ই। কিন্তু হিন্দু মুসলমানের প্রভেদ আমরা যদি দূর না করতে পারি, যদি আমরা আমাদের মানসিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন না করতে পারি, নীতির উপর দাঁড়িয়ে তাহলে মিলিটারি পুলিশ দিয়ে তা আমরা প্রতিরোধ করতে পারবো না। আমরা যদিও ধরে নিই ঐ ৯৩ লক্ষ হিন্দুকে এখানে নিয়ে আসতে পারলাম তাহলেও পাকিস্তানের রায়ট হবে, গোলমাল হবে, সেই গোলমাল হবে নির্বাচনের সময়। এই কংগ্রেসীরা মানুষকে মানুষের কাছ থেকে তফাৎ করে দিয়েছে, হিন্দু-মুসলমানে পার্থক্য সৃষ্টি করেছে। মাননীয় স্পীকার মহাশয়, কিছুদিন আগে কোচবিহারে উপনির্বাচন হয়ে গিয়েছে, সেই উপ-নির্বাচনে ফজলুর রহমান সাহেব কোচবিহারের বিভিন্ন জায়গায় মিটিং করে এই কথা বলেছেন যে, আজকে মুসলমানদের রক্ষা করতে পারে একমাত্র কংগ্রেস, আর কেউ পারে না, হিন্দুরা সবাই মুসলমান বিদ্বেষী। এইভাবে আজকে কংগ্রেস মুসলমানদের থেকে অন্য ধর্মের লোকদের তফাৎ করে দিচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৬২ সালের জুলাই-এর সেশনে আমরা বলেছিলাম পাকিস্তানী অনুপ্রবেশকারী যারা ভারত সীমান্তে বসে গিয়েছে তাদের তাড়াতে হবে।

এইভাবে আমরা বলি কংগ্রেস হিন্দু এবং মুসলমানের মধ্যে বিদ্বেষ, বিভেদ বাঁচিয়ে রেখেছেন এবং তাকে দূর করতে না পারলে বাংলাদেশ এবং ভারতবর্ষের বুক থেকে এই সাম্প্রদায়িকতার বীরেন মৈত্র, অজয়বাবু এবং ফজলুর রহমানকে একথা বলছি যে, নানা রকম ন্যাক্কারজনক কথা হোক তারা ধর্মের কথা তুলবেন না, সম্প্রদায়ের কথা তুলবেন না। আমরা মানুষের গুণগত উৎকর্ষতার কথা বলি, কিন্তু কংগ্রেসের সেই সাহস নেই। আমি এই এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে তাঁরা বলেছেন। কুচবিহারে ভোটের সময় তাঁরা বলেছেন যে, পাকিস্তানের অনুপ্রবেশকারীদের আমরা তাড়াতে চাই না, কিন্তু ফরওয়ার্ড ব্লক বিধান সভায় পাকিস্তানের অনুপ্রবেশকারীদের বিতাড়িত করবার জন্য এমন জনমত সৃষ্টি করছে যার জন্য আমরা তাদের না তাড়িয়ে পারছি না। অজয়বাবু একথা বলেছেন। আজকে কমিউনিস্ট পার্টিকে গালাগালি দেওয়া হচ্ছে, কিন্তু এরা তাঁদের ন্যাক্কারজনক কাজ করেছেন যার ফলে এঁরা তাঁদের চেয়েও বড় দেশদ্রোহী। কমিউনিস্ট পার্টি নীতিগতভাবে চিন্তা করছে, কিন্তু এঁদের নীতির কোন বালাই নেই। এঁরা হাতে তুলে দেবার চেষ্টা করে। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা সাবধান বাণী উচ্চারণ করছি। ভোটের কথা চিন্তা করে যদি তোষণনীতি চালান হয় তাহলে ভবিষ্যতে খারাপ হবে। আমি জানি সংখ্যালঘুদের বাঁচাতে হবে, কিন্তু ভোটের কথা বলে তাদের যারা তোষণ করছে সেই এ্যান্টি ন্যাশনাল মুসলিমদের প্রতি আমি একথা বলছি। স্যার, নর্থ বেংগলে কোন গোলমাল হয় নি এবং উত্তরবঙ্গের সমস্ত মানুষ এ ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞ ছিল যে, পশ্চিমবাংলায় যা হোক, উত্তরবঙ্গে গোলমাল হতে দেব না এবং তার ফলে সেখানে কোন গোলমাল হয় নি। কিন্তু উত্তরবংগে যদি গোলমাল না হয় তাহলে পাকিস্তানের প্রচারের পক্ষে অসুবিধা হবে তাই কংগ্রেসের একজন চাঁই তিনি ধর্মে মুসলমান কিন্তু আসলে পাকিস্তানের গুপ্তচর, তিনি পাকিস্তানে বাড়ীঘর করেছেন এবং পাসপোর্ট নিয়ে রংপুরে গিয়ে সলাপরামর্শ করলেন যে কি করে গোলমাল করা যায়। আমি একটি চুরির ঘটনা বলি। চুরি হোল হিন্দুর এবং চোর হোল মুসলমান। যার চুরি হোল সে বলল আমার জিনিসপত্র ফিরিয়ে দাও। কিন্তু তাকে ধরে নিয়ে এই এ্যান্টি ন্যাশনাল মুসলিম এস ডি ও-র কাছে, এস পি-র কাছে গেল এবং বলল যে, আমাদের ওখানে রায়ট হবে—হিন্দুরা ভীষণ ক্ষেপে গেছে। সংগে সংগে দুই গাড়ী পুলিশ গেল, ক্যাম্প করা হোল এবং তার পরের দিন পাকিস্তান থেকে বলা হোল যে ওকরাবাড়ী অঞ্চলে হিন্দু মুসলমানে গোলমাল হচ্ছে ফলে গভর্নমেন্টকে সেখানে ক্যাম্প করতে হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলছি যে, অতিরিক্ত তোষণ করতে গিয়ে এইভাবে তাঁরা দেশের স্বার্থ নষ্ট করছেন। কালকে তরুণবাবু বলেছেন যে কোলকাতার দাঙ্গার কথা বলে, সংখ্যালঘুদের জন্য কেঁদে আয়ুবের হাত জোরদার করবেন না। একথা ঠিক। আমরা সংখ্যালঘুদের রক্ষা করবার দায়িত্ব নিচ্ছি এবং এই প্রতিশ্রুতি দিচ্ছি যে, যে কোন মানুষের উপর অত্যাচার হোক আমরা তাদের রক্ষা করব। কিন্তু একথা বলে, বেশী তোষণ করে আয়ুবের হাত জোরদার

করেছেন এবং প্রমাণ করেছেন যে, পি সি সেন কিছু করতে পারেন নি, পুলিশ কিছু করতে পারে নি তাই নন্দকে আসতে হয়েছে, মিলিটারী আনতে হয়েছে। এখানকার সমস্ত মুসলমানদের মেরে সাফ করেছে এই প্রচারের সুযোগ আয়ুবকে দিয়েছেন। এরকম প্রচার করবার সুযোগ ভবিষ্যতে আর দেবেন না একথা বলে আমি বক্তব্য শেষ করছি।

Presentation of the Report of the Public Accounts Committee.

Shri Sankardas Banerji: Sir, I beg to present the Report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for 1960-61 and Audit Report thereon.

[4-30—4-40 p.m.]

Discussion on Governor's Address

Shri Girish Chandra Mahato: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

But regret that—

"মাননীয় গভর্নর তাঁহার ভাষণে শাসনব্যবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের চরম অযোগ্যতা, শাসনব্যবস্থার অবাধ দুর্নীতি, অভিযোগসমূহের প্রতি সরকারের উপেক্ষা এবং ফলে অন্নকষ্ট, দুর্ভিক্ষ ও অনাহার-মৃত্যুর মর্মন্তুদ ব্যাপারসমূহ, ক্ষুধিত জনগণের জন্য অন্নের দাবীতে অনুষ্ঠিত পুরুলিয়ার ক্ষুধামুক্তি সত্যাগ্রহের প্রতি পুলিশী তথা শাসনতান্ত্রিক স্বৈরাচার ও বর্বরতার বিষয়সমূহ এবং সাম্প্রতিক শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহে ব্যাপক অন্নকষ্ট, অনাহার-মৃত্যু ও তদ্বিষয়ে সরকারী নিষ্ক্রিয়তা এবং অর্থনৈতিক জীবনে অনুন্নত পুরুলিয়া জেলার প্রতি বিমাতৃসুলভ আচরণ ও জনশোষণের কথা উল্লেখ বা আলোচনা করেন নাই।"

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালের ভাষণ আমাদের খুব হতাশ করেছে। এর মধ্যে দেশের জীবনের ভুল ত্রুটি ও ভাল মন্দ বিষয়ে আলোচনা নেই। ভ্রান্ত কর্মধারার পথে নির্দেশ নেই। জনগণের প্রতি আশা ভরসার কোন কথা নেই। ভাষণ হয়েছে সামান্য সংক্ষিপ্ত, এটি হয়েছে প্রচার বিভাগের গতানুগতিক প্রচারপত্র। অযোগ্য সরকারের অক্ষমতা ও কুকীর্তি ঢাকবার জন্য ভাষার চাকচিক্য প্রলেপ। কতকগুলি অংক তুলে ধরে দেশের সমস্যা ঢাকা যায় না। দেশের সাধারণ অবস্থা কি? রাজ্যপালের প্রদত্ত তথ্যগুলি সত্ত্বেও দেশের অগণিত বেকার বাড়ছে। মূল্যবৃদ্ধি ও শোষণ বাড়ছে, অসাম্য তীব্রতর হচ্ছে। জীবনযাত্রার মান আরো নীচে নেমে যাচ্ছে। উৎপাদন বৃদ্ধির লক্ষণ নেই দ্রুত হ্রাস পাচ্ছে। আর শাসন জীবনে দুর্নীতি ও স্বৈরাচার আজ অবাধ। সাধারণ মানুষের কোন নিরাপত্তা নেই। দেশের কোন অগ্রগতি নেই রাজ্যপাল এসব এড়িয়ে গেছেন।

দেশের কর্মসূচী—কৃষিকে সর্বাধিক গুরুত্ব আদৌ দেওয়া হয় নি। সবচেয়ে অনাদৃত কুটির শিল্প বিষয়ে কোন চেষ্টাই নেই। ব্যাপক ক্ষুদ্র সেচ পরিকল্পনাও কিছু নেই। যেটুকু হচ্ছে অধিকাংশ কেবল অপচয়। ব্লক পঞ্চায়েত প্রভৃতি বিভাগগুলি শোষণ, উপদ্রব ও অত্যাচারের ঘাঁটি। বিচারের আইন ও তার প্রয়োগধারা বিচারকে বহুভাবে অবিচারে পরিণত করেছে। স্বাস্থ্য পানীয়, গণশিক্ষা প্রভৃতি বিষয়ে অগ্রগতি একেবারে উপেক্ষিত। জাতীয় পরিকল্পনার যা কিছু করা হচ্ছে তার অধিকাংশই কায়েমী স্বার্থের লক্ষ্যে। আজ অগ্রগতির নামে যা কিছু হচ্ছে তা হচ্ছে সাধারণ মানুষের জন্য।

জেলার কর্মধারা—কংগ্রেসী শাসনের চরম অযোগ্যতার ফলে সারা বাংলার সঙ্গে আমাদের জেলায় ভয়াবহ অন্নকষ্ট হচ্ছে। জেলায় দুর্ভিক্ষে অনাহারে মৃত্যু ঘটছে। ক্ষুধিত মানুষের

জন্য অন্নের দাবীতে যে ক্ষুধামুক্তি সত্যাগ্রহ হয়—তার উপর শাসন যন্ত্র বর্বর অত্যাচারে জনতার মুখ বন্ধ করতে চেষ্টা করছে। সম্প্রতি শিলাবৃষ্টিতে ৩ লক্ষ মণ ধান ও সর্বসমেত ৭০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে, ৫০ হাজার লোক বিপন্ন। এই শিলাবৃষ্টি অঞ্চলে গত দু বছরে অন্ন কষ্ট ও দুর্ভিক্ষের পর এ বৎসরও ভয়াবহ শিলাবৃষ্টির ক্ষতি। দুর্ভিক্ষের উপর এই শিলাবৃষ্টির ক্ষতি হবার সঙ্গে সঙ্গে সরকারী খয়রাতী বন্ধ করে দেওয়া হয়।

ফলে ভয়াবহ সংকট দেখা দেয়। অনাহারে ঐ অঞ্চলের লোক এখন মারা যেতে আরম্ভ করেছে। কিন্তু পরিস্থিতির যে চাহিদা তার কণামাত্র সরকারী ব্যবস্থায় নেই। অর্থনৈতিক জীবনে অত্যন্ত অনুন্নত আমাদের এই জেলার প্রতি সরকারের কোন দৃষ্টি নেই। বরং ব্যাপক-ভাবে জেলার অধিকাংশ বিপন্ন করা হচ্ছে। জেলার গুরুত্বপূর্ণ নিজস্ব শিল্পসমূহের বিষয়ে নীরব। আমাদের জেলায় ভয়াবহ কুষ্ঠরোগ দেখা দিয়েছে, বহু লোক মারা যাচ্ছে তার জন্য সরকারের কোন ব্যবস্থা নাই। পুরুলিয়া জেলায় টি বি রোগ ক্রমশঃ বেড়ে যাচ্ছে, যক্ষারোগ যা বেড়ে যাচ্ছে তার জন্য কোন কিছুই করছে না। আমাদের পুলিশ নিরপরাধ মানুষের উপর অত্যাচার যা করেছে যে বর্বর অত্যাচার করেছে সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই। এই সমস্ত কারণে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে তার সমর্থন আমি করতে পারছি না, তার বিরোধিতা করছি।

শ্রীগুরুপদ খান ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় রাজ্যপালিকার ভাষণের জন্য তাঁকে অভিনন্দিত জানিয়ে মাননীয় সদস্য শ্রীঅশোক দত্ত যে প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করতে গিয়ে ২।১টি কথা বলবার আগে যে সংশোধনী প্রস্তাবগুলি দেওয়া হয়েছে তার ৪০ নম্বরের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা হচ্ছে গোপাল বসু মহাশয়ের সংশোধনী প্রস্তাব এবং এটা আপনি ১৬ পাতায় দেখবেন। আমি আপনাকে আবেদন জানাচ্ছি যে রাজ্য-পালের বক্তৃতা সম্বন্ধে ঠিক এই রকম ধরনের কোন উক্তি পশ্চিম বাংলার বিধান সভার কোন সদস্য করতে পারেন কিনা সেটা আপনি বিবেচনা করে দেখবেন। তাঁরা নিজেরা যে গণতন্ত্রের দোহাই দিয়ে এখানে আসবার সুযোগ পেয়েছেন সেই গণতন্ত্রের যে নিয়মাবলী সেই নিয়মাবলী পালন করতে তাঁরা রাজী আছেন কিনা এবং তাদের প্রগলভতা কতদূর যাবে সেটা আমরা নিশ্চয় শুনতে পাব এবং আশাকরি আপনিও এটা সম্বন্ধে আপনার মতামত দেবেন। রাজ্যপালের বক্তৃতা সম্বন্ধে বিভিন্ন বক্তা যে কথাগুলি বলেছেন আমরা সেগুলি খুব মনোযোগের সঙ্গে লক্ষ্য করেছি। একটু আগে ফরওয়ার্ড ব্লক-এর মাননীয় সদস্য কমলবাবু এমন কথা উল্লেখ করেছেন যার আমরা প্রশংসা করতে পারি না। তিনি বলেছেন আমার অপেক্ষা বেদনা বোধ হয় কারু হয় নি। তাঁর জানা উচিৎ যে যখন আমরা কোন গভীর বেদনা প্রকাশ করি তখন আমরা ভাষার মধ্যে আমাদের বেদনা বা বক্তব্যের গভীরতা বোঝাবার জন্য এই কথাই বলে থাকি যে আমার চেয়ে এটা বেশী বোধ হয় কারুর নেই। কিন্তু তার জন্য রাজ্যপালকে ধিক্কার জানাতে তিনি সমীহ বোধ করেন নি। অতএব আশাকরি এটা তিনি বিবেচনা করে দেখবেন। তিনি বলেছেন যে আমরা নাকি আগামী নির্বাচনের দিকে চেয়ে মুসলীম তোষণ করে যাচ্ছি। তিনি কি ভুলে যাচ্ছেন আমাদের এই পশ্চিমবাংলার গণতন্ত্র কংগ্রেসী সদস্য নির্বাচিত হয়ে এসেছেন তাঁদের মধ্যে অধিকাংশই হিন্দু ভোটারের দ্বারা নির্বাচিত হয়ে এসেছেন। আপনারা যদি চোখ বুজে থাকেন, আপনারা যদি না দেখেন তাহলে দেখাবার কিছু নেই। কিন্তু এটুকু মনে করে রাখবেন যে কংগ্রেস দল এখানে সংখ্যাগরিষ্ঠ হয়েছে শুধু একমাত্র ধর্মের উপরে নয়। আমাদের কংগ্রেসের কাছে হিন্দু, মুসলমান, খৃস্টান, শিখ, ইত্যাদির মধ্যে কোন জাতিভেদ নেই। আমরা যে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র গড়বার চেষ্টা করছি সেখানে কোন ধর্ম সম্প্রদায়ের উপর শুধুমাত্র গুরুত্ব আরোপ করে আমাদের রাজনৈতিক জীবন পরিচালিত হয় না। অতএব তিনি যা বলেছেন সেটা সত্য নয় যে আমরা সংখ্যালঘুদের তোষণ করে যাচ্ছি। তিনি নিশ্চয় কিছুদিন আগে আমাদের মুখ্যমন্ত্রীর ভাষণ লক্ষ্য করেছেন যে যেখানে নাকি হিন্দু সম্প্রদায় রয়েছে তাদের প্রতি অবিচার লক্ষ্য করেছেন কিন্তু আমি তাঁকে বলতে চাই যে তিনি নিশ্চয় মুখ্যমন্ত্রীর একটা ভাষণ কিছুদিন

আগে খবরের কাগজে যা বেরিয়েছিল সেটা লক্ষ্য করেছেন যে পিটুনি কর সেই পিটুনি কর হবে কিনা তা বলতে চাই না—যেখানে সংখ্যালঘু নিপীড়িত হয়েছে, যেখানে সংখ্যাগুরু ক্ষতিগ্রস্ত হয়েছে সেখানে পিটুনি কর বসান হবে সকলের উপর। কাজেই আমাদের হিন্দু সম্প্রদায়ের লোকেরা যেখানে ক্ষতিগ্রস্ত হয়েছে সেখানে আমরা নিশ্চয় তাদের ক্ষয়ের ক্ষতিপূরণ করার জন্য যে দৃষ্টি দিয়েছি সে বিষয়ে আপনাদের সন্দেহ থাকা উচিৎ নয়।

[4-40—4-50 p.m.]

আপনারা জানেন আজকে পূর্ববাংলার নিপীড়িত মানবাত্মার যে হাহাকার ক্রন্দনধ্বনি আসছে তা সারা জাতিকে ব্যস্ত করে তুলছে। শুধু ভারতবর্ষ নয় সকলে একথা স্বীকার করেছেন এবং আমরাও তা স্বীকার করি। এবং তাতে আমাদের পশ্চিমবঙ্গ বিধান সভার যা ক্ষমতা তা দিয়ে আমরা চেষ্টা করব, ভারত সরকারকে চাপ দেবার সময় এসেছে এবং ওখান থেকে যারা চলে এসেছে তাদের যাতে সকল প্রকার ব্যবস্থা করতে পারি তার ব্যবস্থা করতে হবে। এবং এ কথা আমরা বারবার বলেছি এবং আমাদের নেতাও বারবার বলেছেন যে, পূর্ব পাকিস্তান থেকে যে সমস্ত ভায়েরা চলে এসেছে বা আসতে বাধ্য হয়েছে তাদের পুনর্বাসনের সমস্যা শুধু পশ্চিমবঙ্গ সরকারের নয় এটা সারা ভারতের সমস্যা, এটা কেন্দ্রীয় সরকারের সমস্যা একথা জোর করে বলবো এবং আমরা তাদের উপর চাপ দেবার চেষ্টা করবো। কিন্তু একথা চিন্তা করতে হবে শুধু পরপর বিধান সভায় বসে যদি আলোচনা করি তাতে পাকিস্তান সরকারের উপর চাপ দিতে পারবো কি? তা পারবো না অবশ্য আমরা জোরদার আওয়াজ তুলবো এবং সে আওয়াজ যদি কেন্দ্রীয় সরকারের মাধ্যমে না করা যায় তাহলে হবে না। যদি কেউ বলেন আমরা নিজেরা বিবেচনা করে দেখবো তাহলে বলবো অবাস্তব পরিকল্পনা হচ্ছে। এখানে বসে যতই একটা রাষ্ট্রের সঙ্গে আর একটা রাষ্ট্রের বিষয় নির্ণয় করবার চেষ্টা করি না তাতে আমরা জোর দিতে পারবো না সে বিষয়ে কি সন্দেহের কারণ আছে? এরপর আজকে যে সমস্ত বিভিন্ন বিষয় নিয়ে যে আলোচনা হয়েছে, সেসব বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই, একটা কথা আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন তা হল খাদ্য সমস্যার সমাধান করার কথা, এবং যে খাদ্য সমস্যা হয়েছিল এবং তা থেকে যে অভিজ্ঞতা লাভ করেছি, এবং সে অভিজ্ঞতার পরে আমরা ভবিষ্যতে কি করবো না করবো তা নাকি কিছুই আলোচনা হয় নি বা রাজ্যপালের ভাষণে ইঙ্গিত দেন নি কিন্তু খাদ্য সমস্যা সমাধানের জন্য কিছু দিন আগে যে বিতর্ক হয়েছিল নিশ্চয়ই সে কথা কেউ বিস্মৃত হন নি। আমাদের রাজ্যপাল খাদ্য সমস্যা সমাধানের জন্য আমাদের সরকারের নীতি কি তার ইঙ্গিত একটা ছোট কথায় দিয়েছেন, যা আমাদের মুখ্যমন্ত্রী কিছুদিন আগে বুঝিয়ে দিয়েছেন। মূল্য নির্দ্ধারণ এবং তা কার্যকরী করবার জন্য বাজারে সরবরাহ ব্যবস্থা ঠিকভাবে বজায় রাখার জন্য যে কথা বলেছেন আমরা রাজ্যপালের ভাষণে ছোট কথায় তা পেয়েছি, তিনি যেমন জনসাধারণের সহযোগীতা কামনা করেছেন রাজ্যপাল ঠিক তেমনি বলেছেন সরকার কর্তৃক নির্দ্ধারিত বিধিবদ্ধ মূল্যমান যাহাতে বজায় থাকে তা নিশ্চিত করিয়া তোলার জন্য সকল শ্রেণীর জনসাধারণের সহযোগীতা কামনা করিয়াছেন যেমন করে আমাদের মুখ্য-মন্ত্রী এখানে বলে গিয়েছিলেন, এবং তা রাখবার চেষ্টা করেছেন এবং তিনিও জনসাধারণের সহযোগীতা কামনা করেছেন, এবং রাজ্যপালও তা বিস্মৃত হন নি, ঠিক তেমনি ভাবে মুখ্যমন্ত্রীও সহযোগীতা কামনা করেছেন। আমাদের রাজ্যপালিকা সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন এর মধ্যে অনেকে অবান্তর কথা বলেছেন আবার বাস্তব কথাও বলেছেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি বলতে চাই তিনি তাঁর সংক্ষিপ্ত ভাষণে পশ্চিম বাংলার একটা সামগ্রিক রূপ তুলে ধরেছেন এবং পশ্চিমবাংলার জনসাধারণকে প্রগতির পথে, উন্নতির দিকে নিয়ে যাবার ইঙ্গিত করেছেন এই সমস্যা কন্টকিত ও সমস্যা সঙ্কুল এই ভয়ঙ্কর দিক তা থেকে প্রগতির পথে এবং অগ্রগতির পথে চালিয়ে নিয়ে যাবার জন্য একটা ইঙ্গিত আমাদের সরকারকে দিয়েছেন। রাজ্য-পালিকা যে ভাষণ দিয়েছেন তার জন্য অশোক বাবুর সঙ্গে আপনাকে অভিনন্দন জানাই।

Shri Monoranjan Bakshi: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

'But regret that—

(১) মাননীয় রাজ্যপালের ভাষণে পাকিস্তানে সাম্প্রদায়িক উত্তেজনার সৃষ্টি করিয়া ভারত বিরোধী অপপ্রচারের কথা এবং পূর্ব পাকিস্তানের খুলনা ও যশোহরের হিন্দুদের উপর ব্যাপক আক্রমণের দ্বারা ধন ও প্রাণের প্রভূত ক্ষতির কথা স্বীকার করা হইলেও স্থায়ী সমাধানের কোন কথাই উল্লেখ নাই;

(২) রাজ্যপালের ভাষণে ঢাকা ও নারায়নগঞ্জে যে একবারও শান্তি বিঘ্নিত হইয়াছে এবং একটি প্রাণীও যে নিহত হইয়াছে সে সম্পর্কে আদৌ কোন উল্লেখ নাই;

(৩) পাকিস্তানের বর্বরতার কোন উল্লেখ নাই;

(৪) নিত্য ব্যবহার্য দ্রব্যমূল্য বৃদ্ধি ও বেকার সমস্যার দ্বারা সমাজজীবনে যে অর্থনৈতিক বিপর্যয় সৃষ্টি হইয়াছে তাহার প্রতিকারের জন্য রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

(৫) হরিজন ও আদিবাসী সাঁওতাল সম্প্রদায়ের উন্নয়নের কোন কথাই রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

(৬) পল্লী অঞ্চলে পানীয় জলের তীব্র অভাব এবং নলকূপগুলি সাধারণতঃ মেরামতের অভাবে সরকারী অর্থের ও ব্যবস্থাপনার অপচয় ও ত্রুটির কোন কথা উল্লেখ নাই;

(৭) শিক্ষার ক্ষেত্রে সরকারী অব্যবস্থার কোন কথাই নাই;

(৮) পশ্চিমবাংলার অন্যতম জেলা বর্ধমানে মেডিক্যাল কলেজ স্থাপনের কোন কথাই উল্লেখ নাই;

(৯) বর্ধমান জেলার আউশগ্রাম ২নং উন্নয়ন সংস্থার প্রাইমারী হেলথ সেন্টার স্থাপনের জন্য সরকারী নির্দেশে জামতাড়া মৌজায় প্রস্তাবিত জমি সরকারকে দেওয়া সত্ত্বেও এই স্বাস্থ্যকেন্দ্র নির্মিত হইতেছে না—এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই;

(১০) বর্ধমান জেলায় আউশগ্রাম ও মঙ্গলকোট থানায় গত অক্টোবরে ? ? নদীর বন্যায় যে ক্ষয়ক্ষতি হইয়াছে সেই সব এলাকায় সরকারী কৃষিঋণ ও খাজনা মকুবের কোন কথা উল্লেখ নাই;

(১১) কাঁকসা ও আউশগ্রাম থানার রাস্তা উন্নয়নের জন্য কোন কথাই উল্লেখ নাই।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই বাজেট সেসনে মাননীয় রাজ্যপাল মহোদয়া যে ভাষণ এখানে প্রদান করেছেন সেই ভাষণের উপর বলতে গিয়ে সর্ব প্রথমে আমি নিবেদন করছি যে আজকে দেশের যে গুরুত্বপূর্ণ পরিস্থিতি সেই পটভূমিকায় যে ভাষণ তিনি প্রদান করলেন সে ভাষণ শুধু যে বিস্ময়কর ও বেদনাদায়ক তা নয় আমার মনে হয় যে আজকে বাংলাদেশের রাজ্যপালিকার পক্ষে এই ভাষণ অত্যন্ত দুঃখের বিষয়। কারণ শুধু কতকগুলি অঙ্কের সংখ্যা নিয়ে রাজ্যপালিকা সন্তুষ্ট থাকতে পারেন। কিন্তু বাংলা দেশের মানুষ তার ভাষণের মধ্যে একটা নূতন ইঙ্গিত চায়। বাংলা দেশের একটা বৈশিষ্ট্য আছে, একটা স্বকীয়তা আছে। কিন্তু অত্যন্ত দুঃখের সংগে বলছি যে আজকে বাংলা দেশের যিনি রাজ্যপালিকা তাঁর সেই ভাষণের মধ্যে বাংলা দেশের সেই বৈশিষ্ট্যের বা স্বকীয়তার কোন ইঙ্গিত নেই। আমার মনে হয় আপনারা সকলেই জানেন যে বাংলা দেশের এবং বাঙালীর আজ যে দুঃখের দিন এসেছে সেজন্য তিনি একটা গভীর শোক প্রকাশ করতে পারতেন। আজ বাঙালীর জীবনে একটা চরম সন্ধীক্ষণ এসেছে, সে ভারতবর্ষের কাছে একটা চিত্র তুলে ধরলে আমার মনে হয় ভাল হোত। আমি আপনার মাধ্যমে এই কথা বলছি যে ঠিক এইভাবে ভাষণ দেওয়া অপেক্ষা যদি

রাজ্যপালিকা এই ভাষণ দিতেন যে ঐ পূর্ব পাকিস্তান থেকে যে হাজার হাজার নরনারী নিধন হয়েছে তার জন্য আমার হাত কেঁপে উঠেছে– আমার মাতৃহৃদয় কম্পিত হয়ে গিয়েছে, তাহলে বুঝতাম। আমি আপনাদের কাছে এসেছি কেবল শোক প্রকাশ করবার জন্য তাহলে আমার মনে হয় সেটা আরও বেশী বড় হোত। এতে সারা ভারতবর্ষ শুধু নয় সারা বিশ্বে একটা আদর্শের সৃষ্টি হোত। আজকে এই ভাষণ শুধু বিক্ষোভের নয়, বাঙ্গালী জাতির পক্ষে অত্যন্ত ক্রোধের। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি তিব্বতী উদ্বাস্তুরা যখন দলে দলে এদেশে আসতে আরম্ভ করলেন তাদের প্রতি অনুকম্পা, সাহায্য করা হয় এবং আমরাও তা চাই। কিন্তু আজকে যে সমস্ত মা বোন এবং ভাই বন্ধুরা পূর্ব পাকিস্তান থেকে আসতে শুরু করেছেন তাদের একটি মাত্র কথা ছাড়া সেখানে আর কিছুই উল্লেখ নেই। আমি জানি যে শুধু কথার দ্বারা স্বর্গ তৈরী করে ঐ মা বোন ভাই বন্ধুদের যারা ওখানে রয়েছে তাদের বাঁচান যাবে না। তাদের সান্ত্বনা দেওয়া যাবে না। যদিও বাঙ্গালী হয়ে আজকে বাংলার ভাই বোনকে ভুলে গেলেন। আমি জানি যে মাউন্টব্যাটেনের একটি কলমের খোঁচায় তারা বন্দী হয়ে গিয়েছিলেন কিন্তু তাই বলে কি তাদের আমাদের এইভাবে অবহেলা করবো? এইভাবে ভুলে যাবো? কাজে কাজেই এইভাবে এই যে ভাষণ এটা আজকে বাংলা তথা বাংলা দেশের অত্যন্ত দুঃখের এবং ক্ষোভের। শুধু তাই নয় আমরা দেখতে পাচ্ছি ভাষণের মধ্যে কোথাও একথা উল্লেখ নেই যে যারা বাংলা দেশের বাইরে রয়েছেন তাদের নিয়ে আসবার জন্য ভারত সরকারের কাছে যে চাপের সৃষ্টি করা প্রয়োজন সে কথার কোন উল্লেখ নেই। যদি আজকে সাহস করে বলতে পারতেন যে ভারত সরকারকে চাপ দেওয়া হচ্ছে তাহলে বুঝতাম। তাহলে আমার মনে হয় একটা ঐতিহাসিক ঘটনা ঘটতো বাংলা দেশের পক্ষে। সেদিক থেকে আজকে এই ভাষণ খুব উদাসীনতার পরিচয় দিয়েছে। খুব দুঃখের সঙ্গে বলছি যে এই ভাষণের মধ্যে বাংলা দেশের অবহেলিত কৃষকদের কথা মধ্যবিত্তদের কথা নিম্ন মধ্যবিত্তদের কথা, আদিবাসী মহাজনদের কথার কোন কিছুই উল্লেখ নেই। মহাত্মা গান্ধী বার বার বলেছিলেন যে আদিবাসী যারা, তারা নিম্ন স্তরের গ্রামের মানুষ তাদের নিয়েই এই ভারতবর্ষ, তাদের কথা আজকে এই গভর্ণরের ভাষণে নেই। আজকে তাদের কথাও ভুলতে বসেছেন। কাজে কাজেই আমাদের এই ভাষণ শুধু বিক্ষোভ সৃষ্টি করে নি, এটা অত্যন্ত লজ্জার বিষয় এবং আজকে শাসক গোষ্ঠী এবং বাংলা দেশের রাজ্যপাল মহোদয়াও গান্ধীজীর নির্দেশ ভুলতে বসেছেন।

[4-50—5 p.m.]

দুঃখের কথা, আমরা মনে করি আমাদের এই শাসক গোষ্ঠী এবং আমাদের রাজ্যপাল গান্ধীজীর আদর্শকে ভুল বুঝেছেন। মাননীয় স্পীকার মহাশয়, তাঁর ভাষণে তিনি বলেছেন ধান-চালের যে দাম নির্দিষ্ট করে দেওয়া হয়েছে তাতে যেন কারচুপি না হয়, মুনাফাখোরেরা যেন মুনাফা লুঠ না করতে পারে, এই জন্য তিনি জনসাধারণকে আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন সরকার কিছুই করতে পারে না যদি না জনসাধারণ তাদের সহযোগিতা নিয়ে এগিয়ে আসে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই নিবেদন করছি, মন্ত্রিসভার কাছে আমি এই সাজেশন রাখছি যে মাত্র দু'তিন দিন তাঁরা পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় ছদ্মবেশে পরিভ্রমণ করে আসেন তাহলে আজকে দেশের প্রকৃত স্বরূপ উদ্ঘাটিত করতে পারবেন এবং জানতে পারবেন আজকে সত্যিকারের ধান-চালের দাম কারা কিভাবে নিয়ন্ত্রণ করছে। মাননীয় স্পীকার মহাশয়, তাঁরা যদি মনে করেন জনসাধারণ সব সময় তাঁদের সঙ্গে সহযোগিতা করবে না তাহলে ভুল করা হবে। আমি বিশেষ করে কুচবিহার জেলায় এবং মুর্শিদাবাদ জেলায় তাঁদের ছদ্মবেশে পরিভ্রমণ করে আসতে বলছি, দেখবেন দেশের কি অবস্থা, এখানে এইভাবে মন্ত্রী পদে বসে থাকলে দেশের সত্যিকারের অবস্থা ধরা পড়বে না, তাঁরা জানতে পারবেন না দেশে কি ঘটছে না ঘটছে। সুতরাং আপনার মাধ্যমে জনসাধারণের পক্ষ থেকে তাঁদের কাছে এই সাজেশন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ মহামান্য রাজ্যপালের ভাষণের উপর অশোকবাবু যে ধন্যবাদসূচক প্রস্তাব দিয়েছেন তাকে সমর্থন করতে উঠে কয়েকটা কথা বলতে চাই। এবার রাজ্যপালের ভাষণ সংক্ষিপ্ত হয়েছে বলে বিরোধী পক্ষে সদস্যরা অনেকে

তাঁর নিন্দা করেছেন। কিন্তু তাঁরা ভুলে গিয়েছেন যে দাঙ্গা বিধ্বস্ত এই অবস্থায় বেদনাহত হয়ে তিনি যে সংক্ষিপ্ত ভাষণ দিয়েছেন তা তাঁর পক্ষে সঙ্গতই হয়েছে, এবং তিনি তাঁর এই সংক্ষিপ্ত ভাষণেই আমাদের সরকারের যে পলিসি সেই পলিসিই ব্যক্ত করেছেন। সেই পলিসির কথা না আলোচনা করে ওপক্ষের মাননীয় সদস্যগণ আজেবাজে কথা বলেছেন। রাজ্যপালের ভাষণে যে সমস্ত কথা বলা হয়েছে, যে সমস্ত জিনিসের ইঙ্গিত দেওয়া হয়েছে, তা তাঁরা দেখতে পান না, হয়ত ইচ্ছে করেই দেখেন না বা দেখবার ইচ্ছেও করেন না। জ্যোতি বসু মহাশয় বলতে গিয়ে সংবাদপত্রের কথা বলেছেন, আনন্দবাজার পত্রিকার কথা তুলেছেন। তিনি তাঁকে মিথ্যা বলে অভিহিত করেছেন। পাকিস্তানী ডেপুটি হাই কমিশনার কমিউনিস্ট পার্টির একজন লোককে নিয়ে ঘুরে বেড়াচ্ছেন এই কথাটা আনন্দবাজারে বেরিয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংবাদপত্রের কাজ কি? সংবাদপত্রের কাজ হচ্ছে নির্ভিকভাবে জনসাধারণের সামনে সমস্ত ঘটনা প্রকাশ করা, অবশ্য সেই ঘটনা সত্যি কি মিথ্যা তাতে নিজেদের জড়িত না করে তাঁরা তাঁদের সাংবাদিকতার কাজ করেছেন। কিন্তু ওঁরা বলছেন ঐ কাগজে মিথ্যা কথা বলা হয়েছে। যদি আনন্দবাজার পত্রিকা কিম্বা যে কোন পত্রিকা মিথ্যা কথা বলে থাকে তাহলে তাঁর পার্টি সংশ্লিষ্ট সংবাদপত্রের বিরুদ্ধে মামলা আনতে পারেন, এখানে মিথ্যা কথা বলা হয়েছে কি না এই সব অবান্তর কথা বলার দরকার হয় না। তাঁরা যে সমস্ত দেশ থেকে তাঁদের মতবাদ নিয়ে আসেন সেই সমস্ত দেশে আজকে সংবাদপত্রের কণ্ঠ রুদ্ধ করা হচ্ছে, সেখানে সংবাদপত্রের স্বাধীনভাবে মত প্রকাশ করার অধিকার নেই। তিনি দুঃখ করে বলেছেন যে এখনও ডিফেন্স অফ ইণ্ডিয়া রুল চালু রাখা হয়েছে। তিনি বলেছেন এটা বে-আইনী, সংবিধান বিরোধী। আমাদের কনস্টিটিউ-শন-এ রাষ্ট্রপতিকে বিশেষ ক্ষমতা দেওয়া হয়েছে যে, যে কোন কয়েকটি ধারা আটকে রেখে দেওয়া যায়। যখন ভারতবর্ষ কমিউনিস্ট চীন দ্বারা আক্রান্ত হয়, বন্ধুত্বের সুযোগ নিয়ে কমিউনিস্ট-চীন যখন ভারতবর্ষের উপর ঝাঁপিয়ে পড়ে সেই সময় ভারতবর্ষকে রক্ষা করবার জন্য কনস্টিটিউ-শন-এর সমস্ত ধারা চালু রাখা দেশের নিরাপত্তা রক্ষার পক্ষে সুবিধাজনক নাও হতে পারে, সাধারণ নীতিতে এবং সাধারণ পদ্ধতিতে তখন সব জিনিষের বিচার চলে না। সেই জন্যই ডিফেন্স অফ ইণ্ডিয়া রুলস চালু করেছিলেন রাষ্ট্রপতি। তিনি নিজে হয় ত বন্দী হয়েছিলেন, তাঁর দলেরও কিছু লোক বন্দী ছিলেন। তিনি বা তাঁরা কি করেছেন না করেছেন তিনি প্রকাশ্য আদালতে তার বিচারের কথা জানিয়েছেন, কিন্তু প্রকাশ্য আদালতে অনেক কিছুই বিচার করা চলে না। আমাদের সরকার মহামান্য রাষ্ট্রপতির নির্দেশানুসারেই তাঁদের গ্রেপ্তার করা হয়েছিল, সেই গ্রেপ্তার করা ঠিক কি ভুল হয়েছে সে কথা ভবিষ্যত বিচার করবে। আজ যখন আমাদের দেশ থেকে চৈনিক আক্রমণ অপসারিত হয়েছে তাঁদের সকলকেই ছেড়ে দেওয়া হয়েছে। কারণ দেশ এখন বিপদমুক্ত, যদি চীনের আক্রমণ অব্যাহত থাকতো তাহলে হয়ত তাঁদের কারাগারেই থাকতে হোত। জ্যোতিবাবু আর একটা কথা বলেছেন, কেন আমরা ব্রিটেনকে এখনও বন্ধু রাষ্ট্র বলে মনে করি, এখনও কি আমাদের শিক্ষা হয় নি, আমাদের গভর্নমেন্টকে জ্যোতিবাবু শিখতে বললেন। কিন্তু ১৯৪৩ সালে যখন আমরা আগস্ট আন্দোলন করেছিলাম, যখন ভারতবর্ষের মহান নেতা মহাত্মা গান্ধীর নেতৃত্বে আমরা স্বাধীনতা সংগ্রাম করেছিলাম, যখন মহাত্মা গান্ধীর নির্দেশানুসারে আমরা করেঙ্গে ইয়ে মরেঙ্গে বলে সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিলাম তখন কমিউনিস্ট পার্টি কোথায় ছিল এবং তখনকার দিনে তাদের কার্যকলাপ দেশবাসী আজো ভোলে নি। আজ ভারতবর্ষ স্বাধীন হয়েছে, ভারতবর্ষ সকলকেই বন্ধু রাষ্ট্র হিসাবে গ্রহণ করতে চায় কিন্তু দেশের অভ্যন্তরে কেউ যদি অন্তর্ঘাতমূলক কার্য করেন আজ তাদের স্বরূপ ধরা পড়ে গিয়েছে, আজ সমস্ত দেশবাসী তাদের বিরুদ্ধে দাঁড়িয়েছে, আজ এই চৈনিক আক্রমণের পরিপ্রেক্ষিতেও আমরা তাঁদের যদি বন্ধু বলি তাহলেপরে দেশবাসী আমাদের সহ্য করবে না। কিন্তু তাঁরা চীনকে তাঁদের বন্ধু বলে বুঝেছেন, তার জন্য তাঁদের দেশবাসীর কাছে জবাবদিহি করতে হবে। তারপর আর একজন মাননীয় সদস্য বলেছেন, পাকিস্তানের সমস্ত হিন্দুকে আজকে আমাদের এখানে নিয়ে আসতে হবে। আমরা জানি আজো সেখানে ৯৩ লক্ষর মত হিন্দু বাস করে। সেখানে যে সমস্ত হিন্দু আজো রয়েছেন সেই ৯৩ লক্ষ হিন্দুর মধ্যে সকলেই কি এখানে আসতে চান তাঁদের ঘরবাড়ী ছেড়ে দিয়ে? সেখানে এমন কোন প্লেবিসাইট নিয়ে এখানে নির্দ্ধারণ করা হয় নি যে সেখানকার সমস্ত হিন্দুই দলবদ্ধভাবে ভারতে আসতে চান। সেখানকার সংখ্যালঘু হিন্দুরা যদি মনে করেন যে পাকিস্তানী শাসনাধীনে থেকে তাঁরা কষ্ট পাচ্ছেন এবং তাঁদের

সসম্মানে বসবাস করা সম্ভব নয় তাহলে পর তাঁদের সর্বপ্রকার সাহায্য দিয়ে তাঁরা যাতে এখানে চলে আসতে পারেন তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। পাকিস্তানী সরকার হয়ত সেই পথে বাধা সৃষ্টি করতে পারে, কিন্তু বাংলার আইনসভায় বসে বললেই হবে না যে পাকিস্তানের বিরুদ্ধে লড়াই কর।

যেখানে কোন নীতির কথা নেই, যেখানে বললে অসুবিধা নেই সেখানে এ'রা কথা বলেন। যদি সাহস থাকে তাহলে পাকিস্তানে গিয়ে আন্দোলন করুন। কিন্তু সেই সাহস তাঁদের নেই। এ'রা শুধু এখানে বসে আন্দোলন করতে পারেন, সরকারের বিরুদ্ধে কথা বলতে পারেন এবং এটাই হচ্ছে তাঁদের নীতি। এসব অবান্তর কথা বলে লাভ নেই - তবে এ'রা শুধু চীৎকার করেন আর ভাবেন কত কিছু না বলেছি।

Adjournment

The House was then adjourned at 5-01 p m till 12 noon on Friday, the 14th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 14th February, 1964, at 12 noon.

Present:

Mr Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 12 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State and 188 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Ferryghat under Jangipur Municipality

***26.** (Admitted question No. *23.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : গত ২৯এ জুলাই ১৯৬৩ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত ৭২নং (অ্যাডমিটেড প্রশ্ন নং *৫৫৮) প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জঙ্গীপুর পৌরসভার অধীন ফেরীঘাটের ইজারাদারেরা উক্ত ঘাটের ডাক কমাইবার জন্য পৌরসভার মাধ্যমে সরকারকে যে আবেদন করিয়াছিলেন সে সম্বন্ধে সরকার কোনও সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) সিদ্ধান্ত গ্রহণ করিয়া থাকিলে, তাহা কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) না, (খ) প্রশ্ন উঠে না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এই আবেদন কদিন আগে পেয়েছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: অনেকদিন হবে ঠিক বলতে পারছি না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: তাহলে সিদ্ধান্ত নিতে এত দেরি হচ্ছে কেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমরা জঙ্গীপুর পৌরসংঘের কাছ থেকে কতকগুলি বিষয় জানতে চেয়েছি—যেমন পৌরসংঘ এই ফেরী দেবার জন্য যে ব্যবস্থা করবেন বলেছিলেন তার একটা প্রতিলিপি। পৌরসংঘ এবং ইজারাদারদের মধ্যে যে চুক্তি সম্পাদিত হয়েছিল তার একটা প্রতিলিপি কিম্বা ইজারাদার অনুমোদন করে পৌরসংঘের সভাগণ যা সংকল্প গ্রহণ করেছিলেন তার একটা প্রতিলিপি। কিন্তু এগুলি আমরা এখনও পাচ্ছি না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ইজারাদাররা আগে কি কখনও ডাক কমাবার জন্য বলেছিলেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: জানা নেই।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি কি জানেন, এই পৌরসভার সভাপতি আপনার ডিপার্টমেন্ট-এর ভূতপূর্ব উপমন্ত্রী শ্রীমুক্তিপদ চ্যাটার্জি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: জানি না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আপনি কি জানেন, এই ডাক কমাবার ব্যাপারে তাঁর হাত আছে?

[No reply]

আপনি কি এই ব্যাপারে খুব তাড়াতাড়ি এনকোয়ারি শেষ করার চেষ্টা করবেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এনকোয়ারী শেষ করতে গেলে কতকগুলি তথ্যের প্রয়োজন। সেই তথ্যগুলি পৌরসংঘ না দিলে আমরা এনকোয়ারি শেষ করতে পারব না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ কত টাকার ডাক ছিল এবং কত টাকা কমাবার জন্য আবেদন করেছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ ইজারাদারদের মোট ডাক ছিল ৯৪ হাজার ১১১ টাকা —তার মধ্যে পৌরসংঘ ৪৪ হাজার ১১১ টাকা মকুবের জন্য সুপারিশ করেছেন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ কি যুক্তি তাঁরা দিয়েছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ বলতে পারব না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ ডাক হয়ে গেলে কি মকুব করা যায়?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আমরা সমস্ত তথ্য পেলে বিবেচনা করতে পারি।

শ্রীভদ্রবাহাদুর হামালঃ ঐ তথ্য পেতে কতদিন লাগবে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ তা জানি না, কারণ তথ্য সরবরাহ করার ভার সংঘের উপর।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ এই তথ্য ২।১০ বছরের মধ্যে পাওয়া যাবে কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ জানি না।

Sluice-gate at Bishnupur, Burdwan

***27.** (Admitted question No. *76.)

শ্রীগণেশ ঘোষ ঃ সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার কাঁকসা থানার বিষ্ণুপুর গ্রামে টুমুনী নদীর লেবেল হইতে প্রায় ৩-৪ ফুট উচ্চ স্লুইস গেট নির্মিত হওয়ার ফলে উক্ত নদীর জল উক্ত গেট দিয়া অতিক্রান্ত হইতে না পারার জন্য প্রায় ৫০০ একর আবাদী জমির ফসল সেচনের অভাবে নষ্ট হইয়া যায়;

(খ) সত্য হইলে, উক্ত গেটটি পুনর্নির্মাণের কি ব্যবস্থা হইতেছে; এবং

(গ) কত দিনের মধ্যে ঐ গেট নির্মাণের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ (ক) টুমুনী নদীর মোহানার নিকটবর্তী অঞ্চলের উপযুক্ত জল নিস্কাশন ব্যবস্থার উদ্দেশ্যে ভূমিতলের সহিত সামঞ্জস্য রাখিয়া এই স্লুইস গেটটি নির্মিত হয়। সেচব্যবস্থার উদ্দেশ্যে ইহা নির্মিত হয় নাই। ৫০০ একর আবাদী জমির ফসল নষ্ট হইবার সংবাদ সত্য নহে। এই এলাকার মোট প্রায় ১৮০ একর আবাদী জমির মধ্যে কেবলমাত্র প্রায় ৯ একর জমি উঁচু বলিয়া পর্যাপ্ত বৃষ্টি না হইলে ক্ষতিগ্রস্ত হয়।

(খ) ও (গ) এই প্রশ্ন উঠে না।

Salt producing areas of Contai and Ramnagar

***28.** (Admitted question No. *80.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি ও রামনগর থানায় লবণ উৎপাদনের জন্য বন্টনযোগ্য জমি বিতরণের কোন ব্যবস্থা হইয়াছে কি; এবং

(খ) ঐ লবণ উৎপাদন ক্ষেত্রের উন্নয়নের কোন পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ (ক) না।

(খ) হ্যাঁ।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ এই যে পরিকল্পনার কথার উত্তরে হ্যাঁ বললেন তা পরিকল্পনাটা কি তা বলবেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ পরিকল্পনা হচ্ছে যে সমস্ত এলাকায় আমরা ৪নং ধারায় নোটিশ দিয়ে রেখেছি তারা জমি নিয়ে এখন কিছু করতে চান তা হলে বিতরণ করব। লবণ করবার জন্য আমাদের এখানে ২টা কোম্পানি আছে তাদের মধ্যে একটার সঙ্গে নেগোসিয়েট করছি। যদি ৫১ পারসেন্ট শেয়ার কিনে নেয় তা হলে স্টেট কোলাবোরেশন করবার চেষ্টা করব।

Kangsabati dam

***29.** (Admitted question No. *234.)

শ্রীজলেশ্বর হাঁসদাঃ সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৩ সালে কংসাবতী জলধারা প্লাবিত আঞ্চলিক কমিটি ঐ এলাকার জনসাধারণের বিভিন্ন সমস্যা সম্পর্কে সরকারের নিকট মেমোরান্ডাম দিয়াছিলেন;

(খ) সত্য হইলে, ঐ মেমোরান্ডাম সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) কংসাবতী বাঁধ কি এই বৎসরেই বাঁধা হইবে; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে (১) কত দিনের মধ্যে বাঁধা হইবে এবং (২) কি পরিমাণ জমিতে এই বৎসর জলসেচ করা যাইতে পারে বলিয়া আশা করা যায়?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ (ক) হ্যাঁ। ১৫ ৮-৬৩ তারিখের একটি পত্র পাওয়া গিয়াছে।

(খ) উক্ত পত্রে (১) সরকার কর্তৃক দখলীকৃত বাড়ী, জমি প্রভৃতির ক্ষতিপূরণ যাঁহারা পান নাই, তাঁহারা সরকার কর্তৃক নির্দিষ্ট ২৬-৮-৬৩ তারিখের মধ্যে অন্যত্র চলিয়া যাইতে পারিবেন না বলিয়া জানাইয়াছিলেন এবং (২) যেহেতু ১৯৬৪ সালের মে মাসের পূর্বে কংসাবতী নদী বন্ধ করা হইবে না সেইহেতু সংশ্লিষ্ট ব্যক্তিগণকে তাঁহাদের স্বগৃহে ১৯৬৪ সালের মে মাস পর্যন্ত থাকিতে অনুমতি দেওয়া হউক বলিয়া দাবী জানাইয়াছিলেন।

(১) সম্বন্ধে বলা যায় যে, কংসাবতী জলাধার প্লাবিত এলাকার জন্য যেসমস্ত বাড়ী ও জমি দখল করা হইয়াছে, তাহার ক্ষতিপূরণ দেওয়া সম্পূর্ণ হইয়াছে।

কেবলমাত্র নাবালকদিগকে দেয় অর্থ এবং যেসমস্ত ক্ষেত্রে আপত্তি উত্থাপন করা হইয়াছে, সেই সব ক্ষেত্রে ক্ষতিপূরণের টাকা সিভিল ডিপোজিটএ রাখা হইয়াছে। (২) সম্বন্ধে বলা যায়

যে, কংসাবতী নদী ১৯৬৪ সালের ২রা ফেব্রুয়ারী তারিখ হইতে বন্ধ করায় জলপ্লাবিত এলাকার অধিবাসীগণকে ১৯৬৪ সালের মে মাস পর্যন্ত স্বগৃহে থাকার অনুমতি দেওয়া হয় নাই।

(গ) হ্যাঁ।

(ঘ) (১) কংসাবতী নদী ২-২-৬৪ তারিখে বাঁধা হইয়াছে এবং আগামী বর্ষার পূর্বেই এই বাঁধের উচ্চতা আর এল ৪৩০ পর্যন্ত বর্ধিত করা হইবে।

(২) প্রায় এক লক্ষ একর।

শ্রীজলেশ্বর হাঁসদাঃ শিক্ষকদের সম্পর্কে মেমোরান্ডাম-এ কোন উল্লেখ ছিল কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ বলতে পাচ্ছি না।

শ্রীগুরুপদ খানঃ এক লক্ষ একর জমিতে জলসেচ করা যাবে বললেন, কোন্‌ জেলায় কত একর জমিতে জলসেচ করা যাবে বলবেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ সব জায়গার কথা বলতে পারছি না, তবে বাঁকুড় এবং মেদিনীপুরে জলসেচ দেওয়া সম্ভব হবে। খারিফে দেওয়া সম্ভব হবে, রবিতে দেওয়া সম্ভব হবে না।

শ্রীগুরুপদ খানঃ নাবালকদের যে টাকা গচ্ছিত রেখেছেন সে টাকা কবে পাবে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ নাবালকদের টাকা নিতে গেলে নাবালকদের গার্জেনকে প্রমাণপত্র দিয়ে, তথ্য উপস্থিত করতে হবে, কোর্ট থেকে সে টাকা দেবার ব্যবস্থা হবে।

[12-10 - 12-20 p.m.]

শ্রীনিমাইচাঁদ মুরমুঃ কংসাবতী জলাধার এলাকায় যেসমস্ত বিদ্যালয়গুলি ছিল এবং যে-সমস্ত প্রাইমারি বিদ্যালয়ে যেসমস্ত শিক্ষক শিক্ষকতা করতেন তাঁদের চাকরির কোন বিকল্প ব্যবস্থা করেছেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এটা এর মধ্যে আমি বলতে পারব না। তবে প্রাইমারি শিক্ষক যারা ছিলেন তারা কর্মচ্যুত হয়েছেন বলে আমার জানা নেই।

শ্রীজলেশ্বর হাঁসদাঃ নাবালকদের যে জমি ও টাকা রয়েছে, তাদের যে এখনও পুনর্বাসন হয় নি, এই জলাধার হলে তারা কোথায় যাবে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ নাবালকদের বেলায় বিশেষ করে ভাববার কথা আছে, মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, নাবালকদের নাম করে টাকা-পয়সা বেহাত হয় এবং অপচয় হয় এবং তা নাবালকদের স্বার্থে ব্যবহার করে না। সেইজন্য কতকগুলি আইন-কানুন আছে, এবং সেই টাকা কোর্টে ডিপোজিট রাখা হয়। কোর্ট স্যাটিস্‌ফায়েড হলে, সন্তুষ্ট হলে সে টাকা দেবার ব্যবস্থা করা হয়।

শ্রীজলেশ্বর হাঁসদাঃ যেহেতু নাবালক পুনর্বাসন বা টাকা পাচ্ছে না তা হলে পর তারা কোথায় যাবে, সে সম্পর্কে কি করবেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ যাতে তারা পুনর্বাসনের জন্য বিবেচিত হতে পারে সেই-জন্যই আইন প্রয়োগ করা হয়। নাবালকের টাকা ভেবে-চিন্তে দেওয়া হয় এবং দেবার সময় বিশেষ করে বিচার বিভাগীয় কর্মচারীদের উপর নির্ভর করা হয়।

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ আমাদের এখানে বাংলাদেশে প্রফেশনাল কম্পেনসেশন দেবার নীতি আছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: ল্যান্ড অ্যাকুইজিশন আইন যা আছে তাতেই প্রোফেশনাল কম্পেনসেশনের বিধান আছে।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: স্কুল সম্পর্কে বলা হয়েছে যে, সমস্ত স্কুল ডুবে গিয়েছে। তাহলে নিশ্চয়ই স্কুলের শিক্ষকদের চাকরীও চলে গিয়েছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এই অ্যাজাম্পশন আমি সত্য বলে মনে করি না। নিশ্চয়ই স্কুল ডুবে যাবে তাই বলে নিশ্চয়ই তাদের চাকরি যাবে তা নয়। কারণ, আমাদের যতদূর সংবাদ আছে তাতে তাদের অন্যান্য জায়গাতে চাকরি দেবার ব্যবস্থা হচ্ছে এবং এখনও যদি না হয়ে থাকে, তা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই বিষয় ব্যবস্থা করবেন এই বিশ্বাস আমি রাখি। আর একটা কথা আমি বলি, ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টে ক্ষতিপূরণ দেবার কোন বিধান আছে কিনা, এর উত্তরে বলা যায় যে, সেখানে 'লস অব আর্নিং' বলে একটা কথা আছে। অর্থাৎ কার কোন্ আয় হচ্ছিল এবং কার সম্পত্তি গ্রহণ করার ফলে সেই আয় থেকে সে বিচ্যুত হলে সেখানে ক্ষতিপূরণ দেবার আইন রয়েছে।

শ্রীনিমাইচাঁদ মুরমু: এই সমস্ত নাবালক, নাবালিকা মালিকদের পুনর্বাসনের ব্যবস্থা না হওয়া পর্যন্ত তাদেরকে সেখান থেকে উঠিয়ে দেওয়া, এটা কি ঠিক হচ্ছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: কথাটা হচ্ছে, মাননীয় সদস্য যদি বলেন নাবালকের সম্পত্তি দখল করবার জন্য টাকা নাবালককেই দিয়ে দেওয়া হোক, সেটা কি ঠিক হবে? মাননীয় সদস্য যদি অনুগ্রহ করে আইনের ধারাগুলির অর্থ বোঝেন তা হলে নাবালকের সম্পত্তি কাকে দেবেন, এর উত্তরে এই বলা যায় যে, নাবালকের সম্পত্তি যাকে তাকে বা নাবালকের হাতে আমরা দিতে পারব না।

শ্রীনিমাইচাঁদ মুরমু: তাদের পুনর্বাসনের ব্যবস্থা না হতেই সেখান থেকে তাদের উচ্ছেদ করা এটা কি ঠিক হচ্ছে? সরকার কর্তৃক তাদের অন্যত্র পুনর্বাসনের ব্যবস্থা করে তারপর তাদের উঠালে সেটা সঙ্গত হত। তাদের পুনর্বাসনের ব্যবস্থা করে কি তাদের উচ্ছেদ করা হচ্ছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, কোন জায়গাতেই পুনর্বাসনের ব্যবস্থা করা যায় নি। পুনর্বাসনের ব্যবস্থা করতে পারলে ভালই হত। রিহ্যাবিলিটেশন যাকে বলা হয় তা কোন জায়গাতেই করা যায় নি। তবে একটা কথা বলি, যেসব জায়গা কংসাবতী জলাধার থেকে জলসেচে উপকৃত হবে সেই সব জায়গায় বসবাস করার জন্য একটা প্রস্তাব দেওয়া হয়েছিল, কিন্তু সেই প্রস্তাব কেউ গ্রহণ করেন নি। কিন্তু সাধারণভাবে পুনর্বাসন দেবার কোন পরিকল্পনা ছিল না এবং যারা সেখান থেকে উঠে গিয়েছে তারা তাদের ঘরবাড়ি নিয়ে চলে গিয়েছে। তাদের সেখানে উপযুক্ত ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা ছিল এবং তার উপর আমরা তাদের ঘরবাড়ির জানলা, দরজা ও আসবাবপত্রের দাম দেবার পরেও সেগুলি নিয়ে যাবার অনুমতি দিয়েছিলাম।

Dr. Kanai Lal Bhattacharyya:

কংসাবতী জলাধার হওয়ার জন্য যে গ্রামগুলি ডুবে যাচ্ছে, সেই গ্রামে ধোবা, নাপিত, ডাক্তার যাঁরা আছেন তাঁদের কোন প্রফেশনাল কম্পেনসেশন দেওয়া হচ্ছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

দেওয়া হয়েছে কিনা আমি জানি না, প্রফেশনাল কম্পেনসেশন দেবার একটা বিধান আছে।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় বললেন, উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়া হয়েছে, এই উপযুক্ত শব্দটা ভেগ অ্যান্ড ইট ইজ এ ওয়াইড টার্ম; সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, ক্ষতিপূরণ দানের জন্য কোন সিডিউল করে দেওয়া হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এই আইনের ধারার মধ্যেই আপনারা দেখছেন যে, যাতে ফেয়ার অ্যান্ড রিজনেবল হয় সেই কথা বলা হয়েছে ; ক্ষতিপূরণ ধার্য করারও কিছু কিছু নিয়ম আছে।

Shri Sailendra Nath Adhikary:

অনেকগুলিই তো নিয়ম আছে ; এই বিলে কোন্ নিয়ম প্রয়োগ করা হচ্ছে ? কোন নির্দেশ দেওয়া হয়েছে অফিসারকে যে, এইরকম হলে এই ধরণের কম্পেনসেশন দিতে হবে—আমি আইনের ধারা জিজ্ঞাসা করছি না।

The Hon'ble Syamadas Bhattacharyya:

আইনের ধারাটার কথা বলা হচ্ছে এই কারণে যে, আইনের ধারা অনুযায়ী মন্ত্রিমহাশয়ের কোন ক্ষমতা নাই, তিনি নির্দেশ দিতে পারেন না কোন ক্ষতিপূরণ দেবার, তিনি অবশ্যই খোঁজ রাখতে পারেন এবং খোঁজ তিনি রেখেছেন ফেয়ার অ্যান্ড রিজনেবল কম্পেনসেশন দেওয়া হচ্ছে কিনা ?

Shri Nimai Chand Murmu:

আপনি বললেন, নাবালক-নাবালিকদের জন্য সরকার কর্তৃক পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে না, আমার প্রশ্ন হচ্ছে তাহলে নাবালক মালিকগণ কোথায় গিয়ে দাঁড়াবে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

নাবালক-নাবালিকাদের স্বার্থেই জনাই এই আইনটা করা হয়েছে, টাকা তাদের হাতে দেওয়া হচ্ছে না, তাদের যে ন্যাচারাল গার্জেন বিধিনির্দিষ্ট অভিভাবক আদালত কর্তৃক গ্রাহ্য হবে তাঁর হাতেই টাকা দেবার ব্যবস্থা হচ্ছে।

Vested lands in Beldanga and Noada police-stations

***30.** (Admitted question No. *257.)

Shri Debsaran Ghosh:

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ও নওদা থানা এলাকার জমিদারী দখল আইনের বলে যে সমস্ত জমি সরকারী বলিয়া গণ্য হইয়াছে, সেই সমস্ত জমির দখল সরকার লইয়াছেন কি ; এবং

(খ) দখল লইয়া থাকিলে, সেই সমস্ত জমি বন্দোবস্ত দিবার কি ব্যবস্থা সরকার করিতেছেন ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) এই জেলার বেলডাঙ্গা ও নওদা থানা এলাকায় সরকারের বর্তানো ৩,৫২৬·৯০ একর জমির মধ্যে ১,১৬৫·৩৪ একর জমির দখল লওয়া হইয়াছে।

(খ) সমস্ত দখলীকৃত জমি ভূমি বণ্টন উপদেষ্টা কমিটির নির্দেশ অনুযায়ী বন্দোবস্ত দেওয়া হইতেছে।

Shri Debsaran Ghosh:

সরকার দখল নেবার আগে এবং বন্দোবস্ত দেওয়ার আগে পর্যন্ত এই সমস্ত জমি কি অনাবাদী অবস্থায় ছিল ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

অকৃষি এবং অন্যান্য অনাবাদী জমি ছিল, কৃষি জমি অনাবাদী ছিল না এটা ধরে নেওয়া যেতে পারে।

শ্রীদেবশরণ ঘোষঃ এটা কি ঠিক যে, যেসমস্ত জমি পাওয়া গেছে সেই সমস্ত জমি বিভিন্ন দাগে পাওয়া গেছে এবং এক এক দাগ নম্বরে ১০০।২০০ বিঘা পাওয়া গেছে যার ফলে এই সমস্ত সরকারী জমি বন্দোবস্ত দিতে অসুবিধা হচ্ছে এবং যারা নিচ্ছে তাদেরও অসুবিধা হচ্ছে?

[12-20—12-30 p.m.]

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এমন হওয়া সম্ভব।

শ্রীসনৎকুমার রাহাঃ যে জমির দখল নিয়েছেন তাতে দেখছি সব জমি নিতে পারেন নি। কেন নিতে পারেন নি জানাবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ যেসব জমির দখল নিয়েছি তার মধ্যে কবরস্থান, শ্মশান এবং ভাগাড়ের পরিমাণ হল ২ হাজার ১৮৬ একর। এইসব জমি যখন কবরস্থান, শ্মশান এবং ভাগাড় তখন এইসব জমির দখল নেওয়া বা না নেওয়া সমান এবং সেইজনাই এগুলি সম্পর্কে আমরা ব্যবস্থা অবলম্বন করছি না। এগুলি জনসাধারণের দখলে আছে বলে ১০(২) ধারা অনুসারে নোটিশ দেবার ব্যাপারে আমরা তৎপর হই নি। বাকী জমির অধিকাংশ জায়গায় আমরা দখল নিচ্ছি এবং যেটুকু বাকী আছে সেগুলি যাতে শীঘ্র দখল নেওয়া হয় এবং বিলি করা হয় সেইজন্য সুনির্দিষ্ট নীতি অনুসারে নির্দেশ দেওয়া হয়েছে।

শ্রীসনৎকুমার রাহাঃ যে জায়গার দখল নেওয়া হয় নি সেটা কবরস্থান হতে পারে ভাগাড় হতে পারে বা জনস্বার্থে ব্যবহৃত হতে পারে। কিন্তু এটা কি সত্য যে, এগুলি ব্যক্তিগত দখলে আছে বলে এর দখল আপনারা নিতে পারেন নি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ না। শ্মশান, কবরস্থান এবং ভাগাড় ব্যক্তিগত দখলে আছে বলে নিতে পারি নি, এটা ঠিক নয়। এগুলি সমষ্টিগতভাবে আছে। তবে কোন কোন জমির যে দখল নিতে পারি নি, তার কারণ হচ্ছে মামলা-মোকদ্দমা এবং এই কারণে আমরা ১ হাজার ১১২ একর জমির দখল নিতে পারি নি। আমরা মামলা রুজু করেছি, কিন্তু জমির ভূতপূর্ব মালিকরা দাবী করছে যে, এই জমি সরকারে ন্যস্ত হতে পারে না এটা তাদের। এই নিয়ে মামলা-মোকদ্দমা চলছে এবং তার জন্য এক হাজার একরের বেশী জমির দখল আমরা নিতে পারি নি। এ ছাড়া আর কতগুলি জমি আছে যেখানে আমরা ১০(২) ধারা জারী করতে পারি নি। এটা যে পারি নি তার কারণ হচ্ছে এটা করবার আগে আমাদের কতগুলি বিষয় অনুসন্ধান করতে হয় এবং এইজনাই দেরী হচ্ছে। তবে এইজন্য আমরা খুসী নই এবং সেজন্য সংশ্লিষ্ট কর্মচারীদের নির্দেশ দিয়েছি যাতে তাড়াতাড়ি দখল নেওয়া হয়।

শ্রীদেবশরণ ঘোষঃ মন্ত্রিমহাশয় বললেন, যেসমস্ত জমি সরকার পেয়েছেন সেগুলি খণ্ড খণ্ড আকারে পাওয়া গেছে এবং তার ফলে বন্দোবস্ত দিতে অসুবিধা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, আপনি কি মনে করেন না যে, এই সমস্ত জমির মালিক জোতদাররা সরকারী আইন ফাঁকি দেবার জন্য তাদের জমির যেসব অংশ ছেড়ে দিয়েছে সেগুলি খণ্ড খণ্ড আকারে দিয়েছে? এইসব জোতদারদের একই মৌজায় আরও অনেক জমি আছে। কাজেই তারা সরকারী আইন ফাঁকি দেবার জন্য এইসব জমিগুলি খণ্ড খণ্ড আকারে দিয়েছে এটা আপনি মনে করেন কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এটা মতামতের প্রশ্ন। তবে যদি কোন ব্যাপারে বিশদ বিবরণ দেন তা হলে আমি খোঁজ করব।

শ্রীদেবশরণ ঘোষঃ এই সমস্ত জমি যা বন্দোবস্ত দেওয়া হয় সেগুলি প্রায়োরিটি হিসেবে যারা ভূমিহীন কৃষক তাদের দেওয়া হয়, না যারা জোতদারদের অধীনে চাষ করত তাদের দেওয়া হয়?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আমি বহুবার বলেছি, কিভাবে এইসব জমি বিতরণ করা হবে। সাধারণতঃ যেসব জায়গায় বেশী পরিমাণ জমি পাওয়া গেছে সেখানে উপদেষ্টা কমিটি

গঠন করা হয় এবং তাঁরাই উপদেশ দেন কিভাবে বণ্টন করা হবে। তাঁরা যখন উপদেশ দে তখন তাঁরা কতগুলি নিয়ম মেনে চলেন—যেমন, কারুর বেশী জমি থাকবে না। একজন লো আগে থেকে চাষ করেছে বলে তাকেই স্বত্ব দিতে হবে এরকম কোন বিধান নেই।

শ্রীসনৎকুমার রাহা: উপদেষ্টা কমিটি ছাড়া জেলাশাসক মহাশয় নিজের দায়িত্বে জমি বন্দোবস্ত দিতে পারেন কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: যেখানে উপদেষ্টা কমিটি গঠন করা হয় নি, সেখানে জে এল আর ও অল্পকালের জন্য দিতে পারেন কিন্তু বেশীকালের জন্য নয়।

শ্রীসনৎকুমার রাহা: বেলডাঙ্গা এ্যাডভাইসরি কমিটি গত ১৯৬৩ সালের মধ্যে কবার বৈঠক করেছে, কোন বৈঠক করেছে কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এটা এই প্রশ্ন থেকে উঠে বলে মনে হয় না। এ প্রশ্ন সম্পর্কে উত্তর দিতে পারব না, জানালে পরে উত্তর দেব।

শ্রীসনৎকুমার রাহা: এই জমিগুলি দেওয়া হয়েছে কোন্ বছরে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: কোন্ বছরে দেওয়া হয়েছে বলতে পারি না।

Boundary-bundh of Lakshmipara village

***31.** (Admitted question No. *296.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার পিংলা থানায় লক্ষ্মীপাড়া গ্রামের সীমানা বাঁধ মেরামত না থাকায় সেখানের ফসল প্রায়ই নষ্ট হয় এবং জনগণের অসুবিধা হয়; এবং

(খ) অবগত থাকিলে, অবিলম্বে ঐ বাঁধ মেরামত করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) এই মর্মে একটি অভিযোগপত্র পাওয়া গিয়াছে।

(খ) সাধারণভাবে মেরামতের ব্যবস্থা হইয়াছে।

শ্রীঅনঙ্গমোহন দাস: এই গ্রামের সীমানা বাঁধ কতদিন ধরে মেরামত হয় নি জানেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: তা বলতে পারি না, তবে মোটামুটি আমি যে সংবাদ পেয়েছি তা মাননীয় সদস্যদের অবগতির জন্য নিবেদন করছি। এই সীমানা বাঁধ না হওয়ার ফলে এই এলেকায় ক্ষতিসাধন হয়েছে এই মর্মে শ্রীহরেকৃষ্ণ সামন্ত এবং অন্যান্য কয়েকজন অভিযোগ করেছেন। পত্রটি জেলা সমাহর্তার কাছে উপযুক্ত তদন্তের জন্য পাঠান হয়েছে। বাঁধটি মেরামতের জন্য ইতিমধ্যে সাধারণভাবে যা করবার তা করা হয়েছে। তবে ঠিক ঠিক মত করবার জন্য আমি বলেছি যাতে আগামী মার্চ মাসের মধ্যে মেরামতী কার্য সমাধা হতে পারে।

শ্রীঅনঙ্গমোহন দাস: এই বাঁধটি মেরামত করতে গেলে কত টাকা খরচ হবে বলে মনে করেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: সেটা জেলা সমাহর্তাকে লিখতে বলা হয়েছে।

শ্রীঅভয়পদ সাহা: এই বাঁধটি কি সরকারী বাঁধ?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এটা হল সীমানা বাঁধ, এবং খুব সম্ভব আগে ছিল জমিদারদের, পরে এটা সরকারে বর্তেছে।

শ্রীঅনঙ্গমোহন দাস: এ বছর যাতে মার্চের মধ্যে মেরামত হয় তার জন্য জেলা সমাহর্তাকে বিশেষভাবে বলবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমি সেকথাই বললাম। মার্চ মাসের মধ্যে যাতে এটা হয়, সেজন্য জেলা সমাহর্তাকে বিশেষ ব্যবস্থা অবলম্বন করতে বলা হয়েছে।

Spinning mill

***32.** (Admitted question No. *360.)

শ্রীকানাই পাল: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তিপুর থানায় সুতাকল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কত দিনে এই পরিকল্পনা কার্যকরী করা হইবে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে, শান্তিপুর প্রধানতঃ তাঁত শিল্পের উপর নির্ভরশীল, সেই তাঁত শিল্পের খুবই দুরবস্থার জন্য তারা মরতে বসেছে, তাঁত শিল্প অচল হতে বসেছে সুতোর অভাবে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: কানাইবাবু একথা বলতে পারেন, শুধু শান্তিপুরই নয়, সাধারণতঃ নদীয়ায় তাঁত শিল্পের খুব প্রচলন আছে এবং সেই কারণে সরকার কল্যাণীতে পাবলিক সেক্টারে ৫০ হাজার স্পিন্ডলের সুতাকল বসিয়েছে। কিন্তু আমাদের থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে শান্তিপুরে আর নূতন করে বসাবার কোন প্রশ্ন নেই, শান্তিপুরের গুরুত্ব নেই একথা বলছি না।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি কল্যাণীতে যে ২ নম্বর স্পিনিং মিল হবার কথা ছিল সেটা কি কারণে হাবড়ায় চলে গেল?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: কারণ হচ্ছে এই যে, সরকার যে নীতি গ্রহণ করেছে তাতে যতগুলি স্পিন্ডল পাওয়া যাবে সেগুলি জেলায় ছড়িয়ে দেওয়া হবে, যাতে প্রত্যেক জায়গায় গ্রামাঞ্চলের লোকেরা কর্ম সংস্থানের সুবিধা পায়।

শ্রীমতী শান্তি দাস: মাননীয় মন্ত্রিমহোদয় এখনি বললেন যে নদীয়ায় তাঁতশিল্প যথেষ্ট রয়েছে, সেই কারণেই কি কল্যাণীতে স্পিনিং মিলের একটা অংশ ২৪-পরগণার হাবড়া থানায় নিয়ে যাওয়া হয়েছে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: কল্যাণীর একটা স্পিনিং মিলের অংশ নিয়ে নেওয়া হয় নি, সেখানে ৫০ হাজার স্পিন্ডলের দুটো স্পিনিং মিল করা হয়েছে, ২৫ হাজার করে আমরা সাধারণতঃ করে থাকি, সেটা পাবলিক সেক্টারে করা হয়েছে, বাকি ২৫ হাজার স্পিন্ডলের অন্য জায়গায় করা স্থির হয়েছে, তবে এখানে ৫০ হাজার স্পিন্ডলের করা হয়েছে, পাবলিক সেক্টারে যে ২৫ হাজার স্পিন্ডল হবে সেটা অন্য জায়গায় করার কথা স্থির করা হয়েছিল, এটাকে অন্য জায়গায় নিয়ে যাবার প্রশ্ন উঠে না।

12-30—12-40 p.m.]

শ্রীমতী শান্তি দাস: কল্যাণী স্পিনিং মিলস-এ মেন্টেন্যান্স-এর জন্য যে টাকা খরচ করা হচ্ছে সেখানে অতিরিক্ত আর একটা নাম্বার ২ কল্যাণী স্পিনিং মিলস যদি হাবড়ায় তৈরি করা হয় তাহলে সেটা কি ইকনমির দিক থেকে ঠিক হবে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: ২৫ হাজার স্পীন্ডল কেন ১২ হাজার স্পীন্ডল অন্য জায়গায় নিয়ে গেলে ইকনমির দিক থেকে ঠিক হয়।

শ্রীনরেন্দ্রনাথ সরকার: ফুলিয়াতে যে কো-অপারেটিভ স্পিনিং মিল করবার কথা ছিল সেটার বর্তমান অবস্থা কি?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: ফুলিয়াতে যে সমবায় ভিত্তিতে স্পিনিং মিল করবার কথা ছিল আমরা চেষ্টা করে ১২ হাজার লাইসেন্স পাইয়ে দিয়েছিলাম। এখন তাঁরা শেয়ার ক্যাপিটাল যোগাড় করবার চেষ্টা করছেন। কিন্তু তারপর তাঁরা আর আসেন নি। তাঁরা ১২ হাজার স্পীন্ডল-এর লাইসেন্স পেয়েছেন এবং তাঁরা শেয়ার ক্যাপিটাল যোগাড় করবার চেষ্টা করছেন।

শ্রীনরেন্দ্রনাথ সরকার: আপনি কি বলবেন যে যদি শেয়ার ক্যাপিটাল তোলা সম্ভবপর হয় তাহলে ফুলিয়াতে ঐ সমবায় স্পিনিং মিল চালু হবে কি?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: নিশ্চয়, ১২ হাজার স্পীন্ডল-এর লাইসেন্স তাঁরা পেয়েছেন।

শ্রীমতী শান্তি দাস: কল্যাণী স্পিনিং মিল নম্বর ২ যেটা ২৪-পরগণা জেলার হাবড়ায় গেছে সেটা কি আসলে নর্থ বেঙ্গল এর স্কীম ছিল?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: পাবলিক সেক্টার স্পিনিং মিল—এটা কোন জায়গার জন্য ছিল না, সারা পশ্চিমবাংলার জন্য ছিল।

শ্রীদেবী বসু: নদীয়া জেলায় ব্যাপক তাঁতের প্রচলন হয়েছে এটা সত্যি কথা এবং এর উপর উদ্বাস্তুরা জীবিকার্জন করছে। কিন্তু আজকে দক্ষিণ ভারতের সঙ্গে বাংলার তাঁত পারছে না, তার প্রধান কারণ সুতোর অভাব। আমি জানতে চাই বাংলাদেশে যেখানে সুতোকলগুলি হোক না কেন, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাতে করে বাংলার তাঁতীদের যে-রকম কাউন্ট-এর সুতোর চাহিদা আছে ১০০ থেকে ১২৪ কাউন্ট পর্যন্ত সেই সুতোর চাহিদা কি পরিমাণে মেটাতে সম্ভবপর হবে এই সুতোকলগুলি সে সম্বন্ধে তিনি কি কিছু বলবেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: এটা এখন বলা সম্ভব নয়, তবে এটুকুন আমরা জানি যে এখন পশ্চিমবাংলায় যে সুতো তৈরী হয় তার শতকরা ২০ ভাগ দাবী মেটান যায় না। আমরা যে স্পীন্ডলগুলি পাবলিক এবং প্রাইভেট সেক্টার-এ করলাম আশা করি তারা দাবী মেটাতে পারবে না। তবে সুতো সম্বন্ধে ডিটেইলস বলতে পারব না।

শ্রীমতী শান্তি দাস: সুতো সম্বন্ধে যে উত্তর মন্ত্রীমহাশয় দিলেন তাতে আমি তাঁর কাছে জানতে চাই যে কল্যাণী স্পিনিং মিলস-এ যে সুতো প্রোডাকসন হয় সেটা এ্যাকচুয়েলি যাদের জন্য হয় সেই তাঁতীদের ঘরে না গিয়ে মিডলম্যানদের ঘরে যায়। আমার যে ইনফরমেশান তাতে আমি আপনাকে একথা বলতে পারি।

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: শ্রীমতী শান্তি দেবী যদি সমস্ত জানেন তবে প্রশ্ন করলেন কেন জানি না। আমি তবে এটুকুন জানি যে মুখ্যমন্ত্রী যদি কমিশনের চেয়ারম্যান হবার পর সুতোর একটা বড় অংশ তাঁতীদের কাছে যাতে যেতে পারে তার জন্য কল্যাণী স্পীনিং মিলস-এর ডাইরেকটরসদের ডেকেছিলেন এবং বন্দোবস্ত করে দিয়েছেন যাতে সুতোর একটা বড় অংশ আমাদের দেশের তাঁতশিল্পীদের কাছে যেতে পারে। কিন্তু একজাক্টলি কত পারসেন্ট তা বলতে পারবো না।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কি বলবেন যে হাবড়া থানা অঞ্চলে কল্যাণী স্পীনিং মিল নম্বর ২ স্থাপন করার পরিকল্পনা কেন গ্রহণ করা হল? অর্থাৎ ঐ অঞ্চলটা কি কি বিশেষ কারণে সরকার ঠিক করলেন ঐ অঞ্চলটা সবচেয়ে বেশী ভাল হবে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: প্রথম কথা হচ্ছে হাবড়ায় একটা স্পীনিং মিলস স্থাপন করবার জন্য পুনর্বাসন বিভাগ থেকে আগে তাঁরা ঠিক করেছিলেন এবং সেখানে প্রাইভেট লাইসেন্সিদের যে লাইসেন্স দেবার ব্যবস্থা করেছিল তা তাঁরা করতে পারেন নি. সেখানে প্রায় ১½ লক্ষের বেশী উদ্বাস্তু থাকার জন্য পশ্চিমবঙ্গ-সরকার ভেবেছিলেন যে সেখানে যদি ইন্ডাস্ট্রি না করা যায় তাহলে সেখানে যে বেকার সমস্যা রয়েছে তা দূর করা সম্ভব হবে না এবং আগেকার যে পুনর্বাসন নীতি ছিল সেই অনুযায়ী পুনর্বাসন বিভাগ থেকে জমি দিয়েছে এবং পুনর্ব্বাসন বিভাগ সেখানে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করবার কথা ছিল. সেখানে জমি তার জন্য দিয়েছে। আমাদের নীতি হচ্ছে বিভিন্ন জায়গায় ছড়িয়ে দিয়ে করা--বেকার সমস্যা দূর করার জন্য সেদিক থেকে সেটা করা হয়েছে।

Shri Gour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বোর্ড অফ ডাইরেক্টর্স-এর চেয়ারম্যান জে পি ঘোষ, সেণ্ট্রাল গভর্নমেন্টএর কাছ থেকে ৮০ হাজার টাকা লোন পান গত ১৯৫০ সালে। শ্রমিকদের কাছ থেকে প্রভিডেন্ট ফান্ডএর টাকা নিয়ে সরকারের কাছে জমা দেন নি এবং তাঁর নামে বহু মামলা চলেছে. এ ছাড়া গভর্নমেন্টএর ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট যে সমস্ত ঘর ভাড়া নিয়েছেন এবং সে সমস্ত ঘরের ভাড়া ১০ বৎসর ধরে ১ নয়া পয়সাও দেন নি, এহেন লোককে বোর্ড অফ ডাইরেক্টর্সএর চেয়ারম্যান করে ১২ লক্ষ টাকা দেবার যে পরিকল্পনা করা হয়েছে, সে পরিকল্পনার ফলে বহু লক্ষ টাকা চুরি হয়ে যাবে। এটা বন্ধ করবেন কি না জানাবেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:

প্রথম কথা হচ্ছে যে সমস্ত কথা বললেন তা জানা নেই, আর ১২ লক্ষ টাকা দেবার কোন প্রশ্নও ওঠে না ১২ হাজার স্পিণ্ডলস মিলের লাইসেন্স দেবার পরিকল্পনা ফুলিয়া সমবায় সমিতিকে দেবার কথা আছে, অতএব ১২ হাজার স্পিণ্ডলস, ১২ হাজার টাকার কোন প্রশ্ন উঠে না। তারা ১২ হাজার স্পিণ্ডলসএর একটা প্রোপোজাল পাঠাবার পর পশ্চিমবঙ্গ-সরকার বিবেচনা করবেন দেওয়া হবে কি হবে না, এখনও পর্যন্ত দেবার বন্দোবস্ত করা হয় নি।

Shri Gour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন বোর্ড অফ ডাইরেকটর্সএর সঙ্গে মন্ত্রিসভার জনৈক বিশিষ্ট মন্ত্রী যুক্ত আছেন অলক্ষ্যে?

The Hon'ble Tarun Kanti Ghosh:

এ সংবাদ জানা নেই।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রিমহাশয় কি বলবেন, একটি প্রশ্নের উত্তরে বলেছিলেন যে শান্তিপুর থানায় সুতাকল বসানোর প্রয়োজনীয়তা আছে, কিন্তু আসলে সেখানে বসাবার জন্য সরকার তরফ থেকে মন্ত্রি-মহাশয় কি চেষ্টা করেছেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:

প্রত্যেকটা প্রদেশে আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে কাজ করি। ৫ বৎসরে কি করা যাবে না যাবে তা স্থিরীকৃত থাকে, আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে সরকার তরফ থেকে যাকে পাবলিক সেক্টার বলা হয় সেখানে ২৫ হাজার স্পিণ্ডলস করবার কথা আছে সে ২৫ হাজার স্পিণ্ডলস করবার জায়গা ঠিক হয়ে আছে, অতএব শান্তিপুরে নূতন করে পাবলিক সেক্টার কিছু করা যায় কি না সে চিন্তা ৪র্থ পরিকল্পনার মধ্যে করা সম্ভব নয়।

Shri Bejoy Kumar Banerjee:

হাবড়ায় যে উদ্বাস্তু আছে, শান্তিপুরে সে উদ্বাস্তু কি নেই, যাদের পুনর্বাসনের জন্য একটা কল করা যেতে পারে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
পুনর্বাসনের ব্যবস্থা পশ্চিম বাংলার আরো অনেক জায়গায় আছে। আমাদের যদি সে ক্ষমতা থাকতো তা হলে নিশ্চয়ই করতাম, এবং সে হিসাবে জানাতে পারি যে আমাদের প্রাইভেট সেক্টারএ আমার ঠিক মনে নেই দেড় লক্ষ নয়, বোধ হয় ১ লক্ষ ৬৭ হাজারের স্পিন্ডলএর লাইসেন্স দিয়েছি, সে লাইসেন্স বিভিন্ন ডিস্ট্রিক্টএ ভাগ করে দিয়েছি যাতে করে কলকাতার চারপাশে না বসে বিভিন্ন জায়গায় কর্মসংস্থান করতে পারা যায় তার চেষ্টা হচ্ছে; অতএব সেদিক থেকে শান্তিপুরে বেকার সমস্যা নেই বা উদ্বাস্তু নেই একথা কি করে বলতে পারি। আমাদের যা করবার ক্ষমতা আছে তাই কেবল বলতে পারি।

Shri Sailendra Nath Adhikary:
প্রাইভেট সেক্টার যে স্পিন্ডলস করবার পরিকল্পনা আছে, তাতে বিভিন্ন জেলার কথা যা বললেন, সে বিষয় নর্থ বেঙ্গল কোন কোন ... মুর্শিদাবাদ, বীরভূম ইত্যাদি এর মধ্যে ... আছে কি না এবং করা হয়ে থাকলে সেগুলি ইমপ্লিমেন্টেশন করবার কি ব্যবস্থা হয়েছে মন্ত্রিমহাশয় দয়া করে তা জানাবেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আমি শৈলেনবাবুকে অনুরোধ করব তিনি যেন নোটিশ দেন এবং নোটিশ দিলে নিশ্চয়ই জানাব। অথবা যখন বাজেট ডিসকাশন হবে তখন জানাব।

Shri Nepal Chandra Roy:
মাঃমহাশয় জানাবেন কি হাবড়ায় যে স্পিন্ডলএর লাইসেন্স দেওয়া হয়েছে তা কি একজনের নামে, এবং তার নাম কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
তার নাম পশ্চিমবঙ্গ সরকার।

[12-40—12-50 p.m.]

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, হাবড়াতে যে স্পিণ্ডলগুলি দেওয়া হয়েছে সেগুলি কি একজনের নামে? যদি একজনের নামে দেওয়া হয়ে থাকে তাহলে তার নামটা জানতে পারি কি?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ তার নাম হচ্ছে পশ্চিমবঙ্গ সরকার।

শ্রীকানাই পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই সূতা তাঁতিদের জন্য এই কল্যাণী মিল থেকে সরবরাহ করা হয়ে থাকে। তিনি কি জানেন যে, যে সোর্স দিয়ে, যাদের মাধ্যমে এই সূতা সরবরাহ করা হয় তারাই এর অধিকাংশ সূতা আত্মসাৎ করছে, তাঁতিদের হাতে গিয়ে পৌঁছাচ্ছে না?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ আপনাদের আমি অনুরোধ করবো যে এই একটা প্রশ্ন আপনারা করেছিলেন এবং তার থেকে যদি সমস্ত খবর জানবার চেষ্টা করেন তাহলে এটা কখনই সম্ভব নয় আমার পক্ষে জানান। আপনার যদি এমন কোন খবর থাকে যে পৌঁছাচ্ছে না, তাহলে আপনি আমাকে জানাতে পারেন, আমি নিশ্চয়ই দেখবো।

শ্রীকানাই পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় যে কারণে তিনি বলেছিলেন যে নদীয়া থেকে—যেটা কল্যাণী নং ২ সূতাকল হবার কথা ছিল—সেটা উদ্বাস্তুদের জীবিকার জন্যে হাবড়ায় এবং নিজের অঞ্চলে টেনে নিয়ে যাওয়া হয়েছে, সেখানে আমি এই কথাই জানতে চাই যে নদীয়া জেলায়, সেখানে উদ্বাস্তুদের সংখ্যা কত? এবং শান্তিপুর, যেখানে উদ্বাস্তু না হলেও যারা তাঁতি, যারা জীবিকার অভাবে এবং সূতার অভাবে আজকে মরতে বসেছে এবং যেখানে এই কারণে অন্য

জেলার কথা ছেড়ে দিন—নদীয়া জেলায় যা টি বি রোগীর সংখ্যা, এক শান্তিপুর থানায়ই শত শত টি বি রোগী না খেয়ে এই দেশের সেবা করে, শান্তিপুরের ধুতি সাড়ী তৈরী করে শান্তিপুর এবং বাংলা দেশের সুনাম অর্জন করে যে অবস্থায় গিয়েছে, আমি জানতে চাই যে সে খবর তিনি রাখেন কি না, যার জন্য তিনি বললেন এখান থেকে সুতা কলটি ওখানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ এটা দয়া করে উদ্বাস্তু বিভাগের মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করবেন যে কোন কোন খানে কত উদ্বাস্তু আছে, আমার পক্ষে সেটা বলা সম্ভব নয়। তবে আপনারা যদি সবাই মিলে এই মত পোষণ করেন যে, যেহেতু হাবড়া আমার কনস্টিটিউয়েন্সি, সেখানে কিছু হতে পারে না তাহলে আমি খুব নাচার। আমি শুধু এইটুকু বলতে পারি যে শান্তিপুরে হবার কোন কথা ছিল না এবং কোন জায়গা থেকে উঠিয়ে নিয়ে আসারও কোন প্রশ্ন নাই। আমাদের উদ্বাস্তু বিভাগের দিক থেকে হাবড়াতে স্পিনিং মিল করার কথা ছিল, প্রাইভেট সেকটারে করতে পারেনি, সেটা পাবলিক সেকটারে করার বন্দোবস্ত করা হয়েছে। আপনি বলা হয়েছে বলেন এ আমার বলা হয়েছে, আর ঠিক করা হয়েছে বলেন ও ঠিক করা হয়েছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শান্তিপুর থানায় সুতাকল না হয়ে হাবড়াতে হবার একমাত্র কারণ কি এই যে হাবড়া হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয়ের নির্বাচন কেন্দ্র?

(নো রিপ্লাই)

শ্রীগৌরচন্দ্র কুন্ডুঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ফুলিয়া স্পিনিং মিল যেটা ফুলিয়ায় হবার কথা ছিল সেটা নবদ্বীপে হবার জন্য আমাদের বি পি ঘোষ এবং কংগ্রেসের নেতারা চেষ্টা করছেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ আপনি যদি দয়া করে আর একবার প্রশ্ন করেন তাহলে আমি খোঁজ নিয়ে জানাতে পারি। এর থেকে সে প্রশ্নের উত্তর দেওয়া যায় না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একটি সাপ্লিমেন্টারি করছি। এই যে পাবলিক সেকটারে যে সুতাকলগুলি করা হচ্ছে সেটা কি নীতি হিসাবে, শুধু উদ্বাস্তুদের জন্যই করার নীতি গ্রহণ করা হয়েছে? অথবা সব সেই নীতি গ্রহণ করা হয়েছে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ ওখানে সুতাকল পাবলিক সেকটার থেকেই করবার কথা হয়েছিল। উদ্বাস্তু অনুদ্বাস্তু বলে কোন কথা নাই।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, হাবড়া পশ্চিমবঙ্গের মধ্যে না পশ্চিম বাংলার বাইরে?

(নো রিপ্লাই)

Press Co-operatives

***33.** (Admitted question No. *336.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Co-operation Department be pleased to **state**—

(a) how many Press Co-operatives in Berhampore town applied for registration in 1963;

(b) what are the names of those Press Co-operatives,

(c) the names and the number of those that were registered; and

(d) whether Government has given any loan for the purpose?

The Hon'ble Tarun Kanti Ghosh: (a) One.

(b) Cygnus Printing Co-operative Society Ltd.

(c) One, namely Cygnus Printing Co-operative Society Ltd.

(d) No.

Shri Sanat Kumar Raha:
আমার প্রশ্ন হচ্ছে, বহরমপুরের সিগনাস কো-অপারেটিভ বলে একটি কো-অপারেটিভ লোনএর জন্য প্রেয়ার করেছিলেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:
তাঁরা প্রেয়ার করেছিলেন এই নবেম্বর মাসে।

Shri Sanat Kumar Raha:
এই সমিতির ম্যানেজিং এজেন্সির নাম বলতে পারেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এর ম্যানেজিং কমিটির ডাইরেক্টরদের নাম, সামসুদ্দিন আহম্মদ, এম এল এ; বিজয়কৃষ্ণ মল্লিক, পীযূষকান্তি চ্যাটার্জি, আবদুল সাত্তার, কালিদাস ধাড়া, দেবনারায়ণ ঘোষ, বিমলকৃষ্ণ পাণী, রামনন্দন ভট্টাচার্য, দীপ্তিকুমার চ্যাটার্জি, ফণিভূষণ চন্দ্র, শৈলেশচন্দ্র মৈত্র।

Shri Sanat Kumar Raha:
সামসুদ্দিন আমেদ সাহেব এম-এল-এ-এর মধ্যে আছেন বলে একে প্রায়ওরিটি দেওয়া হয়েছে অনারা রেজিস্ট্রেশন-এর জন্য আগে এ্যাপ্লাই করা সত্বেও এই রকম কোন অভিযোগ এসেছে কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:
এই পর্যন্ত কেউ অভিযোগ করে নি।

Shri Birendra Narayan Ray:
এর উদ্দেশ্য কি রিফলেস উকিল যাঁরা রয়েছেন তাঁদের বিহ্যাবিলিটেসান করা?

The Hon'ble Tarun Kanti Ghosh:
আপনার যদি জানাই থাকে তবে আমাকে জিজ্ঞসা করছেন কেন?

Shri Jaharlal Banerjee:
কংগ্রেস এম এল এ-দের পক্ষে কোন কো-অপারেটিভএর ডাইরেক্টার হওয়ায় কোন নিষেধ আছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:
সংবিধানে কিছু নাই।

Survey in Chilahati mouza

***34.** (Admitted question No. *401.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার সদর থানার ১২নং দক্ষিণ বেরুবাড়ী ইউনিয়ন অন্তর্ভুক্ত ১নং ও ২নং ছিল চিলাহাটী মৌজা অঞ্চলে ১৯১৬ সালে যে জরীপ হয় (মিলিগান সার্ভে) সেই জরীপের ভিত্তিতে চিলাহাটী ১নং ও ২নং বরাবর জলপাই-গুড়ি সদর থানার অন্তর্ভুক্ত;

(খ) উক্ত জরীপের পর এই অঞ্চলে পরিবর্তনের জন্য অপর কোন জরীপ দেশ বিভাগের পূর্বে হইয়াছিল কিনা; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে এই জরীপ কবে হইয়াছিল এবং তাহার বিবরণ কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:
বিষয়টি বিবেচনাধীন বলে কোন উত্তর দেওয়া সম্ভব নয়।

Dr. Kanai Lal Bhattacharya:
আমরা একটা ফ্যাক্ট জানতে চাচ্ছি যে, এই সময় জরীপ হয়েছিল কি না এবং যদি জরীপ হয়ে থাকে তাহলে এটা জলপাইগুড়ির সদর থানার মধ্যে ইনক্লুড করা হয়েছিল কি না স্যার, এটা একটা ফ্যাক্ট-এর ব্যাপার, এর মধ্যে যদি কোন ডাউট থাকে তাহলে সরকার সেটা বলুন, শুধু বিবেচনাধীন আছে বলে চেপে গেলে চলবে না। সেজন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই ১নং এবং ২নং চিলহাটি সদর মহকুমার অন্তর্ভুক্ত কি না, এটা মন্ত্রিমহাশয় জানেন কি না হ্যাঁ বা না বলুন।

Mr. Speaker: Is it not a matter of revenue record, Mr Bhattacharya?

[12-50—1 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Honourable Members will kindly realise that this is a matter of great importance, specially in a question of this nature. This involves issues which are under dispute and I should not be asked to make a statement which may go to determine an issue of some national importance this way or the other, and I will request the honourable members not to press for an answer. If any honourable member is so eager to look at the records, I will perhaps be in a position to show him the records, but it is not possible for me here on the floor of this House to make a statement which may go against our interests.

Mr. Speaker: I think we should stop now

শ্রীকানাই ভট্টাচার্য: তাহলে বলা উচিত ছিল যে, পাবলিক ইন্টারেস্ট-এর জন্য দেওয়া যাবে না।

শ্রীননী ভট্টাচার্য: স্যার, এখানে বৈধতার প্রশ্ন আসছে কারণ আপনি এই প্রশ্ন অ্যাডমিট করেছেন এবং কোন বিচারাধীন বিষয় জানতে চাওয়া হয় নি। শুধু একটা ফ্যাক্ট যেটা রেকর্ড-এর অন্তর্ভুক্ত সেটা জানতে চাওয়া হয়েছে। সুতরাং আমার মনে হয় যে প্রশ্ন আপনি সব দিক বিচার বিবেচনা করে অ্যাডমিট করেছেন এবং যেটা শুধু রেকর্ড-এর ব্যাপার, ফ্যাক্ট সংগ্রহ করার ব্যাপার, সেখানে মাননীয় মন্ত্রিমহাশয়ের একরকম উত্তর দেওয়া চলবে না। এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। কারণ বেরুবাড়ীর ব্যাপার নিয়ে অনেক কিছু হয়েছে। এখানে শুধু রেকর্ড-এর ব্যাপার জিজ্ঞাসা করা হয়েছে—১৯১৬ সালে যে জরিপ হয়েছে তাতে এটা অন্তর্ভুক্ত ছিল কি না?

মিঃ স্পীকার: অ্যাডমিট করবার পর বিচারাধীন বলছেন এখানেই হোল অবজেকসন। After the question is admitted and put on the floor of the House কাজেই সেদিক থেকে এটা খুব উল্টো হয় নি। যা হোক,
in view of what the Hon'ble Minister has said, I request the honourable members not to press the matter further.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: স্যার, আজকে চিলাহাটির এক এবং দুই নম্বর মৌজা পাকিস্তানকে এ'রা দিচ্ছেন, কিন্তু আমরা অপজিসন থেকে চেষ্টা করছি যাতে না দেওয়া হয় এবং সেই জন্যই মামলা করা হয়েছে। আমরা অ্যাসেম্বলীতে তথ্যের জন্য প্রশ্ন করছি এবং এগুলো পেলে আমাদের সুবিধা হবে। কিন্তু উনি বলছেন আমাদের দেখাবেন কারণ এই তথ্য সরবরাহ করলে উনি মনে করছেন পাকিস্তানের পক্ষে সুবিধা হবে এবং আমাদের দেশের পক্ষে অসুবিধা হবে। কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে, ও'রা যখন এক এবং দুই নম্বর মৌজা পাকিস্তানকে দিয়ে দিচ্ছেন তখন এতে ও'দের কি ক্ষতি হচ্ছে? দেশের স্বার্থ রক্ষার কথা যেটা বলছেন সেটা আসছে কোথায়? আজকে যদি এটা সরবরাহ করেন তাহলে কেস্ অন্য রকম হবে, কিন্তু বিচারাধীন বলে দেবেন না এটা একটা কথাই নয়। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে ইট ইজ এ ফ্যাক্ট কাজেই আপনি জবাব দিন যে, চিলাহাটির এক এবং দুই নম্বর মৌজা জলপাইগুড়ি সদর থানার অন্তর্ভুক্ত বলে ১৯১৬ সালে যে সার্ভে হয়েছিল তাতে সেটা বলা হয়েছিল কি না?

The Hon'ble Syamadas Bhattacharyya: I hope very much that the honourable members on the other side have realised the importance of this matter. I would request the honourable members not to press for it

শ্রীকমলকান্তি গুহ: স্যার, চিলাহাটির এক এবং দুই নম্বর মৌজা এ'রা পাকিস্তানকে দিয়ে দিচ্ছেন, কাজেই তার গুরুত্ব এ'দের কাছে কিছু নেই। কিন্তু আমাদের কাছে এর গুরুত্ব আছে কাজেই আমরা জানতে চাই যে, আজকে যেটা পাকিস্তানের অংশ বলে দিয়ে দিচ্ছেন সেটা ১৯১৬ সালের জরিপে ভারতবর্ষের অবিচ্ছেদ্য অংশ বলে ছিল কি না, জলপাইগুড়ি জেলার অংশ বলে ছিল কি না?

[No reply]

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: আমি বলতে চাচ্ছি এই ম্যাটারটা সাব-জুডিস আদালতে নালিশ হয়েছে বলে, হাইকোর্টে নালিশ হয়েছে বলে। আমি জানতে চাচ্ছি আমাদের জানতে বাধাটা কোথায়? কোর্টের ম্যাটারটা অ্যাফেক্ট না করে দিস কোশ্চেন ইজ সোললি ফর গেটিং আনসার ফ্রম গভর্ণমেণ্ট, আমি জানি না কি হচ্ছে।

মিঃ স্পীকার: সাব-জুডিস পয়েণ্ট সম্বন্ধে ওভাররুলড হয়ে গেছে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: তারপর অনারেবল মিনিস্টার বললেন ন্যাশনাল ইন্টারেস্ট সেটা আদালতে গণ্য হবে না। ন্যাশনাল ইন্টারেস্ট কি আমাদের শোনা দরকার।

শ্রীকানাই পাল: মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে ন্যাশনাল ইন্টারেস্ট বলে সংবাদ সরবরাহ করছেন না। কিন্তু আমি মনে করছি এটা আদপেই ন্যাশনাল ইন্টারেস্ট নয়, এটা রুলিং পার্টির ইন্টারেস্ট। পৈতৃক সম্পত্তি হস্তান্তরের ব্যাপারে, পৈতৃক সম্পত্তি দান করবার জন্য আমি রুলিং চাচ্ছি এটা ন্যাশনাল ইন্টারেস্ট নয়, এটা ন্যাশনাল ইন্টারেস্ট বলে স্বীকার করা যায় না।

(নয়েজ)

মিঃ স্পীকার: আপনার বলা হয়েছে, বসুন।

The strike in the Jay Engineering Works which commenced on the 17th December last is continuing. The six issues arising out of the charter of demands, namely (1) Profitsharing bonus for 1962-63, (2) Gratuity, (3) ad hoc increase, in wages, (4) Dearness allowance of Sales-staff, (5) standardisation of production earnings, (6) whether wages on production to be paid for overtime work, were referred for adjudication and the orders were communicated to the parties prior to the commencement of the strike. Shortly after the strike started, the Labour Commissioner drew the attention of the Trade Union concerned to the relevant provisions of the Industrial Disputes Act which have prohibited strike during the pendency of proceedings before the Industrial Tribunal, inspite of this, the strike was not called off. The strike is contrary to law, the Code of Discipline and the Industrial Truce Resolution.

I may mention that on the [illegible] December, before the strike commenced I took upon myself the responsibility to settle the dispute and requested the union representative to withdraw the strike notice so that negotiations could be started in a congenial climate. My request was turned down by the union. Government, therefore, had to refer the dispute, to adjudication in accordance with the law. The legal remedy has been made available to the workmen and it is up to the union to advise workmen to await the decision of the Tribunal and withdraw the strike which is bad in law.

I again appeal to the workers to avoid this wasting trial of strength. If the strike is withdrawan and normal condition is restored, we may look further into the matter.

[1-20—1-30 p.m.]

Shri Jyoti Basu:

১৪ দিন সময় ছিল, তখন ডাকেন নি কেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

১৪ দিনের মধ্যেই ডাকা হয়েছে।

Shri Jamini Bhusan Saha:

স্যার এটা উত্তেজিত হবার ব্যাপার নয়, তিনি কলিং আটেনশন নোটিশে এ মীমাংসা করতে চান কিনা কিভাবে মীমাংসা করতে চান এ সম্পর্কে কিছুই বলেন নি, তাঁর কাছে আমার রিকোয়েস্ট এই যে, উত্তেজিত না হয়ে তিনি বলুন ন্যাশনাল ইন্টারেস্ট-এ এবং কিভাবে একটা মীমাংসা হতে পারে, এর কিভাবে সলিউশান হতে পারে তার জন্য তিনি এখানে একটা সাজেসান রাখুন।

Mr. Speaker:

আমি কিছু করতে পারি না, তিনি তো স্টেটমেন্ট করেছেন—

The Hon'ble Bijoy Singh Nahar:

যদি মাননীয় সদস্যরা ওয়ার্কম্যানদের স্ট্রাইক উইথড্র করিয়ে নরম্যাল কন্ডিশান ফিরিয়ে আনতে পারেন তাহলে ট্রাইব্যুন্যাল—

Shri Rabindra Nath Mukhopadhyay: On a point of privilage, Labour Minister

বললেন, আইন অনুযায়ী ১৪ দিনের মধ্যেই ডাকা হয়েছে, আমার পয়েন্ট হচ্ছে, তিনি এখানে রংফুল স্টেটমেন্ট এবং ট্রাইং স্টেটমেন্ট করলেন, ইট ইজ নট এট অল এ ফ্যাক্ট, আমি তাঁকে চ্যালেঞ্জ করছি এইটা বলার জন্য, তিনি প্রমাণ করে দেবেন কোন্ তারিখের মধ্যে স্ট্রাইক নোটিশ দেওয়া হয়েছিল, আমরা আশা করব একজন মিনিস্টার অন্তত মিথ্যা স্টেটমেন্ট করবেন না। দিস ইজ মাই পয়েন্ট অফ প্রিভিলেজ যে, তিনি মিথ্যা ভাষণ করেছেন, আন-ফরচুনেটলি, তিনি যেটা বললেন আইন অনুযায়ী করেছেন দিস ইজ নট এট অল ফ্যাক্ট, গভর্ণমেন্ট তা করেন নি। He has no right to make a lying statement

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় সদস্য ঘটনা জানেন না, আমি সত্য এবং ঠিক কথাই বলেছি।

Mr. Speaker: No discussion can be held on a Calling Attention Matter after a statement has been made by the Hon'ble Minister.

Shri Rabindra Nath Mukhopadhyay:

স্যার, unfortunately, Labour Minister wrongful statement করেছেন আমরা আশা করি তিনি এই বিষয়ে কারেক্ট স্টেটমেন্ট দেবেন, এবং আপনি এই সম্পর্কে একটা এনকোয়ারীর ব্যবস্থা করবেন।

Mr. Speaker: I will look into the matter

Now, I have received four notices of Calling Attention on the following subjects, namely:

(1) Indiscriminate arrest and police atrocities in connection with the recent disturbances—by Shri Gour Chandra Kundu

(2) Effect of scarcity of alcohol on industries in West Bengal—by Shri Sanat Kumar Raha

(3) Improper election of panchayat in Char Bishnupur Gram Sabha, district Burdwan—by Shri Subodh Chowdhuri.

(4) Strike in Jay Engineering Works—by Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of effect of scarcity of alcohol on industries in West Bengal. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

The Hon'ble Jagannath Kolay: The statement will be made on Monday, the 17th February, 1964.

Regarding Supply of Sugar

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিষয় উত্থাপন করতে চাই। আগামী সরস্বতী পূজার জন্য গভর্নমেন্টের তরফ থেকে প্রতি স্কুলে মাত্র কুড়ি কেজি চিনির পারমিট দেওয়া হয়েছে, অথচ এক এক স্কুলে এক হাজার, দেড় হাজার ছাত্রছাত্রী পড়ে।

আমাদের ওখানে যে কয়টা স্কুল আছে সেখানে ঐ নিয়ম করা হয়েছে—তার বেশি দেওয়া হবে না। এর ফলে আমাদের সন্তান-সন্ততিরা যারা স্কুলে পড়ছে তারা বলছে যে, এবারে সরস্বতী পূজোয় শুধু চাঁদা দিলেই হবে না, তার সঙ্গে ৫০-১০০ গ্রাম চিনিও দিতে হবে। কাজেই আমার অনুরোধ হচ্ছে চিনির পার্মিটের পরিমাণ বাড়ান, তা না হলে আমাদের মত গৃহস্থ পরিবারের অসুবিধা হবে।

Discussion on Governor's Address

Shri Khagendra Kumar Roy Choudhury: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that there is no mention of any effective measure to bring down existing high prices of rice and other food articles in the State nor there is any guarantee of food supply at controlled prices throughout the year, nor there is any mention of increasing the number of existing fair price shop."

মাননীয় স্পীকার মহাশয়, গত বছর বাংলাদেশে যে খাদ্য পরিস্থিতির উদ্ভব হয়েছিল সে সম্পর্কে মাননীয়া রাজ্যপালের ভাষণে কিছু নেই এবং এমন কি এই খাদ্য নিয়ে বাংলাদেশে যে হৈ-চৈ যে গণ্ডগোল হয়ে গেল এবং সরকার কিছু করতে পারলেন না, সে সম্পর্কে কোন ইঙ্গিত বা ২-১ লাইনও রাজ্যপালের ভাষণে নেই। শুধু তাই নয়, আগামী দিনে সরকারের খাদ্যনীতি কি হবে এবং সরকার কিভাবে প্রস্তুত হচ্ছেন এবং চালের দর বাঁধা সম্পর্কে আগের সেসনে মুখ্যমন্ত্রী যে ঘোষণা করেছিলেন তার ফলাফল কি হচ্ছে সে সম্পর্কে কোন বক্তব্য রাজ্যপালের ভাষণে নেই। কিন্তু মাননীয় সদস্যেরা সকলেই জানেন যে এই খাদ্য নিয়ে গত বছর কি কেলেংকারি না হয়েছে। যা হোক, শুধু গত বছরই নয় এর আগেও যখন আমাদের তরফ থেকে খাদ্য সংকটের কথা বলা হয়েছে তখন বিশেষ করে কংগ্রেস বেঞ্চ থেকে বলা হয়েছে যে, দুর্ভিক্ষের পদধ্বনি শোনাই নাকি আমাদের অভ্যাস হয়ে দাঁড়িয়েছে এবং আমরা নাকি অহেতুক সাধারণ মানুষকে আতঙ্কগ্রস্ত করছি। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল বিরোধীপক্ষ থেকে যে হুঁশিয়ারী দেওয়া হয়েছিল সেটা ঠিক এবং সরকার জেনেশুনে বাংলাদেশের মানুষকে চালের ব্যাপারে মজুতদারদের করুণার উপর ছেড়ে দিয়েছেন এবং যার ফলে তারা ৫৫ টাকা দরে চাল বিক্রি করছে। কিন্তু আশ্চর্যের বিষয়, এরকম একটা বড় ঘটনার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। তাঁর ভাষণে যেটা আছে সেটা হচ্ছে এ বছর আমাদের পশ্চিমবঙ্গ সরকার চাল সম্পর্কে কি করবেন তার কিছুটা আভাষ। তিনি বলেছেন এবারে আমরা ৪৫ লক্ষ টনের মত চাল পাব, উড়িষ্যা থেকে কিছু চাল আসবে এবং কেন্দ্রের কাছ থেকে এক লক্ষ টন চাল পাওয়া যাবে—এরকম একটা হিসেব তিনি দিয়েছেন। তবে এরকম হিসেব পশ্চিম বাংলার অ্যাসেম্বলিতে নূতন নয়—কত ফসল হবে তার হিসেব দেওয়া হয়েছে, কত ঘাটতি হবে তার হিসেব দেওয়া হয়েছে এবং সময় সময় প্রয়োজনমত মুখ্যমন্ত্রী এক বছরের মধ্যে তিনবার তিন রকম হিসেব দিয়েছেন। আমি সেই তর্কে যাচ্ছি না, কিন্তু এর মধ্যে দিয়ে এরকম একটা ধারণা সৃষ্টি করা হয়েছে যে, বাংলাদেশের মানুষকে আগামী বছরে খাদ্য সম্পর্কে কিছু ভাবতে হবে না, চিন্তার কোন কারণ নেই। সাধারণ মানুষের মনে যাতে আত্মসন্তুষ্টির ভাব থাকে, তারা যাতে প্রস্তুত না হয়, তারা যাতে সময়মত সতর্ক না হতে পারে এবং তারা যাতে আন্দোলন না করতে পারে সেইজন্য এরকম একটা ছবি তুলে ধরা হয়েছে। অর্থাৎ সাধারণ মানুষ যাতে বিভ্রান্ত হয় সেই রকম একটা ছবি রাজ্যপালের ভাষণে রয়েছে।

[1-30—1-40 p.m.]

আর একটা জিনিসের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সরকারের তরফ থেকে কিভাবে চোরাকারবারীদের, মজুতদারদের স্বার্থে চালের বর্ধিত দরকে আইনগত স্বীকৃতি করে নেওয়া হচ্ছে, সে সম্বন্ধে আমি দু-একটি তথ্য বললে বুঝতে পারবেন যে, বাংলাদেশের মানুষকে প্রবঞ্চনা করবার কত কি রকম চেষ্টা এই সরকারের তরফ থেকে করা হচ্ছে। যদি আপনি গত তিন বছর ধরে যখন ধান উঠে সেই সময়ের হিসাব ধরি তবে ধান-চালের কি দর

ছিল তা থেকে বুঝতে পারবেন কিভাবে প্রবঞ্চনা করা হচ্ছে। ১৯৬২ সালে বাংলাদেশের বিভিন্ন গ্রামে আমি একটা গড়পড়তা হিসাব করছি, এর চেয়ে কোন জায়গায় কম হয়েছে, কোন জায়গায় বেশী হয়েছে, ১৬-১৭ টাকা মণ দরে চাল বাংলাদেশের সাধারণ মানুষ মাঝারি চাল কিনেছে। ১৯৬৩ সালের প্রথম দিকে মাঝারি ধরণের চাল ১৮-১৯ টাকা দরে কিনেছে এবং এই বছর ১৯৬৪ সালে ২৩-২৪ টাকা দরে চাল কিনেছে এবং কলকাতায় আর একটু বেশি দর হয়েছে এবং এই থেকে বুঝা যাবে যে, গত দু'বছরের মধ্যে যেখানে ১৬-১৭ টাকা দরে চাল পাওয়া যেত এখনই সেখানে ২৩-২৪ টাকা চালের দর হচ্ছে। সরকারের তরফ থেকে একটা দর বেঁধে দেওয়া হয়েছে, সেই দর সম্পর্কে কি পরিণতি হবে এবং আমরা কি দৃষ্টিভঙ্গি নিয়ে দেখি, তার ফলাফল কি হবে তা পরে রাখছি। একটু লক্ষ্য করলে বুঝতে পাববেন যে দর ১৬ টাকা ছিল সেটাকেই ক্রমে ক্রমে ২৫ টাকা দরে আইনগত স্বীকৃতি করে নেওয়া হচ্ছে। আজকে সেই দর ২৫ টাকা হয়েছে বলা যেতে পারে। বাজারে কিনতে গেলে দেখবেন আর একটু ভাল হলে তার দাম ২৬ টাকা এবং আরও একটু ভাল হলে তার দাম ২৭ টাকা এবং তার চেয়ে সরেশ হলে দাম ২৮ টাকা। এই নিয়ে গণ্ডগোল হচ্ছে। যার বাজারে চাল-ডাল কিনতে যান, তাঁরা জানেন খারাপ চালের মধ্যেই একটু ভাল চাল বলে এক-দুই টাকা বাড়ানো হয়। চাল ভাল না খারাপ সেটা নির্ধারণ করবার ব্যবস্থা না থাকার জন্য আজকে ব্যবসায়ী মজুতদাররা এই সুযোগ নিতে পারছে। কিন্তু সব চেয়ে বড় কথা হচ্ছে আপনি একটু লক্ষ্য করুন যে দু বছরের মধ্যে বাংলাদেশের সরকারের চেষ্টায় মজুতদারদের স্বার্থে ১৬ টাকা দরের চালকে তারা ২৫ টাকায় এনে দাঁড় করিয়ে দিলেন এবং বাংলাদেশের লোকের কাছে এটা উপস্থিত করবার চেষ্টা করা হচ্ছে যে, দেখ সরকার বাংলা দেশের লোকের কি সুবিধাই না করে দিচ্ছেন। আপনারা যেখানে ৫৫ টাকা দরে চাল কিনতেন সেখানে ২৫ টাকা দরে চাল কিনতে পারবেন, এই সুবিধা করে দিলাম। কিন্তু লোককে একটু জিজ্ঞাসা করলেই দেখা যাবে, দু' বছর আগে যে চাল আমরা ১৬ টাকায় কিনেছি আজকে সেট ২৫ টাকায় কিনছি। সরকার আজকে যে দর বেঁধেছেন সেটাকে কার্যকরী আউট অল হবে কিনা এবং এটা করার এঁদের উদ্দেশ্য আছে কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে এবং সন্দেহ করবারও যথেষ্ট কারণ আছে। তার কারণ, আমরা বহুদিন ধরে দাবি করে আসছি যে, সরকার চাল কিনুন, কিন্তু সরকার চাল কিনবেন না, স্টেট ট্রেডিং করবেন না। এঁরাই আবার সমাজতন্ত্রের বড় বড় কথা বলেন। আমি জানি না, সমাজতান্ত্রিক ব্যবস্থায় স্টেট ট্রেডিং করার অসুবিধা কোথায়?

অবশ্য যত এই সমাজতন্ত্রের চেহারাটা প্রকাশ হয়ে পড়ছে ততই এই সমাজতন্ত্রের সঙ্গে আরও বিশেষণ যুক্ত হচ্ছে। এবারে ওঁদের কংগ্রেসে ঠিক হয়েছে যে, শুধু সমাজতন্ত্র নয়—গণতান্ত্রিক সমাজতন্ত্র। কিন্তু তাতে দেখা গেল যে, এই স্টেট ট্রেডিং তো দূরের কথা, রাইস মিলারদের উপর এমন কি লেভি পর্যন্ত করা যাবে না। এর আগে ওঁরা গতবারে লেভি করেছিলেন রাইস মিলারদের উপর। কিন্তু যেহেতু আর একটখানি তাদের অগ্রগতি হল, ওঁরা আর রাইস মিলারদের উপর লেভি করতে পারলেন না। যদি সরকারের আদৌ ইচ্ছা থাকত যে, বাংলাদেশের মানুষকে আমরা সরকারের ন্যায্য দরে চাল দেব, তা হলে তা তাঁরা করতে পারতেন। জিনিসপত্রের দাম বেড়ে গেছে এবং প্রত্যেক জিনিস আজ কিনতে গেলে চোরাকারবারীদের ছাড়া আর কোনও জিনিস কেনা যায় না। আমরা বুঝতে পারি না যে, বাজার থেকে চাল কিনতে ওঁদের বাধা কোথায়। এবং শুধু চাল কেনা দূরের কথা, এর আগে ওনারা মালিকদের উপর যে টোটাল প্রোডাকসনের উপর ২৫ পারসেন্ট লেভি গতবারে করেছিলেন তাও এবার করলেন না। শুধু কি করলেন?—বলেছেন যে, ২ লক্ষ টন চাল যাদের আছে তাদের কাছ থেকে নেবেন। একটা বিশেষণ যুক্ত হওয়াতে লেভি বন্ধ হয়ে গেল। এর পর আর একটা বিশেষণ যুক্ত হলে-অর্থাৎ যদি জাতীয় গণতান্ত্রিক সমাজতন্ত্র যুক্ত হয় তা হলে মিল মালিকদের কাছ থেকে কোন কিছু কেনার আর কোন দায় থাকবে না। এবং ওঁরা মিল মালিকদের উপর আর কোন ফোর্সও করবেন না। এই মিল মালিক জোতদার ও জমিদারদের পক্ষে তাঁরা ওকালতি করছেন, ওঁদের নামের পূর্বে বিশেষ বিশেষণ দিয়ে তা ওঁরা ঢাকবার চেষ্টা করছেন। তার পর এর কয়েকদিন আগে একটা প্রশ্নোত্তরে মুখ্যমন্ত্রী অর্থাৎ খাদ্যমন্ত্রী বলেছেন যে, উড়িষ্যা থেকে চাল কেনাটা ওঁদের কোন বিবেচনার মধ্যে নেই। চাল আসবে এইটাই প্রধান। ঐ যে কি জোন হয়েছে, সেই জোন অনুযায়ী পশ্চিম বাংলায় চাল আসবে।

কিন্তু কোনটাও ও'দের বিবেচনার মধ্যে নেই। সেখানে কে কিনবে—কিনবে বড় বড় ব্যবসায়ী। পশ্চিমবাংলা সরকার উড়িষ্যা সরকারের সঙ্গে বন্দোবস্ত করে সেখানে চাল কিনবেন না। কিন্তু কেন এই প্রহসন?—অসুবিধাটা কোথায়? সে চাল কিনলে কি বাংলাদেশের ক্রেতাদের কোন অসুবিধা হত? সেখানে মিল মালিক বা ব্যবসায়ী যে চাল কিনবে এবং তাঁদের মারফৎ এই যে চাল নেবেন—তাঁরা কত নেবেন? তা হলে মিঃ স্পীকার, স্যার, আপনি বুঝবার চেষ্টা করুন, বাংলাদেশের এত বড় সংকটের পরেও যারা এই রকম চুপ করে বসে থাকতে পারে তাদের উদ্দেশ্য সম্পর্কে যে তাঁরা সারা বৎসর ভালভাবে চালিয়ে দেবেন সেই সম্পর্কে সন্দেহ করার যথেষ্ট কারণ আছে। আগের বারে প্রফুল্লবাবু বলেছিলেন যে, আমরা যদি নিজেরা বাজার থেকে চাল কিনি তা হলে আমাদের একটু অসুবিধা আছে। সেই অসুবিধা কি? সেটা হচ্ছে যে বিভিন্ন কর্মচারী ইত্যাদি রাখতে হবে এবং এটা একটা অ্যাডিশনাল লাইবিলিটি হবে। আমার প্রশ্ন তাঁর কাছে যে, যাঁরা মিল মালিক এবং যাঁরা চালের ব্যবসা করেন, তাঁরা বিভিন্ন লোক মারফৎ চাল ক্রয় করেন -তাঁদের কর্মচারী আছে- তাঁরা কর্মচারী রেখে চাল কেনেন এবং সে চাল কিনেও লাভ করেন। তাহলে সরকার সেই কর্মচারী রাখবেন না কেন? এবং লাভ করতে পারবেন না কেন? এবং সেই লাভ কৃষকদের সাবসিডি হিসাবে দিতে পারেন যাতে বাজারে সব সময় চাল পাওয়া যায় তার ব্যবস্থাও করতে পারেন। কিন্তু তা তাঁরা করবেন না। এখন কিনা জেন্টেলম্যান এগ্রিমেন্ট হচ্ছে। ভারী জেন্টেলমেন সব। সারা বাংলাদেশে গত দশ বছর ধরে যারা দুর্ভিক্ষ সৃষ্টি করে তারা সরকারের চক্ষে মস্ত বড় জেন্টেলমেন হয়ে গেল। এখানে কি রকম জেন্টেলম্যানের সঙ্গে কি রকম জেন্টেলম্যানের চুক্তি হয় তা জানি না। এই প্রসঙ্গে আমার একটি কথা মনে পড়ে গেল। দুটি জেন্টেলম্যানএর ঘটনা মনে পড়ে গেল। কিছুদিন আগে আমি একটি পুলিশস্টেশনে বসেছিলাম। সেই পুলিশ স্টেশনের থেকে ওখানকার অফিসার ইনচার্জ-এর কাছে একজন কনস্টেবল একটা রেপ কেসের আসামীকে ধরে আনল। সে এসে তার বড়বাবুকে বলছে যে, এই দেখুন একজন লোক্যাল জেন্টেলম্যান এসেছে এই আসামীকে জামীন দিতে। তখন সেই ও-সি উত্তর দিলেন যে, রেপ কেসের আসামী যারা তার হয়ে যারা জামীন দিতে এসেছে তারা কি রকম জেন্টেলম্যান তা আমার জানা আছে। যা হোক আমি সে নজীর টানছি না।

[1-40--1-50 p.m.]

সুতরাং ঐ জেন্টেলম্যান এগ্রিমেন্টএর উপর আমাদের খুব আস্থা নেই। আমরা জানি যদি আন্দোলন না হয় তা হলে জেন্টেলম্যানস এগ্রিমেন্ট কার্যকরী করবেন না এবং সরকার ঐ জেন্টেলমেনদের যথারীতি সুবিধা দেবেন যাতে তাঁরা বেশী দরে চাল বিক্রী করতে পারেন। বিশেষ করে আমরা লক্ষ্য করছি শুধু এবার যে, চাল কিনবেন না তা নয়, বিরোধীপক্ষ থেকে বার বার অ্যাসেম্বলীতে দাবী করা হয়েছিল যে, রিজার্ভ ব্যাঙ্ক, সিডিউল্ড ব্যাঙ্ক মারফৎ যে লোন দেন বড় বড় ব্যবসায়ীদের চাল কিনে রাখবার জন্য তাতে বাংলাদেশের মানুষ বেশি দরে যাতে তারা চাল কিনতে বাধ্য হয়, তার জন্য বড় বড় ব্যবসায়ীদের সেই লোন দেওয়া বন্ধ করা হোক। তারপর দেখা গেল যে, এত চেঁচামিচি, হৈ চৈ-এর পর রিজার্ভ ব্যাঙ্ক-এর পলিসি যেটা ঠিক হয়েছে, সেটা হচ্ছে যে অন্য বৎসরের তুলনায় লোন বন্ধ করা হবে না তবে টেন পারসেন্ট কমানো হবে অর্থাৎ আগের মত তারা নাইনটি পারসেন্ট লোন পাবে। অর্থাৎ এ বছরে বড় বড় জোতদার এবং চালের যারা ফাটকাবাজী সৃষ্টি করে তাদের আগের বছরের তুলনায় টেন পারসেন্ট লোন কম দেবেন। তাহলে কি করে আমরা বিশ্বাস করি যে, আপনারা খাদ্য-সঙ্কট দূর করবেন এবং আপনারা যে দর ঘোষণা করেন সেই অনুযায়ী চাল দেবেন? এ বছরে যে নীতির কথা আপনারা বলছেন, যা ঘোষণা করছেন গত বৎসর কি তার আগের বছরের তুলনায় কিছু তফাৎ নেই। হঠাৎ কি যাদুবলে চালের দাম কমে যাবে এবং সারা বৎসর ঐ দরে বাংলাদেশের লোক চাল পাবে সেটা বুঝতে পারছি না। তবে আপনারা যে ব্যবস্থা করছেন তাতে বোঝা যাচ্ছে যে, আপনারা পুরাপুরি একেবারে জোতদারদের উপর চালের চোরাকারবারী এবং মজুতদারদের উপর বাংলাদেশের ভাগ্য ছেড়ে দিয়েছেন। এদের উপর আপনাদের বিশ্বাস থাকতে পারে, কারণ আপনাদের অনেকের ভবিষ্যৎ অন্নের ব্যবস্থা এদের উপর নির্ভর করছে। কিন্তু আমাদের কোন বিশ্বাস নেই। আমরা জানি বাংলাদেশের মানুষকে কত দরে চাল খেতে

হয় এবং কি দরে চাষী ধান বিক্রি করে। গেল বছরে ৫৫ টাকা হয়েছিল এবং সেটা ২৫ টাকা দরে কমে এসেছিল - সেটা রিজার্ভ ব্যাঙ্ক, সিডিউল্ড ব্যাঙ্কএর জন্য নয় বা আপনাদের দেশের লোক ভালবেসেছিল বলেই চালের দাম কমেছিল তা নয়, জনসাধারণ এটা কমাতে বাধ্য করেছিল। যাই হোক, আপনাদের অবস্থা দেখে বোঝা যাচ্ছে যে, সত্যিকারের চালের দাম আপনারা কমাতে চাচ্ছেন না এবং অন্যবারের তুলনায় এবারও আপনারা একদিকে দেশকে নিয়ে যাচ্ছেন। আমরা মনে করি, সমস্যার সমাধান আপনারা যদি চান, তা হলে আপনাদের প্রথমে করা উচিত ছিল স্টেট ট্রেডিং চালের কেনাবেচার দায়িত্ব আপনাদের নেওয়া উচিত ছিল, তা করেন নি। সেটা যদি করতেন তা হলে কিছুটা আশা করা যেত। আপনারা নিজেরা রাইস মিলার্স-এর উপর লেভি স্থাপন করতেন তা হলেও হত। কিন্তু আপনারা লেভি করলেন না। আপনারা বললেন, দু লক্ষ টন চাল তাদের কাছ থেকে নেবেন এবং তারপর আপনারা দর ঠিক করে দিলেন যে, ধান এবং চালের দর এইরকম হবে এবং একমাস অন্তর বাজারের দিকে লক্ষ্য রেখে এক টাকা করে ধানের দর কমিয়ে দেবেন। কিন্তু সে সম্বন্ধে স্টেটমেন্ট দরকার। আপনি সর্বশেষ বললেন যে, কেন্দ্রীয় সরকার এবং উডিষ্যা সরকার চাল দেবেন বলেছিলেন, কিন্তু দেন নি বলে এই অবস্থা হয়েছে।

সুতরাং সেটা বলা দরকার, কিন্তু আপনারা সেটা করছেন না। আমরা জানি আপনাদের দ্বারা তা সম্ভব নয়। আপনারা কোন নীতিই গ্রহণ করছেন না। ফসল সংকট বা খাদ্য সংকট দূর করতে হলে ফসল বাড়াতে হবে। কিন্তু আপনাদের মগজে তা কুলায় না। গড়পড়তা ফসল আজকে বাংলাদেশে কমে যাচ্ছে। সেচের এলাকা বাড়িয়ে তারও এলাকায় ফলন বাড়ান কিম্বা একফসলী জমিকে দুইফসলী জমি করান। আপনারা মাঝে মাঝে কতকগুলি তথ্য দেন যে, আমরা সেচের এলাকা বাড়িয়েছি, এত নতুন এলাকায় ফসল বাড়িয়েছি। কিন্তু দেখা গেল জল সারপ্লাস কোন কোন জায়গায় হয়ে যাচ্ছে, কিছুতেই কিছু পাচ্ছেন না। অজয়বাবু তো সেচমন্ত্রী ছিলেন তিনি তো জানেন কত এলাকায় সেচের জলের সম্প্রসারণ করেছেন এবং বাংলাদেশের কত ফসল বাড়িয়েছেন। এ তো গেল ফসলের কথা, এতে তো আপনাদের কোন কৃতিত্ব নেই, বর্ষা যদি ভাল হয় চাষবাস যদি ভাল হয়, তা হলে বলতে আরম্ভ করলেন দেখ এবার বাংলাদেশে ৮৫ লক্ষ টন ধান হয়েছে, কিন্তু ঐ ৮৫ লক্ষ টনে আপনাদের কোন কৃতিত্ব নেই, কৃতিত্ব হল চাষীর আর আবহাওয়ার। আবহাওয়া ঠিক থাকলে এরেই হবে আপনাদের এতে কোনই কৃতিত্ব নেই। তারপর আপনারা চাষীকে জমি দেবার কথা বলেছিলেন। জীবনে তাদের জমি দিতে পারবেন? কৃষককে আপনারা জমি দিতে পারলেন না, দেওয়া সম্ভব নয়, তাই আপনাদের কাছে ও প্রশ্নে আর যেতে চাই না। তারপর অন্যান্য জিনিসের দামও বেড়েছে। কলকাতায় চাল, চিনি, আটা যে দামে বিক্রি হয় গ্রামে তার চেয়ে বেশী দামে বিক্রি হয়, এ সংবাদ আমার কাছে এসেছে। তাহলে কি গ্রামের লোকের ক্রয়ক্ষমতা বেশি? গ্রামে চাল, আটা চিনির দাম বেশি। এম আর শপ আরও বাড়ান। যে এম আর শপ রেখেছেন তাতে চাল পাওয়া যাচ্ছে না। ফোর্টনাইট হল এম আর শপএ চাল আসছে না। আমি ফেয়ার প্রাইস শপএর কথা বলতে পাচ্ছি না কারণ তার সম্বন্ধে জানি না। তবে এম আর শপ আরও বাড়ানো দরকার। গ্রামের সব জিনিসের দর বেশি, সুতরাং আপনাদের কৃতিত্বের কথা বলে লাভ নেই। আপনারা ভেলি গুড় আর চিনির দর এক করে ফেলেছেন, আমি জানি না ও পক্ষের সভ্যরা ভেলি গুড়ের কারবার করছেন কিনা। এখন গ্রামে চিনির দর ১৩২ নঃ পঃ কিলো, আর ভেলি গুড় এক টাকার উপর গেছে। এসব যে আপনাদের কি নীতি তা বুঝতে পারছি না। এবার আবার আপনারা বলছেন আমরা চালের দর, ধানের দর বেঁধে দিয়েছি, সুতরাং আর যায় কোথায়? এবার নিশ্চয়ই সারা বৎসর দর ঠিক থাকবে। এ ব্যাপারে একটু স্মরণ করিয়ে দেওয়া দরকার, বিশেষ করে ঐ বেঞ্চের বন্ধুদের যে বাংলাদেশে আর একবার দর বেঁধে দেওয়া হয়েছিল এবং আপনাদের একজন বন্ধুও চ্যালেঞ্জ করে বলতে পারলেন না যে, যে দরে দাম বেঁধে দিয়েছেন, সে দরে চাল পাওয়া গেছে। একদিনও তা পাওয়া যায় নি। আমরা সে সময় অনেক ডেপুটেশন দিয়েছিলাম তাতে কোন কাজ হয় নি। কজন সে সময় বাঁধা দরে চাল বেচেছিল, বা দর বা আইন ব্রেক করে নি। সে সময় একজনকেও ধরেছিলেন? একজনকেও ধরেন নি। অন্যদিকে জাতীয় স্বার্থের নাম করে বিনা বিচারে বন্দী করতে পারেন। কিন্তু যারা বাংলাদেশের মানুষকে উপবাসী রাখে যারা মানুষের পকেট কাটে, এবং আইন থাকা সত্ত্বেও সরকার যাদের

ধরতে পারে না। সুতরাং এই হচ্ছে সরকারী ব্যবস্থা, ধানের দর বাঁধা হয়েছে বা চালের দর বাঁধা হয়েছে আর ভাববার নেই একথা চিন্তা করে লাভ নেই। গত বৎসরের আমাদের যে অভিজ্ঞতা তাতে দেখা গেছে যখন চালের দর বাড়ে তখন সরকার থেকে কিছু কিছু কেবল প্রতিশ্রুতি দেন।

[1-50—2 p.m.]

যখন ধান-চালের দাম বাড়ে তখন সরকার এক-একটা প্রতিশ্রুতি দেন এবং তারপরে যখন হৈ-চৈ হয়, তখন তাঁরা একটুখানি আশঙ্কা প্রকাশ করেন এবং যখন আন্দোলন বাড়ে তখন সরকার বলেন চোরাকারবারীদের দেখে নেবেন, এই বলে একটু হুমকি দেন এবং জনসাধারণ যখন একটু এগিয়ে আসে তখন জনসাধারণকে রক্তচক্ষু দেখান এই বলে যে, তোমরা আইন-শৃঙ্খলা নিজেদের হাতে নিও না। তারপর যখন আন্দোলন দুর্বার হয়ে ওঠে তখন সরকার সাধারণ মানুষের দরদী সেজে চালের দাম বেঁধে দেন ২৭-২৮ টাকা, কিন্তু ২৫ টাকার নীচে কোথায়ও চাল পাওয়া যায় না। এ তো আমাদের জানা কথা। সুতরাং আমরা জানি হৈ-চৈ যদি না করা হয় এবং মানুষ যদি সতর্ক না থাকে এবং আন্দোলন না করে তা হলে বাংলাদেশের মানুষকে আপনারা ডুবিয়ে দেবেন এবং আইন-শৃঙ্খলা রক্ষার নামে আপনারা সেই ষড়যন্ত্রই করছেন। গভর্নরের বক্তৃতা থেকে এই জিনিসটা বোঝা যায়। একটা কথা আপনারা অপপ্রচার করে বেড়ান যে, বিরোধী দলেরা মানুষের কাছে গিয়ে বলে যে, তোমরা কম দরে ধান দিও না আর ক্রেতাদের বলে কম দরে চাল দিতে সরকারকে তোমরা বাধ্য কর, ক্রেতাদের সস্তা দরে চাল দিতে হবে। কোন জায়গায় আপনারা এটা প্রমাণ করতে পারবেন না। আপনারা মজুতদারদের দালালি করছেন সেটা ঢাকবার জন্যই এই রকম অপপ্রচার করে বেড়ান। খদ্দরের টুপি পরে দালালি আর কি করে করবেন? তারপর আর একটা কথা আপনারা প্রচার করেন যে, বিরোধী দল সহযোগিতা করে না, কি সহযোগিতা করবে? সেই সময় ফুড কমিটির কথা আমাদের মনে আছে, সেই ফুড কমিটি নিয়ে অনেক গণ্ডগোল হয়েছিল, শেষ পর্যন্ত দেখা গেল সর্বদলীয় ফুড কমিটি যে নীতিটাই আপনারা কার্যকরী করেন নি। বাংলাদেশে খাদ্যসংকট যখন এইরকম এবং শুধু এক বছরেরই সংকট নয় এটা একটা স্থায়ী সমস্যায় পরিণত হয়েছে। কিন্তু আপনারা বিরোধী দলের পরামর্শ নেওয়ার প্রয়োজন মনে করেন না। এই যে অ্যাডভাইসার কমিটি হয়েছিল সেটা আপনারা ভেঙ্গে দিলেন, কেন না তাতে আপনাদের স্বার্থ খুব ক্ষতিগ্রস্ত হচ্ছিল। একদিকে আপনারা এইভাবে খাদ্য সংকট সৃষ্টি করছেন, আর একদিকে রিলিফ ও খয়রাতি সাহায্য দিচ্ছেন কিন্তু তাতে খাদ্যসংকটের কতটুকু সমাধান হতে পারে? মাঝে রায়ট হল এবং সব চাপা পড়ে গেল। এইরকমভাবে মাঝে মাঝে রায়ট হলে তাঁদের খুব সুবিধাই হবে কারণ তা হলে এই সমস্যাটা লোকচক্ষুর আড়ালে চলে যাবে। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই, এই যে খাদ্যনীতি এই নীতির ব্যাপারে বিরোধীপক্ষের একটা পরামর্শ নিয়েছেন আপনারা? কি স্টেট ট্রেডিংএর ব্যাপারে, কি লেভি করবার ব্যাপারে, কি ধান সিজ করবার ব্যাপারে বিরোধীদের সঙ্গে পরামর্শ করবেন না, চোরাকারবারীদের দালালি করবেন, মজুতদারদের দালালি করবেন, তাহলে আর কি করে বিরোধীপক্ষের গঠনমূলক প্রস্তাব যা দেওয়া হয় সেগুলি গ্রহণ করবেন? এদিকে চালের দর ৫০ টাকার উপরে চলে যায়। সর্বশেষে আমি রিলিফের কথায় যাচ্ছি। খাদ্য সমস্যার নিরসনের উপায় হিসাবে আপনারা যে রিলিফ করেন আমরা এই হাউসে বহুবার বলেছি এই রিলিফ যদি না থাকত তা হলে এঁদের বেশির ভাগই রিটার্ন হতে পারতেন না, কারণ গ্রামের দিকে এঁদের একমাত্র ভরসাই হচ্ছে রিলিফ। সেই রিলিফ যদি হাত থেকে চলে যায় সেই আশঙ্কায় কম্যুনিষ্ট এম এল এ-দের আপনারা একটা মিটিংএও ডাকেন না, যাতে না ডেকে পারা যায় তার জন্যই আপনারা সর্বত্র চেষ্টা করেন। যদিও আপনারা মেজরিটি হওয়া সত্ত্বেও একজনও আমাদের নেবেন না। কারণ এই সমস্ত কমিটিতে আপনাদের যেসমস্ত চক্রান্ত হবে সেই সমস্ত চক্রান্ত ফাঁস হয়ে যাবে যদি একজনও আমাদের কেউ ওখানে থাকতে পারে, চক্রান্ত ফাঁস করে দেবে এই ভয়ে একটা খবর পর্যন্ত আপনারা দেন না। এই গেল রিলিফের ব্যবস্থা। সুতরাং আমরা আজকে দেখতে পাচ্ছি প্রত্যেকটি জায়গায় তাঁরা রিলিফের নামে যা করছেন তা খুবই আশঙ্কাজনক। আমরা মনে করি যে, সরকারের অবিলম্বে এই সমস্ত ব্যাপারে সমস্ত কথা বিস্তৃতভাবে বলা দরকার এবং সারা বৎসর যাতে দর বাঁধা থাকে

- তখন আপনারা বলেছিলেন যে, প্রত্যেক মাসে হিসাব দেবেন এবং তদনুযায়ী ব্যবস্থা করবেন এবং মুখ্যমন্ত্রী পরে এই অ্যাসেম্বলিতে একটা স্টেটমেন্ট দেবেন। সেই স্টেটমেন্ট দেবার পরে আজকে দেড় মাস হয়ে গিয়েছে কিন্তু সেই ব্যবস্থা অনুযায়ী কি ফল হল সেটা এখনও রাখা হয় নি, সেটা রাখুন। কিন্তু আপনারা যে পথে নিয়ে যাচ্ছেন তাতে বাংলাদেশকে দুর্ভিক্ষের দিকে ঠেলে দিচ্ছেন। তাহলে আমাদের পরিষ্কারভাবে বলতে হবে আপনারা যদি মনে করেন যে, বাংলাদেশের লোক এইভাবে চুপচাপ বসে থাকবে তাহলে ভুল করবেন। বাংলাদেশের লোক একবার দেখিয়ে দিয়েছে দমদম দাওয়াই দিয়ে যেটা আপনাদের অনেকের পছন্দ হয় নি। অনেকে বলেছেন, আইন-শৃঙ্খলা নিজেদের হাতে নেবেন না। যদি আপনারা বাংলাদেশের মানুষকে অনাহারে মেরে ফেলতে চান, অর্ধাহারে রাখেন তা হলে বাংলাদেশের প্রতিটি মানুষ, অ্যাসেম্বলির সদস্য কি অ্যাসেম্বলীর সদস্য নয়, তারা এই কথাই বলবে চালের হোর্ডারদের আপনারা ডিহোর্ড করতে বাধ্য করুন এবং এইরকমভাবে ২৫ টাকা দরে চাল বিক্রি করবার ব্যবস্থা করতে হবে। কারণ, আমরা জানি এই দরে যদি চাল দেবার ব্যবস্থা না করতে পারেন তা হলে এই সমস্যার কোন সমাধান হবে না।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর মাননীয় বন্ধু অশোককৃষ্ণ দত্ত মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তার সংগে নিজেকে যুক্ত করছি। স্যার, রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাই যে, তাঁর সরকার আগামী বৎসরে কোন্ নীতিতে পরিচালিত হবে তার ইংগিত বিভিন্ন দিক দিয়ে তিনি দিয়েছেন। এই প্রসংগে আমরা লক্ষ্য করছি যে, পশ্চিম বাংলায় অতি সম্প্রতি যে সাম্প্রদায়িক দাংগা ঘটে গেল তার থেকে উদ্ভূত পরিস্থিতি সম্বন্ধে তিনি সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। তিনি এ কথা ভুলতে পারেন নি যে, সুস্থ বুদ্ধি মানুষের সমস্ত মানবিকতাবোধ, সমস্ত গণতান্ত্রিক চেতনা কিছুক্ষণের জন্য আচ্ছন্ন হয়ে গিয়েছিল এবং তারা এই ব্যাপারে মাতামাতি করেছিল। এইজন্য তিনি বলেছেন

It is a direct reaction to the grim happening across our border.

একথা তো অস্বীকার করা যায় না। আজকে পাকিস্তানে, অপর দিকের সীমান্তে যেসব নর-নারী অবরুদ্ধ হয়ে পড়েছেন এবং পশ্চিম বাংলায় চলে আসবার জন্য চেষ্টা করছেন তাঁদের জন্য সাধারণভাবে এখানকার নাগরিকদের মন চঞ্চল হয়েছে এবং এই চঞ্চলতার সুযোগ গ্রহণ করেছিল এখানকার কিছুসংখ্যক সমাজদ্রোহী লোক যারা কোন জাতিরই নয়, যারা হিন্দুও নয়, মুসলমানও নয়, তারা কিছুক্ষণের জন্য এখানকার স্বাভাবিক জীবনধারাকে চঞ্চল করে তুলেছিল। আজকে আমি পশ্চিমবংগ সরকারকে ধন্যবাদ দিই তাঁরা প্রশংসনীয় তৎপরতার সংগে এই দাংগার পরিস্থিতিকে দমন করেছেন।

[2—2-10 p.m.]

আমি এই প্রসংগে বলতে চাই যে, গতকাল জ্যোতিবাবু উল্লেখ করেছিলেন যে, পাকিস্তান থেকে আমরা কোন কনফার্মড রিপোর্ট আনতে পারছি না। কিন্তু জ্যোতিবাবু কি জানেন না যে, জংগী শাসনের লৌহ যবনিকার অন্তরাল থেকে কোন সঠিক সংবাদ পরিবেশিত হয় না? তিনি কি জানেন না যে, হোম মিনিস্টারদের জয়েন্ট টুর-এর যে প্রস্তাব করা হয়েছিল তা প্রত্যাখ্যান করা হয়েছে? মাননীয় জ্যোতিবাবু এবং বিরোধীপক্ষের যেসমস্ত বন্ধুরা চীৎকার করছেন তাঁরা কি জানেন না যে, ইন্টারন্যাশনাল রেডক্রশ তাঁদের কাছ থেকে সংবাদ সংগ্রহ করবার যে চেষ্টা করেছিল তা ফলবতী হয় নি? আজকে দাংগা হবার বহুদিন পর যেসমস্ত মানুষ সীমান্তের অপর পার থেকে এখানে আসছে তারা বলছে যে, সেখানকার চিত্র নারকীয় এবং এগুলি যে তারা বলছে সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। তবে আমার বক্তব্য হচ্ছে সীমান্তের অপর পারের যেসমস্ত মানুষ ভারতবর্ষের স্বাধীনতার জন্য নিজেদের বলি দিল তাদের ফিরিয়ে আনা হোক এবং এ ব্যাপারে বিলম্ব হলেও কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত করেছেন তার জন্য আমি তাঁদের অভিনন্দন জানাই। কিন্তু সংগে সংগে একথাও বলতে চাই যে, ১৯৪৭ সালে পূর্ব বাংলার এক কোটি মানুষ যখন জিম্মীর মত বাস করছিল তখন তাদের

মুখের উপর সীমান্ত বন্ধ করে দেওয়া হয়েছিল, বর্ডার সীল করা হয়েছিল এবং এটা করেছিলেন আমাদের মন্ত্রী মেহেরচাঁদ খান্না। আমি এইজন্য তাঁকে নিন্দা করি। আজকে যেসমস্ত মানুষ সীমান্তের অপর পারে রইলেন তাঁরা আমাদের রক্তের রক্ত, প্রাণের প্রাণ এবং তাঁরা আমাদের সঙ্গে স্বাধীনতা এনেছেন। কাজেই আজকে তাঁদের ফিরিয়ে আনার সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে গ্রহণ করতে হবে। তবে এই দায়িত্ব পালনের ব্যাপারে তাঁদের যদি শুধু দণ্ডকারণ্যে পাঠিয়ে দিয়ে বক্তব্য শেষ করা হয় তা হলে ভুল করা হবে। তাঁরা যাতে আজকে সমাজে মানুষের মত বাঁচতে পারেন, তাঁদের সত্যিকারের অর্থনৈতিক পুনর্বাসন যাতে হয় তার জন্য যেসমস্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার সেগুলি করতে হবে। এরপর আমি মাইগ্রেশন সার্টিফিকেট সম্বন্ধে কিছু বলতে চাই। মাইগ্রেশন সার্টিফিকেট দেখছি কতগুলি ক্যাটিগরির কথা বলা হয়েছে, কিন্তু আমি মনে করি, আজকে যেসমস্ত ভয়ার্ত মানুষ প্রাণের ভয়ে এক বস্ত্রে চলে আসছে তাদের সকলের পক্ষে মাইগ্রেশন সার্টিফিকেট সংগ্রহ করা সম্ভবপর নয়। কিন্তু সংবাদপত্রের মারফত আমরা দেখছি মাইগ্রেশন সার্টিফিকেট না নিয়ে যারা সীমান্তের এপারে আসছে তাদের টোকেন অ্যারেস্ট করা হয়। আমি মনে করি, এটা ঠিক নয়। আজকে যাদের কোন সুযোগ নেই, যারা বর্ডার স্লিপ পাচ্ছে না, যাদের পক্ষে মাইগ্রেশন সার্টিফিকেট সংগ্রহ করা কোন রকমে সম্ভব নয়, তাদের যদি আমরা সেকেন্ড ক্যাটিগরির সিটিজেনএ পর্যবসিত করি তা হলে নিশ্চয়ই মহাপাপ করা হবে। এবারে আমি আর একটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হল কলকাতা, ২৪ পরগণা এবং নদীয়ায় যখন দাঙ্গা হয়েছিল তখন আমরা দেখেছি এখানকার পাকিস্তান ডেপুটি হাই-কমিশনএর কিছু সংখ্যক ব্যক্তি দাঙ্গাবিধ্বস্ত বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে ফটো তুলেছে এবং সেই সমস্ত ফটো পাকিস্তানে পাচার করেছে।

এই সমস্ত ফটো পাকিস্তানে পাচার হয়ে গেল। আমি জানতে চাই, এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন। এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই, আমরা যেভাবে গত দীর্ঘ ষোল বছর ধরে পাকিস্তানের সঙ্গে শান্তিতে বসবাস করবার চেষ্টা করে আসছি তার কি ফল হয়েছে? আমি আজকে দেখতে পাচ্ছি যেখানে আমরা পাকিস্তান থেকে কোন সংবাদ সংগ্রহ করতে পারি না কেন্দ্রীয় মন্ত্রীদের চেষ্টা থাকা সত্ত্বেও সেখানে কলকাতায়, ২৪-পরগনায় এবং নদিয়ায় যে-সমস্ত ঘটনা ঘটেছে তা ফলাও করে এবং তার বিকৃত রিপোর্ট পাকিস্তানের কাগজে বেরিয়েছে এবং ভুট্টোর কাছে পর্যন্ত সেটা গিয়েছে যাতে সেটা পৃথিবীর দরবারে পেশ করা হয়। আজকে রাজসাহী হাই-কমিশন অফিস আমাদের বন্ধ করে দেওয়া হয়েছে কিন্তু এ সম্বন্ধে আমাদের ভারতের পক্ষ থেকে কেন কোন চেষ্টা করা হচ্ছে না সেটা বুঝতে পাচ্ছি না। কেউ কেউ বলেন, লোক বিনিময়ের কথা, কিন্তু আমি ওসব বিশ্বাস করি না। আমি বিশ্বাস করি যে, আমাদের দেশে বাস করে যে হিন্দু এবং মুসলমান তাদের সকলেরই পরিচয় হচ্ছে তারা ভারতবাসী, আজকে আমরা ভারতবাসী হিসাবেই পরিচয় বহন করে চলেছি। আজকে আমরা যদি পাকিস্তানে উস্কানির সুযোগ নিয়ে তাদের ঠেলে দিই তা হলে নিশ্চয়ই ঠিক কাজ হবে না। আজকে এই ভারতবর্ষকে গড়ার দায়িত্ব যেমন হিন্দুর তেমনি মুসলমানের। আমি এই সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে, আমাদের কিছুসংখ্যক লোক আছেন যারা উগ্র-পন্থী এবং যাঁরা মনে করেন, যুদ্ধই একমাত্র সমাধানের পথ, একথা আমরা বিশ্বাস করি না। সেই সঙ্গে সঙ্গে আমি পশ্চিমবঙ্গ সরকারকে এবং কেন্দ্রীয় সরকারকে এটা চিন্তা করে দেখতে বলি, কিভাবে এই সমস্যার সমাধান করা যায়। হয়ত কেউ কেউ আর্থিক অবরোধের কথা বলবেন. আবার কেউ কেউ বলতে পারেন যে, আমরা পাকিস্তানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক পরিত্যাগ করতে পারি। আজকে এ সম্বন্ধে কিছু করার আমাদের সময় এসেছে। মাননীয় বন্ধু জ্যোতিবাবু ব্যঙ্গ করে বললেন তিনি পাকিস্তানের নিন্দা করেছেন। আমি মাননীয় বন্ধুকে জিজ্ঞাসা করতে চাই, ভারতীয় কাশ্মীরের যে অংশ পাকিস্তান চীনকে উপহার দিয়েছে তিনি কি তার নিন্দা করতে প্রস্তুত আছেন, চীন যে পাকিস্তানের সঙ্গে মিলিটারি অ্যালায়েন্স করেছে তিনি কি তার নিন্দা করতে প্রস্তুত আছেন? আজকে শুধু কতকগুলি কথা বলে বাজীমাৎ করলে চলে না। এটা বোঝা দরকার, যাতে দেশের কল্যাণ হয় তার চেষ্টা দরকার।

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I move that the following be added at the end of the address in reply, viz.:

"*But regret that*—

(১) পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থ খাদ্যনীতির উল্লেখ নাই;

(২) কোচবিহার জেলার শালিবাড়ী, কাজল দীঘি, দহলা খাগড়াবাড়ী প্রভৃতি ছিট তালুকগুলিতে যে কোন প্রকার শাসনব্যবস্থা নাই এবং সেখানে যে পাকিস্তান সরকারের অত্যাচার ও নিপীড়নের ফলে বহু লোক হত এবং বহু নারী ধর্ষিতা হইয়াছে তাহার কোন উল্লেখ নাই;

(৩) ভারতের অবিচ্ছেদ্য অংশ চিলাহাটী মৌজাকে পাকিস্তানের নিকট হস্তান্তর করার উল্লেখ নাই;

(৪) কোচবিহার জেলার টাউন কমিটি এলাকাগুলিতে কোন ধরনের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু থাকিবে তাহার উল্লেখ নাই;

(৫) পশ্চিমবঙ্গ সরকার কলিকাতার দাংগা দমনে ব্যর্থ হইয়াছেন তাহার উল্লেখ নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের প্রতি ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করতে গিয়ে আমি যে কথা প্রথমে বলতে চাই সেটা হল আমার হাতে কয়েকটি সংবাদ রয়েছে। সংবাদের একটি বেরিয়েছে ৩০এ নভেম্বর ১৯৬৩, আর একটি বেরিয়েছে ৪ঠা জানুয়ারি ১৯৬৪ তে। আমি এই সংবাদ পড়ছি আর ভাবছি মিথ্যাবাদী কে? যিনি কেন্দ্রের মসনদে বসে আছেন, ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত নেহেরু তিনি, না বাংলাদেশের মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেন? তাঁরা একজন সত্যবাদী আর অন্য জন মিথ্যাবাদী। আমি স্যার, আপনার সামনে সংবাদটি পড়ে দিচ্ছি। হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড, ষ্টেটসম্যান বলছে

The West Bengal Government was consulted in the matter of Chilahati

[2-10—2-20 p.m.]

গত ২৯এ নভেম্বর সংসদের অধিবেশনে একথা শ্রী নেহেরু ঘোষণা করেছিলেন—তারপর গত ৩রা জানুয়ারি ১৯৬৪ তারিখে এই বিধান পরিষদে মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন যে

"The West Bengal Government was not consulted in the matter of Chilahati."

অমৃতবাজার পত্রিকায় সেটা বেরিয়েছে। কার কথা সত্য? কে মিথ্যাবাদী? একটু আগে এখানে মাননীয় শ্যামাদাস ভট্টাচার্য মহাশয় বললেন যে এটা খুব গুরুত্বপূর্ণ সমস্যা ন্যাশনাল ইন্টারেষ্ট, পাবলিক ইন্টারেষ্ট নানা কথা বলে বোঝাবার চেষ্টা করলেন। কিন্তু এই রকম একটা গুরুত্বপূর্ণ সমস্যা সম্পর্কে মুখ্যমন্ত্রী একটি কথা বলছেন, প্রধান মন্ত্রী আর এক কথা বলছেন --কার কথা সত্য? ওখানে শ্রীমতী আভা মাইতি বসে আছেন, যদি তাঁকে প্রশ্ন করি যে কে সত্যবাদী, কে মিথ্যাবাদী, তাহলে নিশ্চয়ই স্বীকার করবেন যে বাংলাদেশের মুখ্যমন্ত্রীই সত্য কথা বলেছেন। তাহলে আমি ধরে নিতে পারি যে ভারতবর্ষের প্রধান মন্ত্রী মিথ্যা কথা বলছেন—তিনি মিথ্যা ভাষণ দিয়েছেন ২৯এ নভেম্বর পার্লামেন্টে। তিনি বলেছিলেন যে চিলাহাটী সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার সঙ্গে তিনি আলোচনা করেছেন - তাহলে সে কথা সম্পূর্ণ অসত্য। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আজকে চিলাহাটী দেবার প্রশ্ন কেন উঠলো। ১৯৫৮ সালে যখন নেহেরু-নুন চুক্তি হয় তখন এই বিধান সভায় দাঁড়িয়ে বিভিন্ন মন্ত্রীকে বলতে শুনেছি যে পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদ্বয় যখন দিল্লীতে গিয়েছিলেন, তাদের বাইরে রেখে নেহেরু-নুন চুক্তি সম্পাদিত হয়েছিল। তারপর এই বিধান সভায় তদনীন্তন পুলিশ মন্ত্রী বলবার চেষ্টা করেছিলেন 'বেরুবাড়ী জঙ্গল এলাকা, সেখানে মানুষ জন কিছুই থাকে না সেই জায়গাটা আমরা

দিয়ে দিচ্ছি।" তারপর এই বিধান সভার মধ্যে মাননীয় শ্রীখগেন দাস গুপ্ত মহাশয় বোঝাবার চেষ্টা করলেন, যে বেরুবাড়ী আমরা দিচ্ছি তার কারণ এটা আমরা এতদিন জবরদখল করে রেখেছি, ওটা আসলে পাকিস্তান এলাকা। ঠিক আজকের দিনেও এমনি নানাকথা বলে চিলাহাটী হস্তান্তর করতে চলেছেন। ঠিক বেরুবাড়ীর ক্ষেত্রেও যে সংশোধন করলেন জানি চিলাহাটীর বেলায়ও তাই করবেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই চিলাহাটীর পরে আর কোন এলাকা যাবে; এর শেষ কোথায়—সমাধান কোথায়?...১৯৪৭ সালে যখন এই পার্টিসনের প্রশ্ন আসে তখন লর্ড মাউন্ট ব্যাটেনের সঙ্গে দেশ বিভাগের প্রশ্ন নিয়ে শ্রী নেহেরু যে মন্তব্য করেছিলেন সেই মন্তব্যের সঙ্গে মিঃ জিন্নার যে মন্তব্য তার সঙ্গে যথেষ্ট ফারাক ছিল। সেদিন শ্রী নেহেরু বলেছিলেন ইট ইজ এ সেটেলমেন্ট আর মিঃ জিন্না বলেছিলেন যে ইট ইজ এ টেম্পোরারী কমপ্রোমাইস। দুঃখ, আজ আমরা সেই সব কথা ভুলে গেছি। তাই আজকে বেরুবাড়ী দিয়েছেন কালকে চিলাহাটী দেবেন পরশু জলপাইগুড়ি দেবেন তারপর দেবেন নৈহাটী এই ভাবে গোটা পশ্চিম বাংলাকে পাকিস্তানের হাতে দেবার ষড়যন্ত্র করছেন। স্যার, আপনি চিন্তা করতে পারেন যে এই বিধান সভায় যে ত্রিরঙ্গা ঝাণ্ডা উড়ছে—কাল সেখানে চাঁদ তারা মার্কা সবুজ ঝাণ্ডা উড়বে? যে নাগরিক অধিকার আজকে আপনার রয়েছে কালকে সেটা চলে যাবে ঐসব অর্বাচীন দায়িত্বজ্ঞানহীন মন্ত্রীদের হাতে এই ক্ষমতা থাকার জন্য এইসব সম্ভব হচ্ছে। চিলাহাটী ও বেরুবাড়ী ঘটনা সম্পর্কে একটা জিনিষ পরিষ্কার হয়ে গেছে, সেটা হোল যে পাকিস্তান তোষণ নীতি। এরা পাকিস্তানকে তোষণ করতে চান। এবং সেই জন্যই বেরুবাড়ীর পরে চিলাহাটী দেবার ষড়যন্ত্র হচ্ছে। আমি জানি এই চিলাহাটী নিয়ে যারা বাধা দেয় সরকার তাদেরকে দেশদ্রোহী বলে। কুচবিহার জেলার হলদিয়াবাড়ীতে একটি নির্বাচনী সভায় মাননীয় ফজলুর রহমান সাহেব বলেছিলেন যে যারা এই বেরুবাড়ী নিয়ে বাধা সৃষ্টি করছে তারা দেশের শত্রু তারা দেশদ্রোহী। ফজলুর রহমান সাহেব বলেছিলেন যে তারা চান পাকিস্তানের সঙ্গে একটা মেলামেশার সম্পর্ক রাখতে, সহযোগিতার মনোভাব রাখতে এবং সেইজন্যই চিলাহাটী পাকিস্তানকে অর্পণ করছেন। এটা অত্যন্ত দুঃখের কথা, বেদনার কথা যে ফজলুর রহমান সাহেবের মত লোক যে কথা বলছেন, তাতে তিনিই দেশদ্রোহী। সে কথা যদি একজন পাকিস্তান এজেন্ট বলতো তাহলে সেটা শোভা পেত। দুর্ভাগ্য পশ্চিমবাংলার যে ফজলুর রহমান সাহেবের মত একজন লোক মন্ত্রী। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা জানি চিলাহাটী ভারতবর্ষের একটি অবিচ্ছেদ্য অংশ। আপনি জানেন বোধ হয় আমি জেলে ছিলাম ঐ ব্যাপারে—কেন না আমাকে গ্রেপ্তার করা হয়েছিল। অত্যন্ত লজ্জার কথা, ঘৃনার কথা যে ভারতবর্ষের অবিচ্ছেদ্য অংশ বেরুবেড়ী-চিলাহাটী যারা রক্ষা করবার চেষ্টা করছে, তাদের উপরে ভারত রক্ষা আইন প্রয়োগ করে গ্রেপ্তার করা হোল। এর চেয়ে আর প্রহসন কি হতে পারে? ভারতবর্ষের সঙ্গে পাকিস্তানের যে চুক্তি, সেই চুক্তির কোন মর্যাদা পাকিস্তান দেয় নি। যদি লক্ষ্য করে থাকেন তাহলে দেখবেন ১৯৫০ সালে যে নেহেরু-লিয়াকত চুক্তি হয় তার মধ্যে সংখ্যা-লঘুদের সম্পর্কে যথেষ্ট কিছু লেখা ছিল- কিন্তু কৈ সে চুক্তি তো কার্যকরী হোল না? পাকিস্তান সে চুক্তির মর্যাদা দিল না।

আমরা যদি লক্ষ্য করি তাহলে দেখব যে ১৯৫৮ সালের নেহেরু-নুন চুক্তির পরিপ্রেক্ষিতে আমরা বেরুবাড়ী অঞ্চল পাকিস্তানকে দিতে চলেছি। এই সঙ্গে যদি লক্ষ্য করি তাহলে দেখব নেহেরু-নুন চুক্তির মধ্যে আর একটা এলাকা সম্বন্ধে বলা ছিল—সেটা হচ্ছে ছিট এলাকা বিনিময়। অর্থাৎ পশ্চিম বাংলার যে ২৮ বর্গমাইল ছিট এলাকা যেটা পূর্ব পাকিস্তান পরিবেষ্টিত, সেই ২৮ বর্গমাইলের বিনিময়ে ভারতীয় এলাকা পরিবেষ্টিত পূর্ব পাকিস্তানের ১৮ বর্গমাইল অর্থাৎ ১০ বর্গমাইল ভারতের এলাকা ফাউ দিয়া বিনিময়ের প্রস্তাব ছিল। কিন্তু আপনি জানেন নেহেরু-নুন চুক্তি অনুসারে ঐ যে মুর্শিদাবাদের চর যেটা পাকিস্তানকে দিয়ে দেওয়া হয়েছে ২৪-পরগণার সুন্দরবন এলাকা সম্বন্ধে যেসব ডিসপিউট ছিল সেসব এলাকা দিয়ে দেওয়া হয়েছে, অথচ ছিট এলাকা সম্বন্ধে আজও কোন সমাধান হয় নি। আমরা পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি এই হাউসএ গত জুলাই মাসের অধিবেশনে মুখ্যমন্ত্রী মহাশয় আমার একটা কলিং এটেনশন নোটিশের জবাবে বলেছিলেন যে পাকিস্তান সৈন্যবাহিনী জোর করে পাক ছিট

এলাকা ডাহাগ্রামে ঢুকেছে এবং সেখানে তারা শাসনব্যবস্থা অক্ষুন্ন রেখেছে। আমি জিজ্ঞাসা করি পশ্চিম বাংলায় যে ২৮ বর্গমাইল ছিট এলাকা রয়েছে কাজলদিহি, শালবাড়ী, নাটকাশোদি প্রভৃতি, এইসব এলাকায় আপনাদের কোন শাসনব্যবস্থা আছে কি? আমি জানি সেখানে কোন শাসনব্যবস্থা নেই—সেখানে নারী হরণ, নারী ধর্ষণ চলছে, পাকিস্তানী অত্যাচার চলছে, চুরি ডাকাতি চলছে। এই যে অবস্থা তার কোন প্রতিকার আপনারা করতে পারেন নি। অথচ পাকিস্তানীরা তাদের ১৮ বর্গমাইল ছিট এলাকায় তাদের শাসন বজায় রেখেছে এবং বাকি যে ২৮ বর্গমাইল ভারতীয় ছিট এলাকা, সেখানে তারা জোর করে শাসন কার্য্য চালাচ্ছে। আপনারা নীরব দর্শক হয়ে তাকিয়ে রয়ে চুক্তির কথা বলছেন এবং পাকিস্তানকে তোষণ করে চলেছেন। ছিট এলাকার মানুষদের কাছে আপনারা পুলিশ পাঠাতে চেয়েছিলেন--পাকিস্তান সরকারকে লিখেছিলেন; পাকিস্তান সরকার সে প্রস্তাব অস্বীকার করেছেন ভারতীয় পুলিশকে তারা যেতে দেবে না পাকিস্তান এলাকার ভেতর দিয়ে। কিন্তু তার জন্য কি ব্যবস্থা করেছেন? আপনারা ষড়যন্ত্র করেছেন যাতে আগামী নির্বাচনে ভারতীয় ছিট এলাকার নাগরিকরা ভোটাধিকার না পায় এবং তার ব্যবস্থা করছেন, যেহেতু ১৯৬১ সালের সেন্সাস আপনারা সেখানে করতে পারেন নি। ভারতীয় ছিটের ৪০ হাজার মানুষের দুঃখদুর্দশা সম্বন্ধে কোন খোঁজ খবর রাখেন নি। তাদের অনেকে পাকিস্তান এলাকার ভেতর দিয়ে গোপনে লুকিয়ে যখন ভারতবর্ষে প্রবেশ করে, যখন জলপাইগুড়ি কিম্বা কুচবিহার জেলায় গিয়ে উপস্থিত হয় তখন তাদের গ্রেপ্তার করে জলপাইগুড়ি কিম্বা কুচবিহার জেলে পাঠান হয়। এই তো আপনাদের বিচার ভারতীয় এলাকায় ভারতীয় নাগরিক তারা যখন ভারতীয় এলাকায় অবস্থান করে তাদের আপনারা গ্রেপ্তার করেন। এরচেয়ে শোচনীয় অবস্থা আর কি হতে পারে? কিন্তু তাদের সম্পর্কে কোন চেষ্টা নেই। মন্ত্রীমহাশয় নিশ্চয় খবর রাখেন, হলদিবাড়ী এলাকায় যখন আপনারা নির্বাচনের সময় গিয়েছিলেন, হলদিবাড়ীতে যে ভোট কেন্দ্রে ২০ হাজার ছিটের লোকের ভোটাধিকার ছিল, কিন্তু সেই ২০ হাজারের মধ্যে একটা ভোটও পড়ে নি, কারণ তারা কেউ আসতে পারেন নি। এইভাবে নাগরিক অধিকার দিয়ে ভোটাধিকার দিয়ে এইসব সৃষ্টি করার কি কারণ থাকতে পারে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যারা নিজেদের এলাকার মানুষের দায়িত্বের কথা অস্বীকার করে, যারা ছিট এলাকার মানুষের দায়িত্ব অস্বীকার করে স্বাভাবিকভাবেই পূর্ব পাকিস্তানে যেসব মা বোন ধর্ষিতা হাজার হাজার মানুষ যারা নিহত তাদের উদ্দেশ্যে মাননীয়া রাজ্যপালের ভাষণে কুম্ভীরাশ্রু বিসর্জন ছাড়া আর কোন কিছু কথা থাকতে পারে না। হিন্দী সাম্রাজ্যবাদ আজকে দেশ জুড়ে চালানোর চেষ্টা হচ্ছে; তাদেরই পক্ষপুটে আশ্রয় গ্রহণ করে এই পশ্চিমবাংলা সরকার আজকে গোটা বাংলা দেশকে সর্বশান্ত করে এবং পশ্চিম বাংলাকে শেষ করে দেবার একটা ষড়যন্ত্র রচনা করেছেন। পশ্চিমবঙ্গ সরকার তাদের হাতের পুতুল মাত্র। আমরা তাই দেখছি ১৯৪৭ সালের কথা বাদ দিলেও ১৯৫৭ সালে দার্জিলিং সম্মেলনে পরিস্কারভাবে উদ্বাস্তুদের ভারতবর্ষে আসার পথকে রুদ্ধ করে দেওয়া হল এবং অন্য দিক থেকে যদি লক্ষ্য করি তাহলে আমরা দেখতে পাই, পূর্ব বাংলার মানুষের দুঃখ বেদনার করুণকাহিনী কেউ যাতে ভবিষ্যতে জানতে না পারে, পশ্চিম বাংলার সঙ্গে পূর্ব বাংলার রক্তের নিগূঢ় সম্পর্ক ছিল বা আছে সেই সম্পর্ক যাতে চলে যায় সেজন্য আজকে নূতন করে চক্রান্ত হচ্ছে। ঐ রাইটার্স বিল্ডিংস-এ বসে গোপন ষড়যন্ত্র হচ্ছে পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন করে বঙ্গ করার। আমি জানি হয়ত আগামী দিনে এই বিধান সভার মধ্যে সেই প্রস্তাব ঐ মন্ত্রীসভা থেকে নিয়ে আসবেন যে পশ্চিমবাংলার নাম পরিবর্তন করে বঙ্গদেশ করা হোক। এর পেছনে আর কোন যুক্তি নেই; একটি মাত্র যুক্তি সেটা হল বাঙ্গালীকে—বাংলা দেশকে শেষ করে দিতে চাওয়া। পূর্ববঙ্গ বলে একটা দেশ আছে যার সম্বন্ধে আমরা চিন্তা করে থাকি, যে এলাকার সাথে আমাদের রক্তের সম্পর্ক রয়েছে, তাদের কাহিনী যাতে ভবিষ্যতে আর কেউ জানতে না পারে তার চেষ্টাতেই এই পশ্চিমবঙ্গ থেকে বঙ্গ নামের পরিবর্তন করা। এই কথা বলে আমি প্রস্তাবের বিরোধিতা করে বক্তৃতা শেষ করছি।

[2-20—2-30 p.m.]

শ্রীনরেন্দ্রনাথ সেনঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণকে সমর্থন করে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করি এবং এই প্রসংগে কয়েকটা কথা বলতে চাই। প্রথমে আমাদের বন্ধুবর শ্যামসুদ্দিন সাহেব যে কথা বলেছেন সে সম্বন্ধে বলবো, কারণ আমার মনে এটা আঘাত দিয়েছে। তিনি বলেছেন যে, রাজনীতি ক্ষেত্রে আমাকে মনে করতে হয় যে আমি মুসলমান। এটা আমি আপত্তিজনক মনে করি। আমি হিন্দু কি মুসলমান এটা আমার ব্যক্তিগত ব্যাপার, ধর্মের সংগে রাজনীতির কোন সম্পর্ক থাকবে না যতদিন এই প্রকারের মনোভাব থাকবে ততদিন এই রকম হানাহানি হবে ধর্ম আমাদের ব্যক্তিগত ব্যাপার। কিন্তু রাজনীতি ক্ষেত্রে ধর্মের বা গোত্রের কোন সম্বন্ধ নাই। আমরা ভারতবাসী এই ভাব যতদিন পোষন করবো, যতদিন এই ভাব হিন্দু মুসলমান পোষন করবে ততদিন দেখবো যে ভারতবর্ষে হিন্দু মুসলমানের দাংগা হবে না। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, পূর্ববংগে হিন্দুদের প্রতি যে অমানুষিক অত্যাচার করা হয়েছে ইতিহাসে তার তুলনা নেই। আজকে কয়েক বৎসর ধরে পার্টিসান-এর পর থেকে পাকিস্তান সরকার হিন্দু নিধন চালিয়ে যাচ্ছে এর প্রতিক্রিয়া হিসাবে পশ্চিমবংগে কিছু কিছু ঘটনা ঘটেছে সন্দেহ নেই। কিন্তু আমার বিশ্বাস আমি মনে করি পশ্চিমবংগের দাংগা হাংগামাকে সাম্প্রদায়িক দাংগা-হাংগামা যা সেই সাম্প্রদায়িক দাংগা-হাংগামা মনে করি না। যদি করতে হতো তাহলে কলকাতায় মাত্র কয়েকটা থানা এবং সমস্ত পশ্চিম বাংলায় দুটো জেলায় কয়েকটা এলাকায় এ সীমাবদ্ধ থাকতো না। এটা পশ্চিমবংগের সর্বত্র ছড়িয়ে পড়তো, তাছাড়া আমার মনে হয় পূর্ব পাকিস্তানের দাংগা এবং এগুলির মধ্যে পলেটিক্যাল পার্টির একটা ইন্টারন্যাল কমোশান এবং পাকিস্তান সরকারের চক্রান্তের ফলে এসব হয়েছে। পাকিস্তান সরকার ১৯৫০ সালের পর থেকে হিন্দু বিতাড়ন আরম্ভ করেছেন, কিন্তু এবার তারা অন্য লাইন নিয়েছেন। তাদের একটা লাইন হচ্ছে কি করে পশ্চিমবংগকেও এই দাংগায় জড়িত করা যায় এবং তাদের মধ্যে একটা ইন্টারন্যাল কমোশান সৃষ্টি করা যায়, কাজেই কয়েকটা কথা এখানে আলোচনা করতে চাই, তা থেকে দেখা যাবে যে, এগুলি পাকিস্তানেরও চক্রান্তে হয়েছে এবং পশ্চিম বাংলায় পাকিস্তানের যেসব চর রয়েছে, তারা সেভাবে চলেছে এবং তাই বলবো তারা খানিকটা সাফল্য লাভ করেছে পাকিস্তানের দ্বারা। আমি গত দাংগার কথাই বলবো। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, একটা ধারনা হচ্ছে সকলের যে পশ্চিমবংগের দাংগায় শুধু এক তরফা শুধু হিন্দুরা মুসলমানদের উপর অত্যাচার করেছে। হিন্দু মুসলমান উভয়েই এই দাংগায় লিপ্ত ছিল। মুসলমানের যেমন বাড়ী পুড়েছে, নিহত হয়েছে বা ক্ষতিগ্রস্ত হয়েছে, হিন্দুরও তেমনি হয়েছে। কোন কোন স্থানে হিন্দু নিহত হয়েছে ও ক্ষতিগ্রস্ত হয়েছে। কলকাতার বেনেপুকুরে, জেলেপাড়া, এন্টালি, ২৪-পরগনায়, ও মহেশতলা ইত্যাদি আরও কয়েকটা জায়গায় এবার এই ঘটনা ঘটেছে। কাজেই এর জন্য কোন সম্প্রদায় বিশেষকে দায়ী করা চলে না। কিন্তু দাংগার পেছনে কোন সুদৃঢ় হস্ত তার খেলা খেলছেন সেটা খুঁজে বার করতে হবে। আমি এসব জায়গার দু-একটা দৃষ্টান্ত দিয়ে দেখাব যে এসব জায়গায় হিন্দুরা অত্যাচারিত হয়েছে, এবং তার মধ্যে পাকিস্তান কিভাবে খেলা খেলেছে। পাকিস্তানের এই চক্রান্ত প্রথমে আমরা দেখতে পাই, আমি আগেই বলেছি পাকিস্তানের এবার মূলনীতি হচ্ছে হিন্দুদের পাকিস্তান থেকে বিতাড়ন করা এবং এভাবে পশ্চিম বাংলার হিন্দুদের ক্ষুব্ধ করতে হবে। সেখানে হিন্দু নিধন যাতে হয় তাই তারা সেখানে ব্যাপকভাবে হত্যার মাধ্যমে ঐ নিধন আরম্ভ করে, যাতে তারা ক্ষুব্ধ হয়ে ওঠে সে কাজই তারা করছে। প্রথম হচ্ছে ওয়েলেসলি স্ট্রীটে হিন্দু স্টুডেন্টদের প্রশেসান যখন যাচ্ছিল প্রাক ডেপুটি হাই কমিশনারের ওখানে প্রতিবাদ জানাতে, তখন তাদের উপর আক্রমণ হয়। কোন মুসলমানেরই এভাবে প্রশেসানকে আক্রমণ করার প্রয়োজন ছিল না।

[2-30—2-40 p.m.]

এর পেছনে যদি ব্যাপক ষড়যন্ত্র না থাকে তাহলে এই জিনিষ কখনও সম্ভব হয় না, তার পিছনে প্রেরণা এসেছে। পার্ক সার্কাসে স্বামী বিবেকানন্দের প্যাভেলিয়ান পুড়িয়ে দেওয়া হয়েছে এবং

পুড়িয়ে দিয়ে ছাত্রমহলকে বিক্ষুব্ধ করে তোলা হয়েছে—তারপর এখানে কিছু অনুষ্ঠিত হয়। তারপর এখানে কিছু কিছু দাঙ্গা হাঙ্গামা শুরু হয়েছে তখন তারা গ্রামে গ্রামে কিছু মাইগ্রেশন সার্টিফিকেট পাঠিয়ে দিয়েছে এবং বলেছে তোমরা তোমাদের মাইগ্রেশন সার্টিফিকেট দেখাও। আমি জানি আমার খিদিরপুর এলাকার ভুয়া নামে মাইগ্রেশনের জন্য দরখাস্ত করা হয়েছে এবং পাকিস্তানের ডেপুটি হাই কমিশনারের একজন বড় অফিসার সেগুলি তদন্ত করতে গিয়েছিলেন, তিনি সেখানে কোন নাম পান নি কারণ সেখানে কেউ থাকে না। এর উদ্দেশ্য হল জগতকে দেখান যে এইসব লোক মাইগ্রেশনের দরখাস্ত করেছিল কিন্তু তাদের হত্যা করা হয়েছে। এই প্রকারে এইখানে পাকিস্তানের ষড়যন্ত্র চলেছে। আমরা দেখেছি এখানকার মুসলমানরা যাতে ইদের উৎসব পালন না করে তার জন্য নানা জায়গায় পোষ্টার লাগান হয়েছে, বলা হয়েছে মুসলমানদের বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে, মুসলমানদের হত্যা করা হয়েছে, অতএব তোমরা ঈদ পালন কর না, এই দিনকে শোক দিবস হিসাবে পালন কর। এর মূলে রয়েছে পাকিস্তানের একটা বিরাট ষড়যন্ত্র যার জন্য এখানে যে সমস্ত পাকিস্তানী অনুচররা রয়েছে তাদের খুঁজে বার করা প্রয়োজন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এইবার আমি দু-একটি দৃষ্টান্ত আপনাকে দেবো। আমি বেনিয়াপুকুর এলাকার কথা বলতে চাই সেখানে একদিকে হাতিবাগান—ফুলবাগান মুসলিম এলাকা অন্য দিকে বেনিয়াপুকুর—জাননগর রোড পার্ক সার্কাসের দিকে এটি হিন্দু এলাকা। সেখানে ১০ই তারিখে আনুমাণিক সন্ধ্যা ৭টা সাড়ে ৭ টার সময় অনেক এম-এল-এ, হাতিবাগান ফুলবাগান বস্তিতে গেলেন দেখা গেল এবং ঘুরে এলেন তারপর ১০টার কিছু আগে এই রাস্তাগুলো অন্ধকার করে দেওয়া হল এবং রাত ১০টায় হাতিবাগান বস্তি থেকে হাওয়াই বাজী ওড়ান হল, এটা হল ইঙ্গিত, সঙ্গে সঙ্গে হাতিবাগান মুসলমান গুণ্ডারা অস্ত্র-শস্ত্র নিয়ে বেনিয়াপুকুরের দিকে এলো এবং ফুলবাগানের গুণ্ডারা হৈ চৈ করতে করতে ইটালীর দিকে এলো। এমন অবস্থা হল, বেনিয়াপুকুরের হিন্দুরা, তারা সেখানে মাইনোরিটি, তারা ভয়ে থানার পুলিশের সাহায্য চাইলো, তারা বললো আমাদের ফোর্স নেই তোমরা রেজিষ্ট কর। তারপর তারা লালবাজারে ফোর্সের জন্য চাইলো বললো দেরী হবে। যখন তাদের জীবন বিপন্ন, যখন তারা প্রাণ ভয়ে ভীত, তখন তারা একটা রাস্তা নিলো, তারা সেখানে একটা কেরোসিন দোকান ভেঙ্গে সেই কেরোসিন তেল দিয়ে রাস্তায় আগুন জ্বালিয়ে দিলো- এইভাবে তারা সেদিনকার আক্রমণ প্রতিহত করে। ইতিমধ্যে পুলিশ ফোর্স সেখানে যায়, এবং তারাও আক্রান্ত হয়, তাদের উপরেও গুলি ছোঁড়া হয় এবং তখন তাদেরকেও গুলি করতে হয়। দ্বিতীয় দিন আবার তারা আক্রান্ত হল এবং সেই গুণ্ডার দল ডাঃ পি কে সেন, জে পি-র বাড়ীতে বোমা ফেলেন এবং একটি হিন্দুকে ফায়ার করে আহত করেন। এবং এখানে একটি ঠাকুর বাড়ী আছে- সেখানে মফিদুল ইসলাম লেনে একটি কথ্যাত নেতা বাস করেন। এই লেনে উক্ত ঠাকুর বাড়ীটি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার কাছে কয়েকটি ফটোও আছে আমি আপনাকে দেখাবো মফিদুল ইসলামের এই ঠাকুর বাড়ীটি কিভাবে নষ্ট করা হয়েছে। এই ঠাকুর বাড়ীর সংলগ্ন ২৭টি হিন্দু পরিবার বাস করতো তাদের সমস্ত বাড়ী পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। (এই সময় তিনি কতকগুলি ফটো দেখান।) এই ফটো রয়েছে ঠাকুর বাড়ী ভেঙ্গে ফেলা হয়েছে। দ্বিতীয়তঃ তার সংলগ্ন যে সমস্ত বাড়ী তা ভেঙ্গে ও পুড়িয়ে দেওয়া হয়েছে। এবং এই আর একটি ফটো রয়েছে, এখানে যে সমস্ত গুলি করা হয় বন্দুক থেকে সেই বন্দুকের গুলি এই বাড়ীর গায়ে এখনও লেগে রয়েছে। (ফটো দেখাইলেন।) মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর একটা বাড়ীর কথা আমি আপনাকে বলবো, ৫৯ডি লিনটন স্ট্রীটএ নির্মল কুমার দের বাড়ীতে আপনি দেখতে পাবেন এই বাড়ীতে গুলি পড়েছে এবং এই বাড়ীটি গুলির দ্বারা ক্ষতবিক্ষত হয়েছে, তবে নূতন বাড়ী বলে বিশেষ অনিষ্ট করতে পারে নি। এইভাবে এখানে অরাজকতা চলছে। অবশ্য পুলিশ কিছু অংশ গ্রহণ করেছিল, এবং এই অঞ্চলে একজন পুলিশ অফিসার গুলিতে আহত হয়ে হাসপাতালে আছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই অঞ্চলের অধিবাসীরা পুলিশ কমিশনারের সঙ্গে দেখা করেছিলেন, যেসব গুণ্ডা নেতা এই সব কাজে যোগদান করেছিল, নেতৃত্ব করেছিল তাদের লিস্ট নিয়ে। কমিশনার সাহেব একজন বড় অফিসারের কাছে পাঠিয়েছিলেন, তিনি হেসে বললেন এ লোকটা সম্বন্ধে মশায় আমি কিছু

করতে পারবো না। আমি জিজ্ঞাসা করি এই লোকটি কি এমন প্রতিপত্তিশালী ব্যক্তি যে বা তাঁর পিছনে এমন কোন শক্তি আছে যার জন্য তিনি আইনের আওতায় পড়বেন না? এই লোকটি একজন কুখ্যাত নেতা. ১৯৪৬ সালে তিনি অনেক খেলা খেলে পাকিস্তানে চলে গিয়েছিলেন। গত ২৭এ জানুয়ারি সেখানে একটি মুসলমানদের হাই স্কুল আছে. ইসলামিয়া হাই স্কুল--সেই বাড়ীর ভিতরে বোমা বিস্ফুরিত হয়। তখন সেখানে মিলিটারি ছিল. তারা সার্চ করতে গিয়ে তার ভিতরে বহু পরিমাণ বোমা এবং অস্ত্র-শস্ত্র পাওয়া গিয়েছিল। কিন্তু ওটা তখন সার্চ করা হয় নি. সার্চ করলে বহু অস্ত্র-শস্ত্র পাওয়া যেত। তারপর ফুলবাগানের গুণ্ডারা চলে গেল ইটালীর দিকে ইটালীতে যাওয়ার পথে তারা কিছু কিছু হিন্দু বাড়ী ধ্বংস করলো, লুঠপাট করলো এবং এখানে ১২ জন গুলিতে আহত হয়েছে. একজন এ্যাসিস্ট্যাণ্ট সাব-ইন্সপেক্টর অব পুলিশ আহত হয়ে আজো তিনি হাসপাতালে আছেন। আর একটা বস্তি, মতিঝিল বস্তি, সেখানে বহু পাকিস্তানের নাগরিক থাকে। একদিকে মুসলিম বস্তি. সেখানে কনভেন্ট লেনে ৫টি হিন্দু বাড়ী আছে, আর এক দিকে হিন্দু বস্তি, এখানে ৯ই তারিখে কিছু বোমা পড়ে। পুলিশ এসে সেখানকার কিছু কিছু লোক ধরে নিয়ে যায়। ৯ই তারিখে ওখানকার ঐ মুসলিম বস্তিতে যে হিন্দুরা ছিলেন তাদের রক্ষা করেন ওহায়েদ মিজা বলে একজন মুসলমান। ভগবান তাঁকে রক্ষা করুন, তিনি দীর্ঘজীবী হোন। তখন হিন্দুরা তার পরের দিন ওখান থেকে চলে আসে। কিন্তু ১০ই তারিখে একজন হিন্দু কয়লাওয়ালা এবং একজন হিন্দুস্থানী মুদী মারা যায় এবং তাকে রেল লাইনের ধারে ফেলে দেওয়া হয়। এখানে রাস্তার মাঝখানে মাদার টেরেসা নামে একটি স্কুল আছে, সেখানে দুইজন খৃষ্টান থাকতেন, একজনের নাম প্রবোধ বিশ্বাস, আর একজনের নাম হল রোজারিয়ো। তারা খৃষ্টান বলে আশা করেছিলেন তাদের উপর অত্যাচার হবে না কিন্তু অত্যন্ত নৃশংসভাবে তারা নিহত হয়, তারা রোজারিয়োকে তলোয়ার দিয়ে নিহত করেন এবং প্রবোধ বিশ্বাসকে একটা গাছে ঝুলিয়ে দিয়ে গাছে আগুন দিয়ে পুড়িয়ে মারা হয়। তারপর মাদার টেরেসার স্কুলের পোড়ো বাড়ীটি মিলিটারীরা তৈরী করে দেয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তারপর আর সেখানে কোন ঘটনা ঘটে নি এবং সেখানে কেউ মারা যায় নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই রকম আরো বহু ঘটনা আছে, আমি আর বাড়াতে চাই না কারণ এগুলি খুবই অপ্রিয় জিনিষ। আজ আমাদের দেখতে হবে এর মূলে কি আছে, কোন শক্তি এর পিছনে আছে? যে শক্তি আমার এই ভারতবর্ষের মুখে কালি লেপে দিয়েছে, হিন্দু মুসলমান আমাদের সকলের মুখ কালিমা লিপ্ত করেছে যার জন্য অত্যন্ত লজ্জার কথা সমস্ত ভারতবর্ষের কাছে আমাদের মাথা নিচু হয়ে গিয়েছে।

আমি আগেই বলেছি এর পেছনে রয়েছে পাকিস্তানের গুপ্তচর। পাকিস্তানের গুপ্তচররা এখানে ভিসা না নিয়ে বাস করছে অথচ পুলিশ তাদের ধরে না। আমাদের হোম (পলিটিকাল) ডিপার্টমেণ্ট যদি আরও শক্তিশালী না হয় তাহলে এইসব গুপ্তচররা অবাধে এখানে থাকবে। অনেক কেস আছে ৫/৭ বছর ধরে পুলিশ রিপোর্ট পড়ে আছে, কিন্তু এগুলি কার্যকরী হচ্ছে না। এর মূল কোথায়? যতদিন পর্যন্ত পূর্ব পাকিস্তানে হিন্দুরা পাকিস্তানের বলি হয়ে থাকবে ততদিন পর্যন্ত মাঝে মাঝে এরকম অত্যাচার অনুষ্ঠিত হবে এবং তার ফলে এখানে প্রতিক্রিয়া দেখা দেবে। কিন্তু এটা বন্ধ করা দরকার। এটা বন্ধ করতে হলে হিন্দু মুসলমান সকলকে একসঙ্গে মনে রাখতে হবে ভারতবর্ষ আমার দেশ এবং ভারতবাসী হিসেবে এই দেশকে আমাকে সমৃদ্ধশালী করতে হবে। তবে যে ৯৪ লক্ষ হিন্দু ওখানে রয়েছে তাদের এখানে নিয়ে আসতে হবে তাদের আসার সুযোগ দিতে হবে এবং তাদের এখানে রাখতে হবে। তখন রি-সেটেলমেণ্টের এক প্রশ্ন গভর্ণমেণ্টের কাছে দেখা দিয়েছে—অর্থাৎ কোথায় তাদের রাখবে তার ঠিক নেই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গত ১০ তারিখের আনন্দবাজার পত্রিকায় সেন্সাস রিপোর্ট সম্বন্ধে বলা হয়েছে। পশ্চিমবাংলার সরকারী সেন্সাস রিপোর্টে বলা হয়েছে, "পশ্চিমবাংলার ৪১ হাজার ৯৫১টি গ্রামের মধ্যে ৩ হাজার ৪৮৬টি গ্রাম ফাঁক পড়ে আছে—সেখানে লোকজন নেই। উড়িষ্যায় ১০ হাজার গ্রামের মধ্যে ৫৬৫৯টি গ্রাম জনহীন এবং সারাপৃথিবীগুলে ২ লক্ষ ১০ হাজার ৩৭১টি গ্রাম তার মধ্যে ২১ হাজার ৫৪৮টি গ্রামে কোন মানুষ নেই। আমি সরকারকে বলব এঁদের এইসব গ্রামে প্রতিষ্ঠিত করুন। তারা এইসব গ্রামে সোনা ফলাবে এবং তার ফলে অনেক হাঙ্গামা থেকে

আমরা রক্ষা পাব। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আর একটি রিপোর্টের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১১ই তারিখ আনন্দবাজার পত্রিকা বলেছে, "ইহা কি সত্য? পশ্চিমবাংলা পুলিশের জনৈক ডি, আই, জি, সম্প্রতি নদীয়া এবং ২৪-পরগণা জেলা গোপনে সফর করেছে। এই সফরকালে তিনি সীমান্তে ভারতীয় মুসলমানদের সঙ্গে কয়েকটি বৈঠক করেছেন। এই বৈঠকগুলিতে পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনীর কতিপয় অফিসার ছদ্মবেশে ভারত সীমান্ত এলাকায় ঢুকিয়া যোগদান করেন। জানা যায় যে উক্ত ডি, আই, জি,-র নিজের ছোটভাই পূর্ব পাক রাইফেল বাহিনীর লেঃ জেনারেল। ইহা ছাড়া এই ডি, আই, জি, সাহেব পূর্বে কলিকাতার এক এলাকায় নামমাত্র ভাড়ায় দীর্ঘদিন ধরিয়া দুটি ঘর রাখিয়াছেন। এই ফ্লাটে নাকি পাক ডেপুটি হাই কমিশন-এর কর্মীদের ঘন ঘন যাতায়াত হয়"। আমার প্রশ্ন হচ্ছে ইনি কে? এটা যদি সত্য হয় তাহলে তাকে অপসারণ করা প্রয়োজন। আমি আর একটি রিপোর্টের প্রতিও আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ঐ তারিখে আনন্দবাজার পত্রিকায় একটি পুলিশ রিপোর্টের কথা বলা হয়েছে। এখানে লিখেছে যে, "কোলকাতার পাক ডেপুটি হাইকমিশন-এর কয়েকজন পদস্থ অফিসার, জনৈক কমিউনিস্ট এম, এল, এ সহ পাক দরদী বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃস্থানীয় কয়েক ব্যক্তি এবং কলিকাতাস্থ কোন কোন বৈদেশিক দূতাবাসের কয়েকজন অফিসার-এর যোগসাজসে সাম্প্রতিক দাঙ্গা-হাঙ্গামায় সংখ্যালঘু সম্প্রদায়কে উস্কানী দেওয়া হয় বলিয়া পুলিশ রিপোর্টে প্রাপ্ত অভিযোগ প্রকাশ। কোলকাতায় সাম্প্রতিক হাঙ্গামার প্রাক্কালে ৩ দিন জনৈক সংখ্যালঘু এম, এল, এ, পাক ডেপুটি হাই কমিশন অফিসে কয়েকটি গোপন বৈঠকে যোগদান করেন এবং ঐ অফিসের গাড়ীতে দূতাবাসের ২ জন পদস্থ অফিসারের সহিত তালতলা থানার ওয়েলেসলী অঞ্চলে, পার্কসার্কাস, কড়েয়া, বেনিয়াপুকুর থানার ফলবাগান এবং ইণ্টালী থানার মতিঝিল সর্দারদের সহিত ঘরোয়া আলোচনা চক্রে মিলিত হন বলিয়া প্রকাশ। এমনকি দাঙ্গা চলার সময়ও উক্ত এম, এল, এ-কে পাক দূতাবাসের অফিসার সহ বিভিন্ন এলাকায় ঘোরাঘুরি করিতে দেখা যায়" আমি জানিনা এটা সত্য কিনা, কিন্তু যদি সত্য হয় তাহলে গভর্নমেন্টের পক্ষ থেকে কোন অ্যাকসন নেওয়া হয়নি কেন? যাহোক এই দাঙ্গার সময় আমরা দেখেছি বহু হিন্দুর বাড়ী হিন্দুতে পুড়িয়েছে কারণ সেখানে মুসলমানরা থাকে আবার বহু মুসলমানের বাড়ী মুসলমানে পুড়িয়েছে কারণ সেখানে হিন্দু থাকে। কাজেই দেখা যাচ্ছে উভয় সম্প্রদায়ই ক্ষতিগ্রস্ত হয়েছে। এর অবসান হোক। স্যার, আমরা যে প্রীতির বাঁধন সৃষ্টি করেছিলাম পাকিস্তানের গুপ্তচরবা তাতে ফাটল ধরিয়েছে। তাকে আবার অনেক মেহনত করে জোড়া লাগাতে হবে। যাহোক, আগামী কাল মুসলমানদেব যে ঈদ উৎসব হচ্ছে সেটা যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এই আবেদন করি। জয়হিন্দ।

[2-40—2-50 p.m.]

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(১) পূর্ব পাকিস্তানের দাঙ্গানিগৃহীত সংখ্যালঘুদের প্রতি সমবেদনা ও তাঁহাদের সুপরিকল্পিতভাবে ও নিরাপদে ভারতবর্ষে আনার ব্যবস্থার কোনও উল্লেখ নাই;

(২) পশ্চিম বাংলার দারিদ্র্য ও বেকার সমস্যার ভয়াবহতার উল্লেখ নাই উহার সমাধানে সরকারী ব্যর্থতার কোন প্রসঙ্গ নাই;

(৩) প্রশাসন বিভাগের দুর্নীতি ও কায়েমী-স্বার্থের প্রতি তোষণ সম্পর্কে কোনও উল্লেখ নাই;

(৪) ছাত্র ভর্তি সমস্যা সমাধানের কোনও ইঙ্গিত নাই,

(৫) সরকারী বাসে ছাত্র কনসেশন টিকিট এবং ছাত্রদের স্বাস্থ্য রক্ষার বিভিন্ন কার্যক্রম সম্পর্কে কোনও উল্লেখ নাই;

(৬) ক্রমবর্ধমান আর্থিক বৈষম্য দূর করার ব্যাপারে সরকারী ব্যর্থতার কোন উল্লেখ নাই।"

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, জাতি আজ যখন গভীর সংকটে দাঁড়িয়ে, আমরা বাংলাদেশে রাজ্যপালের অভিভাষণের উপর অংশ গ্রহণ করছি। আজকে বাংলাদেশের সমস্ত মানুষের মনে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা অস্বীকার করে লাভ নাই এবং বাংলাদেশের পূর্ব সীমান্তে পাকিস্তানে যে নারকীয় ঘটনা ঘটছে তার সঠিক খবর যদিও আমাদের কাছে পৌঁছায় নি বা আমরা জানতে পারি নি কিন্তু বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে যে সামান্যতম সংবাদ আমাদের কাছে এসে পৌঁছচ্ছে তা থেকে দেখা যায়, এটাই প্রমাণিত হয় যে নারকীয় ঘটনা ঘটছে পূর্ব পাকিস্তানে তার তুলনা ইতিহাসে দেখা যায় না। কিছু কিছু সদস্য এবং কয়েকজন কংগ্রেসী সদস্যের কাছ থেকে, তাদের বক্তৃতা থেকে শুনতে পেলাম যে পূর্ব পাকিস্তানে যে ঘটনা ঘটছে তার কোন খবর তাদের কাছে এসেও পৌঁছয়নি বা আমাদের সরকার আজও জানতে পারেন নি। দুঃখের বিষয় ক্ষোভের সংগে বলতে হচ্ছে যে একটা সরকার, যার সমস্ত রকম মেশিনারী আছে, সেই সরকারের পক্ষে পার্শ্ববর্তী একটা দেশে কি ঘটনা ঘটছে তার মেসেজ রাখা সম্ভব হয় না। কিন্তু সুখের বিষয় বাংলাদেশের বিভিন্ন সংবাদপত্রে সেখানে যে আয়ুবসাহী শাসন চলেছে সাধারণ মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে তাদের জীবনে যে দুরবস্থা দেখা দিয়েছে তার সে চিত্র আমরা দেখতে পাচ্ছি প্রতিদিন। আমি এ সম্পর্কে বিশেষ করে গত কালকের একটা ছবির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আনন্দবাজার পত্রিকায় একটা ছবি বেরিয়েছে, এই ছবি তারা বের করে নি, এটা একটা বিদেশী সংবাদ প্রতিষ্ঠানের তরফ থেকে দেওয়া হয়েছে। এই ছবি দেখলে আপনি বুঝতে পারবেন পাকিস্তানে আজও সংখ্যালঘু হিন্দুদের কি দুর্বিষহ অবস্থার মধ্যে থাকতে হচ্ছে, তারই একটা উজ্জ্বল বাস্তব চিত্র এই সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। জানি না এর পরেও কেন নির্লজ্জ কংগ্রেসী বন্ধুদের কাছে শুনতে হয় পাকিস্তানে যে ঘটনা ঘটে গিয়েছে তার সঠিক খবর এখনও সরকারের কাছে এসে পৌঁছায় নি। এর পিছনে একটি মাত্র কারণ হচ্ছে পাকিস্তানে আয়ুবসাহী শাসনে সংখ্যালঘুদের জীবনে যে অবস্থার সৃষ্টি হয়েছে আমাদের দেশের কংগ্রেসী সরকার সেই অবস্থা চেপে দেবার জন্য সত্যকে আজকে অস্বীকার করছেন এবং তার প্রমাণ হচ্ছে তাদের আচরণ এবং তাদের কথাবার্তা। সংখ্যালঘু হিন্দুদের উপর সেখানে যে অত্যাচার হচ্ছে তাতে তারা সে দেশে বাস করতে পারছে না, এদেশে চলে আসছে এবং তাদের চলে আসা সম্পর্কে তাঁরা বড় বড় কথা বলছেন যে মাইগ্রেশন সম্পর্কে ব্যবস্থা করা হবে। আশ্চর্য রকম ব্যবস্থা করা হবে। কেন না কালকার আনন্দবাজার পত্রিকায় যা বেরিয়েছে তাতে দেখতে পাচ্ছি সরকার মুখে একথা বলছেন যে মাইগ্রেশনের ব্যবস্থা দেওয়া হবে এবং সে দেশ থেকে যারা আসতে চান তাঁদের আসাতে কোন বাধা-নিষেধ থাকবে না, কিন্তু আমরা দেখছি মাইগ্রেশনের ব্যাপারে নানা রকম বিধি সর্ত আরোপ করা হচ্ছে, যার ফলে সে দেশের গরীব মানুষ, সাধারণ মানুষের পক্ষে এ দেশে আসা সম্ভব নয়।

এতে প্রমাণিত হচ্ছে যে সেই দেশের যে অবস্থা সেই অবস্থাকে অস্বীকার করা হচ্ছে। এই সরকার তার গুরুত্ব দিচ্ছেন না। সেখান থেকে যারা চলে আসতে চায়, যাদের আসা সম্পর্কে এদের কোন বাধা নেই এটা তারা কথায় বলছেন। কাজেই তারা প্রমাণ করছেন যে তারা সেখানে পড়ে মার খাক—তাদের জীবন শেষ হয়ে যাক—এখানে আসার কোন প্রয়োজন নেই। আর একটি সংবাদ পেয়েছি যে এখানে যারা আসতে চান তারা আসতে পারেন কিন্তু জমি নেই। এর অর্থ বুঝতে আমাদের খুব বেশী বেগ পেতে হয় না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমরা সেই জন্য আমাদের দলের তরফ থেকে, বামপন্থীদের তরফ থেকে এ সম্পর্কে প্রস্তাব করেছি যে বাংলা দেশে যারা চলে আসতে চায় কোন রকম সর্ত তাদের উপর আরোপ করা চলবে না যাতে করে তারা চলে আসতে পারে এবং সংগে সংগে এই বিধানসভার তথা সরকারকে দায়িত্ব নিতে হবে—পুনর্বাসনের জন্য কোন পক্ষপাতিত্ব করা চলবে না। সত্যকে অস্বীকার করে কোন সমস্যাকে যদি সমাধান করা যেতো তাহলে হয়তো আমরা সত্যকে অস্বীকার করতাম। কিন্তু আমার বিশ্বাস সত্যকে অস্বীকার করে কোন সমমস্যার সমাধান করা যায় না। পূর্ব বাংলায় যে নারকীয় ঘটনা ঘটে গেল তার প্রতিক্রিয়া এই বাংলা দেশের—অর্থাৎ পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে ঘটেছে—একথা অস্বীকার করে কোন লাভ নেই। কিন্তু আজকে সরকারের তথা কংগ্রেসের তরফ থেকে সেই সত্যকে অস্বীকার করার চেষ্টা চলেছে। আমাদের কাছে যেটুকু তথ্য আছে তাতে আমি জোর করে বলতে পারি যে পশ্চিম বাংলায় যে সমস্ত ঘটনা ঘটেছে তার পিছনে

সরকারী তরফের প্রত্যক্ষ যোগাযোগ আছে। কারণ কলকাতায় যখন দাঙ্গা শুরু হয় ঐ ১০ই জানুয়ারী তারিখে সাড়ে তিনটার সময় তখন যে অঞ্চলে এই দাঙ্গা শুরু হয় সেই অঞ্চল দিয়ে একটি গাড়ী, যার নাম্বার আমি বলতে পারি সি ডি ২১২৩ এবং ২১২৪ ফুলবাগান এলাকা দিয়ে যাতায়াত করেছে এবং সেই গাড়ীতে এই কলকাতার একজন বিখ্যাত গুণ্ডা সালাউদ্দিন সাহেব ছিল। এটা বড় কথা নয়—সেখানে ভীষণ লজ্জা ও ঘৃণার কথা যে এই সালাউদ্দিন সাহেব যিনি কলকাতার একটি কুখ্যাত গুণ্ডা যার এই দাঙ্গার পিছনে সমস্ত হাত ছিল সেই কুখ্যাত গুণ্ডাকে সরকারী তরফ থেকে জানা সত্ত্বেও ধরা হয় নি। তার কারণ হচ্ছে এই যে আমাদের এই কংগ্রেস সরকারের পূর্ণ দায়িত্ব সম্পন্ন একজন মন্ত্রী পুলিশের কাছে বলেছিলেন যে এই সালাউদ্দীন সাহেবের নাম যেন অ্যাবসকাণ্ডিং লিস্ট-এ রাখা হয়। এবং একথাও শুনা গিয়েছে যে এই সালাউদ্দীন সাহেবের হাত দিয়ে নাকি সমস্ত মুসলমানদের রিলিফ দেবার ব্যবস্থা করা হচ্ছে—টাকা-পয়সার দায়িত্ব দেওয়া হচ্ছে। এটা কোন প্রমাণের সাপেক্ষ রাখে না যে এই কলকাতার দাঙ্গার পিছনে কংগ্রেস সরকারের যারা মন্ত্রী আছেন তাঁদের পরোক্ষ এবং প্রত্যক্ষ হাত আছে। যদি তা না থাকতো, যা আমাদের কাছে খোলা চক্ষের মত মনে হচ্ছে যে কংগ্রেসের তরফ থেকে এটা বলা হচ্ছে যে এই দাঙ্গার পিছনে কতকগুলো গুণ্ডার হাত আছে। যদি তাই হয় তাহলে অত্যন্ত লজ্জার কথা যে স্বাধীন দেশের যে সরকার, যার মিলিটারী, পুলিশ আছে সেখানে গুটিকয়েক গুণ্ডা গোটা কলকাতার জীবনকে বাংলা দেশের জীবন বিপর্যস্ত করে দিতে পারে? সরকার জোর গলায় আত্মতুষ্টির মনোভাব প্রকাশ করতে পারেন কিন্তু এটা মোটেই সমীচীন নয় বলে মনে করি। শুধু তাই নয়, কতকগুলি নিরীহ গরীব মানুষকে তারা খুনের মুখে ঠেলে দিয়েছে—মৃত্যুর পথে ঠেলে দিয়েছে। তাই আমরা প্রত্যাশা করেছিলাম যে বাংলা দেশের মহামান্য গভর্নর-এর যে বিবৃতি সেই বিবৃতিতে এই সত্যের স্বীকৃতি থাকবে এবং এই সত্যের যে গুরুত্ব তার তিনি প্রতিকার করবেন এবং এতে তাঁর স্বীকৃতি থাকবে যে তিনি তার প্রতিকার করবেন।

[2-50—3 p.m.]

এবং সে স্বীকৃতি দিয়ে তাঁরা এই অবস্থার প্রতিকারের ব্যবস্থা করবেন। কাজেই আমরা যে প্রত্যাশা করেছিলাম তা যে ব্যর্থ হয়েছে এবং এই ঘটনায় যে গুরুত্ব দেন নি এবং দেন নি বলে এই অবস্থার পরিসমাপ্তির জন্য যে ব্যবস্থা করা দরকার তা সরকার থেকে গ্রহণ করা হয় নি। রাজ্যপালের ভাষণে অন্য দিক সম্বন্ধে আমি আপনার মাধ্যমে কয়েকটা কথা বলতে চাই। এই ভাষণের দু' পাতার এক জায়গায় আছে আমাদের সরকার কৃষিকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। তাহার কারণ আমাদের মতো অনুন্নত দেশে কৃষিকার্যের সুস্থ ভিত্তিস্থাপন অত্যাবশ্যক। ইহা ছাড়া সর্বাধিক পরিমাণে কৃষিপণ্যের উৎপাদন বৃদ্ধি আমাদের লক্ষ্য। এই কথা পড়ে এটা বিশ্বাস করা যায় না যে পশ্চিমবঙ্গ সরকার এই কৃষি ব্যবস্থার উপর সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। কৃষি-ব্যবস্থায় যদি গুরুত্ব দিতেন তাহলে গুরুত্ব দেবার সঙ্গে সঙ্গে যে সমস্ত [illegible] করণীয় ছিল তা তারা করতেন তাহলে হত। আপনি জানেন যে আমাদের দেশে জমিদারী প্রথা উচ্ছেদ আইন পাশ হয়েছে, সরকারের হাতে জমির মালিকানা এসেছে এবং তারপর আমরা প্রত্যাশা করেছিলাম এই সমস্ত জমি যখন সরকারের হাতে বর্তাল, তখন এই সমস্ত জমি চাষীর হাতে দেওয়া হবে এবং চাষী সেই জমির মালিক হবে। কিন্তু দীর্ঘ কয়েক বছর পার হবার পর আমরা দেখছি সেই সমস্ত জমিদার জোতদার, স্বার্থান্বেষীদের হাতে আজও জমির মালিকানা থেকে গেছে। জমির মালিকানা যদি তাদের হাতে থেকে যায়, চাষীর যদি অধিকার না আসে তাহলে তাঁরা যতই গুরুত্ব দিন কিন্তু তাতে কৃষির উপর গুরুত্ব দেওয়া এতে প্রমাণিত হয় না। কৃষির উপর গুরুত্ব দেওয়া হবে না যদি না চাষীর হাতে জমির মালিকানা দেওয়া যায়। সেজন্য একথা আমার বিশ্বাস হয় না এবং যাঁরা এই বিবৃতি রচনা করেছেন তাঁদের উদ্দেশ্য যে মহৎ নয় এটাই প্রমাণিত হয়। আর একটা বিষয় সম্বন্ধে বলতে চাই যে রাজ্যসরকার কয়েকটা বড় শিল্পের প্রকল্পের ব্যবস্থা করেছেন, কিন্তু আপনি জানেন যে মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা থানা—যেখান থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি, সেখানে একটা চিনি শিল্প বহুদিন থেকে বন্ধ হয়ে পড়ে আছে। সরকারের তরফ থেকে বহুদিন বলা সত্বেও যে শিল্প বন্ধ হয়ে আছে তাকে চালাবার কোন চেষ্টা সরকার আজ পর্যন্ত করতে চান না। আমরা জানি যে আখের চাষ ভিন্ন

চিনিশিল্প চলতে পারে না। অথচ বীরভূম জেলায় আমেদপুরে লক্ষ লক্ষ টাকা সরকার থেকে সেখানে অপচয় করেছেন এবং কয়েক দিন আগে আনন্দবাজার পত্রিকায় রিপোর্ট বেরিয়েছে সেই ন্যাশনাল সুগার মিল-এ সরকার যে টাকা দিয়েছিলেন সেই টাকা ব্যর্থ হয়েছে, অপচয় হয়েছে এবং কয়েকজন কংগ্রেস নেতাদের পকেটে সেই সমস্ত টাকা গেছে। সেজন্য আপনার মাধ্যমে বলতে চাই যে সরকারের যদি সদিচ্ছা থাকে তাহলে বেলডাঙ্গা থানায় যে শিল্প নষ্ট হয়ে পড়ে আছে সেটা যাতে পুনরায় চালু করা যায় সে সম্পর্কে ব্যবস্থা করবেন। সর্বশেষে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার বিরোধীতা করছি এবং আমার মত প্রকাশ করছি যে সেটা হতাশব্যঞ্জক ছাড়া আর কিছু নয়।

Shri Birendra Kumar Maitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর অ্যাসেম্বলীতে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করতে দাঁড়িয়েছি। কালকে শ্রদ্ধেয় বিজয় ব্যানার্জি মহাশয় বললেন যে এটা একটা রীতি, সংবিধানের ব্যাপার বলে একটা দায়সারা কাজ সেরে রাজ্যপাল চলে গেছেন। ১৯৬২-৬৩ সালে আমরা দেখেছি রাজ্যপালের ভাষণ খুব বড় ছিল এবং অনেকগুলি পাতা ছিল। সেই সময় তাঁরা বলেছিলেন যে এই বক্তৃতায় কেবল অলংকারিক কথায় ভর্তি, আসল কথা নেই। কাজেই বড় বললে যখন সমালোচনা হবে, ছোট বললে যখন সমালোচনা হবে তখন অল্প কথায় কাজের কথা বলে রাজ্যপাল বুদ্ধির পরিচয় দিয়েছেন। কথা বলতে জানলে অল্প কথায় সব কথা বুঝান যায়, তবে বুঝবার বুদ্ধি থাকা দরকার। রাজ্যপাল তাঁর অল্প কথার মধ্যে আমাদের স্টেট এর সমস্ত কথাই রেখেছেন।

একটি কথা দুদিন ধরে শুনেছি, বাংলাদেশে যে দাঙ্গা হয়েছে পশ্চিম বাংলার অন্যান্য জায়গায় যে দাঙ্গা হয়েছে এবং সীমান্তের পরপারে যে দাঙ্গা হয়েছে এবং সেটা নিয়ে যেভাবে বক্তৃতা করা হয়েছে তাতে মনে হয় এটায় অনুভূতির অভাব আছে। অনেকে এটাকে রাজনৈতিক মূলধন করে বক্তৃতা দিয়েছেন, সত্য কথা বলতে গেলে বাস্তব অবস্থা উপলব্ধি না করে এরূপ কথাবার্তা বললে আমাদের দেশের উপর একটা স্লার হবে এরকম বক্তৃতা করা উচিত নয়। পুলিশ সময় মত আসতে পারে নি, তাদের সংবাদ দিতে পারি নি এটা লজ্জার কথা, স্বাধীন দেশের পুলিশের পক্ষে, তার জন্য প্রিপারেশান দরকার, সংবাদ রাখা উচিত ছিল। প্রথমে কোপ করতে পারেন নি কারণ পুলিশ-এর স্ট্রেংথ কম। হোম পুলিশ-এর বাজেট যখন আসে তখন বিরোধী দলের সবাই বলেন এত টাকা কেন? পুলিশ করতে না পারে তখন বলেন যে, পুলিশের অভাব। পুলিশ যে চেষ্টা করেছে তা কোপ করা সম্ভব কি না সেটা বিবেচনা করতে হবে। আজকের দিনে ভাবতে হবে যে, আজকে সমস্ত দেশ সমস্ত দেশের লোক যদি এক সঙ্গে শান্তির চেষ্টা না করে তাহলে একমাত্র পুলিশ-এর পক্ষে সম্ভব নয়। আমরা উভয় পক্ষ থেকে বলেছি যে কেবলমাত্র গুণ্ডারা এই দাঙ্গা করেছে। আমি স্বীকার করি গুণ্ডারা আরম্ভ করেছে এবং দাঙ্গার মূল দায়িত্ব তাদের উপর আছে। কিন্তু আমি এটাও লক্ষ্য করেছি যে সব অপ্রাপ্তবয়স্ক স্কুলের ছেলে যাদের দিয়ে ট্রাম ধর্মঘট, বাস পোড়ান হয়, সে সব ছেলে দাঙ্গার পরবর্তী সময়ে অংশ গ্রহণ করেছে এটা অস্বীকার করবার উপায় নেই। আজকে আমাদের চিন্তা করতে হবে। আমাদের মতগুলি এখানে বক্তৃতা হচ্ছে, আমাদের বিরোধী দলের বন্ধু শৈলেন অধিকারী অত্র সমালোচনা করে যে বক্তৃতা করেছেন এটাকে অভিনন্দন জানাই ও ধন্যবাদ দিচ্ছি তাঁর অনেক কথার জন্য। এবং নরেনবাবু যে কথাগুলি বলেছেন যে হিন্দু বস্তি দাঙ্গায় বিশেষ ক্ষতিগ্রস্ত হয়েছে। দাঙ্গায় ক্ষতিগ্রস্ত হয়েছে সন্দেহ নেই, উনি এই সূত্রে হয়ত বলেছেন যে বাংলাদেশের বাহিরে একটা ধারণা হয়েছে যে কেবলমাত্র মুসলমানরাই ক্ষতিগ্রস্ত হয়েছে হিন্দুরাও কিছু কিছু ক্ষতিগ্রস্ত হয়েছে, তার মানে এই নয়, বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে আর মুসলমানরা ক্ষতিগ্রস্ত হয় নি। যাহোক আমাদের অত্যন্ত আনন্দের কথা হচ্ছে যে দেশের সমস্ত লেজিসলেটরস যারা এখানে আছেন তাঁরা সকলে একমত এখানে যে আমরা দাঙ্গা চাই না। আমরা সেকুলারিজম চাই, হিন্দু-মুসলমান পাশাপাশি থাকবে সে বিষয়ে একমত এবং তাতে সন্দেহ নেই। যারা আমাদের সমর্থন করেন তাঁরা সকলে যদি বুঝতে পারেন এবং বাহিরে যদি এই স্ট্যান্ড হয়, বাংলাদেশে পুনরায় এ ঘটনাবলীর পুনরাবৃত্তি ঘটতে না পারে সেটা বলবার চেষ্টা করবো। জ্যোতিবাবু বলেছেন কমিউনিস্ট পার্টির কোন লোক ছিল না। এটা ঠিক নয়। কমিউনিস্ট পার্টি হিসাবে

হয়ত ছিল না. এটা সত্য যে কমিউনিস্ট পার্টির নেতারা এই দাঙ্গা বন্ধ করবার চেষ্টা করেছেন, কিন্তু কমিউনিস্ট পার্টির কোন সমর্থক দাঙ্গায় অংশ গ্রহণ করে নি এই কথা বলবার মত সাহস থাকতে পারে ঐ চীনের হামলার পর? আর একটা কথা বলা হয়েছে।

[3—3-25 p.m.]

আজকে এখানে পুলিস কমিশনারের সম্পর্কে অনেক তর্ক হয়েছে। আমি তবু একটা কথা বলতে চাই. পুলিশ কমিশনারকে তো অপসারিত করা হয় নি. তাঁকে ছুটি দেওয়া হয়েছে। আমি মনে করি রাজ্যপাল মহোদয়ার ভাষণে আরো দুটো কথা থাকা উচিত ছিল। কামরাজ নাদার পরিকল্পনায় আমাদের ১৮ জন মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী, উপমন্ত্রী পদত্যাগ করে দেশের কাজে আত্ম-নিয়োগ করেছে, এটা একটা মস্ত বড় কথা। আমি উত্তরবঙ্গ থেকে এসেছি, সুতরাং উত্তর বাংলার দু'-একটি কথা এখানে রাখতে চাই—আমাদের উত্তর বাংলায় ইলেকট্রিসিটির যথেষ্ট সুযোগ আছে, এদিকে নজর দেবার জন্য আমি মন্ত্রিসভার কাছে আবেদন জানাচ্ছি। তারপর, আমাদের নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এর শতকরা ৯৫টি বাস খারাপ, এদিক নজর না দিলে অন্যায় হবে। আরো একটি কথা, আমাদের নর্থ বেঙ্গলএ কোন ইন্ডাস্ট্রি হচ্ছে না। কালকে এখানে কমল গুহ মহাশয় বললেন যে গত নির্বাচনে কুচবিহারে সাম্প্রদায়িকতার প্রশ্রয় দেওয়া হয়েছে এবং মাননীয় ফজলুর রহমান সাহেবের নামে অনেক কথা বলেছেন। (ডিস্টারবেন্স)। যাই হোক, আমি এই প্রস্তাব সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

After adjournment

[3-25—3-35 p.m.]

Shri Kanai Pal: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that the Speech does not mention—

(1) the indifferent attitude of the Government helped to spread the recent communal disturbances in the State;

(2) the Government, not merely failed to discharge its most elementary duties such as protection of the lives of the people, but also took the immoral step of punishing the people by imposing Punitive Taxes;

(3) the Government complacently resigned itself to a policy whereby prices of the basic necessities of life rose to such dizzy heights that the people were prodded out into the streets to demonstrate;

(4) by its calculated subservience to the leaders of industry and commerce, the Government is condemning a large section of the population to eternal unemployment;

(5) that the Government has dismally failed to undertake an effective and fast industrialisation of the State;

(6) the Government, having failed to understand the interrelation between industry and agriculture, is progressively undermining the agricultural basis of the State;

(7) the socio-economic policies of the Government are ceaselessly condemning the people of the State to conditions of semi-starvation and perpetual poverty;

(8) having irrevocably turned its face towards the rich the Government has only succeeded in perpetuating a situation whereby the rich become richer while the poor become poorer;

(9) by its callous approach to the social needs of the people and by its failure to lay the foundation of a socialized medicine, the Government is condemning more and more people to unhygienic ways of life;

(10) by its timid but calculated approach towards education, the Government is condemning a vast majority of the population to illiteracy and ignorance;

(11) due to its narrow and conservative, class approach to the pressing problems of the society, the Government has succeeded in ushering on an era which portends of recurrent communo-religious disturbances which the Government can utilize, from time to time for the benefit of the decadent classes whose interest the Government has ceaselessly sought to serve;

(12) the doing away with of the restrictions and difficulties now existing in the way of those of the minority community in East Pakistan who want to migrate to India;

(13) the number of people who have crossed the border from East Pakistan to India as a result of the recent communal riots there;

(14) the number of people who were killed, wounded and suffered economic loss or were compelled to leave their residences due to the last riot and the number of people who returned to their respective residence and what steps the Government is taking to bring back the rest of the people to their residences.".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষে জমিদার, মিল মালিক আর চোরাকারবারীদের এই সরকার দেশ শাসনের ব্যাপারে এবং সব দিক থেকে তাঁরা যে অযোগ্য এটা প্রমাণ করে দিয়েছে। তার রাজ্যপালের ভাষণেও তাঁদের এই অযোগ্যতা এবং ব্যর্থতাই পরিস্ফুট হয়ে উঠেছে। জনসাধারণের বাঁচবার যে নিম্নতম উপাদান, খাদ্য, স্বাস্থ্য, জীবিকা, শিক্ষা এবং নিরাপত্তা, এই মৌলিক জিনিষগুলির কোনটারই ব্যবস্থা যে সরকার করতে পারেন নি সে সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই, বা সে সম্পর্কে তার সমাধানের কোন ইঙ্গিত তিনি তাঁর ভাষণে দেন নি। দিনের পর দিন শিক্ষিত এবং অশিক্ষিত, এই উভয় প্রকার বেকার বাহিনীর সংখ্যা বেড়ে চলেছে। সরকারের শিক্ষা সংকোচন নীতি আজ সর্বজনবিদিত। জনস্বাস্থ্য এখানে দিনের পর দিন অধিকতর খারাপের দিকে যাচ্ছে। এই যে হাংগার ডিজিস, থাইসিস, এই বাংলা দেশে থাইসিস যে দ্রুত গতিতে হচ্ছে সেইটাই হচ্ছে তার বড় সাক্ষ্য। খাদ্য খাদ্যের ব্যাপারে সরকার দেশ শাসন করবার সমস্ত অধিকার হারিয়ে বসে আছেন। কিছুদিন আগে মুখ্যমন্ত্রী বলে ফেললেন বেগতিক দেখে, অবস্থা আমাদের আয়ত্তের বাইরে কিন্তু গদীও আমরা ছাড়বো না। অবস্থা আয়ত্তে রাখবার ক্ষমতা আমাদের নেই কিন্তু গদীর জন্য খাতক, চোরাকারবারীদের রাতারাতি লক্ষ লক্ষ টাকার ধান চাল চোরাকারবার করবার সুযোগ তিনি করে দিলেন। আজ জনসাধারণ তাঁর এই তথ্যে বিশ্বাস না করে নিজেদের বাঁচার জন্য এই হোর্ডারদের বিরুদ্ধে, এই চোরাকারবারীদের বিরুদ্ধে যে আন্দোলন গড়ে তুললেন, সেই আন্দোলনের ঘায়ে যখন তারা চালের দর অনেক নীচে নাবিয়ে নিয়ে এলেন তখন আমরা প্রফুল্লবাবুকে দেখলাম এই চোরাকারবারীদের স্বার্থে দাম বেঁধে দেবার জন্য তিনি এগিয়ে আসলেন। আর কি দেখছি? আর দেখছি তাঁদের পার্টিবাজী এবং বিশ্বাসঘাতকতার নগ্ন চেহারা। এই রাজ্যপালের ভাষণে তিনি

জনসাধারণের সহযোগিতা কামনা করেছেন। এই যে সহযোগিতার আমন্ত্রণ তিনি জানিয়েছেন এটা জনসাধারণের সঙ্গে ধাপ্পাবাজী এবং এটা দিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করার প্রচেষ্টা ছাড়া আর কিছু নয়। এই আমন্ত্রণের ব্যাপারে আমাদের দেশে একটা কথা আছে, আমি তোমাকে আমন্ত্রণ করছি কিন্তু না ডাকলে আমার বাড়ীতে আসবে না এবং খাবেও না। জনসাধারণের সহযোগিতা চাচ্ছেন বটে কিন্তু এর সমাধানে এগিয়ে আসেন নি এবং সেদিকে আজকে প্রফুল্লবাবু, রাজ্যপাল ও মন্ত্রীরা দেশের জনসাধারণকে নিয়ে যাবার চেষ্টা করেন নি। তা না হলে সেদিন গত আন্দোলনের চাপে জনসাধারণ প্রমাণ করে নিয়েছে স্বীকৃতি তাঁরাও দেবেন—যে পথ তাঁরা অনুসরণ করবার চেষ্টা করেছেন, যে সমস্যা সমাধানের পথ, সেই পথ তাঁরা অনুসরণ করতেন। কিন্তু আমরা জানি জমিদার, মিল মালিকের দালালরা সেই পথ অনুসরণ করতে পারেন না। এবং এদের কাছ থেকে তা আশা করাও বৃথা। আমরা দেখলাম আমাদের এখানকার এম এল এ অনাদি দাস এবং তাঁর সহকর্মীরা ওঁদের কংগ্রেসী এম এল এ দের গুদামে গেলেন এবং তাদের স্মরণ করিয়ে দিলেন যে স্মরণ থাকে যেন সেই ল্যাম্প পোস্টের কথা, যদি তোমরা চোরাকারবারী করতে চাও তাহলে আবার জনসাধারণের মধ্যে তোমাদের এইভাবে ছিনিমিনি খেলা করা। তাঁরা চেয়েছিলেন ন্যায়সংগত দামে জিনিষ দিতে হবে, কিন্তু তার বদলে আমরা দেখলাম তাঁদের গ্রেপ্তার করা হল।

কিন্তু তার বদলে তাকে গ্রেপ্তার করা হোল। তিনি একজন বিধানসভার নির্বাচিত সদস্য এবং পি সি সেন যেভাবে নির্বাচিত হয়েছেন তিনিও সেইভাবে নির্বাচিত হয়েছেন। তিনি অবশ্য মন্ত্রী হয়েছেন, কিন্তু একই মর্যাদা নিয়ে দুইজন এখানে এসেছেন। তবে দুঃখের বিষয় হচ্ছে তার সেই রাজনৈতিক মর্যাদার স্বীকৃতি দেওয়া হোল না। তিনি যে কয়দিন জেলে থাকলেন তা ঐ চোর বদমায়েসদের সঙ্গেই থাকলেন এবং তারপর জেল থেকে বেরিয়ে আসলেন। স্যার, আমন্ত্রণে সাড়া দিলে, সমস্যার সমাধানে এগিয়ে আসলে তার যে প্রতিদান এই সরকার দিতে পারেন তার প্রকৃষ্ট প্রমাণ এইসব দৃষ্টান্ত। এবারে আমি নিরাপত্তার ব্যাপারে আসছি। রুলার টু দি ল্যান্ড যে কথা রয়েছে নিরাপত্তার ব্যাপারে সরকারের সেই অবস্থা দেখছি। আমরা দেখছি শাসক শ্রেণী শাসনের যে অধিকার সেটা সম্পূর্ণ নিজেরা হারিয়ে বসে আছেন। আমরা দেখছি দেশের সমস্যার সমাধান করতে না পেরে এই কংগ্রেসীরা এই দেশের বামপন্থীদের সম্বন্ধে চীন চীন করে হৈ চৈ তুলে তাদের ঘরবাড়ী লুঠ করছে এবং তাদের উপর অত্যাচার সুরু করেছে। আমার নিজের বাড়ী লুঠ হয়েছে, আগুন লাগান হয়েছে, কিন্তু মামলা করবার সুযোগ দেওয়া হোল না। তারপর, মুখ্যমন্ত্রী মহাশয় অনেক কষ্টে অনেক ধাক্কানি খেয়ে বললেন যে, আমি এটা দেখব। কিন্তু জানি না তিনি কি খোঁজ নিয়েছেন। আমার কেলাঙ্ক যেমন করেছেন, কমিউনিস্ট পার্টি এবং তার নেতাদের বেলায়ও সেই একই নীতি অনুষ্ঠিত হয়েছে এবং তার প্রমাণ ক্রমশঃ স্পষ্টতর হয়ে উঠেছে দিবালোকের মত সত্য হয়ে উঠেছে। তারপর, দাঙ্গার ব্যাপারেও আমরা দেখছি অন্যান্য কংগ্রেসী নেতারা যে রকম বলেছেন ঠিক তেমনি রাজ্যপালও তাঁর ভাষণে বলেছেন যে, পূর্ব পাকিস্তানের দাঙ্গার প্রতিক্রিয়া হিসেবে আমাদের এখানে দাঙ্গা হয়েছে। এটা তো সোজা কথা যে, পাকিস্তান সরকার যখন প্রতিক্রিয়াশীল সরকার সাম্প্রদায়িক সরকার তখন তারা অন্যের ঘাড়ে দোষ চাপিয়ে এড়িয়ে যাবেন। কিন্তু এর মধ্যে কতখানি সত্য সেটা ভেবে দেখতে হবে। অর্থাৎ কতটা প্রতিক্রিয়ার জন্য দাংগা হয়েছে এবং কতটা প্রতিক্রিয়াশীল শ্রেণী এবং প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর চক্রান্তে দাংগা হয়েছে সেটা ভেবে দেখতে হবে। স্যার, কোলকাতার দাংগাকে দাংগা না বলে হাংগামা বলব কারণ একটা সুপরিকল্পিত উপায়ে মুসলমান প্রধান বস্তীগুলোকে পুড়িয়ে দেওয়া হোল। বস্তীর মালিক যারা দীর্ঘদিন ধরে দরিদ্র জনসাধারণকে উচ্ছেদ করতে চেয়েছিল তারা এই সুযোগের জন্য বসে ছিল এবং তাদের চক্রান্তে বস্তী পুড়ে শেষ হয়ে গেল। কিন্ত সরকার কি করলেন? যারা উচ্ছেদ হোল সেখানে অন্য কেউ যাতে বসতে না পারে তার ব্যবস্থা করলেন। কিন্তু যারা বস্তী পোড়াল সেই বস্তীর মালিকদের গ্রেপ্তার করা হোল না এবং বস্তীর মালিক যারা এই কান্ড করল তাদের শাস্তি বিধানের কোন উল্লেখ পর্যন্ত আমরা দেখলাম না, অথচ তাঁরাই মস্ত বড় চক্রান্ত করে মুসলমান প্রধান বস্তীগুলি পুড়িয়ে শেষ করে দিয়েছে। তারপর, কোলকাতায় যেটা হয়েছে সেটা হচ্ছে লুটতরাজ।

[3-35—3-45 p.m.]

সমাজ বিরোধী শক্তি এবং চ্যাংড়া ছেলেরা চুরি ডাকাতি বদমায়েসী এবং লুটতরাজ করেছে, চীন চীন করে আগে থেকে বামপন্থী শক্তিগুলিকে বিধ্বস্ত করা হয়েছে, তারপর এই যে পুলিশ বাহিনী সেই সর্ষের মধ্যে ভূত ঢুকেছে, সাম্প্রদায়িকতা একেবারে প্রবেশ করেছে। মন্ত্রী, উপ-মন্ত্রীও এ থেকে নিস্তার পায় নি। সেখানে আমরা দেখেছি এই লুটতরাজ চললেও সাধারণ লোক কিন্তু এই লুটতরাজ করে নি। এখানে বলা হয়েছে দেশের লোক উদ্বেলিত হয়ে দাঙ্গা করেছে, বস্তী জ্বালিয়েছে, এ সমস্ত মিথ্যা কথা, অসত্য কথা। চোর বদমাইসরা লুটতরাজ করেছে আর পুলিশ নিষ্ক্রীয় থেকে তাদের সহায়তা করেছে, এর জন্য তাদের অগ্রে সমালোচনা করার দরকার আছে, এই সাম্প্রদায়িকতার বীজ কোথায় রয়েছে। যখন দোকান পুড়েছে, বাড়ী ঘর লুটতরাজ হয়েছে, অনুসন্ধান করে তার ব্যবস্থা করুন, আসল জায়গায় হাত দিন। স্পীকার মহোদয় জেলার ক্ষেত্রে যা দেখেছি বিশেষ করে নদীয়া জেলার ক্ষেত্রে, সেখানে দেখেছি কতকটা স্বতঃস্ফূর্ত ভাব এসেছে অন্ততঃ রিফিউজীদের মধ্যে, ক্যাম্প কলোনীর মধ্যে এটা দেখেছি, কিন্তু তার জন্য দায়ী কে? তার জন্য দায়ী এই অপদার্থ সরকার। এঁরা নিজেদের গদীর লালসায় তাদের দেশ থেকে উচ্ছেদ করে বাংলায় এনে ফেলেছে এবং তারা পেটের ধান্দায় রেল-গাড়ীতে চানাচুর বিক্রি করে, কেউ বা অতি কষ্টে জীবিকার্জন করে চলেছে, মা বোনেরা ইজ্জৎ পর্যন্ত বিক্রি করছে। তার এর জন্য তো দায়ী আমাদের এই সরকার। শুধু কি পুলিশই নিষ্ক্রীয় বসেছিল? পুলিশ কেবলমাত্র দাঙ্গায় সাহায্য করেছে এটা সরকার স্বীকার করুন আর নাই করুন এবং সেটা সরকার আজকে সেই পুলিশ অফিসারকে সরিয়ে তার স্বীকৃতি দিচ্ছেন-যে কোন ভাবেই হোক। কিন্তু সরকার কি দায়িত্ব এড়িয়ে যাচ্ছেন? সরকার যে এ দায়িত্ব থেকে বাঁচতে চাইছেন, তাঁরা কি তা পারবেন? আমি দেখেছি প্রথম তিন দিন যখন দাঙ্গা চলেছিল তখন পুলিশ নিষ্ক্রীয় হয়ে ছিল এবং সরকার দেশে আছে কি নেই সেটা বুঝবার উপায় ছিল না। সরকারের ল অ্যান্ড অর্ডার কি উড়ে শেষ হয়ে গেছে? এই অবস্থাকে সরকার কি অস্বীকার করতে পারেন? কি করেছিলেন সরকারী নেতার দল সরকারের মাথা মথা কোথায় ছিলেন তারা কি করেছিলেন যখন বস্তী পুড়ছিল, লুটতরাজ হচ্ছিল? এই দায়িত্ব কি তারা অস্বীকার করতে পারেন? সেই সংগে আমরা আরও দেখলাম এই সরকার তারা সরকার নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য তাদের দায়িত্ব এড়াবার জন্য এক কান্ড করে বসলেন, দায়িত্ব জনসাধারণের ঘাড়ে সরিয়ে দেবার জন্য জনসাধারণের উপর পিটুনি ট্যাক্স বসিয়ে দিলেন। আমরা ল অ্যান্ড অর্ডার নিয়ে বসে আছি, তার এদিকে দেশের লোককে লুন্ঠন করছে, শোষণ করছে, চক্রান্ত করে দাঙ্গা বাধিয়ে দিলেন তার এর জন্য দায়ী হবে সাধারণ পাবলিক? সরকার তাদের অপদার্থতা ঢাকবার জন্য জনসাধারণের উপর তার ট্যাক্স আদায় করতে হবে। এই সরকার যারা সাম্প্রদায়িক, যারা চোরাকারবারী টাটা বিড়লার দালাল তারাই ওখানে বসে আছে। কিন্তু চোখ নেই। এই সমস্ত দালালদের সংগে সরকার বরাবরের মত নিজেদের দৃষ্টি ফিরিয়ে নিয়ে জনসাধারণের দিকে দিতে। তারা চোরাকারবারী, জমিদার, মিল মালিকদের দিকে তাকিয়ে বসে আছেন। তাদের জনসাধারণের দিকে তাকাবার কোন অবকাশ নেই। আমি জেলাতে যা দেখেছি যা খবর পেয়েছি তাতে আমি বলি যে যখন সাহেবডাঙ্গা পুড়ছে তখন খবর গেল শান্তিপুর থানায় যে নিকটে দাঙ্গা হবে (সাহেবডাঙ্গার পার্শ্ববর্তী অঞ্চল নিরকুট) সেখানে ঘর পুড়বে, তখন পুলিশ অফিসার আর এই কংগ্রেস নেতা হরিদাস দে বললেন যে, এ খবর ঐ ফুলিয়া ক্যাম্প থেকে অনেক আগে পেয়েছি এবং তার ভাল ব্যবস্থা আমরা করেছি। কিন্তু কার্যকালে দেখা গেল কি একটি পুলিসেরও টিকি দেখা গেল না। সেখানে প্রকাশ্য দিবালোকে এই দাঙ্গা আরম্ভ হোল। এর জন্য অনেক আগে থেকেই সতর্ক হওয়া উচিত ছিল। সরকার জানতো যে কি অবস্থা সেখানে হবে এবং তার ফল কি হবে। কিন্তু সেখানে কোন ব্যবস্থাই হোল না। সেখানে দিবালোকে ৪৭০টি ঘর পুড়লো, মুসলিমপাড়া পুড়লো, ঐ নিলকুট ফুলিয়া সাহেবডাঙ্গায়। এবং নিহত হোল ৫ জন। এক মাইলের মধ্যে পুলিশ ফাঁড়ি, কিন্তু কারও টিকি দেখা গেল না। যখন আমরা লোক পাঠালাম তখন বলা হোল সমস্ত ব্যবস্থা ঠিক আছে। আজকে দাঙ্গা বন্ধ করবেন কিন্তু তার পথ কোথায়? দাঙ্গা বন্ধ করতে গেলে ঐ যারা পূর্ববঙ্গতে পড়ে রয়েছে তাদের আমি আমন্ত্রণ করে আনার কথা বলছি না, তাদের স্বাধীনতার প্রশ্ন—নিজের জন্মভূমির উপর বাঁচবার প্রশ্ন

সেখানে তাদের নিজেদের রুজি-রোজগারের প্রশ্ন অনেক কিছু প্রশ্ন জড়িয়ে আছে। কিন্তু যে ভাই-বোন এখানে এসেছে তাদের কি ব্যবস্থা করেছেন? শুধু মায়াকান্না কাঁদেন এখানে যখন দাংগা হয়। আর সেই তারা যারা বর্ডার পেরিয়ে এই দিকে আসেন তারা অবাঞ্ছিত, তাদের আর স্থান নেই। কিন্তু সেই প্রতিশ্রুতির কথা তাঁরা আজকে ভুলে যাচ্ছেন—দেশ ভাগ করেছিলেন যাঁরা গদির লালসায় তাঁরা আজকে সেই কথা ভুলে যাচ্ছেন। আজকে এই কলকাতার দাঙ্গায় দেখলাম বড় বড় নেতাদের সব মিটিং হোল। কিন্তু এক লক্ষ লোক যে উচ্ছেদ হয়েছে এই কলকাতার বুকে তার পর ২০ হাজারের একের চার অংশ ফিরে এসেছে কি না সন্দেহ, বাকী সব লোকের ব্যবস্থা হবে, না পুলিশ মিলিটারী বসিয়ে রাখতে হবে না কি? তাদের পুরোপুরি পুনর্বাসনের ব্যবস্থার দিকে সরকারের লক্ষ্য কোথায়? সেদিকে সরকারের দৃষ্টি নেই। সরকার এই সমস্ত জিনিস নিয়ে টালবাহানা করছেন, আর মধ্যে থেকে এই সরকারের পুলিশ বাহিনী যারা দাঙ্গা বাধিয়েছেন প্রথম থেকে নিষ্ক্রীয় থেকে আজ তারাই সমস্ত নিরপেক্ষ লোকদের ধরে অত্যাচার করে আবও দাঙ্গার বড় ক্ষেত্র প্রস্তুত করছেন।

[3-45—3-55 p.m.]

শ্রী এস, এম, আবদুল্লা : মিঃ স্পীকার, স্যার, মাননীয় গভর্নরের ভাষণের উপর যে ধন্যবাদ-জ্ঞাপন প্রস্তাব এসেছে তার সমর্থনে ২।১টা কথা বলতে চাই। মাননীয় গভর্নর তাঁর বক্তৃতার আরম্ভে এবং শেষে আইন শৃঙ্খলার কথা বলে দেশের জনসাধারণকে দেশের যারা অ্যাসেমব্লীর মেম্বার তাদের প্রত্যেককে অনুরোধ করেছেন যে, তারা যেন দেশে শান্তি বজায় রাখেন। আজকে দেশে হিন্দু মুসলমানের সম্প্রীতি ও আইন শৃঙ্খলা বজায় রাখা সবচেয়ে বেশী কর্তব্য। কিন্তু আজ আমাদের এইভাবে বুঝতে হবে যে কোলকাতার বুকে বা ২।১টি ডিসট্রিক্ট-এ যে ঘটনা হল এটা অত্যন্ত আনন্দের কথা, সেই ঘটনা নিয়ে অ্যাসেমব্লীতে যে আলোচনা হয়েছে তাতে প্রত্যেক মেম্বার—কংগ্রেসই হোন, পি এস পি হোন, ফরওয়ার্ড ব্লক হোন কেউ এই দাঙ্গা চান না। একজন নিরীহ মানুষকে আর একজন নিহত করবে এটা আমাদের কামা নয়। কিন্তু এ জিনিষ আমাদের সামনে হল। ভারতবর্ষ একটা সেকুলার স্টেট, এখানে হিন্দু মুসলমান, জাতি-ধর্ম-নির্বিশেষে সকলের সমান অধিকার স্বীকার করা হয়েছে। কিন্তু কেন এটা হচ্ছে? ভারতবর্ষের সেকুলারিজম-এর কথা আমরা সবাই বলি, ভারতবর্ষের ইতিহাস, সংস্কৃতি খুব পুরানো এবং ভারতবর্ষের যে কনস্টিটিউশন আমরা করেছি সেটা খুব মঙ্গলময়। কিন্তু তা সত্ত্বেও কেন এটা হচ্ছে? আপনারা সকলেই জানেন পাকিস্তান গভর্নমেন্টের নীতি কি এবং আপনারা সকলেই জানেন যে সেখানে মিলিটারী শাসন চলছে। সেখানে একনায়কত্ব চলেছে, গণতন্ত্র বলে সেখানে কিছু নেই। সেজন্য আমরা দেখছি বার বার সেখানে রায়ট হচ্ছে। এজন্য যে পাকিস্তান গভর্নমেন্ট তার রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য যখন দেখে যে গণ-আন্দোলন হচ্ছে, ইস্ট বেঙ্গল-এর মানুষ যখন গভর্নমেন্টের বিরুদ্ধে কোন গণ আন্দোলন করে তখন তারা সেখানে কাশ্মীরের ঝগড়া, না হয় কমিউনাল রায়ট করে। তাই আমরা দেখলাম কাশ্মীরে মহাত্মা হজরতের পবিত্র কেশ যখন চুরি গেল তখন সেই উপলক্ষে কাশ্মীরে কমিউন্যাল রায়ট হল না, ভারতবর্ষের কোন জায়গায় রায়ট হল না অথচ পাকিস্তানে হল। পাকিস্তানের বাঙ্গালী মুসলমানরা তারা সকলেই হিন্দুদের বাঁচাবার জন্য যথাসাধ্য চেষ্টা করেছেন। কিন্তু এটা যে হল এতে আমার মনে হয় এর জন্য পাকিস্তানের সম্পূর্ণ দোষ। পাকিস্তান গভর্নমেন্টকে অনুরোধ করা, যখন আমাদের হোম মিনিস্টার জয়েন্ট টুর-এ যাবার কথা বললেন, তখন তারা সেটা মানলেন না। এ থেকে তাহলে বোঝা যাচ্ছে এই যে তাঁরা নিশ্চয় এমন কোন কাজ করেছেন যার জন্য পৃথিবীর সামনে নিজেদের এই অন্যায় তুলে ধরতে চান না। সে জন্য আমি বলব যে ভারত গভর্নমেন্ট থেকে ইন্টারন্যাশনাল রেড ক্রস-কে সেখানে পাঠান হোক এবং দেখা হোক বাস্তব ঘটনা কি? সংগে সঙ্গে আমাদের এখানে যে ঘটনা হয়েছে তার জন্য আমরা সকলেই দুঃখিত এবং মানুষ যে অন্যায় করেছে সেটা সকলেই স্বীকার করেছেন একা নরেনবাবু ছাড়া। এই ঘটনা থামাবার জন্য আমাদের এখানে চীফ মিনিস্টার যা করেছেন তার জন্য সকলেই আমরা তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এই যে রায়ট হয়েছে এর জন্য অনেক জায়গায় পুলিশ অফিসার দায়ী। আবার

কিন্তু দেখা যাচ্ছে যেখানে পুলিশ অফিসার অন্যায় সমর্থন করেছে, সেখানেই রায়ট হয়েছে। সত্যি প্রধানমন্ত্রী এখানে ছিলেন, কিন্তু ফ্রাইডে এসে তিনি যা যা করার তাই করেন। সেজন্য রায়ট কন্ট্রোল করার জন্য তিনি যে চেষ্টা করেছেন তার জন্য মাইনরিটি কমিউনিটি থেকে আমরা আমাদের অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ জানাই। মুসলমানরা যেখানে গৃহহারা হয়েছে তাদের রিলিফএর ব্যবস্থা আশা করি গভর্নমেন্ট নিশ্চয় করবেন। কারণ তা যদি না করা হয় তাহলে আমি মনে করি অন্যায় করা হবে। এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত পুলিশ অফিসার দোষী আমি মনে করি তাদের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা উচিত। আমাদের হেমন্তবাবু যেটা বলেছেন টোটাল মাইগ্রেশন সেটা আমি সমর্থন করি না। বাংলাদেশে আমাদের যে সমস্ত রেফিউজি আসছে তাদের জন্য গভর্নমেন্ট ব্যবস্থা করুন, মানবতার নামে নিশ্চয় আমরা সমর্থন করি।

কিন্তু টোটাল কেন আসবে। ৪ কোটি লোকের মধ্যে ১ কোটি হিন্দু হবে। বাংলাদেশের মানুষ একদিন স্বাধীনতার জন্য আন্দোলন করেছে, এরাই একদিন ব্রিটিশকে তাড়িয়েছে, সুতরাং আজ সে মনোবল নাই কেন? যে কথাটা জ্যোতিবাবু বলেছেন। বাংলাদেশে এমন গণ আন্দোলন তুলুক পাকিস্তানে এমন একটা গণ আন্দোলন হোক যাতে তারা ভয়ে মানবে। তাদের অধিকার আজকে দিতে হবে। আমার মনে হয় এটাই সবচেয়ে বড় উপায়। আমি এই কথাই মুসলমানদের তরফ থেকে বলতে চাই যে, আমরা ভারতীয়, এবং আমরা ভারতবাসী, আমরা সিকিউলার স্টেটে বাস করি, আমাদের এই কথা ভুললে চলবে না। আমাদের ভুললে চলবে না ব্রিগেডিয়ার ওসমান নিজের প্রাণ দিয়েছিলেন ভারতবর্ষকে রক্ষার জন্য। আমরা পাকিস্তানের বিরুদ্ধে প্রাণ দিতে রাজি আছি। আমি মনে করি এতে ভারতীয় মুসলমানদের কিছু বলবার নেই। আজকে পাকিস্তান নিজের স্বার্থের জন্য এরূপ করছে, কারণ সে জানে ভারতের ১০ লক্ষ মুসলমান গেলে তার কিছু এসে যায় না। সে জানে আমার কাশ্মীর চাই। তারা চায় তাদের রাজনৈতিক সফল হোক এবং এর জন্য তারা এ কাজ করছে। তাই আমি পাকিস্তানের নীতির সম্পূর্ণ নিন্দা করছি।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় রাজ্যপালিকার ভাষণ শুনে আমার মনে হয়েছে যে, প্রথমে বর্ণ পরিচয় যখন হয় তখন আমরা শুনি যে চুরি করা মহা পাপ, সদা সত্য কথা বলিবে, লেখা-পড়া করে যে, গাড়ি-ঘোড়া চড়ে সে। এই ধরনের কতকগুলি মেকসিম। ঠিক সেই ধরনের কতকগুলি উপদেশ এতে রয়েছে। পশ্চিমবাংলার অগণিত মানুষের সমস্যার কোন কথা এই ভাষণে নেই এবং তার কোন প্রতিফলনও নেই। এই হাউসের প্রত্যেক সদস্য এর জন্য ক্ষোভ প্রকাশ করেছেন তাঁদের ভাষণের মধ্য দিয়ে। মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে পড়েছে যখন কলিকাতায় এই নিন্দনীয় হাঙ্গামা হয়েছিল ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীনন্দজী কলিকাতায় তিনি তাঁর বক্তব্যের মধ্যে বলেছিলেন যে, প্রয়োজন হলে আমরা সংবিধান সংশোধন করবো। যে, কনটেক্স্ট যে কথা বলুন, আমি আজকে সে কথা স্মরণ না করে পাচ্ছি না যে ভারতবর্ষের যে সংবিধান সে সংবিধনের কোন মর্যাদা ভারত সরকার বা পশ্চিমবঙ্গ সরকার বা এই শাসনকামী দল তাঁরা দিচ্ছেন না বলে আমার মনে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় একটা ক্লাব-এর কন্সটিটিউ-শান বা সংবিধান যা তারও মর্যাদা অনেক বেশী। কিন্তু আমাদের যে সংবিধান যার আমরা এত গর্ব করে বেড়াই, বড়াই করি সে সংবিধান তা কত বার তা ভুলুণ্ঠিত হয়েছে তার ইয়ত্তা নেই। আমি বলছি সিকিউলার স্টেট-এর কথা ভারতের প্রধানমন্ত্রী ভারতবর্ষের শিক্ষাবিদ এবং চিন্তাশীলদের চিন্তাকে বিভ্রান্ত করেছেন তাঁদের বিভ্রান্ত করা হয়েছে। তিনি নূতন শব্দ আমদানী করলেন সিকিউলার ডেমোক্রেসী। রাজনীতির ছাত্র আমি কিছু পড়াশুনা আমি রাখি কিন্তু যে দেশ থেকে গণতন্ত্রের আদর্শকে আমদানী করেছেন তারা কোনদিন গণতন্ত্র শব্দ ব্যবহার করলে বা তার আগে ঐ প্রেফিক্স ব্যবহার করেন না। সিকিউলার ডেমোক্রেসি যারা রাজনৈতিক ছাত্র তারা জানেন গণতন্ত্র মানে সিকিউলার ঐ গণতন্ত্র কখনও সিকিউলার হয় না, হতে পারে না। সুতরাং সে কথা বলা হল কি জন্য। পাপ করেছেন চাপা দেবার চেষ্টা করছেন। সিকিউলারের যে আদর্শ তা এখানে জলাঞ্জলি দিচ্ছেন। আপনারা এই পাপের প্রায়শ্চিত্ত করবার জন্য আপনাদের নানারকম ভূমিকা নিতে হয়। অথচ আমরা দেখেছি দেশ বিভাগ থেকে আরম্ভ

করে একের পর এক যখন এই সিকিউলারের এই আদর্শের উপর আঘাত এসেছে এবং তখনই স্মরণ করিয়ে দিচ্ছে যে সাম্রাজ্যবাদী কতকগুলি পলেটিক্যাল ফোর্স কতকগুলি দাবী ছাড়া ভারতে এমন কোন রাজনৈতিক দল বা সমাজসেবী বা রাজনৈতিক কর্মী আছে কিনা যারা বলেন যে আমরা সিকিউলার আদর্শে বিশ্বাস করি না। এবং আঘাতের পর আঘাত আনবার পর যখন সংকট এসেছে দেশের লোককে স্মরণ করিয়ে দিয়েছেন যে আমরা সিকিউলার আদর্শে বিশ্বাস করি। কিছু সাম্প্রদায়িক বন্দী ছাড়া ভারতে এমন কোন রাজনৈতিক দল বা রাজনৈতিক কর্মী আছে কিনা যিনি বলে আমি সিকিউলার আদর্শে বিশ্বাস করি না।

[3-55—4 p.m.]

যাঁরা বলেন আমরা চাই ভারতবর্ষ একটা হিন্দু রাষ্ট্র হোক বা বিশেষ কোন ধর্মীয় গোষ্ঠীব রাষ্ট্র হোক, আমি-ত শুনি নি, যদি কোন স্টেটের সাম্প্রদায়িকবাদী একথা বলে থাকেন তার কথা স্বতন্ত্র কিন্তু পলিটিক্যাল সিগনিফিকেন্সের কোন পলিটিক্যাল ফোর্স বাংলাদেশে বা ভারতবর্ষে কোন দিন একথা বলেছেন বলে আমি জানি না। ইতিহাসের আলোচনা অনেক সময় বেদনাদায়ক হয়, অধ্যক্ষ মহাশয়, এবং জাতি যখন একটা সংকটের মুখে আসে তখন তাকে মন খোলা করে তার সমস্যাগুলির সম্মুখীন হতে হয়, এটাই কর্তব্য এবং এটাই হওয়া উচিত। এই ইতিহাসের আলোচনা বেদনাদায়ক হলেও তাকে এড়িয়ে যাবার চেষ্টা উট পাখীর মত হবে। বালির মধ্যে মাথা গুজে রেখে যেমন উট পাখী বাস্তবতাকে অস্বীকার করার চেষ্টা করে আমরা কেন সেটা করে আগামী দিনের বংশধরদের কাছে, আগামী দিনের ইতিহাস যাদের জন্য আমরা গড়তে চলেছি তাদের কাছে যেন আমরা বিশ্বাসঘাতক না হই। তাই আজকে সমস্ত ধর্মের মাননীয় সদস্য এখানে থাকলেও আলোচনার মধ্যে দিয়ে যে যে বক্তব্যই রাখুন, স্পষ্টতা বা স্বচ্ছতার অভাব থাকলে ভুল বোঝার চেষ্টা না করা হয়। সমস্যাটা বড় জটিল এবং এই ঐতিহাসিক সন্ধিক্ষণে এই সমস্যার সম্মুখীন হওয়া উচিত। অধ্যক্ষ মহাশয়, এই কথা কেন বলছি? এই জন্যই বলছি যে, আজকে মাননীয়া রাজ্যপালের এবং আমাদের মুখ্যমন্ত্রী, শ্রীপ্রফুল্লচন্দ্র সেন বা তাঁর দলের কারো অথবা ভারতবর্ষের যিনি প্রধানমন্ত্রী বা তাঁর দলের কারো সিকিউলারিজমের বড়াই করা সাজে না। যেদিন তাঁরা দেশ বিভক্ত করেছেন, তাকে একেবারে তাঁরা ডুবিয়ে এসেছেন। সেই পাপের পায়শ্চিত্ত তাঁদের করতে হবে। কিন্তু সেই পাপের প্রায়শ্চিত্ত না করে যদি আবার গোজামিল দিয়ে চলবার চেষ্টা করেন তাহলে আবার আপনারাই দেশকে বিভ্রান্ত করবেন। আমি তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলছি যে এই দেশ যখন ভাগ হল, এই হাউসের কাছে এটা রেকর্ডেড হওয়া উচিত আপনার জানা আছে যে লর্ড এটলি, তখন তিনি লর্ড এটলি হন নি, ক্লিমেন্ট এটলি ইংলন্ডের প্রধানমন্ত্রী রূপে বলেছিলেন জুন মাসের প্রথম তারিখে ১৯৪৮ সালে ভারতবর্ষকে আমরা পাওয়ার হস্তান্তরিত করে দিয়ে চলে যাবো। ভারতবর্ষের কোন রাজনৈতিক দল, কংগ্রেস, মুসলিম লীগ, এবং শিখ সম্প্রদায়ের পক্ষ থেকে কেউই একথা অস্বীকার বা অবিশ্বাস করে নি এটলির সেই বক্তব্যকে। ক্যাবিনেট মিশন প্রস্তাব যখন এসেছিল এবং তারপরে যখন মাউন্টব্যাটেন প্রস্তাব এসেছিল একটুখানি সংশোধন করে, সেউ এটলির সেই বক্তব্যকে অস্বীকার করে নি। কিন্তু আশ্চর্যের ব্যাপার যে, গোপনে এখানে মাউন্টব্যাটেনকে পাঠিয়ে ১৯৪৭ সালের ১৫ অগাস্টের মধ্যে এই কাজটা করা হল। এটা আমার কথা নয়, যাঁরা বড় বড় ইতিহাসবিদ, অন্যান্য দেশ থেকে যাঁরা এদেশে এসে নিরপেক্ষভাবে দেশকে আলোচনা করেছেন বা দেশের ইতিহাসিক, তাঁরাই স্বীকার করে গিয়েছেন যে বিরাট ষড়যন্ত্র এবং বিরাট ভুলের ফলেই আজকে দেশের এই অগণিত হানাহানি। আমি সেদিন এই হাউসের কাছে বলেছিলাম যে আজকে আমি-ত ভুলতে পাচ্ছি না যে ভারত বিভাগ করবার ফলে, ভারত বিভক্ত হবার ফলে ৬ লক্ষ হিন্দু মুসলমান নিহত হয়েছিল। আমরা বলি মহাত্মা গান্ধীর অহিংসের কথা—সত্যমেব জয়তে, অহিংসা পরমধর্ম, এবং ঐসব রাজনৈতিক কপটচারীর দল যখন দিল্লীতে আসেন, প্রথম জুতোটি খুলে সেই রাজঘাটে তাঁর ফুলের মালাটি দেন, মহাত্মা গান্ধীকে স্মরণ করেন। আমি জিজ্ঞাসা করছি, রাজনীতির যাঁরা ছাত্র, যাঁরা সোভিয়েট বিপ্লবের কথা বলেন যে এক জায়গার ফ্র্যাকশন ভায়লেন্স হয়েছে সেখানে, তাঁরা কখনও নন-ভায়লেন্সের কথা বলেন নি,

সোভিয়েট বিপ্লবে, সে বিপ্লবের ইতিহাসের ছাত্র আমিও, টেন ডেস দ্যাট সুক দি ওয়ার্লড, সেই বইটা পড়ুন তাতে দেখবেন কয়েক শত লোক মারা গিয়েছে, আর এখানে নন-ভায়লেন্সের নামে লক্ষ লক্ষ লোককে খুন করা হয়েছে। সুতরাং আজ আবার সেই সঙ্কট এসেছে এবং আমি এই হাউসের কাছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাচ্ছি যে যাঁকে আমরা এই মর্যাদা দিয়ে এসেছি তিনি কি বলেছেন? তিনি বলেছেন যে আমরা দীর্ঘদিন লড়াই করে এসেছি এবং লড়াই করে আর পারছি না, তাঁর স্বীকারোক্তিতে তিনি বলেছেন ১৯৬০ সালে, পণ্ডিত নেহরু,

"The truth is that we are tired men and we are getting on in years too. Few of us can stand the prospect of going to prison again, and if we had stood out for a United India, as we wished it, prison obviously awaited us. We saw the fires burning in the Punjab and heard everyday of the killings. The plan for partition offered a way out and we took it. But if Gandhiji had told us not to, we would have gone on fighting and waiting. But we accepted. We expected that partition would be temporary; that Pakistan was bound to come back to us. None of us guessed how much the killings and the crisis in Kashmir would embitter relations.".

এটা প্রধানমন্ত্রীর কথা এবং আজ সেই সঙ্গে আমি স্মরণ না করে পারছি না যে, সেই মহাবিপ্লবী মৃত্যুঞ্জয়ী বীর, নেতাজী সুভাষ সেই সময়, তার আগে ওয়াভেল প্রস্তাব যখন এসেছিল, তিনি বলেছিলেন কখনও দেশ বিভাগকে আপনারা মেনে নেবেন না। গান্ধীজীকে আবেদন করেছিলেন, কংগ্রেসকে আবেদন করেছিলেন, মৌলানা আজাদকে আবেদন করেছিলেন যে যদি এটা মেনে নেন তাহলে ভারতবর্ষ চিরদিনের মত শেষ হয়ে যাবে।

[4—4-10 p.m.]

তিনি বলছেন প্রয়োজন হলে সিভিল ওয়ার যুগ যুগ ধরে আমরা করে যাব, কিন্তু দেশ বিভাগ মেনে নেবেন না। তাই আজকে এই কথা আমাদের স্মরণ করতে হবে। সঙ্গে সঙ্গে আমাদের এও স্মরণ করতে হবে, আমি সেদিন কমিউনিস্ট বন্ধুদের বলেছিলাম তাঁরা পার্টিসান আরো বেশি করে সমর্থন করেছিলেন। সেটা আজ ইতিহাস হয়ে গিয়েছে। ছাত্রজীবনে আমি কংগ্রেস ছিলাম, তখন একটা বই দেখেছিলাম, কংগ্রেস লীগ মিলনের পথে স্বাধীন হোক', পি সি যোশীর লেখা—এটা কমিউনিস্ট পার্টি একটা অফিসিয়াল ডকুমেণ্ট। তাঁরা তাতে বলছেন মুসলমানদের পাকিস্তানের দাবি আমরা জনসাধারণের কাছে জনপ্রিয় করে তুলেছি। শুধু তাই নয়, তাঁরা বলছেন লাহোর প্রস্তাবের অর্থ মুসলমানদের স্বাধীনতার প্রস্তাব, এই প্রস্তাব মুসলমানদের মুক্তি অর্জনের প্রস্তাব, সুতরাং এই প্রস্তাব স্বাধীনতার মত ন্যায়সঙ্গত। শুধু বর্তমান শাসনের শৃঙ্খল ভঙ্গের প্রস্তাবই এটা নয়, এটা ভবিষ্যতে হিন্দু সংখ্যাধিক্যের বিরুদ্ধে প্রস্তাব। পাকিস্তানের সমর্থনে তাঁরা বলছেন, গান্ধীজী মুসলমানদের স্বাধীনতার নীতি স্বীকার করতে পারেন না; সেখানেই তাঁরা ক্ষান্ত হচ্ছেন না, তাঁরা বলছেন বাংলা বিভাগ মেনে নিন, এই সমস্তকিছুর পাশাপাশি তাঁরা আরো বলছেন বাঙ্গালী মুসলমানরা পৃথকভাবে সার্বভৌম ক্ষমতাশীল পাকিস্তান রাষ্ট্র গঠন করতে পারে, এই অধিকার তাদের আছে। কিন্তু যে অধিকারের বলে তাঁরা পাকিস্তান দাবি করেন সেই অধিকারের যুক্তিতে পশ্চিমবঙ্গের হিন্দু জেলাগুলিকে পূর্ব-পাকিস্তানের অন্তর্ভুক্ত করা যেতে পারে না। আরো মারাত্মক কথা তাঁরা বলছেন, পৃষ্ঠা ৭২ তে। এইভাবে শেষ পর্যন্ত তাদের দাবি পাকিস্তানে এসে পৌঁছেছে। কংগ্রেস লীগের দাবি স্বীকার করলে যে সব যুগের সূচনা হবে তা আমরা স্বপ্নেও ভাবতে পারি না। সত্যিই তো! লক্ষ লক্ষ মানুষ গৃহহারা হয়েছে, হাজার হাজার মানুষ পালিয়ে আসছে, আর্তনাদ করে সেখান থেকে পালিয়ে আসছে, ২০ হাজার লোক নিহত হয়েছে, কলকাতার বুকে শত ব্যক্তি নিহত হল, কত গৃহ জ্বলে গেল, কেন এই নব স্বপ্নরাজ্য কল্পনা করতে পারবেন না। এর থেকে সুখের স্বপ্ন আর কি হতে পারে? তাঁরা আরো বলছেন, পাকিস্তান স্বীকার করার

অর্থ হল, অখণ্ড ভারত সম্পর্কে আমাদের যে ধারণা ছিল তা একেবারে বদলে দেওয়া, ভারত তাতে দুর্বল না হয়ে সবলই হবে। তারপর, ভারত ও পাকিস্তানের মধ্যে প্রতিবেশীসুলভ না হয়েই পারে না, তাঁরা নিজেদের স্বার্থে আমাদের সঙ্গে বন্ধুদের সম্পর্ক রাখবেন। এতে ভারত আরো শক্তিশালী হবে। পাকিস্তান স্বীকার করে নিয়ে সেই ভিত্তিতে কংগ্রেস লীগের মধ্যে মীমাংসা হয়ে গেলে অচল অবস্থার বিরুদ্ধে লড়াই করে আমরা জয়ী হব। ইতিমধ্যে দেশের শাসনভার আমাদের বিশ্বস্ত নেতাদের হাতে এসে যাবে। আজকে মাননীয় সদস্য জ্যোতি বসু মহাশয় নৌশের আলী সাহেবের কথা বলছিলেন। দুঃখের কথা, সেই পুরানো দিনের ইতিহাস— বাংলার এই বীর সন্তান জীবন বিপন্ন করে সিকুলারিজম-এর জন্য লড়েছেন। মুসলীম লীগের ডায়েস-এ দাঁড়িয়ে তিনি এই বক্তৃতা করে মুসলমানদের বুকে আগুন জ্বালিয়ে দিয়েছেন। আমি জানি আমার মতো অনেকেরই সেইসব মুসলমান ভাইদের কথা মনে পড়বে যারা অখণ্ড ভারতের আদর্শের জন্য লড়াই করেছিলেন। আজকেও আমরা খান আবদুল গফুর খান, আবুস সামাদ খানের কথা স্মরণ করি, পাকিস্তানের জেলে তাঁরা কতদিন কাটিয়ে দিলেন। আপনারা একদিন বলেছিলেন হিন্দু সংখ্যাধিক্যের শাসন থেকে মুক্ত হওয়াই পাকিস্তানের দাবি। আজকে আমি তাই কম্যুনিস্ট বন্ধুদের জিজ্ঞাসা করছি, এই দাবির যুক্তির ভিত্তিতেই ভারতবর্ষে আজ এ্যাড-মিটেডলি হিন্দু সংখ্যাধিক্য রয়ে গিয়েছে কিনা। এই যুক্তির ভিত্তিতে আমরাও মনে করি কিনা যে, সংখ্যাগরিষ্ঠের শাসনের বিরুদ্ধে আমাদেরও জন্মগত আত্মনিয়ন্ত্রণাধিকার আছে? একথা আজ আমাদের স্মরণ করতে হবে। তাই আমি বলছি সিকুলার আইডিয়ার কথা বলবেন না, সিকুলার আইডিয়ার কথা ভুলুন। মাননীয় স্পীকার মহাশয়, কাশ্মীরের ঘটনা, আমি সত্যিকরে ভাবতে পারিনা যে, ধর্মগুরু পয়গম্বরের পবিত্র কেশ অপহৃত হল, আর কাশ্মীরে ৭ দিন ধরে অরাজকতা চলল। এই কি সিকিউলার-এর লক্ষণ? এখানে আমাদের বন্ধু মাননীয় মনসুর আলী সাহেব আছেন, তিনি একজন রাজনীতির ছাত্র, আরো বিভিন্ন মুসলিম নেতা আছেন তাঁরা কি বুকে হাত দিয়ে বলতে পারেন, তাঁরা কি ফিল করছেন ইট ইজ এ ডে অফ মোর্নিং? আমি জানি জম্মুতে হিন্দুর বিগ্রহ লুণ্ঠিত হয়েছে, সামান্য একটা পুলিশ এনকোয়ারি হয় নি। ভারতের পররাষ্ট্রমন্ত্রী ভারতের প্রধানমন্ত্রীকে আমি বলব

"He has done the greatest disservice by declaring on that occasion on the issue of the theft of the holy relic that the whole nation is in mourning thereby they gave handle to the fanatics and hooligans in Pakistan to carry on against the minorities a virulent campaign of hatred and an orgy of violence, rape, loot and arson.".

তাঁরাই করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভাবতে পারছি না সেই দাঙ্গার সময় আমরা দেখেছি হোম সেক্রেটারী বিশ্বনাথন দিল্লীতে বসে বলছেন, আমি এমন তথ্য ফাঁস করে দেব যাতে বোঝা যাবে কারা চুরি করেছে। তাহলে সেই তথ্য কেন তিনি ফাঁস করলেন না? আমরা দেখছি লালবাহাদুর শাস্ত্রী বড় বাহাদুরী নিচ্ছেন—সেখানে যাচ্ছেন আর আসছেন এবং নন্দের গতকাল প্রকাশ্যে বলবার কথা ছিল যে, কে চুরি করেছে। অবশ্য জানা গেল যে একজন মুসলমান চুরি করেছে। কিন্তু এই ঘটনা যদি অল ইন্ডিয়া রেডিওতে বলা হত, যদি ভারত সরকার ২৫ দিন আগে বলতেন যে, এর মধ্যে হিন্দু নেই—মুসলমান রয়েছে, তারাই চুরি করেছে তাহলে পাকিস্তানে হাঙ্গামা হত না। কাজেই দেখা যাচ্ছে ভারত সরকার একটা উন্মাদনা সৃষ্টি করেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করছি এইভাবে মানুষের জীবন নিয়ে আর কতদিন ছিনি-মিনি খেলা চলবে? কিছুক্ষণ আগে আমাদের একজন বন্ধু একটা কথা বললেন যেটা শুনতে খুব ভাল লাগল। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি, বাংলাদেশ বিভাগের পর, ১৯৫০ সালের পর স্বাধীন ভারতবর্ষে কলকাতার আশেপাশে কবে দাঙ্গা হয়েছে? আমরা তো কখনও দেখি নি। খুলনায়, যশোহরে হাঙ্গামা হোল, সাওতালরা মালদহে চলে এল এবং খুলনায় যে দাঙ্গা হল তার প্রতিক্রিয়া হিসেবে এখানে দাঙ্গা হল। কিন্তু আমার বক্তব্য হচ্ছে রিপার্কেসন যখন দেখা দেয় তখন তার কস্টাকে এলিমিনেট করলে তো আর এফেক্ট থাকে না। কাজেই পাকিস্তানের এই উন্মাদনা বন্ধ করা উচিত। স্যার, নন্দজী বলছেন, উই ক্যানট অ্যালাউ দেম টু বি বুচার্ড। বুচার্ড শব্দ ব্যবহার করেছেন—কি সাংঘাতিক কথা। অথচ তিনি বলছেন মাইগ্রেসন ইন্দ বন্ধ করিয়ে দেব না। আমি বলছি এই ৯২ লক্ষের মধ্যে কত লোক মরলে, কত রক্ত ঝরলে, কত শিশু

নিহত হলে, কত নারী অপহৃত হলে, কত সুখের সংসার ভেঙ্গে গেলে দিল্লীর ঐ মসনদ কেঁপে উঠবে?

I want to ask you, Mr. Speaker, with a feeling of extreme anguish and anger too, how long will this continue, and I want to ask you, Mr. Speaker, with all the humility of a feeling of a servant of Mother India, when will the Oliver Twists of Delhi be satisfied? The Oliver Twists of Delhi are not satisfied with the bloodshed, with the butchery in Pakistan and the killings in the Indian Union in different parts of the continent. They are quite conscious of the danger but still they will not break up from their slumber."

তাদের অতৃপ্ত আত্মা আর কত চায় সেটা নন্দকে জিজ্ঞাসা করি এবং আপনার মাধ্যমে আরও জিজ্ঞাসা করি কবে তাঁরা জাগবেন এই সমস্যার সমাধান করবার জন্য? আমাদের মুখ থেকে একথা একবারও বেরুবে না যে, মুসলমানরা এখান থেকে চলে যাক, কিন্তু আমরা বলি যে, সেই ৯২ লক্ষ হিন্দুকে এখানে নিয়ে আসুন পাকিস্তানের গণতান্ত্রিক আন্দোলন? ভাসানী সাহেবের কোনদার গণতান্ত্রিক আন্দোলন? হিন্দুরা সেখানে হোস্টেজ হিসেবে ব্যবহৃত হচ্ছে বলে আজকে ভাসানী সাহেবের আন্দোলন বন্ধ হচ্ছে। কিন্তু চোখ বুজে থাকলে হবে না, ওয়ার্কিং ক্লাশ, ওয়ার্কিং ক্লাশ বলে চীৎকার করলে হবে না।

The fact remains that it is the working class in Dacca Adamjee Jute Mill in Narayanganj and Dacca employed in three jute mills who started the rioting. I can tell you with all confidence and with all facts in my possession.

তারাই সুরু করেছিল। এই ওয়ার্কিং ক্লাশ সম্বন্ধে আমাদের কিছু দায়িত্ব নেই। এই ওয়ার্কিং ক্লাশ-এর ২।৪।৬।৮ আনা মাইনে বাড়বে, ১।২ টাকা বোনাস বাড়বে তার জন্য তারা সেখানে লড়বে। কিন্তু তাদের মধ্যে কি মানবতা বা হিউম্যানিজম থাকবে না? কাজেই বলছি এই সমস্যা সমাধান করবার জন্য পার্টিসন কাউন্সিল ১৯৪৭ সালের ২২এ জুলাই যে ঘোষণা করেছিলেন সেই ঘোষণার ভিত্তিতে সরকারকে চাপ দিতে হবে তাদের নিতে আসতে হবে। নন্দজী বলছেন সভেন স্টেট। আমি একজন আইনজীবী হিসেবে সকলকে বিবেচনা করতে বলছি কোন অর্থে সভেন স্টেট? যেদিন আপনারা নেহরু-লিয়াকত আলী এগ্রিমেন্ট করেছেন সেদিন ভারতবর্ষ এবং পাকিস্তানকে ব্র্যাকেটেড করেছেন। কোন যুক্তিতে নেহরু লিয়াকত আলী এগ্রিমেন্ট হতে পারে? সেখানে বলে দেয় পাকিস্তানের দায়িত্ব সংখ্যালঘুদের দেখা, ভারতের দায়িত্ব সংখ্যালঘুদের দেখা। ইন্টারন্যাসনাল ল-তে এর কোন ওয়ারেন্ট আছে, কোন সাপোর্ট আছে কোন সাপোর্ট নেই। কাজেই এই যে নেহরু-লিয়াকত আলী এগ্রিমেন্ট করেছেন এটা কোন নূতন জিনিস নয়। মাননীয় স্পীকার মহাশয় পার্টিসন কাউন্সিল যেটা বলেছে সেই হিস্টোরিক ডকুমেন্ট আপনার মাধ্যমে আমি এখানে রাখছি এবং এটা ইতিহাসে রেকর্ডেড হওয়া দরকার। ১৯৪৭ সালের ২২এ জুলাই এই মিটিং হয়, এতে মাউন্টব্যাটেন প্রিসাইড করেছিলেন এবং ভারত সরকারের পক্ষ থেকে প্রতিনিধিত্ব করেছিলেন সর্দার প্যাটেল এবং রাজেন্দ্রপ্রসাদ। এই দুইজনই পরলোকগত।

[4-10—4-20 p.m.]

পাকিস্তান থেকে প্রতিনিধিত্ব করেছিলেন লিয়াকত আলী খান এবং কায়েদে আজম জিন্না, শিখদের প্রতিনিধিত্ব করেছিলেন সর্দার বলদেব সিং, এই ঐতিহাসিক বিবৃতিতে কি বলা হল

"Now that the decision to set up two independent Dominions from August 15 has finally been taken, the members of the Partition Council, on behalf of the future Governments declare that they are determined to establish peaceful conditions in which the processes of partition may be completed and the many urgent tasks of administration and economic reconstruction may be taken in hand. Both the Congress and the Muslim League have undertaken to give fair and equitable treatment to the minorities after the transfer of power. Two Governments reaffirm these assurances. It is

their intention to safeguard the legitimate interests of all citizens irrespective of religion, caste or sex. In the exercise of their normal civic rights all citizens will be regarded as equal and both the Governments will assure to all people within their territories the exercise of liberties such as freedom of speech, the right to form associations, the right to worship in their own way and the promotion of their language and culture."

Both the Governments further undertake that there shall be no discrimination against those who before August 15 may have been political opponents.

The guarantee of protection which both Governments give to the citizens of their respective countries implies that in no circumstances will violence be tolerated in any form in either territory. The two Governments wish to emphasise that they are united in this determination."

গভর্নরের ভাষণ শুনে আমার মনে হয়েছে আমাদের সংবিধান পরিবর্তন করা দরকার। গভর্নর শাসনবর্গের মাউথপিস হয়ে পড়েছেন, সংবিধানে এই ধরনের বিশিষ্ট পদ রাখার দরকার নাই, সংবিধানকে অ্যামেন্ড করে গভর্নরের পদ সরিয়ে দেওয়া হোক।

শ্রীমতী নীহারিকা মজুমদারঃ মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপাল মহোদয়া যে ভাষণ দিয়েছেন তাকে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। আজকে পশ্চিমবঙ্গে কলকাতার বুকে যে দুঃখজনক ঘটনা ঘটে গেল এবং স্বাধীনতা পাবার ১৬ বছর পরেও আমরা যে মানবতাবোধের পরিচয় দিয়েছি তা সত্যিই দুঃখের কথা। ১৯৪৭ সালে যখন ভারতবর্ষের স্বাধীনতা এল এবং দেশ দ্বিধাবিভক্ত হল, সেই দেশ বিভাগ আমরা দেশের বৃহত্তর স্বার্থের খাতিরেই দেশের কল্যাণের নিমিত্তই মেনে নিতে বাধ্য হয়েছিলাম। সেই সময় আমরা এটাই মনে করেছিলাম যে স্বাধীনতার পর আর এ ধরনের দুঃখজনক ঘটনা ঘটবে না। আমাদের সরকার এবং পাকিস্তানের সরকার উভয়েই এটা তখন স্বীকার করে নিয়েছিলেন যে পূর্ব-পাকিস্তানের সংখ্যালঘুদের কেউ ভারতবর্ষে আসতে চান তাহলে তার এখানে সুষ্ঠু পুনর্বাসন দেওয়া হবে এবং তার নিরাপত্তার দায়িত্বও তাঁরা গ্রহণ করেছিলেন। আজকে আমাদের ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে যেভাবে দুঃখজনক ঘটনা ঘটে গেল তাতে সত্য আমার দুঃখ হয় এবং তাতে আমাদের সংবিধানের মর্যাদাহানি হয়েছে বলে মনে করি। আজকে পাকিস্তানে হিন্দু-নির্যাতন হচ্ছে যেভাবে তাদের উপর অত্যাচার হচ্ছে তাতে আমাদের প্রাণে বেদনার সঞ্চার হচ্ছে, মন বেদনায় ভারাক্রান্ত হচ্ছে কিন্তু সেটাতো ঐসলামিক রাষ্ট্র, কাজেই আমাদের বলবার কিছু নাই, করবার কিছু নাই, সেটা আমাদের হাতের বাইরে। কিন্তু আমাদের ভারতবর্ষে ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে আমরা সকলে সুখে শান্তিতে বাস করবো এটা চাই।

আজকে প্রত্যেক নাগরিক যাতে সুখী হতে পারে যাতে তাঁরা নিঃসন্দেহে, নিশ্চিন্তে থাকতে পারে সেই দায়িত্ব এই রাষ্ট্র মেনে নিয়েছে। পাকিস্তানে অত্যাচার চলছে। কিন্তু সেই অত্যাচারের বদলে অত্যাচার নয় অন্যায়ের পরিবর্তে অন্যায় নয়। রবীন্দ্রনাথ যে কথা বলেছিলেন তাতে আমরা বিশ্বাস রাখি তিনি বলেছিলেন এস হে আর্য, এসো অনার্য, এসো হিন্দু-মুসলমান এসো এসো আজ তুমি ইংরাজ, এসো হে খৃষ্টান সবার পরশে পবিত্র করা এই তীর্থ নীরে—এই ভারতের মহামানবের সাগর তীরে। সেই কথা স্মরণ করে আমাদের দেশে যে দুর্ঘটনা ঘটে গেল তার জন্য আমরা দুঃখিত। অবশ্য আজ সেটা বন্ধ হয়েছে। কিন্তু যাতে এটা আর একদিনও না ঘটে তার জন্য এখন থেকে আমাদের সচেষ্ট থাকতে হবে। পরস্পরের সৌহার্দ্যের কথা ভেবে আজকে বিশ্ব ভ্রাতৃত্বের কথা ভেবে চলতে হবে। রাজ্যপাল মহোদয়া যে ভাষণ দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি অনেক বন্ধু বলেছেন যে বাংলাদেশের কোন চিত্র তাঁরা দেখতে পাচ্ছেন না। কিন্তু আমরা প্রথমেই দেখতে পাচ্ছি যে আমাদের যে খাদ্য সমস্যা যেটা গত বৎসরে হয়েছিল তাতে তিনি বলেছেন যে এবারে উৎপাদন বৃদ্ধি হয়েছে এবং একথাও দেখতে পাচ্ছি যে তিনি আমাদের দেশবাসীকে আহ্বান জানিয়েছেন যে আমাদের যারা অতি মুনাফাখোর তারা যাতে যে মূল্য নির্ধারিত করা হয়েছে তাতে যেন তারা সেটা বদলাতে না পারেন এবং তার জন্য তিনি সহযোগিতা

চেয়েছেন। কৃষকদের উন্নতি বৃদ্ধি এবং ফসল উৎপাদন বৃদ্ধির কথাও তিনি বলেছেন এবং তাঁর ভাষণে সেটা বেশ পরিস্ফুট হয়েছে। আমাদের উদ্বৃত্ত যাতে হয় সে দিকে আমাদের নজর রাখতে হবে। অন্যান্য দেশের মত আমাদের দেশ উদ্বৃত্ত নয়; তাই আমাদের খাদ্যসমস্যা মেটাতে হলে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং যাতে আমরা দুবেলা ভাত না খাই তার জন্য গম খাওয়ার অভ্যাস করতে হবে। তা না হলে কিছুই করা যাবে না। সেই দিকে তিনি আহ্বান জানিয়েছেন যাতে উৎপাদন বৃদ্ধি হয়। কারণ আমাদের দেশের লোকসংখ্যা ক্রমশ বৃদ্ধি হচ্ছে এবং আমরা দেখতে পাচ্ছি যে গত ১ বছরে ১ কোটি লোক বৃদ্ধি হয়েছে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that the Speech of the Governor, so far as vital health problems of the State are concerned, has not given any satisfactory line of policy, or adequate appreciation of the seriousness of the multifarious problems."

রাজ্যপালের ভাষণের মধ্যে আমাদের যা অভিযোগ সেটা হচ্ছে যে আমরা সরকারী স্বাস্থ্যনীতির কোন ইঙ্গিত পাচ্ছি না। তাঁর ভাষণের মধ্যে কোন রেভিটি আমরা পাচ্ছি না এবং এই রেভিটি যেটা অত্যন্ত ভাইটেল যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমরা দাবী করছি সেটা তাঁরা নাকি আগামী বৎসরে স্পেশ্যাল এমফ্যাসিস রাখবেন অন প্রিভেনটিভ এন্ড পজিটিভ আসপেক্ট অব হেলথ এবং তার জন্য যথেষ্ট প্রভিসন হেলথ বাজেট করা হবে। আর দ্বিতীয় দাবী হচ্ছে যে তাঁরা ইতিমধ্যে এই থার্ড প্ল্যানের পিরিয়ডে দু হাজার বেড বেড়েছে এবং তিনটি ক্লিনিক খুলেছেন। কিন্তু এইটা আর বাস্তব-এর মধ্যে কিছু পার্থক্য রয়েছে এবং সেইটাই আমি দেখাবার চেষ্টা করবো।

[4-20—4-30 p.m.]

Preventive and positive aspects of health সম্বন্ধে আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে দি লেট ডাঃ বি সি রায় একদিন বিধানসভায় ভাষণে বলেছিলেন ভবিষ্যতে মেডিক্যাল প্রফেসান এবং মেডিক্যাল সাইন্স-এর রুগীর চিকিৎসা করা নয়; প্রিভেন্টিভ মেডিসিন তার প্রধান কাজ হবে এবং সেই হিসাবে আমরা আগামীকাল প্রসিড করব। কিন্তু এখন বাস্তব যেটা আমরা দেখছি প্রিভেন্টিভ সাইড-এ এপিডেমিক্স-গুলো যদি ধরেন তাহলে কলেরা এবং স্মল পক্স-এর ভাইট্যাল স্ট্যাটিসটিক্স যেটা আমরা খবরের কাগজে পাই তা থেকে এটাই প্রমাণিত হয় গত ১০-১৫ বছরের মধ্যে যেভাবে এপিডেমিকস যেরকম চলছিল আজও সেইভাবে চলছে ইন্সিডেন্স একই আছে, বরং কিছু কিছু বৃদ্ধি পেয়েছে এবং প্রত্যেক কোয়েনকোনিয়েল অন্তর এই এপিডেমিকস যেমন বেড়ে যায় আজও সেটা তাই হচ্ছে। তা ছাড়া এই এপিডেমিকস বাদ দিয়ে যদি আমরা অন্যান্য রোগ ধরি তাহলে দেখবো যে বিশেষ করে টি বি সম্বন্ধে কোন ইঙ্গিত নেই যে এর জন্য কি কি করা হয়েছে। বি সি জি ভেকসিন সম্বন্ধে আমরা কিছুদিন আগে একটা কথা শুনেছিলাম যে এটা ব্যাপকভাবে করা হবে। কিন্তু গত দেড় বৎসরের মধ্যে আমি বিশেষ কোন খবর পাই নি যে কত পার্সেন্ট শিশুদের এবং কত পার্সেন্ট জনসাধারণকে এই বি সি জি এবং টি বি ভ্যাকসিন দিয়ে প্রোটেকসন দেওয়া হয়েছিল। কলেরা এবং স্মল পক্স ব্যাপার সম্বন্ধে বলছি যে তার বিরুদ্ধে ইনোকুলেসন এবং ভ্যাকসিন দিয়ে আজ পর্যন্ত সরকার সমস্ত পপুলেশনকে কভার করতে পারেন নি। কলেরা সম্বন্ধে আরও জটিল ব্যাপার আছে পিওর ওয়াটার সাপ্লাই, ড্রেনেজ, স্যানিটেসন, স্লাম ক্লিয়ারেন্স ইত্যাদি সবগুলি আছে। কিন্তু গত বৎসরের আগে, অর্থাৎ আমাদের ডিটেনসান-এর আগে—১৯৬২-তে বাজেটের সময় আমরা শুনেছিলাম যে সরকার নাকি স্মল পক্স ইরাডিকেসান-এর একটা প্রোগ্রাম দিয়েছেন এবং এ বৎসরের মধ্যে স্মল পক্স ইরাডিকেট করবেন। কিন্তু দুই বছর হয়ে গেল এখনও পর্যন্ত স্মল পক্স ইরাডিকেশন-এর কোন চিহ্ন আমরা দেখতে পাচ্ছি

না। আর টি বি সম্বন্ধে বলা হচ্ছে যে বেড বাড়ান হয়েছে, কিন্তু এখনও সমস্ত টি বি হসপিট্যাল-এ ঐভাবে রাস রয়েছে এবং যাঁরা হাঁসপাতালে ভর্তি হতে চান তাঁদের এ্যাভারেজ ভাবে ফ্রি বেড-এর জন্য ৬ মাস অপেক্ষা করতে হয়। বেড যেখানে কম আছে সেখানে যাদের সার্জিক্যাল অপারেশান-এর প্রয়োজন হয়, কিম্বা যারা ইনফেকসাস স্টেজে আছে তাদের আইসোলেট করতে হবে তাদের তাই করা উচিত। যারা ঐসব অবস্থায় নেই তাদের নিশ্চয় ডোমিসিলাস ট্রিটমেন্ট দিয়ে তাদের ব্যবস্থা করা উচিত। ডোমিসিলাস ট্রিটমেন্ট-এর জন্য কিছু কিছু ইউনিট হয়েছে। সেদিন একটা ইউনিট ওপেন করা হয়েছে কিন্তু এখনও পর্যন্ত টিউবারকুলোসেস মর্টেলিটির ভাইট্যাল স্ট্যাটিসটিক্স যদি দেখেন তাহলে দেখবেন প্রত্যেক সপ্তাহে আগের সপ্তাহের থেকে কিছু বেশী কিবা কম এইভাবেই চলে আসছে। ৩০-৪০-৫০ মর্টেলিটি আজ গত ১০ বছর ধরে দেখছি। অথচ চিকিৎসার সাইন্টিফিক এসপেক্টস নানাভাবে ইমপ্রুভমেন্ট হয়েছে। কিন্তু একটা জিনিস, যেটা আমি বলতে চাই সেটা হচ্ছে প্রিভেনসান-এর দিক। পাজিটিভ হেলথ যার আগে আসে সেটা হচ্ছে স্বাস্থ্যের দিকে লক্ষ্য রাখা এবং শিশু ও এ্যাডাল্টদের পুষ্টিকর খাদ্য প্রোভাইড করা—এটাই হচ্ছে সবচেয়ে বড় প্রিভেনসন এগেইনস্ট ডিজিজেস। শুধু টিউবারকুলোসিস নয়, সমস্ত রকম ওয়েস্টিং ডিজিস-এর প্রোটেকসান সবচেয়ে বেশী মানুষ পায় পুষ্টিকর খাদ্য থেকে। কিন্তু এই সংকট আমাদের রাষ্ট্রে চলেছে এবং এখনও বেড়ে চলেছে। ফুড প্রাইসেস অ্যান্ড এসেনসিয়াল কমোডিটিস-এর দাম আস্তে আস্তে বেড়ে চলেছে এই সংকটের সমাধান করতে পারছেন না।

এ সম্বন্ধে কয়েকটা তথ্য ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন ক্লিনিক্যাল সাউথ ইস্ট এশিয়া, তাতে বলা হয়েছে যে বিশেষ করে ১ বৎসর থেকে ৪ বৎসর পর্যন্ত শিশুর মৃত্যুর হার সবচেয়ে বেশী, তার বড় কারণ হচ্ছে ম্যাল নিউট্রিসান এবং ঐসব দেশে ম্যাল নিউট্রিসান সবচেয়ে বেশী দেখা যায়, যেখানে ফুড প্রোডাকসান উন্নত হচ্ছে না, যেখানে ফুড ডিস্ট্রিবিউসান হচ্ছে না এবং সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বাড়ছে না, অথচ আরো নিম্নে চলে যাচ্ছে এসব দেশে এ সংকট দেখা যাচ্ছে এবং ফুড প্রোবলেম ও ম্যাল নিউট্রিসান প্রবলেম বেড়ে যাচ্ছে। সেদিন আমাদের নেতা জ্যোতিবাবু বলেছিলেন যে আমাদের এখানে ক্যালোরিক হিসাবে সাধারণ মানুষ যা পায়, রিসেন্ট সার্ভে-তে যা দেখান হয়েছে ২ হাজার ২ শত ক্যালোরী এটাও পায় না, ইস্টার্ন ইকোনমিস্ট ১৯৬২ সংখ্যায় ওঁরা লিখেছিলেন যে সাধারণ ওয়ার্কিং ম্যান-এর জন্য মিনিমাম ৩ হাজার ক্যালোরিক প্রয়োজন এবং সেখানে ২ হাজার থেকে ২২ শত সাধারণ মানুষ পায়, এবং এটা ১৯৬২-র এনালিসিস এবারে ১৯৬৮, এ ক্যালোরিক রিকোয়ারমেণ্ট যা, তা রয়েছে অথচ মানুষ কম পাচ্ছে। আজকে মানুষের যে অবস্থা হয়েছে তাতে জীবনযাত্রা নির্বাহ করা সবচেয়ে বড় হয়ে দাঁড়িয়েছে, যেটা আছে তার প্রিভেনসান-এর কি হয়েছে? তারা বলেছেন ইনক্রিজ ইন দি নাম্বার অব বেডস, থার্ড প্ল্যান পিরিয়ড-এ বেড়েছে ২ হাজার। এটা স্বীকার করছি নিশ্চয়ই বেড়েছে, কিন্তু তাতে সমাধান হয় নি। মাননীয় স্পীকার সার, আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই গত ৭ বৎসর হল আমরা এ জিনিসটা বার বার বলে আসছি যে বড় বড় হাঁসপাতাল করবার সংগে সংগে সেগুলিতে টাকা যত খরচ হয় এবং ব্যয় করতে হয় সে টাকা যখন আমাদের নাই তখন এমারজেন্সী হিসাবে যেমন, গত মহাযুদ্ধের সময় লেক এরিয়ায় একটা হাঁসপাতাল তৈরি করা হয়েছিল সেরূপ লাইট বিল্ডিংস করে কিছু কিছু টেম্পরারী বেসিসে ঐ হাঁসপাতাল তৈরি করা যেতে পারে যাতে করে বেডের সংখ্যা বাড়ান যায়। তা ছাড়া আর একটা দাবী করছি গত ৭ বৎসর ধরে করে আসছি তার আগে অবশ্য ছিলাম না যে, মেজর হসপিট্যাল সেগুলিতে অন্তত ডাবল সিফট-এ আউট প্যাসেন্ট ডিপার্টমেন্ট, অপারেশান থিয়েটার ইত্যাদি করা দরকার। সেটা এখনও হয় নি, শুনতে পাচ্ছি ৩টায় আফটারনুন পে ক্লিনিক এটুকু হয়েছে। এটা কিছুটা সমর্থন যোগ্য বলা যায়। কিন্তু যারা একেবারে গরীব তারা ঐ পে ক্লিনিক-এ যেতে পারবে না, তাদের অবস্থা হয়েছে বড় বড় হাঁসপাতালে ১ শত ২ শত লোকের পেছনে লাইন দিয়ে ঘণ্টার পর ঘণ্টা বসে থাকতে হয় তার সামান্য চিকিৎসার জন্য। এ জন্য আমরা সাজেস্ট করেছিলাম প্রত্যেক মেজর হসপিট্যাল-এ ডাবল সিফট করা হোক। এ মাসের ১লা তারিখে মাননীয়া স্বাস্থ্য মন্ত্রীমহোদয়া একটা কনফারেন্স করেছিলেন উইথ ডিফারেন্ট সুপারিন্টেন্ডেন্টস অফ হসপিটালস, সেখানে এটুকু বললেন যে মেডিক্যাল কলেজ হসপিট্যাল-এ ডাবল সিফট-এর ব্যবস্থা করেছেন, এখনও স্টাফের ব্যবস্থা হয়

নি, শুধু ডাবল সিফট বলে চালু করা হয়েছে, এ ছাড়া আর কোন ব্যবস্থা হয় নি এবং অন্য কোন হাসপাতালেও হয় নি, পরিকল্পনা আছে কবে হবে জানি না এবং ঐ কনফারেন্স-এ আরো কয়েকটা তথ্য জানা গেছে হাঁসপাতালের সুপারিনটেন্ডেন্টরা দাবী করছেন হসপিটাল সার্ভিস-এর উন্নতি করতে হবে, এবং তাহলে এর জন্য স্টাফ বাড়াতে হবে, সব রকম স্টাফ ক্লাস ফোর স্টাফ, নার্সিং স্টাফ, মেডিক্যাল স্টাফ ইত্যাদি সব বাড়াতে হবে। এ না করলে হাঁসপাতালে চিকিৎসার উন্নতি করা যাবে না। শুধু জায়গার অভাবই নয় দেখাশুনার স্টাফ-এর অভাব আছে। এটা প্রত্যেক রুগী ফিল করছে। একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই বোধ হয় ৩-৪ বৎসর আগে, তখন ডাঃ বি রায় হেলথ মিনিস্টার ছিলেন, তিনি একটা প্রশ্নে বলেছিলেন যে, ৫ জন রুগী প্রতি ১ জন করে এখানে নার্সের ব্যবস্থা আছে। এটা তখনই আমি চ্যালেঞ্জ করেছিলাম এবং বলেছিলাম এটা সত্য নয়। তখন তিনি এস এস কে এম হসপিটাল-এর উদাহরণ দিয়েছিলেন। সেখানে যখন ভিজিটিং সার্জেন ওয়ার্ডে রাউন্ড দেন তখন সব নার্স উপস্থিত থাকেন এবং তখনকার হিসাব করতে গেলে এক একটা রুগী প্রতি ৫-৬টা করে নার্স ওয়ার্ডে থাকে। কিন্তু যেটা সত্য নয় কেন না ঐ ভিজিটিং সার্জেন চলে গেলে যখন রেগুলার ডিউটি আরম্ভ হয় তখন দেখা যায় দিনের বেলায় এক একটা নার্স ২০-২৫-৩০টা লোকের পেছনে আছেন আর রাতে আরও কমে যায়। নাইট-এ ৩০-৪০-৫০ লোকের পেছনে একজন আছেন।

[4-30—4-40 p.m.]

সেইজন্য এইগুলি বাড়ান দরকার এবং মেডিক্যাল স্টাফেরও অভাব আছে। তাদের উপরেও অনেক বেশী চাপ হাসপাতালে রয়েছে। এটা আমরা বলছি না যে সমস্তভাবে সোসিয়ালাইজ করে দেওয়া হোক সার্ভিসগুলিকে, তবে নিশ্চয়ই সংখ্যা আরো বেশী বাড়ান দরকার। তাতে আর একটা সমস্যার সমাধান হচ্ছে, মেডিক্যাল প্রফেশনে আজ যে সঙ্কট দেখা দিয়েছে অনেক আন-এমপ্লয়মেন্ট, মানুষের স্ট্যান্ডার্ড অফ লিভিং যে রকম পড়ে যাচ্ছে সেইজন্য এইসমস্ত প্রফেশনে যেখানে একটা অসুবিধা দেখা যাচ্ছে, একটা সঙ্কট দেখা দিচ্ছে, তাদেরও অন্ততঃ ৫০ পার্সেন্ট থেকে ৭০ পার্সেন্ট পর্যন্ত আবজর্ভ করা যায় নানারকম হেলথ সার্ভিসে এটা ওদিক দিয়েও উপকার হবে। আমি শুধু হেলথ সার্ভিসের কথা বলছি না বা স্টেট সার্ভিসের কথাও বলছি না, স্টেট হেলথ সার্ভিস-এ নিশ্চয়ই, তা ছাড়া ইন্ডাস্ট্রিয়াল হেলথ সার্ভিস আছে, ই এস আই স্কীম আছে, চাইলড সার্ভিস আছে, মেটারনিটি হেলথ সার্ভিস আছে এই সমস্তটা নিয়ে এই মেডিক্যাল প্রফেশনাবদের শুধু ডাক্তার নয়, নার্সিং স্টাফকেও আবজর্ভ করে এই কাজটা করে এই হেলথ সার্ভিসের আরো উন্নতি করা যেতে পারে। তারপর এখানে একটা কন্ট্রোভারসাল ইসু অনেক দিন ধরে চলে আসছে। বড় বড় ডাক্তার, প্রফেসার, সার্জেন, ভিজিটিং ফিজিশিয়ান স্পেশালিস্ট, এরা যাঁরা রয়েছেন তাঁদের প্র্যাকটিস অ্যালাউ করা উচিত না। যাঁরা হাসপাতালে চাকরী করবেন তাঁরা শুধু হাসপাতালেই চাকরী করবেন। যাঁরা প্রাইভেট প্র্যাকটিস করবেন কলকাতা শহর অত্যন্ত বড় শহর, সেখানে ধনী লোকের অভাব নেই, নিশ্চয়ই তাঁরা দিলদরিয়াভাবে প্র্যাকটিশ করুন কিন্তু যাঁরা হাসপাতালে কাজ করবেন তাঁরা হোল টাইম হিসাবে হাসপাতালেই কাজ করবেন। তাঁদের যদি প্র্যাকটিশের চান্স দেওয়া হয় তার মানে তাঁদের কাজের ব্যাঘাত করা। সব সময় তাঁদের লক্ষ্য থাকবে ঐ প্রাইভেট প্র্যাকটিসের উপর এবং টাইমেরও অভাব হবে। আমি জানি না মাননীয় সদস্যরা অবগত আছেন কিনা একজন ভাল ভিজিটিং ফিসিশিয়ান কিম্বা সার্জেন, বিশেষ করে সার্জেন এবং স্পেশালিস্টদের, ডেলি রুটিন সাধারণভাবে যা আছে, ভোর বেলা ৭টা থেকে তাঁরা আরম্ভ করেন নিজের প্রাইভেট অপারেশন নিজের চেম্বারে কিম্বা পেসেন্টের বাড়িতে, করতে করতে সাড়ে নয়-দশটার সময় তাঁরা হাসপাতালে যান, হাসপাতালে রোগী দেখবার সুযোগ তাঁদের হয় না, সোজা অপারেশন থিয়েটারে চলে যান, দুঘণ্টা কি আড়াই ঘণ্টা লাগে, মেজর অপারেশন যদি থাকে তাহলে আরো বেশী সময় লাগে, ঐটা শেষ হলে আড়াইটা-তিনটার সময় লাঞ্চ খেয়ে চেম্বারে বসেন, চেম্বার শেষ করে আবার প্র্যাকটিসে বেরিয়ে যান। খুব সিরিয়াস কেস হলে যদি হাউস সার্জেন জানায় তাহলে ৫ মিনিটের জন্য ফ্লাইং ভিজিট একটা হাসপাতালে দেন তারপর আবার বাইরে কাজ-টাজ করে রাত্রি ১১টার সময় বাড়ি এসে ঘুমিয়ে পড়েন। এটাতে কি সেবা করা হয় মানুষের? টাকা নিশ্চয়ই অনেক রোজগার হয় কিন্তু

এতে কাজ হয় না। সেইজন্য কথা হচ্ছে যাঁরা প্র্যাকটিস করবেন তাঁরা প্র্যাকটিস করুন, যত ইচ্ছা তাঁরা আয় করুন, কিন্তু যাঁরা হাসপাতালে চাকরী করবেন তাঁরা শুধু হাসপাতালেই সেবা করবেন, তাঁদের শুধুমাত্র হাসপাতালের মধ্যেই সীমাবন্ধ রাখতে হবে। এটা অসম্ভব হয় কেন আমি বুঝি না। কারণ, মিলিটারি ডিপার্টমেন্টে যাঁরা মিলিটারি ডাক্তার থাকেন তাঁরা প্রাইভেট প্র্যাকটিস করেন না, তাঁরা হোল টাইম সার্ভিস দেন তাঁদের নিজেদের কাজে। কাজেই সিভিল ব্যাপারে হবে না কেন আমি বুঝতে পারি না। তারপর, স্যার, আর একটি কথা আমি আপনার মাধ্যমে পেশ করতে চাচ্ছি। ১৯৬২-র বাজেট সেশনে আমি যখন হাসপাতালে বেড বাড়াবার কথা হচ্ছে এবং রাজ্যপাল নিজেই বলেছিলেন টিউবারকুলোসিস সম্বন্ধে, বলেছিলাম জেনারেল বেডের অভাব এখনও রয়েছে। কিন্তু একটা ব্যবস্থা এখনও হয় নি, মেন্টাল ডিজিস সম্বন্ধে আমি তখন দাবী করেছিলাম যে স্টেটের মধ্যে কোন হাসপাতাল, কোন অ্যারেঞ্জমেন্ট সরকারের নেই। একটা প্রাইভেট হাসপাতাল আছে লুম্বিনী পার্ক। সেও সংকটের মধ্যে রয়েছে। কালকেই অমৃতবাজার পত্রিকাতে তার রেসিডেন্ট ফিজিসিয়ান একটা অ্যাপিল করেছেন, তাতে বলা হয়েছে অবস্থা খুবই খারাপ ফাইন্যানসিয়াল। তখন সেখানে একটা লিগ্যাল অসুবিধা ছিল সেটা আমি প্রেজেন্ট করেছিলাম, তারপরে আমি শুনলাম লিগ্যাল কমপ্লিকেশনটা সুধরিয়ে দেওয়া হয়েছে। কিন্তু ফিনানসিয়াল অসুবিধা যেটা রয়েছে সে সম্পর্কে কালকেই ওখানকার রেসি-ডেন্ট ফিজিসিয়ানরা অ্যাপিল করেছেন। এটা বলেন না যে সরকার কিছু সাহায্য করেন না কিন্তু এখনও একটা রেগুলার রেকারিং গ্র্যান্ট তাদের দেওয়া হয় না। মাঝে মাঝে কিছু গ্র্যান্ট হয়। তা ছাড়া আমরা স্টেট মেন্টাল হাসপাতাল হচ্ছে হচ্ছে শুনেছি কিন্তু তা এখনও হয় নি। একটা জিনিস আমি গতবারে বলেছিলাম যে দমদম সেন্ট্রাল জেলে মেন্টাল ডিজিসের অনেক রুগী ওখানে থাকেন অথচ ওখানে চিকিৎসার কোন ব্যবস্থা নেই। আমি এত ডিটেলস জানতাম না। তখন জেল মন্ত্রী যে ফিগার দিয়েছিলেন সেই ফিগার ঠিক নয়, সেটা অসত্য বলে মনে করি। তাঁরা বলছেন ১৯০২-তে সেখানে মোট সংখ্যা ছিল ১০৮, অথচ আমরা পাশে থেকে নিজের চোখে দেখেছি প্রায় ৪০০। সেখানে সুপারিন্টেন্ডেন্ট-এর অফিসে একটা মস্ত বড় ব্ল্যাক বোর্ড আছে, তাতে বিভিন্ন ক্যাটাগরি প্রিজনারদের সংখ্যা দেওয়া আছে, নন-ক্রিমিন্যাল লুনেটিকস-এর সংখ্যা আমরা বরাবর দেখেছি ৩৯৯, ৪১৫, ৭১৭, ১৯৬২-১৯৬৩-তে, কিন্তু মৃগেন্দ্র ভট্টাচার্যের এক প্রশ্নের উত্তরে ১৯৬৩-এর নভেম্বর মাসে সংখ্যা দিচ্ছেন দমদম সেন্ট্রাল জেলে ক্রিমিন্যাল লুনে-টিকাস ৭৯, নন ক্রিমিন্যাল লুনেটিকাস ৪০০ এই সংখ্যাটি আমি নিজে যতদূর জানি ঠিকই হয়েছে। কিন্তু এত মেন্টাল ডিজিস-এর রুগী সেখানে আছে, গরীব তারা, তারা চিকিৎসা করাতে পারেন না, শুধু লোকাল পুলিশকে খবর দেন এত রুগী রয়েছে যে, তাদের চিকিৎসার কোন ব্যবস্থা নাই। যে ভিজিটিং ফিজিসিয়ান আছেন তিনি সপ্তাহে দুই-একবার যান এবং একদিন মাত্র ২৫টি কেস দেখেন ৪০০ রুগীর মধ্যে। মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি আজকাল মেন্টাল ডিজিস-এর অনেকরকম আধুনিক বিজ্ঞানসম্মত চিকিৎসা আছে - ইলেকট্রিক সক, ইনসুলিন সক - এই সমস্ত ফেসিলিটি এখানে নাই। এখানে হাসপাতালে ট্রেইন্ড স্টাফ আছে, ২ জন অ্যাসিস্ট্যান্ট সার্জন আছেন, মন্ত্রিমহাশয় বলেছেন স্পেশিয়ালি ট্রেইন্ড স্টাফ আছে, তাহলে কেন ইলেকট্রিক ট্রিটমেন্ট বা ইনসুলিন ট্রিটমেন্ট সেখানে হতে পারবে না। শুধু সাইকোএনালিসিস করবার জন্য একজন ভিজিটিং স্পেসিয়ালিস্ট দিলেই হবে না। আমি আশা করব যে, মাননীয়া হেলথ মিনিস্টার এই বাজেট সেসনেই আমাদের জানাবেন এই সমস্ত ব্যাপারে তাঁরা কি ব্যবস্থা অবলম্বন করতে চাচ্ছেন। এই বলে আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি।

Shri Arun Kumar Moitra:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনীত হয়েছে আমি সেই প্রস্তাব সমর্থন করছি। আজ যে জিনিস আমাদের সকলকে সবচেয়ে বেশি চঞ্চল করে তুলেছে সেটা হল পূর্ব-পাকিস্তানের সাম্প্রতিক দাঙ্গা। এই দাঙ্গায় পূর্ব পাকি-স্তানের সংখ্যালঘুদের উপর চরম উৎপীড়ন হয়েছে এবং তাদের ধনসম্পত্তি লুণ্ঠিত হয়েছে। পূর্ববঙ্গের সাম্প্রদায়িক হাঙ্গামার প্রতিক্রিয়ায় এবং তাদেরই উস্কানিতে আমাদের পশ্চিমবঙ্গে

কিছুটা হাঙ্গামার সৃষ্টি হয়েছিল। আমাদের পশ্চিমবঙ্গ সরকার তৎপরতার সঙ্গে এবং কঠোরভাবে এই হাঙ্গামা দমন করেছেন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, *আমাদের ওপক্ষের বন্ধুরা বলছেন পশ্চিমবঙ্গ-সরকার এই হাঙ্গামা দমনে ব্যর্থ হয়েছেন এবং পশ্চিম বাংলায় সুষ্ঠুভাবে পুনর্বাসনের ব্যবস্থা পরিচালিত হচ্ছে না।*

[4-40—4-50 p.m.]

পাকিস্তানে যে সংখ্যালঘুরা রয়েছে তারা সেখানে নিরাপত্তার অভাব আছে বলে ভারতবর্ষে চলে আসতে চায় কাজেই তাদের চলে আসার সব রকম সুযোগ-সুবিধা করে দেওয়া দরকার। তারা হয়ত ভবিষ্যতে চলে আসবে, কিন্তু তাদের শুধু চলে আসা নয় তাদের ভারতবর্ষে সুষ্ঠু পুনর্বাসন হওয়া দরকার। আমি এর আগে পূর্ব বাংলা থেকে যে লক্ষ লক্ষ উদ্বাস্তুরা এখানে এসেছিল তাদের সকলের আজ পর্যন্ত সুষ্ঠু পুনর্বাসন করা সম্ভব হয় নি, উদ্বাস্তু চাষীকে জমি দেওয়া হয় নি, উদ্বাস্তু করণিককে চাকুরী দেওয়া সম্ভব হয় নি এবং উদ্বাস্তু ব্যবসায়ীকে এই দেশের অর্থনীতিতে স্থান দেওয়া সম্ভব হয় নি। কাজেই আজকে পূর্ব বাংলা থেকে লক্ষ লক্ষ মানুষ যারা সেখানে নিরাপত্তার অভাবে এখানে চলে আসবে তাদের সকলের ভার পশ্চিম বাংলা একা নিতে পারবে না তাদের ভার সমগ্র ভারতবর্ষের একথা স্মরণ করিয়ে দিতে হবে। আমরা মাননীয়া রাজ্যপালের ভাষণে লক্ষ্য করেছি ভারত সরকার এই উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পুনর্বাসিত দিতে স্বীকৃত হয়েছেন। কিন্তু শুধু দণ্ডকারণ্যে কেন পশ্চিম বাংলা সন্নিহিত বিহার, উড়িষ্যা, আসামে নয় কেন? যে আসামে পাকিস্তানের অনুপ্রবেশকারীদের স্থান হতে পারে সেখানে পূর্ব বাংলার উদ্বাস্তুদের স্থান কেন হবে না সেই দাবী ভারত সরকারের কাছে উত্থাপন করা দরকার। মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপাল তাঁর ভাষণে পশ্চিম বাংলার আগামী বছরের যে চিত্র উদ্ঘাটিত করেছেন তাতে পশ্চিম বাংলার বেকার সমস্যার কথা বলা হয়েছে, পশ্চিম বাংলার খাদ্য পরিস্থিতির এক আশাব্যঞ্জক চিত্র তুলে ধরা হয়েছে এবং ক্রেতা ও উৎপাদকের মধ্যে সামঞ্জস্যপূর্ণ মূল্যের কথা বলা হয়েছে। এটা খুব আশার কথা। শুধু তাই নয়, ক্রেতা সমবায় সমিতি স্থাপন করার কথা বলা হয়েছে যাতে মূল্যমান স্থির পর্যায়ে রাখা যায়। কিন্তু সবচেয়ে আশার কথা হল পশ্চিম বাংলার সবচেয়ে বেশিসংখ্যক মানুষের জীবনে একটা পরিবর্তন ঘটতে চলেছে এবং সেটা হল পশ্চিম বাংলার লক্ষ লক্ষ গ্রামবাসী দেখছে সমস্ত উন্নয়ন এলাকাগুলি উন্নয়ন ব্লক-এর অধীনে আনা হয়েছে এবং পঞ্চায়েত নির্বাচন হতে চলেছে! এটা একটা অভূতপূর্ব ব্যবস্থা। পশ্চিম বাংলার লোকেরা আত্মনির্ভরশীল হবে, তারা তাদের নিজেদের জীবনে এগিয়ে আসবে এটা মাননীয়া রাজ্যপালের ভাষণে আমরা পেয়েছি। তারপর, উত্তর বাংলার সীমান্ত এলাকার অধিবাসী হিসেবে আমরা একটা জিনিস লক্ষ্য করছি এবং সেটা হল পাকিস্তানে সংখ্যালঘুদের উপর উৎপীড়নের জন্য যে সংকট উপস্থিত হয়েছে সেই রকম আর একটা সংকট উপস্থিত হয়েছে। দুটি বিদেশী রাষ্ট্র যাদের সঙ্গে আমাদের আদর্শের পার্থক্য রয়েছে তারা দুজনেই আমাদের বিরুদ্ধে গেছে। সীমান্ত আক্রমণের সময় আমরা দেখেছি সেই বৈদেশিক শক্তিকে আমাদের দেশে আনবার জন্য ব্যবস্থা হয়েছিল। শুধু তাই নয়, আমরা লক্ষ্য করেছি দেশের সামনে যখন বিপদ এসেছে, দেশের শ্রমিক শ্রেণী যখন একতাবদ্ধ হয়ে অর্থনৈতিক সমৃদ্ধি বাড়িয়ে চলেছে তখন ধর্মঘটের মারফত দেশের অর্থনৈতিক সমৃদ্ধিকে নষ্ট করবার চেষ্টা চলেছে। আজকে উত্তর বাংলার রেললাইনে লক্ষ্য করি সীমান্ত থেকে বহুদূরে প্রহরীরা দাঁড়িয়ে রয়েছে। তাদের জিজ্ঞাসা করতে লজ্জা হয় কাদের জন্য এই সমস্ত রক্ষীদের রাখতে হয়েছে। যা হোক, মাননীয়া রাজ্যপালকে তাঁর মূল্যবান ভাষণের জন্য ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমরেন্দ্রনাথ বসু: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া রাজ্যপালের ভাষণ অত্যন্ত সংক্ষিপ্ত। আমার মনে হয়, গত ১২ বছর ধরে আমরা যে ভাষণ শুনেছি তার তুলনায় এত সংক্ষিপ্ত ভাষণ আমরা কোনদিন শুনি নি। আমি মনে করি, বাংলার অত্যন্ত দুর্বৎসর যে বৎসর, সেই বৎসরে তিনি মুখ খুলে কিছুই বলতে চান না। যথাসম্ভব সমস্যাকে চাপা দিয়ে বাংলার সত্যিকার কথা না বলে সত্যিকারের সমস্যাকে এড়িয়ে যেতে চান। তবে এটা ঠিক যে, তাঁর ছোট ভাষণে বিশেষ করে প্রথম পাতায় বাংলার দুরবস্থার কথা, দাঙ্গার কথা আছে. পশ্চিম

বাংলার মানুষ এবং পূর্ব-পাকিস্তানের মানুষ যারা একদিন আমাদের দেশবাসী ছিল তাদের উপর যে অত্যাচার হল সেই কথাগুলি আমি বিশেষ করে আলোচনা করতে চাই। আমি আমার বক্তব্য সংক্ষেপেই রাখব। তিনি বলেছেন, আমাদের সীমান্তের ওপারে যেসব ভয়ঙ্কর ঘটনা ঘটিয়াছে তাহার প্রতিক্রিয়ায় পশ্চিমবঙ্গে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর যে বেদনাজনক আক্রমণ হইয়াছে তাহাতে আমার অপেক্ষা অধিক বেদনাবোধ বোধহয় আর কাহারও হয় নাই। তা হইয়াছে ঠিক আমি জানি তিনি সত্যই বেদনাবোধ করেছেন। কিন্তু আমি বলতে চাই বাংলা এবং ভারতের কোটি কোটি সৎ নাগরিকের এই দুঃখে ঠিক তেমনি বেদনাবোধ হইয়াছে। তিনি আর একটি কথা জানিয়েছেন, সে কথা হচ্ছে আমাদের সরকার পরিস্থিতি আয়ত্তে আনবার জন্য দ্রুত ব্যবস্থা অবলম্বন করেছিল। দ্রুত এ কথাটি না বলিলেই ভাল করতেন। দ্রুত যদি ব্যবস্থা অবলম্বন করতেন তাহলে কলকাতায় অন্ততঃ ছয়টি থানায় কদিন ধরে অবাধে আগুন জ্বলত না। আমি জানি সরকারের চেষ্টায় নিশ্চয়ই কিছু হয়েছে, পুলিশের সাহায্যে মিলিটারীর সাহায্যে হাঙ্গামা দমন করবার অনেকটা চেষ্টা করেছে। কিন্তু এই যে অশান্তি দেশের দাঙ্গা-হাঙ্গামা এটাকে দূর করবার জন্য, দাবাবার জন্য, শান্তি ফিরিয়ে আনবার জন্য আর কোথাও কি কোন চেষ্টা হয় নি? বামপন্থী দলগুলি প্রথম থেকেই চেষ্টা করেছিলেন শান্তি ফিরিয়ে আনবার জন্য। ভুবনেশ্বর থেকে ফিরে এসে যখন তিনি বামপন্থীদের ডেকে বললেন শান্তি ফিরিয়ে আনবার জন্য একসঙ্গে আমরা সকলে নেবে যাই। আমি বলব এই যে দাঙ্গা থেমে গেছে, এর পেছনে আছে বাংলাদেশের প্রগতিশীল মানুষের ইচ্ছা এবং বামপন্থী দলগুলির সক্রিয় সহযোগিতা এবং সাহায্য। এই দাঙ্গার মধ্যে কাকে দেখতে পেয়েছি?

4-50—4-59 p.m.]

ছাত্রসমাজের নয়, শ্রমিকদের নয় বাংলার মধ্যবিত্ত মানুষের মনে একটা হতাশার ভাব আছে। বুকের ভেতর কান্না আছে। কিন্তু তারা দাঙ্গা সমর্থন করে নি এবং করবেও না—এই ছিল তাদের অন্তরের কথা। যদি আজ এই সমস্ত শক্তি একসঙ্গে হয়ে না লাগত তা হলে এটা ঠেকানো যেত না। শক্তিগুলি দাঙ্গা থেকে দূরে ছিল; বাংলার এই বিরোধী দলগুলি ও প্রগতিশীল দলগুলি বিশেষ করে দূরে ছিল। কারণ আপনারা ভাবুন এই দাঙ্গায় প্রথম যখন ছদের সেনকে হত্যা করা হল তখন ছাত্রদের প্রাণে কি আগুন জ্বলছিল তা বোধহয় সরকার বুঝতে পারেন নি। কিন্তু বাংলার এই বিরোধী দলগুলি এই ছাত্রদের সংযত করেছে এবং এই ছাত্ররা সত্যিকারের দাঙ্গায় আগুন লাগায় নি গুণ্ডামী বন্ধ করবার তারা চেষ্টা করেছে। আমার বক্তব্য হচ্ছে, এই যদি হিসাব করে দেখা যায়—বোধহয় একজন বন্ধু ওখান থেকে বললেন যে, মুষ্টিমেয় সমাজবিরোধী দলগুলি এই কাজে লিপ্ত হয়েছে এবং তার পিছনে যদি কোন একটি ষড়যন্ত্রের সাহায্য না থাকত, তা হলে এটা কৃতকার্য হতে পারত না। কিন্তু এদের ধরবার জন্য ঠিক চেষ্টা কি কংগ্রেস সরকার করেছেন? করেন নি। আজকে এই দাঙ্গাকে বন্ধ করবার জন্য কলকাতা শহরের অধ্যাপক, শিক্ষক, ছাত্র, সাহিত্যিক, শিল্পী এগিয়ে এসেছিল এবং কাজে নেমেছিল এবং সক্রিয়ভাবেই কাজে নেমেছিল। অধ্যাপক শান্তি সিংহ এই সংখ্যালঘুদের তাঁর বাড়িতে আশ্রয় দিয়ে বহু জীবন বাঁচিয়েছেন। উৎপল দত্ত নিজের জীবন বিপন্ন করে ৪ জন সংখ্যালঘু মুসলমানকে বাঁচিয়েছে। আজকের দিনে বাঙ্গালী সত্যিকারের দাঙ্গাবাজী করতে চায় না। আজকের বাঙ্গালী সত্যিকারের শান্তিকামী বাঙ্গালী। তাই এই মুষ্টিমেয় দাঙ্গাবাজ এত চেষ্টা সত্ত্বেও নিশ্চয় সরকার সাহায্য করেছে তাদের শায়েস্তা করা যায় নি। কিন্তু এঁদের চেষ্টাতে দাঙ্গা দূর হয়ে গেছে। আরও যেসব কাজ বাকী আছে সে কথা আমাদের চিন্তা করতে হবে। পূর্ববঙ্গ থেকে যেসব ভাই-বোনেরা আসবেন তাদের প্রত্যেককে এদেশে আসবার দরজা খুলে দিতে হবে। বাছাবাছির কোন প্রশ্ন নেই—তারা বিপন্ন—তারা আসতে চান। এখানে টাকার কথা ভাবলে চলবে না। আর একটা কথা যে, যদি ভারতবর্ষে বাঙ্গালী আসে তা হলে তাদের গ্রহণ করতে হবে তাতে লোকসান হবে—লাভই হবে বলে আমি মনে করি। আর একথাও আমাদের দাবী হবে যে, আমাদের রাষ্ট্র ধর্মনিরপেক্ষ রাষ্ট্র—আমরা কোনদিন এখানকার সৎ নাগরিককে এদেশ থেকে চলে যাও একথা বলতে পারি না। আজকে এই পাঁচ কোটি মুসলমান ভাইদের উপর এই রকম আদেশ আমাদের ভারত সরকার যদি দেন তা হলে ভারত সরকারের নাম সমস্ত দেশের কাছে ছোট হয়ে যাবে। মনে-প্রাণে আমি বিশ্বাস

রাখি যে হয়ত অনেক সময় ঐ সংখ্যালঘুদের দলের মনে হয়ত অনেকে ভারতবর্ষের উপর যত টান থাকা উচিত কিছুসংখ্যক মুসলমানদের তা নেই। কিন্তু সেখানে কিছুসংখ্যক মুসলমানদের জন্য এই পাঁচ কোটি ভারতবর্ষের মুসলমানকে কি করে আমাদের দেশ থেকে চলে যেতে বলব?

যদি কোন দল এটা চিন্তা করেন তা হলে তাঁদের সঙ্গে আমাদের সহযোগিতা করে বোঝাবার চেষ্টা করতে হবে যে, এটা ভারতের এবং হিন্দুর পক্ষে কল্যাণ নয় এবং তাঁরা যেন সেই পথে না যান। আর একটা কথা বলে আমি শেষ করব, সেটা হচ্ছে যে, পাকিস্তান সরকার ষড়যন্ত্র করে ভারতবর্ষের উপর আঘাত হানবার চেষ্টা করছে। কিন্তু সেখানে আলো জ্বলে, সেখানে দেখা যায় যে, সেখানকার যারা সংখ্যাগুরু তারা এগিয়ে এসেছে সংখ্যালঘুদের বাঁচাবার জন্য এবং তাদের আশ্রয় দিয়েছে, জীবন দিয়েছে। এই পূর্ব-পাকিস্তান ও পশ্চিম বাংলার প্রগতিশীল মানুষ যেদিন একসঙ্গে দুই বাংলার অর্থনৈতিক মুক্তির জন্য আন্দোলন করবে সেদিন বাংলার মানুষ সাম্প্রদায়িকতার উর্ধ্বে গিয়ে দেশ গড়বার চেষ্টা করবে। আমার মনে হয় যে, সাম্প্রদায়িকতার মনোভাব নিয়ে আজকে সংগ্রাম চলছে তা শেষ করতে হবে। রাজ্যপালের ভাষণের অন্যান্য বক্তব্যের মধ্যে না গিয়ে একটা কথা বলব যে, আমি কাল সংবাদপত্রে দেখেছি যে, এদেশে সংখ্যাগুরু সম্প্রদায়ের উপর নির্বিচারে অত্যাচার চলছে। এ ব্যাপারে আমি ২৪-পরগণার দিকে দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি যে, যদি সত্যি কেউ অন্যায় করে থাকে তা হলে তাদের সাজা দিন, কিন্তু যদি কেউ অন্যায় না করে থাকে তা হলে শুধু দলীয় মনোভাব নিয়ে এগিয়ে যাওয়া উচিত নয়। বহু সংখ্যক আপনারা ধরেছেন তার মধ্যে অনেকে দোষী আছে কিন্তু সন্দেহ করে ধরা যে আপনাদের অন্যায় হয়েছে তা বলছি না। এখানে আমি বলছি যে, দ্রুত তাদের বিচার করুন, কারণ এতে তাদের অনেক অনিষ্ট হচ্ছে। অনেক নিরপরাধ মানুষ জেলে পড়ে আছে এবং বাহিরে জামিনে নিত্য ছোটাছুটি করছে। দেশে যদি শান্তি আনতে হয় তা হলে এসব নির্দোষী লোককে ছেড়ে দিন, পূর্ব-পাকিস্তান থেকে তারা আসতে চায়, তাদের আনা উচিত এবং এই দাঙ্গায় যাদের বাড়িঘর পুড়ে গেছে তাদের ব্যবস্থা করা উচিত এবং যে কোন সাহায্য তাদের দরকার কোনরকমে বাঁচবার জন্য সেই কাজ যেন সরকার করেন। রাজ্যপালের ভাষণের উপর অন্যান্য ব্যাপার খাদ্য, স্বাস্থ্য, শিক্ষা সম্বন্ধে বাজেট বিতর্কের সময় বলবার সুযোগ আশা করি পাব। যাই হোক, আমি খুব আনন্দের সঙ্গে বলতে পারছি না যে, তিনি যে ভাষণ দিয়েছেন তা আমরা গ্রহণ করতে পারি।

Adjournment

The House was adjourned at 4-59 p.m. till 12 noon on Monday, the 17th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Monday, the 17th February, 1964, at 12 noon.

Present:

Mr. Deputy Speaker (Shri ASHUTOSH MALLICK) in the Chair, 11 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State and 145 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[12—12-10 p.m.]

Permits issued by R.T.A., Murshidabad

***41.** (Admitted question No. 18.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার আর টি এ বোর্ড ১৯৬৩ সালের অগাস্ট মাস হইতে ১৯৬৪ সালের জানুয়ারি মাসের ২০ তারিখ পর্যন্ত কোন্ কোন্ তারিখে কোন্ কোন্ ব্যক্তিকে কি কি প্রকারের পারমিট দিয়াছেন; এবং

(খ) উপরি-উক্ত কোন্ কোন্ প্রকারের পারমিটের জন্য কত ব্যক্তি উক্ত বোর্ডের নিকট আবেদন করেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) তালিকা দ্রষ্টব্য (১, ২, ৩ নং)।

(খ) ঐ।

Statement referred to in reply to clause (Ka) of starred question No.

Permanent Stage Carriage permit granted by the Regional Transport Authority, Murshidabad, during the period from 1st August 1963 to 20th January 1964

Sl. No.	Date of meeting of Regional Transport Authority	Name of person to whom granted	Route for which permit was granted	Number of applications received for the permit(s)	Permit No. if issued	Remarks
1	2	3	4	5	6	7
1.	21-8-63 and 18-9-63	(1) Shri Bijoy Deb Saha (2) Shri Kamal Banerjee (3) Shri Abu Hossen. (4) Shri Satya Ranjan Pandey. (5) Shri Kamal Saha	Radharghat-Dhulian	183	Permit is yet to be issued	One permit was granted to the five persons jointly
2.	21-8-63 and 18-9-63	(1) Shri Chhatrapati Roy	Berhampore-Radhanagarghat via Beldanga, Amtala and Patikabari	234*	Ditto.	*234 applications were received for two permanent permits
		(2) Jiaganj-Ajimganj Sarbartha Sadhak Samabay Samity Society Ltd	Ditto		Ditto.	
3.	30-12-63 ..	(1) Shri Ajit Kumar Chatterjee.	Panchthupi-Belgram	15	Ditto	

Temporary Stage Carriage permits granted by the Regional Transport Authority, Murshidabad, during the period from 1st August 1963 to 20th January 1964

Sl No	Date	Name of the grantee	Name of the route for the permit	Number of applications	Permit No. if any issued	Remarks
1	2	3	4	5	6	7
1	21-8-63 ..	Shri Rathindra Deb Ghosh Hazra.	Kandi Barwan	2	Permit is yet to be issued	
2	21-8-63 ..	Shri Jadulal Roy	Radharaghat Belgram	2	2298/63	Valid for four months
3.	15-10-63 ..	Shri Ajit Kumar Chatterjee	Barwan Belgram	2	2591/63	Valid for four months
4.	15-10-63 ..	Shri Biswendu Sekhar Bagchi.	Berhampore Radhanagarghat	1	2595/63	Valid for four months. He has been plying a bus on the route on the strength of temporary permits issued from time to time.
5	15-10-63 ..	Shri Bimal Kumar Mitra	Panchthupi Belgram	1	2592/63	Valid for four months. He has been plying a bus on the route on the strength of temporary permits issued from time to time.
6.	21-11-63 ..	(1) Shri Kartick Chand Pandey	Dhulian Farakka	3	(1) 2997/63	Each permit is valid for two months.
		(2) Shri Gopal Chandra Biswas.			(2) 2996/63	
		(3) Shri Amal Prasad Majumder.			(3) 2995/63	
7	21-11-63	Shri Nirmal Kumar Mitra.	Radharghat Moregram	7	2909/63	Valid for four month

88—D17

Temporary Stage Carriage permit granted by the Regional Transport Authority, Murshidabad, during the period from 1st August 1963 to 20 January 1964

Sl. No.	Date	Name of grantee	Name of the rute for the permit	Number of applications	Permit No. if any issued	Remarks
1	2	3	4	5	6	7
8.	30-12-63 ..	Shri Sudhir Krishna Saha	Kandi-Panuti	1	82/64	Valid for four months. He has been plying bus on the route on the strength of temporary permits issued from time to time.
9.	30-12-63 ..	Shri Sankar Das Paul	Berhampore-Jangipur	1	81/64	Valid for four months. He has been plying a bus on the route on the strength of temporary permits issued from time to time.
10.	30-12-63 ..	Shri Atul Krishna Mukherjee.	Berhampore-Tungi	1	83/64	Valid for one month He has been plying a bus on the route on the strength of temporary permits issued from time to time.
11.	30-12-63 ..	Shri Dhirendra Nath Bose	Radhaighat-Kandi	1	73/64	Valid for four weeks. He has been plying a bus on the route on the strength of temporary permits issued from time to time.
12.	30-12-63 ..	Sm. Ojifa Khatun	Kandi-Sankoghat	1	74/64	Valid for four months. He has been plying a bus on the route on the strength of temporary permits issued from time to time
13.	30-12-63 ..	Shri Raghu Nath Saha	Berhampore-Debaipur	1	Permit is yet to be issued	..

Sd. (ILLEGIBLE),
District Magistrate,
Murshidabad.

Permanent Public Carrier permits granted by the Regional Transport Authority, Murshidabad, during the period from 1st August 1963 to 20th January 1964

Sl. No.	Date of meeting	Name of the person to whom granted	Number of applications for the route	Area for which the permit is granted	Permit No. if issued	Remarks
1	2	3	4	5	6	7
1.	21-11-63 ..	Sm. Kamala Banerjee of Radharghat.	*	Murshidabad.	368/63	*Applications for permanent Public Carrier permits are submitted individually by applicants of their own. These are decided on merit. Regional Transport Authority does not invite applications for any specified number of permits.
2.	30-12-63 ..	(1) Murshidabad Transport Agency, Lalgola	*	Ditto.	Permit is yet to be issued.	
		(2) Shri Jagadish Prosad Agarwalla of Ranibagan.	*	Ditto.	Do.	
		(3) Shri Raj Kishore Ghosh of Cossimbazar.	*	Ditto.	Do.	
		(4) Harendra Prosad Dey and Bimal Chandra Sen Gupta of Madhupur.	*	Ditto.	Do	

N. B. Besides the above permanent Public Carrier permits 1,304 temporary permits for Public and Private Carriers (Truck) were issued during the period in question for inter-State and inter-district movement of goods.

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : *কিছুদিন আগে আপনার প্রেডিসেসর, মাননীয় মন্ত্রী বলেছিলেন* যে, কোন পারমিট দেবার আগে আমরা দেখে নেব যে, তার গাড়ী কিনবার মত অবস্থা আছে কিনা। এই ক্ষেত্রে সেরকম দেখা হয়েছিল কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : এইগুলি আর টি এ অথরিটির রুল অনুযায়ী হয়। রুলের ব্যতিক্রম করবার অধিকার আর টি এ-র নেই।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : আপনি কি জানেন, একজন পাণ্ডে এবং আর একজন কমল ব্যানার্জি, তাদের গাড়ি কিনবার অবস্থা না থাকলেও তারা পারমিট পেয়েছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : আমি জানি না, এটা আর টি এ-র বিবেচনার বিষয়।

শ্রীনেপালচন্দ্র রায় : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কেউ কংগ্রেসের সম্পাদক হলে তাঁর পারমিট পাবার যোগ্যতা থাকে কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : কোন বাধা নেই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : যাদের গাড়ি দেওয়া হয় তাদের অ্যাকর্ডিং টু রুল দেওয়া হয় এই কথা মন্ত্রিমহাশয় বলেছেন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি, মুর্শিদাবাদ জেলায় আর টি এ-র যে বোর্ড আছে, সেই বোর্ডে কয়জন নন-অফিসিয়াল মেম্বার আছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : আর একটা বীরেনবাবুর প্রশ্ন আছে, তখন এই বিষয় বিশদভাবে বলব।

Dearness Allowances for the Municipal Employees

***42.** (Admitted question No *161.) **Shri Sanat Kumar Rana:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) whether any municipality of West Bengal is giving dearness allowance to its employees due to the rise of cost of living index according to the provisions of the Minimum Wages Act, and

(b) if so

(i) the number of such municipalities, and

(ii) the rate of dearness allowance?

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I want your permission to give the answer on the 20th February

Mr. Deputy Speaker: All right.

Midnapore Narendralal Khan Women's College Hostel

***43.** (Admitted question No. *203.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর নরেন্দ্রলাল খাঁন মহিলা কলেজের ছাত্রীনিবাসের প্রত্যেককে প্রতি মাসে কি কি বাবদ কত টাকা দিতে হয়, এবং

(খ) উক্ত ছাত্রীনিবাসে কতজন ছাত্রী বসবাস করে এবং কলেজের মোট ছাত্রীসংখ্যা কত?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) দুইবাবের জলযোগ বায় সহ খাওয়ার খরচ বাবত মাসিক ৩০ টাকা এবং আলোর [illegible] বাবত ৩ টাকা ও সিট রেন্ট ৫ টাকা মোট মাসিক ৩৮ টাকা মাত্র।

(খ) বর্তমান বৎসরে (১৯৬৩-৬৪) ছাত্রীনিবাসে মোট ১৪০ জন ছাত্রী বসবাস করিতেছে। কলেজের মোট ছাত্রীসংখ্যা ২৮০।

শ্রীনেপালচন্দ্র রায় : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ছাত্রীনিবাসের জন্য কত টাকা সরকারী সাহায্য করা হয়?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : [illegible] চাই।

Starred Question No. 44

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I will give the answer in [illegible] Question Hour.

Shri Somnath Lahiri:

[illegible] দিনের মধ্যে জবাব দেওয়া হল না।

The Hon'ble Saila Kumar Mukherjee: The answer is ready. I will [illegible]

Shri Somnath Lahiri:

[illegible] সেদিন উঠবে সেদিন [illegible] ঘণ্টা আগে [illegible] লাইব্রেরীর টেবিলে এ থাকবে, যাতে আমরা সাপ্লিমেন্টারি করতে পারি, সেটা [illegible]

The Hon'ble Saila Kumar Mukherjee: There is no question of a [illegible] As soon as the papers come I will give the answer today.

Sainik School

45. (Admitted question No. 309.)

শ্রীমনোরঞ্জন বক্সী : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে স্থায়ীভাবে একটি সৈনিক বিদ্যালয় স্থাপনের সরকারী পরিকল্পনা আছে,

(খ) সত্য হইলে—

(১) উহা কোথায় স্থাপন করা হইবে, এবং

(২) কতদিনে এই বিদ্যালয় চালু করা হইবে,

(গ) উক্ত বিদ্যালয় নির্মাণের জন্য কত টাকা ব্যয় বরাদ্দ ধরা হইয়াছে, এবং

(ঘ) বর্তমানে অস্থায়ীভাবে কোন বিদ্যালয় থাকিলে তাহা কোথায় এবং তাহাতে কত সংখ্যক ছাত্র শিক্ষা গ্রহণ করিতেছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) হ্যাঁ।

(খ) পুরুলিয়া শহরের প্রায় দু মাইল পশ্চিমে রাঁচী-রাস্তা সংলগ্ন রামনগর-সানাইজুরি লাগদা মৌজায় ৯০০ বিঘা পরিমাণ জমি সম্প্রতি ভূমিগ্রহ আইনের বিধান অনুসারে দখল লওয়া হইয়াছে এবং সেখানে সৈনিক বিদ্যালয়ের স্থায়ী গৃহাদি নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে। এক বৎসরকাল মধ্যে ঐ নূতন আবাসে বিদ্যালয়টি স্থায়ীভাবে সুপ্রতিষ্ঠিত হইবে আশা করা যায়।

(গ) ভূমিগ্রহ, গৃহাদি নির্মাণ ও অন্যান্য অনাবর্তক ব্যয় বাবদ মোট ৪৮ লক্ষ টাকা এবং বিদ্যালয় পরিচালনার জন্য বার্ষিক ৩ লক্ষ টাকা পরিমাণ আবর্তক ব্যয় হইবে।

(ঘ) পশ্চিমবঙ্গের প্রথম সৈনিক বিদ্যালয় ১৯৬২ সনের জানুয়ারী মাস হইতে পুরুলিয়া শহর সন্নিহিত বিবেকানন্দনগর পল্লীতে বেসিক ট্রেনিং কলেজের জন্য নির্মিত বাসভবন চালু হইয়াছে। বর্তমানে ঐ বিদ্যালয়ে ১৫২ জন ছাত্র আছে।

Shri Nepal Chandra Roy:

এই সৈনিক বিদ্যালয়ে কতসংখ্যক ছাত্র থাকবে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এক-একটা সৈনিক বিদ্যালয় যখন সমস্ত পুরো হয়ে যাবে, প্রায় ৫০০ মত ছাত্র থাকবে।

Shri Nepal Chandra Roy:

কত বৎসরের কোর্স?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এটা হায়ার সেকেন্ডারী কোর্স-এর মত, একাদশ শ্রেণীর বিদ্যালয়ে যেসময় লাগে এখানেও সে-সময় লাগবে।

Shri Nepal Chandra Roy:

কি কি ট্রেনিং দেওয়া হবে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

অন্যান্য বিদ্যালয়ে সাধারণভাবে যে শিক্ষা দেওয়া হয় এখানেও তাই দেওয়া হবে, তবে এখানে শরীর গঠন সম্পর্কে বিশেষ লক্ষ্য রাখা হবে যাতে তারা ভবিষ্যতে সৈনিক বৃত্তি গ্রহণ করতে পারে।

Shri Nepal Chandra Roy:

এখানে কি ট্রেনিং দেওয়া হবে সেটা আমি জানতে চাই।

The Hon'ble Sowrindra Mohan Misra:

এখানে ক্লাস ফাইভ থেকে ভর্তি করা হবে, তারপর অন্যান্য বিদ্যালয়ের মতই শিক্ষা দেওয়া হবে

Shri Birendra Narayan Roy:

এখানে কি মেনলি বাঙ্গালী ছেলেদেরই নেওয়া হবে, না অবাঙ্গালীদেরও নেওয়া হবে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এটা সর্বভারতীয়ভাবে হচ্ছে, এখানে যাতে ⅔ অংশ বাঙ্গালী থাকে সেদিকে লক্ষ্য রাখা হবে তবে বাইরে থেকে কিছু ছাত্র আসবে।

[12-10—12-20 p.m.]

শ্রীকমলকান্তি গুহ : এই সৈনিক বিদ্যালয় থেকে যারা পাশ করবে, তাদের সামরিক বিভাগে কি ধরণের মর্যাদা দেওয়া হবে, সেটা জানাবেন কি?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : এখান থেকে যাঁরা পাশ করবেন, তাঁরা দেরাদুন স্কুলে ভর্তি হবার জন্য পরীক্ষা দেবেন। তাঁদের মধ্যে যাঁরা যোগ্য বলে বিবেচিত হবেন তাঁরা কমিশনড অফিসার হিসেবে ট্রেনিং নিতে পারবেন।

শ্রীমতী শান্তি দাস : মন্ত্রিমহাশয় বললেন, হায়ার সেকেন্ডারি স্কুল থেকে পাশ করলে, যেমন হয়, তেমন করা হবে, যাতে তারা দেরাদুনে ভর্তি হতে পারে। আমার প্রশ্ন হচ্ছে, তা হলে এটাকে সৈনিক বিদ্যালয় বলব কেন, হায়ার সেকেন্ডারি পর্যায়ে ফেললেই হয়?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : সাধারণ শিক্ষা যেটা হবে, সেটা হায়ার সেকেন্ডারির মত শিক্ষা হবে। এ ছাড়া তাদের সৈনিক করবার জন্য বিশেষ বিশেষ শিক্ষা দেওয়া হবে, যেমন শরীর গঠন সম্বন্ধে শিক্ষা দেওয়া হবে। অর্থাৎ সৈনিক বৃত্তি অবলম্বন করতে তাদের যাতে অসুবিধা না হয় সেইজন্যই এটা করা হবে।

শ্রীমতী শান্তি দাস : স্কুল ফাইন্যাল পরীক্ষায় উত্তীর্ণ হলে এক বছর যেমন প্রি-ইউনিভার্সিটি পড়তে হয়, সেই রকম দেরাদুনে ভর্তি হবার আগে তাদের কি আবার ফারদার ট্রেনিং নিতে হবে, তা এক বছরের মধ্যে এটা একটা পার্ট হবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : সমস্ত শিক্ষাব্যবস্থার পূর্বে তাদের খেলাধুলা, শরীর গঠন এবং সৈনিক বৃত্তি অবলম্বন করবার জন্য এই ব্যবস্থা করা হয়েছে।

Shri Lakshmi Ranjan Jossi :
What will be the expenses that will be incurred by each student per month and what would be the percentage of subsidy by the State?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : এখানে খরচ অনেক বেশি অর্থাৎ ২০০ টাকা মাসিক পড়ে। তবে সরকার বেশির ভাগ ছেলেকে বৃত্তি দেবেন, যদি সেইসব ছেলেদের অভিভাবকদের আয় ৪০০ টাকার কম হয় এবং যদি তার চেয়ে বেশি হয় তা হলে সরকার আংশিক দেবেন। তবে ছেলেদের একটা মেরিট জাজ করা হয় এবং যদি তারা সিক্সটি পারসেন্ট নাম্বার পায়, তা হলে বৃত্তি দেওয়া হবে এবং এইসব নিয়ে রেকারিং এক্সপেন্ডিচার প্রায় ৩-৪ লক্ষ টাকা পড়বে।

Shri Lakshmi Ranjan Jossi:
May I know whether the students will be sent to the Military Academy at Dehra Dun or Khargavasla after they come out of the Sainik School.

The Hon'ble Sowrindra Mohan Misra: They will go to Dehra Dun

শ্রীনেপালচন্দ্র রায় : মন্ত্রিমহাশয় জানাবেন কি, এঁদের সৈনিক স্কুলে যুদ্ধবিদ্যা শিক্ষা দেওয়া হবে, না শুধু এক্সারসাইজ করিয়ে ছেড়ে দেওয়া হবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : যুদ্ধবিদ্যা বলতে আপনি কি বলতে চান বুঝতে পারছি না।

শ্রীনেপালচন্দ্র রায় : তাদের কামান চালনা, বন্দুক চালনা এবং এরোপ্লেন চালনা ইত্যাদি শিক্ষা দেওয়া হবে কি?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : তাদের শরীর গঠনের শিক্ষা দেওয়া হবে, মিলিটারি ট্রেনিং দেওয়া হবে—অর্থাৎ তাদের দেরাদুনে ভর্তির উপযোগী করবার জন্য এই শিক্ষা দেওয়া হবে।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহোদয় আমাদের কাছে যে তথ্য দিলেন তাতে দেখতে পাচ্ছি, ৪৮ লক্ষ এবং ৩ লক্ষ টাকা রেকারিং এক্সপেণ্ডিচার, এই টাকা কেন্দ্রীয় সরকার খরচ করবেন না, পশ্চিমবঙ্গ সরকার দেবেন এটাই আমি জানতে চাই।

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: এর যা কিছু খরচ সমস্তই পশ্চিমবঙ্গ সরকারকে দিতে হবে, শুধু তিনজন অফিসার, প্রিন্সিপাল, হেডমাষ্টার ইত্যাদি করে তিনজন উঁচু ধরনের অফিসার, কেন্দ্রীয় সরকারের সৈন্য মহল থেকে দেওয়া হয়, তার খরচ বছরে প্রায় ৫০ হাজার টাকা।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, গার্ডিয়ানদের আয় ৪০০ টাকার কম হলে তাদের পুরোপুরি ট্রেনিং খরচ গভর্ণমেণ্ট সাবসিডি হিসাবে দেন, ৪০০ টাকার উপর হলে আংশিক দেন, এটা কিভাবে নির্ধারিত হবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: বিস্তারিত জানতে চাইলে পরে নোটিশ দেবেন।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ইঞ্জিনীয়ারিং কলেজে এবং অন্যান্য কলেজে যে রেগিং প্রথা আছে, নূতন ছেলেদের যে মারধোর করা হয় অত্যাচার চলে, এই প্রথা বন্ধ হবে কিনা?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: কোথাও এই রেগিং প্রথা নাই।

শ্রীনেপালচন্দ্র রায়: বাংলাদেশে সমস্ত ইঞ্জিনীয়ারিং কলেজে রেগিং প্রথা আছে, তার সাক্ষী আনন্দগোপাল মুখার্জি মহাশয়।

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: বাংলাদেশের কোন ইঞ্জিনীয়ারিং কলেজে নাই, কেবল খড়্গপুর আই আই টিতে এইরকম একটা অ্যালিগেশন হয়েছিল, সেটা সত্য নয়।

শ্রীনেপালচন্দ্র রায়: কাঁচরাপাড়াতে হচ্ছে আনন্দবাবুকে জিজ্ঞাসা করুন।

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: বাংলাদেশের কোন কলেজে নাই শিবপুরে নাই, যাদবপুরে নাই, কেবল একথা উঠেছিল আই আই টি সম্বন্ধে, খড়্গপুর সম্বন্ধে আমরা সংবাদ নিয়েছিলাম, সেটা সত্য নয়।

শ্রীনেপালচন্দ্র রায়: বেহালা নেভাল ইঞ্জিনীয়ারিং কলেজে আছে, কলকাতা শহরের বুকের উপরই আছে।

(নো রিপ্লাই)

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: এই রেগিং প্রথা বোধ হয় শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজে আছে। এই যে সৈনিক বিদ্যালয়ে ছাত্ররা পড়ছে, তার মধ্যে কতজন বাঙ্গালী এবং কতজন অবাঙ্গালী?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: ৭০০ ছেলে বোধ হয় বাঙ্গালী আর বাদ বাকি ১০৫ জন বোধহয় অবাঙ্গালী, ঠিক বলতে পারছি না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: দেরাদুনে যাবে সৈনিক হতে। তারপর তারা কি বেঙ্গল রেজিমেণ্টে যাবে না অন্য রেজিমেণ্টে যাবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: বেঙ্গল রেজিমেণ্টে যাবে কিনা, এটা সৈনিক স্কুলের ব্যাপারে প্রশ্ন কি করে উঠে বুঝতে পারছি না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মন্ত্রিমহোদয় বললেন যে, এখান থেকে পাশ করবার পর তারা দেরাদুনে ভর্তি হচ্ছে, এখান থেকে যে ক্যাণ্ডিডেটরা যাবে দেরাদুনে ভর্তি হবার জন্য যারা বাইরে থেকে যাবে সেখান ভর্তি হবার তাদের কি একইভাবে বিচার করা হবে নাকি এখান থেকে পাশ করেছে বলে যাদের সার্টিফিকেট দেয়া হবে তাদের ভর্তির ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ আমি মাননীয় সদস্যকে একথা বলতে পারি, এখান থেকে যারা পাশ করে বেরোবে, তাদের সকলেই যে দেবাদুনে ভর্তি হতে পারবে তা নয়। দেবাদুনে স্কুলে ভর্তি হবার জন্য তাদের আবার পরীক্ষা করা হবে, হয়ত এখান থেকে পাশ করেছে বলে এবং এ ধরণের ট্রেনিং পেয়েছে বলে কিছু সুবিধা হতে পারে, এবং সেজন্যই ট্রেনিং স্কুল করা হয়েছে। পরিস্কার একথা বলে রাখি সৈনিক স্কুল থেকে পাশ করেছে বলেই প্রত্যেকেই যে দেরাদুন স্কুলে ভর্তি হতে পারবে, তা নয়। তাদের আগে পরীক্ষা করা হবে উপযুক্ত কিনা সেটা দেখার জন্য। বাইরে যেসব ছেলেরা সেখানে যাবে তাদের চাইতে যাতে অ্যাডমিশন টেস্ট তারা ভাল করতে পারে এজন্যই এই স্কুলের ব্যবস্থা করা হয়েছে।

[12-20—12-30 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ এইরকম কোন অ্যারেঞ্জমেন্ট কি হয় নি যাতে এখান থেকে সার্টিফিকেট নিয়ে গেলে তারা [illegible] তাদের সম্বন্ধে কন্সিডারেশন অন্য রকম হয়? অর্থাৎ এ বিষয়ে একটা ফরমুলা ঠিক করতে হবে। এখান থেকে পাশ করে [illegible] বেবাগী হওয়া ঠিক নয়। সৈনিক স্কুল থেকে পাশ করলে তাদের একটা হাইয়ার ফর্মএ দেওয়া যায় যে সেন্টার আছে সেখানে অফিসারস ট্রেনিং দেবার ব্যাপারে আপনারা প্রসিড করবেন কি।

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ আমি [illegible] চাই যে এই [illegible] বোর্ড [illegible] হয়েছে। ডিফেন্স মিনিস্টার এই বোর্ডের [illegible] চেয়ারম্যান এবং [illegible] শিক্ষামন্ত্রী [illegible] মুখ্যমন্ত্রী হচ্ছেন এই বোর্ডের [illegible] ভাইস চেয়ারম্যান এবং [illegible] সৈনিক বিভাগের লোক [illegible] আছেন। [illegible] এবং এদের পরিচালনার মধ্যে [illegible] এবং [illegible] হয়েছে বলে [illegible] পারে।

শ্রীমতী শান্তি দাসঃ মন্ত্রিমহাশয় বললেন কি যে স্কুলে যে ট্রেনিং [illegible] হয় [illegible] এবং [illegible] এডুকেশন [illegible] উপস্থিত [illegible] এইরকম [illegible] অ্যাডমিশন এর জন্য প্রপার এক্সামিনেশন দিয়ে যদি এরা ভর্তি হতে পারে, তা হলে তখন আমাদের এডুকেশন ডাইরেক্টরেট তারা কি [illegible] স্কুলে যারা অ্যাডমিশন পাবে সেখানে পরামর্শ থাকবে না বাহিরে থেকে ছাত্র আমরা পাঠাতে পারব না সে বিষয়ে পরিষ্কার করে বলবেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ অন্য স্কুলের যদি প্রশ্ন করেন, [illegible] কি করবে না করবে আমরা তা কি করে বলব?

শ্রীমতী শান্তি দাসঃ মন ম্যানেজমেন্ট অথরিটি কি করবে তা বলছি না। আমি বলছি পাবলিকলি কাগজে এ্যানাউন্স করে যে ছাত্র ভর্তি হয় এবং আমাদের পুরুলিয়া জেলায় যে স্কুল আছে তাদের মধ্যে পরীক্ষা দেবার জন্য যারা এ্যাপিয়ার হবে, তাদের মধ্যে কোন তফাৎ থাকবে কিনা কিংবা বাহির থেকে যারা এক্সামিনি হিসাবে এ্যাপিয়ার হবে, তাদের পথ বন্ধ হয়ে যাবে কিনা?

মিঃ ডেপুটি স্পীকারঃ এটা হাইপথেটিক্যাল প্রশ্ন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ আপনি বললেন যারা সৈনিক স্কুল থেকে পাশ করবে, তারা দেবাদুনে যাবেন, কিন্তু খড়কভাসলায় যাবেন না কেন সেখানে যেতে বাধা কোথায়?

শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্রঃ কোন বাধা আছে তা বলছি না। এখানকার ছাত্রদের দেরাদুনে ভর্তি হবার উপযোগী করে তৈরি করা হচ্ছে, অন্য কোনস্থানে যাবে না, এইরকম বাধাবাধকতা আছে বলে আমার জানা নেই।

শ্রীনিখিল দাস: সৈনিক স্কুল থেকে যারা পাশ করবে, তারা কি সাধারণ হাইয়ার সেকেন্ডারী স্কুল পরীক্ষায় যারা পাশ করে, সেইরকম ধরণের সার্টিফিকেট পাবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: তাদের যেটা আক্ষরিক জ্ঞান, এসে ইত্যাদি লেখা যেমনভাবে মাধ্যমিক স্কুলে হয়, সেইভাবে তৈরি করে তাদের কিছু কিছু বিশেষ শিক্ষা দিয়ে সার্টিফিকেট দেওয়া হবে।

Shri Nikhil Das:

তাদের পরীক্ষাটা কোথায় হবে, কে নেবে এবং কে সার্টিফিকেট দেবে, সৈনিক স্কুল সম্পর্কে প্রশ্ন, সে সম্বন্ধে বলতে গেলে বললেন, এ শিক্ষা দেওয়া হবে দেবাদুনে যারা ভর্তি হবে, তাদের পরীক্ষা দিয়ে পাশ করতে হবে, কিভাবে পাশ করবে এবং পাশ করলে সার্টিফিকেট দেওয়া হবে এটা কি বাড়তি প্রশ্ন হল?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আপনি একটা প্রশ্ন করলেন, তাতে কোথায় দিতে হবে, পুরুলিয়ায় হবে না, অন্য কোথায় হবে, এ ডিটেল দিতে পারব না। তাদের স্ট্যান্ডার্ড হচ্ছে আমাদের হায়ার সেকেন্ডারি স্ট্যান্ডার্ড-এর মত, তারা স্কুল লিভিং সার্টিফিকেট দেবে এটা বলতে চাই। কোথায়, কোন্ তারিখ, এসব বিবরণ দিতে পারি না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

ওদের পরীক্ষা হচ্ছে ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশন এটা আগে পাশ করলে কেম্ব্রিজে যেতে পারত এটা হচ্ছে ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশন, এটা হায়ার সেকেন্ডারী স্ট্যান্ডার্ড নয়, বা হায়ার সেকেন্ডারি স্ট্যান্ডার্ড বটে, কিন্তু এটা ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশন যেটা আগে পাশ করলে সিনিয়র কেম্ব্রিজ এ ভর্তি হতে পারত, এটা সে পর্যায়ের। এটা ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশন, এটা সেকেন্ডারি এক্সামিনেশন সার্টিফিকেট নয়।

Shri Lakshmi Ranjan Josse: The Hon'ble Minister has said that the total strength of the school is 152, and the recurring expense is 3 lakhs of rupees. May I ask the Hon'ble Minister, why their strength is so low? Is it the capacity of the school, or the students are not coming forward

The Hon'ble Sowrindra Mohan Misra:

এখনও পর্যন্ত আপনারা জানেন এর স্থায়ী গৃহ নির্মাণ হয় নি। আমরা অস্থায়ীভাবে বেসিক ট্রেনিং কলেজ বাড়ে সেখানে বিদ্যালয় স্থাপন করেছি নূতন বিদ্যালয় গৃহ নির্মাণ হলে তার ফুল ক্যাপাসিটি যা তা নিতে পারবে এবং সে সংখ্যা ৫০০-র কম হবে না এটা জানাতে চাই।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন যে, এখান থেকে যারা পাশ করে তারা ইকুইভ্যালেন্ট টু সিনিয়র কেম্ব্রিজ এরূপ ধরনের কথা তিনি বললেন। মাননীয় মন্ত্রিমহাশয়কে এর বেসিসে প্রশ্ন করছি যে, এদের যে সিলেবাস কি সিনিয়র কেম্ব্রিজএর উপযোগী এবং সেইভাবে কি তৈরি করা হচ্ছে না আমাদের মধ্যশিক্ষা পর্ষদের যে সিলেবাস সেইভাবে তৈরি করা হচ্ছে।

Mr. Deputy Speaker:

আমি এটা আলাও করতে পারি না। এ থেকে এ প্রশ্ন আসে না।

Shrimati Santi Das:

মন্ত্রিমহাশয় এটা জানেন কি, এই যে সৈনিক স্কুল পুরুলিয়া জেলায় হচ্ছে, সেখানে মেয়েদের এরূপ শিক্ষা দেবার কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

বর্তমানে নেই।

Shrimati Biva Mitra:

কোন পরিকল্পনা নেওয়া হবে কিনা, সেটা জানাতে পারেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এটা হঠাৎ বলতে পারব না। আগেই বলেছি, সর্বভারতীয় ভিত্তিতে করা হচ্ছে এবং সেখানে এই ধরনের কোন আলোচনা হয় নি। যদি এ বিষয়ে জানতে চান, তা হলে ডিফেন্স মিনিস্টার হচ্ছেন গভর্নিং বডির চেয়ারম্যান, তাঁর কাছে এই প্রস্তাব পাঠাতে পারেন।

Shri Girish Mahato:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, পুরুলিয়ার ঐ সৈনিক স্কুলে পুরুলিয়ার কত ছেলে আছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

বলতে পারব না।

Shri Sailendra Nath Adhikary:

সৈনিক স্কুলে যখন ভর্তি হয়, তখন ফিজিক্যাল টেস্ট বা ঐ ধরনের কোন এক্সামিনেশন হয় কি না?

Mr. Deputy Speaker:

উনি তো উত্তর দিয়েছেন।

Shri Bejoy Kumar Banerjee:

এসব জানতে পারা যায় না এ খবর কোথায় পাওয়া যায় - কারণ ঐ মিনিস্টারদের কাছে যাওয়া শক্ত হতে পারে, ভয় করে। তা আপনারা কাগজে দেন না কেন, কাগজে দিলে সাধারণ মানুষ জানতে পারে। তবে ঐ গভর্নমেন্টএর কাগজ কেউ পড়ে না।

The Hon'ble Sowrindra Mohan Misra:

আবেদনপত্রের কথা কাগজে দেওয়া হয় কাগজে বলা হয় ভর্তির জন্য আডমিশনএর জন্য দরখাস্ত করুন। তা ছাড়া পুরুলিয়া জেলা দূর নয়। মাননীয় সদস্যরা যদি অনুগ্রহ করে আসেন তা হলে ভুলভ্রান্তি দূর হয়।

[12-30 – 12-40 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন, মহিলা সৈনিক হলে দেশে যুদ্ধ হবে না।

মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন যে, মহিলা সৈনিক বেশি হলে পৃথিবীতে যুদ্ধ কমে যাবে?

(নো রিপ্লাই)

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ স্যার, আপনি অন্য কোয়েশ্চেন ডাকুন, তা না হলে তো শেষ হবে না।

মিঃ ডেপুটি স্পীকারঃ সেটা আপনারাই বিবেচনা করবেন।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ এখান থেকে যারা পাশ করবে তাদের মধ্যে যারা দেবাদুনে চান্স পাবে না, তাদের ভবিষ্যৎ কি, তারা কি ডিগ্রি কোর্স পড়তে পারবে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র ঃ আমি একটা কথা বলেছিলাম যে আমাদের এটা হায়ার সেকেণ্ডারি স্ট্যাণ্ডার্ড এবং শিক্ষামন্ত্রী মহাশয়ও বলেছিলেন তাদের ইন্টারমিডিয়েট সার্টিফিকেট দেওয়া হবে তারপরেও তারা ডিগ্রি কোর্স পড়তে পারবে না কেন একথা তাঁদের মনে আসছে কেন, তা বুঝতে পারছি না।

শ্রীগিরীশ মাহাতোঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আমাদের পুরুলিয়া জেলা অনুন্নত জেলা সেখানে এই সৈনিক বিদ্যালয়ে আমাদের অনুন্নত জেলার ছেলেদের জন্য বিশেষ কিছু থাকবে কিনা?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এই বিদ্যালয় সমস্তটাই হচ্ছে বাংলাদেশের জন্য। পুরুলিয়া জেলার জন্য বিশেষ স্থান রাখা সম্ভব নয়।

Veterinary Hospital at Santipur

46. (Admitted question No. [illegible])

শ্রীকানাই পালঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) [illegible] প্রায় [illegible] বৎসর [illegible] হইয়াছে [illegible] বনজঙ্গল হইয়া পড়িয়া রহিয়াছে;

(খ) সত্য হইলে [illegible] এই চিকিৎসালয় চালু না হওয়ার [illegible] এবং

(গ) কতদিনে এই চিকিৎসালয় চালু হইবে বলিয়া আশা করা যায়?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) না। এখনও পর্যন্ত ঐ গৃহের বৈদ্যুতিকরণের কাজ শেষ হয় নাই। গৃহটি বনজঙ্গল হইয়া পড়িয়া নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) আশা করা যায় খুব শীঘ্রই চিকিৎসালয়টি চালু করা সম্ভব হইবে।

শ্রীকানাই পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, গৃহটি বনজঙ্গল হইয়া পড়িয়া নেই। কিন্তু এর কাছেই আমার বাড়ি আমি এটা অস্বীকার করি। আমার প্রশ্ন হচ্ছে আপনি যে উত্তর দিলেন সেটা সত্য নয়।

(নো রিপ্লাই।)

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ বাড়িটা তৈরী করতে কত দিন সময় লেগেছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ ১৯৬৩ সালের ফেব্রুয়ারী মাসে বাড়িটি শেষ হয়েছে। কিন্তু তার পাচিল এবং অন্যান্য স্যানিটারি অ্যারেঞ্জমেন্টস এখনও শেষ হয় নি এবং

বিদ্যুতিকরণও এখন শেষ হয় নি। আপনারা জানেন যে পি ডবলিউ ডি বাড়ি তৈরী করে। পি ডবলিউ ডি কমপ্লিট করে আমাদের কাছে পজেশন দেবেন তার পরে ইলেকট্রিফিকেশন হবে। ১৯৬৩ সালের ফেব্রুয়ারি মাসে বাড়িটি হয়েছে, এখনও ইলেকট্রিফিকেশন হয় নি, তা সত্বেও অর্ডার দেওয়া হয়েছে যথা সম্ভব শীঘ্র ইলেকট্রিফিকেশন করে বাড়িটা কাজে লাগাবার জন্য।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আমি ইলেকট্রিফিকেশনের কথা জিজ্ঞাসা করছি না, আমি জিজ্ঞাসা করছি কবে এই বাড়িটা তৈরী করা সুরু হয়েছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: সুরুটা আমি বলতে পারবো না, তবে শেষ হয়েছে ১৯৬৩ সালের ফেব্রুয়ারি মাসে।

শ্রীঅনাদি দাস: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই রকমভাবে সরকার কি অন্য কোথায়ও অপেক্ষা করে থাকেন ইলেকট্রিফিকেশনের জন্য?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: হ্যাঁ বহু জায়গায় করে থাকেন।

নিখিল দাস: এই যে পশু চিকিৎসালয় হবে এটা কবে ঠিক করেছিলেন?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: এটা পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছিল এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বৎসরে এটা শেষ হবে।

শ্রীনিখিল দাস: এটা কি ১৯৬২ সালের আগে তৈরী সুরু হয়েছিল?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: এটা আমি ঠিক বলতে পারি না, পি ডবলিউ ডি কবে আরম্ভ করেছিল, তবে '৬৩ সালে শেষ হয়েছে।

Shri Somnath Lahiri:
এই রিপোর্টটা কোথায়?

The Hon'ble S. M. Fazlur Rahman:
রিপোর্টের কথা পরে অনুসন্ধান করে বলতে পারব।

Shri Nikhil Das:
জঙ্গল যেটা ছিল সেটা কি কেটে ফেলা হয়েছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:
কেটে ফেলা হয়েছে প্রাঙ্গনে কিছুটা জঙ্গল থাকতে পারে, তবে পরে আর সেটাও থাকবে না।

Shri Somnath Lahiri:
বনজঙ্গল যাতে না হয় তার জন্য কি ব্যবস্থা করা হয়েছে?

(No reply.)

Junput Fishery Centre

***47.** (Admitted question No. *379.)

শ্রীসুধীরচন্দ্র দাস: মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জুনপুট মৎস্যকেন্দ্রের সংলগ্ন কিছু পরিমাণ সমুদ্রতীরবর্তী ভূমি সম্প্রতি ভূমিরাজস্ব বিভাগ মৎস্য বিভাগকে হস্তান্তরিত করিয়াছে, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উহার পরিমাণ কত;

(২) ঐ হস্তান্তরিত ভূমির মধ্যে কত পরিমাণ জনুপটু খটীর ভূমি আছে ; এবং

(৩) জনুপটু খটীর (মৎস্যজীবীদের মৎস্য শিকারের অস্থায়ী আড্ডা) মৎস্যজীবীগণ বরাবর সমুদ্রতীরে নিষ্কর বসবাসের এবং জালগুলি পার্শ্ববর্তী বিল বা পুষ্করিণীতে ধোয়ার ও পাড়ে শুকাইবার যে সুযোগসুবিধা লাভ করিত, তাহা বর্তমানেও পাইবে কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) না।

(খ) (১) হইতে (৩) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

আমার প্রশ্ন ছিল হস্তান্তর করা হয়েছে কিনা জমিটা, উত্তরে আপনি যা বল্লেন; এই হস্তান্তর করবার জন্য কোন পত্র দেওয়া হয়েছে কিনা ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টকে এবং কোন উদ্যোগ হচ্ছে কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

হস্তান্তর পাবার জন্য চেষ্টা চলছে।

Shri Sudhir Chandra Das:

যদি উদ্যোগ চলতে থাকে তাহলে সেখানে সবাইকে দেওয়া হবে কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

যখন পাওয়া যাবে তখন সে সম্বন্ধে নিশ্চয়ই বিবেচনা করা হবে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি খাদ্য বিভাগ থেকে কতদিন আগে এই জমি চাওয়া হয়েছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

১৯এ নভেম্বর ১৯৬২।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি ভূমিরাজস্ব বিভাগ শেষ কি উত্তর দিয়েছেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

র্ধমান বিভাগের কমিশনার এই প্রস্তাব বিবেচনা করছেন।

Shri Sudhir Chandra Das:

ই সম্পর্কে শেষ যে চিঠি দিয়েছেন ভূমিরাজস্ব বিভাগ তাতে তাঁরা সম্মতি দিয়েছেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

াঁ, সম্মত দিয়েছেন।

Shri Sudhir Chandra Das:

ই জমির পরিমাণ কত?

The Hon'ble S. M. Fazlur Rahman:

৮০ বিঘা।

Dearness Allowances for the State Government Employees

***48.** (Admitted question No. *388.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান: অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি করা সম্পর্কে কোনও আবেদন কি সরকার পাইয়াছেন : এবং

(খ) উত্তর "হ্যাঁ" হইলে, উক্ত মহার্ঘ ভাতা বৃদ্ধির প্রস্তাব বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) হ্যাঁ।

(খ) সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যে সমস্ত সরকারী কর্মচারী মাসিক ১৫০ টাকা পর্যন্ত বেতন পান তাঁহারা আগামী আর্থিক বৎসর হইতে মাসিক ৫ টাকা মহার্ঘ ভাতা পাইবেন এবং যাঁহারা মাসিক ১৫০ টাকার ঊর্ধ্বে কিন্তু ৩০০ টাকার অনূর্ধ্বে বেতন পান তাঁহারা মাসিক ১০ টাকা মহার্ঘ ভাতা পাইবেন।

Shri Amarendra Nath Ray Prodhan:

এই বিবেচনা কতদিনে শেষ হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আশা করি বাজেট সেসনেই চূড়ান্ত সিদ্ধান্ত জানান যাবে।

Shri Abani Kumar Basu:

পে কমিটির যে রেকমন্ডেসন তাতে কি প্রাইস রাইজ-এর জন্য ডিয়ারনেস অ্যালাউন্স বিবেচনা করার কথা ছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সমস্তই বিবেচনাধীন আছে।

Shri Nikhil Das:

গত শীতকালীন অধিবেশনে তৎকালীন অর্থমন্ত্রিমহাশয় আমাদের জানিয়েছিলেন শীঘ্রই এই ব্যাপারে আমাদের জানাবেন, তারপর তো দেড় মাস হল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি তো বলেছি নেক্সট কোশ্চেন আওয়ার ডে-তে জানতে পারবেন, এখন আপনাদের একটু প্রতীক্ষা করতে হবে।

Dr. Kanai Lal Bhattacharya:

পে কমিটি যে নির্দেশ দিয়েছিলেন তার ভিত্তিতে বিবেচনা করছেন, না গভর্নমেন্ট অন্য কোন ফর্মুলা বের করেছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

অনেক বিষয়েই বিবেচনা হচ্ছে, পে কমিটির রেকমেন্ডেসন তার মধ্যে একটা।

Shri Bhadra Bahadur Hamal:

হিল-এ যারা কাজ করে তাদের জন্য কোন হিল অ্যালাউয়েন্স-এর কথা ভাবছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সেই বিষয় বিবেচনা করা হচ্ছে।

Shri Bhadra Bahadur Hamal:

বিবেচনা কবে শেষ হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি তো বলেছি বাজেট সেসনেই সব জানতে পারবেন।

Shri Abani Kumar Basu:

মাননীয় অর্থমন্ত্রিমহাশয় বলবেন কি, পে কমিটি যখন রেকমেন্ডেসন করেছিলেন তখনকার থেকে এখন কি পরিমাণ মূল্যবৃদ্ধি হয়েছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সেই সব কথা সমস্তই জানান হবে।

[12-40—12-50 p.m.]

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: কর্মচারীরা মহার্ঘভাতার জন্য যে আবেদন করেছিলেন সেটা কখন করেছিলেন জানাবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: বিভিন্ন সময়, বিভিন্ন স্তরে ক্রমাগত আছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি (ক)-এর উত্তরে বলেছেন হ্যাঁ। আমার প্রশ্ন হচ্ছে যেটা নিয়ে বিবেচনা করছেন সেটা কবে পেয়েছেন এবং কখন তাঁরা আবেদন করেছেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: বিভিন্ন কর্মচারীদের যাবতীয় আবেদন বিবেচনা করা হচ্ছে।

Pay-scales for Clerks and Class IV Staff of rceognised non-Government Secondary Schools.

***49.** (Admitted question No. *399.)

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রিকগনাইজড নন-গভর্নমেন্ট সেকেন্ডারী স্কুলের করণিকগণের ও ক্লাস ফোর স্টাফ-এর নূতন স্কেল অফ পে কি; এবং

(খ) উক্ত কর্মচারিগণ নূতন স্কেল বাদে স্কুলের ডি এ বা অন্য কোন অ্যালাউয়্যান্স পাইতে থাকিবেন কিনা?

দি অনারেবল সৌরিন্দ্রমোহন মিশ্র: (ক) নূতন বেতনক্রমের একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(খ) সংশোধিত বেতনক্রম অনুসারে বেতন গ্রহণ করিলে অন্য কোন ভাতা পাওয়া যাইবে না।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: বেতনের স্কেল কত ঠিক করা হয়েছে জানাবেন কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এই প্রশ্নের উত্তর আগেই দিয়েছি, তবুও যদি জানতে চান তাহলে আবার বলছি।

10,000 books and above—Graduate with Diploma in Librarianship—Rs. 200. Less than 10,000 book Graduate with Diploma in Librarianship—Rs. 160-295 Intermediate with approved Librarianship Training Certificates—Rs 115-285 Clerks in Secondary Schools and Madrassahs—Matriculate/School Final passed—Rs 80-150 Non-Matriculate—Rs. 75-96 Secondary School Madrassah may have one clerk with one enrolment not exceeding 500. Second clerk may be provided where the enrolment exceeds 500. Class 4 staff—Rs. 45-60.

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: বর্তমানে ক্লাশ ফোর কর্মীদের বেতন কত সেটা জানাবেন কি?

দি অনারেবল সৌরিন্দ্রমোহন মিশ্র: কোনখানে ২০ টাকা, কোনখানে ৬০ টাকা আছে—অর্থাৎ কোথাও এক রকম হার নেই। এটাকে একটা হার করবার জন্য আমরা ৪৫-৬০ টাকা করছি।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: আপনি বললেন ক্লাশ ফোর কর্মচারীরা কোন কোন স্কুলে ২০ টাকা মাইনে পাচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে হোল টাইম ক্যাটিগরির স্টাফ যারা হোল টাইম বেসিস-এ কাজ করছে তাদের মাইনে ৫০ টাকার নীচে আছে কিনা?

দি অনারেবল সৌরিন্দ্রমোহন মিশ্র: যারা হোল টাইম কাজ করছে তাদের মাইনে ৫০ টাকার নীচে আছে কিনা সেটা সঠিকভাবে বলতে পারব না।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই নূতন পে স্কেল-এর কথা ঘোষণা করলেন সেটা কবে থেকে চালু করা হবে?

দি অনারেবল সৌরিন্দ্রমোহন মিশ্র: কবে থেকে দেওয়া হবে বলছেন? সেটা এখনও সঠিকভাবে বলতে পারছি না। অনেক হিসেব দরকার, কাজেই সিনিয়র বেসিক স্কুলকে এই হিসেব দেবার জন্য বলা হয়েছে। কোনখানে পার্ট টাইম আছে, কোনখানে হোল টাইম আছে—কাজেই অনেক রকম হিসেব করা হচ্ছে। তবে সম্ভব হবে বলে মনে করি এবং এফেক্ট দেওয়া হবে ১৯৬১ সালের এপ্রিল থেকে।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: মন্ত্রিমহাশয় জানাবেন কি, অন্যান্য স্টাফ এবং ক্লাশ ফোর কর্মচারী[illegible]দের ছেলে মেয়েদের ফ্রি-তে পড়বার কোন সুযোগ দেওয়া হবে কিনা?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এখন পর্যন্ত প্রিভিলেজ দেবার ব্যাপারে আমরা কোন সিদ্ধান্ত করি নি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ অন্যান্য স্কুলে শিক্ষকদের পুত্র কন্যাদের সুযোগ দেওয়া হয়, এই ক্ষেত্রে সুযোগ দেওয়া হবে কিনা, কোন কিছু চিন্তা করছেন কিনা?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এরা তো শিক্ষক নয় জানেন।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শিক্ষার সংগে এঁরা ওতপ্রোতভাবে জড়িত, মাইনেও কম, তাদের কেন সুযোগ দেওয়া হচ্ছে না?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ ওতপ্রোতভাবে জড়িত ম্যানেজিং কমিটিও। আমরা শুধু শিক্ষকদের ছেলেমেয়েদের কথাই স্থির করেছি, অন্যান্যদের সম্বন্ধে আমরা কোন সিদ্ধান্ত গ্রহণ করি নি।

শ্রীজহরলাল ব্যানার্জিঃ সরকারী পিওন যেভাবে নেওয়া হয়, সেইরকম যে ক্লাস ফোর আছে স্কুলে তাদেরও সেইরকম মাইনে দেবার ব্যবস্থা করার কথা চিন্তা করছেন কি?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ কিছুদিন পূর্বে বেতন স্থির হয়েছে এখন অন্য কিছু চিন্তা করছি না।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ এই বেতন কি এ বি টি এ-এর সংগে ডিসকাস করে ফিক্স করা হয়েছে? এই বেতনের হার কারও ওপিনিয়ন নিয়ে করা হয়েছে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এটা কারও সংগে পরামর্শ করে করবার প্রশ্ন উঠে না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ একটা কথা জিজ্ঞাসা করছি, মাননীয় মন্ত্রিমহাশয় এই যে ২০ টাকা ৩০ টাকা ৪০ টাকা মাইনে বিভিন্ন স্তরে আছে বলছেন আজকের দিনে এইরকম মাইনেয় কি সংসার চালান সম্ভব, সরকার কি এ বিষয়ে কোন তদন্ত করবার ব্যবস্থা করছেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ চলা সম্ভব মনে হলে বেতনক্রম রিভাইজ করা হল কেন, সম্ভব বলে মনে করি না, এরা সব জায়গায় এক রকম নয়, কোথাও পার্ট টাইম স্টাফ, কোনখানে পারমানেন্ট স্টাফ। বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম। এখন তাদের একটা কাঠামোয় ফেলা হয়েছে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ ১৫ বছর স্বাধীনতার পর শুধু কাঠামোই হচ্ছে পুরোপুরি ব্যবস্থা করতে কত সময় লাগবে? ২০ টাকা, ৩০ টাকা, করণিকদের?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ ২০-২৫ টাকা করণিকদের হবে বলে বলেছি তো মনে পড়ছে না? এই যে ক্লাস ফোর স্টাফ তাদের কথা বলেছি, তারা কোথাও পার্ট টাইম, কোথাও পারমানেন্ট, মোটামুটি এই ক্লাস ফোর স্টাফ, তাদের ৪৫ টাকা থেকে ৬০ টাকা করেছি, এটা করণিকদের কথা নয়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ স্কুলে করণিক ছাড়া আর কে আছে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ হয়ত পিয়ন আছে, ঝাড়ুদার আছে, পিয়ন ইত্যাদি লোকই ক্লাস ফোর স্টাফ।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ এই করণিকদের মাইনে বর্তমানে কি আছে, তাদের কি ব্যবস্থা করেছেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ করণিকদের সম্বন্ধে বলা হয়েছে তাদের বর্তমান বেতনক্রম ৮০ থেকে ১৫০ টাকা।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে বেতন দেওয়া হয় তার কত অংশ কর্তৃপক্ষ আর কত অংশ সরকার দেন, এটা কিভাবে নির্ধারিত হয়েছে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : এটা ভালভাবেই জানেন এডেড স্কুলে যা ডেফিসিট হবে সরকারকে দিতে হবে।

Government-aided Schools

***50.** (Admitted question No. *435.)

শ্রীভক্তিভূষণ মন্ডল: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে নিয়মিত মাসিক সাহায্য দিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলির শিক্ষক ও শিক্ষিকাদের দেয় প্রভিডেণ্ট ফান্ড-এর রেট বাড়াইবার কোন পরিকল্পনা আছে কি?

[12-50—1 p.m.]

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: (ক) মাসিক সাহায্যদান সম্ভবপর নয়, (খ) না।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাসিক সাহায্যদান বলতে বলা হয়েছে সেটা বৎসরের শেষে দেন, কিন্তু এটা মাসে মাসে দেবার কোন সম্ভাবনা আছে কিনা যাতে স্কুল অথরিটিস তাদের ফাইনান্সিয়াল বাজেট ঠিক মতন মিট করাতে পারেন? কারণ এটা না দেবার জন্য শিক্ষকদের সব সময় ঠিকমতন বেতন দেওয়া সম্ভবপর হচ্ছে না বলে প্রশ্ন হচ্ছে মাসিক দেওয়া কেন সম্ভবপর হবে না?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: আমি একথা বিশ্বাস করি যে মাসে মাসে দিতে পারলে স্কুল কর্তৃপক্ষদের ভাল হোত, কিন্তু মাসে মাসে এটা দেওয়া বর্তমানে সম্ভবপর নয় বলে ৩ বার দেবার প্রথা আছে।

শ্রীজহরলাল ব্যানার্জি : এডেড স্কুলকে কি ৩ মাসের টাকা অ্যাডভান্স দেবার কথা চিন্তা করছেন?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: কথা হচ্ছে যে, অ্যাডভান্স পেমেণ্ট করা হয় অন দি বেসিস অফ অডিট রিপোর্ট অফ দি লাস্ট ইয়ার।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আপনি বললেন যে, প্রভিডেন্ট ফান্ড বাড়াবার কোন পরিকল্পনা নেই। আমি জিজ্ঞাসা করছি যে, প্রভিডেণ্ট ফান্ড অ্যাক্ট সংশোধিত হবার পর দেখা গেছে শিল্প কিম্বা অফিসে যাঁরা কাজ করেন তাঁদের সেখানে প্রভিডেন্ট ফান্ড রেট ৬¼ থেকে ৮⅓ করা হয়েছে, এখানে সেটা করা হয় নাক?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: আমাদের এখানে যা আছে এ ছাড়া বাড়াবার কোন পরিকল্পনা বর্তমানে নেই। এখন প্রফিডেন্ট ফান্ড যেটা আছে তাতে শিক্ষকগণ তাঁদের বেতনের উপর টাকা প্রতি এক আনা হারে চাঁদা দেন এবং ম্যানেজিং কমিটিও অনুরূপ হারে জমা দেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: প্রভিডেন্ট ফান্ড আইন সংশোধন করা হয়েছে। আগে এমপ্লয়িস এবং এমপ্লয়াররা দিতেন ৬¼ পার্সেন্ট। কিন্তু বর্তমানে আইন সংশোধন করা হয়েছে গত এক বছর ধরে, এবং প্রত্যেকটা জায়গায় প্রভিডেণ্ট ফান্ড-এর হার চেঞ্জ করেছে, বোথ এমপ্লয়ার অ্যান্ড এমপ্লয়ী দেবে ৮⅓ পার্সেন্ট অফ দি টোট্যাল এমলিউমেন্ট। এটা শিক্ষকদের ব্যাপারে কেন প্রযুক্ত হবে না, তার কারণ কি?

দি অনারেবল সৌরীন্দ্রনাথ মিশ্র: এখন বর্তমানে যা আছে সেটাই বললাম, কিন্তু আপনি *যে নূতন কথা বললেন এ বিষয়ে আমরা বিবেচনা করব।*

শ্রীনিখিল দাস : উনি বললেন যে, সরকারী সাহায্যপ্রাপ্ত যে মাধ্যমিক স্কুলগুলি, সেগুলি সরকারের সাহায্যের উপর নির্ভর করে চলে, ডেফিসিট গ্র্যান্ট পেলে পর তারা মাস্টার মহাশয়দের মাইনে দেন। সেটা যদি ৫-৬ মাস পরে দেওয়া হয় তাতে গরিব শিক্ষকরা মারা যায়। সেজন্য প্রশ্ন হচ্ছে মাসিক দেওয়া যায় কিনা এবং মাসিক দেওয়া না গেলে বিকল্প ব্যবস্থার কথা সরকার চিন্তা করছেন কিনা? কারণ স্কুলে শিক্ষকরা ঠিক সময় যে মাইনে পান না তাতে তাঁদের অসুবিধার সম্মুখীন হতে হয়। একটা প্রশ্ন হয়েছিল যে কোথাও কোথাও অ্যাডভান্স দেওয়া হয়। গত বছরের অডিট রিপোর্ট অনুযায়ী দেখা গেছে ৭২ স্কুল অ্যাডভান্স পায় নি। আমার প্রশ্ন হচ্ছে মাসিক যদি না পারেন, অন্য কোন বিকল্প ব্যবস্থা করতে পারেন কিনা যাতে স্কুলগুলো ঠিক সময় মাইনে দিতে পারেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: কোন জায়গায় অ্যাডভান্স দেওয়া হয় না। কোন আর্থিক বৎসরের মে এবং জুন মাসের পূর্বে প্রদত্ত সাহায্যের ৫০ ভাগ দেওয়া হয়—১০ হাজার টাকা যদি দেওয়া হয় তাহলে মে ও জুন মাসের পূর্বে ৫০ ভাগ দেওয়া হয়। কিন্তু যে কথা বললেন তার উত্তর হচ্ছে এইভাবে এখন পর্যন্ত দেওয়া হয়, নূতন কোন ব্যবস্থা এখনও পর্যন্ত গ্রহণ করা হয় নি।

Tram-fare

***44.** (Admitted question No. *261.)

শ্রীসোমনাথ লাহিড়ী: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ট্রাম কোম্পানীর নিকট হইতে সরকার কি ট্রামের ভাড়া বৃদ্ধির কোন প্রস্তাব পাইয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কত করিয়া ভাড়া বৃদ্ধির প্রস্তাব করা হইয়াছে;

(২) কবে হইতে এই বর্ধিত ভাড়া চালু করার প্রস্তাব করা হইয়াছে; এবং

(৩) এই প্রস্তাব সম্বন্ধে সরকার কি সিদ্ধান্ত করিয়াছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) হ্যাঁ।

(খ) কর্তৃপক্ষ থেকে ২ নয়া পয়সা বৃদ্ধির প্রস্তাব পাওয়া গিয়াছিল।

(গ) প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

শ্রীসোমনাথ লাহিড়ী: দুই নয়া পয়সার প্রস্তাব পেয়েছি মানে কি, সেকেন্ড ক্লাস-এ দুই নয়া পয়সা, না প্রতি টিকিটে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : দুই নয়া পয়সা প্রতি টিকিটে।

শ্রীসোমনাথ লাহিড়ী: প্রত্যেকটি টিকিট ২ নয়া পয়সা ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি? এবং এই ভাড়া বৃদ্ধির কারণ ট্রামওয়ে কোম্পানী কি দেখিয়েছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : ভাড়া বৃদ্ধির প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে, তাঁরা দীর্ঘ ১৫ পাতায়, তাদের ভাড়া বৃদ্ধির নানা কারণ দেখিয়েছেন, তার মধ্যে ট্রাম কর্মচারী-দের নানান নূতন দাবীর কথাও বলেছেন, ব্যয় বেড়েছে, ডেভলপমেন্ট হচ্ছে না ইত্যাদি আরো অনেক কথা আছে।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনি উল্লেখ করলেন ট্রামওয়ে কোম্পানীর সাথে শ্রমিক কর্মচারী-দের বিরোধ আছে, তা এই সব বিরোধ মীমাংসার আগে কি ভাড়া বৃদ্ধি সম্পর্কে সিদ্ধান্ত নেবেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : ঠিক হয় নি, বলা যায় না, এরূপ কোন কণ্ডিসান নেই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ কবে সিদ্ধান্ত নেওয়া হবে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : ঠিক বলা যায় না, যতক্ষণ না এদের সঙ্গে মীমাংসা হচ্ছে।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ এদের সঙ্গে মানে কাদের সঙ্গে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : আপনাদের সঙ্গে যে আলোচনা হচ্ছে সেটাও এর মধ্যে আছে।

শ্রীঅবনীকুমার বসু : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ট্রাম কোম্পানীর, আর্নিংস্, কস্ট, এক্সপেন্ডিচার সম্বন্ধে কোন অনুসন্ধান করবেন কিনা, এই ভাড়া বৃদ্ধির প্রস্তাব সম্মত হওয়ার পূর্বে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : সমস্ত বিষয় বিবেচনা করে গভর্নমেন্ট ঠিক করবেন ভাড়া বৃদ্ধি হবে কি হবে না।

শ্রীঅবনীকুমার বসু : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ভাড়া বৃদ্ধি তদন্ত করার ব্যাপারে কোন এনকোয়ারী কমিটি করবেন কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : এখনও সে পর্যায়ে উপস্থিত হয় নি।

শ্রীনিখিল দাস: আপনি বললেন অনেক বিষয় বিবেচনা করবেন, কিন্তু ট্রাম ভাড়া বাড়াবার আগে কলকাতায় যে সব জনসাধারণ ট্রামে চড়ে তাদের আর্থিক অবস্থা সম্বন্ধে বিবেচনা করবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : নিশ্চয়ই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ ট্রামওয়েজ-এর যে এডভাইসরি কমিটি আছে, সেই এডভাইসরি কমিটিতে সরকারের প্রতিনিধিও আছে, সেই কমিটি কি ভাড়া বৃদ্ধি সম্পর্কে সুপারিশ করেছে, এটা জানাবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : আমি এটাই বলেছি - সো ফার এজ দি এডভাইসরি [illegible] এ ভাড়া বৃদ্ধির পক্ষে নয়, তারা ট্রাম [illegible] সম্পর্কে নানাবিধ পরামর্শ দেন, ইট ইজ এ পিওরলি অ্যাডভাইসরি বডি, ফাইন্যানসিয়াল ইমপ্লিকেশন-এর ব্যাপারে এরূপ তাদের কোন স্কোপ নেই।

শ্রীযামিনীভূষণ সাহা: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ট্রাম শ্রমিকদের যে ইউনিয়ন আছে তাদের সঙ্গে আলোচনার উপর অনেকখানি নির্ভর করছে। তিনি কি বলতে চান শ্রমিকদের দাবী যদি মানতে হয় তাহলে সরকার ভাড়া বৃদ্ধি সমর্থন করবেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি : বহু সর্তের মধ্যে এটা একটি সর্ত।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, গতবার যখন ট্রামের ভাড়া বাড়ে তখন একটা সর্ত আরোপ ছিল যে, যে বেশী আয় হবে তার অর্ধেক দেওয়া হবে কর্মচারীদের,

আর অর্ধেক দিয়ে ট্রাম সারা হবে, কিন্তু দুটার একটাও ট্রাম কোম্পানী করে নি. এটার সম্বন্ধে এনকোয়ারী করবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: আমার যতদূর জানা আছে, আমি মাননীয় সদস্যকে বলতে পারি এরূপ কোন সর্ত ছিল না।

[1—1-10 p.m.]

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে গতবার যখন ট্রামের ভাড়া বৃদ্ধির প্রশ্ন আসে তখন একটা সর্ত তাতে আরোপ করা হয়েছিল যে, যে বেশী আয় হবে তার অর্ধেক দেওয়া হবে কর্মচারীদের আর অর্ধেক দিয়ে ট্রামকারগুলো সারানো হবে, কিন্তু এই দুটার একটিও ট্রাম কোম্পানী পালন করে নি এ বিষয়ে কি মন্ত্রিমহাশয় বিবেচনা করবেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: নিশ্চয় করবো—তবে আমার যতদূর জানা আছে তাতে মাননীয় সদস্য নেপালবাবুকে বলতে পারি যে এইরকম কোন সর্ত ছিল না।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, যে খবরের কাগজে ট্রাম কোম্পানীর এজেণ্ট বিজ্ঞপ্তি দিয়েছিলেন - মনে হয় লাহিড়ী সাহেব সেই খবরের কাগজ বগলে করে নিয়ে এসেছেন যে তারা বলেছিলেন যে ভাড়া বৃদ্ধির ফলে যে ইনকাম হবে সেই টাকার এক পয়সাও ডিরেক্টারদের দেবেন না একথা তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং আমাদের স্বর্গীয় আনন্দীলাল পোদ্দার মহাশয় তখন ডিরেক্টর ছিলেন এবং চেয়ারম্যান যখন বিলাত থেকে আসেন তখন তিনি একথা বলেছিলেন। কিন্তু সেই সর্ত দুটির একটিও ট্রাম কোম্পানীর মালিক পালন করেন নি। তার জন্য উপযুক্ত ব্যবস্থা করবেন কি সেটা আমি জানতে চাই।

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: যদি সরকার ভাড়া বাড়াবার সিদ্ধান্ত গ্রহণ করেন তাহলে নিশ্চয়ই সেই সব প্রতিশ্রুতির কথা বিবেচনা করা হবে।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: উনি বললেন যে, সর্তসাপেক্ষ—সেই সর্তটা কি এটা যে শ্রমিকদের যদি কিছু ইনক্রিমেন্ট ইত্যাদি করতে হয়, মজুরী বৃদ্ধির প্রস্তাব যদি বিবেচনা করতে হয় তাহলে এই সর্তটা থেকে যাচ্ছে যে ভাড়া বৃদ্ধি করতে হবে এই কথাটা কি উল্লেখ করলেন মন্ত্রিমহাশয়?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: ওটার উপর নির্ভর করছে না এ কথাটা আমি বার বার বলেছি যেটা আপনি বোধ হয় ভাল করে শোনেন নি। বহু বিষয় বিবেচনাধীনের মধ্যে কর্মচারীদের যে দাবী সেটাও একটি বিষয়।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: আপনি বললেন যে অনেকগুলি সর্তের মধ্যে একটি হচ্ছে যে আমাদের মজুরী বৃদ্ধি করতে হলে ভাড়া বৃদ্ধি করতে হবে এটা কি তার মধ্যে একটি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: হ্যাঁ, একটি—ওয়ান অফ দি কণ্ডিসনস।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: এই কণ্ডিসনটা কার? কোম্পানীর?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: গভর্ণমেণ্ট যেগুলি কন্সিডার করছেন সেগুলির মধ্যে কর্মচারীদের বিষয়টি প্রধান বিবেচনার বিষয়।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: একটু ক্লিয়ার করে নিতে চাচ্ছি—প্রশ্নটা হচ্ছে কণ্ডিসনটা ঐ সর্তের উপর নির্ভর করছে কিনা—আপনি কোনটা করতে চাচ্ছেন—আপনি যে মজুরী বৃদ্ধি করতে চাচ্ছেন সেটা যদি বিবেচনা করেন তাহলে ভাড়া বৃদ্ধির প্রশ্নটা বিবেচনা করবেন—এটাই কি আপনার বক্তব্য? কনসিডারেসনটা তারই উপর নির্ভর করছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: এ বিষয়ে আমি রিপ্লাই দিয়েছি, আপনি বোধ হয় মনোযোগসহকারে শোনেন নি। কর্মচারীদের কল্যাণ, প্যাসেঞ্জারদের কল্যাণ, জনসাধারণের

কল্যাণ, কোম্পানী চালাবার পক্ষে কল্যাণ—এই সর্ব বিষয়ে বিবেচনা করা হচ্ছে. তার মধ্যে এটা একটি।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ এতগুলি কল্যাণের ব্যবস্থা হলেই কি ভাড়া বৃদ্ধি করবেন?

মিঃ ডেপুটি স্পীকার ঃ আপনি এর পর ও'র সঙ্গে দেখা করবেন—এখন কোয়েশ্চেন টাইম ইজ ওভার।

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ কর্মচারীদের কল্যাণ করতে ভাড়া বাড়াতে হয়, কিংবা কোম্পানীর এখনকার আমদানি থেকে দেওয়া যায় এ বিষয়ে কি আপনি কোন তদন্ত করেছেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি ঃ নিশ্চয়ই করবো।

Starred questions answers to which were laid on the table

Dearness allowances of the State Government employees

***51.** (Admitted question No. *495.)

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকারের কর্মচারীদের মহার্ঘ ভাতার বিষয়ে কি সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) গত ২রা জানুয়ারি ১৯৬৪ তারিখে বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বাজেট সেসনের পূর্বে এই মহার্ঘ ভাতা সম্পর্কে বিবেচনাপর্ব শেষ হইবে বলিয়া যে আশা করিয়াছিলেন তাহার কত দূর কি হইয়াছে?

The Minister for Finance:

(ক) হ্যাঁ।

(খ) সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, যে সমস্ত সরকারী কর্মচারী মাসিক ১৫০ টাকা পর্যন্ত বেতন পান তাঁহারা আগামী আর্থিক বৎসর হইতে মাসিক ৫ টাকা মহার্ঘভাতা পাইবেন এবং যাঁহারা মাসিক ১৫০ টাকার ঊর্ধ্বে কিন্তু ৩০০ টাকার অনূর্ধ্বে বেতন পান তাঁহারা মাসিক ১০ টাকা মহার্ঘভাতা পাইবেন।

Enquiry into the death of Phulamala

***52.** (Admitted question No. *26.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ গত ৪ঠা সেপ্টেম্বর ১৯৬৩ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত ৩৬২নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১৪৩৭) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফুলমালা নামক হস্তিনীকে হত্যার ব্যাপারে যে তদন্ত হইতেছিল তাহা শেষ হইয়াছে কি; এবং

(খ) তদন্ত শেষ হইয়া থাকিলে, তাহার রিপোর্ট কি?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) হ্যাঁ।

(খ) তদন্ত কমিটির মতে 'ফুলমালাকে' হত্যা করার সিদ্ধান্ত ন্যায়সঙ্গতভাবেই লওয়া হইয়াছিল।

Proposal for the extension of railway service

***53.** (Admitted question No. *182.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন অঞ্চলে রেলপথ সম্প্রসারণ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের নিকট কোন প্রস্তাব দিয়াছেন কিনা; এবং

(খ) মুর্শিদাবাদ জেলায় কান্দী এলাকায় কোন রেলপথ সম্প্রসারিত করার প্রস্তাব সম্পর্কে সরকার অবগত আছেন কিনা?

The Minister for Home (Transport):

(ক) না।

(খ) না।

Adhyaksha of Paschim Kiarana Gram Panchayat

***54.** (Admitted question No. *297.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ময়না থানার কিয়ারানা অঞ্চলের অন্তর্গত পশ্চিম কিয়ারানা গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ অঞ্চল ফান্ড হইতে জনহিতকর কাজ করিবার জন্য গত ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে টাকা পাইয়াছিলেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত টাকার পরিমাণ কত,

(২) ঐ টাকা খরচ হইয়াছে কিনা এবং খরচ হইয়া থাকিলে, কি কাজে খরচ হইয়াছে; এবং

(৩) খরচ না হইয়া থাকিলে, ইহার কারণ কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ, টাকা পাইয়াছিলেন। কতৃ

(খ) (১) ১৯৬১-৬২ সালে ২৪০·০০ টাকা এবং ১৯৬২-৬৩ সালে ১৬৮·৯২ নঃ পঃ।

(২) ১৯৬১-৬২ সালের খরচের হিসাব নিম্নরূপ—

বাঁধ মেরামত	২২০·৫৫	মোট আয়	... ২৪০·০০
অফিস খরচ	১৪·৪০		
		মোট ব্যয়	... ২৩৪·৯৫
মোট খরচ	২৩৪·৯৫		
		উদ্বৃত্ত	... ৫·০৫

১৯৬২-৬৩ সালের খরচের হিসাব

মোট আয়	.. ১৬৮·৯২
ব্যয়	... ১·৬৮ (অফিস খরচ)
উদ্বৃত্ত	.. ১৬৭·২৪

(৩) ১৯৬২-৬৩ সালের অবশিষ্ট ১৬৭·২৪ নঃ পঃ এখনও খরচ হয় নাই। উহা পশ্চিম কিয়ারানা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত একটি ভেড়ী বাঁধ মেরামত করার জন্য গ্রাম পঞ্চায়েতের ৩১-১২-৬৩ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

Pisciculture in Manasadaha Beel

***55.** (Admitted question No. *332.)

শ্রীকানাই পাল: মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলার রাণাঘাট মহকুমার অন্তর্গত শান্তিপুর শহরের দক্ষিণে অবস্থিত মনসাদহ বিল অর্থাৎ খাল বা বাঁওড়টিতে মৎস্যচাষের জন্য প্রায় দু' বৎসর পূর্বে তিন লক্ষ টাকা ব্যয়ে একটি পরিকল্পনা গৃহীত হইয়াছিল;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি·

(১) এই পরিকল্পনাটি আজও কার্যকরী না হওয়ার কারণ কি; এবং

(২) কতদিনের মধ্যে এই পরিকল্পনাটি কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Fisheries:

(ক) মনসাদহ খালের একাংশে একটি মৎস্যবীজ উৎপাদন কেন্দ্র (ফিস্ সিড্ ফার্ম) স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। প্রাথমিক সমীক্ষা ও তথ্য সংগ্রহের পর সম্প্রতি একটি পবিকল্পনার খসড়া প্রস্তুত কবা হইয়াছে।

(খ) উপরোক্ত কেন্দ্র স্থাপনের জন্য কিছু জমির প্রয়োজন। উহা গ্রহণ (আকুইজিশন) ও হস্তান্তরের (ট্রান্সফার) জন্য প্রয়োজনীয় প্রস্তাব নদীয়া কালেকটারের নিকট পাঠানো হইয়াছে। এই সম্পর্কে কোনো অসুবিধা না হইলে আগামী আর্থিক বৎসরের মধ্যে (১৯৬৪-৬৫) পরিকল্পনার কাজ শুরু করা যাইবে বলিয়া মনে হয়।

Stenographers

***56.** (Admitted question No. *359.)

শ্রীমনোরঞ্জন বক্সী: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে কলিকাতাস্থ মহাধিকরণে কোন্ কোন্ ভাষায় কত সংখ্যক শর্টহ্যান্ড স্টেনোগ্রাফার বর্তমানে কার্য করিতেছেন; এবং

(খ) মহাধিকরণে সম্প্রতি কোন্ কোন্ ভাষার শর্টহ্যান্ড স্টেনোগ্রাফার বৃদ্ধির পরিকল্পনা আছে?

The Minister for Finance:

(ক) বর্তমানে ইংরেজী স্টেনোগ্রাফার হিসাবে ১৫০ জন এবং বাংলা স্টেনোগ্রাফার হিসাবে ৯ জন কার্য করিতেছেন।

(খ) ঐরূপ কোন পরিকল্পনা সম্প্রতি নাই।

Vivekananda University

***57.** (Admitted question No. *392.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেলুড়ে বিবেকানন্দ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব মঞ্জুর হয় নাই; এবং

(খ) উত্তর "হ্যাঁ" হইলে ইহার কারণ কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অর্থাৎ ইউনিভার্সিটি গ্রান্টস্ কমিশন ঐ প্রস্তাব অনুমোদন করেন নাই।

College Code

***58.** (Admitted question No. *444.)

শ্রীভক্তিভূষণ মন্ডল: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বেসরকারী কলেজসমূহের পরিচালন সংক্রান্ত কলেজ কোড সম্বন্ধে সরকার কি কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

(খ) যদি কোন সিদ্ধান্ত গ্রহণ করা হইয়া থাকে তাহা হইলে ঐ কোড কখন হইতে কার্যকরী হইবে?

The Minister for Education:

(ক) মহামান্য রাজ্যপাল যে কমিশন নিযুক্ত করিয়াছিলেন তাহার মতে কলেজ কোড-টি আইন সঙ্গতভাবে রচিত হয় নাই। অতএব উহা কার্যকরী হইতে পারে না।

(খ) প্রশ্ন উঠে না।

Remuneration for taking animal statistics

***59.** (Admitted question No. *47.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: গত ১৫ই মার্চ ১৯৬৩ তারিখে প্রদত্ত অ-তারকিত ২৮৯নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১৭৬) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, সরকার পশু পরিসংখ্যান লওয়ার জন্য মুর্শিদাবাদ সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যাহাদের নিয়োগ করিয়াছিলেন তাঁহাদের প্রত্যেককে কি চুক্তিমত টাকা মিটাইয়া দেওয়া হইয়াছে?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

পশু পরিসংখ্যান কার্যে নিযুক্ত গণনাকারীদের চুক্তিমত টাকা প্রায়ই সবই মিটাইয়া দেওয়া হইয়াছে। তবে উক্ত কার্যে নিযুক্ত কিছু গণনাকারী ও সুপারভাইজারের বিল সম্প্রতি পাওয়া গিয়াছে। এই বিলগুলি পরীক্ষা করিয়া টাকা মিটাইয়া দিবার ব্যবস্থা করা হইতেছে।

Midnapore College

***60.** (Admitted question No. *304.)

শ্রীঅনংগমোহন দাস: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর কলেজে পড়িবার জন্য কোন্ কোন্ বিষয়ে অনার্স কোর্স মঞ্জুর করা হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, বোটানী, জুওলজী ও জিওগ্রাফীতে অনার্স কোর্স পড়িবার ব্যবস্থা উক্ত কলেজে নাই; এবং

(গ) সত্য হইলে, ঐগুলি এই বৎসর খোলা হইবে কিনা?

The Minister for Education:

(ক) মেদিনীপুর কলেজে নিম্নলিখিত বিষয়গুলিতে অনার্স কোর্স পড়াইবার ব্যবস্থা আছে—(১) ইংরাজী, বাংলা, ইতিহাস, সংস্কৃত, দর্শন, অর্থনীতি ও রাজনৈতিক বিজ্ঞান; (২) পদার্থ বিদ্যা, রসায়ন শাস্ত্র এবং গণিত।

(খ) হ্যাঁ, নাই।

(গ) এই বৎসর সম্ভব হইবে না।

Hindi-medium Schools

***61.** (Admitted question No. *349.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(a) how many Hindi-medium Primary, Secondary and Higher Secondary Schools are in West Bengal;

(b) whether these schools are controlled by respective School Board of West Bengal; and

(c) how many of these schools have managing committee?

The Minister for Education: (a) 1052.

(b) 443 schools are controlled by the District School Boards.

(c) 384 Primary and 141 Secondary Schools.

Midday tiffin for School Students

***62.** (Admitted question No. *393.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও শিল্পাঞ্চলে বিদ্যালয়ের ছাত্রছাত্রীকে মধ্যাহ্নকালে আহার্য দেওয়ার কোন পরিকল্পনা করা হইয়াছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে কবে হইতে এই পরিকল্পনা চালু করা হইবে; এবং

(গ) গ্রামাঞ্চলের বিদ্যালয়ের ছাত্রছাত্রীকে মধ্যাহ্নকালে আহার্য দেওয়ার কোন ব্যবস্থা আছে কি?

The Minister for Education:

(ক) ও (খ) কলিকাতা ও শিল্পাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদিগের মধ্যাহ্নকালীন আহার্য দিবার একটি পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(গ) গ্রামাঞ্চলে কয়েকটি বাছাই বুনিয়াদি বিদ্যালয়ে মধ্যাহ্নকালীন আহার্য দিবার ব্যবস্থা প্রবর্তন করা হইয়াছে।

তৃতীয় পরিকল্পনাকালে ১২০টি বুনিয়াদি বিদ্যালয়ে এই ব্যবস্থা সম্প্রসারিত করার পরিকল্পনা আছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Bridges granted in the Third Five-Year Plan in Midnapore district

45. (Admitted question No. 191.)

শ্রীঅনঙ্গমোহন দাস: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলায় কয়টি ব্রীজ মঞ্জুর হইয়াছে;

(খ) উহাদের নাম কি কি এবং প্রত্যেকের এস্টিমেট কত;

(গ) উহাদের মধ্যে কোন্ কোন্‌টির কাজ আরম্ভ হইয়াছে এবং কবে শেষ হইবে; এবং

(ঘ) বাকিগুলির কাজ কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলায় ৬টি ব্রীজ মঞ্জুর হইয়াছে।

(খ) নাম		এস্টিমেট (লক্ষ টাকার)
(১) তমলুক কাঁথি রাস্তায় হলদি নদীর উপর সেতু (কেবলমাত্র নকশা ও প্রারম্ভিক কার্যের জন্য)	...	১·৫০
(২) বরদা খারার রাস্তার উপর সেতুসমূহ	...	১·০০
(৩) খেজুরি হেরিয়া রাস্তায় হাইটাইড ক্যানেলের উপর সেতু	...	৩·০০
(৪) ময়না-পিংলা রাস্তায় দোভাদির উপর সেতু	...	১০·০০
(৫) ঘাটাল-চন্দ্রকোনা রাস্তায় বাঁকা (শিলা) সেতু	...	৪·০০
(৬) কেশপুর-চন্দ্রকোনা রাস্তায় 'কুবাই'-এর উপর সেতু	...	৪·০০

(গ) কেশপুর-চন্দ্রকোনা রাস্তায় 'কুবাই'-এর উপর সেতু নির্মাণের কাজ আরম্ভ হইয়াছে। আশা করা যায় ১৯৬৪ সালের মাঝামাঝি কাজটি সম্পূর্ণ হইবে।

(ঘ) নকশা ও প্রাক্কলন ইত্যাদি প্রস্তুতের কাজ শেষ হইলেই বাকিগুলির কাজ আরম্ভ করা হইবে।

Deep tubewells in the districts of Murshidabad and Hooghly

46. (Admitted question No. 8.)

[illegible] রায়: কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দশ বৎসরে (১) মুর্শিদাবাদ জেলায় এবং (২) হুগলি জেলায় থানাওয়ারী কয়টি ডিপ টিউবওয়েল হইয়াছে;

(খ) উহাদের কয়টি চালু অবস্থায় আছে; এবং

(গ) বর্তমান বৎসরে এবং আগামী বৎসরে উক্ত জেলা দুইটির কোন্ স্থানে কয়টি ডিপ টিউবওয়েল বসাইবার পরিকল্পনা সরকার করিয়াছেন?

The Minister of State for Agriculture:

(ক) পরীক্ষামূলকভাবে গভীর নলকূপ খননকার্য মুর্শিদাবাদ জেলায় ১৯৫৮ সালে এবং হুগলি জেলায় ১৯৬১ সালে আরম্ভ হইয়াছে। এ পর্যন্ত ঐ দুইটি জেলায় যথাক্রমে মোট ৩৩টি এবং ১২টি গভীর নলকূপ বসানো হইয়াছে। যে যে স্থানে উহা বসানো হইয়াছে তাহার একটি তালিকা এই সঙ্গে দেওয়া হইল।

(খ) মুর্শিদাবাদ জেলায় ৬টি এবং হুগলি জেলায় ৩টি চালু অবস্থায় (ইন অপারেশন) আছে।

(গ) বর্তমান বৎসরে মুর্শিদাবাদ জেলায় ২৭টি গভীর নলকূপ বসানোর প্রস্তাব ছিল এবং সব কয়টিই বসানো হইয়াছে। আগামী দুই বৎসরে আরও ১০০টি নলকূপ বসানোর প্রস্তাব আছে।

হুগলি জেলায় বর্তমান বৎসরে ১৪টি গভীর নলকূপ বসানোর কথা। ইহার ভিতর ৯টি বসানো হইয়াছে এবং ৫টিতে খননকার্য চলিতেছে। আগামী দুই বৎসরে এই জেলায় আরও ১০০টি নলকূপ বসানোর প্রস্তাব আছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 46

I. List of tubewells in the district of Murshidabad

Serial No.	Tubewell No.	Police-station	Mauza	
1.	Ex14/ MD 1	Jiaganj ..	. Chandipur .	.. Exploratory.
2	Ex 15/ MD 2	Beldanga ..	.. Takipur ..	.. Do.
3	Ex 16/ MD 3	Noada ..	.. Edrakpur ..	.. Do.
4.	Ex 17/ .. MD 4	Domkol ..	.. Domkol ..	.. Do.
5.	Ex 46/ .. MD 5	Nabagram ..	.. Ayra ..	.. Do.
6.	Ex 47/ .. MD 6	Raghunathganj	. Madhupur .	Do.
7.	7M	.. Berhampur	.. Chaltia (I).	
8.	8M	.. Do. ..	.. Tarakpur.	
9.	9M	.. Do. ..	.. Chaltia (II).	
10.	10M	.. Beldanga .	.. Bhabta.	
11.	11M	.. Do.	.. Gopinathpur	
12.	12M	.. Berhampur	.. Banmathpur.	
13.	13M	.. Noada ..	.. Surangapur (I).	
14.	14M	.. Do. ..	.. Ramnachandpur (I).	
15.	15M	.. Do. ..	.. Madhupur (I).	
16.	16M	.. Do. ..	.. Alampur.	
17.	17M	.. Do. ..	.. Madhupur (II).	
18.	18M	. Do. ..	.. Surangapur (II).	

Serial No.	*Tubewell No.*	*Police-station.*	*Mauza.*
19.	19M	Noada	Sankoa.
20.	20M	Do.	Gangadhari (I).
21.	21M	Do.	Mohammadpur.
22.	22M	Do.	Gangadhari (II).
23.	23M	Do.	Chandpur (I).
24.	24M	Do.	Dangapara-Gaptala.
25.	25M	Do.	Roypur (II).
26.	26M	Do.	Chandpur (II).
27.	27M	Do.	Roypur (I).
28.	28M	Do.	Ramnachandpur (II).
29.	29M	Hariharpara.	Goznipur.
30.	30M	Noada	Pareshnathpur.
31.	31M	Hariharpara	Chona.
32.	32M	Do.	Sripur.
33.	33M	Do.	Shaudatpur.

II. List of existing tubewells in the district of Hooghly

1.	HG-1/ Ex-40	Balagarh	Hashimpur	Exploratory.
2.	HG-2/ Ex-41	Mogra	Bansberia	Do.
3.	HG-3/ Ex-44	Arambagh	Parul	Do.
4.	HG-4	Goghat	Sitanagar.	
5.	HG-5	Do.	Khatogram.	
6.	HG-6	Do.	Belpara.	
7.	HG-7	Do.	Chakhari.	
8.	HG-8	Do.	Bhikdas.	
9.	HG-9	Arambagh	Joyrampur.	
10.	HG-10	Do.	Kapset.	
11.	HG-11	Do.	Salehpur.	
12.	HG-12	Do.	Parbatichak.	

Recommendation for Chak Kripal-Naya Road in Third Five-Year Plan

47. *(Admitted question No. 193.)*

শ্রীঅনঙ্গমোহন দাস: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার উন্নয়ন পরিষদ তৃতীয় পরিকল্পনায় মঞ্জুরীর জন্য দাসপুর থানার চক্কৃপাল হইতে ডেবরা থানার লোয়াদা হইয়া পিংলা থানার নয়া পর্যন্ত একটি রাস্তা গ্রহণের জন্য সুপারিশ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে সম্পূর্ণ রাস্তা মঞ্জুর হইয়াছে কি;

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "না" হয় তাহা হইলে উক্ত রাস্তার কত অংশ তৃতীয় পরিকল্পনায় মঞ্জুর হইয়াছে; এবং

(ঘ) সম্পূর্ণ রাস্তা মঞ্জুর না হইবার কারণ কি?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) প্রস্তাবিত ২৬ মাইল রাস্তার মধ্যে চক্কৃপাল হইতে লোয়াদা হইয়া ৬নং জাতীয় সড়কের উপর বিষ্ণুপুর পর্যন্ত ১০ মাইল রাস্তা পরিকল্পনায় গৃহীত হইয়াছে।

(ঘ) আর্থিক অনটন।

Sinking and resinking of tubewells in Burdwan district

48. (Admitted question No. 75.)

শ্রীমনোরঞ্জন বক্সী: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাঁকসা, আউসগ্রাম, গলসী ও ভাতাড় থানার উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে ১৯৬২ সাল হইতে এ পর্যন্ত মোট কয়টি নলকূপ কোন্ কোন্ স্থানে বসিয়াছে;

(খ) ঐ নলকূপগুলির মধ্যে কয়টি বর্তমানে চালু অবস্থায় আছে;

(গ) উক্ত নলকূপগুলির মধ্যে কোন্ কোন্ স্থানে কয়টি অকেজো হইয়া আছে; এবং

(ঘ) অকেজো নলকূপগুলি মেরামত করিবার কী ব্যবস্থা হইতেছে?

The Minister for Health:

(ক) এতৎসহ বিবরণী উপস্থাপিত হইল।

(খ) সকল নলকূপই চালু অবস্থায় আছে।

(গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ka) of the unstarred question No. 48

Name of police-station	Name of village	No. of tubewells sunk since 1962 — Under Rural Water Supply Programme	No. of tubewells sunk since 1962 — Under the C. D. and E. S. Programme	Remarks
Kaksa ..	..	Nil	Nil	Non-tubewell area.
Ausgram	(1) Srichandrapur ..	1	..	
	(2) Bhuara ..	1	..	
	(3) Moukhira (Gossaibagan)	1	..	
	(4) Moukhira (Bogatala)	1	..	
	(5) Fozijangal ..	1	.	
	(6) Belemath ..	1	..	
	(7) Panduk ..	..	1	
	(8) Dwipchandpur ..	..	1	
	(9) Suata ..	..	1	
	(10) Chakradha Mohanpur	..	1	
Galsi ..	Saldanga ..	1	..	
	Kasba ..	1		Sanctioned by Government and will be completed soon
	Haswa ..	1		
	Marunpur ..	1		
	Pandudah ..	1		
Bhatar ..	Kulnagar ..	1		
	Orgram .	2	..	

Arankiarana-Prajabarhghat Road

49. (Admitted question No. 192.)

শ্রীঅনংগমোহন দাস: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার উন্নয়ন পরিষদ তৃতীয় পরিকল্পনায় গ্রহণের জন্য ময়না থানার আড়ংকিয়ারানা হইতে প্রজাবাড় ঘাট পর্যন্ত ৮ মাইল দীর্ঘ একটি রাস্তা সুপারিশ করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে উক্ত রাস্তা কবে পরিকল্পনাভুক্ত হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ, তবে সুপারিশে রাস্তাটি ১৪ মাইল দীর্ঘ বলা হইয়াছিল।

(খ) আপাতত নয়; পরবর্তী কালে অর্থসংকুলানের পরিপ্রেক্ষিতে বিষয়টি বিবেচনা করা হইবে।

The Purusa Khal in Moyna police-station, Midnapore

50. (Admitted question No. 194.)

শ্রীঅনংগমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ময়না থানার পুরুষা খালের আউটফল চ্যানেল পলি দ্বারা আবদ্ধ হইয়াছে;

(খ) সত্য হইলে (১) ঐ চ্যানেল এই বৎসর সংস্কার করা হইবে কিনা; এবং

(২) উহার মোট এস্টিমেট কত এবং কবে হইতে কাজ আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) (১) পুরুষা স্লুইসের ভিতর ও বহিঃপার্শ্বের খালের পলি সংস্কারের একটি প্রকল্প বর্তমানে প্রস্তুতির পথে। প্রকল্পটি প্রস্তুত হইলে পর সংস্কার কার্য করিবার প্রশ্ন বিবেচনা করা হইবে।

(২) বর্তমানে বলা সম্ভব নহে।

Crant of educational stipends to the children of Political sufferers

51. (Admitted question No 248.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নির্যাতিত রাজনৈতিক কর্মিগণের পুত্রকন্যার শিক্ষার্থে সাহায্যের জন্য এ বছর (১৯৬৪) কোন্ মহকুমা হইতে কতগুলি আবেদন পাওয়া গিয়াছে,

(খ) ঐ দরখাস্তগুলি মঞ্জুর হইয়াছে কিনা,

(গ) মঞ্জুর হইয়া থাকিলে সাহায্যপ্রাপ্ত ব্যক্তিদের তালিকা কি, এবং

(ঘ) ঐ দরখাস্ত সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত না হইয়া থাকিলে কবে সিদ্ধান্ত গৃহীত হইবে।

The Minister for Education:

(ক) নির্যাতিত রাজনৈতিক কর্মিগণের পুত্রকন্যার শিক্ষার্থে ১৯৬৪ সালের বৃত্তি দেওয়ার জন্য আগামী মার্চ মাসে দরখাস্ত আহ্বান করা হইবে।

(খ), (গ) ও (ঘ) এ প্রশ্ন উঠে না।

Subdivisions having Fire Stations

52. (Admitted question No 278.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) the names of the subdivisions equipped with fire stations;

(b) particulars of the scheme, if any, for opening new stations for fire services in the State of West Bengal in 1964-65?

The Minister for Local Self-Government and Panchayats: (a) The Sadar subdivisions of the districts of the 24-Parganas, Howrah, Hooghly, Burdwan, Jalpaiguri and Cooch Behar and also the Barrackpore, Serampore, Chandernagore, Asansol and Siliguri subdivisions.

(b) There is no such scheme.

Adjournment Motion

শ্রীনিখিল দাস : মিঃ ডিপুটি স্পীকার স্যার, একটা ব্যাপারের দিকে আপনার নজর আনতে চাচ্ছি—এখন কোশ্চেন অ্যানসার টাইম ওভার হয়েছে এই মাইগ্রেসন ব্যাপারে এখানে যে অ্যাডজর্নমেন্ট মোসন হয়েছিল তাতে আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, মাইগ্রেশন রেসট্রিকশন শিথিল করা হচ্ছে কিন্তু আমরা যে খবর পাচ্ছি বিভিন্ন খবরের কাগজ ও বিভিন্ন জায়গা থেকে তাতে জানতে পাচ্ছি যে মাইগ্রেশন সার্টিফিকেটের যে ফরম, সেই ফরম দেওয়া হচ্ছে না ঢাকা হাইকমিশনার অফিস থেকে এবং সেটা আপনার মাধ্যমে আমাদের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার মানুষ এই ব্যাপারে অত্যন্ত উদ্বেলিত। এই সম্পর্কে একটা পরিষ্কার ঘোষণা তাঁর কাছ থেকে আমরা চাই।

Mr. Deputy Speaker: I have received notice of an adjournment motion on the subject of total stoppage of distribution of migration certificate forms by the office of the Deputy High Commissioner of India in Dacca, from Shri Kamal Kanti Guha.

I have refused consent.

শ্রীকমলকান্তি গুহ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমার একটা আবেদন আপনার কাছে রাখতে চাই, যেটা নিখিলবাবু বলছেন যে আমরা এতদিন ধরে যে আলোচনা করেছি সে সমস্ত আলোচনাই ব্যর্থ হয়ে যাবে এবং সেদিনকে অ্যাডজোর্নমেন্ট মোশনে সরকার পক্ষ থেকে যা বলা হয়েছিল এবং আমাদের পক্ষ থেকে যা বলা হয়েছিল তা সমস্তই অসত্যে পরিণত হবে যদি কিনা এই মাইগ্রেশন সার্টিফিকেট ফরম আমরা চালু করতে না পারি আমাদের জনমত সৃষ্টি করে। আমি আপনার কাছে একটা কথা বলতে চাই যে আমরা এই সম্বন্ধে বিশদ আলোচনা চাইনা কিন্তু এখানে মিনিট পনেরোর জন্য আমরা বসে সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গ্রহণ করে যদি দিল্লীতে পাঠাতে পারি কেন্দ্রীয় মন্ত্রীসভার কাছে যে আপনারা অবিলম্বে মাইগ্রেশন সার্টিফিকেট ফরম দেওয়া চালু করুন, তাহলে আমার মনে হয় সব চেয়ে ভাল হয় এবং আমি আপনার কাছে অনুরোধ করবো যে আপনি আমার এই অ্যাডজোর্নমেন্ট মোশনটা পুনর্বিবেচনা করুন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : স্যার, এখানে আমার একটা বক্তব্য আছে। এই যে ফরম দেওয়াটা বন্ধ হয়েছে এটা একটা খুব সিরিয়াস ব্যাপার। শুধু তাই নয়, আমরা কাগজে দেখছি যে ওখানে হাজার হাজার লোককে লাঠিচার্জ করা হয়েছে যারা ফরম আনতে গিয়েছিল। ফরম নেই, ফরম দেওয়া বন্ধ হয়ে গিয়েছে। এই ব্যাপারে আমাদের সরকার কি বলছেন আমরা শুনতে চাই তাঁদের কাছে থেকে। তাঁরা আমাদের কাছে অ্যাসিওরেন্স দিয়ে ছিলেন

মিঃ ডেপুটি স্পীকার : ডঃ ভট্টাচার্য, গভর্নরস অ্যাড্রেস-এর উপর ডিবেটে আপনারা এ জিনিসটা উল্লেখ করতে পারবেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : স্যার, আমি বলছি যদি এই বিষয়ে কোন বক্তব্য সরকার পক্ষ থেকে আমরা না শুনতে পাই তাহলে আমাদের এখানে বসে অন্য আলোচনা করার কোন মানে হয় না, ধৈর্যও আমাদের নেই। তাঁরা বলুন যে, এই ব্যাপার নিয়ে গভর্নরস ডিবেটের উপর এতদিন ধরে যে ডিসকাশন চলছে, অ্যাডজোর্নমেন্ট মোশনে যে কথা বলা হয়েছে, হ্যাঁ, ইস্ট বেঙ্গলে মাইনরিটিস যাঁরা আছেন তাঁরা যাতে সুষ্ঠুভাবে এখানে চলে আসেন—আসতে পারেন যারা আসতে চান সেই সম্পর্কে বাংলা সরকারের পক্ষ থেকে দিল্লীতে জানান হবে এবং বন্দোবস্ত হবে। সেদিকে কোন বন্দোবস্ত ত' দূরের কথা, আমরা খবরের কাগজে দেখতে পাচ্ছি যে অবস্থা আস্তে আস্তে আরো খারাপ হয়ে যাচ্ছে। কাজেই এ সম্বন্ধে সরকার পক্ষ যদি নীরব থাকেন তাহলে আমাদের কোনভাবেই ডিবেট করা সম্ভব হবে না। আমি আপনাকে অনুরোধ করবো সরকার পক্ষের যদি কোন বক্তব্য থাকে তা বলবার জন্য। স্যার, আজকেও আমি একটা চিঠি পেয়েছি পাকিস্তান থেকে...

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: ডেপুটি হাই কমিশনারের অফিস আমাদের আন্ডারে নয়, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার। আজকের সংবাদপত্রে এই রকম একটা সংবাদ বেরিয়েছে বটে যা সদস্যরা বললেন। সেই সংবাদের প্রতি আমাদেরও দৃষ্টি আকৃষ্ট হয়েছে। আমরা এনকোয়ারি করে দেখবো তারপর আপনাদের জানাবো।

[হট্টগোল।]

অ্যাডজোর্নমেন্ট মোশন হয় না এইজন্য যে এটা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের হাতে নয়।

[হট্টগোল।]

শ্রীঅপূর্বলাল মজুমদার: ডেপুটি স্পীকার মহাশয়, এই ঘটনার পরে আমরা জানতে চাই যে সেখানে ছাড়পত্র দেওয়া হচ্ছে না, এমন কি ফরম দেওয়া বন্ধ করে দিয়েছে এই সংবাদ পৌঁছবার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্রীয় সরকারের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করেছিলেন? যদি না করে থাকেন তাহলে বিগত কয়েক দিনের অ্যাসেমব্লী সেশনে যত আমরা চোখের জল ফেললাম, ও'রাও দুঃখ প্রকাশ করলেন এবং বললেন সব ইজি হয়ে গিয়েছে এবং সেখান থেকে আনবার বন্দোবস্ত হচ্ছে, এই সব ফার্স করার কি দরকার ছিল? সংবাদপত্র এই সংবাদ বেরোবার সঙ্গে সঙ্গে ট্রাঙ্ক টেলিফোন করে তাঁরা কেন্দ্রের হোম মিনিস্টার কিম্বা ফরেন অফিসের সঙ্গে যোগাযোগ করে ফরম দেবার ব্যবস্থা কি করেছেন সেটা আমরা জানতে চাই। এই সভাতে ফার্স করতে আমরা আসি নি এবং এই রকমভাবে হিপোক্রাটিক অ্যাটিচিউড যেন তাঁরা না নেন।

[1-10—1-20 p.m.]

Shri Kamal Kanti Guha:

স্যার, এর একটা জবাব না পাওয়া পর্যন্ত আমরা অন্য আলোচনা করতে পারি না। মাইগ্রেশন ফরম দেওয়া বন্ধ হয়েছে কি না?

Shri Nikhil Das:

স্যার, তাঁদের জবাব দিতে হবে, তাঁরা খবর রাখেন কি না যে, মাইগ্রেশন সার্টিফিকেট দেওয়া বন্ধ হয়েছে। এ সম্পর্কে তাঁরা কেন্দ্রীয় সরকারকে কি বলেছেন এবং কি ব্যবস্থা অবলম্বন করেছেন এই কথা বলতে অসুবিধা কোথায়?

Shri Sailendra Nath Adhikary:

স্যার, কালকে আমি গেদে সীমান্তে গিয়েছিলাম আমি সমস্ত দেখে ও শুনে এসেছি। এই হাউসে কয়েকদিন আগে অ্যাডজোর্নমেন্ট মোশন-এর উপর আমাদের সমস্ত দলের তরফ থেকে উদ্বেগ প্রকাশ করা হয়েছিল, এবং তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন মাইগ্রেশন ব্যাপারটা যতদূর সম্ভব শিথিল করার ব্যবস্থা হচ্ছে। ওখানে গিয়ে আমি যা দেখলাম তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ৫।৭ টাকা দিয়ে, লজ্জার কথা, আমাদের ডেপুটি হাই কমিশনার অফিস-এ ফরম কিনতে হচ্ছে এবং সে টাকা দিয়েও পাওয়া যাচ্ছে না। এভাবে প্রায় ১০ হাজার লোক সেখানে ধর্না দিচ্ছে, এবং তাদের প্রতি রূঢ় ব্যবহার করা হচ্ছে এবং যদি কেউ বেনাপোল বা হরিদাসপুর ঘাটা এবং চাবড়ায় মাইগ্রেশন করে আসতে চায় তাহলে মাইগ্রেশন দেওয়া হবে না বলা হচ্ছে। আরো লজ্জার কথা যাদের হাত থেকে বাঁচবার জন্য এবং যারা পূর্ব পাকিস্তানে নারকীয় হত্যাকান্ড করছে তাদেরই উপর এর এনকোয়ারী এবং রিপোর্ট-এর ভার দেওয়া হয়েছে, আমাদের আরো লজ্জার বিষয় এই যে, এই সমস্ত লোকের উপর লাঠি চার্জ করা হচ্ছে এবং ঘর থেকে বের করে দেওয়া হচ্ছে। আমি মনে করি এটাতে আমাদের প্রতি, এই হাউসের উপর একটা রিফ্লেকশন এসেছে। সেজন্য আমি বলতে চাই যে, তাঁরা হয় এই সম্পর্কে একটা সিদ্ধান্ত ঘোষণা করুন, এবং কমলবাবু যেটা বললেন সেইভাবে চলুন, নতুবা আমাদের পক্ষে মনের মধ্যে এই রকম এ্যাংগুইশ রেখে সভার কাজ চলতে দেওয়া দুষ্কর হয়ে উঠবে।

Shri Nepal Chandra Roy:

স্যার, আমি বলছি আপনি যদি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেন তাঁরা কি স্টেপ নিয়েছেন মাইগ্রেশন সার্টিফিকেট সম্পর্কে সেই বিষয়ে একটা স্টেটমেন্ট করতে তাহলে আমরা সব কিছু জানতে পারি। এই ব্যাপারে বিরোধী দলের বন্ধুদের যে স্বার্থ আমাদেরও সেই স্বার্থ—আমরা সকলেই চাই একটা স্পেসিফিক অ্যাকশন নেওয়া হোক, আমরা খালি মুখের কথা শুনতে চাই না হাজার হাজার মানুষ প্রাণের ভয়ে সেখান থেকে চলে আসবার চেষ্টা করছে, কিন্তু ফলে পাচ্ছে লাঠি। আমরা চাই এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা হোক।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা সেন্ট্রাল গভর্নমেন্ট-এর নীতির ব্যাপার। সেখানে কি হচ্ছে না হচ্ছে সে সম্পর্কে আমাদের এখান থেকে সব সময় খবর নেওয়া সম্ভব হয় না। তবে আমরা সংবাদ সংগ্রহের জন্য চেষ্টা করছি, দিল্লীর সঙ্গে যোগাযোগ করে আমরা সংবাদ নেবার চেষ্টা করছি। আমরা সংবাদ পেলে আপনাদের জানাব।

The Hon'ble Jagannath Kolay:

স্যার, আমি একটু বলতে চাই। আমি এটা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে বলেছিলাম। তিনি বললেন এটা রেফার করছি গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার কাছে। যে মুহূর্তে উনি খবর পাবেন সেই মুহূর্তেই জানাবেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Deputy Speaker: The Minister-in-charge of Excise Department is to make a statement on the subject of effect of scarcity of alcohol on industries in West Bengal. Attention was drawn by Shri Sanat Kumar Raha on the 14th February, 1964.

The Hon'ble Iswardas Jalan: Sir, on the question of scarcity of alcohol I am making the following statement:

A serious crisis in the supply of alcohol developed all over the country, particularly in West Bengal, towards the end of July, 1963. The scarcity is still continuing.

The production of sugar, and therefore of molasses, which is the basic raw material for the production of alcohol, fell in the crushing season 1962-63. This led to a fall in the production of alcohol in the country. During the first half of 1963, both molasses and alcohol were exported abroad for earning foreign exchange. Meanwhile, in April, 1963, the synthetic rubber plant in U.P. went into production. Its requirement is reported to be of the order of one crore and 20 lakh gallons per year. This vast and abrupt increase in the internal demand with a reduced availability for internal consumption seemed to have been responsible for the sudden development of the scarcity of alcohol in the country.

As soon as the crisis started, the State Government approached the Government of India for the stoppage of export of alcohol and molasses from the country and for arranging a planned distribution of surplus available in the various States to West Bengal and other deficit States. Export of alcohol is understood to have been stopped from June, 1963, and export of molasses from the northern States was also stopped about the same time. But molasses continued to be exported from the southern ports of Madras and Virag. The State Government has, however been urging the Government of India to stop export of molasses altogether till the internal demand is fully met.

As West Bengal is highly deficit in molasses, the distilleries in this State have practically been dependant upon the supply of surplus molasses from the neighbouring State of Bihar. In 1963 Bihar could spare for this State only about 50,000 maunds, as against about 6 lakh maunds allotted in the year immediately preceding. In this situation, the distilleries in West Bengal did not have the necessary raw material for full production in

1963. In 1964 the Government of Bihar has intimated that the State has no surplus at all. With the meagre supply available within this State, only a portion of the installed capacity of our distilleries is being worked, pending receipt of molasses from Madras, which the Government of India has just allotted to West Bengal.

West Bengal's annual requirement of alcohol for industrial use only has been of the order of 53 lakh gallons and the demand is increasing with the progress of industrialisation and larger output by the already installed industries. As the State is highly deficit in molasses even for its five distilleries in commission, almost the entire quantity of industrial alcohol used to be imported from U. P. and Bihar. With the beginning of the crisis, import from Bihar and U. P. was very much restricted, with the result that the alcohol-based industries in West Bengal were threatened with closure. In fact, in certain sectors there was a partial laying off of labour and the Polythene factory at Rishra, which is the largest single consumer of alcohol in the State, requiring 35 lakh gallons of specially denatured absolute alcohol per annum, was closed down for about a month and a half.

So long as the supply of alcohol was plentiful, the industrial and other consumers got their supplies through normal trade channels and the administration did not come into the picture at all, except to the extent of issuing the import passes necessary under the rules for importing alcohol into this State.

[1-20—1-30 p.m.]

When the crisis developed and the alcohol-based industries of the State were threatened with closure, leading to a bad jolt to the State's economic advancement and to large-scale unemployment, the administration took upon itself the duty of securing supply of alcohol from other States and arranging a regulated distribution thereof equitably amongst the industrial consumers at a reasonable price. In doing so, priority has been given to hospitals, educational institutions, defence installations, research and analytical purposes and for the pharmaceutical industry. Even with the available restricted supply, it has been possible to meet the demands of these priority consumers in full, on the basis of the actual consumption in 1962, but not for further expansion. The demand of other industries such as paints, varnishes, solvents, soap, etc., is being met only up to about 30 per cent. The demand of small industrial users like cabinet makers, manufacturers of sport goods, umbrellas, musical instruments, leather goods and the like is also being met to the extent of about 20 per cent. The strain felt by this third group, viz., the small industries, is, however, more acute than the available supply would seem to justify. The reason for this is that these small consumers are unlicensed and unidentified and have all along depended on the open market and are mixed up with the also purchasers for illicit distillation, who are ready to pay any fancy price for ordinary denatured spirit, commonly known as methylated spirit. In order, therefore, to isolate these unidentified small consumers, Government are now considering a scheme of licensing them. Their number is roughly estimated at over 5,000 in Calcutta only, and if these can be brought under the scheme of regulated distribution at a reasonable price, their share of supply is expected to increase.

I should mention in this connection that the administration has already taken advantage of ths existing associations of the bona fide small consumers

of alcohol. For instance supply for the private practitioners all over West Bengal has been arranged through the Indian Medical Association and through the agency of some reputed retail alcohol dealers in Calcutta so that every registered practitioner gets a bottle at a time from one or the other of these sources. Similarly, a large number of cabinet dealers are getting their supplies of ordinary denatured spirit at a reasonable price through the Cabinet Makers' Associations already in existence. Supply in terms of bottles for the bona fide small consumers has also been arranged through the Chemists and Druggists Association in Calcutta to relieve the hardship of the small consumers. I am happy to say that the alcohol distributed through these agencies is reported to be selling at a reasonable price. It is only in the residual open market that exorbitant prices are being charged by unscrupulous dealers, who are assured of any high price from the illicit distillers. The activities of these unscrupulous dealers is expected to be further curbed by the proposed expansion of the scheme of regulated distribution and by a screening of the existing licensed vendors at the time of the renewal of their licenses for the year 1964-65.

Supply of alcohol being restricted and rather irregular, Government are not in a position to introduce a full-fledged scheme of rationing of alcohol for the small industrial users and the bona fide domestic consumers. And obviously because of this limitation of availability, though the scheme of controlled distribution has secured sale at a reasonable price of more than 90 per cent of the total available alcohol, sky-rocketting prices in regard to a portion of the remaining 10 per cent. may not be fully eliminated, for, at the domestic consumption level, it is well-nigh impossible to tell the bona fide domestic consumer from the illicit distiller.

So far as the industrial areas of 24-Parganas, Howrah and Hooghly are concerned, the licensed industrial consumers, large, medium and small, are getting their supplies under the scheme of regulated distribution. In other districts, the problem of industrial users practically does not exist, but the demands from these districts for small industrial use and domestic consumption are also being met to the extent availability permits.

In short, the arrangement for distribution made so far is for a proportionate sharing by the bona fide consumers of the scarcity that prevails.

The main problem, however, is of procuring alcohol in larger quantities from the surplus States, so as to maintain the continuity of supply to meet at least the demand of the essential services and of the installed capacity of the industries for the level of production already reached by them. This matter is seriously engaging the attention not only of the State Government but also of the Centre, and it is hoped that the Centre will be able to evolve a scheme of planned distribution of alcohol amongst the various States with due regard to the requirement of each, in consultation with the States, surplus and deficit in alcohol and molasses. The situation in West Bengal is grave no doubt but it is also an all India problem and we hope that with the co-operation of the Centre and the surplus States it will be dealt with adequately. The Central Government has arranged a meeting of the Excise Ministers of the surplus and deficit States on the 29th February next to discuss the question.

Mr. Deputy Speaker: I have received four notices of Calling Attention on the following subjects:

(1) Non-availability of 'Kishalaya' and other books published by D.P.I.—by Shri Rabindra Nath Mukhopddhyay,

(2) Police repression and assault on a Medical Officer in C.I.T. area on the 13th February, 1964—by Shri Lakshmi Ranjan Bose, Shri Monoranjan Bakshi, Shri Bejoy Kumar Banerjee and Shri Birendra Narayan Roy.

(3) Repair of Ghatal-Panskura Road—by Shri Mrigendra Bhattacharyya, and

(4) Total stoppage of distribution of Migration Certificate forms by the Office of the Indian Deputy High Commissioner, Dacca—by Shri Nathaniel Murmu.

I have selected the notice of Shri Rabindra Nath Mukhopadhyay on the subject of non-availability of 'Kishalaya' and other books published by D.P.I. The Hon'ble Minister will please make a statement or give a date for making a statement.

The Hon'ble Sowrindra Mohan Misra:

বৃহস্পতিবার।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি : স্যার, হোয়াট অ্যাবাউট আওয়ার নোটিস অফ অ্যাডজর্নমেন্ট। একজন বাঙালী ডাক্তারকে মারল, তার ব্যবস্থা হবে না? আমরা জানতে চাই কি ব্যবস্থা এ বিষয় হবে? আমি একটা নোটিস অফ অ্যাডজর্নমেন্ট দিয়েছি যে একজন বাঙালী ডাক্তারকে পুলিশ ব্যাটন দিয়ে মারলে এম এল এ-রা দেখেছেন, তার একটা রিপোর্ট যদি আমরা না পাই তাহলে এখানে এসে লাভ কি? আমাদের ২ জন মেম্বার-এর উপস্থিতিতে এবং ২০০ লোকের সামনে ঘটনা ঘটেছে। একজন ভাল বাঙালী ডাক্তার হাসপাতাল থেকে যাচ্ছে পুলিশ ওপেনলি সি আই টি বোড-এর উপরে যদি মারে তার আলোচনা যদি না হয় তাহলে এখানে এসে লাভ কি?

মিঃ ডেপুটি স্পীকার : গভর্নরস স্পীচ-এর উপর ডিবেট-এর সময়, বাজেট পাশের সময় কাট মোশন-এর উপর আলোচনার সময় এসব বিষয় উত্থাপন করার সুযোগ রয়েছে।

দি অনারেবল জগন্নাথ কোলে: আমরা অনেক টাইম নষ্ট করেছি বলে গনেশবাবুকে বলেছি যে আমরা যদি একটু বেশী বলি তাহলে ভাল হয়, কারণ তাহলে অনেকে বক্তৃতা করতে পারেন।

Discussion on Governor's Address

[1-30—1-40 p.m.]

Shri Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that there is no mention of—

(1) bringing in a comprehensive Land Reforms Bill to do away the ill-effects of the existing Land Reforms Bill;

(2) an effective policy in the matter of granting sufficient rural credit in convenient term;

(3) a policy of price support to guarantee fair price to the peasant producers."

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে বিতর্কে অংশ গ্রহণ করে বিশেষ করে একটা বিষয়ের প্রতি আলোচনা সীমাবদ্ধ রাখবো তা হল কৃষি উৎপাদনের বিষয়, কারণ এটা হচ্ছে বর্তমান অর্থনীতির ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে দেখা দিয়েছে এবং রাজ্যপাল মহাদয়া তাঁর ভাষণে তা উল্লেখ করেছেন

My Government has given the highest priority to agriculture because in an under-developed country like ours a sound agricultural base is essential.

কিন্তু আমি বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করলাম এটুকু উল্লেখ করা ছাড়া এ ভাষণে আর কিছু নেই। এখানে এক জায়গায় বলা হয়েছে এবং তাতে আত্মসন্তুষ্টি প্রকাশ করা হয়েছে যে এই বৎসর ৪৮ লক্ষ মণ আমন পাওয়া যাবে। গত বৎসর ৩৯ লক্ষ টন আমন পাওয়া গেছে এবং মাননীয় মুখ্য-মন্ত্রী স্বীকার করেছিলেন ২২ লক্ষ টন ঘাটতি হয়েছে, তাই এবার ৪৮ লক্ষ টন চাল হয়েছে, এবং অন্য রকমে ঘাটতির কোন কারণ নেই, কিন্তু ঘাটতির পরিমাণ যা দাঁড়িয়েছে এরিথমেটিক অনুসারে, তা হল ১৩ লক্ষ টন। এ বৎসর না হয় অন্য বৎসরের চেয়ে ভাল ফসল হয়েছে, কিন্তু খবর নিলে দেখা যাবে এমন বছর নেই—এই গত ১৩ বৎসরের মধ্যে যে বৎসর পশ্চিমবাংলা তার নিজের প্রয়োজন মত খাদ্য উৎপাদন করতে পেরেছে, সেজন্য বাম্পার ক্রপ-এর কথা বলা হয়। এই বাম্পার ক্রপ সম্বন্ধে খাটতি হচ্ছে, এবং এ ঘাটতি সারা ভারতের ক্ষেত্রেও প্রযোজ্য, শুধু কৃষির ক্ষেত্রে নয়, গোটা পরিকল্পনা একটা বিপর্যয়ের মুখে এসে দাঁড়িয়েছে এবং অত্যন্ত মন্থর গতিতে চলেছে। গত ১০ বৎসরের গড়পড়তা দেখা গেছে কৃষি বৃদ্ধির হার হচ্ছে ১·৫—যেটা জনসংখ্যা বৃদ্ধির হারের চেয়ে অনেক কম। সেজন্য আমাদের সমগ্র অর্থনীতিতে কৃষির গুরুত্ব অনেক বেশী। সেজন্য কৃষির মন্থরতার জন্য পরিকল্পনার গতিও মন্থর হচ্ছে। ১৯৬০-৬১ সালে দেখা গেছে তৃতীয় পরিকল্পনার প্রথম বছরে আমাদের উন্নতির বা বৃদ্ধির হার ২·১ এবং তার পরের বৎসর হয়েছে মাত্র ৩ অথচ অন্তত পক্ষে হওয়া উচিত ৫, সেজন্যে আজকে সমস্ত অর্থনীতিবিদরা গভীরভাবে এটা চিন্তা করছেন, এর কোন সমাধান না হলে জাতির অর্থনৈতিক অগ্রগতি সম্ভব নয়। আমাদের এই সম্পর্কে আলোচনা যখন হয় তখন সরকারপক্ষ থেকে চীনের বা সোভিয়েটের একটা বিশেষ সময়ের অবস্থার কথা উল্লেখ করে নিজেদের ডিফিটিং পয়েন্ট যেটা তা স্কোর করবার চেষ্টা করেন। এইভাবে ডিফিটিং পয়েন্ট স্কোর করে লাভ নেই। সেইজন্য আমাদের দেশের আর্থিক অবস্থা ফর টু সিরিয়াস, সেজন্য সেটাকে গভীরভাবে চিন্তা করে দেখতে হবে, এটা অনুধাবন করে দেখতে হবে যে এর মূলে গলধ কোথায়। এই প্রসঙ্গে যখন আলোচনা করা হয়, তখন সরকার পক্ষ থেকে ফিরিস্তির পর ফিরিস্তি দেন গত ১৩ বৎসরে তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং ৩য় পরিকল্পনার বছরে কোন খাতে কত টাকা তারা ব্যয় করেছেন। কিন্তু এ ফিরিস্তি দিয়ে লাভ নেই, যা মৌলিক সত্য, নির্মম কঠোর সত্য তাকে অস্বীকার করা যায় না। এই সমস্ত ব্যয় করা সত্ত্বেও কৃষির কোন উন্নতি হয় নি। এখনও এর মধ্যে দিয়ে আমরা কিছু লাভ করি নি। যেটা মূল গলদ সেটা দূর করা দরকার। সার, বীজ কৃষি যন্ত্রপাতি ও বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষির উন্নতি করা দরকার। এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়। তাহলে এই সমস্ত বিষয় কার্যকারিতা নির্ভর করে। যে মানুষ সাক্ষাতভাবে জমিতে ফসল ফলায়, সেই মানুষের কর্মশক্তির, উৎসাহ উদ্দীপনার উপর এবং সেজন্য ভূমিসংস্কারের কথা সম্বন্ধে এর আগে অনেকে বলেছেন একটা বিশেষ সমাজ ব্যবস্থার উপর এটা নির্ভর করে। সেই সমাজব্যবস্থা হলো মানুষকে প্রধানত কৃষির উৎপাদন করতে হবে। তার অবস্থার ভেতর দিয়ে তার কৃষি উৎপাদন করতে হবে এটাই হচ্ছে তার প্রধান লক্ষ্য। সেখানে দেখা যাচ্ছে আজকে ভারতবর্ষের কৃষি উৎপাদন ১৯৬১ সালের সেন্সাস রিপোর্ট যা, সে সম্বন্ধে কিছু বেরয়নি। ১৯৫১ সালের যে রিপোর্ট তা সকলেই জানেন। তখন যে হিসাব ছিল তাতে দেখতে পাওয়া যাচ্ছে যে ৭ লক্ষ পরিবারের স্ত্রী পুরুষ খেত মজুরের কাজ করত তারা প্রায় সকলে ভূমিহীন ও সাড়ে ৬ লক্ষ হলো রায়ত, এরাও ভূমিহীন, এদের অধিকাংশই ভাগচাষের কাজ করতেন, এরকম প্রায় ১১ লক্ষ পরিবার ছিল যাদের জমি ২ একরের কম। এই প্রায় ২৪ লক্ষ পরিবার অর্থাৎ মোট যারা কৃষির উপর নির্ভরশীল তাদের প্রায় শতকরা ৭৫।৮০ ভাগ এরাই সাক্ষাতভাবে জমিতে ফসল ফলায়। এদের অবস্থা আজ কোথায় এসে দাঁড়িয়েছে? কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার থেকে এদের অবস্থা সম্বন্ধে অনুসন্ধান করে একটি রিপোর্ট প্রকাশ করা হয়েছে। সেই রিপোর্টে বলা হয়েছে যে এদের বেকারত্ব বাড়ছে এবং আয় কমছে। শুধু তাই নয়, অক্সফোর্ড ইউনিভার্সিটির কৃষি ও অর্থনীতি বিষয়ে বিশেষজ্ঞ এই কিছুদিন আগে ১৯৬৩ সালের ডিসেম্বর মাসে প্রকাশিত ক্যাপিটাল মবিগ্রার অ্যানুয়াল নাম্বার—সেটা পড়লে বুঝতে পারবেন সেখানে তিনি বলছেন যে কৃষিতে নির্ভরশীল লোকের ভিতর তারা বছরের প্রায় ওয়ান থার্ড টাইম আন-এমপ্লয়েড থাকে এবং আন্ডার এমপ্লয়মেন্টের সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে। ভাগচাষীদের অবস্থা কি রকম দেখুন, জমি পাওয়া তো দূরের কথা—আজ বহু ভাগ চাষী তারা আগে যে জমি পেতেন—ভূমি সংস্কার

টাকা দেওয়া হয় চীপ রেট-এ যাতে তারা সেটা কাজে লাগিয়ে সত্যিকারে মুনাফা করতে পারে; এভাবে দফায় দফায় টাকা দেওয়ায় তাদের সত্যিকারের কোন ইমপ্রুভমেন্ট, রিহেবিলিটেশন হয় না। আগেকার দিনে যে নীতিতে কাজ চলত সেই নীতি পরিবর্তন করার জন্য আজ পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। ইংরাজ চলে গিয়েছে, কিন্তু এখনো পর্যন্ত পুরানো ম্যানুয়ালই রাইটার্স বিল্ডিংস-এ রয়ে গিয়েছে। একজন দরদী মন্ত্রী আমাকে একবার বলেছিলেন, বিনয়বাবু, আপনি বলছেন বটে, কিন্তু আপনার এই জিনিসটা হতে দেড় বৎসর লাগবে। রাইটার্স বিল্ডিংস-এর খোপে খোপে যেসব পুরানো ম্যানুয়াল রয়েছে তাতেই এখনো কাজ চলছে, কেন সেগুলির পরিবর্তন করা হবে না, হয় না বুঝতে পারছি না। দ্বিতীয়ত, আজকে সবচেয়ে বেশী যার প্রয়োজন, সেই ভাগচাষী, ক্ষেতমজুর, দরিদ্র চাষী যাদের জমি নাই তাদের একটু সুবিধায় ঋণদেওয়া। আমি গভর্ণমেন্ট-এর বিভিন্ন রিপোর্ট দেখেছি, কিন্তু কোথাও একথার উল্লেখ নাই। তাদের কেন দেওয়া হবে না? আপনারা হয়তো বলবেন তারা নিতে চায় না, কিন্তু সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে, সমস্ত মানুষের সঞ্চিত ১৭০০ কোটি টাকা মুষ্টিমেয় কয়েকজন পারে, স্থানীয় মহাজনরা যদি তাদেব ফসলের উপর দাদন দিতে পারে তাহলে সরকার কেন তাদের ফসলেব উপর দাদন দিতে পারবেন না? কোথায় বাধা? আমাব মনে হয় এ দিকটা ভালো করে চিন্তা করে দেখা হয় নি। তারপর, ১,৭০০ কোটি টাকা টোট্যাল ব্যাঙ্ক ডিপোজিট; আমি একটা হিসাব নিয়ে দেখেছি যে, এর মধ্যে ৪ পার্সেন্ট টাকা মাত্র কৃষকেরা পায়। বড় বড় ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কর্পোরেশন যাদের জন্য বহু বাজার খোলা আছে তারাই বাকীটার বন্দোবস্ত করে নেয়, আর যারা দেশের দরিদ্রতম অংশ, যারা ঋণের উপর নির্ভরশীল তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে, সমস্ত মানুষের সঞ্চিত ১-৭০০ কোটি টাকা মুষ্টিমেয় কয়েকজন গ্রাস করবার জন্য উদ্যত হয়ে আছে। মুন্দ্রার কেসে এই জিনিসের প্রমাণ হয়ে গিয়েছে। আমি দেখে অবাক হয়ে গেলাম, এবার রিজার্ভ ব্যাঙ্ক-এর অ্যাডভান্স ব্যাপারে কোথায় টাকার অঙ্ক বাড়ান হবে, তা না করে ১০ পার্সেন্ট কাট করা হয়েছে। আমি সমবায় সংক্রান্ত ব্যাপারে বিস্তৃতভাবে এখন কিছু বলতে চাই না, তবে একটা কথা বলব যে, আমাদের বর্ধমানের একটা সমবায় কৃষি সমিতি ২২ বার ভারত সরকার এবং পশ্চিমবাংলা সরকারের প্রাইজ পেয়েছে ভালো উৎপাদনের জন্য। জমি না এরকম ১০-১২ জন একত্র হয়ে ১০-১২ বৎসর আগে একটা কো-অপারেটিভ তৈরী করে এবং তারা ভালো ফসল তৈরী করতে আরম্ভ করল।

[1-50—2 p.m.]

কো-অপারেটিভ আইন এবং এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আইন অনুযায়ী কো-অপারেটিভ একটা ইউনিট, অতএব তাকে ৬।৭০০ বিঘার মালিক হিসাবে তার উপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বসান হোল। এ নিয়ে বহুবার বলা হয়েছে, এর যৌক্তিকতা সকলে স্বীকার করেছেন এবং একে সংশোধন করবার জন্য বিল আনার কথা পর্যন্ত বলা হয়েছে। কিন্তু কোন ব্যবস্থা হোল না। এখন প্রশ্ন হোল এঁরা কেন আসবে? যারা ব্যক্তিগতভাবে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর আওতায় আসে না তারা যদি কো-অপারেটিভ তৈরী করে, অর্থাৎ ৩০-৩৫ জন লোক একত্রিত হয়ে যদি একটা কো-অপারেটিভ তৈরী করে তাহলে তাদের যৌথ হিসেবে ধরে নিয়ে তাদের উপর ১ লক্ষ টাকা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ধরা হোল। কিন্তু সেটা দেবার সাধ্য তাদের নেই। এই জিনিস যদি চলতে থাকে তাহলে কি করে চলবে? এই নিয়ে বহুবার রিপ্রেজেন্টেশন দেওয়া হয়েছে এবং ভূতপূর্ব মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এর যৌক্তিকতা স্বীকার করে নিয়ে বলেছিলেন এটা আমরা করব। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। আজকে যদি তাদের সমস্ত জমি নিলামে ওঠে তাহলে কি কেউ কো-অপারেটিভ করবে, কেউ কি আপনাদের এই আইনের ফাসে নিজের গলা বাড়িয়ে দেবে? যা হোক, কো-অপারেটিভ আইন কোথাও আমার ভালভাবে দেখছি না। এবারে আমি অন্য বিষয় সম্বন্ধে বলব এবং সেটা হচ্ছে দর সমস্যা। দর সমস্যা আজকে শুধু কৃষকের নয়, এটা গোটা ভারতবর্ষের সমস্যা। স্যার, ভারতবর্ষের রপ্তানী পণ্যের এবং কৃষিজাত পণ্যের সম্বন্ধে ইউ এন ও-র রিপোর্টে আছে যে, গত ৭-৮-১০ বছর ধরে পশ্চাতপদ দেশগুলি যে জিনিস রপ্তানী করে তার দর ক্রমাগত কমছে এবং

আমরা যে জিনিস আমদানী করি তার দর ক্রমাগত বাড়ছে। এই যে শাঁখের করাত তার মধ্য দিয়ে তারা লাভ করছে এবং এর মধ্য দিয়ে সাম্রাজ্যবাদী শোষণের একটা নূতন রূপ ফুটে উঠেছে। তারা লোন দিয়ে নাম কেনে—অর্থাৎ এটা হচ্ছে মাছের তেলে মাছ ভাজা। তারা এখান থেকে যে পরিমাণ টাকা শুষে নিয়ে যায় তার একটা সামান্যতম ক্ষুদ্র ভগ্নাংশ দিয়ে তারা নাম কেনে যে, পশ্চাতপদ দেশগুলির জন্য আমরা কতই না করছি। তারা যে লোন দেয় সেটা তারা দেয় তাদের মার্কেট এক্সপ্যানসন-এর জন্য। যা হোক, এখন কথা হচ্ছে যে, ভারতের জাতীয় স্বার্থে, ভারতের কৃষিজাত পণ্যের দর আন্তর্জাতিক বাজারে যাতে সঠিকভাবে পায় তার জন্য যেমন সংগ্রাম করবার প্রয়োজনীয়তা আছে ঠিক তেমনি ভারতবর্ষের বড় বড় শিল্পপতিদের স্বার্থে আমাদের দেশের কৃষকরা যে ন্যায্য দর পায় না তার জন্যও সংগ্রাম করবার প্রয়োজনীয়তা আছে। এ ব্যাপারে আখ এবং পাটের কথা বলা যায়। তারপর, এবারে যে খাদ্য নীতি ঘোষণা করা হয়েছে তাতে দেখছি বড় বড় আড়তদারদের এবং মিল মালিকদের অনেক লাভ দেওয়া হয়েছে। বড় বড় আড়তদারদের এবং মিল মালিকদের কিছু লাভ থাকুক, কিন্তু তাদের মুনাফার পরিমাণ কিছুটা কমালে কৃষকদের আরও এক-দেড় টাকা বেশী দিতে পারতেন। তারপর, স্যার, এঁরা ইনসেন্টিভ-এর কথা বলেন। বড় বড় শিল্পপতিদের ইনসেন্টিভ দরকার, বিদেশী মালিকদের ইনসেন্টিভ দরকার এবং তার জন্য বার বার কনস্টিটিউশন পর্যন্ত চেঞ্জ করা হয়। তাদের জন্য নানারকম ব্যবস্থা করা হয়, তাদের গ্রেটেস্ট ইনসেন্টিভ দেওয়া হয়। কিন্তু আমাদের দেশের এই ৭২ ভাগ কৃষকের জন্য কিইনসেন্টিভ প্রাইস-এর প্রয়োজনীয়তা নেই? কেন এটা দেওয়া হবে না? এটা যদি না দেওয়া হয় তাহলে কিছুতেই কিছু হবে না এবং সেই জন্য বলছি প্রাইস পলিসি গভর্নমেন্টের একটা মস্ত বড় জিনিস। কিন্তু সাম্রাজ্যবাদী শোষণ এবং দেশের শিল্পপতিদের শোষণের পক্ষে যেতে হলে এইরকম প্রাইস পলিসিই হয়। তারপর, সেচ সম্বন্ধে অনেক সময় দীর্ঘ আলোচনা করেছি, কাজেই তা নিয়ে এখন আর সময় নেব না।

কয়েকটি জিনিস এখন উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে বর্তমানে সেচের জল যেটুকু দিতে পারছেন তাতেও বহু ত্রুটিবিচ্যুতি আছে, যতটুকু দিতে পারতেন তাও দিতে পারছেন না, ত্রুটি-বিচ্যুতি আছে সেটা আলাদা কথা, কিন্তু অপচয় হচ্ছে একমাত্র সেচ-ক্যানেল নেই বলে। এটা ইউ এন ও-এর যারা বড় বড় এক্সপার্ট তারাও স্বীকার করেছেন। শুধু দুর্গাপুর থেকে জল ছেড়ে দিলেন তারপর হিসাব করে বলে দিলেন এত কিউসেক জল দিয়েছি এবং এত একরে জল দিয়েছি সেটা হবে না। সেই জল কোথায় গেছে। সেই জল রেল লাইনের ধার দিয়ে বয়ে চলে গেছে না মাঠে গিয়ে পৌঁচেছে, সেটা দেখা দরকার। মাদ্রাজে যাঁরা গেছেন তাঁরাই জানেন প্রত্যেক জমিতে কেমন করে আলের ধারে ধারে সেখানে জল দেবার ব্যবস্থা করা হচ্ছে। এখানে বলা যেতে পারে যে একটা ফাঁক দেওয়া হচ্ছে এবং সেটা হচ্ছে এটা ডি ভি সি করবে, না ওয়েস্ট বেংগল গভর্ণমেন্ট করবে না কি শেষ পর্যন্ত পঞ্চায়েতের মাধ্যমে কৃষকরা নিজেরা করবে এর নাম করে যেটার জন্য ৫৮ কোটি টাকা ব্যয় হবে যাতে অন্তত আরও ২০-২৫ হাজার একর জমিতে জল দেওয়া যাবে এবং ছোট ছোট শিল্পাঞ্চলের জন্য বিদ্যুৎ দেওয়া যাবে, সেই জিনিস অসমাপ্ত রেখে, দুনিয়াকে দেখান হচ্ছে আমরা সেচের ব্যবস্থা করেছি। এই যে অপচয় এটা বন্ধ হওয়া দরকার। পশ্চিমবঙ্গের হাতে যে সেচ ব্যবস্থা দেখছি তাতে এই জল সীমাবদ্ধ এবং সেখানে যাতে কোন অপচয় না হতে পারে সেটা দেখা দরকার, তার জন্য ব্যবস্থা করা দরকার এবং এজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যতটুকু দ্রুত করতে পারেন তার জন্য চেষ্টা দরকার। অন্য দিকে আর একটা গুরুতর সংবাদ কাল স্টেটসম্যানে হয়ত অনেকেই দেখেছেন, সেটা হচ্ছে—প্রস্তাবিত বোখারো স্টীল প্ল্যাণ্টের তেনুঘাট বলে একটা জায়গায় নূতন করে ড্যাম করবার চেষ্টা করছেন এবং তার মাধ্যমে দামোদর উপত্যকার প্রায় ১,১০০ কিউসেক জল পর্যন্ত সরিয়ে দেবেন। অর্থাৎ একেই-তো এক-পো দুধ পেলে ছেলে সবল হচ্ছে না, তার উপর এ থেকে যদি ১,১০০ কিউসেক জল সরিয়ে নেওয়ার ব্যবস্থা করেন তাহলে ত মারাত্মক অবস্থা হবে। এ নিয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকার একটা কমিটি করেছিলেন এবং তার রিপোর্ট-এ কিছুটা প্রকাশ হয়েছে, তাতে অন্তত ডঃ এন কে ঘোষ প্রভৃতি নদী বিশেষজ্ঞ যাঁরা ছিলেন, তাঁরা বলেছিলেন এর ফল অত্যন্ত ভয়াবহ হবে রূপনারায়ণ এবং হুগলির উপর এবং রবি তো কিছুই হচ্ছে না, রবির কথা ছেড়ে দিন, এমন কি খারিপ শস্য পর্যন্ত বিপন্ন হবে। সেজন্য এই গুরুতর ব্যাপার সম্পর্কে

যথেষ্ট সতর্কতা দরকার। তা ছাড়া বহু আলোচনা করে দেখেছি বিশেষ করে পশ্চিমবঙ্গে যেগুলি নদীর উপর সেচ পরিকল্পনা নিয়েছেন, সেটা যেহেতু বর্ষার সীমাবদ্ধ জলের উপর নির্ভর করে, হিমালয়ের বরফ গলা জল, পেরিনিয়েল সোর্স অফ ওয়াটার নেই, সেই জায়গায় বিশেষ করে একান্তভাবে নির্ভরশীল থাকলে সেচ ব্যবস্থা মোটেই কার্যকরী হতে পারে না। বিশেষ করে আমাদের যেখানে অনাবৃষ্টি হচ্ছে, সেখানে সব চেয়ে বেশী প্রয়োজন এখনি সাপ্লিমেণ্টারী মেজার হিসাবে টিউবওয়েল থেকে আরম্ভ করে অন্য সব কিছু পাওয়ার থেকে জল কিছু সংগ্রহ করা এবং সব মিলিয়ে একটা কম্প্রিহেনসিভ স্কীম করা যাতে একটা ফেল করলে আর একটা কাজে লাগান যেতে পারে। এইরকম একটা কম্প্রিহেনসিভ স্কীম করা দরকার। একথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

[2—2-10 p.m.]

ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে যে রকম আন্তর্জাতিক এবং আভ্যন্তরীণ ঘটনাবর্তের মধ্যে আমরা পড়েছি, প্রতিদিন যেরূপ উত্তেজনাপূর্ণ ঘটনা আমরা সংবাদপত্র মারফৎ পাঠ করছি, তাতে কারও পক্ষে নিশ্চিন্ত হয়ে সমস্ত কিছু বিচার-বুদ্ধি দিয়ে ধীরমস্তিষ্কে অগ্রসর হওয়া খুব শক্ত এবং আমার পক্ষেও হয়ত সেরকমই অবস্থা।

এই অবস্থায় মাননীয়া রাজ্যপালের ভাষণে যে ধৈর্য এবং সংযমের ব্যাপার আছে সেটা আমার কাছে অত্যন্ত মনোজ্ঞ মনে হচ্ছে এবং আমি সেজন্য রাজ্যপাল মহোদয়াকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তিনি আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন, আজকের দিনে সবচেয়ে বড় প্রয়োজন হচ্ছে সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধি এবং জনসাধারণের সকল অংশের ভাবগত সংহতি স্থাপন আজকের দিনে সর্বাপেক্ষা বড় প্রয়োজন। বিনয়বাবু যে উন্নতির কথা বললেন, খাদ্যশস্য বৃদ্ধির কথা বললেন, সেইসমস্ত বানচাল হয়ে যাবে যদি আমাদের দেশে আমরা এই সাম্প্রদায়িক সম্প্রীতি এবং শান্তিশৃঙ্খলা বজায় না রাখতে পারি। সেজন্য আজকে আমার যে নিবেদন রয়েছে তা শুধু এই বিষয়বস্তুর মধ্যে সীমাবদ্ধ রাখতে চাই। আমরা জানি, মাননীয়া রাজ্যপালের ভাষণের প্রথমে এবং শেষে এই কথা উল্লেখ করেছেন এবং তিনি বলে দিয়েছেন যে আজকে ভারতবর্ষে যে সাম্প্রদায়িক অশান্তি দেখা দিয়েছে তার মূল কারণ হচ্ছে এই যে, পাকিস্তান সুপরিকল্পিতভাবে কাশ্মীরের ঘটনা বিকৃত করেছিল এবং সেখানে অবিশ্রান্তভাবে সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টি করে ভারতবিরোধী যে অপপ্রচার করা হয়েছিল তার ফলে পূর্ব-পাকিস্তানের খুলনা, যশোরে হিন্দুদের উপর ব্যাপকভাবে আক্রমণ আরম্ভ হয়েছিল। এর মধ্যেই রাজ্যপাল মহোদয়ার যে নিন্দা সেটা নিহিত রয়েছে। অনেকে এখানে সমালোচনা করলেন যে, রাজ্যপাল তাঁর ভাষণে পাকিস্তান সম্বন্ধে নিন্দা করেন নি। কিন্তু আমি মনে করি, প্রথমে এই কথা স্মরণ করিয়ে দিয়ে রাজ্যপাল নিন্দা প্রকাশ করেছেন। অনেক সময় অশ্রুত ভাষণ মুখর হয়ে উঠে না বলা কথাই ফলপ্রসূ হয়। রাজ্যপালের ভাষার মধ্যে সেই নিন্দাই আজকে অত্যন্ত প্রকট হয়ে পড়েছে। আমাদের বিরোধী দলের যেসমস্ত সদস্য রয়েছেন, কমিউনিস্ট পার্টি যার মধ্যে সর্বাপেক্ষা বড়, তাঁরা একটা শান্তির আবেদন করেছিলেন—তার তারিখ হচ্ছে ১২ই জুন, ১৯৬৪ সাল সেখানে তাঁরা বলেছেন "আয়ুবচক্রের ইঙ্গিতে পূর্ব-পাকিস্তানের কোন কোন জেলায় সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা ঘটে। বলা বাহুল্য, উৎপীড়িত ও নির্যাতীত হন সংখ্যালঘু সম্প্রদায়ই। তার প্রতিক্রিয়ায় পশ্চিম বাংলার কোন কোন স্থানে বিশেষ করে কলকাতা ও তার আশেপাশে এই ধরনের গোলমাল সুরু হয়েছে।" কাজেই সাম্প্রদায়িক সংঘাতের যে পরিপ্রেক্ষিতে রাজ্যপাল মহোদয়ের যে ভাষণ, তার সঙ্গে কমিউনিস্ট পার্টির শান্তির আবেদনের মূল কথার কোন পার্থক্য নেই। কিন্তু পার্থক্য হচ্ছে, এখানে সেই শান্তির আবেদন এবং এখানে সেদিন যে মুলতুবী প্রস্তাব আনয়ন করা হয়েছিল এবং এখানে বিরোধী দলের মাননীয় নেতা জ্যোতিবাবু যে ভাষণ দিয়েছেন তার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারকে দায়ী করা হয়েছে। এই যে লিফলেট যেটা ছাড়া হয়েছে তাতে বলা হয়েছে—"পশ্চিমবঙ্গ সরকার সুরু হতে যদি সজাগ দৃষ্টি রাখতেন তা হলে আজকের দিনে এই অবস্থায় কিছুতেই পেঁছাত না।" তারপর বলেছেন—"পশ্চিমবঙ্গের নাগরিকদের শুভবুদ্ধির নিকটে আমরা আবেদন জানাচ্ছি যে, তাঁরা এই ব্যাপারের পরিসমাপ্তি ঘটাইবার জন্য একান্তভাবে চেষ্টা করুন।" মাননীয় জ্যোতিবাবু

বলেছেন, পুলিশ দুর্বৃত্তদের ধরে রাখলেন না। স্যার, আমার মতে দুর্বৃত্ত তিন ধরনের—এক হচ্ছে স্বভাব দুর্বৃত্ত, আর এক হচ্ছে অভাব দুর্বৃত্ত এবং তৃতীয় হচ্ছে ভাব দুর্বৃত্ত। স্বভাব দুর্বৃত্ত সম্বন্ধে আমরা জানি—পুলিশের খাতায় তাদের লিস্ট থাকে। অভাব দুর্বৃত্তরা চারিদিকে ছড়িয়ে আছে—যখনই কোন গোলমাল হয়, সেই বেচারারা এগিয়ে এসে নিজেদের কিছু সুবিধা করার চেষ্টা করে—তাদের ধরলে জাতির বৃহত্তর অংশকে তা হলে ধরে রাখতে হয়। কিন্তু ভাব দুর্বৃত্ত যারা তারা রাজনৈতিকভাবে প্রণোদিত হোক, সাম্প্রদায়িকভাবে প্রণোদিত হোক, কিংবা সাময়িক উত্তেজনায় প্রণোদিত হোক, তারা যদি অন্যায় কাজ করে তা হলে কোন সরকারের সাধ্য নেই পূর্বে থেকে তাদের বাধা দিতে পারেন। কমিউনিস্ট পার্টি শান্তির আবেদনে তাদের কথা লিখেছেন—"আজ ঝোঁকের বশে যে কাজ করা হয়েছে, অবস্থা শান্ত হবার পর ধীরভাবে চিন্তা করলে যাঁরা ঝোঁকের বশে কাজ করেছেন, তাঁদের লজ্জিত ও অনুতপ্ত হতে হবে, তাতে এতটুকু সন্দেহ নেই।" কাজেই এই ঝোঁকের বশে যাঁরা কাজ করেন তাঁদের আটক রাখা কোন সরকারের পক্ষে সম্ভব নয়। আমরা নিজেরা দাঙ্গা-হাঙ্গামার সময় কলকাতা ঘুরে দেখেছি, আমাদের যেসমস্ত ছোট ছোট ভাই রয়েছে, তারা কি উত্তেজনার মধ্যে এগিয়ে গেছে এবং অত্যন্ত লজ্জার কথা, দুঃখের কথা, তাঁরা বলেছেন যে, আপনারা শান্তির কথা বলছেন, কিন্তু আমাদের যারা আত্মীয়স্বজন রয়েছেন পাকিস্তানে, আমাদের মা, বোন, ভ্রাতা ভগ্নী রয়েছেন তাঁদের কথা কি আপনারা চিন্তা করেছেন ?

আজকে এই ঝোঁকের বশে তারা এগিয়ে থাকে—সেটা কমিউনিস্ট পার্টিও স্বীকার করেছেন—তাই আজকে শুধু সরকারকে দোষী করলে চলবে না। রাজ্যপাল তাঁর ভাষণে যে আবেদন জানিয়েছেন, আমি আশা করব, শুধু কমিউনিস্ট পার্টি কেন, দেশের প্রত্যেকটা মানুষ তাতে সাড়া দেবে। এবং তাতে মানুষের শুভবুদ্ধির উদয় হবে ও সাম্প্রদায়িক ভাবগত সংহতির মধ্য দিয়ে আমরা আমাদের দেশকে আরও শক্তিশালী করতে পারি, সেদিকে নজর দেব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশ্ন জাগে যে, কিভাবে আমরা এই কাজ করতে পারি। আমরা জানি, দেশ বিভাগ হয়ে গিয়েছে এবং এর জন্য অনেকে অনেক কথা উল্লেখ করেছেন। মাননীয় কাশীকান্ত বাবু কংগ্রেসকে দায়ী করেছেন অবশ্য তিনি কমিউনিস্ট পার্টিকেও ছাড়েন নি, কিন্তু আমরা জানি কংগ্রেস প্রথম থেকেই এই দেশ বিভাগের বিরোধী ছিল, কিন্তু ঘটনার আবর্তে পড়ে ঐ দেশবিভাগ করতে বাধ্য হয়েছিল। আজকে দেশের যারা পুরানো দিনের কথা স্মরণ করছেন, যাঁরা সেই সমস্ত লিপিবদ্ধ করেছেন, এইরকম একটা বৈদেশিক ঐতিহাসিক মিঃ লাম্বিল, তার যে গ্রন্থ "ট্রান্সফার অফ পাওয়ার ইন ইন্ডিয়া" তাই থেকে একটা অংশ উদ্ধৃতি করে শোনাচ্ছি। তিনি বলেছেন,

The All-India Congress Committee likewise accepted the plan in a resolution which was ditsinguished by its freedom from provisos and qualifications. It did, however, contain an eloquent provision of faith in India's essential unity and her ultimate destiny as a single nation and in the debate also several speakers, following a lead given by Gandhi several days before, prophesied that partition would be no more than a temporary phase ....

অস্থায়ী যে ব্যবস্থার কথা চিন্তা করে এই দেশবিভাগকে গ্রহণ করে নেওয়া হয়েছিল, অত্যন্ত ক্ষোভের বিষয়, এই দেশে বিভাগ অত্য পাকা হয়েছে এবং শুধু পাকা হয়েছে তাই নয়, পূর্ব-পাকিস্তানে যেসমস্ত হিন্দু ভ্রাতা-ভগ্নী রয়েছেন, তাঁদের কাছে এই পাকিস্তান শুধু একটা জেল, এটা একটা যন্ত্রণা-গৃহ বা টরচার চেম্বারে পরিণত হয়েছে, এটাই আজকের দিনে সবচেয়ে বড় দুঃখের হয়েছে। এটা ক্ষোভের কথা—আমরা অনেকবার চেষ্টা করেছি যে, কিভাবে এই সমস্ত অত্যাচারের হাত থেকে রক্ষা পাওয়া যায়। নেহরু-লিয়াকৎ চুক্তি হয়েছিল। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সেই লিয়াকৎ আলি খাঁকে পাকিস্তানের দুর্বৃত্তের হাতে নিহত হতে হয়েছিল। তারপর পাকিস্তানে অনেক পরিবর্তন হয়েছে এবং অনেক প্রধানমন্ত্রী এসেছেন এবং চলে গেছেন। সেখানে অশান্তি, চূড়ান্ত অবস্থা আছে। এবং তারপর আমরা সেখানে দেখতে পাচ্ছি, সেখানে সৈনিক শাসন প্রবর্তিত হয় এবং তার পেছনে দাঁড়িয়েছে একদিকে ঐ পীত সাম্রাজ্যবাদী কমিউনিস্ট চীন, অন্যদিকে শ্বেতবাদী বৃটিশ রাজশক্তি পাকিস্তানের সৃষ্টির

মূলে যে শক্তি ছিল, আজকে পাকিস্তান গর্বভরে প্রমীলার মত বলতে পারছেন, "রাবণ শ্বশুর মম মেঘনাদ স্বামী, আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?" যার চীন স্যাঙ্গাৎ এবং ইংরাজ দোসর, সে কি দুর্বল ভারতবর্ষকে ভ্রূক্ষেপ করে? সেই দম্ভভরে তারা দেশের যে সংখ্যালঘু সে চিন্তা অনেকেই করেছেন। বিভিন্ন সংবাদপত্র, নানাপ্রকার প্রবন্ধের মাধ্যমে, বিভিন্ন সভা-সম্প্রদায় আছে, তাদের উপর অত্যাচারের সাহস পাচ্ছে। এর বিরুদ্ধে দাঁড়াবার কি উপায় আছে সমিতির মধ্য দিয়ে অনেকে চিন্তা করেছেন যে, কিভাবে এই সমস্যার স্থায়ী সমাধান হতে পারে।

[2-10—2-20 p.m.]

আমি অনেকের সঙ্গে একমত যে, অন্তত আমরা অন্য কিছু করতে না পারি, পাকিস্তানের যেসমস্ত হিন্দু ভাই-বোন রয়েছে এবং নানাভাবে অত্যাচারিত হচ্ছে নিপীড়িত হচ্ছে তাদের এদেশে আসবার জন্য অবাধ অধিকার দিতে পারি এবং এই যে মাইগ্রেশনের কথা উঠেছে, সে সম্পর্কে সমস্ত বাধানিষেধ শিথিল করে তাদের ব্ল্যাঙ্ক চেক দেওয়ার পক্ষপাতী আমি। আজকে এই সভার প্রথম দিকে আমি শুনেছিলাম যে, সেখানে মাইগ্রেশন সার্টিফিকেট দেওয়া সম্পর্কে অনেক অসুবিধার সৃষ্টি হয়েছে। এই সংবাদ যদি সত্য হয়, তা হলে নিশ্চয়ই এটা অত্যন্ত লজ্জার কথা হবে এবং এই অবস্থা যাতে তাড়াতাড়ি পরিবর্তিত করতে পারা যায় সেটা আমাদের সকলের পক্ষে লক্ষ্যণীয়। মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, ভারতবর্ষ চিরকাল নিপীড়িতদের আশ্রয় দিয়েছে। বহু শতাব্দী পূর্বে সেই ইরাণেতে সেই দেশের যে অগ্নি উপাশকদের বিরুদ্ধে নানারকম অত্যাচার হয়েছিল তারা ভারতবর্ষে এসে আশ্রয় গ্রহণ করেছে। সাম্প্রতিককালে তিব্বতে সেই কমিউনিস্ট চীন তিব্বতীদের উপর অকথ্য অত্যাচার করেছে এবং হাজার হাজার তিব্বতীদের আমাদের দেশে আশ্রয় দেওয়া হয়েছে। আর পাকিস্তানের যেসমস্ত হিন্দু ভাই-বোন রয়েছে, যারা আমাদের আত্মীয়, যারা এই দেশকে স্বাধীন করবার জন্য আত্মত্যাগ করেছে এবং যার জন্য এই দেশ এত তাড়াতাড়ি স্বাধীন হয়েছে এবং দেশভাগকে স্বীকার করে নিয়ে সমস্ত অনিশ্চিত ভবিষ্যৎকে টেনে নিয়েছে তাদের আজ আশ্রয় দেব না এবং আমরা সেখানে বাধা সৃষ্টি করব, এই রকম হৃদয়হীন ব্যাপার কোন মানুষই সমর্থন করতে পারে না। তাই একদিকে যে সমস্ত রকম বাধাবিপত্তি মাইগ্রেশনের ব্যাপারে রয়েছে সেগুলি সম্পূর্ণভাবে শিথিল করে দেবার কথা অথবা উঠিয়ে নেবার কথা আমি বলব। অন্যদিকে সেই দেশে যারা থাকবেন, তাদের ভবিষ্যৎ সম্পর্কে আমাদের নিশ্চয়ই চিন্তা করতে হবে এবং তার প্রয়োজনীয়তাও আছে। কমিউনিস্ট পার্টি তাঁদের এই আবেদন সম্বন্ধে লিখেছেন যে, পাকিস্তানে যাঁরা রয়েছেন সেই-সমস্ত হিন্দু তাঁরা সকলেই আসবেন না। তাঁরা বলেছেন যে, এটা আমাদের বোঝা উচিত যে, পূর্ব-পাকিস্তানে ৯৯ লক্ষ সংখ্যালঘু সম্প্রদায় রয়েছেন, তাঁরা সকলেই আসতে পারেন না—যদি ধরে নেওয়া যায় যে, তাঁরা সকলেই আসবেন না, তা হলে তাঁদের শান্তির জন্য তাঁদের রক্ষার জন্য কিছু ব্যবস্থা করতে পারা যায় কিনা সেটা দেখতে হবে—যদিও এটা খুবই দুরূহ ব্যাপার। এই প্রশ্ন নিয়ে যেসমস্ত চিন্তা হচ্ছে তারই দু-একটি নেতিবাচক কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব।

প্রথম কথা হচ্ছে যে, নিশ্চয়ই এটা সকলে স্বীকার করে নিয়েছেন যে, আজকের দিনে বল-প্রয়োগ করে এই ধরণের সমস্যার সমাধান হতে পারে না এটা বাতুল ছাড়া আর কেউই চিন্তা করতে পারেন না। অনেক বন্ধু চাপের কথা বলছেন। কিন্তু কিভাবে চাপ দেওয়া হবে সেই প্রশ্ন করলে তখন তাঁরা নিরুত্তর থাকবেন। এবং অনেকে এক-আধটা কথা বলেছেন, তার একটু উদ্ধৃতি করে বলছি। প্রথম, যুদ্ধ বা বলপ্রয়োগের কথা এখন সভাসমাজের কোথাও স্বীকৃত নয় এবং আমিও সেটা স্বীকার করতে পারি না। কিন্তু বলপ্রয়োগ একটা জিনিস আর নিজের শক্তিসঞ্চয় করা আর একটা জিনিস। কিন্তু দেশের শক্তিসঞ্চয় করতে হলে আর কিছু হোক আর না হোক, দেশের মধ্যে যে অশান্তি সেটা চলবে না। দেশের মধ্যে যে শান্ত অবস্থা তা লন্ডভন্ড করে দিতে পারবে না এবং এ বিষয়ে কারও দ্বিমত হতে পারে না। পাকিস্তানের দল চাচ্ছে যে, দেশের মধ্যে অশান্তি হোক। যদি আমরা সেই ফাঁদে পা দিই তা হলে আমাদের এখানে যে অবস্থার সৃষ্টি হবে তাতে শক্তিসঞ্চয় কিছুতেই হতে পারে না

—সে বিষয়ে আমরা নিশ্চয়ই নিঃসন্দেহ। দ্বিতীয় কথা উঠেছে যে, অর্থনৈতিক অবরোধ। যাঁরা আন্তর্জাতিক অবস্থার বিন্দুমাত্র খবর রাখেন, তাঁরা জানেন যে, অর্থনৈতিক অবরোধকে বাস্তব করতে গেলে শুধু কাগজেই অবরোধ ঘোষণা করলে চলে না। পাকিস্তানের মানচিত্রের দিকে যদি লক্ষ্য করেন তা হলে দেখবেন যে, তাদের যে সমুদ্র অঞ্চল রয়েছে সেই বন্দরগুলিকে সম্পূর্ণরূপে বন্ধ করবার কোন ক্ষমতাই আমাদের হাতে নেই। আমাদের যে দীর্ঘ সীমানা রয়েছে সেখানে অত্যন্ত লজ্জার কথা যে এখনও আমাদের দেশের বহু হিন্দু সেখানে পাকিস্তানীদের সঙ্গে চক্রান্ত করে চোরাবাজারী করে চলেছে। এই রকম অবস্থায় অর্থনৈতিক অবরোধ শুধু কাগজেই থাকবে কার্যে পরিণত করা সম্ভব হবে না এবং আরও কথা হচ্ছে যে, যাদের পিছনে ইংরাজ রয়েছে, আমেরিকা রয়েছে, চীন রয়েছে, সেখানে ভারতবর্ষ যদি অর্থনৈতিক বর্জনও যদি করে তাতে তারা কিছুমাত্র ভয় পাবে না। কাজেই অর্থনৈতিক অবরোধ সম্ভব নয়। অনেকে বলছেন লোক বিনিময়ের কথা। আনন্দের কথা যে, এই সভার মধ্যে কেউই লোক বিনিময়ের কথা বলেন নি। কিন্তু আজকে সংবাদপত্রে পড়লাম যে আমাদের একজন নমস্য ব্যক্তি, যিনি আমাদের এই কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এবং কিছুকালের জন্য রাজ্যপালও হয়েছিলেন তিনি লোক বিনিময়ের কথা বলেছেন। অনেক সময় পাঞ্জাবের কথাও এখানে বলা হয় যে, পাঞ্জাবে লোক বিনিময় হয়েছে কিন্তু আমাদের এখানে কেন লোক বিনিময় হবে না?

প্রথমতঃ ৫ কোটি লোকের সঙ্গে ৯২ লক্ষ লোকের বিনিময় কি অবস্থায় হয় তার নিদর্শন ইতিহাসে আমরা কোথায়ও পাই না। পাঞ্জাবের যে উদাহরণ দেওয়া হয়েছে, সেই উদাহরণ যদি আমরা স্মরণ করি তা হলে দেখব যে সেই লোক বিনিময় ঘটাতে গিয়ে ১৬ মাস ধরে সেখানে যে গৃহবিবাদ হয়েছিল, সেখানে ৫ লক্ষ মানুষ হত হয়েছিল এবং এই ৫ লক্ষ মানুষ হচ্ছে গত দ্বিতীয় বিশ্বযুদ্ধে কমনওয়েলথে যত মানুষ মারা গিয়েছিল যুদ্ধের সময়, প্রায় সেই সংখ্যার কাছাকাছি। আমার কাছে আর একটি বই রয়েছে 'পাকিস্তান' বলে, বইটি লিখেছেন আইয়ান স্টিফেন্স। তিনি এখানকার স্টেটসম্যান কাগজের পূর্বতন সম্পাদক ছিলেন।

Sixteen-months' civil war; a conflict in which the estimated total death-roll, about 500,000 people, was roughly comparable to that of the entire British Commonwealth during the six years of World War II.

কাজেই লোক বিনিময় যদি আপোসে না হয় তা হলে এই ৫ লক্ষ লোক কেন, কত লক্ষ লোককে হত্যার যে ব্যবস্থা হবে, সে বিষয় আমরা জানি না। আমরা সেইজন্য লোক বিনিময়ের কথা সম্পর্কে মনে করি, এই ওষুধ হবে রোগের চেয়েও বেশি মারাত্মক। তাই আজকের দিনে দুদিক থেকে সংখ্যালঘু রক্ষার চেষ্টা সম্ভব হতে পারে এক হল আন্তর্জাতিক দিক থেকে, অবশ্য আমরা জানি যে, স্বস্তি পরিষদে আমাদের অস্বস্তির কারণ হয়েছে, কিন্তু তাতে নিরাশ হবার কিছু নেই এই কারণে যে, এখন পর্যন্ত বহু দেশ আছে যারা যুক্তিসম্মতভাবে সমস্ত জিনিসটা সমাধান করতে পারে। অত্যন্ত আনন্দের কথা যে, সোভিয়েট রাশিয়া আজকে সমস্ত বিষয়টা পর্যালোচনা করে ভারতবর্ষের যে ন্যায় দাবী সে বিষয় তাঁরা অবহিত হয়েছেন এবং জগৎসভায় তা প্রতিষ্ঠিত করতে পেরেছেন। আরও আনন্দের কথা যে, ভারতবর্ষের এই ধর্মনিরপেক্ষ নীতি আজকে অন্যান্য মুসলমান দেশেও স্বীকৃত হয়েছে। সেইজন্য ইউ এ আর-এর যিনি প্রধান, সেই নাসের সাহেব থেকে আরম্ভ করে বহু মুসলিম দেশ তাঁরা পর্যন্ত পাকিস্তানের নীতির সমর্থন করেন নি। তাই আন্তর্জাতিক ক্ষেত্রে আজকে নূতনভাবে চেষ্টা করা উচিত যে, সেদিক থেকে পাকিস্তানকে চাপ দিয়ে কিভাবে তাঁরা নিজেদের এই সমস্ত সংখ্যালঘুদের উন্নতি করতে পারেন রক্ষণাবেক্ষণ করতে পারেন সেদিক থেকে একটি জোরালো চাপ দেওয়া উচিত। আর একটি প্রশ্ন আছে, সেটা হচ্ছে এই, এই অন্ধকারের মধ্যেও আমরা আলোক দেখতে পাই, যেটা মাননীয় জ্যোতিবাবুও এখানে উল্লেখ করেছেন, সে হচ্ছে যে, পাকিস্তানের গণতান্ত্রিক শক্তি। আমি এই বিষয়ে জ্যোতিবাবুর সঙ্গে সম্পূর্ণ একমত। এখন পর্যন্ত এই গণতান্ত্রিক শক্তির প্রতি আমরা উপযুক্ত মর্যাদা দেখাতে পারি নি এবং তাঁদের কাছে সে আবেদন জানাইনি। আমরা

জানি. সংবাদপত্রেও দেখেছি যে সেখানকার সেই সমস্ত তরুণ ছাত্র যাঁরা রয়েছেন, যেসমস্ত শিক্ষাজীবী রয়েছেন, যেসব লেখক রয়েছেন, তাঁরা চেষ্টা করেছেন কিভাবে সেখানকার হিন্দুদের বাঁচানো যায়। শুধু তাই নয়, আমরা জানি অতীত কয়েক বৎসরের ইতিহাস, যে মুসলিম লীগ এই পাকিস্তান সৃষ্টির জন্য অগ্রসর হয়েছিল এবং শেষ পর্যন্ত তাদের দাবি আদায় করে নিয়েছিল এই পূর্ব পাকিস্তানের ভাই-বোনেরা সেই মুসলিম লীগকে হারিয়ে দিয়েছিল। মুসলিম লীগ মাত্র দশটি আসন পেয়েছিল গণতান্ত্রিক নির্বাচনে এবং মুসলিম লীগ বিরোধী দল ২২৩টি আসন পেয়েছিল। আমরা জানি সেখানকার গণতান্ত্রিক শক্তির কথা। সেই শক্তি বাংলা ভাষার দাবীতে যে আন্দোলন করেছিল এবং সেই আন্দোলনে সেখানকার সে সমস্ত ছাত্ররা প্রাণ দিয়েছিল, সেই দাবীকে তারা প্রতিষ্ঠিত করে বাংলা ভাষাকে সমান মর্যাদা দিয়েছে। আজকের দিনেও আমরা দেখতে পাচ্ছি সংবাদপত্রে, মিস জিন্না, পাকিস্তানে গণতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য নূতনভাবে আহ্বান জানিয়েছেন। আজকে যদি সে দেশে সংখ্যালঘু সম্প্রদায় থাকে, তবে নিশ্চয়ই সেই সংখ্যালঘু সম্প্রদায় ঐ গণতান্ত্রিক শক্তির সঙ্গে হাত মিলিয়ে সেখানে নূতন এক রাজ্যের স্থাপন করতে পারেন, যে রাজ্যে বাস্তবিক কোন নিপীড়ন থাকবে না, কোন শোষণ থাকবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা কথা কিছুতেই বিশ্বাস করতে পারি না যে একজন হিন্দু কৃষকের সঙ্গে একজন মুসলমান কৃষকের কোন ভেদাভেদ থাকতে পারে, একজন হিন্দু শ্রমজীবীর সঙ্গে একজন মুসলমান শ্রমজীবীর কোন ভেদাভেদ থাকতে পারে। সেই সমাজতান্ত্রিক ভিত্তিতে এবং সেই অর্থনৈতিক ভিত্তিতে দেশ গঠনের যে দাবি রয়েছে, যে গণতান্ত্রিক দাবী রয়েছে, যে দাবীর আমরা পাকিস্তানের মধ্যে স্ফুরণ দেখতে পাচ্ছি কিন্তু যা সাময়িক বিপর্যয়ে বাধাপ্রাপ্ত হয়েছে, সেই শক্তির সঙ্গে যদি সহযোগিতা করা যায়, তা হলে আমাদের নিশ্চয়ই ধারণা আছে যে একদিন এই সমস্ত অন্ধকার দূর হয়ে যাবে আবার উভয় দেশের মধ্যে বন্ধুত্ব হবে এবং তার মধ্যে দিয়েই যে মিলনের স্বপ্ন আমরা দেখেছি এবং যে কথা আমরা চিন্তা করেছি যে, একদিন সমস্ত পৃথিবী এক হবে সেই আদর্শ আমরা সফল করে তুলতে পারব।

[[illegible]]

Shri Apurba Lal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সাম্প্রতিক হাঙ্গামায় পূর্ব পাকিস্তানের লক্ষ লক্ষ মানুষের জীবনে যে দুঃখ ও বেদনার কাহিনী সৃষ্টি করেছে এবং পশ্চিমবঙ্গেও আমরা দেখতে পেয়েছি কোন কোন অঞ্চলে সীমাবদ্ধ ভাবে সংখ্যালঘুদের উপর অত্যাচার হয়েছে, এর মধ্যে এই বিধান-সভার বিভিন্ন মাননীয় বন্ধু তাদের চিন্তা অনুযায়ী এবং ধারণা অনুযায়ীর বিভিন্ন বক্তব্য এবং অভিযোগ এখানে উত্থাপন করেছেন। চব্বিশপরগনা, নদিয়া এবং কলিকাতা শহরের যেসমস্ত অঞ্চল কিছুদিন পূর্বে হাঙ্গামা দেখা দিয়েছিল আমি নিজে বিভিন্ন অঞ্চলে ঘুরে দেখেছি— চব্বিশপরগনায় মহেশতলা থানা হাবড়া থানা গাইঘাটা অঞ্চল ঘুরে দেখেছি এবং ঘুরে দেখে একটা প্রশ্ন আমার কাছে দেখা দেয় সেটা হল দাঙ্গার পরবর্তী কালে এই দাঙ্গায় সুযোগ নিয়ে আমরা দেখতে পেলাম কিছু ধরণের লোক সংখ্যাগুরুদের উপরও অত্যাচারের বন্যা চালিয়ে যাচ্ছে। আমি অভিনন্দন জানাই হাওড়ার জনসাধারণকে, হাওড়ার হিন্দু-মুসলমান জনসাধারণ সবাই এই দাঙ্গার সময় যে ঐতিহ্যকে মহিমান্বিত করেছে তার জন্য তাঁরা সত্যিকারে অভিনন্দন পাবার যোগ্য। কোন কোন সীমাবদ্ধ অঞ্চলে এই ধরণের গণ্ডগোল দেখা দিলেও এই ব্যাপারে বিস্তৃত অনুসন্ধান এখন পর্যন্ত করা হয় নি। মাননীয় সদস্যরা, এখানে দাঁড়িয়ে এই অভিযোগ উত্থাপন করেছেন যে, বিভিন্ন এলাকায় বিশেষ করে বর্ডার এলাকায় পাক অনুপ্রবেশকারীরা বিভিন্ন জায়গায় উস্কানি দিয়েছে এবং যারা দিয়েছে তারা দেশের শত্রু এবং তারা দেশের শুভার্থীবক নয় এবং তারা এই সুযোগে এখানে দাঙ্গা বাধাবার চেষ্টা করেছে। এই বিষয়ে সরকার তরফের কোন বক্তব্য আমরা শুনি নি এবং এই বিষয়ে কোনও অনুসন্ধান হয়েছে কিনা তাও আমরা জানি না। এখন দাঙ্গা থেমে গিয়েছে, কিন্তু যে সন্ত্রাসের রাজ আজকে হাবড়া থানায় এবং অন্যান্য অঞ্চলে চলছে আমি তার খানিকটা উত্থাপন করতে চাই। গত ১৫ই তারিখে

আমি হাবড়া অঞ্চলে গিয়েছিলাম, হাবড়ার আম্রাফাবাদ ক্যাম্পে আমি যখন পৌঁছলাম, সেখানকার নরনারী নির্বিশেষে, বৃদ্ধ, শিশু, যুবক এবং ছাত্র চোখে জল নিয়ে পুলিসী অত্যাচারের যে নির্মম ও নিষ্ঠুর কাহিনীগুলি আমাদের শোনান তা শুনলে বেদনা লাগে। তার সঙ্গে বলতে লজ্জা হয়, আমাদের এই হাউসের মাননীয় মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষের নামও তাঁরা প্রকাশ করলেন—তাঁরই উস্কানিতে এই আম্রাফাবাদ ক্যাম্প—যে ক্যাম্পকে তিনি স্নেহের চোখে দেখেন না—সেই ক্যাম্পের অনুন্নত ও দরিদ্র চাষীদের উপর কি অমানুষিক অত্যাচার করেছে তা খুলে বললেন—তারা লিখিতভাবে দরখাস্ত পেশ করেছেন আমার সামনে আপনার মাধ্যমে সেই মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তারা লিখেছে, সই করেছে—সেখানে তরুণবাবুর নাম আছে. ১৭-১-৬৪ তারিখে সকালবেলা আমাদের ঘর হতে বের করে নিয়ে থানার সামনে আমাদের লাইন করে দাঁড় করিয়ে দেওয়া হয়, এমন সময় মাননীয় মন্ত্রি তরুণকান্তি ঘোষ মহাশয় সেখানে উপস্থিত হলেন, এবং তিনি এক অফিসারের নিকট জিজ্ঞাসা করলেন, এদের কোথা থেকে আনা হয়েছে, তিনি বললেন, আম্রাফাবাদ ক্যাম্প থেকে আনা হয়েছে। মন্ত্রিমহাশয় একথা শোনা মাত্র রক্ত চক্ষু করে বললেন, এদের এখনো পর্যন্ত শায়েস্তা করনি কেন, ঠিকমত ধোলাই দিচ্ছ না কেন এবং মন্ত্রিমহাশয়ের সামনেই আমাদের পুলিশ ব্যাপকভাবে মারধর, লাঠি চার্জ, গালাগালি শুরু করে দিল, মন্ত্রিমহাশয় পাশে দাঁড়িয়ে বেশ উপভোগ করলেন।

এই চিঠি সহি করে সেখানকার জনসাধারণ গত ১৫ তারিখে আমাকে দিয়েছে। স্যার আমি বলতে চাই রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য যারা এই হাঙ্গামাকে প্রশ্রয় দিয়েছে তারা কত নীচ এবং নীচতার পরিচয় দিয়েছে। আম্রাফাবাদ ক্যাম্প-এর লোকেরা তার পাশে অশোকনগরে পুনর্বাসন চেয়েছিল, কিন্তু তরুণবাবুর এবং তাঁর সহকর্মীদের প্রচেষ্টায় সেটা বন্ধ হয়েছে। এই অম্রাফাবাদ ক্যাম্প-এ যে সমস্ত উদ্বাস্তুরা রয়েছে তারা যদি এই অঞ্চল থেকে চলে যায় তাহলে এইসব অঞ্চলকে তিনি ওখানে যে কো-অপারেটিভ কমিটি আছে তার হাতে তুলে দেবেন। আমি স্যার, তরুণবাবুর সহকর্মী এবং সস্নেহভাজন কয়েকজন লোকের নাম করতে পারি, যেমন, মানিক মুখার্জী, চুনী মুখার্জী। তাঁরা উদ্বাস্তুদের তুলে দেবার জন্য দীর্ঘদিন ধরে মামলা করেছেন, কিন্তু তুলে দেবার কোন সুযোগ পান নি। তাই এই দাঙ্গার সুযোগ নিয়ে তাদের উপর নিষ্ঠুর কশাঘাত করছে, পেছন থেকে তাদের উপর অত্যাচার চালিয়েছে। আমি তরুণবাবুকে বলি এই হাঙ্গামা শুধু একটা জায়গায় হয় নি, আম্রফাবাদ ক্যাম্প-এর পাশে হয় নি এবং সেখানকার মুসলমানদের বস্তি ক্ষতিগ্রস্ত হয় নি। মানিকনগর, খোসদেলপুর, বাইগাছি, মমিনপুর, হিজলা, মেনা, দৌলতপুর, এইসব অঞ্চলের মুসলমানরা ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু সেখানে এই কাজ যারা করেছে তারা তাঁর অত্যন্ত বসংবদ এবং তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হোল না। অশোকনগর এবং তার আশেপাশের একজন দুস্কৃতিকারীও গ্রেপ্তার হয় নি। সেখানকার লোকেরা তাদের যে নাম দিয়েছে সেগুলি হোল, অজিত মুখার্জী, চুনী মুখার্জী, মানিক মুখার্জী, অমিয় দত্ত, ধীরেন দত্ত, হরেন্দ্রনাথ সাহা, বগলা দাস। এরাই সেই সময় গুন্ডামীতে নেতৃত্ব দিয়েছিল অথচ তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয় নি। কিন্তু এইসব কৃষক যারা হাঙ্গামায় কোন অংশগ্রহণ করে নি তাদের উপর তাঁর পূর্বের রাগ চরিতার্থ করেছেন, প্রতিহিংসার আগুন জ্বালিয়েছেন এবং তাদের সায়েস্তা করবার চেষ্টা করেছেন। তারপর, ভারতীনগর, উত্তর নাংলা এবং দক্ষিণ নাংলায় গিয়ে দেখেছি সেখানেও তাদের উপর নিষ্ঠুর আক্রমণ চলেছে এবং আজও তারা আতঙ্কিত হয়ে রয়েছে। গ্রামের লোক বিলের মধ্যে গলা ডুবিয়ে বসে থাকে এবং তারা চাষবাস বন্ধ করেছে। উত্তর নাংলা এবং দক্ষিণ নাংলার গরীব চাষীরা জানিয়েছে যে, পুলিশের অত্যাচারে আমরা বাড়িতে থাকতে পারি না—সারাদিন মাঠে এবং বিলের মধ্যে থাকতে হয়। স্যার, তরুণবাবুর ইঙ্গিতে তাঁর লোকেরা এই যে অত্যাচার করছে তার বিরুদ্ধে আমি ধিক্কার জানাই। সেখানকার নিরীহ ২-৪ জন মুসলমান বলেছেন যে, এইভাবে অত্যাচার করলে আমাদের পক্ষে ভবিষ্যতে বাস করা কঠিন হবে। নিরীহ লোকের মধ্যে এইভাবে সন্ত্রাস সৃষ্টি করে তারা আবহাওয়াকে বিষাক্ত করছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এবারে আমি আপনার কাছে আর একটি করুণ এবং বেদনার কাহিনী বলব। আমি গাইঘাটার কথা বলব এবং সেখানকার মাননীয় সদস্যা যখন এখানে উপস্থিত আছেন তখন আমি তাঁর

নারীত্বের কাছে, মাতৃত্বের কাছে আবেদন জানাচ্ছি। আমাদের ত্রাণমন্ত্রী গাইঘাটায় গিয়েছেন, গাইঘাটার আধ মাইল দূরে কয়া গ্রামের পাশে পানশিলা গ্রামের ১৪ বছরের মেয়ে মমতা পালকে এখানকার পুলিশ ধর্ষণ করেছে। বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছটার সময় তার ঘরের দরজা ভেঙ্গে কংগ্রেস সরকারের পুলিশ বাহিনী তাকে ধর্ষণ করেছে। এই খবর কি তিনি রাখেন না? আমি ত্রাণমন্ত্রীকে বলছি সেই থানার আধ মাইল দূরে গিয়ে তিনি এটি দেখে আসবেন। মমতা পাল ঠাকুরনগর স্কুলের ছাত্রী, বয়স ১৪ বছর তাকে পর পর ২ জন কনস্টেবেল ধর্ষণ করেছে। শুধু তাই নয়, সেই ঘরের মধ্যে আর একজন ছিলেন শ্রীমতী বিশ্বাস, ২৪-২৫ বছরের কুলবধূ, তাঁকেও ৩ জন কনস্টেবেল ধর্ষণ করেছে। এই সংবাদ থানায় গিয়ে যখন সেই মেয়েরা দিলেন তখন থানার ও সি বললেন আর তোমার কাছে যাবে না, আর ধর্ষণ হবে না। আমি মানবতার নামে, নারীত্বের সম্মান রক্ষা করবার জন্য আপনাদের কাছে বলছি, পূর্ব বাংলা থেকে এখানে এসে আশ্রয় নিয়েছে সেই কিশোরী মমতা পাল ও শ্রীমতী বিশ্বাসের মানসম্ভ্রম, ইজ্জত সব চলে গেছে। পুরুষেরা যখন ভয়ে পালিয়েছে তখন ঘরের দরজা ভেঙ্গে যারা এইভাবে পৈশাচিক, বিভৎস অত্যাচার চালাতে পারে, নারীত্বের মান, সম্ভ্রম যে পুলিশ দিতে পারে না সেই সরকারকে আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়ে আমি বিচার চাইছি এবং জিজ্ঞাসা করছি এর বিরুদ্ধে কি করার আছে? স্যার, ১৪ বছরের ক্লাশ সিক্স এর ছাত্রী মমতা পালের ফটো আমি নিয়ে এসেছি এবং তার সহি করা দরখাস্ত আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে পেশ করতে চাই।

[2-30—2-40 p.m.]

মমতা পাল লিখে দিয়েছে কিভাবে তাকে ধর্ষণ করেছে। সে তিনটা নামও জানতে পেরেছে, যখন তাদের মধ্যে পরস্পর কথাবার্তা চলছিল তার মধ্য দিয়ে সে এই তিনটা নাম জানতে পেরেছিল। সে নাম কটিও সে এই চিঠিতে আমাকে লিখে দিয়েছে। সে জানিয়েছে ঃ

আমার নাম মমতা পাল। আমার বয়স ১৪ বৎসর। আমি ঠাকুরনগর স্কুলে ক্লাস সিক্সে পড়ি। আমার পিতার নাম শ্রীকিরণচন্দ্র পাল। গত বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছটার সময় আমি ও শ্রীমতী সুমতি বিশ্বাস তাহার ঘরের দরজা বন্ধ করিয়াছিলাম, আর সবাই পলাইয়া যায় তখন কয়েকজন কনস্টেবল আসিয়া আমাদের দরজা খুলিতে বলে। দরজা খুলিয়া না দেওয়ায় তাহারা লাথি মারিয়া দরজা ভাঙ্গিয়া ফেলে, আমাকে জোর করিয়া টানিয়া বাইরে লইয়া যায়। পাশেই ঢেঁকি ঘর, আমাকে লইয়া যায় এবং আমার পরনের প্যান্ট জোর করিয়া খুলিয়া ফেলে। একজন কনস্টেবল আমাকে জোর করিয়া চাপিয়া ধরে অন্য জন আমার উপর বলাৎকার করে। তারপর যে কনস্টেবল আমার হাত চাপিয়া ধরিয়াছিল সে-ও বলাৎকার করে এবং অন্য একজন কনস্টেবল তখন আমাকে ধরিয়া রাখে। অসহ্য যন্ত্রণা বোধ করি এবং ঐ স্থান হইতে রক্তপাত হয়। শ্রীমতী সুমতি বিশ্বাসের উপরও তারপর ৩ জন কনস্টেবল পর পর বলাৎকার করে।

এই চিঠি ঠিক লিখিত হয়েছে, তাই আমি তার সই করা বাক্য লিখিত দরখাস্ত আপনার কাছে পেশ করছি। এই তার ফটোগ্রাফ আপনার সামনে পেশ করছি। এখানে মাননীয় সদস্যা শ্রীমতী ধর আছেন, তাঁর কাছে আমি আবেদন জানাচ্ছি এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে এই ধরণের যেখানে সংবাদ এসেছে সেখানে অবিলম্বে অনুসন্ধান চালান। যে অন্যায় কাজ দুস্কৃতকারীরা করেছে কোনমতেই তাদের যেন ক্ষমা করা না হয়। চরম শাস্তি যেন তাদের বিরুদ্ধে পড়ে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি সেই নাম কটি আপনার কাছে দিতে চাই। তারা যে কজন কনস্টেবলের নাম শুনতে পেয়েছিল তাদের কথাবার্তার মধ্য দিয়ে সেই তিনজনের নাম হচ্ছে একজনের নাম ভরত, একজনের নাম রাজেন, আর এক জনের নাম নির্মল। এই ৩ জনের নাম তারা জানতে পেরেছিল সব শুদ্ধ ৬/৭ জন সেখানে এসেছিল এই ধর্ষণের ব্যাপারে।

এর পরে আমি যাই সেখান থেকে কয়া গ্রাম থেকে আরও দূরে পেট্রাপোলে।। পেট্রাপোলের সীমান্তে গিয়ে পৌঁছাই। সেখানে গিয়ে দেখি, যারা পাকিস্তান থেকে পদব্রজে চলে আসছে

সেই সমস্ত দুঃস্থ পীড়িত, লাঞ্ছিত অপমানিত মানুষেরা রয়েছেন এবং পেট্রাপোলে এসে তারা আছেন। ত্রাণমন্ত্রী মহোদয়া এখানে নেই, আমি তাঁকে জিজ্ঞাসা করি যে কি অধিকার আছে সেই অপমানিত মানুষদের প্রতি অপমানসূচক কথা বলবার? সেখানে যারা এসেছে আমি শুনেছি সেখানে রিপোর্ট নিয়ে যে, তারা শুধু সায়া পরে এসেছে, এবং তাদের সঙ্গে আর কোন কাপড় ছিল না, বর্ষীয়ান পুরুষেরা যারা এসেছেন তারা শুধু আন্ডার উইয়ার পরে এসেছেন। এইভাবে তারা পদব্রজে ৫/৭ মাইল হেঁটে সেই অবস্থায় যখন এসে পৌঁছান তখন তার স্ক্রুটিনি ডিপার্টমেন্ট জানতে চায় কি প্রমাণপত্র আছে। তারা চোখের জল ফেলে বলেছে সর্বস্ব হারিয়ে এসেছি শুধু একখানি আন্ডার ওয়ার পরে আছি, শুধু একখানি সায়া পরে আছি। সেখানে তারা বলেছে প্রমাণপত্র সংগ্রহ করে নিয়ে এস নতুবা আমরা রিফিউজী বলে স্বীকার করবো না। সেই পেট্রাপোলের পাশে আমবাগানের নীচে একদিন দুপুর বেলায় দেখেছি প্রায় ২০০ লোক চোখের জল ফেলছে। আর আমাদের ত্রাণমন্ত্রী বলছেন কিনা তোমরা প্রমাণপত্র নিয়ে এস নইলে রিফিউজী বলে অ্যাকসেপ্ট করব না। এই হল নির্মম নিষ্ঠুরতা, ঔদাসীন্য। আমরা জানি আমাদের ত্রাণমন্ত্রী একজন মহিলা, মহিলাদের কাছ থেকে আমরা যে দরদ যে মমতা যে সহানুভূতি আশা করি সে পাওয়াতো দূরের কথা, সে নারী এতই নিষ্ঠুরা মমতাহীনা দরদহীনা হতে পারে যে যারা ক্ষত নিয়ে এসেছে, শুধু একমাত্র পরণের সম্বল নিয়ে এসেছে এবং এই-ভাবে তারা গাছের তলায় পড়ে আছে ৫/৭ দিন তাদের এক ফোঁটাও ঔষধ জুটে নাই সরকারী দাক্ষিণ্যের হাত থেকে এতটুকু রিলিফ জুটে নাই, এটাই মর্মান্তিক দুঃখ এবং বেদনা। মানুষ যখন দারুণ দুঃখে বেদনায় ক্ষুধার্ত হয়ে আসে আমাদের কাছে আশ্রয়প্রার্থী হয়ে, করুণ চোখের জল নিয়ে আসে, তখন যদি ত্রাণমন্ত্রী মহোদয়া বা তার ডিপার্টমেন্ট স্ক্রুটিনির নামে এই সমস্ত অপমানজনক উক্তি করে তাদের সঙ্গে ব্যঙ্গ করার সাহস রাখে তাহলে ধিক্ এই সরকারকে, ধিক্ এই ত্রাণমন্ত্রীকে যিনি নারীত্বের অপমান করেছেন। তিনি মহিলাদের সমস্ত জাতিকে কলঙ্কিত এবং অপমানিত করেছেন বলে মনে করি।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাকে আর দু মিনিট সময় দিলে আমি আরও ২।১টি সংবাদ এখানে উল্লেখ করব। আমি ১৪ই তারিখে পেট্রাপোল শহরে এদের অবস্থা দেখি ঐ নিঃসহায়, ক্ষুধার্ত, উদ্বাস্তুদের দেখি। ঐ বনগাঁর সাধারন নাগরিক পেট্রোপোল স্টেশন-এর পাশে চাল-ডাল সেদ্ধ করে ঐসব বুভুক্ষু, নিরন্ন উদ্বাস্তু যারা ওপার থেকে চলে এসেছেন তাদের খাবারের ব্যবস্থা করছিল—সেখানে কর্তৃপক্ষের নির্দেশে, সেই চাল ফুটে গেছে, সেই চাল তৈরি হয়ে গেছে জারী করলেন যে উদ্বাস্তুদের খেতে দিতে পারবে না। সেই তৈরি খাবার উদ্বাস্তুদের চোখের সামনে ফেলে দিতে হল, উদ্বাস্তুদের খেতে দেওয়া হল না। সরকারের নির্মম ঔদাসীন্য এবং নিষ্ঠুর কারণে কিভাবে চোখের জল ফেলে তারা চলে গেল। ১৪ই তারিখে এস, ডি, ও, এসে সেই তৈরি রান্না খাবার ফেলে দিলেন, তবু তাদের খেতে দেন নি। কোন সভ্য দেশের মানুষ, কোন সভ্য সরকার যার এতটুকু মানবতা বোধ আছে তারা পারে এইরকমভাবে যারা ৫।৭ দিন খায় নি তাদের খাবার ফেলে দিতে? একমাত্র ভারত সেবাশ্রম সংঘ তাঁরা কিছু কিছু রিলিফ-এর ব্যবস্থা সেখানে করছেন। আমি সেখানকার লোকেদের কাছ থেকে জানতে পারলাম যে যাঁরা ভারত সেবাশ্রম সংঘের হয়ে রিলিফ-এর কাজ করছেন তাঁরা গভর্নমেন্টের একটা বাড়িতে অফিস করেছেন। ত্রাণমন্ত্রী এখান থেকে ৬।৭ তারিখে সেই পেট্রাপোল-এ গিয়েছিলেন এবং তিনি নির্দেশ দিলেন যে ভারত সেবাশ্রম সংঘ এখান থেকে চলে যাবে এবং তাঁর নির্দেশে ভারত সেবাশ্রম সংঘকে সেখান থেকে বের করে দেওয়া হয়েছে। আজকে ওখানকার এস, ডি, ও, বলছেন যে ভারত সেবাশ্রম সংঘকে বলা হয়েছে তোমরা রিলিফ-এর ব্যবস্থা করো না, রিলিফ-এর ব্যবস্থা যদি কর তাহলে হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষ এখানে এসে ভীড় করবে এবং এখানটা পাকিস্তান থেকে আগত বহু মানুষ ও উদ্বাস্তুতে ভরে যাবে। এই যদি অবস্থা হয়, এই যদি মনোভাব হয় সেই মনোভাবের জন্য কেন্দ্রীয় সরকার আজকে ছাড়পত্র বন্ধ করে দেবার সুযোগ পাচ্ছেন? এই যে নির্মম চেহারা এগুলি আজকে পশ্চিমবাংলার মানুষের কাছে পরিষ্কার করা উচিত। এই ত্রাণমন্ত্রীর হৃদয়ে এতটুকু সহানুভূতি, বেদনাবোধ নেই, এই মানবাত্মার প্রতি এতটুকু করুণা বোধ নেই। এই ধরনের পেট্রোপোল-এ যেখানে

অঘটন ঘটনা ঘটছে, সেখানে আপনি শুনলে অবাক হবেন আমি নাম করতে পারি যাঁরা অভিযোগ জানিয়েছেন যে দিনের পর দিন ৫।৬ দিন ধরে তাঁরা ওখানে পড়ে আছেন, অথচ এতটুকু রিলিফ পান নি। আমি দেখিয়ে দেব পূর্ব বাংলা থেকে কোন ডিসলোকেট হয়ে গেছে, সেই ভাঙ্গা হাত নিয়ে চলে এসেছেন, তাঁদের হাসপাতালে ট্রিটমেন্ট-এর ব্যবস্থা করা হয় নি, রিফিউজী বলে তাঁদের স্বীকার করা হয় নি। তাদের বলা হয়েছে রিফিউজী হিসাবে ছাড়পত্র দেব না প্রমাণপত্র তোমাদের দেখাও। এই হৃদয়হীন দরদহীন, বিবেকহীন সরকারের পদত্যাগ করা উচিত। এইভাবে মানবাত্মার প্রতি যদি তাঁরা অপমান করেন তাহলে সত্যি দুঃখ লাগে। পশ্চিমবাংলায় যে মুসলমান ভাইরা আছেন তাদের বিরুদ্ধে অস্ত্রাঘাত, তা আমরা নিজের বিরুদ্ধে অস্ত্রাঘাত বলে মনে করি তাদের বিরুদ্ধে আক্রমণ যখন হয় তখন আমি সমভাবে কাঁদি। সেই মানবতার দিক থেকে যেমন তাদের রক্ষা করা উচিত প্রোটেকশন দেওয়া উচিত, তেমনি পূর্ববাংলার নিরন্ন, দরিদ্র যারা আমাদের ভাই যখন আসে তখন ভাই হিসাবে দুজনকেই কোলে স্থান দিতে হবে। তা না করে রাজনৈতিক ভাবে এক কথা বলে কার্যতঃ যদি অন্য কিছু করেন তাহলে আগামী দিনের অভিশাপ আপনাদের উপর নিয়ে আসবে এবং লক্ষ লক্ষ মানুষের চোখের জল নিয়ে যাঁরা ছিনিমিনি খেলছেন ভগবান তাঁদের শাস্তি দেবেন এবং সেই শাস্তি একদিন আপনাদের নিতে হবে।

[2-40—2-50 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণে এর প্রশংসা করে আমি দু-একটা কথা রাখতে চাই। আমি জানি এবং আপনারাও জানেন যে, ভারতবর্ষ হিন্দু, মুসলমান বৌদ্ধ, খৃষ্টানের দেশ। এদেশে আমরা সবাই মনে করি যে শান্তিতে বসবাস করতে পারব। কিন্তু আমাদের পাশের দেশ পাকিস্তান এবং সেখানে পাকিস্তানের সরকার হিন্দু মুসলমানের মধ্যে ভাগাভাগি সৃষ্টি করে সেখানে দেশের মধ্যে বিসৃংখলা সৃষ্টি করছে। আমি পূর্ববাংলার অধিবাসী ছিলাম। আমি ঢাকা জেলায় ছোটবেলা থেকে দেখে এসেছি হিন্দু-মুসলমানে দাঙ্গা। তেরো সেই সময়ে ইংরাজ সরকার যখন বিপদে পড়ত তখন তারা দাঙ্গা শুরু করাত এই হিন্দু মুসলমানের মধ্যে। তারপর আমরা দেখতে পাচ্ছি আয়ুব খাঁ যখন আসীন হলেন তখন তার একমাত্র পথ হলো দাঙ্গা। দাঙ্গা না করলে সিংহাসন থাকবে না। আমাদের বহু আত্মীয়-স্বজনই এই রায়টের সময় হত হয়েছে। অনেকে ফিরে এসেছে এবং যারা এসেছে তাদের কাছ থেকে যতটুকু খবর পাচ্ছি তাতে এইটুকু বলতে পারি যে পূর্ববাংলার বাঙ্গালী মুসলমান এই দাঙ্গার সঙ্গে যুক্ত ছিল না। পূর্ববাংলার মুসলমানরা হিন্দুকে রক্ষা করতে গিয়ে এরূপ বাঙ্গালী মুসলমানরা দু-চারজন তারা প্রাণও হারিয়েছে। এখানে পশ্চিম বাংলার বহু হিন্দু প্রাণ হারিয়েছে। এই কথা নিশ্চয়ই বলব আয়ুব খাঁ তার মসনদ যায় যদি তাহলে বাঙ্গালী হিন্দু বিতাড়ণ না করলে তার মেজারিটি তিনি পাবেন না, কারণ ৯৩ লক্ষ বাঙ্গালী হিন্দুকে রাজনৈতিক কারণে বিতড়ণ করতে হবে, অতএব এই যে রাজনৈতিক বলি এটা কতদিন আমরা সহ্য করব, এটাই আমাদের আজকের দিনের বিবেচ্য বিষয়। স্যার, আপনি একটা ঘটনার কথা জানেন নারায়ণগঞ্জের কথা যেখানে আদমজী জুট মিল-এ সেখানে এবং ঢাকায়, নারায়ণগঞ্জে এই দাঙ্গা সুরু হয়। সেই আদমজী জুট মিল-এ প্রায় ২৫ হাজার মুসলমান তারা অস্ত্রশস্ত্র নিয়ে একসঙ্গে তৈরী হয়েছে এবং দুই এক মাইল নয় প্রায় ৪০ মাইল পথ-এর দুদিকে গ্রামগুলি ধ্বংস করতে থাকে এবং খুলনা সহর যশোহর সহর ঐ সমস্ত এলাকার সমস্ত হিন্দুদের নিধন করতে লাগল। এই হচ্ছে আসল অবস্থা। এর যে কি হবে তা জানি না, ইতিহাস সে কথা জানে। পশ্চিম বাংলায়ও আদামজী জুট মিল আছে। আমি সরকারকে অনুরোধ করব তাদের এখানকার সবতীয় সম্পত্তি কনফিসকেট করা হোক, কারণ এরকম পাজি লোক যে মানুষের জীবন নিয়ে খেলে তার শাস্তি দেওয়া উচিত। আমরা দেখেছি আসামের দাঙ্গার সময় হাজার হাজার, লক্ষ লক্ষ পরিবার আসাম থেকে দাঙ্গা প্রপীড়িত হয়ে ফিরে এসেছে। আমরা তখন ঐ খবর পেয়েছিলাম যে আমাদের দেশে—এই কলকাতাতে কিছু গোলমাল করবার চেষ্টা করেছিল। প্রত্যেক

লোক আওয়াজ করেছিল যে মাড়োয়ারীরা সমস্ত এই দাঙ্গা করছে। কলিকাতাতে মাড়োয়ারী-দের যে সময় দেখেছি যে তাদের উপর কিছু হাঙ্গামা হয়েছিল, তাদের তখন সরকার দৃঢ় হস্তে দমন করেছে। কলিকাতায় তার কিছু [illegible] দেয় নি। আসলে তখন আমরা দেখেছি কোথাও একটু আওয়াজ হলে সরকার সেখানে লোক পাঠিয়ে তা বন্ধ করেছেন। তখন তখন কিন্তু আমরা দেখিনি আমাদের দেশে মিলিটারী এসেছে। তখন আমরা দেখিনি আমাদের এখানে কমান্ডেন্ট এসেছে, বা সেখানে গিয়ে হাজির [illegible]। তখন দেখিনি সেখানে বড় বড় নেত্রীবৃন্দ গিয়ে বলেছে এক হিন্দু ভাই হয়ে আর এক ভাইকে কেন মারতে যাচ্ছ। এ কথা তখন আমরা শুনি নি। স্যার, [illegible] যে [illegible] সময় এক মাস কলকাতায় ছিলাম না, বাইরে ছিলাম আমার স্বাস্থ্য [illegible]। [illegible] থেকে পশ্চিমবাংলার রেডিওতে এবং পাকিস্তানের রেডিওতে যখন শুনেছিলাম তখন অবাক হয়ে গিয়েছিলাম যে এদেশে যেভাবে প্রচার কার্য চালিয়ে যাওয়া হচ্ছে যেন মনে হচ্ছে যে বাংলাদেশ আর নাই বাংলাদেশে সিভিল ওয়ার আরম্ভ হয়ে গেছে এদেশ যেন জ্বলে-পুড়ে ছাই হয়ে গেছে। আমার এক বন্ধু যিনি গত তিনদিন আগে পাকিস্তান থেকে এসেছেন,—নাম বলে দিচ্ছি, তিনি ঢাকা শহরের একজন বিখ্যাত ডাক্তার, নাম ডাঃ নন্দী, আমাকে এই কথা বললেন যে নেপালবাবু যদি আপনাদের পশ্চিমবাংলার তরফ থেকে রেডিওতে এই কথা না বলতো যে প্রায় ৮০ হাজার মুসলমানদের আমরা জায়গা দিয়েছি তাহলে হয়তো ঢাকা নারায়ণগঞ্জে দাঙ্গা হতো না। স্যার, পাবলিসিটি এখানে [illegible] হয়েছে যে সারা বিশ্বের কাছে আমাদের মাথা [illegible] হয়েছে। সারা বিশ্বের কাছে আমরা মুখ দেখাতে পারছি না। জেনারেল চৌধুরীকে এই কলকাতার দাঙ্গা থামাতে আসতে হোল। আমাদের মুখ্যমন্ত্রীর কি সে ক্ষমতা নেই। তিনি আমাদের দেশকে শাসন করতে পারেন না। আমি জানি তাঁর ক্ষমতা আছে। কিন্তু এটা কোথাকার চক্র জানি না, ভারতবর্ষের তিনটি মন্ত্রী এসে গেলেন। যেন আমাদের কেউ নাই। আমাদের মুখ্যমন্ত্রী যেন ঘুমিয়ে আছেন। আমি এটা ভাবতেও পারি না—যে এইরকম পাবলিসিটি করে আয়ুবের হস্তকে কি জোরদার করা হয় নি? আজকে পাকিস্তানের ডেপুটি হাই কমিশনার সমস্ত ফটো আটকাতে পারেন নি—পাকিস্তানের কি মিলিটারী ডাকতে হয়েছিল দাঙ্গার সময়—তারা কি সেখানকার দাঙ্গার সময় কমান্ডার ইন চীফকে ঘুরতে বলেছে না তাকে ডেকেছে—ওগো কমান্ডার ইন চীফ তুমি এসো আজকে হাল ধর। আমি জানি এর কারণ আজকে আমাদের পাবলিসিটি এবং এর জন্যই আজকে আয়ুবের হস্তকে জোরদার করে দেওয়া হয়েছে। আজকে আমাদের ভাবতে হবে যদি আজকে আমাদের সরকার এই ব্যবস্থা অবলম্বন করতেন যে পাকিস্তানের যে সমস্ত এজেন্ট এই পশ্চিমবাংলার চারিদিকে আছে তাদের যদি আটকে দিতে পারতাম তাহলে আমাদের যে হিন্দু-মুসলমান-খৃস্টান আছে তাদের জীবন আজ সংশয় হত না। আমি জানি এমন চক্র চলেছে পাকিস্তানের বর্ডারে এবং হিন্দুস্থানে যেখানে নিরীহ মুসলমান ও হিন্দু বাস করে সেখানে পাকিস্তানী এজেন্টরা প্ররোচনা দিচ্ছে এমন কি কলকাতাতেও তাতে কি আমাদের একটু সতর্ক হওয়া উচিত নয়? আমি যা দেখেছি ঐ দুজন শালাউদ্দিন নয়—পাকিস্তানের এজেন্ট আরও শত শত, হাজার হাজার রয়েছে যারা আমাদের মুসলমান ও হিন্দুদের জীবন বিপন্ন করে দিচ্ছে। যারা আজকে আমাদের মধ্যে দাঙ্গা বাধাবার চেষ্টা করছে। সেখানে আমাদের সরকার যে দুর্বল নীতি নিয়েছেন সেই তোষণ করা নীতি—তাতে তাঁরা হিন্দুকে সন্তুষ্ট করতে পারবেন না এবং এ'রা মুসলমানকেও সন্তুষ্ট করতে পারবেন না। একথা আমি আমার জ্বালায় বলছি—কেন না হিন্দুরা আজকে জোর গলায় চীৎকার করে বলে বেড়াচ্ছে যে, বাঙ্গালী হিন্দু হয়ে জন্ম নেওয়া বাংলাদেশে কি মহাপাপ? আর মুসলমান ভাইরা—যারা নিরীহ বাঙ্গালী মুসলমান তারা বলছে আমাদের উপর তো হামলা হচ্ছে—আমরা তো আজকে সন্তুষ্ট হয়ে নির্বিঘ্নে বসে থাকতে পারছি না। কিন্তু এর কারণ কি? এর একমাত্র কারণ হচ্ছে ঐ পাকিস্তানী এজেন্ট। আমি জানি আজকে লক্ষ লক্ষ পাকিস্তানী আসামে অনুপ্রবেশ করেছে। লক্ষ লক্ষ পাকিস্তানী আজকে কলকাতায় অনুপ্রবেশ করেছে—সমস্ত জায়গায় এরা আজকে ঘুন ধরিয়ে দেবে। স্যার, আমি একথা প্রশ্ন করতে চাই—ইংরাজ আমলে আমাদের যে এস. বি. ডিপার্টমেণ্ট ছিল—যে ইন্টেলিজেন্স ব্রাঞ্চ ছিল তারা আজকে কোথায় গেল? তারা কি আজকে ঘুমিয়ে আছে? আমি জানি আই. বি.-রা কোন কাজ করতে পারছে না তারা ঘুমিয়ে নাই. আ. বি. আফসাররা বলছেন যে পাকিস্তানী দুর্বৃত্তরা এদেশে এসে একটা গোলমাল বাধাবার চেষ্টা করছে—কিন্তু ভারত

সরকার তাদের হাত বেঁধে রেখে দিয়েছে—তাদের একটা কাজও করতে দেওয়া হচ্ছে না। একটা পাকিস্তানী এজেন্টকে এদেশ থেকে [illegible] কোন অধিকার [illegible] নাই।

[2-50—3 p.m.]

তাতে নাকি ইন্টারন্যাশ্যানাল সিচুয়েশন খারাপ হয়ে যাবে। স্যার, দেশের মধ্যে হাজার হাজার মানুষ আজকে যে অবস্থায় রয়েছে, [illegible] পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হয় পাকিস্তানী [illegible] সেটা [illegible] ঐ ৯৩ লক্ষ বাঙ্গালী হিন্দু যারা [illegible] পাকিস্তানে [illegible] প্রতি [illegible] আমাদের [illegible] আনতে হবে। কারণ, [illegible] আমরা সকলে [illegible] যে তাদের নিরাপত্তার যা এতটুকু [illegible] আর আজকে কি শুনছি? আজকে ঐ যে [illegible] মাইগ্রেশন সার্টিফিকেট [illegible] আজকে বন্ধ হয়ে যাচ্ছে। কারণ কি? আমরা শুনছি দিল্লীর কর্তারা বলছেন যে [illegible] ১০ লক্ষ আসতে পারে। কেন ১০ লক্ষ আসতে পারে? আমরা এখানে ঠিক করবো যে আমরা ঐ সমস্ত ৯৩ লক্ষ লোককে নিয়ে আসবো কিনা এবং হিন্দুস্থানে জায়গা দেবো কিনা। আমরা একথা শুনতে চাই না। কারণ আমরা [illegible] ঐ [illegible] বাঙ্গালীর প্রতি [illegible] কম। বিশেষ করে আমরা দেখছিলাম [illegible] এতটুকুও [illegible] ঐ [illegible] লক্ষ বাঙালী পরিবারকে যে আসাম থেকে মেরে খেদান হল [illegible] কি একটুও প্রতিবাদ হল না। এই যে [illegible] একবার নয়, বহুবার পাকিস্তান [illegible] এই [illegible] ১০ বার দাঙ্গা [illegible] এই ১০ [illegible] না। এঁরা ত একবারও বললেন না [illegible] ঐ [illegible] লক্ষ হিন্দুকে আমি হিন্দুস্থানে জায়গা দেবো। স্যার [illegible] আমি [illegible] বিষয় দুর্বলতার কথা [illegible] বলেছে আমরা এই করেছি, আমরা ঐ করেছি এবং করছি পাকিস্তানের মুখ থেকে কি একটা কথাও শুনেছেন? একটি কথাও শুনতে পান নি। [illegible] এবং কাগজেও দেখেছি [illegible] লোক মরেছে আমার মনে হয় [illegible] একটি মুসলমান নারায়ণগঞ্জ থেকে ঢাকা এয়ারপোর্ট পর্যন্ত পৌঁছে দেয়। তাকে রাস্তা দিয়ে যখন নিয়ে যান তখন তাঁকে বলেন আপনি মাথাটা নীচু করে [illegible]। মুসলমান ড্রাইভার গাড়ি চালিয়ে যাচ্ছে। কেন নীচু হয়ে থাকতে [illegible] দু পাশে দিয়ে হাজারে হাজারে মানুষের মৃতদেহ। পাছে ঐ ভদ্রলোক [illegible] সেই জন্যই তিনি বলেছিলেন মাথা নীচু করে বসতে এবং তিনি মাথা নীচু করেই যা দেখেছেন তিনি বর্ণনা দিতে পারেন নি, তাঁকে এয়ারপোর্টে যখন পৌঁছে দিলেন সেই মুসলমান ভদ্রলোক, তার একটি ছেলে পর্যন্ত হত হয়েছে ঐ হিন্দু ভদ্রলোককে বাঁচাতে গিয়ে এবং সেই দেখে তখন এয়ারপোর্টে সেই হিন্দু ভদ্রলোক অসাড় হয়ে পড়ে আছেন। বুঝতে পারছেন তাঁকে কি অবস্থার মধ্যে দিয়ে নিয়ে যাওয়া হয়েছিল। সেইজন্যই বলছি সেখানে কত হাজার হাজার মৃতদেহ আছে তা হয়ত আমরা গুণে শেষ করতে পারবো না। স্যার, আমি একটি ছোট্ট ঘটনা আপনার সামনে ধরছি। আমার ব্যক্তিগত ঘটনা। আমার কয়েকখানা লরী আছে [illegible] মধ্যে কয়েকজন মুসলমান ড্রাইভার আছে, তার মধ্যে একটি অবাঙালী মুসলমান। এই রায়টের সময় সকলকে বলে দেওয়া হয়েছিল, যে তোমরা এখন এসো না, কাজ এখন বন্ধ, আবার ভাল হয়ে গেলে তোমরা এসো কাজে। বাঙ্গালী মুসলমান যারা তাদের আমরা একটা জায়গায় রেখেছিলাম, কারণ যে জায়গায় থাকতো তারা সে জায়গাটা ভালো না। হয়ত গোলমাল হতে পারে সেইজন্য তাদের রেখেছিলাম। কিন্তু অবাঙ্গালিটি বললো যে না, আমি ঐ জায়গায় থাকবো না, সে বললো আমি পার্কসার্কাসে চলে যাচ্ছি। তিনদিন পর ফিরে এলো এবং ফিরে এসে আমার খুড়তুতো ভাইকে বলছে যে, দেখুন বাবু, তিন দিনে আর কি করবো, বড় বড় সব বোমা তৈরি করলাম। কি রকম বোমা? আপনাদের ঐ পটকা নয়, আমাদের ঐ পাকিস্তানী মশলা দিয়ে তৈরি করা বোমা। তারপর কি হল? সেইসব বোমা আমরা রেডি করে রেখেছি। এবার যদি লাগে, আমাদের ওদিক থেকে হুকুম হয়েছে

আমরা এদিককার মুসলমান আর ওদিক থেকে পাকিস্তানী মুসলমান মিলে বাংলাদেশ অধিকার করে নেবো। আপনার বাবুকেও ছাড়বো না। আমার ভাইকে আমি বলি, তুই পাকিস্তানের এজেন্ট, তুই এখান থেকে বিদায় হ। স্যার, এই হচ্ছে অবস্থা। সেজন্য আমি বলি যারা এই-রকম ধরনের মানুষ তাদের বাছাই করে বিদায় করতে হবে আমাদের দেশ থেকে। যদি তা না করি তাহলে আমরা হিন্দু-মুসলমান একসঙ্গে বাস করতে পারব না, হিন্দু-মুসলমান কেউ বাঁচব না। স্যার, আরেকটা জিনিস দেখেছি যদি বলিষ্ঠ নেতৃত্ব দেওয়া যায় তাহলে ঝগড়াঝাটি হয় না, যেমন কামারহাটি এলাকা, মুসলমান মজদুর অধ্যুষিত এলাকা, কিন্তু কিছু হিন্দুও সেখানে আছে, সেখানে কোন ঝগড়াঝাটি হয় নি। আমরা বিশ্বাস করি যে, যদি হিন্দু মুসল-মান নেতৃবৃন্দ [illegible] হিন্দু-মুসলমান পরস্পর [illegible] বলতে পারবে না তাহলে নিশ্চয়ই এই দাঙ্গা [illegible]। কিন্তু একটা কথা আমি বলব, কেউ যদি দেশ-দ্রোহিতা করে, কংগ্রেসই হোক আর কমিউনিস্টই হোক, তার নিস্তার নাই। আমাদের এখানে যে ঘটনা ঘটেছে তার জন্য আমরা লজ্জিত ও দুঃখিত, কিন্তু যে ঘটনা ঘটেছে তাকে কি আমরা এই কথা বলতে পারি বাংলাদেশের সব মুসলমান নিধন হয়ে গিয়েছে, একেবারে নিঃশেষ হয়ে গিয়েছে? প্রফেসার হীরেন মুখার্জিকে আমি বলব, তাঁর যদি কলকাতার মানুষের প্রতি বিশেষ করে, সাধারণভাবে মানুষের প্রতি তাঁর মায়া মমতা থাকে তাহলে তিনি তাঁর বক্তব্য সোজা করে বলবেন। একদিন আমাদের স্বাধীনতা সংগ্রামে হিন্দু-মুসলমান আমরা একসঙ্গে এগিয়ে গিয়েছি। আজো আমাদের তাই যেতে হবে, তার জন্য বলিষ্ঠ নেতৃত্ব দরকার। আমাদের এখানে [illegible] আনন্দবাজার [illegible] সর্বনাশ করে দিল। আমি, স্যার, আনন্দবাজারের [illegible] সত্যি কথা বলতে [illegible] করেন নি। যারা [illegible] চাই [illegible] হিন্দু-মুসলমান [illegible] [illegible]

[3-3-10 p.m.]

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(১) পূর্ব পাকিস্তানের দাঙ্গানিগৃহীত সংখ্যালঘুদের প্রতি সমবেদনা ও তাঁহাদের সুপরিকল্পিতভাবে ও নিরাপদে ভারতবর্ষে আনার ব্যবস্থার কোনও উল্লেখ নাই;

(২) পশ্চিম বাংলার দারিদ্র্য ও বেকার সমস্যার ভয়াবহতার উল্লেখ নাই, উহার সমাধানে সরকারী কার্যক্রমের কোন প্রসঙ্গ নাই;

(৩) প্রশাসন বিভাগের দুর্নীতি [illegible] কর্মী-সদস্যদের প্রতি তোষণ সম্পর্কে কোনও উল্লেখ নাই;

(৪) [illegible] সমস্যা সমাধানে কোনও [illegible] নাই;

(৫) [illegible] কার্যক্রম সম্পর্কে কোনও উল্লেখ নাই;

(৬) ক্রমবর্ধমান আর্থিক বৈষম্য দূর করার ব্যাপারে সরকারী ব্যর্থতার কোন উল্লেখ নাই।"

Sir, for two days I have been hearing speeches on the Governor's address which reminds me of the adjournment motion that we had the other day. When we were discussing these things on Friday, some very important information came out during the debate. It struck me very much particularly when my friend Mr. Narendra Nath Sen was speaking. We have in fact, missed one item in his speech when he said that a member of this House was moving about with the Pakistan Deputy High Commissioner

in Calcutta, but he did not say who that member was. We would have been very much pleased if he could give the name of the member as one of my friends has given the name of Salauddin who was arrested yesterday. At the time of his arrest, it transpired that thousands of Muslims surrounded the police van and demanded his release. But I cannot understand one thing. When a policeman is surrounded by a crowd in the ordinary course of things lathi charge, throwing of tear gas bombs and even firing take place. But in this case there was nothing of the sort. Actually the police were [illegible] and they went home quietly and slept. Now, Sir, I think the members of this House really want to know who was that honourable member of this House who was moving about with the Pakistan Deputy High Commissioner during the period of the trouble.

Sir, we have had some very unfortunate incidents in Calcutta during the disturbances. Of course, I am not talking about communalism. But there are certain factors which I have got to bring to the notice of this House. Sir, where is the protection of the people of West Bengal when in broad day light people are assaulted with sword or tied to the post and burnt alive? As, Mr. Sen told us the other day, two Christian gentlemen—one Mr. Rozario was assaulted with a sword and another Mr. Biswas was tied to a post and burnt down. Is there any protection for the Christian community in West Bengal? In the Governor's address she has used the term "minority". But which minority did she mean? Where is the minority in secular State? [illegible] these two Christian gentlemen [illegible] were murdered? I do not think so. [illegible] people who profess a particular religion. The Government in Pakistan is always [illegible]oiling a particular community and this Government is also doing the same thing here. We have got to be very careful. I find that the Christian community in Calcutta is not safe because they do no get any protection from this Government. Sir, I think this Government has no right to exist when it cannot protect the people of West Bengal.

Then, Sir, I would refer to my maiden speech on the Governor's address in 1962 regarding the protection of the Tribal community. It is a matter of regret that although the framers of the Constitution made certain provisions for the protection of the Tribal community and even the Governor has been given the power to make regulations in this regard, nothing has been done in this respect. If you go through the Dhebar Report, you will find that they have given a time limit and they have said that these regulations should be made by the Governor by the end of 1962, but we are now in 1964 and still nothing has been done in this respect. So what can we expect from this Government? Of course, Shri Saila Kumar Mukherjee will say a lot of things during his budget speech but I don't know whether he will say anything about this, the protection of the Tribal community is a part and parcel of the work of this Government. It is for them to see to the [illegible] these people but during [illegible] years they have done nothing.

If you turn to my speech, again, of 1962, you will find that I had spoken something regarding forest and the Forest Minister assured us that he will bring a comprehensive amendment to the Forest Act of the British regime. Unfortunately he has not found time to do anything as yet. And what do we see? Forest production is not enjoyed by the people at all. I will give you an example. Logs float in the river coming from no-man's land and going into no-mna's land; and if the people living by the side of the river catch those logs they are prosecuted and fined, as it becomes forest produce. Similarly, fish comes from no-man's land and goes into no-man's land, but if the public catch fish from the river their nets are taken away and they are prosecuted and heavily fined. Is this a free

country we are living in? You cannot approach the labour in the forest; the public have no right whatsoever. They are treated as trespassers: even the honourable members cannot go there. They are trespassers. This is the law under which we are moving in the forest, and this is a free country. We have got freedom of movement but still you have the rope in your hand. Are you going to rectify the rules which were there in the British regime. The Forest Minister had promised me two years ago that he was going to bring a comprehensive Bill. Up to now nothing has been done.

Regarding Excise, there is no mention of that too. We hear of country-made spirit, but what is happening? There is plenty of spirit in West Bengal where they can distill it illegally and sell it in the market at their own sweet will; no clog is put on it. The other day I had written to the Deputy Commissioner, Jalpaiguri, regarding illegal sale of illegally distilled liquor just in front of the school at Hasimara but no action has been taken yet. I have received letters from my friends there to say that no action has been taken: no reply has been received by me from the D.C., Jalpaiguri.

Regarding labour, what is happening in the tea industry?

[3-10—3-30 p.m.]

You are talking about increasing the wages of everybody, but the maternity benefit is not going to be increased. The cost of living has risen, but where does the maternity benefit stand? Nothing has been said about it. Unemployment is daily mounting up whereas the industries are flourishing and plantation is increasing by thousands of acre, but the labour dropping down by thousands. This is the state of affairs that we have seen not only in the tea industry but in every industry in West Bengal. This callous Government have no right to sit on the Treasury benches. It is good that the Treasury benches are absolutely empty. You can see that, save and except the Hon'ble Saila Kumar Mukherjee, everybody has gone away. We are daily being confronted with various problems in this country. Can the Government honestly say that they have fulfilled the promises that were made while taking oath? I say—no. Sir, you know that rice is selling in the market at Rs. 30, Rs. 35 and Rs. 40 today. What are the Government doing? They sit in the Writers' Buildings and during sessions they come to the Assembly and give replies to questions as they like. They try to hoodwink the people, but still we are under the rule of this Government. Sir, I can tell them that they are not fit to govern people. Either they should govern properly or get out.

[At this stage the House was adjourned for fifteen minutes.]

(After adjournment.)

[3-30—3-40 p.m.]

Shrimati Biva Mitra:

মাননীয় ডেপুটী স্পীকার স্যার, মহামান্য রাজ্যপাল যে বক্তৃতা দিয়ে গেছেন তাকে সমর্থন করবার জন্য দাঁড়িয়েছি। মহামান্য রাজ্যপাল আমাদের দেশের, অর্থাৎ ভারতবর্ষে, ভারত ইউনিয়ন ও পাকিস্তানের যে ঘটনা ঘটে গেল, তাঁর মত লোক দায়িত্বশীল পদে থেকে দুঃখ প্রকাশ করে বক্তৃতা করেছেন। পাকিস্তানের কথা যখনই মনে হয় আমাদের পূর্ব বাংলার মোহ এখনও যায়নি, আমরা ভাবতে পারি না যে পূর্ববাংলায় একটা আলাদা গবর্নমেন্ট, আলাদা স্টেট হয়ে গেছে, তাদের গবর্নমেণ্ট-এর সংগে আমাদের কোন যোগাযোগ নেই। তাদের দায়িত্ব সমন্ধে আমাদের কোন অধিকার নেই হস্তক্ষেপ করবার। একথা আমরা মনে করতে পারি না, একথা আমরা ভুলে যাই। তাই আজকে এই হাউসে যত রকম বক্তৃতা দু-পক্ষেরই শুনলাম এই বক্তৃতার

মধ্যে উষ্মা প্রতিয়মান। তাই আজকে একথা ঠিকই যে আমরা দুঃখের দিনে পড়ে অবজ্ঞা করছি, কিন্তু তা নয়। আজকে পূর্ববাংলা থেকে যেসমস্ত ভাইবোন আসছে তাদের সমবেদনা জানাচ্ছি। তারা আজকে ভারত ইউনিয়ন-এ আসতে পারছে। যেমন করে ১৯৪৬ সালে পূর্ব-বাংলার ভাইবোনেরা রাস্তাঘাট ধরে এসেছিল পশ্চিমবাংলায় বুক পেতে। এই অল্প পরিসর জমির মধ্যে তাদের আশ্রয় দেওয়া হয়েছিল, এই যে উৎপন্ন ধান যে ধানে পশ্চিম বাংলার সমস্ত লোকেরই সংস্কুলান হয় না পূর্ববাংলার ভায়েদের সাথে এক সাথে ভাগ করে খাওয়া হয়েছিল সেই ব্যবস্থা নিশ্চয়ই অবলম্বিত হবে। আজকে যারা একথা বলে বেড়াচ্ছেন যে সরকার তাদের প্রতি সহানুভূতিশীল নয় তাঁরা কি ভেবেছেন--তারা রাজনীতি করেন। বিরোধী দলের মাননীয় সদস্য জ্যোতি বসু মহাশয় তিনি পূর্ব বাংলার কথা উল্লেখ করেছেন। তিনি বলেছেন গণতন্ত্রকে নাকি গলাটিপে মেরে ফেলা হচ্ছে। একথা সত্য নয় যাঁরা আজকে এখানে এসে পড়েছেন তাঁদের নিশ্চয়ই ভুলে গেলে চলবে না। ভারত ইউনিয়ন-এর মধ্যে যে ঘটনা ঘটেছে তা যে কোন কারণেই হোক এবং যেই তার উত্তেজনা জোগাগ যা ঘটেছে তা করায় অস্বীকার করবার উপায় নেই। আজকে হাউসের মধ্যে যাঁরা দায়িত্বপূর্ণ সদস্য এসেছেন, তাঁরা এক-একটা এলাকায় বহু লোকের প্রতিনিধি। তাঁরা যদি এরূপ বক্তৃতা দেন তাহলে এই ভারতীয় ইউনিয়ন-এর মধ্যে যারা সংখ্যালঘু আছে তাদের মনে কি সাহস তারা দেবেন। উপরন্তু এই বক্তৃতা যখন কাগজে বেরবে, পয়গম্বরের যত কাগজে বেরবে এবং যখন ঐসব দেশের লোক পাবে তখন তারা কি বলবে, এবং এসব পড়ে তাদের কি ধারণা হবে, সেখানে যখন প্রচারিত হবে সেখানে যে সংখ্যালঘু তাকে তাদের কিভাবে প্রোটেকসান হবে। ২টা ঘটনা পাশাপাশি চোখের সামনে রেখে এগিয়ে যেতে হবে। জাতীয় পিতা মহাত্মা গান্ধী ১৯৪৬ সালের বায়টে যখন গিয়ে-ছিলেন তখন ছিল না কোন পুলিস বা কিছু। সাথে তখন ছিল না কোন বন্দুক বা তখন সরকারকে গালি দেবার উপায় ছিল না। কিন্তু সে সময় তিনি এগিয়ে গিয়েছিলেন মানবিকতার দাবী পূর্ববঙ্গে যে পূর্ববঙ্গে উন্মত্ত জনসাধারণকে সাধারণ মানুষকে হিংসায় কেটেছে স্ত্রীর কোলে শুইয়ে স্বামীকে কেটেছে সেখানে লোকে যখন মাথায় হাত দিয়ে কাঁদতে সুরু করেছে, আজকে আমি আপনাদের কাছে যে ঘটনা বলবো।

আজকে পাকিস্তান রাষ্ট্রের কথা ভুলে যাচ্ছি কেন? পাকিস্তান রাষ্ট্র তো ধীরে ধীরে বদলে যাচ্ছে। এই পাকিস্তান রাষ্ট্রের কথা বলতে গেলে একথা ভাবতে হবে যে এটা ইসলামিক ষ্টেট। এখানে আমাদের মত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র নয়। এখানে মিলিটারী ডিকটেটারসিপ চলছে। এবং সেটা চালাচ্ছে আয়ুব। গণতন্ত্রের টুটি টিপে তা বন্ধ করে দিয়েছে। পাকিস্তানের সাধারণ মানুষ কি হিন্দু কি মুসলমান এই শাসন পছন্দ করছে কিনা তাতে সন্দেহ আছে। তাই আজকে এখানে দাঁড়িয়ে যে কোন শান্তিপূর্ণ কথাই বলি না কেন তা সবই ধূলিসাৎ হয়ে যাবে। কারণ একটা ষ্টেটের উপর আর একটা ষ্টেটের কোন দাবী নাই। তারা আমাদের দাবী ও প্রস্তাব মানতেও পারে আবার নাও পারে। তবু আমাদের কর্তব্য এ সম্বন্ধে ভেবে দেখা। আমাদের বিরোধী দলের বহু সদস্য আমাদের মুখ্যমন্ত্রীকে গালিগালাজ করছেন। কিন্তু আমি এই কথাই বলবো যে তিনি আজকে এই আগুনের মাঝখানে দাঁড়িয়ে তিন দিনের মধ্যে ঐসব দুর্ঘটনা মিটিয়েছেন। বিরোধী দলের বন্ধুরা বহু কথা বলে গেছেন। আমার সেই সব কথার জবাব দেবার ইচ্ছা নেই। আমার মনে এই ধারণা জেগেছে যে পাকিস্তান থেকে যে সমস্ত ভাইবোনরা যারা দলে এসেছেন তাঁদের কি করে আমরা বাঁচিয়ে রাখবো সেটা আমাদের চিন্তা করতে হবে। এটা মস্তবড় দায়িত্বের কথা। আজকে ভারতবর্ষ থেকে ধর্ম বা জাতির দোহাইযে কেউ ভারতবর্ষ ছেড়ে চলে যাবে একথা ভাবাও বেদনাদায়ক। আজকে পাকিস্তানে যখন ঐ রকম অবস্থা হয়েছিল তখন আমরা কিছুই করতে পারিনি। কারণ পূর্ব জার্মানীতে যখন গুলি চলেছিল তখন পশ্চিম জার্মানী কিছু করতে পেরেছিল কি? আজকে পৃথিবীর ইতিহাস দেখুন আমাদের পরিকল্পনা ধীরে ধীরে এগিয়ে যাচ্ছে বটে কিন্তু মানুষের এই হিংস্রভাব দূর করার ব্যাপারে বা মানবতার দিকে ডাক দেবার মত কোন দলেই সে রকম নেতা আছে বলে আমার মনে হয় না। কারণ কলকাতার উপর যখন এই নৃশংস হত্যাকান্ড চলেছিল তখন অনেক বিরোধী দলের বন্ধুরা বলেছেন যে কংগ্রেস নেতারা হাওয়া খেতে গিয়েছিল ভুবনেশ্বরে। কিন্তু বিরোধী দলের নেতারা তো এখানে ছিলেন, তাঁরা কেন সেই আগুনে ঝাঁপ দিয়ে এগিয়ে যাননি আমি অনেক জায়গায় কাজ করতে গিয়েছি—গনি সাহেবের এলাকাতেও গিয়েছি নিরঞ্জনবাবু

এলাকাতেও গিয়েছি। আমি জানি সেখানে গনি সাহেব পাঁচদিন বাদ এসে উপস্থিত হয়েছিলেন—নিরঞ্জনবাবু ১৭ দিন বাদে তাঁদের এলাকায় দেখা দিয়েছিলেন। যখন তাদের ছেলেমেয়েরা মরেছিল তখন কই তাঁরা সেখানে গিয়ে তো দাঁড়াতে পারেন নি। এই সব উল্লেখ করছি এই জন্য যে আমরা হাওয়া খেতে গিয়েছিলাম কিনা তাই। হাওয়া খেতে গিয়েছিলেন ঠিক কিন্তু ১০ তারিখে ফিরেই মুখ্যমন্ত্রী সেই সব জায়গায় গিয়েছিলেন। আমাদের মন্ত্রী শ্রীবিজয়সিং নাহার মহাশয় যখন [illegible] সেই আগুনের মাঝখানে গিয়ে তাদের রক্ষা করবার চেষ্টা করেছেন। এই হাউসের সামনে দাঁড়িয়ে বলতে পারি যে আমরা চেষ্টা করেছি আমাদের সংখ্যালঘু ভাইবোনদের বাঁচাবার জন্য। কিন্তু অপর পক্ষ তাঁরা কি করেছেন? এ দিয়ে তাঁদের মুখোস ঢাকবে না। [illegible] আওয়াজ তুলে জনসাধারণকে উচ্ছৃংখলতার দিকে নিয়ে যাবার জন্য জ্যোতিবাবু [illegible] দিয়ে গেছেন—আমার সময় নেই তা নাহলে আমি তাঁর বক্তৃতার দুটি কথা এখানে বলে দিয়ে যেতে পারতাম- চালের দোকান লুট করেছে যেমন করে—[illegible] দোকান লুট করেছে যেমন করে সরসের তেলের দোকান লুট করেছে তেমনি করে তারা একদিন সরকারকে দেখিয়ে দেবে কি করে কি করতে হয়। জ্যোতিবাবুর মত লিডার আমাদের ছেলেমেয়েদের কি শিখিয়ে যাচ্ছেন? উচ্ছৃংখলতা? তাদের তিনি বলে যাচ্ছেন যে এই করো তোমরা। আজকে চীন এবং পাকিস্তানের প্রচারে জ্যোতিবাবু ঐ কথারই আওয়াজ পাওয়া যাচ্ছে যা জ্যোতিবাবুর কথায় বেরিয়ে পড়েছে। আজকে আনন্দবাজার পত্রিকায় সেটা স্পষ্টভাবে দিয়ে দিচ্ছে—এই কথা বলে আমি আমার রাজ্যপালের ভাষণের সমর্থন জানাই।

[3-10—3-20 p.m.]

শ্রী সুধীরচন্দ্র দাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি আপনাদের কাছে বর্তমান দাঙ্গা নিয়ে যে আলোচনা বিশদভাবে হয়েছে সে সম্পর্কে কম করে বলে খাদ্য সম্পর্কেই বেশী করে বলতে দাঁড়িয়েছি। [illegible] বিভ্রান্ত [illegible] যখন তুলেছেন তখন তার একটা জবাব দেওয়া দরকার বলে মনে করি। তার কারণ হচ্ছে, তিনি ভুবনেশ্বর যাওয়া সম্পর্কে, তিনি যান বা তাঁরা দল যান তাতে কোন আপত্তি নেই কিন্তু মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন, তিনি যাবার সময় তাঁর স্থলাভিষিক্ত করে দায়িত্ব দিয়ে কাকে গিয়েছিলেন একথা খবর নিয়েছেন কি যে জন্য এত বড় দাঙ্গা বেধে গিয়েছিল জিজ্ঞাসা করুন। আজ কখনই দাঙ্গাটা এত বড় বিরাট আকার ধারণ করতে পারতো না এবং মিলিটারী এখানে আসার প্রয়োজন হোত না যদি তাকে সময়মত দমিয়ে দেবার চেষ্টা করা হোত। ইতিপূর্বে যখনই এখানে থেকে চলে গিয়েছেন মুখ্যমন্ত্রী তখন তাঁর স্থলাভিষিক্ত একটি লোককে পরিপূর্ণ দায়িত্ব দিয়ে অবস্থা আয়ত্তে আনার ভার দিয়ে যেতেন স্বর্গত বিধানচন্দ্র রায়। কিন্তু তা করেন নাই এবং সেইজন্য এই ঘটনার পুনরাবৃত্তি হয়েছে। আমি আপনাদের কাছে আর একটি কথা বলি যে সীমান্ত রক্ষা করার দায়িত্ব পর্যন্ত অত্যন্ত কমে গিয়েছে। আমি কালকে কলকাতায় পৌঁছে একটা বন্ধুর কাছে শুনলাম যে ১৩ই [illegible] এলাকায় ৭টি পুলিশ পাহারাকে অর্থাৎ সীমান্ত রক্ষী বাহিনীকে পাকিস্তানী লোকেরা কেড়ে নিয়ে চলে গিয়েছিল বন্দুকসহ এবং তাদের [illegible] পথে দিয়ে গিয়েছে। সে সংবাদটা নিয়ে দেখুন। এখন আমি জানাতে [illegible] সীমান্ত রক্ষা করার [illegible] সরকারের রয়েছে এবং সেখানে মনোবলকে [illegible] সীমান্ত বাহিনীকে বৃদ্ধি করে কেন্দ্রীভূত করা দরকার সে বিষয় সরকারের দৃষ্টি নেই। এক মাইল অন্তর ৭টি মাত্র পুলিশকে দাঁড় করিয়ে রাখা হয়েছে থামাবার জন্য এখন পর্যন্ত এই কড়াকড়ি বেশী করে রাখা দরকার এবং সীমান্তে পুলিশ পাহারা এক একটি করে বন্দুক দিয়ে, সেখানে কয়েক শত লোক এসে সঙ্গে সঙ্গে ছিনিয়ে নিয়ে একটা তামাশা করার চেষ্টা করে। আমি আপনাদের কাছে এই দুঃসময়ে, সংকট সময়ে, অনুরোধ করবো সরকারকে যে দাঙ্গাকে দমন করবার জন্য যেমন তাঁরা চেষ্টা করছেন তেমনি এই দাঙ্গাকে আরো বেশী করে রাখা দরকার। যাতে সেখানে এই তামাশা, দুর্বলতা, এই মনোবল দমাবার নীতিকে প্রসারতা লাভ না করে সে বিষয় যেন সচেষ্ট হন। দ্বিতীয়তঃ আমার বন্ধু যে তুলেছেন নারী নির্যাতনের কথা পুলিশ বাহিনীর আমি দাবী করছি মুখ্যমন্ত্রীর কাছে সেই পুলিশ যারা এই পাশবিক অত্যাচার করেছে তার আমরা দণ্ড চাই। তৃতীয়তঃ, আমি শুনেছি

সেখান থেকে, তরুণকান্তিবাবুর সেখানে যারা তাঁর দলের লোক এবং যারা অত্যন্ত খারাপ কাজে লিপ্ত ছিল তাদের জামিনে খালাস দেওয়া হয়েছে। আমি পুলিশ বাজেটে এটা পরিষ্কার করে বলবো। এখন তাঁকে সংযত করবার জন্য আমি অনুরোধ করছি।

খাদ্য সম্পর্কে তাঁর গতবারের মতো এবারেও ভরসা দিয়েছেন ৩৯ লক্ষ মেট্রিক টনের ক্ষেত্রে এবার ৪৮ লক্ষ মেট্রিক টন খাদ্য হবে। গতবার শেষ পর্যন্ত ২২ লক্ষ টন খাদ্য ঘাটতি আবিষ্কৃত হয়েছিল, আমি সেই সব তথ্যের গোলকধাঁধার মধ্যে যেতে চাই না, বাস্তব অবস্থা সম্পর্কে কয়েকটা [illegible] খাদ্য সংগ্রহ ও বণ্টন নীতি যদি সুপরিকল্পিত না হয় তাহলে তিনি যা আশা করছেন খাদ্য সরবরাহ যথেষ্ট থাকবে তা থাকবে না। একথা উপেক্ষায় বন্ধুরা হেসে উড়িয়ে দিতে চাইবে না, এবছর [illegible] ফসল আশা করা গিয়েছিল সেই পরিমাণ ফসল হয়নি, অবশ্য গত বছরের চেয়ে কিছু বেশি হয়েছে। তথ্যের উপর যদি নির্ভর করতে হয় তাহলে সরকারের বর্তমান খাদ্যনীতি সমর্থন করা যায় না। গতকাল প্রশ্নের উত্তরে তিনি বলেছেন যে তাঁরা ধানচাল কিনবেন না। আমরা ৫ লক্ষ টন মজুদ করার কথা বলেছিলাম, তাঁরা এক প্রশ্নের উত্তরে বলেছেন মাত্র ২ লক্ষ টন লেভি করে নেবেন - আর বাকী কোথা থেকে আসবে তার নিশ্চয়তা নাই। [illegible]সরকার এখন ধানচাল কেনা ছেড়ে দিয়েছেন। তিনি গত ১১ই তারিখে একটি প্রশ্নের উত্তরে দিয়েছেন যে সরকার বর্তমানে অবস্থা পর্যবেক্ষণ করছেন, বাজারের ভাবগতিক লক্ষ্য করছেন, প্রয়োজন হলে সরকার [illegible]স্বার্থে ধান্য ক্রয় করবেন এবং তজ্জন্য আনুষঙ্গিক ব্যবস্থা অবলম্বিত হবে। অর্থাৎ, বাজারে যখন ধানচালের অন্তর্ধান হয়েছে এই সময় তাঁরা পর্যবেক্ষণ করছেন। পর্যবেক্ষণ কখন শেষ হবে? যখন বাজার শেষ হবে এবং [illegible] সরকারের [illegible] দেখবেন ধান [illegible] সেই [illegible] কোন উপায় নাই। এখন [illegible] বলছেন - ১০০ মণ ধান মজুত রাখলেই লাইসেন্স করতে হবে। এজন্য [illegible] পল্লী অঞ্চলে একটা আতংক দেখা দিয়েছে, কারণ যারা ১০/১৫ বিঘার মালিক যারা ১০০/১৫০ মণ ধান রাখে তাদের খোরাকি ধান বাদ দেওয়া হবে কিনা সেই কথার ঠিক নাই সেই কথা না বলে থাকায় প্রস্তাব করেছেন যে ১০০ মণ মজুত করলেই লাইসেন্স করতে হবে। আমি জিজ্ঞাসা করি খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে তিনি পরিষ্কার করে বলুন সেই যে ১০০ মণ বলা হয়েছে সেটা খোরাকি ধান বাদ দিয়ে কিনা। খোরাকি ধান বাদ না দিলে এজন্য গোলমালের সৃষ্টি হবে যদি লেভি প্রথায় ধান কেড়ে নিবার চেষ্টা চলে। আমরা চাই খোলা বাজারে যা বিক্রী হয় সেটা কৃষকদের উপর কোনরকম জুলুম না করে সরকার কিনে নিয়ে মজুত করুন। সরকার যে আশা করছেন কৃষকদের কাছ থেকে লেভি করে নেবেন সেই আশাও তাঁদের ব্যর্থ হবে, কারণ পুলিশ ঘুষ নেয় এবং আরো অন্যান্য দুর্নীতি আছে। সুতরাং লোকাল মার্কেট থেকে যারা ভাদ্র আশ্বিন মাসে কিনে খান সেটা কেড়ে নেবার চেষ্টা হওয়া উচিৎ নয়। সেইজন্য আমি বলি কেন্দ্রীয় সরকারের মতো আঞ্চলিক গুদাম করুন, সেখানে ধান জমা রাখুন, কলকাতার জন্য আলাদা ব্যবস্থা করুন, বর্তমান প্রথার অবসান ঘটিয়ে যেসব আঞ্চলিক গুদাম আছে জেলায় এবং মহকুমায় সেখানে ধান কিনে রাখুন। যদি আপনারা এই ব্যবস্থা করতে পারেন তাহলে অবস্থা কিছুটা রক্ষা পেতে পারে। আমি প্রস্তাব করছি কলিকাতা শিল্পাঞ্চলের পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিন। পল্লী অঞ্চল থেকে যেন ধান চালানে [illegible] চেষ্টা না হয় এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50—4 p.m.]

Shri Sushil Kumar Das Gupta :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার প্রতি শ্রদ্ধা নিবেদন করতে উঠে আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে আমেরিকার রাষ্ট্রদূত চেষ্টারবোলস্ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে উন্নত দেশের ইকনমিক কন্ডিসন্স এর বিষয় বলে ভারতবর্ষের কোথায় গলদ সে সম্পর্কে একটি নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন ভারতবর্ষের সবচেয়ে বড় জিনিস হচ্ছে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা লাভ করা। তিনি জাপানের উদাহরণ দিয়ে একথা বলেছেন যে, জাপান যখন

অনুন্নত ছিল তখন তারা নানা উপায় উদ্ভাবন করে তাদের খাদ্য সমস্যার সমাধান করেছে কাজেই ভারতবর্ষের জাপানকে অনুসরণ করা উচিত। জাপান সম্বন্ধে তিনি আর একটা কথা বলেছেন যে, জাপান তার ক্ষুদ্র এবং কুটির শিল্পের উন্নয়ন করে দেশের বেকার সমস্যার সমাধান করেছে এবং তারপর যখন দেখল দেশে বেকারত্ব কমে গেছে তখন তারা বড় বড় শিল্প গড়তে আরম্ভ করল। বড় বড় শিল্প করে দেশের সমৃদ্ধি আনতে হলে ম্যান পাওয়ার কমে যায় একথা সকলেই স্বীকার করবেন। কিন্তু দুঃখের সঙ্গে বলছি আমরা গোড়া থেকেই একটা অন্য রকম নীতি নিয়েছি। অর্থাৎ আমরা আগে থেকেই বড় বড় পরিকল্পনা নিয়েছি, বড় বড় নদী মাতৃকা বেঁধেছি। বাংলাদেশের দিক থেকে চাষের কথায় আসা যাক। আমরা যে দামোদর পরিকল্পনা করেছি তার উদ্দেশ্য ছিল শুধু সর্বনাশা দামোদরকে বেঁধে প্লাবন নিবারণ করব তা নয়, আমাদের যে শস্যশ্যামলা জমি আছে তাতে আমরা জল দেব। কিন্তু আমরা কৃতকার্য হতে পারিনি। আমাদের করণীয় হচ্ছে যেসব নদীতে পেরিনিয়াল সোর্স অব ওয়াটার সাপ্লাই না থাকবে সেখানে বর্ষার জল বেঁধে রেখে সারা বছর কাজ চালাব। কাজেই গংগা এবং ফরাক্কা ব্যারেজ যখন হবে তখন আমরা আমাদের দেশের চাষের সমস্যার সমাধান করতে পারব। আমরা যদি ভারতবর্ষের অন্য রাজ্যের দিকে তাকাই তাহলে দেখব বাংলাদেশের ১ লক্ষ ২০/২২ হাজার একর জমির মধ্যে আমরা মাত্র ২০/২২ হাজার একর জমিতে ইরিগেসন-এর মাধ্যমে চাষ করতে পেরেছি। কিন্তু অন্ধ্র এবং মাদ্রাজের যে ৯০ হাজার বা ১ লক্ষ একর জমি আছে তাতে তারা সমস্ত জমিতে ইরিগেসন-এর মাধ্যমে চাষ করে এবং ফসল ভালই হয়। কিন্তু আমাদের তাকিয়ে থাকতে হয় ভগবানের দিকে অর্থাৎ বেশী বৃষ্টি হলে বা অনাবৃষ্টি হলে বা [illegible] হলে আমাদের ভয়ানক অসুবিধা হয়। তবে গংগাকে যদি বাঁধতে পারি তাহলে এই দুঃখ আমাদের আর থাকবে না। তারপর, মাননীয়া রাজ্যপাল তাঁর ভাষণে বর্তমান দাংগার [illegible] দুঃখ প্রকাশ করেছেন। কাশ্মীরে হজরতবাল মসজিদ থেকে পবিত্র কেশ অপহরণের [illegible] ফলে খুলনায় দাংগা হোল এবং তারপর কোলকাতায় দাংগা হোল। আমি দাংগার সময় কোলকাতায় ছিলাম এবং আমার এলাকা কাশীপুর সম্বন্ধে গর্ব করে বলতে পারি যে, আমাদের ওখানে ৮/১০ হাজার মুসলমান বস্তীতে থাকে কিন্তু একটি দোকানেরও ক্ষতি হয়নি। এটা খুব আনন্দের কথা। আমি পুলিশকে বাধ্য করেছি যাতে কেউ অন্যায় করতে না পারে।

পুলিশকে আমরা বাধ্য করেছি যাতে কোন অন্যায় না করতে পারে। আমার মনে হয় স্যার, কলকাতার নেতৃবৃন্দ তাঁরা যে কোন দলেরই হোন না কেন তাঁরা যদি গোড়াতেই চেষ্টা করতেন তাহলে কলকাতায় দাংগা-হাংগামা হতে পারত না, দাংগা হত না, আমাদের ভারতবর্ষের উপর কলঙ্ক কালিমা লেপন হত না।

আর একটা কথা। আজকে পূর্ববঙ্গে যা হচ্ছে তাতে আমাদের সেই নাদিশ শা-এর ঘটনাই মনে করিয়ে দিচ্ছে। পূর্ববঙ্গে কেউ বলছে ১০ হাজার কেউ বলছে ২০ হাজার, আজকে আবার দেখছি ৩০ হাজার, অর্থাৎ একটা বিরাট সংখ্যক মানুষকে হত্যা করা হয়েছে। আজকে যে ভাই বোনেরা পূর্ববঙ্গে রয়েছে, ৯০ লক্ষই হোক আর যাই হোক তাদেরকে এখানে নিয়ে আসতে হবে। তাই আমি ভারত সরকারের কাছে আবেদন জানাবো মানবিকতার দিকে তাকিয়ে মাইগ্রেশন প্রথা চালু করুন তাঁরা চলে আসুন। তারা ভারতবর্ষেরই মানুষ যুগ যুগ ধরে আমাদের সঙ্গে রয়েছে, তারা বাংলাদেশেরই মানুষ ছিল, অবিভক্ত বাংলার মানুষ ছিল, তাদের ফিরিয়ে আনবার দায়িত্ব আমাদের। আমাদের সত্যিই দুঃখ হয়, কেন্দ্রীয় সরকার আজকে যে নীতি নিয়েছে উদ্বাস্তুদের জন্য তাতে আমি আগাগোড়া এই নীতিকে সমর্থন করতে পারি না। আজকে যে রিফিউজীরা আসছে তাদের কথাই সবাই বলছে কিন্তু ১৯৭৭ সালের পরে যারা এসেছে সেই রিফিউজীরা কলকাতারই বিভিন্ন স্থানে আছে, ভারতের বিভিন্ন স্থানে আছে তাদের আজকে কি অবস্থা, তাদের প্রতি কি আমরা আমাদের সত্যিকারের কর্তব্য করতে পেরেছি? এ ছাড়া আরও ১৫ লক্ষ রিফিউজী রয়েছে, তাদের আমরা বিভিন্ন ক্যেটেগরীতে ভাগ করতে পারি। ১৯৫০ সালের আগে যারা আসতে পেরেছিল গভর্নমেন্ট তাদের স্বীকৃতি দিয়েছিল যে তাদের রিহ্যাবিলিটেশন দিবেন, তাছাড়া আর একটা গ্রুপ রয়েছে যাদের ভ্যাগরেন্সী ক্যাম্পে রেখেছিলেন, এবং তাদের ৭টি ক্যাম্পে রেখেছিলেন।। গত ১৫ বছর ধরে তাদের ড্রাই ডোল দিয়েছেন কিছু অর্থ সাহায্য দিয়েছেন। আজকে ১৫ বছর পরে সরকার হুকুমনামা জারী করেছেন তোমরা ক্যাম্প ছেড়ে চলে যাও। এটা কোন দেশের মনুষ্যত্ব যে ১৫ বছর ধরে তাদের ক্যাম্পে

রেখে দিলেন তারপর আজকে তাদের বেরিয়ে যাবার জন্য হুকুমনামা জারী করে দিলেন, তারা আজকে যাবে কোথায়? তাই বলছি কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিন, এই ভ্যাগরেন্সী ক্যাম্পে যারা আছে তাদের যেন বার করে না দেওয়া হয়। আর একটা গ্রুপ রিফিউজী আছে যারা ১৯৫০ সালের পরে এসেছে, ১৯৫১ সালে এসেছে তাদের কি দুঃসহ যন্ত্রণা ভোগ করছে, তাদের সংগে যারা মেলামেশা করে তারাই জানেন। তাঁরা অনেক কলোনী করেছেন, আজকে সেই কলোনী পশ্চিমবঙ্গ সরকারের নয়, কেন্দ্রীয় সরকারের, আজকে হঠাৎ এল, আই সি মারফৎ নানা প্রতিষ্ঠান মারফৎ তাদের উপর ৫০/৬০টা মামলা রুজু করে তাদের তুলে দেবার চেষ্টা করছেন। জ্যোতি বাবুর এলেকা, আমার পাশের এলেকা, সেখানে অনেক কলোনী আছে সেখানে হাজার হাজার মানুষ বাস করে। আজকে তাদের উপর মামলা দায়ের করা হয়েছে। এইভাবেই কি পূর্ববাংলার ভাইদের উপর কর্তব্য পালন করছেন? আমার মনে হয় আমাদের কেন্দ্রীয় সরকারের উপর পশ্চিমবংগ সরকারের চাপ দেওয়া উচিত যাতে তাঁরা এই রিফিউজী সমস্যার সুষ্ঠু সমাধান করেন।

Shri Lakshmi Ranjan Josse: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that while so much concern has been shown in the matter of rehabilitation of the members of the minority community displaced by the recent riot in the city of Calcutta there is not a word about compensation—much less rehabilitation—of thousands of people displaced by acquisition of homesteads and land for construction of strategic roads in the border areas of Darjeeling."

Mr. Deputy Speaker, Sir, our Governor has referred to the recent disturbances in the city in her address. She has characterised it as communal. There I beg to differ. It is not just a communal incident if we understand the word "communal" in the usual way. That is the observation of a very superficial observer. If we look deeply into it, we will find that it is dangerously political.

She has mentioned about immediate relief measures, but she has not suggested anything with regard to the permanent solution of the problems. China is our enemy No. 1. China is the arsenal of all troubles not only for India but for the whole of South-East Asia. Only the other day Chou-en-Lai rejoiced in his African tour when he remarked that the prospects of revolution are excellent. If we are to deal with an enemy like China who rejoiced in the prospect of the revolution in other countries, we have to be very cautions.

[4—4-10 p.m.]

That is what they wanted to do in this country. When they marched to Bomdilla and even beyond that they were banking on the hope that there will be fifth-columnist rising in India and India will fall a prey. But that did not happen. The other reason why they hesitated was the military strategy. They saw that they could not continue the attack involving a long line of communication from Peking and that is why they went back. But when they went back their object of weakening India was not accomplished. So they were looking out for an agent who could accomplish that object for them and that they found handy in Pakistan. Pakistan has now been used by China as the cat's paw to pull the chestnut out of the fire and it is very convenient for Pakistan because her agents cannot be easily distinguished. They speak the same language, they look alike and, therefore, she has spread out a net of agents all over Calcutta and other parts of India too. So, China is the disease and that is the disease which has to be treated and not Pakistan which is only a symptom. If we understand that we will have

understood the real situation. Now this is amply proved by the fact that though there were many many communal riots in Calcutta, not only today but for the last 20/30 years, none of them had assumed a character as it has assumed this time. This is because the mighty China is at her back with her support and with China behind her back she has indulged in a riot which cannot be just brushed aside as communal. She has a very sinister motive and I think it is because of the sinister motive that the Minister flew from Delhi and Bhubaneswar to here; he did not leave it to the hands of the Ministries in Bengal. Therefore, the source of strength being China we have to win over China through diplomatic means or by any other means which the Central Government may think fit. Once we have won over China we can deal with Pakistan as well. It is China which is the source of strength and that we must understand. Therefore, our border has to be defended; we must not be complacent over it. So long as that red dragon is sitting on the heights of the Himalayas looking over the planes of India we can have no peace, no security, and the best defence of the country is to keep the people of the border land happy and contented. It applies equally to the border of Ladakh and of Bengal. If the in habitants of the places who are the sentinel of the border area are kept happy and content nothing can happen. They can defend the country with the zeal which no other military personnel imported from outside can do. We are too long indulging in a policy of appeasement. Our Government has been going in the same way what Mr Chamberlain years ago tried on Hitler. That appeasement policy having failed, he had to fight a long and bitter war. The same applies here. We can go on appeasing, but in the end that will fail and we will only lose time. Appeasement will never work with a ruthless enemy like Pakistan. If Chamberlain failed, we also will fail. By appeasement I mean many other things too. Now Salauddin is a Pakistani agent who was at large the day before yesterday. Everybody knew him, every street urchin knew him. I have gone round everywhere and I heard the name of Salauddin. But he was not apprehended. Only the other day he was arrested, I take it, but I may be wrong. If the ruling Party is prepared to forego Muslim votes in the next general election it can very well apprehend all the miscreants, all the Pakistani agents. If that is not done, we will have no security. There are incidents everywhere. May be, something is happening even now. Only the other day in C.I.T. Road a very popular doctor who is a friend of the members of the citizens' committee in that area was going to his house from his laboratory at about 9-15 which is about a stone's throw from his residence. Everybody knew him. There were two pickets of Bengal Police on the either side of the lane. He was not accosted by them or assaulted by them. But while he was near the door of his own house, he was pounced upon by two Bihari armed police who vilified and assaulted him. I do not want to say anything here before this House. This is the kind of immunity. This matter was brought to the notice of the House, but it was not allowed. If such things can happen in the heart of the city, I do not know what is happening elsewhere.

In the border area, particularly in Pedong near Kalimpong, hundreds of families have been rendered homeless. Their agricultural land has been acquired for building a strategic road. That was in 1961. Today we are in 1964. They have not been paid anything by way of compensation nor have they been rehabilitated. On the top of it, they are being made to pay rent year after year for the land which has already gone over to the Government. Therefore, I will say that the Government must be firm and must be impartial. Whether Hindus or Muslims Government should give protection to all. Giving protection only the Muslims and not to the Hindus is no sign of secularism. With these words, Sir, I close my observations.

[4-10—4-20 p.m.]

কুমার জগদীশচন্দ্র সিংহঃ মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজ দুদিন ধরে মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণের উপর বিতর্ক এই হাউসে শুনেছি। এবং এখানে নানা বিষয় অবতারণা করা হয়েছে। বিশেষ করে আজকের দিনে পূর্ব বাংলা হতে যে সমস্ত দাঙ্গাপ্রপীড়িত হিন্দু ভাইবোনেরা চলে আসছেন তাঁদের সম্বন্ধে এখানের সকল পক্ষের সদস্যেরা একমত যে, তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। এখানে যাঁরা আসতে পাচ্ছেন না, তাঁদের এখানে ফিরিয়ে আনবার ব্যবস্থা হোক, এ বিষয়ে আমরা সকলে চিন্তিত আছি। কিন্তু আমি সরকারের কাছে এই নিবেদন জানাই, তাঁরা একটা সুচিন্তিত নীতি ঘোষণা করুন। ভারত সরকারের কাছে এই আবেদন জানান যে যাঁরা আসতে চান তাঁদের আজকে নিয়ে আসার ব্যবস্থা করার জন্য এবং এখানে যাতে ভারতবর্ষের ভিতর এসে—শুধু পশ্চিম বাংলায় নয়—ভারতের মাঝখানে এসে ভারতের নাগরিক হিসাবে তারা যাতে জীবন যাপন করতে পারেন তার ব্যবস্থা যেন করেন। আজকে যেভাবে রিফিউজি রিহ্যাবিলিটেশন করা হয়েছে দুঃখের কথা, লজ্জার কথা যে সম্পূর্ণভাবে তাদের পুনর্বাসন করতে আমরা পারিনি। আমাদের ত্রুটি-বিচ্যুতি আছে, এটা স্বীকার করে নিয়ে আমাদের এগিয়ে চলতে হবে—তাঁদের নূতন জীবন যাতে আমরা দিতে পারি তার ব্যবস্থা আমাদের করতে হবে। যারা আজকে আসতে পারছে না তাদের সম্বন্ধে ভারত সরকার আজকে পাকিস্তানের কাছে এই দাবি জানাবেন দরকার হলে ইউ, এন, ও-র মাধ্যমে জানাতে পারেন তাদের নিরাপত্তার জন্য পাকিস্তান সরকারকে ঘোষণা করতে হবে সর্বসমক্ষে। এবং দরকার হলে ভারত সরকার বিশ্বের দরবারে এই কেস নিয়ে লড়তে হবে। লড়া মানে এই কথা বলি না—যুদ্ধের কথা। সভ্য জগতে সভ্য জাতি হিসাবে যুদ্ধের কথা বলতে পারি না। এ প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে আর একটি কথা নিবেদন করতে চাই যে কলকাতায়—যেখানে হিন্দু আছে, মুসলমান আছে, খৃষ্টান আছে ইত্যাদি বহু জাতি এখানে আছে—গুপ্তচরের অভাব নেই। তা চীনেরই হোক আর পাকিস্তানেরই হোক, এই গুপ্তচরবৃত্তি বন্ধ করতে হবে। বিদেশী যে কোন গুপ্তচরবৃত্তিকে সরকারকে দৃঢ়হস্তে বন্ধ করতে হবে। আপনারা জানেন, পয়গম বলে একটি কাগজ কলকাতায় বেরুচ্ছে—কিন্তু সেটা কোথা থেকে ছাপা হচ্ছে কে এর প্রকাশক, কোন্ প্রেস থেকে সেটা বেরোয় তার নাম-গন্ধ কোথাও নেই। আমি সরকারের কাছে জানাই যে, ক্রমশ তার কাগজ ভাল হচ্ছে ভাল ছাপাখানায় ভাল অক্ষরে ছাপা হচ্ছে। এ সম্বন্ধে তদন্ত করা দরকার।

(শ্রীকমলকান্তি গুহ ঃ এটা নিশ্চয়ই সরকারের দেখা উচিত—কিন্তু এটা তাঁরা করবেন না—সেখানে যে গোল আছে।)

এ বিষয়ে একটা এনকোয়ারি নিশ্চয়ই করা দরকার। তার জন্য সচেষ্ট হওয়া দরকার। প্রয়োজন হলে ডি আর রুল প্রয়োগ করা দরকার এবং তার বন্ধ করা দরকার। শেষ করবার আগে ২টি বিষয়ে সরকারের কাছে আবেদন করতে চাই। আজকে বাংলা সরকারের নানা বিভাগে টেম্পোরারি হ্যান্ড বহু রয়েছে এবং যোগ্যতার সঙ্গে কাজ করে যাচ্ছে যখন রিটায়ার করছে তখনও তারা টেম্পোরারি হ্যান্ড বলে ডিক্লেয়ার্ড হচ্ছে এবং তারা বহু সুযোগ-সুবিধা যা তাদের পাওয়া উচিত তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমি আজকে আবেদন করব সরকারের কাছে যে তাদের কথা আজ বিবেচনা করুন। যারা তাদের জীবন দিয়ে সরকারকে সেবা করছে, তারা টেম্পোরারি হলেও যদি তারা পাঁচ বৎসর সরকারী যে কোন বিভাগে কাজ করে থাকে, তাদের আজকে পার্মানেন্ট স্ট্যাটাস দিতে হবে। আজকে এই সরকার জাতীয় সরকার, দেশের জনগণের ভোটের দ্বারা এই সরকার গঠিত হয়েছে, তাঁরা দেশের লোককে এইভাবে দূরে ফেলে দিতে পারেন না। তাই আমি আবেদন জানাব এই কর্মচারীদের কথা বিবেচনা করুন। তারা যদি পাঁচ বৎসর সরকারের অধীনে কাজ করে থাকে তাদের স্থায়ী পদে যে কোন বিভাগে পার্মানেন্ট করতে হবে। এই বিষয় তাঁদের চিন্তা করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

দ্বিতীয় কথা জ্যোতিবাবু বলেছেন যে, আমাদের কংগ্রেসের মধ্যে বিরোধ আছে, ঝগড়া আছে এবং তিনি কোন একজন জজসাহেব বা ম্যাজিস্ট্রেটের রায়ের একটা অংশ—সেটা রায় কিনা আমি জানি না—কয়েকটি লাইন তিনি পড়লেন। বেলপুকুর স্কুলের হেডমাস্টার, কি একজন শিক্ষককে,

অন্যায় করে কংগ্রেস তাঁকে প্যাঁচে ফেলে শাস্তি দেবার ব্যবস্থা করেন। এই নাকি রায়ের সার-মর্ম। আমি তাঁকে জিজ্ঞাসা করি, তিনি কোন্ মুখে আজকে কংগ্রেসের ভিতরের দলাদলির কথা বলেন, যখন তাঁদের নিজেদের দলের ভিতর এতখানি ভাঙ্গন। যখন 'স্বাধীনতা' পত্রিকা ৯ তারিখে বন্ধ হয়ে গেল এবং ১০ তারিখ পর্যন্ত অন্যায়ভাবে কর্মীদের আটক রাখা হল—যে পুলিশের তাঁরা নিন্দা করেন সেই পুলিশের স্মরণাপন্ন হয়ে তাঁদেরই সাহায্য নিয়ে তাঁদের বের করতে হয়েছে। আর একটি কথা বলতে চাই, আমরা আজকে এই যে শত্রুর সম্মুখীন হয়েছি, তখন এই স্বয়ংসম্পূর্ণতার দিকে যাতে আমরা এগিয়ে যেতে পারি তার জন্য আমাদের আরও বেশি দৃষ্টি দিতে হবে। যে কথা মাননীয়া রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে, আমাদের কৃষি উন্নতির দিকে, চাষবাসের দিকে আমাদের আরও বেশি দৃষ্টি দেওয়া দরকার। কেননা আজকে ভারতবর্ষ বা বাংলাদেশে যদি আমরা লোককে খাইয়ে পরিয়ে সুস্থভাবে না রাখতে পারি, দেশের লোককে সস্তা দামে যদি খাবার না দিতে পারি, তা হলে কোন রকম উন্নয়নমূলক পরিকল্পনা তা যত ভালই হোক না কেন দেশের লোকের কাছে তা গ্রহণযোগ্য হবে না। তাই আমি সরকারের কাছে অনুরোধ জানাব, অগ্রাধিকার দিয়ে কৃষির উন্নতির জন্য আরও চেষ্টা করুন, যাতে করে এইবার যে ঘাটতি হতে পারে বলে আমরা মনে করছি, আগামী বৎসর যাতে তাও না হয় সেইদিকে সচেষ্ট হন। এই কথা বলে আমি আমার বন্ধুবর মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব নিয়ে এসেছেন তা সমর্থন করছি।

[4-20—4-30 p.m.]

Shri Anadi Das: Sir, I move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(1) it fails to appreciate the grave crisis in the economic, social and cultural affairs of the State and so it betrays complete lack of seriousness on the part of the Government and it fails to show the way and to inspire people to give their all to build the nation for future generations;

(2) it has failed to show how the energy and patriotism of the labouring people can be utilised in developing the country as a whole instead of its being a means to enrich the few;

(3) no mention has been made congratulating those who have given their lives to bring about communal harmony in both Bengals;

(4) no mention has been made about ensuring safe tránsit to those of minority community in East Pakistan who want to migrate to India;

(5) it has failed to show the way to solve the growing unemployment problem in the State;

(6) it has failed to show the way to reduce the cost of living of the common people."

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণে আমাদের সরকারের চিন্তার দিক দিয়ে চরম দেউলিয়াপনার পরিচয় পাওয়া যায়। রাজ্যপালের এই সংক্ষিপ্ত ভাষণ আমাদের সমস্যা-জর্জরিত পশ্চিম বাংলায় কোন সমস্যার সমাধানের ইঙ্গিতই দিতে পারে নি। অথচ বাংলাদেশ আজ নানা সমস্যায় জর্জরিত। প্রত্যেকটি ব্যাপারে, কি কৃষি সমস্যা, কি শিক্ষা সমস্যা প্রত্যেকটি ব্যাপারে আজ এই একটি কথা বার বার আমাদের মনে পড়ছে। আজ দেশের প্রত্যেকটা মানুষের মন কেন এত চঞ্চল হয়ে উঠেছে তা আমাদের সকলেরই গভীর চিন্তার বিষয়। পাকিস্তান

থেকে যাঁরা আসছেন তাঁদের আশ্রয় দিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু বিভিন্ন বক্তার বক্তব্যের মধ্যে দিয়ে যে চিত্র উদ্ঘাটিত হয়েছে তাতে শুধু একটা কথাই প্রকাশ পায় যে, আমরা এই সমস্যা সমাধানে বাধা হয়েছি এবং তার জন্য কংগ্রেস সরকারই দায়ী। বলা হয়েছিল যে, পূর্ববঙ্গ থেকে যারা আসবে তাদের কোন রিফিউজি ক্যাম্পে নয়, সোজাসুজি দণ্ডকারণ্যে নিয়ে যাওয়া হবে। এখনই এখানে যেসমস্ত উদ্বাস্তু আছেন দণ্ডকারণ্যে তাদেরই জায়গা দেওয়া যাচ্ছে না, সুতরাং পূর্ববঙ্গ থেকে আরও যারা আসবেন তাদের জায়গা হবে কি করে? এজন্য কংগ্রেস সরকারই যে মূলতঃ দায়ী সেই বিষয়ে সন্দেহ নাই। এখানে প্রতাপবাবু কংগ্রেসকে সেই দায়িত্ব থেকে মুক্ত করবার চেষ্টা করেছেন, কিন্তু তাঁর চেষ্টা ব্যর্থ হয়েছে। যখন পার্টিশনের প্রস্তাব আসে তখনও মানুষ জানত বৃটিশ শাসন দেশ থেকে উচ্ছেদ হলে দ্বিধাবিভক্ত ভারতে তাদের নানান দুর্ভোগের সম্মুখীন হতে হবে। কিন্তু তৎসত্বেও স্বাধীনতার অমোঘ আহবানে তাঁরা পার্টিশন মেনে নিয়েছিলেন।

অর্থাৎ একটি কথা দাঁড়ায় আজকে পূর্ব বাংলার বাঙ্গালীদের প্রতি মতই প্রীতি দেখাই না কেন, সেই প্রীতির উৎস শুকিয়ে যাবে যদি আমরা এখানে কায়েমী স্বার্থকে বাঁচিয়ে রাখি। প্রীতি থাক, কিন্তু তার মধ্যে কায়েমী স্বার্থ বজায় থাকা চাই, তাই পাকিস্তানকে স্বীকার করে নিয়ে স্বাধীনতা আনবার পরিকল্পনা কংগ্রেস সরকার করেছিল। মাননীয় চেয়ারম্যান, স্যার, কংগ্রেসপক্ষ থেকে বলা হয়েছে ইট উইল বি এ টেম্পোরারি ফেজ। টেম্পোরারি ফেজ হত, কিন্তু সেই টেম্পোরারি ফেজ হবার পক্ষে কংগ্রেস সরকারই বাধা সৃষ্টি করেছে। পাকিস্তানে গণতন্ত্রের অভাব আছে, কিন্তু আমাদের দেশে শুধু ভোটের ক্ষেত্রে নয়, শুধু ভোটের অধিকার দিয়ে নয়—প্রত্যেক মানুষের জীবিকার অন্বেষণে, তাদের জীবনের নিরাপত্তাবোধে যদি গণতন্ত্রের পূর্ব বিকাশ হত, প্রত্যেক মানুষ যদি স্বাধীনতা অর্জন করতে পারত তা হলে একটা নূতন ভারতবর্ষ তৈরি হত এবং সেই নূতন ভারতবর্ষ পাকিস্তানের মধ্যে এক নূতন চেহারা নিয়ে আসত। স্যার, এই দাঙ্গা রোধ করবার ব্যাপারে যে কথা বলা হয়, সেটা যে ভুল তা বারবার প্রমাণিত হয়েছে। এখানে গণতন্ত্র না থাকলে পাকিস্তানে গণতন্ত্রের বিকাশ হতে পারে না। সেখানে আয়ুবশাহী চলছে, ফ্যাসিস্ট গভর্নমেন্ট চলছে, যেটাকে উৎখাত করা দরকার। আমরা যদি এখানে এখানকার কাজের মধ্য দিয়ে সেই শক্তি বিকশিত করতে পারি, তা হলে দেখা যাবে ওখানকার আয়ুবশাহী চূর্ণ-বিচূর্ণ হয়ে গেছে এবং যেসব হিন্দু আসতে চায় না তাদের থাকবার জায়গা হয়ে গেছে। কিন্তু এখানে এঁরা কায়েমী স্বার্থ বজায় রাখতে গিয়ে সেই পথ তৈরি করছে না। স্যার, এখানকার একজন এম-এল-এ গভর্নমেন্টের কাছে পার্মিশন চাচ্ছেন যে, আমাকে নদিয়ায় যেতে দেওয়া হোক, আমার উপর যে সাময়িক বাধা আছে সেটা স্থগিত রাখা হোক, আমার কন্সটিটিউয়েন্সিতে যে দাঙ্গা বেঁধেছে আমি সেটা দমন করতে পারব, কাজেই আমাকে জনসাধারণের সঙ্গে এগিয়ে যেতে দেওয়া হোক। কিন্তু আশ্চর্যের বিষয়, তাঁকে সেই পার্মিশন দেওয়া হয় নি এবং এমন কি তাঁর পত্রের স্বীকারোক্তি পর্যন্ত দেওয়া হয় নি। তা হলে সরকার কি এইভাবে দাঙ্গা রোধ করবেন? ভোটের সময় দেখি, যেসব মুসলমান কংগ্রেসকে ভোট দেবে না তাদের ভারতবর্ষে জায়গা হয় না। এর ফলে এখানকার সংখ্যালঘুদের মনে নিরাপত্তার অভাব জাগে কিনা এবং এখানে নিরাপত্তার অভাব হলে ওখানে নিরাপত্তার অভাব হয় কিনা? স্যার, এরা নিজেদের স্বার্থ রক্ষা করবার জন্য যেসমস্ত চক্রান্ত করে চলেছে বার বার তার প্রতিফলন হচ্ছে এবং তার ফলে অন্যদিকে আয়ুবশাহী ডিক্টেটরশিপ গভর্নমেন্টকে উৎখাত করবার জন্য ওখানকার মানুষ যে চেষ্টা করছে সেই চেষ্টা দুর্বল হয়ে পড়ছে। তারপর, স্যার, আমার কন্সটিটিউয়েন্সি হাওড়া—টিকেপাড়া অঞ্চলে দাঙ্গা হয় নি বলে আমি সেখানকার সাধারণ মানুষকে অভিনন্দন জানাচ্ছি। তারা আমাকে বার বার বলে দিয়েছে যে, আপনি অ্যাসেম্বলিতে একথা বলবেন, আমরা মুসলমানরা চাই ওখানকার আয়ুবশাহী শেষ হোক এবং আমরা তার জন্য আন্দোলন করব, আমরা চাই একসঙ্গে লড়তে। কিন্তু এখানকার পুলিস নানাভাবে এখানকার মুসলমানদের উপর জুলুম চালাচ্ছে এবং তাতে উৎসাহ দিচ্ছে আমাদের দেশের অগণতান্ত্রিক ব্যবস্থা এবং এখানকার প্রতিক্রিয়াশীল লোকেরা। স্যার, আজকে দিকে দিকে মানুষ জেগে উঠেছে, তাই বাংলাদেশ যদি সমাজতন্ত্রের দিকে এগিয়ে যেতে পারে, ধনীর বিরুদ্ধে যেতে পারে এবং এখানকার শ্রমিক সমাজ যদি মালিকানার বিরুদ্ধে এগিয়ে যেতে পারে, তা হলে উভয় বঙ্গ আবার একত্রিত

হতে পারে এবং হিন্দুরা সুখে-স্বচ্ছন্দে গণতন্ত্র প্রতিষ্ঠিত করে বাস করতে পারে। এ ছাড়া অন্য কোন রাস্তা নেই।

[4-30—4-40 p.m.]

শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেট অধিবেশনে গভর্নর যে উদ্বোধনী বক্তৃতা উপস্থাপিত করেছেন এবং তার জন্য তাঁকে ধন্যবাদ দেওয়ার যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করতে উঠেছি। কয়েকদিন ধরে বিধানসভায় তাঁর বক্তৃতা নিয়ে যে সমালোচনা হচ্ছে, তাতে এটা বুঝবার চেষ্টা করেছি যে, মানসিক অবস্থার মধ্যে সেই বক্তৃতা রাখা হয়েছিল এবং পঠিত হয়েছিল সেই মানসিক অবস্থা আমরা বুঝে উঠতে পেরেছি কিনা। কাশ্মীরের হজরতবাল মসজিদকে কেন্দ্র করে পূর্ব পাকিস্তানে দাঙ্গা-হাঙ্গামা এবং তার প্রতিক্রিয়াস্বরূপ পশ্চিমবঙ্গে দাঙ্গাহাঙ্গামাকে রাজনৈতিক উপজীব্য করার যে ভিন্ন প্রচেষ্টা যা এইমাত্র দেখলাম, তার ফলে ওখানকার সংখ্যালঘু এবং স্পষ্ট করে বলতে গেলে এবং পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক মানুষকে লাঞ্ছিত করার প্রচেষ্টা বলে হয় না, এর মধ্যে কোন রাজনীতি সম্ভব নয়। মানুষ যেখানে মরছে, নারীর সম্মান যেখানে রক্ষিত হচ্ছে না, শিশু যেখানে হত্যা হচ্ছে, যেখানে চারিদিকে হাহাকার ফুটে উঠছে এবং ভারতবর্ষের মন যেখানে বিক্ষুব্ধ ঠিক সেই সময় রাজনীতি করার প্রয়াসকে কিছুতেই সমর্থন করা যায় না। আজকে যে অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছি সেটা সম্যকরূপে বুঝে উঠতে হবে। পূর্ব পাকিস্তানের অভ্যন্তরে কি অবস্থা তাতে আমি হস্তক্ষেপ করতে চাই না, করতে পারি না, করাও সম্ভব নয়। কিন্তু একথা যখন শুনি একথা জানি যে, কাশ্মীরে হজরতের পবিত্র কেশ অপহরণকে কেন্দ্র করে খুলনা যশোরে হিন্দু হত্যা করা হয় এবং দায়ী করা হয় যারা কখনও জীবনে কাশ্মীর দেখেনি, একমাত্র ম্যাপ ছাড়া, সেই হিন্দুদের যখন দায়ী করা হয় তখন নিশ্চয়ই আমাদেব মন বিক্ষুব্ধ হয়। রাজনৈতিক ভাষায় যাকে সংখ্যাগুরু এবং সংখ্যালঘু বলা হয়, আমি সে সম্বন্ধে পরিষ্কার বলতে চাই, দেশবিভাগের আগে যাদের সঙ্গে আমাদের ঐতিহ্যের যোগ ছিল, ইতিহাসের যোগ ছিল, সংস্কৃতির যোগ ছিল, জীবনমরণের যোগ ছিল, তাদের উপর যখন নিপীড়ন হয়, অন্যায় অত্যাচার হয়, তখন আমাদের বুকের পাঁজরে বাজে এবং তার প্রতিবাদ করি। আমি একথা বলি না যে, পূর্ব পাকিস্তানে যে জঘন্য যে ঘৃণ্য সাম্প্রদায়িক বীজ বিরাট গাছের রূপ নিয়েছে, তার সঙ্গে তাল রেখে প্রতিদ্বন্দ্বিতা করে এগিয়ে যাব। ভারতবর্ষ তার সাম্প্রদায়িক কাজ শেষ করেছে মহাত্মা গান্ধীকে হত্যা করে, তারপর আর আমরা সাম্প্রদায়িকতার ভিতর যেতে চাই না, যেতে পারব না। জাতির জনককে হত্যার যে কালিমা ভারতবাসীর মাথায় লেগে আছে, সেই কালিমা মুছতে আমরা নিজেরাই পরিশ্রান্ত হয়ে উঠছি, হাঁফিয়ে উঠছি, সাম্প্রদায়িক জঘন্য কাজের মধ্যে আর জড়াতে চাই না আমরা। কিন্তু যদি কেউ বাধ্য করে আমাদের গায়ে এই সাম্প্রদায়িকতা মাখিয়ে দেয় তাহলে পরিষ্কার একথা বলতে চাই যে, ভারতবর্ষের কোন মুসলমানকে দোষারোপ করার স্পর্ধা আমার নাই, আমি করি না। আমি বিশ্বাস করি যে, ভারতবর্ষের প্রত্যেকটি মুসলমানের ভারতবর্ষের সংবিধানের প্রতি এবং মাটির প্রতি অনুরাগ আছে। কিন্তু বস্তী এবং শ্রমিক অঞ্চলে এবং নানা জায়গায় যখন দেখি যে, দিনের পর দিন মাসের পর মাস রেডিও পাকিস্তান প্রেরণা জুগিয়ে যাচ্ছে পশ্চিম বাংলা এবং ভারতবর্ষের শান্তি বিঘ্নিত করার জন্য, তখন নিশ্চয়ই একথা চিন্তা করি যে, পশ্চিম বাংলা শান্তি বিঘ্নিত করার জন্য এই অশান্তির চাবিকাঠি আর কতদিন পাকিস্তানের হাতে থাকবে? পাকিস্তান ইচ্ছা করলে পশ্চিমবঙ্গের শান্তি থাকবে আর পাকিস্তান ইচ্ছা না করলে এখানে অশান্তি ছড়িয়ে দেবে এবং সব লণ্ডভণ্ড হয়ে যাবে এই অবস্থা আর কতদিন চলবে? এর কি সুরাহা করা যায় না? এর বিরুদ্ধে কি একটা বলিষ্ঠ আন্দোলন করা যায় না? একথা কি বলা যায় না, আমাদের ৯০ লক্ষ মানুষকে স্কু করার জন্য স্কুইজ করার জন্য পাকিস্তানীদের সুবিধার জন্য বিপন্ন অসহায় মানুষদের ঐ অবস্থায় ফেলে রাখতে রাজী নই। যখনই পাকিস্তানে বিড়ম্বনা আসবে, কি অর্থনৈতিক, কি সামাজিক, কি রাষ্ট্রীয়, তখনি তারা হিন্দুকে ঠেঙ্গাবে এবং আমরা যারা সেকুলার স্টেট-এর কথা বলি, সেকুলারিজম বারে বারে বললে মনে হচ্ছে যেন আমাদের মস্তিষ্ক, চিন্তাধারার খানিকটা বিকৃত হয়েছে। সত্যকে সত্য বলে স্বীকার করার মত সাহস আমাদের নেই—পাকিস্তানী হিন্দু, পাকিস্তানী মুসলমান। পাকিস্তান একটা

স্বতন্ত্র রাষ্ট্র যে রাষ্ট্রের সংগে আমাদের কোনরকম কোন সম্পর্ক নেই। শুধু সেখানকার নয় লক্ষ মানুষ যারা আমাদের আত্মীয় তাদের ওখানে ফেলে আমরা চলে এসেছি দেশের স্বাধীনতার জন্য এবং একথা বারে বারে এখানে উচ্চারিত হচ্ছে কংগ্রেসকে দায়ী করে চেষ্টা করা হচ্ছে এই বলে যে দেশভাগ করার মধ্যে দিয়ে আমরা নাকি ওদের বাটার করছি কমিউনিস্ট নেতারা সেদিন একথা বলেছিলেন। তাঁরা কি রাইট অফ সেল্‌ফ ডিটারমিনেশন ভুলে গিয়েছেন? সেদিন তাঁরা মুসলিম লীগের জঘন্য কুকুরমারা বৃত্তিকে লেলিয়ে দেন নি? সেদিন কাশীবাবু দেশবিভাগের বিরুদ্ধে অনেক কথা বলেছেন। বিনীতভাবে তাঁর কাছে নিবেদন করছি যে, সেদিন লক্ষ্মীকান্ত মৈত্র মহাশয় এদিকে দাঁড়িয়ে দেশবিভাগকে স্বীকার করে নিয়েছেন বলে আমার মনে হয়। (নয়েজ) সেদিন যাঁরা রাজনৈতিক রঙ্গমঞ্চে আমাদের সঙ্গে ছিলেন অনেকে দেশের মানুষের মনকে বিভ্রান্ত করার জন্য যদি তাঁরা ভুল কথা বলবার চেষ্টা করেন তাহলে আমি মনে করি পশ্চিম বাংলায় দেশের মানুষের স্মরণশক্তি ক্ষুদ্র হতে পারে; কিন্তু এত ক্ষুদ্র নয় যে, তাঁরা সেদিনকার কাজকে আজ একেবারে নস্যাৎ করে দেবেন। বিরোধী দলের নেতা জ্যোতিবাবু সেদিন পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেনকে শ্লেষ করে বললেন যে, পশ্চিম বাংলায় যখন দাঙ্গা হয়েছিল সে সময় তাঁরা নাকি ভুবনেশ্বরে হাওয়া খেতে গিয়েছিলেন? কে এই কথা বলেছিলেন? কে এই দোষারোপ করেছিলেন—পশ্চিমবঙ্গের বিরোধী দলের নেতা জ্যোতিবাবু, যিনি বিকল্প মুখ্যমন্ত্রী। এই কদিন আগে মহাজাতি সদনে তিনি ভারতীয় এবং হিন্দুর ধুয়া তুলে বক্তৃতা করার সুযোগ পান নি। দ্বিতীয় কথা, যেসময় মুখ্যমন্ত্রী ভুবনেশ্বরে হাওয়া খাচ্ছিলেন বলে তিনি দোষারোপ করলেন, তিনি নিজে তখন কোথায় ছিলেন? তিনি কি মনে করেন, পশ্চিম বাংলার মানুষ তাঁর গতিবিধি সম্বন্ধে খবর রাখেন না? ভুবনেশ্বর থেকে খবর পেয়ে ১০ তারিখে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী কলকাতায় ফিরে এসে দাঙ্গা-হাঙ্গামা দমন করার জন্য যা কর্তব্য তার বাহিরে দাঁড়িয়ে পশ্চিম বাংলার দাঙ্গা যেভাবে দমন করেছেন একে সমর্থন না করে কোন উপায় আছে। ১৭ই তারিখের আগে তিনি দিল্লী থেকে ফিরে আসতে পাবেন নি -হারিয়ে যাওয়া গদীর তদ্বির করছিলেন দিল্লীতে বসে। তিনি এসে মুখ্যমন্ত্রীকে চার্জ করলেন হাওয়া খেতে ভুবনেশ্বরে কেন তিনি গিয়েছিলেন? তাঁর কাছে জিজ্ঞাসা আমাদেরও আছে। আমরা নিশ্চয় দায়াবদ্ধ দেশের মানুষের কাছে, কংগ্রেসের প্রতিটা শপথের জন্য আমরা দায়াবদ্ধ এবং আমরা সেই দায় থেকে সরে যেতে চাই না, কিন্তু আমরা সেই দায়াবদ্ধ কিনা একথা আমার পিঠে চাবুক মেরে মনে করিয়ে দেবার অধিকার তাঁকে কে দিয়েছে? দেশের মানুষ তাঁকে গার্জিয়ান বলে স্বীকার করে নেয় নি। আজকে একথা অত্যন্ত পরিষ্কার করে দাঙ্গা-হাঙ্গামার অবস্থার মধ্যে আমাদের বুঝতে হবে। আমরা যদি মনে করি একথা যে, পশ্চিম বাংলা তথা ভারতীয় নাগরিক মুসলমানদের উপর আমাদের আস্থা নেই, তাহলে খোলাখুলিভাবে এ সম্বন্ধে তদন্ত হওয়া দরকার। তদন্ত হওয়া দরকার এইজন্য যে, আমরা আমাদের মনে এবং তাদের মনে এই অনিশ্চিত অবস্থা রেখে দেশ গড়ার কাজে, পরিকল্পনার কাছে বিরাট বড় বড় কথা বলে এগিয়ে যেতে পারব না। আজকে ভারতবর্ষের নাগরিক যাদের সাহায্যে দেশ গড়ার পরিকল্পনার যে ছবি রাজ্যপাল তাঁর ভাষণে তুলেছেন, সেই ছবি শিল্পে উন্নয়ন, শিক্ষা ইত্যাদি জীবনের নানাদিক স্পর্শ করে ফুটিয়ে তোলা সম্ভব হবে না মনে যদি কোনরকম অশান্তি থাকে।

[4-40—4-50 p.m.]

আজকে তাই এই কথা পরিষ্কার করে বলা দরকার যে, আমরা মনে করি যে, বাংলাদেশের মাটিতে এবং ভারতবর্ষের মাটিতে যারা বাস করে তাদের আন্তরিকতা সম্বন্ধে সন্দেহ নেই। কারণ যদি উপস্থিত হয় তবে তার উপশম করা দরকার, বোঝা দরকার এবং পরিষ্কার হওয়া দরকার। পাকিস্তান সম্বন্ধে কোন কথা বললে যদি কোন মুসলমান নিজেকে দায়ী মনে করে তার জন্য আমি লজ্জিত। এরূপ মানসিক আবহাওয়া সৃষ্টি হয়ে গেছে। পাকিস্তান সম্বন্ধে কোন কথা বললে যদি মুসলমান সদস্যরা মনে করেন যে, আমাদের উপরে শ্লেষ করা হচ্ছে, তাহলে আমি ব্যক্তিগতভাবে মাথা নুইয়ে শাস্তি নিতে রাজি আছি। কিন্তু এই কথা পরিষ্কার করে আজকে বলতে হবে যে, আমরা চাই যে, আজকে এবং ভবিষ্যতে এই একই

অবস্থা বারে বারে ঘটতে থাকবে। হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ সেখান থেকে ছিন্নমূল হয়ে আসবে, প্রতিবারই এই বিধানসভায় আলোচনা করব, বাইরে আলোচনা করব প্রতিবাদ সভা করব আর কিছুকাল পরে সে সমস্যা চাপা পড়ে যাব এবং আবার সে সমস্যা আসবে "ওয়ান্স ফর অল"-এর সমাধান হওয়া দরকার। আমি জানি না, স্বরাষ্ট্রমন্ত্রী যেকথা বলেছিলেন, সেকথা তিনি পুনরায় বিচার করবেন কিনা। তিনি বলছেন আমন্ত্রণ জানাব না, কিন্তু যারা এসে যাবে তাদের আশ্রয় দেব। আমার মনে হয় পশ্চিমবাংলার বিধানসভায় দাঁড়িয়ে এই কথা বলা দরকার যে, ঐ সীমান্তের ওপারে যে ৯০ লক্ষ মানুষ আছে তাদের আমন্ত্রণ জানাই, অভিনন্দন জানাই তারা আসুক ঐ দেশে বাস করা তাদের সম্ভব নয়। ঐ দেশের মানুষ তাদের জীবন নিয়ে স্ত্রী-পুত্র নিয়ে ঐ দেশে বাস করতে দেওয়া সম্ভব নয়। যদি দরকার হয় সরকারী স্তরে আলোচনা করে তাদের ডেকে আনতে। আমি লোক বিনিময়ের কথা বলি না, ওরা ঐশ্লামিক রাষ্ট্র সৃষ্টি করেছে। স্যার, যেদিন ওদের জন্ম হয়েছিল সেদিনই ভারতবর্ষের বিরুদ্ধে ঘৃণার বীজ অঙ্কুরিত হয়েছিল। সেই বীজে পাকিস্তানের জন্ম, তার কাছে আমরা আর কিছু সৎ ব্যবহার আশা করতে পারি না। কিন্তু আমাদের এখানে যারা রয়েছে তাদের এই অনিশ্চিত ও আতঙ্কিত অবস্থার মধ্যে আর বেশিদিন রাখা উচিত নয়। হজরতবাল মসজিদে যে ঘটনা ঘটে গেল, কথা হচ্ছে হজরতবালের জন্য পাকিস্তানের এত আগ্রহ কেন? ওখানে হিন্দুদের বিরুদ্ধে আন্দোলন করা সম্ভব হল কেন? মুসলিম রাষ্ট্র বলে? আফগান মুসলমান রাষ্ট্র নয়? ইরান, ইরাক, মুসলমান রাষ্ট্র নয়? তুরস্ক মুসলমান নয় আবিসিনিয়ার বিরাট অংশ মুসলমান নয়? মিশর মুসলমান নয়? ইন্দোনেশিয়া তারা মুসলমান নয়? এরা কেউ প্রতিবাদ করল না, একমাত্র পাকিস্তান চিৎকার করছে, পাকিস্তান প্রমাণ করতে চায় ঐ পবিত্র কেশের একমাত্র দুঃখ তাদের বুকে বাজে। অন্য কোন মুসলমানের বাজে না। পৃথিবীর আর কোন মুসলিম রাষ্ট্র যদি আপত্তি করত তাহলে আমরা বুঝতাম এর পেছনে সাম্প্রদায়িক চিন্তাধারা আছে, রাজনৈতিক চিন্তাধারা আছে। কেবল ভারতবর্ষকে হেয় করবার প্রচেষ্টা। আজকে একটা কথা বলে যাই, জানি না, এর মধ্যে কতটা সত্য আছে যে, কলকাতায় বসে পাকিস্তান হাই কমিশনার আগুন জ্বালাবার যে প্রচেষ্টা করেছেন, দাঙ্গা লাগাবার যে প্রচেষ্টা করেছেন, এর সম্বন্ধে একটা পরিষ্কার তদন্ত হওয়া উচিত। রাজসাহীর প্রতিশোধ যদি শিলিগুড়িতে নিতাম, তাহলে হয়তো এ অবস্থা আসত না। সেদিনও ধর্মনিরপেক্ষতার নামে খানিকটা দুর্বলতা হয়ত আসত এবং যার জন্য আজকে এই দুরবস্থা, যার জন্য পাকিস্তানী হাই কমিশনার বিরাট ব্যক্তিদের ডেকে নিয়ে পশ্চিমবাংলার বুকে যে অশান্তি জ্বালাবার প্রচেষ্টা করেছে। এ লোক এই চিন্তাধারা এসে যাবে এবং আবার অশান্তি এরা টেনে আনবার চেষ্টা করবে যদি লক্ষ রাখা না হয়। আমি অভিনন্দন করতে চাই মুখ্যমন্ত্রীকে আমি অভিনন্দন করতে চাই শাসনযন্ত্রকে অত্যন্ত সত্বর আমাদের এখানের সমাজজীবনকে শান্তি ও সংযত করতে পেরেছেন। কিন্তু এই কথা না বলে পারলাম না, এই তাড়াহুড়া করে দাঙ্গা বন্ধ করতে গিয়ে কতকগুলি জায়গায় এক্সেস হয়েছে, অধিক উৎসাহে কাজ হয়ে গেছে, এ সম্বন্ধে আলোচনা করা দরকার, এ সম্বন্ধে বোঝা দরকার। আর একটা কথা আপনার মাধ্যমে হাউসের কাছে রাখতে চাই, আমাদের দুর্ভাগ্য যে, আমরা হিন্দু হয়ে জন্মেছি আর ওরা ঐশ্লামিক রাষ্ট্র, আমাদের দুর্ভাগ্য ওদের ওখানে সংখ্যালঘু হিন্দু আর আমাদের এখানে সংখ্যাগুরু আমরা হিন্দু এবং দুই এলাকার এই দুর্ভাগ্য নিয়ে যদি বসবাস করতে হয় তাহলে আমি জানি না দেশের অবস্থা কি হবে, কোন্ দিকে যাবে। আজকে তাই গভর্ণর যে বক্তব্য উপস্থাপিত করেছেন বাঙ্গার এই পরিপ্রেক্ষিতে যে দুঃখপ্রকাশ করেছেন আমি ব্যক্তিগত তার প্রতি আনুগত্য প্রকাশ করছি এবং আগামী দিনের জন্য একটা গোটা বছরের যে, ছবি তা তাঁর বক্তৃতার মধ্যে তিনি উপস্থাপিত করেছেন এবং সেখানে তিনি প্রেরণা দেবারও চেষ্টা করেছেন, যে প্রেরণায় সুখী ও সুস্থ বাংলাদেশ গড়া যায়। এই কথা বলে তিনি আনন্দও প্রকাশ করেছেন। এইজন্য আমি মহামান্য রাজ্যপালের এই বক্তৃতার জন্য তাঁকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Monoranjan Roy: Sir, I move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that there is no mention of the fact that—

(1) the Labour Department failed in their duty and violated the Industrial Disputes Act by not calling any joint conference within 14 days of the strike notice by Jay Workers' Union;

(2) the Labour Department aided and abetted the employers in victimising in large numbers in different Units taking advantage of the 'Emergency';

(3) the employers were not only helped by the Labour Department but also the police took all repressive measures against the workers as if the police were in the pay-roll of the employers;

(4) number of unemployed registered in Employment Exchanges have increased during the year."

মিঃ চেয়ারম্যান, স্যার, দুদিন যাবৎ রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা শুনছি। আমি একটা অন্য কথা আজকে বলতে চাই। রাজ্যপালের ভাষণের একটা জায়গায় শ্রমিকদের সম্পর্কে আড়াই লাইন দেওয়া হচ্ছে। সেই আড়াই লাইনের মধ্যে তিনি বলেছেন যে, গত এক বছরের ভেতর শ্রমিক এবং মালিকদের মধ্যে সম্পর্কের উন্নতি হয়েছে। সংক্ষিপ্ত ভাষণ সন্দেহ নেই। কংগ্রেস পক্ষের অনেকে তাতে সন্তুষ্ট হয়েছে। সংক্ষিপ্ত ভাষণ তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু যে কথাগুলি তিনি বলেছেন, যদি সেগুলি বাস্তবের সঙ্গে কিছু মিল থাকত, তাহলে আমাদের কোন আপত্তি থাকত না। মালিক আর শ্রমিকদের সম্পর্কের উন্নতি হয়েছে এবং ঠিকই উন্নতি হয়েছে সম্পর্কের, তবে সে সম্পর্ক হচ্ছে শ্রমমন্ত্রী ও তাঁর দপ্তরের সঙ্গে ঐ মালকদের সম্পর্কের। এটা আজ দিবালোকের মত স্পষ্ট--সবাই আজকে স্বীকার করবেন, যাঁরাই শ্রমিক আন্দোলন করেন শুধু আমরা নয়, ওদিকেও যাঁরা আছেন তাঁরাও যে মালিক এবং শ্রমিকদের মধ্যে মধুর সম্পর্ক তা আমরা বহুদিন দেখি নি। তাই অবস্থার উন্নতি বলে যে কথা উনি বলেছেন, তা গোটাটাই অসত্য। আমরা উদাহরণ দিলে তা বুঝতে পারবেন যে, রাজ্যপাল যে কথা বলেছেন যে, ধর্মঘট বহুলাংশে কমে গেছে, একথাটা অর্ধসত্য। অর্থাৎ জরুরী অবস্থা ঘোষণা করবার পর কিছুদিন পর্যন্ত শ্রমিকদের উপর যে অত্যাচার ও নির্যাতন করা হয়েছে শ্রমমন্ত্রী এবং শ্রম দপ্তরের সঙ্গে পরামর্শ করে তার তুলনা ২৫ বছরের মধ্যে আমরা দেখি নি। তারপর শ্রমিকরা যখন আবার সংগঠিত হয়ে দাঁড়াল তখন অবস্থা কি দাঁড়াল? যেটা সরকারী হিসাবে অসম্পূর্ণ আছে সেটা পড়ে দিই। ১৯৬৩ সালের শেষে চার মাসে অবস্থা কি হয়েছে? ১৪ই সেপ্টেম্বর সাড়ে তিন হাজার শ্রমিক জুট মিলে ধর্মঘট করে এবং সাড়ে চুরানব্বই দিন কাজের সময় নষ্ট হয়।

[4-50—5 p.m.]

ফাইব্রো কোম্পানির সাতশত শ্রমিক ধর্মঘট করেছিলেন কুড়িদিন যাবৎ। ১৬ই অক্টোবর থেকে ২২এ অক্টোবর এক হাজার ইন্ডিয়া জুট মিলের শ্রমিক ধর্মঘট করেছিলেন বোনাসের দাবীর উপর। ১৭ই থেকে ২০এ অক্টোবর ১৬ শত লক্ষ্মীনারায়ণ কটন মিলের শ্রমিকরা বোনাসের দাবীতে ধর্মঘট করেছিলেন। ১৬ই নভেম্বর থেকে আজ পর্যন্ত ঢাকেশ্বরী কটন মিল, অর্থাৎ যেটা আসানসোলের কাছে আছে, সেই ঢাকেশ্বরী কটন মিলকে লক আউট ডিক্লেয়ার করে রেখেছেন। ১২ হাজার শ্রমিককে রাস্তায় বের করে দিয়েছেন। ২রা ডিসেম্বর থেকে নাগরাকাটা, ডুয়ার্সে একটি প্লাইউড কারখানা লক-আউট ডিক্লেয়ার করে রেখে দিয়েছে, শ্রমিকরা রাস্তায় রাস্তায় ঘুরছেন। উল্লেখযোগ্য যে, এই ইউনিয়নটি আই এন টি ইউ সি-র ইউনিয়ন, অর্থাৎ কংগ্রেস পরিচালিত। ১২ই ডিসেম্বর, ১২ শত শ্রমিক কাজ করেন প্লস্টার কেবলস-এ ঐ বাউড়িয়ায়, সেখানকার শ্রমিকরা নূতন ইউনিয়ন করেছিলেন এই অপরাধে তাঁদের যাঁরা নেতা তাঁদের ছাঁটাই করে দেওয়া হয় এবং তখন থেকে কারখানা লক-আউট চলছে। ইদানীং মালিক

বলছে যে লক-আউট আমরা তুলে নিতে পারি, যদি ছাঁটাই তোমরা মেনে নেও। অর্থাৎ ২৫ জনকে ছাঁটাই করে দেবেন কিংবা ৩০ জনকে ছাঁটাই করে দেবেন। স্বভাবতঃই শ্রমিকরা সেটা মানেন না। চলছে এখনও সেখানে সংগ্রাম। আর সর্বোপরি আমি বলছি জয় ইঞ্জিনিয়ারিং কারখানায় সাত হাজার শ্রমিক ১৭ই ডিসেম্বর থেকে আজ পর্যন্ত ধর্মঘট চালিয়ে আসছে। জয় শ্রমিকদের ধর্মঘটের কথা বলার আগে আমি শ্রমিকদের অভিনন্দন জানাই এই বলে যে, তাঁরা একদিকে ধর্মঘট চালিয়েছেন, তাঁরা পুলিসের অত্যাচার সহ্য করেছেন পুলিস তাঁদেরই নেতাদের গ্রেপ্তার করে জেলে ধরে নিয়ে গিয়েছেন, ঘর ভেঙ্গে ভিতরে ঢুকে মেয়েদের উপরে পর্যন্ত অত্যাচার করেছেন আর সেই জয়ার শ্রমিকরা যারা সংখ্যালঘু তাদের বাঁচিয়েছে নিজেদের জীবন বিপন্ন করে, এই দাঙ্গার ভিতরেও জয়ার শ্রমিকরা তাঁদের সেই সংহতি এবং একতা অটুট রেখেছিলেন, সেইজন্য জয়ার শ্রমিকদের আমি অভিনন্দন জানাই। মাননীয় চেয়ারম্যান মহাশয়, জয়ার শ্রমিকদের ব্যাপারে এখানে দুটি কলিং এ্যাটেনশন নোটিশের উপর আমাদের শ্রমমন্ত্রী বিজয় সিং নাহার মহাশয়, তিনি দুটি বিবৃতি দিলেন। ৩রা জানুয়ারিতে যে বিবৃতি দেন তাতে তিনি বলেন যে জয়ার শ্রমিকরা অদক্ষ শ্রমিক, অদক্ষ শ্রমিকদের নাকি ৩৭৩ টাকা মাসিক বেতন দেন জয়ার মালিক। এটা বুঝতে অসুবিধা হয় না যে, এই বিবৃতি শ্রমমন্ত্রী তাঁর দপ্তরের মারফৎ পান নি। তাঁর দপ্তরের মারফৎ যদি পেয়েও থাকেন তা হলে সেই বিবৃতি এসেছে ঐ জয়ার ম্যানেজার টি আর গুপ্তর কাছ থেকে। তা না হলে এই রকম বিবৃতি এবং যেটা একেবারে অসত্য, সেই বিবৃতি তিনি হাউসের সামনে দাঁড়িয়ে দিতে পারতেন না। আমি তাঁকে এই বলে চ্যালেঞ্জ করছি যে তিনি একটিও মাস্টার রোল দেখান যেখানে দেখাতে পারবেন জয়ার একজন অদক্ষ শ্রমিক ৩৭৩ টাকা রোজগার করে? এই রকম একটি অসত্য স্টেটমেণ্ট তিনি এই হাউসের সামনে দিয়ে গেলেন। দ্বিতীয় অসত্য স্টেটমেণ্ট তিনি দিয়ে গেলেন, সেটা হচ্ছে যে জয়ার শ্রমিকদের সম্পর্কে আইন অনুযায়ী যে ব্যবস্থা শ্রম দপ্তর করেছেন, আমি জয়ার অবস্থা ইতিপূর্বে কি ছিল তা বলে আইন অনুযায়ী যে ব্যবস্থা তাঁরা করেন নি সেটা আমি বলব। জয়ার শ্রমিকরা গত দশ বৎসরে উৎপাদন করেছে সেলাই-এর কলই ৫০০ ভাগ বাড়িয়েছে এবং টাকার উৎপাদন গত পাঁচ বৎসরে শতকরা তিনশত ভাগ বাড়িয়েছেন জয়ার শ্রমিকদের শ্রমলব্ধ যে রপ্তানি বাণিজ্য সরকারের আছে সেটা গত বৎসরে এসেছে ১ কোটি ৫০ লক্ষ টাকা এবং জয়ার শ্রমিকদের শ্রমলব্ধ যে উৎপাদন সেই উৎপাদন থেকে আমাদের ভারত সরকার যে এক্সাইজ ডিউটি পেয়েছেন ৬৩ লক্ষ ৭১ হাজার টাকা। গত বৎসরে ট্যাক্স ১৭ লক্ষ ২০ হাজার টাকা আর এক্সপোর্ট হয়েছে ৮ কোটি ১০ লক্ষ টাকা। জয়ার মালিকদের বক্তব্য তাঁরা শোনাতে দিতে পারেন নি পারেন না, কিন্তু অবস্থাটা সত্যি সত্যি কি সেটা একটু আমি হাউসের সামনে রাখতে চাই।

এটা আমরা জানি, টি আর গুপ্ত নিজে বলেছেন যে, জয়ার শ্রমিকদের উৎপাদনশক্তি পৃথিবীর অন্যান্য রাষ্ট্র, ইউ এস এ, ইউনাইটেড কিংডম এবং শ্রমিকদের সমতুল, সমস্ত দেশের শ্রমিকরা যে উৎপাদন করে জয়ার শ্রমিকরা তার সমান বা বেশি উৎপাদন করে। শ্রমমন্ত্রীকে আমি এই কথা স্মরণ করিয়ে দিতে চাই, কারণ তিনি একবারও একথার উল্লেখ করেন নি যে জয়ার শ্রমিকেরা উৎপাদন বাড়িয়েছে, তাদের দক্ষতা বেড়েছে। সুপ্রীম কোর্ট যে রায় দিয়েছিলেন বোনাসকে বেতন হিসাবে গণ্য করতে হবে, সেটা জয়ার মালিক অমান্য করেছেন, তার বিরুদ্ধে একটা কথাও শ্রমমন্ত্রী বলেন নি। জয়ার শ্রমিকরা কোম্পানীর যে আয় সেই আয়ের অংশ পান না। উৎপাদন বেড়ে গিয়েছে, কিন্তু শ্রমিকদের আয়ের অংশ বৎসরের পর বৎসর কমে গিয়েছে। আমি একটা হিসাব রাখছি, ১৯৬০-৬১ সালে শ্রমিকেরা ৩২·৬ ভাগ পেয়েছে, ১৯৬১-৬২ সালে ৩১·৬ ভাগ অর্থাৎ ১ ভাগ কমল, আর ১৯৬২-৬৩ সালে ৩২.৭, অর্থাৎ তিন বছরে শতকরা তিন ভাগ আয় শ্রমিকদের কমে গেল। এভাবেই তাঁরা সমাজতান্ত্রিক রাষ্ট্র গড়ে তুলেছেন মালিকদের তোষণ করে আর শ্রমিকদের উপোস রেখে। জয়ার শ্রমিকেরা ৯ মাস তাদের ডিসপিউট নিয়ে লেবার দপ্তরে ঘোরাঘুরি করেছে, অথচ ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টএ আর কোন এসেনসিয়াল সার্ভিস কারখানার শ্রমিকরা যদি কোন ডিসপিউট দেন তা হলে ১৪ দিনের ভিতর রিপোর্ট দিতে হবে এবং সঙ্গে সঙ্গে কনসিলিয়েশন বসাতে হবে। কেন করলেন না এটা? যখন তারা ৯ মাস পরে ধর্মঘটের নোটিশ দিতে বাধ্য হল সেই নোটিস পাওয়ার পরে কেন ১৪ দিনের মধ্যে

কনসিলিয়েশন ডাকেন নি? শ্রমমন্ত্রী এখানে বলুন কোন্ তারিখে নোটিস পেয়েছেন এবং কোন্ তারিখে কনসিলিয়েশন ডাকেন। তিনি কোন্ তারিখে এই চিঠি পেয়েছেন তা আমার কাছে আছে, ১০ই তারিখে তিনি একবার ডেকে পাঠালেন এবং যখন ১৭ই তারিখে ধর্মঘট হতে যাচ্ছে তখন তিনি রক্তচক্ষু করে বললেন, ধর্মঘটের নোটিস তুলে নাও।

[5—5-10 p.m.]

সাত হাজার শ্রমিক এবং তাদের সঙ্গে কটেজ ইন্ডাস্ট্রির যে পাঁচ হাজার শ্রমিক কাজ করে এই নিয়ে ১২ হাজার শ্রমিক এবং তা ছাড়া কন্ট্রাক্টর ও সাপ্লায়ারের প্রায় দু হাজার লোক এই নিয়ে মোট প্রায় ১৪ হাজার শ্রমিক কর্মচারী এবং তাদের পরিবারবর্গ ধর্মঘটের দিকে যাচ্ছে এবং এই যে তারা যাচ্ছে সেটা তারা দৃঢ়প্রতিজ্ঞ এবং অনন্যোপায় হয়েই যাচ্ছে। ৯ মাসে শ্রমমন্ত্রীর ঘুম ভাঙ্গল না, তারপর তারা যখন স্ট্রাইক নোটিস দিল তখন তাঁর ঘুম ভাঙ্গল এবং তিনি বললেন, স্ট্রাইক নোটিস তুলে নাও। শ্রমিকরা তাঁর কাছে বিচার পাবার জন্য গিয়েছিল এবং তিনি তাদের ডাকলেন। কিন্তু ডেকে ধমক দেবার কথা ওঠে না। আপনারা মনে রাখবেন জয়ার শ্রমিকরা একা আন্দোলন করবে না, তাদের পেছনে সমস্ত পশ্চিম বাংলার শ্রমিকরা রয়েছে এবং তারা এই দাঙ্গার মধ্যেও সংগ্রামকে জয়যুক্ত করবে এই বিশ্বাস আমার আছে। আমি শ্রমমন্ত্রীকে বলতে চাই, তিনি যতই অসত্য বিবৃতি দিন না কেন, জয়ার শ্রমিকদের তিনি ঘাবড়ে দিতে পারবেন না এবং তাদের ধর্মঘট ভাঙ্গাতে পারবেন না এবং আজ পর্যন্ত পারেনও নি। স্যার, এই জরুরী অবস্থার মধ্যে কয়েকটি মালিক শ্রম দপ্তরের সাহায্য নিয়ে এবং তাঁদের সঙ্গে পরামর্শ করে একের পর এক ছাঁটাই করে গেছে এবং এ ব্যাপারে শ্রম দপ্তরকে চিঠি দেওয়া সত্ত্বেও শ্রমিক ইউনিয়ন তার কোন জবাব পায় নি। এ ব্যাপারে আমি কয়েকটি নাম বলতে চাই। কেশোরাম কটন মিলস্ এক বছর যাবৎ লেবার দপ্তরে ঘোরাঘুরি করছে অথচ ছাঁটাইয়ের কেসগুলি ট্রাইব্যুনালে পাঠাচ্ছে না। আশ্চর্যের বিষয়, এঁরাই আবার জয়ার শ্রমিকদের বেলায় ট্রাইব্যুনালের কথা বলেন। আপনারা আইন বিরোধী কাজ করছেন, অথচ আপনারাই আবার বলছেন ধর্মঘট তুলে নাও, বে-আইনী কাজ করছ। স্যার, টাটা, বিড়লা, সিংহানিয়ার কথা বললে সমাজতান্ত্রিক মন্ত্রীরা বসে পড়েন, কিন্তু জরুরী অবস্থা ঘোষণা করবার পর বিড়লার কারখানা কেশোরাম কটন মিল্স-এ মেডিক্যালী আনফিট বলে ৪০০ লোককে ছাঁটাই করেছে। জওয়ান ছেলেরা কাজ করে খায়, কিন্তু হঠাৎ তারা মেডিক্যালি আনফিট হয়ে গেল। শুধু তাই নয়, ৩০০ জনকে জোর করে কাজে ইস্তফা দেওয়ানো হয়েছে এবং ৪২ জনকে ডিসমিস করা হোল। এই প্রসঙ্গে একথা বলা দরকার যে, এই ৪২ জনের মধ্যে ১৯ জন জরুরী অবস্থার সময় রক্তদান করেছিল তবে তারা ছাঁটাইয়ের হাত থেকে বাঁচে নি এবং তাদের কেস ট্রাইব্যুনালে পর্যন্ত পাঠানো হল না। শুধু এক্ষেত্রেই নয়, ইঞ্জিনীয়ারিং শিল্প, সুতাকল, পাটকল এবং চা-বাগান কোন জায়গাতেই শ্রমিকরা ছাঁটাইয়ের হাত থেকে রেহাই পায় নি। দার্জিলিং-এর চা-বাগানে শত শত শ্রমিককে ছাঁটাই করা হয়েছে এবং পুলিশ তাদের ঘর থেকে ধরে নিয়ে গেছে। আমি এখানে ডুয়ার্সের কয়েকটি জায়গার নাম করব—বান্দাপানী, অটল, কলাবাড়ী, দেবপাড়া, ভগতপুর, ডেঙ্গুয়াঝাড়, লক্ষ্মীপাড়া, কাঁঠালগুড়ি নিশ্চিন্তপুর, মেবীভীচ, গঙ্গারাম, বিঘাগুড়ি।

এই ২৪৬ অসম্পূর্ণ যে হিসাব, এ শুধু ভীমনাগবাটিতে আগে থাকতে একটাই ট্রাইব্যুনাল বসিয়ে দিয়েছিলেন ৩৩ ধারা অনুযায়ী, আর কোন কেস আজ পর্যন্ত লেবার দপ্তরের সময় হয় নি, তার সময় কোনদিন হবে না যতদিন এঁরা গদীতে থাকবেন। চা-বাগানের শ্রমিকদের ব্যাপারে যে হপ্তাবার প্রথা চালু ছিল যেটা সম্পর্কে শ্রমিকরা আন্দোলন করেছে, জীবন দিয়েছে সেই হপ্তাবার জরুরী অবস্থার সুযোগ নিয়ে চালু করে দিলেন। শ্রমিকদের জেলে ঢুকিয়ে দিয়ে ছাঁটাই করে দিলেন তারপর তাদের জঙ্গলে পাঠিয়ে দিলেন। এখানে আমি আর একটা উদাহরণ দিতে চাই। এই চটকলের ওয়েজ বোর্ডের যে রায় ছিল, সুপারিশ ছিল সেই ওয়েজ বোর্ডের সুপারিশ চটকলের মালিকরা মানছেন না, লেবার দপ্তরে ঘোরাঘুরির ফলে মালিকদের সঙ্গে শ্রম দপ্তরের এবং শ্রমমন্ত্রীর সম্পর্ক কতখানি উন্নতি হয়েছে এটাই তার প্রমাণ। এই ইউনিয়নকে লেবার দপ্তর জানালেন না যে, ওয়েজ বোর্ডের সুপারিশ ওঁরা মানছেন না, এটা অন্যায়, অথবা ওরা যেটা বলছে সেটা ঠিক নয়, আই জি এম এ-র কাছে

পাঠিয়েছিলেন, আই জে এম এ-র এসোসিয়েশনের কাছে পাঠিয়ে দিলেন, এসোসিয়েশন জবাবে বলল যে, না এগুলো ঠিক নয়, আমরা ঠিকই আছি, সেই জবাবটা সরাসরি ইউনিয়নের কাছে পাঠিয়ে দিলেন। এই হচ্ছে শ্রম দপ্তর। শ্রমমন্ত্রী যেমন উপদেশ দেবেন তেমনি চলবে, যেরূপ তাঁর নীতি সেরূপই চলবে। এই হচ্ছে সমাজতান্ত্রিক রাষ্ট্র।

আমার শেষ বক্তব্য হচ্ছে, শ্রমমন্ত্রী ১৯৬২ প্রথমে, এবারকার প্রথম বাজেট সেসনে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, যেসমস্ত শ্রমিকদের বেতন ১০০ টাকার কম তাদের ১০০ টাকা করে দেওয়া হবে, এতদিন গেল ১৯৬২-১৯৬৩ সাল চলে গেল, সেইরকমই চলছে অধিকাংশ শ্রমিক ৫০-৬০ টাকার বেশী পায় না। তাদের জন্য কোন ব্যবস্থা নাই। দ্বিতীয়তঃ পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত শ্রমিকদের বেতন কম, তার কারণ কস্ট অফ লিভিং ইনডেক্সের সঙ্গে ওয়েজ বোর্ডের সামঞ্জস্য নেই। জিনিসপত্রের দাম বাড়বার সঙ্গে মাগ্‌গী ভাতা ডি-এ সংযোগ করে দেওয়া হয় নি। যে ইনডেক্স তৈরি করেছেন, সেটাও ধাপ্পা ছাড়া আর কিছু নয়। লন্ডন ইকনমিস্ট যা বলেছে সেটা পড়ে দিচ্ছি।

"How could the cost of living index fall while everyone knew that prices were rising, while even the official all-India index of wholesale food prices were rising? The answer was partly that the Bombay index was thirty years old, which meant that some of the weightings were inaccurate; but, more significantly, the prices used for the index were those at which food and textiles, for instance, should have been available but in fact were not. The housewife was quite correct; she knew more about the cost of living than the economists did."

[5-10—5-20 p.m.]

শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার উপর কিছু বলতে চাই। কদিন ধরে এখানে যা শুনছি তাতে দেখছি পুরাতন বক্তৃতাই এখানে আলোচনা হচ্ছে। কেউ বলেছেন বঙ্গ বিভাগের জন্য কমিউনিস্টরাই দায়ী, কেউ বলেছেন বঙ্গ বিভাগের জন্য কংগ্রেসই দায়ী, কেউ বলছেন বঙ্গ বিভাগের জন্য লীগই দায়ী। আমি একজন রাজনৈতিক কর্মী হিসাবে আত্মসমালোচনা করতে চাই। আমরা বিবেকানন্দ শতবার্ষিকী করছি, বিবেকানন্দের গলায় মালাও দিচ্ছি এবং বিবেকানন্দের বাণী প্রত্যেক জায়গায় বলে বেড়াচ্ছি। কিন্তু আমাদের হিন্দু সমাজ ব্যবস্থার জন্য কি ব্যবস্থা হয়েছে?

১৯০১ সাল থেকে ১৯১২ সালের যদি সেন্সাস রিপোর্ট দেখি তাহলে দেখব যে আমাদের দরিদ্র, সর্বহারা এবং অনুন্নত সম্প্রদায়ের হিন্দুদের আমরা বর্ণ হিন্দুরা বাধ্য করেছি মুসলমান ধর্ম গ্রহণ করবার জন্য। কিছু কিছু যদি ইচ্ছার জন্য ধর্ম গ্রহণ করতেন তাহলে আমাদের কিছু বলবার ছিল না। কিন্তু আমরা আমাদের বিড়াল-কুকুরের যে সামাজিক মর্যাদা দিই আমাদের দেশের অনুন্নত সম্প্রদায়ের সেইভাবে মর্যাদা দিতাম না, যার ফলে তারা এই ধর্ম ত্যাগ করতে বাধ্য হয়েছে এবং আরও বেশী করে তারা হিন্দু বিদ্বেষী হয়েছে। আমরা স্বামী বিবেকানন্দের কথা যদি শুনতাম তাহলে আমরা দেখতাম যে ভারতবর্ষের ইতিহাস অন্যরকম হোত। আমরা যতই চিৎকার করি না কেন, আগে আমাদের আত্মসমালোচনা করা দরকার। এখনও পর্যন্ত আমাদের গ্রামে যারা দরিদ্র নিরন্ন আছে বিবেকানন্দের কথায় তাদের এখনও আমরা অন্তরের সঙ্গে সেবা করছি না। রাজ্যপাল মহোদয়া তাঁর সংক্ষিপ্ত ভাষণে তিনি পশ্চিমবাংলার সমস্ত জিনিসের উন্নতির দিক তিনি ইঙ্গিত করেছেন। তিনি কৃষির উন্নতির কথা বলেছেন—কৃষিজীবিদের উন্নতি হচ্ছে। কিন্তু আজকে কৃষকদের যে ধরনের উন্নতি হচ্ছে, আজকে যে ধরনের আমাদের যারা খাদ্যোৎপাদন করে মাথার ঘাম পায়ে ফেলে আমাদের জন্য অন্ন তৈরি করে তাদের সেরকম ধরনের উন্নতি হচ্ছে না। আজকে এদিকে যদি আমরা দৃষ্টি না দিই তাহলে আমরা খাদ্যে স্বাবলম্বী হতে পারি না। আজকে যারা ফসল উৎপাদন করছে তাদের মন আমোদের পাওয়া দরকার। আমি একথা বলছি যে তাদের সর্বাঙ্গীন উন্নতি হচ্ছে না—হয়ত

দারিদ্রতা যাচ্ছে না। শহরে যেমন শিল্পে শ্রমিকদের যে ধরনের উন্নতি হয়েছে, তাদের বাস-গৃহের ব্যবস্থা, স্বাস্থ্যের ব্যবস্থা করার যে ধরনের চেষ্টা সরকার থেকে করা হচ্ছে, কিন্তু যারা আমাদের জন্য অন্ন প্রস্তুত করছেন সেই সমস্ত ক্ষেতমজুরদের দিকে সে ধরনের দৃষ্টি সরকার দিচ্ছেন না। সেজন্য আমি নিবেদন করব আমাদের সরকারকে যাতে আমাদের দেশে যারা মায়ের কাজ করছেন সেই ক্ষেতমজুরদের দিকে আমাদের সমস্ত দৃষ্টি দিতে হবে। আমি আর একটা কথা বলতে চাই যে, তিনি শিল্পের এবং কুটির শিল্পের উন্নতির কথা বলেছেন। কিন্তু আজ আমাদের দেশে যে বৃহৎ শিল্প এবং মাঝারী শিল্প যেসব হচ্ছে সেই শিল্প দিয়ে যদি বাংলা-দেশের বেকার সমস্যার সমাধান করতে হয় তাহলে পশ্চিমবাংলার অন্তত শতকরা ৭৫ জন যুবক যাতে এই মাঝারী শিল্প এবং বৃহৎ শিল্পে চাকরী পায় তার ব্যবস্থা সরকার থেকে করতে হবে। আমি প্রাদেশিকতার কোন কথা বলছি না। কিন্তু আমাদের পাশের দেশ বিহার, সেখানে সরকারকে চাপ দেওয়া হচ্ছে যাতে বিহারী ছেলেদের চাকরী হয়। আজকে আমাদের বাংলা-দেশের সরকারকে এদিকে নজর দিতে হবে যাতে শতকরা ৭৫ জন বাঙালী জুবক কলকারখানায় চাকরী পান।

আর একটা কথা বলতে চাই, ঐ পূর্ব পাকিস্তানে দিনের পর দিন যে ঘটনা ঘটলো এর জন্য বাংলাদেশের হিন্দু-মুসলমান সবাই নিন্দা করেছেন, এবং পাকিস্তানে যে সমস্ত প্রগতি-শীল মুসলমান আছেন তাঁরাও অন্তরের সঙ্গে এটা চায় না। আজকে এই পূর্ব পাকিস্তানের ব্যাপারে পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটেছে তার জন্য আমাদের লজ্জা পাওয়া উচিত। আমাদের যে পবিত্র সংবিধান এ সংবিধানের যারা মর্যাদা দিচ্ছেন না তাঁদের শাস্তি দেওয়া উচিত এবং যে সমস্ত গুণ্ডা এসব কাজ করছে সে হিন্দু হোক আর মুসলমান হোক আজকে তাদের এসব কাজের প্রতিবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

নিম্নলিখিত বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই—

(১) নিত্য ব্যবহার্য দ্রব্যাদির ক্রমশঃ দর বৃদ্ধি হইতেছে অথচ পশ্চিমবঙ্গ সরকারী কর্ম-চারীদের বেতন বৃদ্ধি অথবা মাগ্‌গী ভাতা দিবার প্রস্তাব গ্রহণ করা হইতেছে না,

(২) পশ্চিমবঙ্গে অর্থকরী ফসল পাট ও তামাকের ন্যায্য দর বাঁধিয়া দিয়া কৃষকদের স্বার্থ-রক্ষা করা হইতেছে না,

(৩) কোচবিহার জেলাতে জনসাধারণের আগ্রহ থাকা সত্ত্বেও আজ পর্যন্ত পলিটেকনিক স্কুল স্থাপন করা হইতেছে না;

(৪) কোচবিহার জেলার ভিক্টোরিয়া কলেজে রসায়ন, পদার্থবিদ্যা ইত্যাদি বিষয়ে অনার্স ক্লাস খোলা হইতেছে না;

(৫) পশ্চিমবঙ্গের মন্ত্রীসভার সদস্যদের ও উচ্চপদে অধিষ্ঠিত সরকারী কর্মচারীদের দুর্নীতির তদন্তকল্পে হাইকোর্টের বিচারপতি দ্বারা গঠিত উচ্চস্তরের তদন্ত কমিশন গঠন করিবার প্রস্তাব গ্রহণ করা হইতেছে না;

(৬) পশ্চিমবঙ্গের মধ্যে শিল্পে সর্বাপেক্ষা অনগ্রসর কোচবিহার জেলাতে কোনও বড় শিল্পকেন্দ্র স্থাপন করিবার কথা ঘোষণা করিয়া কোচবিহার জেলার সামগ্রিক উন্নয়নের ব্যবস্থা করা হইতেছে না;

(৭) সমগ্র উত্তর বঙ্গে বিশেষ করিয়া কোচবিহার জেলাতে ব্যাপকভাবে বে-আইনী মদ-চোলাই-এর কারবার ফলাওভাবে প্রকাশ্যে চালান হইতেছে। সরকার হইতে ইহা বন্ধ করিবার কোনও কঠোর, সুনির্দিষ্ট বাস্তব পরিকল্পনার কথা ঘোষণা করা হইতেছে না;

(৮) পশ্চিমবঙ্গের পাকিস্তান সংলগ্ন সীমান্ত অরক্ষিত রহিয়াছে। ইহার ফলে প্রায় প্রতিদিনই পাক অনুপ্রবেশকারীরা সীমান্ত অঞ্চলে সশস্ত্র হানা দিয়া পশ্চিমবঙ্গের ধন-সম্পত্তি, গবাদি পশু, শষ্যাদি এমনকি মানুষ পর্যন্ত অপহরণ করিয়া লইয়া যাইতেছে। সেই সীমান্তকে সুরক্ষিত করিবার ব্যবস্থা, সীমান্ত অঞ্চলে ব্যাপক-ভাবে রাস্তা-ঘাট নির্মাণ করিয়া যোগাযোগ ব্যবস্থা সহজতর করা, বেতার ব্যবস্থা সহ আরও অধিক সংখ্যক পুলিশ চৌকী স্থাপন করিয়া সীমান্ত অঞ্চলের অধি-বাসীদের ধন-প্রাণ-সম্পত্তি রক্ষা করিবার ব্যবস্থা করা হইতেছে না;

(৯) পাকিস্তান সংলগ্ন পশ্চিমবঙ্গের সীমান্ত অঞ্চলে লক্ষ লক্ষ পাক অনুপ্রবেশকারী বে-আইনীভাবে বসবাস করিতেছে। ইহার ফলে সীমান্ত অঞ্চলে অবাধ চোরাই চালান ও গুপ্তচরবৃত্তি-সহ নানারূপ অপরাধমূলক কার্যকলাপ ক্রমশঃ বৃদ্ধি পাইয়া জাতীয় নিরাপত্তাকে বিপন্ন করিতেছে। এই পাক অনুপ্রবেশকারীরা সরকারের নির্বাচনের ভোটার তালিকায় নিজেদের নাম তালিকাভুক্ত করিয়া দেশের বৃহত্তর রাজনীতি এবং অর্থনীতিকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাবান্বিত করিবার সুযোগ শৈথিল্যপূর্ণ নীতি ও দুর্বলতার সুযোগ গ্রহণ করিয়া লোকসভা ও বিধান সভার গ্রহণ করিতেছে। অবিলম্বে এই সমস্ত বে-আইনীভাবে বসবাসকারী পাক অনু-প্রবেশকারীদের পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষ হইতে উচ্ছেদের কোন পরিকল্পনার কথা ঘোষণা করা হইতেছে না;

(১০) ১৯৫১ সালের ২১এ এপ্রিল তারিখে কোচবিহারের শহীদবাগে শান্তিপূর্ণ খাদ্য-মিছিলের উপর পুলিশের নৃশংস গুলী চালনার ফলে পাঁচজন নিহত হন। ইহার ফলে যে বিচার বিভাগীয় তদন্ত অনুষ্ঠিত হইয়াছিল তাহার রায় আজ পর্যন্তও প্রকাশ করা হইতেছে না।"

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আমি আমার বক্তব্য রাখবার আগে একটা অনুরোধ আপনার কাছে রাখছি, সেটা হল আজকে আমাদের এই হাউসের মধ্যে আমাদের মাননীয় সদস্য শ্রীঅপূর্ব লাল মজুমদার বনগাঁর সেই অঞ্চলে পুলিশের পৈশাচিক অত্যাচারের যে বিবরণ আমাদের কাছে রাখলেন এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষের নির্মম আদেশের ফলে সেখানের নিরীহ জনসাধারণের উপর যে অত্যাচার চলেছে এবং আরো আমাদের ত্রাণমন্ত্রী আভা মাইতির আদেশে সেই বনগাঁ সীমান্তে উদ্বাস্তুদের উপর যে চরম অত্যাচার চলেছে তারই তদন্তের জন্য আমাদের হাউসের উভয় পক্ষের সদস্যদের নিয়ে একটা তদন্ত কমিটি গঠন করে সেসব জায়গায় পাঠিয়ে সেসব রিপোর্ট অবিলম্বে হাউসের সামনে রেখে আলোচনা করে সিদ্ধান্ত নেবার ব্যবস্থা করা হোক এবং আরো জানাচ্ছি আপনার মাধ্যমে ঐ শ্রীতরুণকান্তি ঘোষ এবং আভা মাইতির কার্যকলাপ সম্পর্কে একটা ব্যবস্থা অবলম্বন করেন এবং যাতে হাউসের মধ্যে তাঁদের বিরুদ্ধে যে অভিযোগ এসেছে সেটা সম্পর্কে একটা পরিষ্কার বক্তব্য রাখেন। এবারে এই দাঙ্গার সময় কলিকাতায় এসে সে অঞ্চলে বাস করছি সেটা হল পার্কসার্কাস ও বেনেপুকুর অঞ্চল। আমি বিশেষ করে লক্ষ্য করেছি এই এলাকাতে পাকিস্তানের এব মানুষেরা—যারা যথেষ্ট সংখ্যক রয়েছে এবং সেখানে নানাপ্রকার জল্পনাকল্পনা ও গোপন মিটিং এবং ডেপুটি হাই কমিশনার অফিসার-এর লোকজনের অবৈধ রকম ঘোরাফেরা লক্ষ্য করেছি। আজকে আমি দেখে অত্যন্ত আশ্চর্য হচ্ছি যে, একটা সালাউদ্দিনকে গ্রেপ্তার করা হয়েছে। আরো বহু সালাউদ্দিন ঐসব অঞ্চলে ঘুরে বেড়ায় এবং সারা পশ্চিমবাংলার মধ্যে আরো অনেক ঘুরে বেড়ায়। এটা অত্যন্ত দুঃখের বিষয় আমাদের এই হাউসের জনৈকা সদস্যা ভূতপূর্ব মহিলা উপমন্ত্রী এসব সালা-উদ্দিনের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ রয়েছে। আমি সেটা জানি এবং নির্দিষ্ট অভিযোগ রাখছি। সালাউদ্দিন যিনি গ্রেপ্তার হয়েছেন ভারতরক্ষা বিধি বলে, তার হাত দিয়ে আমাদের এই হাউসের সদস্যা শ্রীসাখিলা খাতুনের কাছে যত কাপড় বিতরণের জন্য দেওয়া হয়েছিল সেই সব বেল বেল কাপড় কোথায় কার কাছে বিতরণ করেছেন, সেটা হাউসের সামনে রাখতে পারবেন? আমি আরও অভিযোগ করছি এই ভারতরক্ষা আইনে সালাউদ্দিনকে গ্রেপ্তারের আগের দিন রাত্রে আমাদের মাননীয়া সদস্যা সাখিলা খাতুন ঐ এলাকাতে সালাউদ্দিনের সঙ্গে গাড়িতে করে ঘুরে বেড়াতে

দেখা গেছে (এ ভয়েস—মিথ্যা কথা) আপনার সময় আছে জবাব দেবেন। আমি অভিযোগ রাখতে চাই যে, বসুমতি এবং আনন্দবাজার পত্রিকাতে ঐ যে কাল পতাকা তুলবার যে ছবি ছাপা হয়েছে সেই ছবিকে এনলার্জ করে যে যে মানুষের ছবি তারা কারা বার করা হোক। আমি নিজে জানি তারা সকলে সাখিলা খাতুনের সঙ্গে এবং তাঁর নির্দেশমত তারা কাজ করে।

[5-20—5-26 p.m.]

এ কথা আমি বিশেষ দায়িত্ব সহকারে এই হাউসের সামনে বলছি যে আমি এটা দেখেছি যে ঈদের দিন বেলা ৫টার সময় সকাল থেকে সেখানে কালো পতাকা উড়ছিল এবং বিভিন্ন লোককে সেখানে কালো কালো ব্যাজ পরিয়ে দেওয়া হয়েছিল। বেলা ৫টার সময় একটা মোটর গাড়ি ডবলিউ বি ডি ২২৮২ সেটা এসে ঐ মসজিদের সামনে দাঁড়িয়ে মানিকতলা রোডের মসজিদ এবং সেখানকার অনুচর যারা—অর্থাৎ পাকিস্তানী অনুচর তারা সেই অঞ্চলের অধিবাসীদের কি যেন নির্দেশ দেয় এবং তার পর আমরা দেখি যে মুহূর্তের মধ্যে সেখানে কালো পতাকা নেমে গেল এবং সঙ্গে সঙ্গে সেখান থেকে কালো ব্যাজ পরিহিত সব বিতাড়িত হয়ে গেল। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি শুনে আশ্চর্য হবেন যে ঐ গাড়ির মধ্যে ঐ অঞ্চলের কুখ্যাত কতকগুলি লোক তারা প্রত্যেকেই এই স্পেশ্যাল কনস্টেবলের পোশাক পরেছিল। আমরা দেখেছি যে প্রত্যেক জায়গায় এবং প্রত্যেক ক্ষেত্রে ঐ পাকিস্তানী অনুচর আমাদের জীবনকে বিষাক্ত করে তুলেছে। সরকার সেদিকে কিন্তু নিস্ক্রীয়। আমি সেই কারণে আপনার মাধ্যমে সরকারের কাছে দৃঢ়তার সঙ্গে দাবী জানাচ্ছি যে বাংলাদেশকে এই সাম্প্রদায়িকতার হাত থেকে যদি মুক্ত করতে হয় তাহলে কঠোর হস্ত দিয়ে এইসব পাকিস্তানীদের ভারতবর্ষ থেকে বিতাড়িত করবার জন্য একটা প্ল্যান নিয়ে অগ্রসর হতে হবে। এখানে আমি আর একটা কথা রাখছি সেটা হচ্ছে প্রতিরক্ষার কথা। দাঙ্গার ব্যাপারে আমাদের মিলিটারীকে ডাকা হয়েছিল খবরের কাগজে পড়েছি ১১ তারিখে মিলিটারী ডাকা হয়। কিন্তু এই কলকাতার আসেপাশে মিলিটারী অপর্যাপ্ত ছিল বলে উত্তরবঙ্গ থেকে এ্যারোপ্লেন করে মিলিটারী নিয়ে আসা হয়। এ দিয়ে সারা পৃথিবীর কাছে কি প্রমাণ হয়েছে? প্রমাণিত হয়েছে যে জরুরী অবস্থার মধ্যে যখন ভারতবর্ষকে একদিকে পাকিস্তান আর এক দিকে চীন তাদের উদ্ধত থাবা নিয়ে দাঁড়িয়ে আছে। সেই মুহূর্তে আমাদের কলকাতা অরক্ষিত। সামান্য মিলিটারী নেই এই কলকাতাকে রক্ষা করবার জন্য। আজকে যদি অতর্কিতে পাকিস্তান আক্রমণ করে তাহলে দু ঘণ্টার মধ্যে পাকিস্তান এখানকার শাসনকে অপসারিত করে নিয়ে যেতে পারে। এ রকম পরিস্থিতির মধ্যে কি করে সরকারের উপর আস্থা রাখতে পারি? যে চরমতম ব্যর্থতার পরিচয় তিনি দিয়েছেন তাতে তাঁদের পদত্যাগ করা উচিত—আর এক মুহূর্তও এই শাসন ব্যবস্থার মধ্যে তাঁদের থাকা উচিত নয়। আমি আপনার কাছে আর একটা প্রস্তাব রাখছি সেটা হচ্ছে যে আমাদের বর্ডারে ব্যাপকভাবে অত্যন্ত বেশী পরিমাণে চোরাকারবারী, অর্থাৎ পাকিস্তানী অনুচরদের অনুপ্রবেশ। তারা সমস্ত কিছুই লুটপাট করে। গরু টেনে নিয়ে যায়—ধান কেটে নিয়ে যায় মানুষকে চুরি করে নিয়ে যায়। সরকারকে এই বিষয়ে ব্যবস্থা করবার জন্য যখন আমরা দাবী জানিয়ে বলি তখন তাঁরা আমাদের বলেন যে টাকা আমাদের নেই। টাকা পাবার একটা রাস্তা আপনাদেরকে বাৎলে দিচ্ছি। আজকে আমরা দেখি রেভিনিউ স্ট্যাম্প ঐ ২০ টাকার উপর দিতে গেলে পরে ১০ নয়া পয়সা লাগে। আমি নির্দিষ্ট প্রস্তাব আপনার সামনে রাখছি সেটা হোল যে ঐ বর্ডারকে রক্ষা করবার জন্য ঐ রেভিনিউ স্ট্যাম্পের একটা উর্ধ পক্ষের দর আপনাকে ঠিক করে দেওয়া দরকার। সেটা হোল যে ১ হাজার টাকা পর্যন্ত ১৫ নয়া পয়সা এবং পাঁচ হাজার টাকা পর্যন্ত ৩০ নয়া পয়সা এবং পাঁচ হাজার থেকে ১০ হাজার পর্যন্ত ৫০ নয়া পয়সা করুন এবং যা আর হবে তা থেকে তা দিয়ে আমরা আমাদের ঐ বর্ডার-এর খরচা যুগিয়ে যেতে পারি। এই প্রস্তাব আমি রাখছি। আপনি হয়তো বলবেন যে এই স্ট্যাম্পের দাম বাড়াবার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। আমি কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাব রাখবার জন্য অনুরোধ করছি এবং এই দিয়ে সে এক্সট্রা ডিউটি পাওয়া যাবে সেটা বাংলাদেশের বর্ডারের জন্য যেন ব্যয় হয় তার ব্যবস্থা করার জন্য বলতে। কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাব রাখছি এই জন্য যে টাকার

অভাবে আমরা সীমান্ত রক্ষা করতে পারছি না বলে। এই যে পাকিস্তান আমাদের সম্পত্তিতে এসে ক্রয় বিক্রয় করছে এবং আমাদের সাধারণ মানুষের জীবন বিপন্ন করছে তাতে কারও গায়ে লাগবে না। টাকার মীমাংসা করার জন্য আজকে আমি এই প্রস্তাব করলাম। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Shakila Khatun: Sir, on a point of personal explanation.

মাননীয় সদস্য বলে গেলেন যে, সালাউদ্দিনের সংগে আমাকে এক সংগে এক গাড়িতে ঘুরতে দেখেছেন এটা একেবারেই অসত্য কথা।

Shri Sunil Das Gupta:

মোটেই না। আপনাকে দেখা গিয়েছে। (মিথ্যাকথা)

Adjournment

The House was then adjourned at 5-26 p.m. till 3 p.m. on Wednesday, the 19th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 19th February, 1964, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 11 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State and 193 Members.

UNSTARRED QUESTIONS

(to which Written Answers were laid on the table)

[3—4-21 p.m.]

Pakistanees in West Bengal

53. (Admitted question No. 9.) **Shri Birendra Narayan Roy:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) গত ১৯৬৩ সালের ডিসেম্বর মাসে এবং (২) ১৯৬৪ সালের জানুয়ারির ২০ তারিখ পর্যন্ত কতজন পাকিস্তানী নাগরিক পশ্চিমবঙ্গে বাস করিবার জন্য আসিয়াছেন;

(খ) তাঁহাদের মধ্যে কতজন বর্তমানে কোন্ কোন্ জেলায় আছেন, এবং

(গ) সরকার তাঁহাদের আর্থিক অথবা অন্যপ্রকার কি কি সাহায্য দিয়াছেন?

The Minister for Home (Political):

(ক) (১) (২) ও (খ) গত ১৯৬৩ সালের ডিসেম্বর মাসে ১,০৩১ জন ও ১৯৬৪ সালের ২০এ জানুয়ারি পর্যন্ত ৩০৫ জন পাকিস্থানী নাগরিক মাইগ্রেসন সার্টিফিকেট লইয়া পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বাস করিবার জন্য আসিয়াছেন। উঁহাদের একটি তালিকা পেশ করা হইল। ইহা ছাড়া পূর্ব পাকিস্তানে সাম্প্রতিক দাঙ্গাহাঙ্গামাজনিত কারণে সেখানকার বহু সংখ্যক সংখ্যালঘু সম্প্রদায়ের লোক পশ্চিমবঙ্গে আশ্রয়ের জন্য আসিয়াছেন। ইঁহাদের সংখ্যা সংগৃহীত হইতেছে।

(গ) পাকিস্তান হইতে আগত আশ্রয়প্রার্থীদের মধ্যে যাঁহারা সাহায্য পাইবার উপযুক্ত তাঁহাদের নিয়মমাফিক খয়রাতি সাহায্য দেওয়া হইতেছে এবং যাঁহারা দণ্ডকারণ্যে পুনর্বাসনের জন্য যাইতে চাহেন, তাঁহাদের সেখানে লইয়া যাওয়ার ব্যবস্থা হইতেছে।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 53.

মাইগ্রেশান সার্টিফিকেট লইয়া পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় আগত পাকিস্তানী নাগরিকদের তালিকা

জেলা	ডিসেম্বর, ১৯৬৩	জানুয়ারি, ১৯৬৪ (২০এ জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত)	মোট সংখ্যা
চব্বিশপরগনা	৫০	৯	৫৯
নদীয়া	৪৩৩	৫	৪৩৮
শিয়ালদহ	৩০১	২২৩	৫২৪
		(১৫ই জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত)	
মুর্শিদাবাদ	—	—	—
মালদহ	—	১	১
পশ্চিমদিনাজপুর	৪৯	১৬	৬৫
কোচবিহার	১৯৮	৫১	২৪৯
মোট =	১.০৩১	৩০৫	১,৩৩৩

Indians left for East Pakistan

54. (Admitted question No. 34.)

শ্রী [illegible]নারায়ণ রায় : স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত ১লা জানুয়ারি ১৯৬৪ হইতে বর্তমান সময় পর্যন্ত কতজন ভারতীয় নাগরিক বসবাসের জন্য পূর্ব পাকিস্তানে গিয়াছেন?

The Minister for Home (Political):

গত ১লা জানুয়ারি হইতে ১৫ই জানুয়ারি, ১৯৬৪ পর্যন্ত ১২ জন ভারতীয় নাগরিক পাকিস্তান ইমার্জেন্সী সার্টিফিকেট লইয়া পূর্ব পাকিস্তানে বসবাসের জন্য গিয়াছেন। পরবর্তী সময়ের সংখ্যা সংগ্রহ করা হইতেছে।

Arrear of Agricultural Income-tax

55. (Admitted question No 45.) **Shri Birendra Narayan Roy:**

অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সময় অবধি কৃষি আয়কর কত বাকী পড়িয়া আছে; এবং

(খ) ঐ বাকী কর গত ১৯৫৯, ৬০, ৬১, ৬২ ও ৬৩ সালের জানুয়ারি মাসের কোন্ বৎসর কত ছিল?

The Minister for Finance:

(ক) অদ্যাবধি বকেয়া কৃষি আয়করের পরিমাণ নির্ণয় করা সময়সাপেক্ষ ব্যাপার। গত আর্থিক বৎসর পর্যন্ত নির্ণয় করা যাইতে পারে। নীচে সেই বকেয়ার হিসাব দেওয়া হইল।

(খ) আর্থিক বৎসর অনুযায়ী হিসাব রাখা হয়। সুতরাং সংশ্লিষ্ট বৎসরগুলির কৃষি আয়করের বকেয়া হিসাব ১৯৫৮-৫৯ আর্থিক বৎসর হইতে ১৯৬২-৬৩ আর্থিক বৎসর পর্যন্ত নিম্নে প্রদত্ত হইল :

আর্থিক বৎসর ও বকেয়া কৃষি আয়কর

১৯৫৮-৫৯ (৩১এ মার্চ ১৯৫৯ তারিখে)—৮৮,১১,০০৬ ৪৫ টাকা।

১৯৫৯-৬০ (৩১এ মার্চ ১৯৬০ তারিখে)—৯৩,৪৪,৬৪৩ ৪৭ টাকা।

১৯৬০-৬১ (৩১এ মার্চ ১৯৬১ তারিখে)—৯৯,৭৪,৪৬০·৬৮ টাকা।

১৯৬১-৬২ (৩১এ মার্চ ১৯৬২ তারিখে)—১,১৩,৯১,২৬৮·০১ টাকা।

১৯৬২-৬৩ (৩১এ মার্চ ১৯৬৩ তারিখে)—১,০৯,০৪,৯৯৯·০০ টাকা।

Contribution of Nawab Family of Murshidabad to Government School at Lalbag

56. (Admitted question No. 57.) **Shri Birendra Narayan Roy:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার লালবাগ শহরে অবস্থিত গভর্নমেন্ট স্কুলটিতে মুর্শিদাবাদ নবাব পরিবারের কোন দান আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে উক্ত স্কুলে কত টাকা দান হিসাবে দেওয়া হইয়াছে;

(গ) উক্ত স্কুলে উর্দু পড়ানো বাধ্যতামূলক কিনা; এবং

(ঘ) বর্তমানে উর্দু সেকসানে কতজন ছাত্র এবং শিক্ষক আছেন?

The Minister for Education:

(ক) ও (খ) ১৯০৯ সালে, মুর্শিদাবাদে নবাব মাদ্রাসা ও নবাব হাই স্কুল এই দুইটি বিদ্যালয় কতকগুলি শর্তে একত্রিত হয়। উক্ত একত্রীকরণের শর্তে নবাব পরিবারের দানের কোন উল্লেখ নাই। সরকার এ বিষয়ে অবগত নহেন।

(গ) না।

(ঘ) ৭০ জন ছাত্র ও সর্বমোট ২৮ জন শিক্ষকের মধ্যে ৯ জন শিক্ষক উর্দুর মাধ্যমে শিক্ষাদান করেন।

National Defence Fund

57. (Admitted question No. 62.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : মাননীয় মুখ্যমন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত ২০এ জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত পশ্চিমবঙ্গে প্রতিরক্ষা তহবিলে মোট কত টাকা, স্বর্ণ এবং অন্যান্য দ্রব্যাদি পাওয়া গিয়াছে?

The Hon'ble Chief Minister:

নগদ এবং চেকে মোট ৩,৩৮,৩৮,৪০২·৬২ টাকা, স্বর্ণ এবং স্বর্ণালঙ্কারে ১৬৯,৯২৫·০৭০ গ্রাম।

Districtwise Soap Factories in West Bengal

58. (Admitted question No 72.) **Shri Birendra Narayan Roy:**

কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সাবান প্রস্তুতের ফ্যাক্টরী (জেলাওয়ারী) কয়টি এবং তাহাদের নাম কি;

(খ) কোন্‌টি কোন্ সালে প্রতিষ্ঠিত হইয়াছিল এবং কোনটির মূলধন কত;

(গ) বর্তমান সময় অবধি কোন্‌টিকে সরকার কত ঋণ সাহায্য, অনুদান অথবা অন্যপ্রকারে সাহায্য করিয়াছেন; এবং

(ঘ) গত পাঁচ বৎসরে উক্ত ফ্যাক্টরীগুলির কোন্ বৎসর কত লাভ বা লোকসান করিয়াছে?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক), (খ), (গ) ও (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Forest Guards of the Forest Directorate, West Bengal

59. (Admitted question No 78.) **Shri Manoranjan Bakshi:**

বনবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীন মোট 'বনরক্ষক' (ফরেস্ট গার্ড)-এর সংখ্যা কত;

(খ) ইহাদের মাসিক বেতন ও ভাতা কত;

(গ) বৎসরে 'ইউনিফরম' বাবদ ইহাদিগকে কি দেওয়া হয়;

(ঘ) 'প্ল্যানটেশান' কাজে বনরক্ষকগণ যোগ্যতা দেখাইতে পারিলে বিভাগীয় কোন পুরস্কার প্রদানের ব্যবস্থা আছে কিনা; এবং

(ঙ) সাধারণতঃ কতদিন অন্তর ইহাদের বদলী করা হয় এবং তাহা কোন সময়ে করা হয়?

The Minister for Forests:

(ক) ১,৪৩৯।

(খ) বনরক্ষকের মাসিক বেতনের হার ৬৫—১—৮৫ টাকা এবং প্রধান বনরক্ষকের মাসিক বেতনের হার ৮০—১—৮৫—২—১০৫ টাকা। তাহাদের কোন ভাতা দেওয়া হয় না।

(গ) তাহাদের বৎসরে টাকা ১৩·৭৫ নয়া পয়সা মূল্যের পোশাক দেওয়া হয়।

(ঘ) না।

(ঙ) বিশেষ কোন প্রশাসনিক প্রয়োজন না থাকিলে সাধারণতঃ বনরক্ষকদের এক বনভূমি হইতে অন্য বনভূমিতে বদলী করা হয় না। তবে একই বনভূমির মধ্যে বিভিন্ন স্থানে বেশ কয়েক বছর পর পর সুবিধামত বদলী করা হইয়া থাকে। বদলীর সময় প্রশাসনিক সুবিধার উপরই নির্ভর করে এবং সেই কারণে বদলীর কোন নির্দিষ্ট সময় নেই।

Central Co-operative Bank of Murshidabad district

60. (Admitted question No. 88.) **Shri Sanat Kumar Raha:**

সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের ম্যানেজিং কমিটির মনোনীত সদস্য কে কে আছেন; এবং

(খ) কি কি যোগ্যতার ভিত্তিতে সদস্য মনোনয়ন করা হয়?

The Minister for Co-operation:

(ক) (১) শ্রীনগেন্দ্রনাথ ভট্টাচার্য, এম এল সি,

(২) শ্রীবীরেন্দ্রকুমার সাহা,

(৩) মুর্শিদাবাদ জেলার জেলা কৃষি আধিকারিক।

(খ) যেসকল ব্যক্তি সমবায় আন্দোলন-উৎসাহী বা ইহার সহিত যুক্ত আছেন, কিংবা যাঁহারা সমবায় সমিতির পরিচালনার কার্যে যুক্ত থাকিলে ইহা সুষ্ঠুভাবে পরিচালিত হইবে এবং সভ্যগণ ও সরকার কর্তৃক প্রদত্ত অর্থের উপযুক্ত ব্যবহার হইবে বলিয়া আশা করা যায় তাঁহারাই সদস্য মনোনীত হইবার জন্য বিবেচিত হন।

Co-operative Union and Co-operative Societies of Murshidabad district

61. (Admitted question No. 107.) **Shri Sanat Kumar Raha:**

সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা সমবায় ইউনিয়নের সদস্যসংখ্যা কত;

(খ) এই জেলায় মোট কতগুলি সমবায় সমিতি আছে; এবং

(গ) ওইসকল সমবায় সমিতি উক্ত ইউনিয়নের অন্তর্ভুক্ত কিনা?

The Minister for Co-operation:

(ক) ১৪৩।

(খ) ১,৫২৮।

(গ) ১৩৬টি সমিতি উক্ত ইউনিয়নের অন্তর্ভুক্ত।

"Debottar Sebayats" of West Bengal

62. (Admitted question No. 135.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কত সংখ্যক দেবোত্তর সেবাইত আছেন এবং সেইস দেবোত্তর সম্পত্তির মধ্যে আবাদযোগ্য কৃষিভূমি কত; এবং

(খ) এই সমস্ত দেবোত্তর সেবাইতদের জন্য রাজ্যসরকার বর্তমানে কি পরিমাণে অ্যানুইটি দিতেছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) ক্ষতিপূরণ তালিকা প্রস্তুত না হওয়া পর্যন্ত এই তথ্য দেওয়া সম্ভব নহে তবে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় দেবোত্তর ক্ষতিপূরণের জন্য প্রাপ্ত দরখাস্তের সংখ্যা এবং এ দেবোত্তরসমূহের সেবাইতদের প্রদত্ত বার্ষিকীর পরিমাণ সম্বলিত একটি বিবরণী এতৎসহ টেবিলে ন্যস্ত করা হইল।

দেবোত্তর সম্পত্তির মধ্যে আবাদযোগ্য কৃষিজমির পরিমাণ সম্বন্ধে তথ্য সংগ্রহ করা যথেষ্ট সময় সাপেক্ষ।

Statement referred to in reply to unstarred question No. 62.

	Number of applications filed by Sebaits of Debattar property 1	Number of cases sanctioned	Amount involved in cases mentioned in column 2
Birbhum	1,252	544	11,51,06
Bankura	1,897	219	5,85,21
Burdwan	1,736	549	21,45,07
Cooch Behar	27	13	19,74
Darjeling	9	5	4,61
Hooghly	1,508	256	17,33,10
Howrah	706	261	4,48,81
Jalpairuri	18	7	31,44
Malda	336	57	6,59,67
Midnapore	2,915	1,831	19,02,26
Murshidabad	794	75	9,71,88
Nadia	109	29	2,42,43
24-Parganas	1,494	209	12,76,66
Dinajpur	1,672	11	2,52,99
Total ..	13,463	4,066	1,14,20,93

Setting up of waste-silk mill in the district of Murshidabad

63. (Admitted question No. 150.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether Government has any plan to start one waste-silk mill in the district of Murshidabad; and

(b) if so, where and when it will be started?

The Minister for Commerce and Industries: (a) No.
(b) Does not arise.

Uprooted families in Calcutta and adjacent areas due to the recent disturbances

64. (Admitted question No. 162.) **Shri Sanat Kumar Raha.**
ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের জানুয়ারিতে সংঘটিত দাঙ্গার ফলে কলিকাতা ও পার্শ্ববর্তী এলাকায় কত পরিবার বাস্তুচ্যুত হয়, এবং

(খ) কয়টি ক্ষেত্রে সরকারের সহায়তায় কয়টি বাস্তুচ্যুত পরিবার নিজ বাস্তুভিটায় ফিরিয়া গিয়াছে?

The Minister for Relief:

(ক) প্রায় ৮০,০০০ সদস্য সমন্বিত ১২,০০০ পরিবার।

(খ) ১লা ফেব্রুয়ারি, ১৯৬৪ তারিখ পর্যন্ত কলিকাতার বিভিন্ন বস্তি এলাকা হইতে মোট ৪৯,৪৫৯ জন বাস্তুত্যাগী স্বগৃহে ফিরিয়া গিয়াছেন।

Union Christian Training College, Berhampore

65. (Admitted question No. 185.) **Shri Sanat Kumar Raha:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যসরকার বহরমপুরস্থ ইউনিয়ন কৃশ্চান ট্রেনিং কলেজের জন্য কোন অর্থ সাহায্য করেন কি না, এবং

(খ) সাহায্য করিলে গত তিন বৎসরের প্রতি বৎসর কত করিয়া সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) ইউনিয়ন কৃশ্চান ট্রেনিং কলেজে ছাত্রদিগকে প্রদত্ত বৃত্তিবাবদ বার্ষিক ১,১০০ টাকা এবং আবর্তক (রক্ষণ) অনুদান বাবদ বার্ষিক ১০,৩৮০ টাকা গত তিন বৎসর যাবত সমহারে দেওয়া হইতেছে। ইহা ছাড়া ১৯৬২-৬৩ সালে বিজ্ঞান পড়াইবার ব্যবস্থার জন্য অনাবর্তক অনুদান হিসাবে ২০,০০০ টাকা দেওয়া হইয়াছে।

Setting up of two-class Junior High School in Murshidabad district

66. (Admitted question No. 206.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে এ পর্যন্ত মেদিনীপুর জেলাতে দুই ক্লাস বিশিষ্ট জুনিয়ার হাই স্কুল স্থাপনের জন্য সরকারের নিকট কোন আবেদন আসিয়াছে কি না;

(খ) আসিয়া থাকলে তাহাদের মধ্যে কোন্‌কোনটিতে অনুমতি দেওয়া হইয়াছে; এবং

(গ) অনুমতি না দেওয়া হইলে তাহার কারণ কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত দুই শ্রেণীযুক্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে অনুমোদনের জন্য পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছে ঃ

বিদ্যালয়ের নাম (বালিকাদিগের জন্য)

১। জলাশচাবরি নিগমানন্দ মাধ্যমিক বিদ্যালয়।
২। মহতাবনগর পল্লী সমবায় মাধ্যমিক বিদ্যালয়।
৩। বর্তনা প্রভাতি আশ্রম মাধ্যমিক বিদ্যালয়।
৪। মহিশালী ত্রৈলক্য মাধ্যমিক বিদ্যালয়।
৫। খরিকা বিবেকানন্দ মাধ্যমিক বিদ্যালয়।
৬। মুণ্ডলিকা মাধ্যমিক বিদ্যালয়।
৭। শাখপুর ভরযানিয়া মাধ্যমিক বিদ্যালয়।
৮। সেন্তাশোল মাধ্যমিক বিদ্যালয়।
৯। ঝুনটলা মাধ্যমিক বিদ্যালয়।
১০। সুতাহাটা জনকল্যাণ মাধ্যমিক বিদ্যালয়।
১১। কালিকাপুর মাধ্যমিক বিদ্যালয়।
১২। ভীমাচরণ বসু মাধ্যমিক বিদ্যালয়।
১৩। ঘোরাঘাট আদর্শ মাধ্যমিক বিদ্যালয়।
১৪। কানপুর গুরুপ্রসাদ মাধ্যমিক বিদ্যালয়।
১৫। জনন্নাথ মাধ্যমিক বিদ্যালয়।
১৬। কেশবপুর জলপাই মাধ্যমিক বিদ্যালয়।
১৭। তারাযুই শ্রীরামকৃষ্ণ মাধ্যমিক বিদ্যালয়।
১৮। আনদিচক মাধ্যমিক বিদ্যালয়।
১৯। লোকপীঠ বিবেকানন্দ মাধ্যমিক বিদ্যালয়।
২০। বযজেওলী মাধ্যমিক বিদ্যালয়।
২১। কেশবম্ভা বিদ্যাসাগর মাধ্যমিক বিদ্যালয়।
২২। রামগোপালচক মাধ্যমিক বিদ্যালয়।
২৩। সব্রবানযান মাধ্যমিক বিদ্যালয়।
২৪। উত্তরবিল বিধানচন্দ্র মাধ্যমিক বিদ্যালয়।
২৫। বরগেরিয়া রমানাথ আদর্শ মাধ্যমিক বিদ্যালয়।

বিদ্যালয়ের নাম (বালিকাদিগের জন্য)

২৬। চন্দ্রকোনা রোড মাধ্যমিক বালিকা বিদ্যালয়।
২৭। খড়ার সূর্যকুমার হেমাঙ্গিনী হাইত মাধ্যমিক বালিকা বিদ্যালয়।
২৮। পরমানন্দপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়।
২৯। উজীপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

(গ) দ্বিতীয় শ্রেণীযুক্ত ১৮টি মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন করা সম্ভব হয় নাই, কারণ জেলা পরিদর্শকের নিকট হইতে বিদ্যালয় পরিদর্শকের প্রতিবেদন এখনও পাওয়া যায় নাই। প্রতিবেদন পাওয়া গেলে ঐ বিদ্যালয়গুলি সম্বন্ধে বিবেচনা করা হইবে।

Upgrading of Junior High Schools in the district of Midnapore

67. (Admitted question No. 207.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার কোন কোন জুনিয়ার হাই স্কুল ১০ম শ্রেণীর স্কুলে উন্নীত হইয়াছে; এবং

(খ) দশম শ্রেণী খুলিবার জন্য জুনিয়ার হাই স্কুলগুলিকে কি কি শর্ত পূরণ করিতে হয়?

The Minister for Education:

(ক) (১) দেবীনগর মিলন বিদ্যাপীঠ।

(২) কলিগ্রাম শহীদ ক্ষুদিরাম স্মৃতি বিদ্যালয়।

(৩) পাটনা বাশুলি জুনিয়ার হাই।

(৪) হিজলী গোপীচক জুনিয়ার হাই।

(৫) বহিত্রকুঞ্জ জুনিয়ার হাই।

(৬) রাণিওর ক্ষুদিরাম বিদ্যাপীঠ।

উপরি-উক্ত বিদ্যালয়গুলিকে দশম শ্রেণীর উচ্চ বিদ্যালয়রূপে অনুমোদনের জন্য মধ্যশিক্ষা পর্ষতের নিকট সুপারিশ করা হইয়াছে।

(খ) জুনিয়ার হাই স্কুলকে দশম শ্রেণীর উচ্চ বিদ্যালয়ে পরিণত করিতে হইলে নিম্নলিখিত শর্তগুলি পালন করিতে হয় ঃ

(১) ছাত্র সংখ্যা—অন্যূন ২০০ (৫ম হইতে ৯ম শ্রেণী পর্যন্ত)।

(২) সংরক্ষিত তহবিল—৩,০০০ টাকা।

(৩) দশটি কক্ষ বিশিষ্ট বিদ্যালয় গৃহ।

প্রতিটি ঘরের আয়তন ৪০০ বর্গফুট হওয়া আবশ্যক।

(৪) শিক্ষক ৯ জন থাকিবেন।

প্রধান শিক্ষক—শিক্ষণপ্রাপ্ত স্নাতক, বিজ্ঞান স্নাতক—১ জন।

(অন্ততঃ ৪ জন স্নাতক শিক্ষক থাকা দরকার)।

মাত্র প্রবেশিকা উত্তীর্ণ শিক্ষক রাখা চলিবে না।

(৫) উপযুক্ত সংখ্যক শিশুপাঠ্য পুস্তক ছাড়া শিক্ষাচর্চা বিষয়ক ও তথ্যসম্বলিত পুস্তক-সমূহ সমন্বিত একটি গ্রন্থাগার থাকা আবশ্যক।

(৬) বিজ্ঞান, ভূগোল, স্বাস্থ্য ও গণিত বিষয়ে শিক্ষা দিবার জন্য উপযুক্ত সংখ্যক যন্ত্রপাতি ও শিক্ষোপকরণ থাকা দরকার।

(৭) জনবহুল শহরাঞ্চল ব্যতীত অন্যত্র উপযুক্ত পরিমাপের একটি ক্রীড়াক্ষেত্র রাখিতে হইবে।

(৮) পানীয় জলের সুব্যবস্থা রাখিতে হইবে।

(৯) পৌনঃপুনিক ব্যয় নির্বাহের জন্য নিয়মিত আয়ের ব্যবস্থা থাকা আবশ্যক।

(১০) স্বাস্থ্যনৈতিক বিধানগুলি পালনের জন্য উপযুক্ত ব্যবস্থাকল্পে তিনটি করিয়া শৌচাগার ও প্রস্রাবাগার তৈয়ারি করিতে হইবে।

(১১) ছাত্র ভর্তির ব্যাপারে বিভাগীয় নিয়মাবলী অবশ্য পালনীয়। সমীপবর্তী বিদ্যালয়-গুলির সহিত অশোভন প্রতিযোগিতা পরিহার করিতে হইবে।

Cattle purchasing loan in police-stations Nabagram, Lalgola and Murshidabad

68. (Admitted question No. 230.) **Shri Birendra Narayan Roy:**

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত পাঁচ বৎসরে মুর্শিদাবাদ জেলার (১) নবগ্রাম, (২) লালগোলা ও (৩) মুর্শিদাবাদ থানায় কোন বৎসর কয়জনকে কতটাকা গবাদি পশু ক্রয়ের জন্য ঋণ দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture:

এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to the unstarred question No. 68

বিবরণী

	বৎসর	গবাদি পশুর ক্রয়ের জন্য ঋণ বণ্টন	ঋণ গ্রহীতার সংখ্যা
	সাল	টাকা	জন
(১) নবগ্রাম থানা			
	১৯৫৯	১০০	১
	১৯৬০	৫,৩০০	৩৪
	১৯৬১	৪,৫০০	২৪
	১৯৬২	১১,২৫০	৪১
	১৯৬৩	১৫,০০০	৬৮
		মোট—৩৬,১৫০	মোট—১৬৮
(২) লালগোলা থানা			
	১৯৫৯	৪,৪২৫	৩১
	১৯৬০	১,৩০০	৮
	১৯৬১	৩,০৫০	১৫
	১৯৬২	২,৮০০	১৫
	১৯৬৩	৫,৫০০	২৭
		মোট—১৭,০৭৫	মোট—৯৬
(৩) মুর্শিদাবাদ থানা			
	১৯৫৯	৭৫০	৪
	১৯৬০	৪,১৭৫	২৫
	১৯৬১	..	..
	১৯৬২	১,২৫০	৬
	১৯৬৩	১৪,০০০	৬৬
		মোট—২০,১৭৫	মোট—১০১

Agricultural equipment Plant in Burdwan district

69. (Admitted question No. 241.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether the Government have any proposal to set up a plant in the district of Burdwan for manufacturing the agricultural equipments; and

(b) if so—

(1) the details of such proposal,

(2) approximate date of its implementation, and

(3) particulars of the types of the equipments proposed for manufacture in the plant?

The Minister of State for Agriculture: (a) No. But Government have sanctioned a scheme for the establishment of an Agricultural Implement Workshop at Burdwan.

(b) (1), (2) and (3) Do not arise.

Election of Gram Sabhas and Anchal Panchayats in police-station Moyna in the district of Midnapore

70. (Admitted question No. 301.)

শ্রীঅনংগমোহন দাশঃ স্বায়ত্ত্ব শাসন এবং পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলাব ময়না থানায় কয়টি অঞ্চল পঞ্চায়েত এবং কয়টি গ্রাম সভা আছে;

(খ) উক্ত পঞ্চায়েতগুলির নির্বাচন কোন্ মাসে হইয়াছিল এবং পুনরায় নির্বাচন কোন্ মাসে হইবে;

(গ) পুনরায় নির্বাচনের সময় কিসের ভিত্তিতে নির্বাচন ক্ষেত্রের প্রতিনিধি সংখ্যা ও সীমানা নির্ধারণ করা হইবে; এবং

(ঘ) উক্ত গ্রামসভাগুলির কোন্ কোন্‌টির প্রতিবৎসর দুইবার করিয়া অধিবেশন ডাকা হইয়াছে এবং আয় ব্যয়ের বাজেট পাশ করিয়াছে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) নয়টি অঞ্চল পঞ্চায়েত এবং চৌষট্টিটি গ্রামসভা আছে।

(খ) উক্ত পঞ্চায়েতগুলির নির্বাচন ১৯৬১ সালের মে মাসে অনুষ্ঠিত হইয়াছিল। পশ্চিম-বঙ্গ পঞ্চায়েত আইনের ১২(১) ধারা অনুসারে চার বৎসর পরে পুনরায় নির্বাচন হইবে।

(গ) পুনরায় নির্বাচনের সময় পঞ্চায়েত আইনের ১১(২) এবং ১১(৩) ধারামতে নির্বাচন ক্ষেত্রের প্রতিনিধি সংখ্যা এবং সীমানা নির্ধারিত হইবে।

(ঘ) প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে।

Unregistered medical practitioners in West Bengal

71. (Admitted question No. 339.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ্যালোপাথি মতে আন-রেজিস্টার্ড চিকিৎসক পশ্চিমবঙ্গে কতজন আছেন এ বিষয়ে কোন সরকারী পরিসংখ্যান আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে উক্ত প্রকার চিকিৎসকের সংখ্যা কত; এবং
(গ) এইরূপ চিকিৎসকদের রেজিস্টার্ড হওয়ার কি ব্যবস্থা আছে?

The Minister for Health:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ১৯১৪ সালের ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল অ্যাক্ট-এর বিধান অনুযায়ী ঐ আইনের অন্তর্গত তপশিলে বর্ণিত যে কোন যোগ্যতা অর্জন করিলে ইহারা রেজিস্টার্ড হইতে পারিবেন।

BUDGET FOR 1964-65

STATEMENT BY THE FINANCE MINISTER

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের পশ্চিমবঙ্গ রাজ্যের বাজেট বরাদ্দ উপস্থাপন করিতেছি।

আমাদের পরলোকগত সম্মানিত নেতা এবং মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রতি আমার ভাষণের মুখবন্ধে শ্রদ্ধা নিবেদন না করিলে রাজ্যের অর্থমন্ত্রীরূপে আমার কর্তব্যে অবহেলা করা হইবে। স্বাধীনতার পর অবিচ্ছিন্নভাবে দশ বৎসর এই সমস্যাসংকুল ও খণ্ডিত রাজ্যের তিনি অর্থ-দপ্তরের ভার বহন করিয়াছেন এবং প্রায় দেউলিয়া অবস্থা হইতে এই রাজ্যের আর্থিক অবস্থাকে তিনি স্থিতিশীলতার স্তরে উন্নীত করিয়াছেন। ১নং পরিশিষ্টের গ্রাফ-চিত্রে দৃষ্টিপাত করিলে বোধগম্য হইবে যে, কিরূপে বৎসরের পর বৎসর এই রাজ্যের অগ্রগতি হইয়াছে। এই অগ্রগতি কেবল রাজস্ব আয়েই হয় নাই—১৯৪৮-৪৯ সালের ৩২ কোটি টাকা হইতে বৃদ্ধি পাইয়া ইহা ১৯৬৪-৬৫ সালে ১৩৬ কোটি টাকা হইয়াছে। পরন্তু, ব্যয়-ক্ষমতায়ও এই অগ্রগতি হইয়াছে। ব্যয়-ক্ষমতাও হারাহারিভাবে ১৯৪৮-৪৯ সালের ২৯ কোটি টাকা হইতে বৃদ্ধি পাইয়া ১৯৬৪-৬৫ সালে ১৩০ কোটি টাকা হইয়াছে। আমাদের শ্রদ্ধেয় নেতার প্রতি শ্রদ্ধাঞ্জলিরূপেই যে কেবল প্রারম্ভে আমি ইহার উল্লেখ করিতেছি তাহা নয়, আমাদের জনগণের গতিশীল শক্তির নিশ্চিত প্রমাণরূপেও আমি ইহার উল্লেখ করিতেছি। বহু শতাব্দীর যে অনগ্রসর দেশ উন্নয়নশীল অর্থনীতির পথে দ্রুত অভিযান শুরু করিয়াছে তাহার পক্ষে আবশ্যক সব-কিছুর জোগান দিবার মাধ্যমে জাতির আহ্বানে গত পনের বৎসর ধরিয়া চমৎকারভাবে আমাদের জনগণ সাড়া দিয়াছেন।

গত বৎসর যখন বাজেট বরাদ্দ উপস্থাপিত হয় তখন চৈনিক আক্রমণের কৃষ্ণছায়া এই সভার অধিবেশনের উপর পড়িয়াছিল। আক্রমণকারী সৈন্যদল পশ্চাদপসরণ করিলেও এখনও আমাদের জাতীয় নিরাপত্তার ভয়ের কারণ বিদ্যমান এবং নূতন নূতন বিপদ আমাদের সম্মুখে আত্মপ্রকাশ করিতেছে। ইহা এক করুণ পরিহাস যে, প্রাচ্য-পাশ্চাত্যের সম্পর্কে সম্প্রতিক উন্নতির ফলে শান্তি ও আন্তর্জাতিক সহযোগিতার এক নূতন যুগ সম্বন্ধে আশার সঞ্চার হইলেও এখনও ভারত-সীমান্তে যুদ্ধের বিপদ বৃহদাকারেই পরিলক্ষিত হইতেছে এবং আমাদের কতিপয় প্রতিবেশীর ঘৃণার অভিযান নূতন পর্যায়ে প্রবেশ করিয়াছে। সাম্প্রতিক ঘটনাবলী হইতে দেখা গিয়াছে যে, যে-সব অশুভের আজ আমরা সম্মুখীন হইয়াছি সেগুলি ভিতর ও বাহির উভয় ক্ষেত্রের। ঐক্য ও কঠিন শ্রমের প্রয়োজন বর্তমানে পূর্বাপেক্ষা অধিক। সশস্ত্র চ্যালেঞ্জের ফলে এই প্রয়োজনের গুরুত্ব অধিকতর বৃদ্ধি পাইয়াছে। জাতি হিসাবে এই চ্যালেঞ্জের সম্মুখীন হইতে আমাদিগকে শিখিতে হইবে। এক বৎসরের অধিক হইল অবিচ্ছিন্ন জরুরী অবস্থার পটভূমিকায় তৃতীয় পরিকল্পনা রূপায়িত হইয়াছে। এই জরুরী অবস্থা আমাদের উপর নূতন নূতন বোঝা ও দায়িত্ব চাপাইয়াছে। প্রতিরক্ষা ও বৈষয়িক উন্নতির উদ্দেশ্যে অধিকতর জাতীয় প্রয়াসের জন্য এবং

তজ্জনিত সম্ভাব্য মুদ্রাস্ফীতির চাপ রোধ করার জন্য সমগ্র আর্থিক নীতির পুনর্বিন্যাস করিতে চাওয়া হইয়াছিল। অবশ্য গত কয়েক মাসে অর্থনীতিতে কিছু চাপের চিহ্ন পরিলক্ষিত হইয়াছে। ইহা খুবই স্বাভাবিক। কেননা, সামরিক শক্তি ও বৈষয়িক উন্নতি এই উভয়ের জন্য প্রয়োজনীয় অধিকতর শক্তিশালী ও জীবনীশক্তিসম্পন্ন অর্থনীতির চাহিদার সঙ্গে দীর্ঘমেয়াদী ভিত্তিতে আমাদিগকে নিজেদের পুনর্বিন্যস্ত করিতে হইবে। আর্থিক পরিস্থিতির বিশ্লেষণ আমাদের "ইকনমিক রিভিউ" পুস্তিকায় দেওয়া হইয়াছে। অন্যান্য বাজেট সংক্রান্ত দলিলের সঙ্গে এই পুস্তিকা বর্তমান বৎসরেই প্রথম প্রকাশিত হইতেছে।

এখানে আমি সংক্ষেপে সাম্প্রতিক উৎপাদন প্রবণতা সম্পর্কে আলোচনা করিব। পশ্চিমবঙ্গে কৃষি উৎপাদনের সূচক (১৯৪৯-৫০=১০০) ১৯৬০-৬১-র ১৩১·৮৩ হইতে হ্রাস পাইয়া ১৯৬১-৬২-তে ১৩০·১০ হয়। এই সূচক ১৯৬২-৬৩-তে আরও হ্রাস পাইয়া (চূড়ান্ত নহে) ১২১·০৬-এর ন্যায় নিম্ন অঙ্কে দাঁড়ায়। পশ্চিমবঙ্গের পক্ষে ১৯৬২-৬৩ ছিল বিশেষরূপে মন্দ বৎসর; প্রতিকূল আবহাওয়ার অবস্থাই এজন্য দায়ী। কিন্তু তৎসত্বেও ১৯৪৯-৫০ সাল অপেক্ষা ঐ বৎসর উৎপাদন ২১ শতাংশ অধিক হইয়াছিল। কৃষির ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি বিনা বাধায় প্রায়ই লক্ষ্য হয় না, সোভিয়েট রাশিয়ার ন্যায় অত্যন্ত সমুন্নত দেশের সাম্প্রতিক অভিজ্ঞতা হইতে ইহা প্রতীয়মান হইবে।

পশ্চিমবঙ্গের পক্ষে সর্বাধিক গুরুত্বপূর্ণ শিল্প ও বাগিচার উৎপাদন হইল পাট, চা, কার্পাস জাত সূতীবস্ত্র কয়লা ও ইস্পাত। ১৯৬২-র ন্যায় ১৯৬৩ ও পাট শিল্পের পক্ষে ছিল একটি অত্যন্ত সু-বৎসর। যদি সব-কিছুর অগ্রগমন অব্যাহত থাকে, তবে এই শিল্পের পক্ষে ১৯৬৩-৬৪-তে তৃতীয় পরিকল্পনার শেষ বৎসরের উৎপাদন লক্ষ্য এবং রপ্তানি লক্ষ্য যথাক্রমে ১৩ লক্ষ মেট্রিক টন এবং ৯ লক্ষ মেট্রিক টন অতিক্রম করিয়া ভারতের সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারীরূপে আপন স্থান অব্যাহত রাখা উচিত (১৯৬২-৬৩-তে চা ১২৮ কোটি টাকার এবং কার্পাস-জাত সূতীবস্ত্র ৪৭ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জন করে, সে-স্থলে ঐ বৎসর পাট অর্জন করে ১৫২ কোটি টাকা)। তৃতীয় পরিকল্পনার বাকি অংশে পাট উন্নয়ন কার্যের জন্য ভারত-সরকার সম্প্রতি তিন কোটি টাকার সংস্থান করিয়াছেন। সকল রপ্তানি শিল্পের জন্য প্রারম্ভিক ৩.৮ কোটি টাকার মূলধনের একটি বিপণন উন্নয়ন তহবিলও তাঁহারা সৃষ্টি করিয়াছেন। এই বিপণন গবেষণা কার্যাবলীর অর্থ-বরাদ্দের পূর্ণ সুযোগ সম্ভবত ভারতীয় পাট-শিল্প গ্রহণ করিবে। চায়ের ক্ষেত্রে ১৯৬৩-র উৎপাদন ১৯৬২-র উৎপাদনের প্রায় সমতুল হইয়াছিল বলিয়া হিসাব করা হইয়াছে। শেষোক্ত বৎসর ভারতে ৩৪ কোটি ৪০ লক্ষ কিলোগ্রাম চা উৎপন্ন হয়। ১৯৬৩-র রপ্তানি আয় (২২ কোটি ৩০ লক্ষ কিলোগ্রামের জন্য) বৃদ্ধি পাইয়া প্রায় ১৩২ কোটি টাকা হইয়াছে বলিয়া হিসাব করা হইয়াছে। রপ্তানি-শুল্কে লোপের ফলে রপ্তানি তথা তজ্জনিত আয় উল্লেখযোগ্যরূপে বৃদ্ধি পাইয়াছে। কিছুকাল ধরিয়া এ-দেশের কাপড়ের কলগুলি খুব ভাল কাজ করিতেছে না। অনুমোদিত ও অননুমোদিত শক্তিচালিত তাঁতের উল্লেখযোগ্য সংখ্যা বৃদ্ধি মিলের উৎপাদনে অচল অবস্থার জন্য দায়ী বলা হয়—অন্তঃশুল্কে ও কর্মীদের বেতনের ব্যাপারে শক্তিচালিত তাঁত গুরুত্বপূর্ণ সুবিধা ভোগ করে।

বেসরকারী ক্ষেত্রে ১৯৬২-৬৩ সাল কয়লা উৎপাদন ব্যাপারে ছিল একটি অত্যন্ত সু-বৎসর। ঐ বৎসর ৫ কোটি ২০ লক্ষাধিক মেট্রিক টন কয়লা উৎপাদন হয়। এই সময়ের উৎপাদন লক্ষ্য ছিল ৪ কোটি ৮৫ লক্ষাধিক মেট্রিক টন। ১৯৬১-৬২-তে প্রায় চার কোটি ৬০ লক্ষ মেট্রিক টন কয়লা উৎপন্ন হয়। সরকারী ক্ষেত্রে ১৯৬১-৬২-র কিঞ্চিন্ন্যূন ৯০ লক্ষ মেট্রিক টন হইতে বৃদ্ধি পাইয়া ১৯৬২-৬৩-তে উৎপাদন এক কোটি ষোল লক্ষাধিক মেট্রিক টন হয় যদিও এই উৎপাদনে ১ কোটি ৪৯ লক্ষ মেট্রিক টনের লক্ষ্য হইতে কম ছিল। এই হ্রাসের প্রধান কারণ ছিল এই যে, ১৯৬৩-র প্রারম্ভের পূর্বে বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় খনি-সরঞ্জাম ও যন্ত্র আমদানি সম্ভব হয় নাই। চলতি আর্থিক বৎসরের প্রারম্ভ হইতে ওয়াগন ঘাটতির প্রশ্ন ব্যতিরেকেই চাহিদা হ্রাসের খবর পাওয়া গিয়াছিল। ইহার প্রধান কারণ ছিল শিল্প-উৎপাদনের গতি হ্রাস।

অন্যান্য যে সব কারণের ইহাতে হাত ছিল সেগুলি বৈদ্যুতীকরণ ও ডিজেল ব্যবহারের দরুন প্রয়োজনীয় অধিকতর শক্তিশালী ও জীবনীশক্তিসম্পন্ন অর্থনীতির চাহিদার সঙ্গে দীর্ঘমেয়াদী রেলের চাহিদা হ্রাস এবং কয়লা-অঞ্চল হইতে বহু দূরে অবস্থিত কতিপয় শিল্পে ফারনেস তেল ব্যবহারের সূচনা।

ভারতে সম্পূর্ণ ইস্পাত উৎপাদন ক্রমশ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া ১৯৬১-৬২-তে ২৪ লক্ষ মেট্রিক টন হয়। ১৯৬৩-৬৪-তে উৎপাদন লক্ষন হইল ৪৩ লক্ষ মেট্রিক টন। বোকারো ইস্পাত কারখানা সম্পর্কিত এবং সরকারী ক্ষেত্রের তিনটি ইস্পাত কারখানার সম্প্রসারণ সম্পর্কিত বিভিন্ন বিলম্বের দরুন ১৯৬৫-৬৬-তে উৎপাদন মূল লক্ষ্য ৬৮ মেট্রিক টন অপেক্ষা বস্তুত সামান্য কম হইতে পারে। এই ঘাটতির কথা ছাড়িয়া দিলে দেশে ইস্পাতশিল্পের অবস্থা অত্যন্ত সন্তোষজনক। উৎপাদন ব্যয় বৃদ্ধির দরুন উচ্চতর ধারণমূল্যের জন্য এই শিল্পের দাবি এখন ভারত-সরকার বহুলাংশে পূরণ করিয়াছেন।

তৃতীয় পরিকল্পনার প্রথম দুই বৎসরে জাতীয় আয় বৃদ্ধি কিছুটা নৈরাশ্যজনক হইয়াছে, এ-কথা আমি এখানে উল্লেখ না করিয়া পারিতেছি না। আমাদের পরিকল্পনা-রচনাকারিগণের বাঞ্ছিত কিঞ্চিদধিক ৫ শতাংশের স্থলে জাতীয় আয়ের বার্ষিক বৃদ্ধি হইয়াছে মাত্র প্রায় ২.৫ শতাংশ। গত দশকে ভারতের জাতীয় আয়ের বার্ষিক ৪ শতাংশ বৃদ্ধি হইলেও ২½ শতাংশ হারে জনসংখ্যা বৃদ্ধির ফলে মাথাপ্রতি আয় বৃদ্ধি হ্রাস পাইয়া ১½ শতাংশ হইয়াছে। ১৯৬১-৬২-র জাতীয় আয়ের উপর ১৯৬২-৬৩-তে মাত্র ২ শতাংশের কিঞ্চিদধিক বৃদ্ধি হইয়াছে এবং মাথাপ্রতি আয় বস্তুত ০.৩ শতাংশ হ্রাস পাইয়াছে। কৃষি-উৎপাদনে অসফলতাই ইহার প্রধান কারণ। জনসংখ্যা বৃদ্ধির হার অপেক্ষা জাতীয় আয় বৃদ্ধির হার কম হওয়া গুরুত্বপূর্ণ ব্যাপার। বৈষয়িক উন্নতির হার দ্রুততর করার কার্যকর উপায় গৃহীত না হইলে দ্রুত জনগণের জীবনযাত্রার মান উন্নত করিবার এবং ভারতীয় আয় ও উন্নত দেশগুলির আয়ের বিরাট তারতম্যের হ্রাস সাধন করার আশা আমরা করিতে পারি না। ১৯৫০ হইতে ১৯৬১ পর্যন্ত কৃষি-উৎপাদন অত্যন্ত শ্লথ গতিতে অর্থাৎ বার্ষিক ৩.৫ শতাংশ বৃদ্ধি পাইয়াছে। সেস্থলে কারখানায় উৎপাদন বৃদ্ধি পাইয়াছে ১৫ শতাংশ এবং ব্যবসা ও পরিবহণ—৪.২ শতাংশ। রাসায়নিক সার কারখানা স্থাপন তথা উল্লেখযোগ্য পরিমাণে রাসায়নিক সার আমদানির ফলে কৃষি-উৎপাদন বৃদ্ধির সহায়তা হওয়া উচিত। বহুল পরিমাণে রাসায়নিক সার গ্রহণক্ষম নূতন শ্রেণীর ধানচারাও আমাদের সৃষ্টি করিতে হইবে এবং জলসেচনের উন্নততর ব্যবস্থার মাধ্যমে আমাদের উৎপাদন বৃদ্ধি করিতে হইবে। আমার ইহাও উল্লেখ করা উচিত যে, শিল্পোৎপাদন এবং পরিবহণও প্রয়োজনের তুলনায় পিছাইয়া আছে। বস্তুতপক্ষে পরিবহণকে তুলনামূলকভাবে অবহেলা করা আমাদের পরিকল্পনার অন্যতম প্রধান ত্রুটি। উৎপাদনের জন্য মূলধন কাজে লাগানোর দিকে স্বাভাবিক প্রবণতা আছে এবং এ-ক্ষেত্রে মনে করা হয় যে, অতিরিক্ত বিনিয়োগ ছাড়াই বর্তমানে চালু পরিবহণের বহনক্ষমতা আরও বৃদ্ধি হইবে। শিল্পক্ষেত্রে অগ্রগতির সূচনা করিতে হইবে। শক্তি, পরিবহণ ও ভারী শিল্পের উন্নয়নের জন্য প্রয়োজনীয় নূতন যন্ত্রে চিরাচরিত নূতন মূলধন বিনিয়োগ করিয়াই শুধু ইহা করিতে হইবে, না ভারতীয় শিল্পের অনিয়োজিত ক্ষমতাকেও কাজে লাগাইতে হইবে। বৈদেশিক মুদ্রা সীমাবদ্ধ হওয়ায় বিশেষজ্ঞের জ্ঞান শিল্প পদ্ধতিতে প্রয়োগ করা উচিত এবং যেখানে চালু যন্ত্রপাতি পর্যাপ্তভাবে ব্যবহার করা হয় না সেখানে অতিরিক্ত যন্ত্র ক্রয় বন্ধ করা উচিত। ইহাতে আমাদের অর্থনীতির বৃদ্ধির পক্ষে সুফল পাওয়া যাইবে।

আনুমানিক হিসাব

আমি এখন চলতি বৎসরের সংশোধিত আনুমানিক হিসাব এবং আগামী বৎসরের আনুমানিক বাজেট লইয়া আলোচনা করিব।

১৯৬৩-৬৪ সাল—প্রারম্ভিক তহবিল

চলতি বৎসরে বাজেটভুক্ত প্রারম্ভিক তহবিলের পরিমাণ ছিল ১.৫০ কোটি টাকা। ১৯৬২-৬৩ সালের সংশোধিত আনুমানিক হিসাব অনুসারে উহাই ছিল ঐ বৎসরের শেষ জের। ঐ বৎসরের হিসাবের শেষে প্রকৃতপক্ষে তহবিলে থাকে ৩.০৫ কোটি টাকা।

রাজস্ব খাতে আদায়

চলতি বৎসরে সংশোধিত আনুমানিক হিসাবে মোট রাজস্ব আদায়ের পরিমাণ দাঁড়ায় **১২৮ কোটি** ৬৪ লক্ষ টাকা। আনুমানিক বাজেটে উহার পরিমাণ ছিল ১১৭ কোটি ৫ লক্ষ টাকা। সুতরাং বৃদ্ধির পরিমাণ ১১ কোটি ৫৯ লক্ষ টাকা।

"কর্পোরেশন কর বাদে আয়কর" খাতে ২ কোটি ৪৬ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। বকেয়া আদায় এবং আয়কর হইতে আরও বেশি অংশ লাভের ফলে ঐরূপ ঘটিয়াছে। "রাজ্য অন্তঃশুল্ক" খাতে ৭০ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। দেশীয় মদ্য, মদ্য, স্পিরিট ও বাণিজ্যিক স্পিরিট হইতে অধিকতর অর্থ আদায়ের জন্যই ঐ বৃদ্ধি ঘটিয়াছে।

"কেন্দ্রীয় অন্তঃশুল্ক হইতে রাজ্যের প্রাপ্য অংশে" ৪৯ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। ভারত-সরকার কর্তৃক প্রদত্ত পরবর্তী আনুমানিক হিসাবের ভিত্তিতে ইহা পাওয়া যায়।
প্রধানত নিম্নলিখিত কারণগুলির জন্য বিক্রয় কর খাতে ৬ কোটী ৮৮ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে ঃ—

(ক) কেন্দ্রীয় বিক্রয়-কর আইনের সংশোধনের ফলে আন্তঃরাজ্য বিক্রয়-করের হার বাড়িয়া গিয়াছে।

(খ) রাজ্য বিক্রয়-কর আইনের সংশোধনের ফলে বিলাস-দ্রব্য ও কতকগুলি অন্যান্য দ্রব্যের উপর বিক্রয়-করের হার বাড়িয়া গিয়াছে।

১৯৬৩ সালের বঙ্গীয় বিদ্যুৎশুল্ক (সংশোধন) আইন অনুসারে শিল্পক্ষেত্রের এবং শিল্পোৎপাদক বিদ্যুৎ ব্যবহারকারীদের জন্য বিদ্যুৎশুল্কের হার বৃদ্ধি করার ফলে "অন্যান্য কর ও শুল্ক" খাতে ৬৮ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। এই বৎসর উচ্চতর স্ট্যাম্প-শুল্ক ধার্য করার ফলে "স্ট্যাম্প" খাতে ৩৯ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

"সুদ" খাতে রাজ্য বাণিজ্যিক সংস্থাগুলির নিকট হইতে ১ কোটি ৪ লক্ষ টাকার বৃদ্ধি ঘটিয়াছে। প্রতিরক্ষার প্রয়োজনে অধিকতর কাঠ বিক্রয়ের দরুন "বন" খাতে ৩১ লক্ষ টাকা বেশী পাওয়া যাইবে।

"কেন্দ্রীয় সরকারের নিকট হইতে সহায়ক অনুদান" খাতে ১ কোটি ৭ লক্ষ টাকা হ্রাস ঘটিয়াছে। পরিকল্পনার অন্তর্গত পরিকল্পের জন্য অনুদানের আকারে কেন্দ্রীয় সাহায্য যতটা পাওয়া যাইবে বলিয়া প্রথমে ভাবা গিয়াছিল তাহা অপেক্ষা কম পাওয়া যাইবে।

অবশিষ্টাংশের জন্য অন্যান্য খাতে পরিবর্তনসমূহ দায়ী।

রাজস্ব ব্যয়

সংশোধিত আনুমানিক হিসাবে মোট রাজস্ব ব্যয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১২০ কোটি ৮৩ লক্ষ টাকা। আনুমানিক বাজেটে উহার পরিমাণ ছিল ১০৯ কোটি ৭৯ লক্ষ টাকা উহাতে ১১ কোটি ৪ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

"পুলিস" খাতে ৪৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি ঘটিয়াছে। অতিরিক্ত সশস্ত্র পুলিস ব্যাটেলিয়ন গঠন এবং সীমান্তের ফাঁড়ির জন্য নূতন গৃহ-নির্মাণের দরুন এই বৃদ্ধি ঘটিয়াছে। বর্তমান বৎসরে পরিকল্পনার বৃহত্তর আয়তনের দরুন নিম্নলিখিত ব্যয়-বৃদ্ধিগুলি অনুমোদন করা হইয়াছে, যথা,—"শিক্ষা" খাতে ৩ কোটি ৩৫ লক্ষ টাকা, "চিকিৎসা" খাতে ৭৭ লক্ষ টাকা "জনস্বাস্থ্য" খাতে ৩৮ লক্ষ টাকা, "কৃষি" খাতে ৬৭ লক্ষ টাকা, "সমষ্টি-উন্নয়ন প্রকল্প" খাতে ৫৯ লক্ষ টাকা, প্রভৃতি, এবং "বিবিধ—অন্যান্য বিবিধ ব্যয়" খাতে ৭৯ লক্ষ টাকা।

"দুর্ভিক্ষ-ত্রাণ" খাতে ২ কোটি ৯১ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে। কয়েকটি জেলায় ত্রাণ-ব্যবস্থা অধিকতর ব্যয়বশতই ঐরূপ হইয়াছে।

অবশিষ্টাংশের জন্য অন্যান্য খাতে পরিবর্তনসমূহ দায়ী।

ঋণ ও অন্যান্য খাত

চলতি বৎসরের বাজেটে ৭ কোটি টাকার বাজার-ঋণ গ্রহণ করা হয়। ভারত-সরকার সমস্ত বাজার-ঋণ কেন্দ্রীভূত করেন এবং আমাদের অংশ হিসাবে ৭ কোটি টাকা দেন। সংশোধিত আনুমানিক হিসাবে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে ঋণের পরিমাণ দাঁড়ায় ৫৭ কোটি ৮ লক্ষ টাকা। আনুমানিক বেজেটে উহার পরিমাণ ছিল ৪৮ কোটি ৫৬ লক্ষ টাকা। অর্থাৎ, ৮ কোটি ৫২ লক্ষ টাকা বৃদ্ধি ঘটে। চলতি বৎসরের পরিকল্পনার অন্তর্গত পরিকল্পসমূহের বর্ধিত হারের জন্য ৫ কোটি টাকার কেন্দ্রীয় সাহায্য প্রদান এবং ১৯৬১-৬২ সালের কেন্দ্রীয় সাহায্যের বকেয়া অংশ প্রদানের ফলে ইহা ঘটে।

মূলধনী ব্যয়

সংশোধিত আনুমানিক হিসাবে মূলধনী ব্যয় বাবত ৩৪ কোটি ৩১ লক্ষ টাকার ব্যবস্থা রাখা হয়। আনুমানিক বাজেটে উহার পরিমাণ ছিল ৩৩ কোটি ৪৩ লক্ষ টাকা।

পরিকল্পনা-স্কীমগুলির জন্য অধিকতর বরাদ্দের দরুন "কৃষি উন্নয়ন ও গবেষণা সম্পর্কে পরিকল্পের উপর মূলধন বিনিয়োগ" খাতে ৪২ লক্ষ টাকা বৃদ্ধি ঘটে। খাদ্যশস্য সংগ্রহের জন্য অধিকতর ব্যয়দশত "সরকারী ব্যবসায়ের পরিকল্পে মূলধন বিনিয়োগ" খাতে ৩ কোটি ৪৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি ঘটে। প্রধানত কয়লা উত্তোলনের ক্ষেত্রে রাজ্য-সরকারের কার্যাবলীর অগ্রগতি কম হওয়ায় "শিল্পোন্নয়নে মূলধন বিনিয়োগ" খাতে ৫৯ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে এবং দামোদর উপত্যকা কর্পোরেশন কর্তৃক নির্দেশিত প্রয়োজনের ভিত্তিতে "বহুমুখী" নদী পরিকল্পে মূলধন বিনিয়োগ- দামোদর উপত্যকা প্রকল্প" খাতে ১ কোটি ৪৮ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

বর্তমানে দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেড কর্তৃক যে ক্রেবস্ পরিকল্প রূপায়িত হইতেছে তাহার জন্য নির্ধারিত বরাদ্দ ঋণ বাজেটে স্থানান্তরিত হওয়ায় "১০৯ অন্যান্য কাজে মূলধন বিনিয়োগ" খাতে ৫৯ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

নীট ফল

এইভাবে ১৯৬৩-৬৪ সালের শেষে ৭ কোটি ৮০ লক্ষ টাকার রাজস্ব উদ্বৃত্ত এবং রাজস্ব হিসাবের বাহিরে ১০ কোটি ৭৪ লক্ষ টাকার ঘাটতি দাঁড়ায়। রাজস্ব হিসাবের ৭ কোটি ৮০ লক্ষ টাকার উদ্বৃত্তের সহিত প্রারম্ভিক তহবিলের ৩ কোটি ৫ লক্ষ টাকা যোগ করিলে রাজস্ব হিসাবের বাহিরে ১০ কোটি ৭৪ লক্ষ টাকার ঘাটতি দূর হইয়া ১১ লক্ষ টাকা নীট উদ্বৃত্ত দাঁড়ায়।

১৯৬৪-৬৫ সাল

রাজস্ব আদায়

১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ১২৮ কোটি ৬৪ লক্ষ টাকার স্থলে ১৯৬৪-৬৫ সালের রাজস্ব আদায়ের দরুন বাজেটের আনুমানিক হিসাব দাঁড়ায় মোট ১৩৫ কোটি ৫২ লক্ষ টাকা। এইভাবে মোট বৃদ্ধির পরিমাণ ৬ কোটি ৮৮ লক্ষ টাকা।

আগামী বৎসর বকেয়া পাওনার কোন সামঞ্জস্য বিধান করা হইবে না বলিয়া "কর্পোরেশন কর ব্যতীত অন্যান্য আয়ের উপর কর" খাতে ১ কোটি ১৩ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

প্রধানত প্রত্যাশিত আদায়ের পরিমাণ বাড়িয়া যাওয়ায় "বিক্রয় কর" খাতে ১ কোটি ৪০ লক্ষ টাকা, "অন্যান্য কর ও শুল্ক" খাতে ৪০ লক্ষ টাকা, "স্ট্যাম্প" খাতে ৩১ লক্ষ টাকা এবং "সুদ" খাতে ৫৮ লক্ষ টাকার বৃদ্ধি ঘটিয়াছে। প্রধানত সরকারী সংগঠন হইতে অধিকতর উৎপাদন লাভের আশায় "শিল্প" খাতে ৫০ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে এবং রাজ্যপরিকল্পনার

অন্তর্ভুক্ত পরিকল্পসমূহ ও কেন্দ্র কর্তৃক প্রবর্তিত পরিকল্পসমূহের জন্য অধিকতর কেন্দ্রীয় অনুদান লাভের প্রত্যাশা থাকায় "কেন্দ্রীয় সরকারের নিকট হইতে সহায়ক অনুদান" খাতে ৪ কোটি ১১ লক্ষ টাকা বৃদ্ধি পাইয়াছে।

অবশিষ্টাংশের জন্য অন্যান্য খাতের পরিবর্তনসমূহ দায়ী।

রাজস্ব ব্যয়

১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ১২০ কোটি ৮৩ লক্ষ টাকার স্থলে ১৯৬৪-৬৫ সালের আনুমানিক বাজেটে রাজস্ব ব্যয়ের পরিমাণ দাঁড়াইয়াছে ১২৯ কোটি ৯১ লক্ষ টাকা। উহাতে ৯ কোটি ৮ লক্ষ টাকা বৃদ্ধি ঘটিয়াছে।

উন্নয়নের জন্য আমাদের বর্তমান ঋণ মিটাইবার অভিপ্রায়ে "ঋণ ও অন্যান্য দায়ের জন্য সুদ" খাতের বরাদ্দে ৯৯ লক্ষ টাকার বৃদ্ধি ঘটিয়াছে।

প্রধানত পরিকল্পনান্তর্গত পরিকল্পগুলির জন্য অধিকতর ব্যয়বরাদ্দের দরুন নিম্নলিখিত বৃদ্ধিগুলি ঘটিয়াছেঃ—"চিকিৎসা" খাতে ৪৫ লক্ষ টাকার বৃদ্ধি, "জনস্বাস্থ্য" খাতে ৩৩ লক্ষ টাকার বৃদ্ধি, "কৃষি" খাতে ২ কোটি ৪৩ লক্ষ টাকার বৃদ্ধি, "কৃষি—মৎস্যচাষ" খাতে ৪০ লক্ষ টাকার বৃদ্ধি, "পশুপালন" খাতে ৫৮ লক্ষ টাকার বৃদ্ধি, "শিল্প" খাতে ৬০ লক্ষ টাকার বৃদ্ধি, "শিল্প-কুটিরশিল্প" খাতে ৯৫ লক্ষ টাকার বৃদ্ধি, "সমষ্টি উন্নয়ন প্রকল্প ইত্যাদি" খাতে ১ কোটি ২১ লক্ষ টাকার বৃদ্ধি, "বিবিধ সামাজিক এবং উন্নয়নমূলক সংগঠন—তফসিলী উপজাতি ও জাতি এবং অনগ্রসর শ্রেণীর কল্যাণ" খাতে ৭১ লক্ষ টাকার বৃদ্ধি, "সেচ, নৌ-চলাচল, বাঁধ ও জল-নিকাশী কার্যাদি" খাতে ৫০ লক্ষ টাকার বৃদ্ধি, "বন" খাতে ৪৪ লক্ষ টাকার বৃদ্ধি এবং "বিবিধ—অন্যান্য বিবিধ ব্যয়" খাতে ১ কোটি ৬৩ লক্ষ টাকার বৃদ্ধি।

"১৯৬২ সালের জাতীয় জরুরী অবস্থা সম্পর্কিত ব্যয়" খাতে যেখানে ৬৫ লক্ষ টাকার বৃদ্ধি ঘটিয়াছে সেখানে আবার আগামী বৎসরের জন্য কম ব্যয়বরাদ্দ করার ফলে "দুর্ভিক্ষ ত্রাণ" খাতে ৩ কোটি ২৫ লক্ষ টাকার হ্রাস ঘটিয়াছে।

অবশিষ্টাংশের জন্য অন্যান্য খাতের পরিবর্তনসমূহ দায়ী।

ঋণ ও অন্যান্য খাত

১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসারের ৫৭ কোটি ৮ লক্ষ টাকার স্থলে ১৯৬৪-৬৫ সালে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে ঋণের আনুমানিক হিসাব ধরা হইয়াছে ৫৫ কোটি ৯৬ লক্ষ টাকা। আমরা বর্তমানে বাজার হইতে যে ৭ কোটি টাকা ঋণ সংগ্রহ করিব সেই ৭ কোটি টাকার ঋণ-সহায়তা বরাদ্দে ধরা হয় নাই বলিয়া প্রধানত এই হ্রাস ঘটিয়াছে।

পরিকল্পনার মধ্যে এবং পরিকল্পনার বাহিরে ব্যয়ের উদ্দেশ্যে দামোদর উপত্যকা কর্পোরেশনের জন্য কেন্দ্রীয় ঋণ সহায়তাস্বরূপ ৯ কোটি ৫৪ লক্ষ টাকার বরাদ্দ আদায়ের খাতে ধরা হইয়াছে। দামোদর উপত্যকা কর্পোরেশন ব্যতীত পরিকল্পনান্তর্গত অন্যান্য পরিকল্পগুলির জন্য কেন্দ্রীয় ঋণ-সহায়তার পরিমাণ হইবে ২৬ কোটি ৪৯ লক্ষ টাকা। ১৯৬৪-৬৫ সালে স্বল্প সঞ্চয় সংগ্রহে আমাদের অংশ ১২ কোটি টাকা হওয়া উচিত।

কেন্দ্র কর্তৃক প্রবর্তিত পরিকল্পগুলির জন্য কেন্দ্রীয় ঋণের পরিমাণ হইবে ৪ কোটি ২২ লক্ষ টাকা এবং উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসনের জন্য এই ঋণের পরিমাণ হইবে ১ কোটি ৯৪ লক্ষ টাকা।

আগামী বৎসর ভারত-সরকারের নিকট হইতে সার ক্রয় বাবত কৃষিজীবীগণের মধ্যে বিতরণের জন্য ৩৮ লক্ষ টাকা, পুলিস আবাসন পরিকল্পের জন্য ৯২ লক্ষ টাকা এবং আদর্শ গ্রাম পরিকল্প খাতে পল্লী-আবাসনের জন্য ৪৬ লক্ষ টাকা ঋণ-সহায়তারূপে পাওয়া যাইবে।

বিতরণের ক্ষেত্রে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বরাদ্দগুলি ধরা হইয়াছেঃ—

(ক) সার ক্রয় বাবত কৃষিজীবীগণের জন্য ৩৮ লক্ষ টাকা।

(খ) কৃষিজীবীদের জন্য ঋণ বাবত ৬০ লক্ষ টাকা।

(গ) গবাদি পশু ক্রয় ঋণ বাবত ২৮ লক্ষ টাকা।

(ঘ) মধ্য-আয়বিশিষ্ট ব্যক্তিদের আবাসন পরিকল্প বাবত ২০ লক্ষ টাকা।

(ঙ) "শিল্প আইনে রাষ্ট্রীয় সাহায্য" খাতে ৩২ লক্ষ টাকা।

(চ) রাজ্য বিদ্যুৎ পর্ষদের শক্তি-প্রকল্পগুলির জন্য ১২ কোটি ২ লক্ষ টাকা।

(ছ) পশ্চিমবঙ্গ উন্নয়ন কর্পোরেশনের জন্য ১৫ লক্ষ টাকা।

(জ) বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ পরিকল্পের জন্য ১৫ লক্ষ টাকা।

(ঝ) দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডের জন্য ৭ কোটি ৪০ লক্ষ টাকা।

(ঞ) দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডের জন্য ১ কোটি টাকা।

(ট) স্বল্প-আয়বিশিষ্ট ব্যক্তিদের জন্য আবাসন পরিকল্প বাবত ২৩ লক্ষ টাকা।

(ঠ) জাতীয় জলসরবরাহ পরিকল্পের দরুন ১৫ লক্ষ টাকা।

(ড) জরুরী জলসরবরাহ-পরিকল্প বাবত ৩৩ লক্ষ টাকা।

(ঢ) স্বর্ণকারদের পুনর্বাসনের জন্য ৩০ লক্ষ টাকা।

(ণ) বস্তি অপসারণ পরিকল্পের জন্য ৪২ লক্ষ টাকা।

(ত) মৎস্যের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে উৎপাদকগণের সমবায়ের জন্য ৮ লক্ষ টাকা।

(থ) সমষ্টি-উন্নয়ন প্রকল্পগুলির জন্য ৮১ লক্ষ টাকা।

মূলধনী খাতে ব্যয়

১৯৬৩-৬৪ সালের সংশোধিত আনুমানিক হিসাবের ৩৪ কোটি ৩১ লক্ষ টাকার স্থলে ১৯৬৪-৬৫ সালের আনুমানিক বাজেটে মূলধনী খাতে ব্যয়ের জন্য সামগ্রিক বরাদ্দের পরিমাণ ৪০ কোটি ৯৪ লক্ষ টাকা। বৃদ্ধি ঘটিয়াছে ৬ কোটি ৬৩ লক্ষ টাকার।

নীচে মূলধনী খাতে ব্যয়ের গুরুত্বপূর্ণ দায়গুলির বরাদ্দের পরিমাণ দেওয়া হইলঃ—

(ক) "জমিদারী উচ্ছেদের ফলে জমিদার ইত্যাদিকে ক্ষতিপূরণ প্রদান" খাতে ৩ কোটি ৯৯ লক্ষ টাকার বরাদ্দ করা হইয়াছে।

(খ) প্রধানত গভীর নলকূপ ও উত্তোলনমূলক সেচের জন্য "কৃষি-খন্নয়ন ও গবেষণামূলক পরিকল্পে মূলধন বিনিয়োগ" খাতে ৩ কোটি ৪৮ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(গ) প্রধানত হাবরাতে কল্যাণী স্পিনিং মিলস লিমিটেডের দ্বিতীয় একটি ইউনিট স্থাপন এবং সমবায় সংস্থা ও ওয়ারহাউসিং কর্পোরেশনে শেয়ার ক্রয়ের জন্য "শিল্পোন্নয়নে মূলধন বিনিয়োগ" খাতে ৯৪ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(ঘ) "বহুমুখী নদী পরিকল্পে মূলধন বিনিয়োগ—দামোদর উপত্যকা কর্পোরেশন" খাতে ৯ কোটি ৫৪ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। ইহার মধ্যে আছে পরিকল্পনার বরাদ্দ ১ কোটি ৭১ লক্ষ টাকা।

(ঙ) বিভিন্ন সেচ ও নিকাশী পরিকল্পগুলির জন্য "সেচ, নৌ-চলাচল, বাঁধ ও জলনিকাশী কার্যাবলীর (বাণিজ্যিক) জন্য মূলধন বিনিয়োগ" খাতে ১ কোটি ১১ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(চ) পরিকল্পনান্তর্গত ও বিভিন্ন পরিকল্পের সহিত সংশ্লিষ্ট নির্মাণকার্যের জন্য "পূর্ত কার্যে মূলধন বিনিয়োগ" খাতে ৭ কোটি ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(ছ) "পূর্ত কার্যে মূলধন বিনিয়োগ" খাতে রাজ্যের সড়ক উন্নয়নের জন্য ৫ কোটি ১৩ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(জ) কলিকাতায় কেন্দ্রীয় দুগ্ধ প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে "সরকারী ব্যবসায়ে মূলধন বিনিয়োগ—বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ পরিকল্প" খাতে ১ কোটি ৩৩ লক্ষ টাকা ব্যয় করা হইবে।

(ঝ) অন্যান্য বরাদ্দের মধ্যে আছে সাহায্যপ্রাপ্ত শিল্পশ্রমিক আবাসন পরিকল্পের জন্য ৭৫ লক্ষ টাকা, মধ্য-আয়বিশিষ্ট ব্যক্তিদের আবাসন পরিকল্পের জন্য ৪০ লক্ষ টাকা, রাজ্য-সরকারের কর্মচারীদের ভাড়া বাড়ি নির্মাণ পরিকল্পের জন্য ৫৮ লক্ষ টাকা, স্বল্প-আয়বিশিষ্ট ব্যক্তিদের আবাসন পরিকল্পের জন্য ৮০ লক্ষ টাকা এবং শহরাঞ্চলে গৃহ নির্মাণের উদ্দেশ্যে জমি অধিগ্রহণ ও উন্নয়ন পরিকল্পের জন্য ৫৯ লক্ষ টাকা।

(ঞ) লবণ হ্রদ পুনরুদ্ধার পরিকল্পের জন্য ১ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয় করা হইবে।

(ট) "কলিকাতা-দমদম সুপার হাইওয়ে"র জন্য ব্যয় করা হইবে ৪০ লক্ষ টাকা।

(ঠ) "কলিকাতায় গ্যাস বিতরণ ব্যবস্থা"র উন্নতি সাধনের জন্য ৭২ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(ড) "অন্যান্য কার্যে মূলধন বিনিয়োগ—উদ্বাস্তু ব্যক্তিদের জন্য ব্যয়" খাতে উপনিবেশ পরিকল্পের জন্য ১ কোটি ১০ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ আছে।

নীট ফল

১৯৬৪-৬৫ সালে রাজস্ব উদ্বৃত্তের পরিমাণ ৫ কোটি ৬১ লক্ষ টাকা। রাজস্ব হিসাবের বাহিরে ঘাটতির পরিমাণ ৮ কোটি ১৯ লক্ষ টাকা। এইরূপে মোট ঘাটতির পরিমাণ দাঁড়ায় ২ কোটি ৫৮ লক্ষ টাকা। প্রারম্ভিক তহবিলের ১১ লক্ষ টাকা ইহা হইতে বাদ দিলে বর্ষান্তিক তহবিলে মোট ঘাটতির পরিমাণ দাঁড়ায় ২ কোটি ৪৭ লক্ষ টাকা।

বাজেট ঘাটতি সংকুলানের ব্যবস্থা

আগামী বৎসর উন্নয়নের জন্য অর্থসংস্থানের উদ্দেশ্যে আমরা নিম্নলিখিত নূতন ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিঃ—

(ক) ভূমি-সংস্কার হইতে অতিরিক্ত ১ কোটি টাকার রাজস্ব পাওয়া যাইবে।

(খ) রেজিস্ট্রিকরণের ফি বৃদ্ধির ফলে ৫০ লক্ষ টাকার অতিরিক্ত রাজস্ব পাওয়া যাইবে।

(গ) স্থাবর সম্পত্তি স্থানান্তরিতকরণ ও অনুরূপ লেনদেনের উপর অধিকতর স্টাম্প শুল্ক হইতে ৪০ লক্ষ টাকার অতিরিক্ত রাজস্ব পাওয়া যাইবে।

রাজ্য-সরকার নিজের কর্মীদের জন্য কিছু সুবিধাদায়ক ব্যবস্থা এবং নিরাপত্তামূলক কল্যাণ বিধানের প্রয়োজনও অনুভব করিয়াছেন। পে কমিটির সুপারিশ অনুযায়ী স্থির করা হইয়াছে যে, মোটামুটি ভারত-সরকারের পদ্ধতি অনুসারে পরিবারের সকল সদস্যসহ রাজ্য-সরকারের সকল শ্রেণীর কর্মচারীর জন্য বিনামূল্যে ডাক্তার দেখানো এবং চিকিৎসার সুযোগ দেওয়া হইবে। আগামী আর্থিক বৎসর হইতে এই পরিকল্প চালু করা হইবে এবং বর্তমানে ইহার বিস্তারিত তথ্যাদি বিবেচনা করা হইতেছে। চিকিৎসাগত সুবিধাদানের ফলে রাজ্য-সরকারের বার্ষিক ব্যয় মোটামুটি ১.৫ কোটি টাকা মত হইবে। মৃত সরকারী কর্মচারীদের পরিবারের

জন্য পেন্সন প্রদানের কথাও বিবেচনাধীন আছে। সরকারের সকল অস্থায়ী কর্মচারীর ক্ষেত্রে যথাযোগ্য অবসরবিষয়ক কল্যাণ-বিধানের সিদ্ধান্ত করা হইয়াছে। যে-সব সরকারী কর্মচারী মাসে ৩০০ টাকা পর্যন্ত বেতন পাইয়া থাকেন, তাঁহাদিগকে ১৯৬৪ সালের ১লা মার্চ হইতে মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত সরকার করিয়াছেন—ইহা ঘোষণা করিতে পারিয়া আমি আনন্দবোধ করিতেছি। সুতরাং আগামী আর্থিক বৎসরের প্রথম হইতে মহার্ঘ ভাতা পাওয়া যাইবে। যাঁহারা মাসিক ১৫০ টাকা পর্যন্ত বেতন পান তাঁহারা ৫ টাকার মহার্ঘ ভাতা পাইবেন এবং অবশিষ্ট সকলে প্রতি মাসে ১০ টাকা মহার্ঘ ভাতা পাইবেন। প্রাথমিক এবং মাধ্যমিক উভয় শ্রেণীর সরকারী সাহায্যপ্রাপ্ত সকল বিদ্যালয়ের শিক্ষকগণও মহার্ঘ ভাতার সুযোগ পাইবেন। প্রতি বৎসর মহার্ঘ ভাতার জন্য অতিরিক্ত ব্যয় হইবে প্রায় ২.৫ কোটি টাকা। আবর্তক ব্যয়ের এই নূতন দফাগুলির দরুণ যে ৪ কোটি টাকার অধিক লাগিবে তাহা সভার সম্মুখে উপস্থাপিত আনুমানিক হিসাবে ধরা হয় নাই, ইহার ফলে প্রস্তাবিত ব্যবস্থাগুলি হইতে প্রত্যাশিত অতিরিক্ত রাজস্ব মুছিয়া গিয়া ২ কোটি ৪৭ লক্ষ টাকার সামগ্রিক বাজেট ঘাটতির অতিরিক্ত আরও ২ কোটি টাকার ঘাটতি ঘটিবে।

পরিকল্পনার জন্য বিনিয়োগ ও সম্পদ

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য আমাদের মূলে বিনিয়োগ লক্ষ্য ছিল ৩৪১ কোটি টাকা। কিন্তু পরিকল্পনা কমিশনের সম্মতি পাওয়া যায় ২৫০ কোটি টাকা পর্যন্ত এবং তাঁহারা অনুমোদন করেন যে, যদি রাজ্য আরও অর্থ সংগ্রহ করিতে পারে, তবে কার্যকরী পরিকল্পনাটি ২৯৩ কোটি টাকার পর্যন্ত হইতে পারে। তাঁহারা আরও সম্মত হইয়াছিলেন যে, রাজ্যের সম্পদের হিসাব লইবার পর তাহার বার্ষিক পরিকল্পনাগুলি নির্দিষ্ট করা হইবে। বর্তমান বৎসরে পরিকল্পনা কমিশন তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যকালীন পর্যালোচনা করেন।

পরিকল্পনা কমিশনের ইচ্ছানুসারে সম্পূর্ণ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য রাজ্য-সম্পদের মোটামুটি হিসাব পাওয়ার জন্য সম্প্রতি দিল্লীতে আলাপ-আলোচনা চলে। যুক্ত পরামর্শের পর ধরিয়া লওয়া হয় যে, রাজ্যের সম্পদ ১৪৫ কোটি টাকার মত হইবে। আপৎকালীন অবস্থার জন্য সকল রাজ্যকে দেয় কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ খর্ব করা হইয়াছে এবং পূর্বে প্রতিশ্রুতি ১৬০ কোটি টাকা হ্রাস পাইয়া এক্ষণে ১৫৬·৪ কোটি টাকায় দাঁড়াইয়াছে। এইরূপে পরিকল্পনার জন্য মোট সম্পদের পরিমাণ দাঁড়াইবে ৩০১ কোটি টাকা।

পরিকল্পনা কমিশনের সঙ্গে সাম্প্রতিক আলোচনাকালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এইরূপ আভাস দিয়াছিলেন যে, বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৃদ্ধির দরুন অতিরিক্ত প্রায় ৯ কোটি টাকা এবং বিদ্যুৎ-পরিকল্পের জন্য পূর্বে অনুমিত ব্যয় ৪৮ কোটি টাকার উপর অতিরিক্ত প্রায় ৩১ কোটি টাকার ব্যবস্থা করিতে হইলে, পশ্চিমবঙ্গের পরিকল্পনা ২৯৩ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখা যাইবে না। এইরূপ মনে হইয়াছিল যে, সুষম ও ক্রমিক উন্নয়নের জন্য প্রায় ৩২৭ কোটি টাকার ব্যয়ের প্রয়োজন হইবে এবং তদনুযায়ী পরিকল্পনা কমিশনকে চলতি পরিকল্পনাকালের জন্য আরও অন্তত ২৭ কোটি টাকা অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য দিতে বলা হইয়াছিল। পরিকল্পনা কমিশন অবশ্য অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য সম্বন্ধে কোন প্রতিশ্রুতি দেন নাই, যদিও তাঁহাদের জানান হইয়াছিল যে, রাজ্য তাহার সম্পদ ৯০ কোটি টাকা হইতে বাড়াইয়া ১৪৫ কোটি টাকা বা তাহার অধিক করিয়াছে অর্থাৎ তাহার নিকট যাহা আশা করা হইয়াছিল, সে তাহার অনেক বেশি করিয়াছে। ভারত-সরকারের আমাদের ৩২৭ কোটি টাকার ন্যূনতম পরিকল্পনা কার্যকরী করিতে নির্দ্বিধায় সহায়তা করা উচিত। স্মরণ থাকিতে পারে যে, ভূতপূর্ব মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায় পরিকল্পনা কমিশনকে বুঝাইতে চেষ্টা করিয়াছিলেন যে, পরিকল্পনার জন্য ন্যূনতম ৩৪১ কোটি টাকার বিনিয়োগ এড়াইবার উপায় নাই এবং ইহাতে পশ্চিমবঙ্গের অন্তত কতকগুলি আশু প্রয়োজন মিটানো যাইবে।

১৯৬৩-৬৪ সালের পরিকল্পনা পরিকল্পগুলির জন্য বাজেট বরাদ্দের পরিমাণ ৬৪.৫ কোটি টাকা। স্মরণ থাকিতে পারে যে, ১৯৬৩-৬৪ সালের বাজেট প্রস্তুতের সময় আপৎকালীন অবস্থার দরুন শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি সমাজসেবামূলক খাতে বরাদ্দ হ্রাস করা হইয়াছিল। কিন্তু বিভিন্ন বিভাগ হইতে অতিরিক্ত তহবিলের জন্য দাবি আসিতে থাকায় এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যানকে অনিবার্য অতিরিক্ত দাবি মিটাইবার উদ্দেশ্যে ৮ কোটি টাকার বর্ধিত হারে কেন্দ্রীয় সাহায্যের জন্য পত্র লিখায় পরিস্থিতি পুনর্বিবেচনা করিয়া দেখিতে হয়। ভারত-সরকার এক্ষণে জানাইয়াছেন যে, ১৯৬৩-৬৪ সালে রাজ্য ৫ কোটি টাকার বর্ধিত হারে কেন্দ্রীয় সাহায্য পাইবে। বিভিন্ন দাবির মধ্যে সামঞ্জস্য-বিধান করিয়া ১৯৬৩-৬৪ সালের পরিকল্পনার জন্য সংশোধিত বিনিয়োগের পরিমাণ ৭০·৬ কোটি টাকা অনুমোদিত হইয়াছে। পূর্বে ভারত-সরকার ১৯৬৩-৬৪ সালের জন্য ২৬·৪ কোটি টাকার কেন্দ্রীয় সাহায্যের আভাস দিয়াছিলেন। পরে তাঁহারা নূতন কৃষি পরিকল্পনাগুলির জন্য কেন্দ্রীয় সাহায্যের আকারে অতিরিক্ত ৫০ লক্ষ টাকা দানের আভাস দিয়াছিলেন। ৫ কোটি টাকার বর্ধিত হারে কেন্দ্রীয় সাহায্য সহ ১৯৬৩-৬৪ সালে মোট কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ দাঁড়ায় ৩১.৯০ কোটি টাকা। আমরা ইহার সহিত ১৯৬১-৬২ সালের পরিকল্পনা বাবদের দরুন বকেয়া ২.২০ কোটি টাকার কেন্দ্রীয় সাহায্যের হিসাবও ধরিয়াছিলাম। এইরূপে ১৯৬৩-৬৪ সালে মোট কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ সংশোধিত হিসাবে দাঁড়ায় ৩৪.১০ কোটি টাকা এবং রাজ্যের সম্পদ হইতে আসিবে ৩৬.৫ কোটি টাকা। রাজ্য-সরকারকে ১৯৬৩-৬৪ সালের সংশোধিত পরিকল্পনা অক্ষুণ্ণ রাখিবার জন্য ৩৬.৫ কোটি টাকা সংগ্রহের উদ্দেশ্যে ইহার সংরক্ষিত তহবিল হইতে ৩ কোটি টাকার মতো লইতে হইবে।

পরিকল্পনা কমিশন ১৯৬৪-৬৫ সালের পরিকল্পনার জন্য প্রথমে মোট ৩৬·৮ কোটি টাকা কেন্দ্রীয় সাহায্যে আভাস দিয়াছিলেন। পরিকল্পনা কমিশনের সঙ্গে এই সরকারের চূড়ান্ত আলোচনাকালে ৩·২ কোটি টাকার অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্যের প্রতিশ্রুতি পাওয়া যায় এবং এইভাবে প্রাপ্তব্য মোট কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ দাঁড়ায় ৪০ কোটি টাকা। সম্প্রতি পরিকল্পনা কমিশন অর্থমন্ত্রণালয়ের সঙ্গে পরামর্শক্রমে জানাইয়াছেন যে তাঁহারা দিল্লীতে আলোচনা অনুসারে ১৯৬৪-৬৫ সালের জন্য ৪০ কোটি টাকার কেন্দ্রীয় সাহায্য মঞ্জুর করিতে সমর্থ হইবেন না। তাঁহারা মাত্র ৩৮·৮০ কোটি টাকা দিবেন বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। কেন্দ্রীয় সাহায্যের এই পরিমাণ ধরিয়া ১৯৬৪-৬৫ সালের জন্য ৭৭·০৫ কোটি টাকার পরিকল্পনা চূড়ান্তভাবে অনুমোদিত হয়। রাজ্য বিদ্যুৎ পর্ষদ রাজ্য-পরিকল্পনার অন্তর্ভুক্ত কতকগুলি বিদ্যুৎ পরিকল্প রূপায়ণের উদ্দেশ্যে ১৯৬৪-৫৫ সালে বাজার হইতে ৩ কোটি টাকার ঋণ গ্রহণ করিবেন। রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক গৃহীত ঋণ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য মোট রাজ্য-সম্পদের অন্তর্ভুক্ত করায় স্থির হইয়াছিল যে, তাঁহাদের পরিকল্পনান্তর্গত পরিকল্পের জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট গৃহীত ঋণ পারস্পরিক সমন্বয়িত হওয়া উচিত। যদিও রাজ্য বাজেটে ১৯৬৪-৬৫ সালের পরিকল্পনার জন্য বরাদ্দের পরিমাণ ৭৭·০৫ কোটি টাকা, তবু রাজ্য-পরিকল্পনার অন্তর্ভুক্ত সমস্ত পরিকল্পের জন্য ব্যয় হইবে ৮০·০৫ কোটি টাকা। ইহার মধ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদ যে ৩ কোটি টাকা ব্যয় করিবেন এবং যাহা তাঁহারা ঋণ লইয়া সংগ্রহ করিবেন তাহাও ধরা হইয়াছে।

১৯৬৪-৬৫ সালে রাজ্যের সম্পদের পরিমাণ দাঁড়াইবে ৩৫·৭৮ কোটি টাকা এবং কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ হইবে ৩৮·৮০ কোটি টাকা। এইরূপে ১৯৬৪-৬৫ সালের জন্য মোট সম্পদের পরিমাণ হইবে ৭৪·৫৮ কোটি টাকা। পরিকল্পনার জন্য বিনিয়োগ ৭৭·০৫ কোটি টাকা এবং মোট আনুমানিক সম্পদ ৭৪·৫৮ কোটি টাকার মধ্যে যে ২·৪৭ কোটি টাকার ফাঁক থাকিয়া যাইতেছে তাহা বাজেটে মোট ঘাটতিরূপে দেখা যাইতেছে।

প্রথম দুই বৎসরের প্রকৃত এবং সংশোধিত ও বাজেটের ভিত্তিতে রাজ্য সম্পদ ও পরিকল্পনা ব্যয়ের পরিস্থিতি নিম্নরূপ:

(কোটি টাকার হিসাবে)

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫	মোট
রাজ্য সম্পদ ...	২২·১ (ক)	২৮·৩ (ক)	৩৬·৫	৪৬·৩ (ক)(খ)	১২৮:২ (ক)
কেন্দ্রীয় সাহায্য ...	১৯ ১	২৩·৭	৩৪ ১	৩৮·৮	১১৫·৭
	৪১·২	৫২·০	৭০·৬	৮০·১	২৪৩·৯

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদের বাজার-ঋণ সমেত।

(ও) ২·৫ কোটি টাকার ঘাটতি সহ।

২৫০ কোটি টাকার পরিকল্পনার জন্য রাজ্যসরকার ৯০ কোটি টাকা (৩৬ শতাংশ) দিতে পাবিবেন বলিয়া আশা করিয়াছিলেন এবং কেন্দ্রীয় সরকার ১৬০ কোটি টাকা (৬৪ শতাংশ) দানের প্রতিশ্রুতি দিয়াছিলেন। উপরি-উক্ত সংখ্যা হইতে এক্ষণে দেখা যাইতেছে যে, প্রথম চারি বৎসরে আমরা ১২৮·২ কোটি টাকা (৫২·৫ শতাংশ) দিতে পারি, অপর পক্ষে কেন্দ্রীয় সরকার দিতে পারেন ১১৫·৭ কোটি টাকা (৪৭·৫ শতাংশ) ব্যয়ের গতি অনুসারে দেখা যাইতেছে যে, আমাদের পরিকল্পনাব্যয় ৩২০ কোটি পর্যন্ত উঠিতে পারে এবং পরিকল্পনার জন্য কৃতিত্ব মূল লক্ষ্যকে অতিক্রম করিয়া যাইবে।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে পরিকল্পনার জন্য ১৯৬৩-৬৪ সালে ৭০·৬ কোটি টাকা ও ১৯৬৪-৬৫ সালে ৮০·১ কোটি টাকা বিনিয়োগের পরেও আমরা কেন্দ্রীয় উদ্যোগ-পরিকল্প নামে পরিচিত উন্নয়ন পরিকল্পগুলির জন্য ১৯৬৩-৬৪ সালে ৫·৯৮ কোটি টাকা ও ১৯৬৪-৬৫ সালে ১০·২৩ কোটি টাকা ব্যয় করিব। কেন্দ্রীয় উদ্যোগ-পরিকল্পের জন্য ব্যয়ের অর্থ পরিকল্পনার কেন্দ্রীয় ক্ষেত্র হইতে মিটানো হইবে বলিয়া তাহা রাজ্য পরিকল্পনার ধরা হয় নাই।

পরিকল্পনা কমিশন তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার কার্যাবলীর অন্তর্বর্তীকালীন পর্যালোচনাকালে প্রত্যেক রাজ্যের কৃতিত্ব-নির্দেশক একটি তালিকা প্রস্তুত করিয়াছিলেন। তাহা বাজেট বিবৃতির ২নং পরিশিষ্টে দেওয়া হইয়াছে। তাহা হইতে দেখা যাইবে যে, পরিকল্পনার জন্য বিনিয়োগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের উদ্যোগ সর্বোত্তম।

পশ্চিমবঙ্গে পরিকল্পনা ও উন্নয়ন

পশ্চিমবঙ্গের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার বিভিন্ন পরিকল্পের মূল লক্ষ্য ও তাহার সাফল্য সম্পর্কে কোন আভাস এই সংক্ষিপ্ত বিবৃতিতে দেওয়া সম্ভব নয়। মাননীয় সদস্যগণকে আমি শ্বেত পুস্তিকার (হোয়াইট বুক) শরণ লইতে অনুরোধ করি। তৃতীয় পরিকল্পনাকালে যে-সমস্ত পরিকল্প গ্রহণ করা হইয়াছিল শ্বেত পুস্তিকায় তাহার বিশদ বিবরণ দেওয়া আছে। অধিকতর আর্থনীতিক গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহে পরিকল্পিত উপায়ে উন্নয়নের যে-সমস্ত প্রচেষ্টা আমরা করিয়াছি এখানে আমি নিজেকে শুধু তারা সংক্ষিপ্ত পর্যালোচনার মধ্যেই নিবদ্ধ রাখিব। আমাদের দেশের ন্যায় একটি দেশে যেখানে কৃষি-ব্যবস্থা অন্য সমস্ত আর্থনীতিক প্রচেষ্টার উপরে এখনও প্রাধান্য লাভ করিতেছে সে দেশে কৃষি উৎপাদনে ক্রমোন্নতির একটি সুস্থিত ও সন্তোষজনক হার নিশ্চিত করিয়া তুলিবার জরুরী আবশ্যকতা অপরিহার্য এবং আমার বক্তৃতার প্রারম্ভে আমি ইতিমধ্যেই তাহা উল্লেখ করিয়াছি। সার ও উন্নত ধরনের বীজ সরবরাহ বৃদ্ধি করিয়া এবং কৃষকদিগকে ঋণদানের ও সেচব্যবস্থার সুযোগ-সুবিধা দিয়া কৃষি উৎপাদনের বিপুল বৃদ্ধি নিশ্চিত করিয়া তুলিবার উপরে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় জোর দেওয়া হইয়াছে। বিভিন্ন প্রকারের কৃষি-উন্নয়ন পরিকল্পের মাধ্যমে এই লক্ষ্যে উপনীত হইবার জন্য আমরা সুযোগের সন্ধান করিতেছি।

বর্তমান বৎসরে আমাদের কৃষকদিগকে আমরা যে পরিমাণ উন্নত ধরনের বীজ সরবরাহ করিয়াছি, তাহাতে প্রায় ১০ লক্ষ একর জমিতে শস্য রোপণ করা সম্ভব হইবে, গত বৎসরে ৭·৬২ লক্ষ একর জমিতে শস্য রোপণ করা গিয়াছিল। দ্বিতীয় পরিকল্পনাকালে যে ১০০-টি বীজ-খামার স্থাপন করা হইয়াছিল তাহা ছাড়াও তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে প্রায় ১০০-টি নূতন খামার স্থাপনের মূল লক্ষ্য গ্রহণ করা হইয়াছে। গত বৎসর আমরা ৯৩,৬৮৮ মেট্রিক টন রাসায়নিক সার বণ্টন করিয়াছিলাম, বর্তমান বৎসরে ইতিমধ্যেই সে জায়গায় আমরা ১,২১,৩৬৭ মেট্রিক টন রাসায়নিক সার সরবরাহ করিয়াছি। আমাদের সার ব্যবহারের পরিমাণ এখনও পর্যন্ত অবশ্য খুবই কম। সংশোধিত পরিকল্পনায় ১৯৬৩-৬৪ সালে কৃষি-উৎপাদনের জন্য ৫·৬১ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছিল ১৯৬৪-৬৫ সালে তাহা বৃদ্ধি করিয়া ৯·৭৪ কোটি টাকা করা হইয়াছে। আমাদের সমষ্টি-উন্নয়ন পরিকল্পনা—ইহাও আসলে কৃষিরই ব্যাপার—বাবত পরিকল্পনায় বরাদ্দ অর্থের পরিমাণ ১৯৬৩-৬৪ সালের ২·৩৫ কোটি টাকা হইতে বৃদ্ধি করিয়া ১৯৬৪-৬৫ সালে ৩·৭০ কোটি টাকা করা হইবে। সম্প্রতি কয়েক বৎসরে কৃষিঋণ ব্যবস্থাও যথেষ্ট ব্যাপক করা হইয়াছে। সমবায় সমিতিগুলি যে বিপুল পরিমাণ কৃষিঋণের জোগান দিয়াছে দ্বিতীয় পরিকল্পনার শেষে তাহা ৩ কোটি টাকায় দাঁড়াইয়াছিল, সেই টাকার পরিমাণ বৃদ্ধি পাইয়া ১৯৬৩ সালের জুন মাসে ৬·৫ কোটি টাকায় দাঁড়াইয়াছে।

সেচের ব্যাপারে আমাদের যে-সব প্রধান প্রধান মূল লক্ষ্য ছিল তাহা হইল ১,৩০০টি গভীর নলকূপ বসানো এবং বিপুল সংখ্যক উত্তোলনমূলক সেচ পরিকল্পের উন্নতিসাধনের দায়িত্ব গ্রহণ করা। ইহার মধ্যে ইতিমধ্যে ৪০৯টি গভীর নলকূপ বসানো হইয়াছে এবং ১৫৫-টিকে সক্রিয় করিয়া তোলা হইয়াছে ও সেগুলি কাজ দিতেছে। এইরূপ প্রত্যেকটি গভীর নলকূপ দ্বারা পর্যায়ক্রমে শস্য উৎপাদনের জন্য প্রায় ২০০ একর জমিতে জলসেচ করা যাইবে। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে পশ্চিমবঙ্গে বড় ও মাঝারি সেচ পরিকল্পের মাধ্যমে সেচ করা জমির মোট এলাকা হইবে ১,৯১১,০০০ একর, প্রাক্তন পরিকল্পনাকালে ইহা ছিল ১,১৩৪,০০০ একর।

কৃষি উৎপাদনের অগ্রগতি বৃদ্ধি করার জরুরী প্রয়োজনীয়তা যে-ক্ষেত্রে আমাদের অর্থনীতির প্রধান আকাঙ্ক্ষিত বস্তু, তেমনি সঙ্গে সঙ্গে ক্রমাগত লোকসংখ্যা বৃদ্ধির ফলে চাপ-সৃষ্টি হওয়ায় শিল্প ও পৌর-উন্নয়ন সম্পর্কিত যে-সমস্ত সমস্যা দেখা দিয়াছে সেগুলির প্রতিও দৃষ্টি না দিয়া পারি না। বাস্তবিক-পক্ষে, বৃহত্তর কলিকাতার পৌর ও শিল্প-উন্নয়নের কঠিন কাজ আজ আমাদের মহত্তম কর্তব্যগুলির মধ্যে অন্যতম। কলিকাতার জনবসতির ঘনত্ব হইতেছে প্রতি একরে ১৩৫ জন, যেখানে লন্ডনে প্রতি একরের জনসংখ্যা ৪৫·১ জন এবং নিউ ইয়র্কে ৩৩·৭ জন। অত্যধিক পরিমাণ লোকসংখ্যা কেন্দ্রীভূত হওয়ার ফলে স্বাস্থ্য, স্বাস্থ্যরক্ষা-ব্যবস্থা, জল-নিঃসরণ, জল-সরবরাহ এবং যোগাযোগ-ব্যবস্থায় অকস্মাৎ যে দারুণ সমস্যার সৃষ্টি হইয়াছে তাহা আমাদের সকলের সম্মুখেই আজ এক বিপুলতম চ্যালেঞ্জরূপে দেখা দিয়াছে। কলিকাতা মহানাগরিক পরিকল্পনা সংস্থা কলিকাতা মহানগরের এলাকাসমূহের পৌর-উন্নয়ন-সম্পর্কিত সমস্যাগুলি সমাধানের উদ্দেশ্যে একটি বড়-রকমের পরিকল্পনা রচনার জন্য বিশদভাবে পর্যবেক্ষণ ও তথ্যানুসন্ধানের কাজ হাতে নিয়াছেন। বৃহত্তর কলিকাতার উন্নয়নের জন্য রাজ্য-সরকারের পরিকল্পনা রূপায়ণের উদ্দেশ্যে ভারত-সরকার যে ১০ কোটি টাকা বরাদ্দ করিয়াছেন তাহা ছাড়া আরও ১০ কোটি টাকা তৃতীয় পরিকল্পনাকালে এই কাজের জন্য দিবার প্রতিশ্রুতি দিয়াছেন। কলিকাতা মহানাগরিক পরিকল্পনা-সংস্থা ছাড়াও কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট ও হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ন্যায় স্থানীয় প্রতিষ্ঠানসমূহ এবং রাজ্য-সরকারও এই এলাকা উন্নয়নের উদ্দেশ্যে বহু-সংখ্যক পরিকল্প গ্রহণ করিয়াছেন কিংবা বহু-সংখ্যক পরিকল্প প্রস্তুত করিতেছেন। আমরা কিভাবে অগ্রসর হইতেছি সে সম্বন্ধে আপনাদের যাহাতে একটি ধারণা হয় সেই উদ্দেশ্যে আমি অপেক্ষাকৃত অধিক গুরুত্বপূর্ণ পরিকল্পগুলির কথা সংক্ষেপে উল্লেখ করিতে চাই।

কলিকাতা মহানাগরিক পরিকল্পনা-সংস্থা জরুরী পরিস্থিতিতে জল-সরবরাহের যে পরিকল্প প্রস্তুত করিয়াছেন তাহাতে টালিগঞ্জ, এবং হাওড়া সমেত ১৬-টি পৌর-এলাকার এবং কলিকাতা

মহানাগরিক জেলার ১৪-টি পৌর-সংস্থাবিহীন শহর এলাকার অধিবাসীদের গার্হস্থ্য কাজে ব্যবহারের জন্য মাথাপ্রতি পানীয় জলের প্রয়োজন মিটাইবার ন্যূনতম চাহিদা পূরণের জন্য জল-সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে। এই পরিকল্প বাবদ ৭·৫৪ কোটি টাকা ব্যয় হইবে বলিয়া হিসাব ধরা হইয়াছে এবং ইহা কার্যকরী করার জন্য গ্রহণ করা হইয়াছে। ইহা ব্যতীত পশ্চিমবঙ্গ উন্নয়ন কর্পোরেশন ৮৭ লক্ষ টাকা ব্যয়ে দমদম, উত্তর দমদম, দক্ষিণ দমদম এবং হুগলী-চুঁচুড়ার পৌর-এলাকাগুলিতে পানীয়-জল সরবরাহের উদ্দেশ্যে আলাদা-আলাদা পরিকল্প কার্যে পরিণত করিতেছেন।

টালিগঞ্জের সন্নিহিত এলাকাগুলির প্রায় ৬·৫৭ বর্গমাইল অঞ্চলে আবদ্ধ জল নিষ্কাশনের উদ্দেশ্যে এবং টালিগঞ্জ অঞ্চলে ৬·২৩ বর্গমাইল স্থানের নিকাশী ব্যবস্থার জন্য টালিগঞ্জ-পঞ্চান্নগ্রাম-নিকাশী পরিকল্প ১৯৬২ সালে গৃহীত হইয়াছে। এই পরিকল্পে আনুমানিক ৮৯·১৫ লক্ষ টাকা ব্যয় হইবে। এখন পর্যন্ত ইহার অগ্রগতি বেশ ভালই দেখা যাইতেছে। ২৪-পরগণা, টালিগঞ্জ, সোনারপুর, বেহালা এবং বিষ্ণুপুর থানাগুলির অন্তর্গত ১৬ বর্গমাইল এলাকার নিকাশী ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য কেওড়াপুকুর বেসিন নিকাশী পরিকল্প প্রস্তুত করা হইয়াছে। ইহা তৃতীয় পরিকল্পনার অন্তর্গত পরিকল্প না হইলেও আমরা ইহার জন্য ১৯৬৪-৬৫ সালের বাজেটে আনুমানিক ৫৬ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ করিয়াছি। অদূর-ভবিষ্যতে মৃত্তিকাভ্যন্তরে জলনিকাশী ব্যবস্থা করার জন্য দমদম-কাশীপুর জলনিকাশী পরিকল্প রূপায়ণের কাজে হাত দেওয়া হইবে। এই পরিকল্পের আনুমানিক ব্যয় ৫০ লক্ষ টাকা। মাণিকতলা, উল্টাডাঙ্গা, বেলিয়াঘাটা ও নারিকেলডাঙ্গা অঞ্চলের আবর্জনা পরিষ্কারের জন্য কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট একটি পরিকল্প প্রণয়ন করিয়াছেন এবং তাহাতে ২ কোটি ২৭ লক্ষ টাকা ব্যয় পড়িবে। হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট হাওড়ার একাংশের জন্য যে বহু-শাখাবিশিষ্ট আবর্জনা পরিষ্কারের পরিকল্প রচনা করিয়াছেন তাহাতে ব্যয় পড়িবে ১ কোটি ৭৫ লক্ষ টাকা। এই দুইটি পরিকল্পের কাজ অদূর-ভবিষ্যতে আরম্ভ হইবার সম্ভাবনা। বর্তমানে টালিগঞ্জ অঞ্চলের একাংশের জন্য ভূগর্ভস্থ জল-নিকাশী ও আবর্জনা পরিষ্কারের পরিকল্প এবং পাতিপুকুর, অঞ্চলের জন্য একটি উপনাগরিক আবর্জনা পরিষ্কারের পরিকল্প প্রস্তুতির কাজ চলিতেছে।

বৃহত্তর কলিকাতায় যোগাযোগের উন্নতিসাধনের জন্য ১ কোটি ৫৫ লক্ষ টাকা ব্যয়ের কলিকাতা-দমদম সুপার হাইওয়ে প্রস্তুত হইতেছে এবং এই কাজে সন্তোষজনক অগ্রগতি হইয়াছে। বর্তমানে হাওড়া সেতুর উপর যানবাহন-চলাচলের অত্যন্ত ভীড় হ্রাসের উদ্দেশ্যে হাওড়া ও কলিকাতার মধ্যে নদী পারাপারের দ্বিতীয় একটি সেতু নির্মাণের জন্য লন্ডনের মেসার্স রেন্ডেল, পামার অ্যান্ড ট্রিটন ইঞ্জিনীয়ারিং রিপোর্ট তৈয়ারি করিতেছেন। আনুমানিক ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে রূপায়িতব্য কলিকাতায় যানবাহনের চলাচল উন্নয়নমূলক পরিকল্পে অতিরিক্ত যান চলাচল সঙ্কেত স্থাপন এবং বর্তমান ও নূতন পথে শৃঙ্খলাবদ্ধভাবে যান চলাচলের ব্যবস্থা আছে। হাওড়া ষ্টেশন অঞ্চলে যানবাহনের গতি পুনর্নির্ধারণের জন্যও একটি পরিকল্পনা রচিত হইয়াছে। আমার আরও উল্লেখ করা উচিত যে, লবণ হ্রদ পুনরুদ্ধার নামে পরিচিত মহানগরী সম্প্রসারণ পরিকল্পের সন্তোষজনক অগ্রগতি হইতেছে। প্রায় ৬৫০ একর পরিমিত এলাকা পুনরুদ্ধার করা হইয়াছে। আনুমানিক প্রায় ১৯ কোটি ২০ লক্ষ টাকায় রূপায়িতব্য এই পরিকল্পের ফলে প্রায় ৪ বর্গমাইল পরিমিত এলাকার পুনরুদ্ধার সাধন হইবে এবং প্রায় ৫ লক্ষ নরনারীর বসবাসের সুবিধা হইবে। মানিকতলায় প্রায় ১ কোটি ৩২ লক্ষ টাকায় রূপায়িতব্য একটি কর্ম-তথা-বাসকেন্দ্র স্থাপনের পরিকল্পে শীঘ্রই হাত দেওয়া হইবে। পরিকল্পে বস্তিবাসী ৭৯৪-টি পরিবারের এবং নিম্ন ও মধ্য আয়শীল ২৭৫-টি পরিবারের আবাসন ব্যবস্থা রহিয়াছে। এতদ্ব্যতীত ইহাতে শিল্প ও ব্যবসায়ের উদ্দেশ্যে ৭১,০০০ বর্গফুট খোলা জায়গার ব্যবস্থা আছে। আমি আরও উল্লেখ করিতে পারি যে, ১৯৬৪-৬৫ সালে বিভিন্ন স্থানীয় প্রতিষ্ঠানকে দেয় অনুদান ও ঋণ বাবত রাজ্য-সরকারের ৪ কোটি টাকার বেশি ব্যয় হইবে।

বৃহত্তর কলিকাতার উন্নয়নের জন্য অধিকতর গুরুত্বপূর্ণ পরিকল্পনাগুলির কয়েকটি উল্লেখ আমি করিয়াছি। যে পরিকল্পগুলি ইতিমধ্যে রূপায়িত হয় নাই সেগুলি পরিকল্পনা কমিশনের অনুমোদন লাভ করা মাত্র আমরা তৃতীয় পরিকল্পনাকালে রূপায়ণের জন্য গ্রহণ করিব। তৃতীয় পরিকল্পনাকালে এইসব পরিকল্পের জন্য মোট বিনিয়োগের পরিমাণ হইবে ২০ কোটি টাকা এবং আগামী দুই বৎসরে যেগুলি সম্পূর্ণ হইবে না অথবা রূপায়ণের জন্য গ্রহণ করা যাইবে না সেগুলি চতুর্থ পরিকল্পনার অন্তর্ভুক্ত হইবে। জল সরবরাহ, নিকাশ, আবর্জনা পরিষ্কার এবং যোগাযোগ ব্যবস্থা প্রভৃতির উন্নয়নের জন্য এইসব পরিকল্প ক্রমান্বয়ে রূপায়িত হইবে বলিয়া এতদঞ্চলের লক্ষ লক্ষ লোকের জীবনযাত্রার অবস্থা উন্নত হইতে বাধ্য।

আমি এক্ষণে রাজ্যে শিল্পপ্রসার সমস্যার কথা আলোচনা করিব। ইহা সম্পূর্ণ সত্য যে, একমাত্র দ্রুত শিল্পায়ন ভূমির উপর জনসংখ্যার অত্যধিক চাপ কমাইতে পারে এবং আমাদের দেশের উদ্বৃত্ত শ্রমশক্তিকে কাজে লাগাইতে পারে। এজন্য দ্বিতীয় পরিকল্পনায় যে তালে শিল্পায়ন প্রবর্তিত হইয়াছিল তাহা তৃতীয় পরিকল্পনায় যাহাতে সর্বাধিক পরিমানে গতিশীল থাকে তাহা নিশ্চিত করা প্রয়োজন। এ ক্ষেত্রে বর্তমানে আমাদের যে গুরুত্বপূর্ণ সমস্যার সম্মুখীন হইতে হইয়াছে তাহা হইতেছে বিদ্যুৎশক্তির অভাব। বিদ্যুৎশক্তির দারুণ অভাবে পশ্চিমবঙ্গের শিল্পক্ষেত্রে এমন কি স্থাপিত উৎপাদন ক্ষমতাও কাজে লাগান অসম্ভব করিয়া তুলিয়াছে। এজন্য তৃতীয় পরিকল্পনায় বিদ্যুৎশক্তি উন্নয়নকে উচ্চ অগ্রাধিকার দেওয়া হইয়াছিল এবং সেই উদ্দেশ্যে ৪৮·০৮ কোটি টাকার ব্যবস্থা রাখা হইয়াছিল। পরে এই রাজ্যের বিদ্যুতের প্রয়োজন সম্পর্কে সচদেব কমিটি ও অন্যান্য কর্তৃপক্ষ যে পুনঃসমীক্ষা করেন তাহাতে প্রকাশ পাইয়াছে যে, বিদ্যুৎশক্তি উন্নয়নের জন্য আমাদের পরিকল্পনা উল্লেখযোগ্যভাবে সম্প্রসারিত করিতে হইবে। তাহার ফলে তৃতীয় পরিকল্পনায় বিদ্যুৎ খাতে ব্যয়ের পরিমাণ এক্ষণে দাঁড়াইয়াছে ৭৯·৫০ কোটি টাকা। সচদেব কমিটি ১৯৬৫-৬৬ সাল পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গে বিদ্যুতের প্রয়োজন হিসাব করিয়াছেন ১,১৮৪ মেগাওয়াট। তাহার পরে আরও ৩৫ মেগাওয়াট বিদ্যুতের চাহিদার কথা জানা গিয়াছে। মোট ১,২১৯ মেগাওয়াট চাহিদার মধ্যে দামোদর উপত্যকা কর্পোরেশন কর্তৃক ৩৩৪ মেগাওয়াট সরবরাহের প্রস্তাব হইয়াছে।

মালদহ ও পশ্চিম দিনাজপুরের (৯ মেগাওয়াট) এবং উত্তরবঙ্গ অঞ্চলের (২০ মেগাওয়াট) চাহিদা ব্যতীত কলিকাতা-দুর্গাপুর শিল্পাঞ্চল বলয়ের জন্য চাহিদা ৮৫৬ মেগাওয়াট হইবে। কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের বিদ্যুৎ সরবরাহের নির্দিষ্ট ক্ষমতা ২৯৫ মেগাওয়াট। উহার মধ্যে সম্প্রতি স্থাপিত নূতন কাশীপুর সরবরাহ কেন্দ্রের ৫০ মেগাওয়াট ইউনিটকেও ধরা হইয়াছে। অতএব উৎপাদন ক্ষমতার সম্প্রসারণের দ্বারা যে ঘাটতি পূরণ করিতে হইবে, তাহার পরিমাণ প্রায় ৫৬১ মেগাওয়াট।

এই ঘাটতি পূরণের জন্য রাজ্য-সরকার ইতিমধ্যে স্থাপিত ইউনিটগুলির সম্প্রসারণ ও মোট ৭৮৮ মেগাওয়াট ক্ষমতা বিশিষ্ট নূতন বিদ্যুৎশক্তি উৎপাদন ইউনিট নির্মাণের জন্য মঞ্জুরী দিয়াছেন—ইহার ফলে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে কারখানাগুলিতে ৫৪৫ মেগাওয়াট বিদ্যুৎশক্তি বিক্রয় করা সম্ভব হইবে।

দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড দুর্গাপুরে ৭৫ মেগাওয়াট শক্তি বিশিষ্ট তিনটি ইউনিট স্থাপন করিবে। ১৯৬৪ সালের এপ্রিল মাসে প্রথম ইউনিটটি কাজ শুরু করিবে, দ্বিতীয় ইউনিটটি ১৯৬৪ সালের জুন মাসে এবং তৃতীয় ইউনিটটি ১৯৬৫ সালের জুন মাসে কাজ শুরু করিবে। রাজ্য বিদ্যুৎপর্ষদ ব্যান্ডেলে ৩৩০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতা বিশিষ্ট একটি তাপ-বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করিতেছেন। উহার প্রথম ইউনিটটি ১৯৬৪ সালের নভেম্বর মাসে কাজ আরম্ভ করিবে এবং অবশিষ্ট তিনটি ইউনিট তাহার পর এক মাস পর পর কাজ শুরু করিবে। ১৯৬৪ সালের মার্চ মাসের মধ্যে ১·৫ মেগাওয়াট ক্ষমতাবিশিষ্ট ছয়টি প্যাকেজ্‌ড প্ল্যান্ট কাজ শুরু করিবে (এগুলির মধ্যে দিশেরগড়ে চারটি ও ফরাক্কায় দুইটি)। ১৯৬৫ সালের মার্চ মাসের মধ্যে ৯ মেগাওয়াট বিদ্যুৎশক্তি উৎপাদনক্ষম জলঢাকা জল-বিদ্যুৎ

প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা হইতেছে। পরিকল্পনার শেষাশেষি ৯ মেগাওয়াটের অপর একটি প্ল্যান্টের দ্বিতীয় পর্যায়ের কার্য সম্পন্ন হইবে। দুর্গাপুরের জন্য পরিকল্পনা কমিশনের মঞ্জুর করা আরও ১৫০ মেগাওয়াটের একটি ইউনিট নির্মাণ বৈদেশিক মুদ্রা প্রাপ্তির অপেক্ষায় আছে। এই ইউনিট স্থাপনে বৈদেশিক মুদ্রা প্রাপ্তির বিলম্বের ফলে আমাদের পরিকল্পিত বিদ্যুৎশক্তি উৎপাদনে ঘাটতি পড়িতে পারে এবং ১৯৬৫-৬৬ সালের শেষে বিদ্যুৎশক্তি সরবরাহে অনুরূপ ঘাটতি পড়িতে পারে।

আমরা পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সরবরাহের তীব্র অভাব সম্পর্কে সম্পূর্ণ অবহিত আছি এবং এক্ষেত্রে পূর্ব হইতে ব্যবস্থা অবলম্বনের প্রচেষ্টা করিতেছি। ভারত-সরকার কর্তৃক নিযুক্ত "পাওয়ার সার্ভে কমিটি" চতুর্থ পরিকল্পনার শেষে ২,২০০ মেগাওয়াট বিদ্যুৎশক্তির চাহিদা হইবে বলিয়া হিসাব করিয়াছেন। চতুর্থ পরিকল্পনায় ১,১০০ মেগাওয়াট অতিরিক্ত বিদ্যুৎশক্তির চাহিদা মিটাইবার জন্য রাজ্য-সরকারকে প্রায় ১,৫০০ মেগাওয়াট বিদ্যুৎশক্তি উৎপাদন ইউনিট স্থাপনের এবং বিদ্যুৎ প্রেরণ ও বিতরণ ব্যবস্থার সম্প্রসারণের পরিকল্পনা করিতে হইবে। ইহার জন্য মোট প্রায় ২০০ কোটি টাকা ব্যয় হইবে। চতুর্থ পরিকল্পনাকালে প্রায় ১,৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার প্রস্তাবিত বৃদ্ধিকরণ নিম্নোক্তভাবে হইবে :

(১) সাঁওতালদিতে ১,০৫০ মেগাওয়াট নূতন অতিকায় তাপ-বিদ্যুৎ কেন্দ্র স্থাপন;

(২) দুর্গাপুর প্ল্যান্টের ৩০০ মেগাওয়াট সম্প্রসারণ;

(৩) ব্যান্ডেল প্লান্টের ১৫০ মেগাওয়াট সম্প্রসারণ।

দুর্গাপুর ও পশ্চিমবঙ্গের অন্যান্য শিল্পসম্ভাবনাপূর্ণ অঞ্চলের দ্রুত উন্নয়ন সম্পর্কে এবার আমি সংক্ষেপে কিছু বলিব। ৫৮টি চুল্লী-বিশিষ্ট দুর্গাপুর কোকচুল্লী কারখানার কাজ ১৯৫৯ সালে শুরু হয়। এ বৎসর তাহার উৎপাদন পূর্ণোদ্যমে হইয়াছে। আলকাতরা পরিশোধন কারখানা ১৯৬২ সালের মে মাসে বাণিজ্যিক ভিত্তিতে কাজের শুরু করে। তাহা কার্বোলিক অয়েল, ক্রিয়াসোট অয়েল, ন্যাপথলিন, রাস্তায় ব্যবহারের আলকাতরা প্রভৃতি আলকাতরা জাত দ্রব্য উৎপাদন করিতেছে। এই সকল অধিকাংশ বস্তুরই বাজারে বেশ চাহিদা আছে। কোকচুল্লীর উদ্বৃত্ত গ্যাস মহানগরীতে আনয়ন করিবার জন্য ১৯৬৩ সালের জুলাই মাসে দুর্গাপুর-কলিকাতা গ্যাস সরবরাহ পরিকল্পের উদ্বোধন করা হয়। ওরিয়েন্টাল গ্যাস কাম্পানীর মাধ্যমে প্রতিদিন কলিকাতায় বিতরণের জন্য প্রায় ৫০ লক্ষ ঘনফুট নির্মল গ্যাস প্রবণ করা হইতেছে। ঐ কোম্পানীটির কর্তৃত্ব এখন সরকারের নিয়ন্ত্রণাধীন। কলিকাতায় বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ করিয়া এই পরিমাণ শীঘ্রই প্রায় ৮০ লক্ষ ঘনফুটে বৃদ্ধি করা হইবে। ৫৮ চুল্লীর আরও দুইটি ব্যাটারি সংযোজনের দ্বারা চালু কোকচুল্লী কারখানাটির উন্নয়নের প্রসারণ পরিকল্পের কাজ চলিতেছে এবং ১৯৬৫ সালের মধ্যে তাহা সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়। ২৯ চুল্লীর একটি পঞ্চম ব্যাটারি স্থাপনের প্রস্তাবটি সম্প্রতি ভারত-সরকারের অনুমোদন লাভ করিয়াছে। কয়লা ধৌতাগার কারখানার নির্মাণ কার্য কয়েক মাসের মধ্যেই সম্পন্ন হইবে—প্রতি ঘণ্টায় ইহার ৩০০ টন উৎপাদন ক্ষমতা হইবে।

দুর্গাপুরে একটি মৌলিক এবং বেঞ্জিন ও ন্যাপথলিন ভিত্তিকে মধ্যপর্যায়ের রসায়ন প্রস্তুত করিবার রাসায়নিক কারখানা স্থাপন প্রকল্পের কাজেরও বেশ অগ্রগতি হইতেছে। পশ্চিমবঙ্গ-সরকার কর্তৃক পৃষ্ঠপোষিত "দুর্গাপুর কেমিক্যালস লিমিটেড" নামে একটি নূতন পাবলিক লিমিটেড কোম্পানী এই পরিকল্পের কাজ হাতে লইয়াছেন। ক্রেবস লিমিটেডকে যন্ত্রপাতি ও কলকব্জা সরবরাহের অর্ডার দেওয়া হইয়াছে এবং গৃহনির্মাণাদি কার্য শুরু হইয়াছে। তৃতীয় পরিকল্পনার শেষাশেষি সময়ে এই কারখানার সকল ইউনিটই ব্যবসায়িকভাবে উৎপাদন শুরু করিতে পারিবে বলিয়া মনে হয়। দুর্গাপুরে একটি রাসায়নিক সার কারখানা স্থাপনের জন্য ভারত-সরকারকে অনুরোধ জানানো হইয়াছে এবং ফার্টিলাইজার করপোরেশন অফ ইন্ডিয়া এই পরিকল্পের বিস্তারিত পরীক্ষণ করিতেছেন। আমি আরও জানাইতেছি যে, দুর্গাপুরে সহায়ক ও আনুষঙ্গিক শিল্পের শ্রেণী বিশেষভাবে বৃদ্ধি পাইতেছে। ২,০০০ একর বিশিষ্ট এই শিল্প

[illegible] জন্য জল, বিদ্যুৎশক্তি, পথঘাট ও রেলের সাইডিং-এর সুবিধাদির ব্যবস্থা হইয়াছে এবং এই অঞ্চলের ক্ষুদ্র শিল্পগুলিকে উন্নীত জমি দেওয়া হইতেছে। ভারত-সরকারের কয়লাখনির যন্ত্রপাতি নির্মাণ কারখানা এবং চশমার কাচ নির্মাণ কারখানার ন্যায় বৃহৎ সরকারী প্রকল্প ব্যতীত এই অঞ্চলে এ সি সি ভাইকার্স-ব্যাবকক লিমিটেড এবং ফিলিপস কার্বন ব্ল্যাক লিমিটেডের ন্যায় বহু বেসরকারী বৃহৎ প্রকল্পও ইতিমধ্যেই স্থাপিত হইয়াছে। নূতন উপনগরী স্থাপনের ফলে দুর্গাপুর ও তাহার চারিপাশে শিল্প সম্প্রসারণ বিকাশে বিশেষ উদ্দীপনার সৃষ্টি হইয়াছে।

দ্বিতীয় পরিকল্পনাকালে কল্যাণীতে বাৎসরিক প্রায় ২৫ লক্ষ পাউন্ড মিহি সুতা প্রস্তুতক্ষম ৫০,০০০ টাকুবিশিষ্ট একটি বয়ন কল স্থাপন করা হইয়াছে। সিদ্ধান্ত করা হইয়াছে যে, সরকারী ক্ষেত্রে মোটা সুতা প্রস্তুতক্ষম প্রতিটি ২৫,০০০ টাকুবিশিষ্ট আরও দুইটি বয়নকল স্থাপন করা হইবে। এই দুইটির মধ্যে একটি হাবরায় স্থাপিত হইবে। ভারত-সরকার ইতিমধ্যেই প্রয়োজনীয় লাইসেন্স প্রদান করিয়াছেন এবং প্রাথমিক কাজ শুরু করা হইয়াছে।

এই সূত্রে এই রাজ্যের উন্নয়ন ক্ষেত্রে নূতন পথ নির্দেশ করিতে সক্ষম ভারত-সরকার কর্তৃক আয়োজিত এমন দুইটি অতীব গুরুত্বপূর্ণ প্রকল্পের কথা বিশেষভাবে উল্লেখ করিতে চাই। এগুলির একটি হলদিয়া বন্দর উন্নয়ন পরিকল্প এবং অপরটি ফরাক্কা বারাজ প্রকল্প। হলদিয়াতে সব ঋতুতে কর্মক্ষম একটি বন্দর স্থাপনের মাস্টার প্ল্যান বা সুবৃহৎ পরিকল্পনা বহুদিন হইল প্রস্তুত হইয়া আছে। প্রাথমিক কাজ শুরু হইয়াছে এবং বন্দরে বিদ্যুৎ, পানীয় জলসরবরাহ এবং যোগাযোগ ব্যবস্থার কাজ চলিতেছে। খড়্গপুরের সঙ্গে হলদিয়ার রেলপথে সংযোগের ব্যবস্থায়ও চূড়ান্ত রূপ দেওয়া হইয়াছে। হলদিয়াতে একটি পেট্রোলিয়াম পরিশোধন কারখানার পরিকল্পনাও এখন ভারত-সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে। হলদিয়াতে শোধনাগার স্থাপিত হইলে দুর্গাপুরে কয়লা-ভিত্তিক শিল্পগুলির ন্যায় এই অঞ্চলের ঐ শ্রেণীর পেট্রো-কেমিক্যাল ভিত্তিক শিল্পের উন্নয়ন করা সম্ভব হইবে। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে হলদিয়াতে একটি ইস্পাত কারখানা স্থাপনের জন্য আমরা ভারত-সরকারকে অনুরোধ জানাইয়াছি। অদূর ভবিষ্যতে হলদিয়া যে শিল্পোন্নয়নের একটি বৃহৎ কেন্দ্র হইয়া উঠিবে তাহা সুনিশ্চিত। প্রধানত কলিকাতা বন্দরের সংরক্ষণ ও উন্নয়নের জন্যই ভারত-সরকার ফরাক্কা বারাজের কাজ হাতে লইয়াছেন। বারাজের উপর একটি রেল-তথা-পথবিশিষ্ট সেতু নির্মাণেরও ব্যবস্থা আছে। ইহা নির্মাণ করিতে ৭৬ কোটি টাকা ব্যয় হইবে বলিয়া ধরা হইয়াছে। এই প্রকল্প এ রাজ্যের একটি বিস্তৃত অঞ্চলে সেচ ব্যবস্থা করিতে সক্ষম হইবে। হুগলি নদীর জল বহন বৃদ্ধি করাই এই প্রকল্পের মূল উদ্দেশ্য বিবেচিত হওয়ায় এই কাজ ইতিমধ্যেই শুরু হইয়াছে এবং এ কাজ ত্বরান্বিত করিবার জন্য ভারত-সরকার সবিশেষ প্রচেষ্টা করিতেছেন।

শিল্প-সম্প্রসারণ প্রধান প্রতিবন্ধকগুলির একটি অপসারিত করার উদ্দেশ্যে আমরা পশ্চিমবঙ্গে যোগাযোগের উন্নয়নের জন্য অনেকগুলি পরিকল্প গ্রহণ করিয়াছি। পশ্চিমবঙ্গে রাস্তার উন্নয়নের জন্য তৃতীয় পরিকল্পনায় এ রাজ্যের অংশে ২৫ কোটি টাকার ব্যবস্থা আছে। পরিকল্পনার প্রথম তিন বৎসরে সড়ক এবং সেতু নির্মাণে যথেষ্ট উন্নতি হইয়াছে। উত্তরবঙ্গের জন্য আনুমানিক প্রায় ১২ কোটি টাকা ব্যয়ের জরুরী সড়ক-উন্নয়নের কর্মসূচি অনুযায়ী কাজ চলিতেছে ১৯৬২ সাল হইতে। এই পরিকল্প অনুযায়ী ডালখোলা হইতে বক্সিরহাট পর্যন্ত ৩১নং রাষ্ট্রীয় মহাপথের উন্নয়ন ও বিস্তারণের এবং তার উপরকার সেতুগুলি দৃঢ়ীকরণের কাজের শতকরা প্রায় ৭৫ ভাগ ইতিমধ্যে সম্পূর্ণ হইয়াছে। সমগ্র প্রকল্পটির জন্য ব্যয়ভার বহন করিতেছেন ভারত-সরকার। "ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন" হইতে যে অর্থ পাওয়া গিয়াছে তাহার দ্বারা বালী সেতু হইতে আদিসপ্তগ্রাম পর্যন্ত গ্র্যান্ড ট্রাঙ্ক রোড-এর একটি উপ-পথের নির্মাণ এবং বিহার সীমান্ত পর্যন্ত কলিকাতা-বোম্বাই সড়কের (৬নং রাষ্ট্রীয় মহাপথের) উন্নয়নের কাজ আগাইয়া চলিয়াছে। রানীগঞ্জ-আসানসোল অঞ্চল হইতে ভারী "ট্রাক ট্রেইলর"-এর দ্বারা কয়লা পরিবহনের সুবিধা বৃদ্ধি করার জন্য প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে গ্র্যান্ড ট্রাঙ্ক রোড-এর উন্নয়ন ও বিস্তারণ চলিতেছে। রাজ্য-পরিকল্পনায় সড়ক-উন্নয়নের জন্য ২৫ কোটি টাকা ব্যয়ের যে কর্মসূচি রচিত হইয়াছে, তাহার কাজ ছাড়াও এইসমস্ত কাজ চলিতেছে।

কলিকাতায় টালা পুল, গড়িয়াহাট পুল এবং মাঝেরহাট পুলের নির্মাণে যথেষ্ট অগ্রগতি হইয়াছে। রসা রোডের উপরে রেলপুলের কাজও শুরু হইয়াছে। পশ্চিমবঙ্গে যোগাযোগ-উন্নয়নের জন্য রাজ্য-সরকার আরও যে-কয়টি প্রধান প্রকল্প গ্রহণ করিয়াছেন, সেগুলি হইল :

(১) আনুমানিক ১ কোটি ৫২ লক্ষ টাকা ব্যয়ে জলপাইগুড়িতে তিস্তা সেতু।

(২) আনুমানিক ৫০ লক্ষ টাকা ব্যয়ে সাঁইথিয়াতে ময়ূরাক্ষী সেতু।

(৩) আনুমানিক ২৩ লক্ষ টাকা ব্যয়ে তেঁতুলিয়াতে ইছামতী সেতু।

(৪) আনুমানিক ১ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়ে চব্বিশ-পরগনা এবং পশ্চিম দিনাজপুর জেলায় সীমান্ত ঘাঁটিগুলির সংযোজক রাস্তা।

(৫) আনুমানিক ১ কোটি ৩৬ লক্ষ টাকা ব্যয়ে হাশিমারাতে তোরসা সেতু।

(৬) আনুমানিক ৫৪ লক্ষ টাকা ব্যয়ে শিলিগুড়িতে মহানন্দা সেতু।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মন্ত্রিমহাশয় বলেন যে সীট নেই বলে নার্স ট্রেইনি নেওয়া হচ্ছে না। এই অবস্থা খানিকটা ইকুইট করা যেতে পারে, যদি ওখান থেকে প্রায় ১২ মাইল দূরে খৃস্টীয় সেবাসদনের যে মিশনারী হাসপাতাল আছে সেই হাসপাতালে যদি আর একটা ব্রাঞ্চ খোলা যায়। এটা যদি করা যায় তাহলে কি ট্রেইনি অ্যাবজরভ করা সম্ভব হবে না?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমাদের পশ্চিমবাংলায় যত হাসপাতাল আছে তাতে রুগী পিছু যে নার্স থাকা দরকার সেই অনুযায়ী আমাদের নার্স নেই। অতএব আমরা চেষ্টা করছি যত তাড়াতাড়ি সম্ভব আরও বিভিন্ন জায়গায় সেন্টার খুলে নার্সেস ট্রেইনিং করা যায় কি না। যে খৃস্টীয় সেবাসদনের কথা বললেন আমি আগামী রবিবার সেখানে যাচ্ছি এবং সেখানে পসিবিলিটি আছে কিনা তা এক্সপ্লোর করব।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: যে মেয়েরা এখানে ট্রেনিং পাবেন তাঁরা কোন্ ক্যাটিগোরীতে ভর্তি হবেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এরা গ্রেড টু হিসাবে এখানে পিউপিল নার্স হিসাবে রয়েছে—যখন চাকরী পাবেন তখন গ্রেড থ্রি-তে চাকরী পাবেন।

শ্রীমতী শান্তি দাস: আপনি বললেন যে বহরমপুরে যে হাসপাতাল তৈরি হচ্ছে নার্সের জন্য ৪৫ জন সেখানে নেওয়া হবে। এই যে ৪৫ জন, এরা কি ঐ জেলার লোক হবে, না বাংলাদেশের যে কোন জেলার থেকে অ্যাপ্লাই করলে তাঁরা পাবেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: সাধারণ নিয়ম হচ্ছে যে কোন জায়গা থেকে অ্যাপ্লাই করতে পারেন। কিন্তু দুঃখের সঙ্গে দেখা যাচ্ছে যে, কোলকাতার বাহিরে যে সমস্ত হাসপাতাল আছে সেখানে কোন ডাক্তার-নার্স পোস্টিং করলে যেতে চান না। সেইভাবে ডাক্তার এবং নার্স পোস্টিং অর্ডার নিয়ে রিফিউজ করছেন সেখানে ডাক্তার, কিম্বা নার্স নেই এইরকমই দেখা যাচ্ছে। সেজন্য আমরা নূতন পলিসি করেছি যে, লোকাল রিক্রুট করে সেই ডিস্ট্রিক্ট-এর চাহিদা অনুযায়ী সেখানকার লোককে আগে চান্স দিয়ে পরে অন্য জায়গার লোককে দেবো, তা না হলে এই অভাব চিরকালই থেকে যাবে।

শ্রীমতী শান্তি দাস: আমরা কি এটা আশা করতে পারি যে কোলকাতায় গত সপ্তাহে নার্সেস ট্রেনিং দেওয়া হবে বলে কাগজে যে একটা অ্যাডভারটাইজ করা হয়েছে তাতে তাহলে যাঁরা ইন্টারভিউ পাবেন তাতে সাধারণত কোলকাতার অধিবাসীরাই এই সুযোগ পাবেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: কোলকাতায় একটা সেন্ট্রালাইজ ট্রেনিং-এর জন্য আমরা বিভিন্ন জায়গা থেকে দরখাস্ত নিয়ে বিভিন্ন জায়গায় এই ট্রেনিং দেবার যে ব্যবস্থা করেছি তার রিক্রুটমেন্ট কোলকাতাতে ঐভাবে হবে। কিন্তু আফটার ট্রেনিং তাঁদের যেখানে চাকরী দেওয়া হবে সেখানে তাঁরা যেতে বাধ্য থাকবেন।

শ্রীমতী বিভা মিত্র: আপনি কি বলবেন যে, নার্সেস ট্রেনিং-এর জন্য ফর্মসগুলি কোথা থেকে পাওয়া যাবে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস সেকশন থেকে এবং বিভিন্ন সি এম এইচ ও-এর কাছ থেকে।

Dietary allotment for each hospital patient

***71.** (Admitted question No. *459.)

শ্রীদেবশরণ ঘোষ: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হাসপাতালে প্রতি রোগীর আহার্যের জন্য দৈনিক যে পরিমাণ অর্থ বরাদ্দ আছে শহর এবং গ্রামাঞ্চলের ক্ষেত্রেও কি সেই পরিমাণ অর্থ বরাদ্দ আছে; এবং

(খ) শহর এবং গ্রামাঞ্চলের হাসপাতালে রোগী প্রতি দৈনিক আহার্যের জন্য কত বরাদ্দ আছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) ও (খ) কিছু তারতম্য আছে।

বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপঃ—

সাধারণ রোগীদের জন্য	অধিকৃত শয্যা পিছু দৈনিক হার
এস, এস, কে, এম, হাসপাতাল ব্যতীত কলিকাতার এবং হাওড়া মিউনিসিপ্যালিটি অঞ্চলের সকল সরকারী হাসপাতালে	টাকা ২·০০ নঃ পঃ
এস, এস, কে, এম, হাসপাতালে	টাকা ২·৫০ নঃ পঃ
উপরোক্ত অঞ্চলের বাহিরে সহর ও গ্রামাঞ্চলের সমস্ত হাসপাতালে	টাকা ১·৫০ নঃ পঃ
যক্ষা রোগীদের জন্য	
কলিকাতা ও বাহিরের সমুদয় হাসপাতালগুলিতে	টাকা ২·৫০ নঃ পঃ

শ্রীনিখিল দাসঃ এই তারতম্য কেন করা হয়েছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ তারতম্য দেখা যাচ্ছে এস এস কে এম-তে ৫০ নয়া পয়সা বেশী বাকি সব জায়গায়, কলকাতা এবং হাওড়ায় মিউনিসিপ্যাল এলাকায় একই রেট আছে। এস এস কে এম-কে ৫০ নয়া পয়সা বেশী রাখার কারণ হচ্ছে ঐখানে সিট আছে ৫২৫টা এবং তার মধ্যে মাত্র ৯০টা হচ্ছে ফ্রি বেড, এখানে বেশী পেয়িং বেড থাকাব জন্য, এখানে ৫০ নয়া পয়সা বেশী রেট দেওয়া আছে এবং এটা ১৯৪৫ থেকেই এই ব্যবস্থা ছিল।

শ্রীনিখিল দাসঃ কলকাতা এবং হাওড়া বাদ দিয়ে ১ টাকা ৫০ নয়া পয়সা হয়েছে, এটা কিসের ভিত্তিতে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ প্রথমে আমাদের গ্রামাঞ্চলে অনেক কম ছিল, ১৯৬৩র ১লা এপ্রিল থেকে এই বেট বাড়ান হয়েছে, কারণ দেখা যাচ্ছে গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে আজকে মানের একই পর্যায়ে এসে গেছে। সে হিসাবে শহরের তুলনায় ঐ গ্রামের মান সমান, সে হিসাবে দেড় পার্সেন্ট রেট রাখা হয়েছে, আমরা দেখতে পাচ্ছি লোক্যাল যখন ভাল কন্ট্রাক্টর পাওয়া যাচ্ছে না, সেখানে ১ টাকা ৫০ নয়া পয়সা দিয়ে ভাল খাবার দেওয়া উচিত, কিন্তু ঠিক তা পেঁাছায় না, বিভিন্ন হাসপাতাল ঘুরে তা দেখেছি। ১ টাকা ৫০ নয়া পয়সা হিসাবে বা যে রেট তার তুলনায় স্যাংশন আছে, যে ডায়েট চার্ট আছে সেটা বেশীর ভাগ ক্ষেত্রে ইমপ্লিমেণ্টেশন হচ্ছে না। যখন খোঁজ নিচ্ছি ১ টাকা ৫০ নয়া পয়সায় ভাল খাবার পাওয়া যাচ্ছে না, সেটা যদি সাব-ডিভিসন টাউন হয় সেখানে অনেক সময় ভাল কন্ট্রাক্টর পাওয়া যায় না, লোক্যাল মার্কেট-এ সেটা অ্যাভেলেবল হচ্ছে না, সেটা বাহিরের বাজার থেকে কিনে আনতে হবে। এটা ডিপার্টমেন্ট-এর সামনে একটা সমস্যার সৃষ্টি হয়। ফুড আর্টিকেলস যা লোক্যাল মার্কেট-এ পাওয়া যাচ্ছে না, ছোট বাজারে হলে এত জনের খাবার দিতে পাচ্ছে না, সেগুলি বাজার থেকে নিয়ে আসতে কনট্রাক্টরের অসুবিধা হচ্ছে। আমরা এদের টেন্ডার ফরম এক্সামিন করছি এবং যদি দেখা যায় লোক্যাল মার্কেটে এই রেট-এ পাওয়া যাচ্ছে না, তাহলে ভবিষ্যতে বাড়াতে হবে।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি গ্রামে যে সমস্ত হাসপাতাল আছে এবং সেখানে যে কন্ট্রাক্টর আছে যেমন ধুবুলিয়ার টি বি হাসপাতাল বা কাচরাপাড়া টি বি হাসপাতাল বা অন্যান্য গ্রামের বড় বড় হাসপাতাল আছে। আপনি বলেছেন টি বি হাসপাতালে ২ টাকা ৫০ নয়া পয়সা করে দিচ্ছেন। কলকাতাতে ১০ আনার মত দামে দুধ পাচ্ছি যেটা গভর্নমেন্ট সাপ্লাই করেন টোণ্ড মিল্ক, কিন্তু কাঁচরাপাড়া কি ধুবুলিয়ার টি বি হাসপাতাল-এ ১ টাকা সের—ঐ দুধ মিশ্রিত জল না জল মিশ্রিত দুধ, তা বোঝা যায় না, সেজন্য আমার প্রশ্ন হচ্ছে, কাঁচরাপাড়া বা ধুবুলিয়ার দুধ দেবার কোন ব্যবস্থা করবেন কি না?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ হরিণঘাটা দুগ্ধ বিতরণ কেন্দ্রকে আমরা ইতিমধ্যে জানিয়েছি, কলকাতা, হাওড়া, চব্বিশপরগনা, নদীয়া এই পাশাপাশি জেলার হাসপাতালে তারা সরাসরি তাদের গাড়ি করে দুধ পাঠাতে পারে কি না? কয়েকটা জায়গায় তারা পাঠিয়েছেন এবং কয়েকটা জায়গায় ভবিষ্যতে পাঠাবেন বলে স্বীকার হয়েছে, কিন্তু সব নির্ভর করে টোট্যাল

কোয়ান্টিটি অব অ্যাভেলেবেল মিল্ক-এর উপর এখানে যে কথা বলেছেন যে দুধ মিশ্রিত জল না জল মিশ্রিত দুধ। এ রকম কোন সরাসরি অভিযোগ পাই নি। অভিযোগ পেলে তা প্রতিকারের ব্যবস্থা করব এবং তার টেন্ডার ক্যান্সেল করব। এরূপ স্পেসিফিক কেস থাকলে জানালে বাধিত হব।

শ্রীনেপালচন্দ্র রায় : আমি সরাসরি অভিযোগ করছি, কাঁচরাপাড়া এবং ধুবুলিয়ার হাসপাতালে আমি ইউনিয়ন করি সেখানে আমার লোকজন আছে এবং রুগীদের সঙ্গে কথা বলে দেখেছি তারা দুধ মিশ্রিত জল না জল মিশ্রিত দুধ সেটা তারা বুঝতে পারে না।

মিঃ স্পীকার: এটা কোন প্রশ্ন নয়। এটা নিয়ে আলাদা প্রশ্ন করুন।

[12-30—12-40 p.m.]

ডাঃ আবু হাসাদ মহম্মদ ওবায়েদুল গণি: এটা তখনও ছিল?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: সেইজন্যই বোধ হয় বাড়ান ছিল।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: এই যে রেটটা ফিক্স-আপ করা হয়েছে, কোন্ সালে এই রেটটা ফিক্স-আপ করা হয়েছিল?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ঐ যে বললাম ১লা এপ্রিল, ১৯৬৩ সাল।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: এই যে রেটটা ফিক্স-আপ করা হয়েছে, কোন্ সালে এই রেটটা ফিক্স-তার চেয়ে এখন রেট কত বেড়েছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: প্রায় ৫০ পার্সেন্ট ইনক্রিস বলতে পারি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: তার অনুপাতে মূল্যমান প্রায় ৫ গুণ বেড়েছে, সেই অনুপাতে এটা ফিক্স-আপ করা হয়নি কেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমাদের ক্ষুদ্র ক্ষমতার মধ্যে যতটুকু সম্ভব করা হয়েছে এবং আগেই আমি বলেছি ইট ইজ বিইং এক্সামিন্ড এবং ফান্ড পার্মিট করা মাত্র বাড়ান হবে।

শ্রীনিখিল দাস: মাননীয়া মন্ত্রিমহোদয়া বলেছেন যে, শহরে বা গ্রামাঞ্চলে, মিউনিসিপ্যাল শহরে, ঠিকমত কন্ট্রাক্টার না পাওয়ায় যে সিডিউলড ডায়েট আছে সে সিডিউলড ডায়েট তাঁরা দিতে পারছেন না। আমার প্রশ্ন হচ্ছে কলকাতা এবং হাওড়া অঞ্চলে যে হাসপাতালগুলি আছে তাতে যে সিডিউলড ডায়েট আছে সেই সিডিউলড ডায়েট কি তারা পাচ্ছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: হ্যাঁ, পাচ্ছে।

শ্রীনিখিল দাস: এই সম্পর্কে কোন অভিযোগ মন্ত্রিমহাশয়ের কাছে এসেছে কিনা, কলকাতায় যে হাসপাতালগুলি আছে, পার্টিকুলারলি যে খাবার দেওয়া হয় সেই খাবার ঠিকমত সিডিউলডে যা দেওয়া আছে তা দেওয়া হচ্ছে না এবং সেখানে কর্মচারীদের একটা চক্র এবং কণ্ট্রাক্টারদের একটা চক্র সেখানে এমন দুর্নীতির সৃষ্টি করেছে যে, বরাদ্দ যে খাওয়া পাওয়া দরকার সে খাওয়া এঁরা পাচ্ছেন না?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এইরকম অভিযোগ প্রায়ই এসে থাকে, সেইজন্য সারপ্রাইজ চেক অ্যান্ড ভিজিটের ব্যবস্থা আছে এবং যেদিন যে কন্ট্রাক্টার দিকে পাচ্ছে না যে জিনিসটা সেদিন রিস্ক পার্চেস, মানে বাজার থেকে কিনে নিয়ে তার বিল থেকে কেটে নেওয়া হচ্ছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয়া মন্ত্রিমহোদয়াকে আমি জিজ্ঞাসা করছি যে মাননীয় সদস্য নেপালবাবু যে কথাটা বললেন কাঁচড়াপাড়া, ধুবুলিয়া, হাসপাতালে দুধের ব্যাপারে, সেই দুধের ব্যাপারে হরিণঘাটা থেকে দুধ সরবরাহ করা হচ্ছে বা চেষ্টা হচ্ছে এই কথা আপনি বলেছেন।

আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে হরিণঘাটা থেকে দুধ সরবরাহ করার ব্যাপারে হরিণঘাটার উপর নির্ভরশীল হতে পারে এইরকম হাসপাতালগুলিকে টপ প্রায়োরিটি দিয়ে কোন ডাইরেক্টিভ দিলে সেটা কি আরো ভাল হয় না যে আগে সেগুলিকে দিয়ে তারপর বাইরে দেওয়া?

দি অনারেবল পুরবী মুখোপাধ্যায়: হরিণঘাটার ইতিমধ্যেই কতকগুলি কমিটমেন্ট আছে, বিভিন্ন জায়গায় তাদের কাছে দুধ বিক্রি করবে বলে টাকা নিয়েছে, বিভিন্ন দোকান খুলেছে, সেই কমিটমেন্টকে অনার না করে নূতন হাসপাতালের জন্য তারা টপ প্রাইয়োরিটি দিতে পারবেন কিনা আমি বলতে পারি না। তবে সেই বোতলের দুধ নিয়ে এসেও দেখেছি নীলরতন সরকার মেডিক্যাল কলেজ, কলকাতা মেডিক্যাল কলেজে, বিভিন্ন জায়গা থেকে যেটা নেপালবাবু বলেছেন যে, দুধের অভিযোগ আসে যে দুধ মিশ্রিত জল বা জল মিশ্রিত দুধ, আমি দেখেছি হরিণঘাটার গাড়ি এসে দাঁড়ায় সরাসরি বোতলগুলি রুগীদের টেবিলে দেয়, তারপরেও তাঁরা অভিযোগ করেছেন যে জল মিশ্রিত দুধ এবং সেটা সাধারণত বাইরের বাজারেই হরিণঘাটা দুধের সম্বন্ধে এই বদনামটা দেয়।

শ্রীসনৎকুমার রাহা: আপনি বলেছেন যে, কন্ট্রাক্টাররা মফঃস্বলে ঐ সিডিউলড রেটে তাঁরা সাপ্লাই করতে পারেন না বলে তাঁরা রেট বাড়াবেন বা বাড়াবার সম্ভাবনা আছে?

দি অনারেবল পুরবী মুখোপাধ্যায়: আপনি প্রশ্নটা গুলিয়ে ফেলছেন। আমি বলেছি লোক্যাল মার্কেটে জিনিস অ্যাভেলেবেল হয় না বলে অনেক সময় যতটা দেবার কথা ততটা দিতে পারছেন না, আর একটা হচ্ছে আপনারা বলেছিলেন দাম বাড়ছে অতএব দেড় টাকা সাফিসিয়েন্ট কিনা তাতে আমি বলেছি যে আমরা একজামিন করছি, যদি আমাদের ফান্ডে কুলায় তাহলে তখন আমরা বিবেচনা করবো যে আরো বাড়ান যায় কিনা। দুটি আলাদা, গোলমাল হয়ে গিয়েছে।

Shri Sanat Kumar Raha:

এই যে ডায়েটারী ব্যবস্থা, আমি জানতে চাচ্ছি রেট বাড়ালেই যে সাপ্লাই স্টেডি তার কি কারণ আছে

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি ব্যাপারটা আবার এক্সপ্লেইন করি লোক্যাল মার্কেটে এ দেওয়া আমাদের দেবার কথা তাতে পাওয়া যাচ্ছে না কন্ট্রাক্টার ফেল করলে আমাদের বাজার থেকে পারচেজ করতে হচ্ছে এবং তাতে কতটা দাম বাড়তি পড়ে সেটা এগ্জামিন করা হচ্ছে। ট্রপিক্যাল স্কুল অফ মেডিসিন এর যে ডায়েট চার্ট সেই ডায়েট চার্ট নিয়ে এসে বিভিন্ন হাসপাতালে একটা স্কুল অফ মেডিসিন-এর যে যা দেওয়া আছে তার সঙ্গে আমরা কম্পেয়ার করছি তাতে আমরা দেখছি কোন কোন জায়গায় একটা-দুটো আইটেম বাড়ানো-কমানোর সম্ভাবনা আছে দাম না বাড়িয়ে এইভাবে আমরা অ্যাডজাস্টমেন্ট করবার চেষ্টা করছি যাতে একটু বেটার ফুড দেওয়া যায়।

Shri Sanat Kumar Raha:

কন্ট্রাক্টররা যে সাপ্লাই দেন সেগুলি কি লোক্যাল অথরিটি চেক-আপ করেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

যে হাসপাতালে দেওয়া হয় সেই হাসপাতালের সুপারিন্টেন্ডেন্ট বা মেডিক্যাল অফিসার করেন।

Shri Abhoy Pada Saha:

ডায়েট সাপ্লাই-এর জন্য কি জেলা হাসপাতালে একজন মাত্র কন্ট্রাক্টার নিয়োজিত হয় এবং তার অধীনে অন্য লোক হাসপাতালে সাপ্লাই দেয়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

জেলার টেন্ডার ডাকা হয় সমস্ত হাসপাতালের কন্ট্রাক্ট নেবার জন্য বাজার যদি ছোট হয় তাহলে টেন্ডার কম আসে এবং সেখানেই সমস্যার সৃষ্টি হয়, বেশি টেন্ডার না এলে অসুবিধার সৃষ্টি

হয়, একজন ফেল করলে আরেকজনকে ধরা হয় না। আমরা দেখতে পাচ্ছি কন্ট্রাক্টার ফেল করছে, তখন আমরা কন্ট্রাক্ট ক্যান্সেল করে দিতে চাই, কিন্তু সমস্যা হচ্ছে সেখানে অন্য কোন লোক্যাল কন্ট্রাক্টার এগিয়ে আসে না বা টেন্ডার-এর উত্তর দেয় না। আমরা প্রত্যেক জেলাতে বলে দিয়েছি যদি টেন্ডার নাকচ করার প্রয়োজন হয়, অর্থাৎ যদি কন্ট্রাক্টর ফেল করে তাহলে তাকে একবার মাত্র ওয়ার্নিং দিয়ে নতুন টেন্ডার ডাকা হোক।

Shri Bejoy Kumar Banerjee:

আপনি বললেন হরিণঘাটার দুধের গাড়ি থেকে দুধ রুগীদের বিছানাতে নিয়ে গেলেও অভিযোগ করা হয়, আপনি কি এই অভিযোগ শোনেন নি যে হরিণঘাটার দুধের গাড়ির মধ্যে দুধে জল দেওয়া হয়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

না, এই খবর আমি জানি না।

Shri Bejoy Kumar Banerjee:

আপনি কি এই বিষয়ে অনুসন্ধান করবেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

অভিযোগ এলে করব।

Shri Abani Kumar Basu:

আমি মাননীয়া মন্ত্রিমহোদয়ার কাছে জানতে চাই কন্ট্রাক্টর সিলেকশন কিভাবে হয়, এজন্য কি কোন কমিটি আছে?

The Hon'ble Purabi Mukhopadhyay: District Medical Officer, Chief Medical Officer, District Magistrate.

এঁরা কন্ট্রাক্টার সিলেক্ট করেন।

Shri Abani Kumar Basu:

কলকাতার কিভাবে সিলেকশন হয়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

খোঁজ নিয়ে পরে বলতে পারব।

[12-40 - 12-50 p.m.]

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: মন্ত্রিমহাশয়া কি জানেন যে, রোগীদের এই আড়াই টাকা ডায়েট-এর কথা যা বললেন তার একটা অংশ হাসপাতাল থেকে চুরী হয় এবং তার ফলে রোগীরা তা পায় না?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: স্পেসিফিক কেস দেবেন।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: এই কন্ট্রাক্টরদের ঠিক করা হয় তাতে এটা কি সত্য যে, এ ব্যাপারে জেনারেলী কংগ্রেস কমিটিগুলি এবং কংগ্রেসের মাতব্বরাই টেন্ডার ঠিক করেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: টেন্ডার ঠিক করবার ব্যাপারে কংগ্রেসের কোন হাত নেই।

শ্রীকানাই পাল: মন্ত্রিমহাশয় যে দুধের কথা বললেন, তাতে আমার প্রশ্ন হচ্ছে তিনি কি এই খবর রাখেন যে, হরিণঘাটা যে দুধ সাপ্লাই করা হয় সেটা সম্পূর্ণ হরিণঘাটার গরু এবং মহিষ থেকে আসে না—কিছুটা বাইরে থেকে সংগ্রহ করা হয়?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: তার উত্তর আমি কি করে বলব?

শ্রীকানাই পাল: আপনি কি জানেন যে, বাইরে থেকে অধিকাংশ দুধ আসে এবং তার সংগে নানাভাবে জল এবং অন্যান্য জিনিস মিশিয়ে ডেনসিটি বাড়িয়ে সাপ্লাই করা হয়ে থাকে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ইট ইজ নট মাই ডিপার্টমেণ্ট, হাউ ক্যান আই রিপ্লাই?

শ্রীরাধাকৃষ্ণ সিংহ: মফঃস্বলে আপনারা যে ডায়েট কমিটি নিযুক্ত করেছেন সেই কমিটি খাদ্য সরবরাহ করে। কিন্তু আপনি কি জানেন যে, তাঁরা ঠিকভাবে খাদ্য দিচ্ছে না এবং হসপিটালের ডিস্ট্রিক্ট মেডিক্যাল অফিসার তার মধ্যে নেই এবং তাঁর কোন দায়িত্ব নেই?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: একথা ঠিক নয়। যখন আর্টিকেলস পৌছে দিয়ে যায় তখন ডিস্ট্রিক্ট মেডিক্যাল অফিসারকে সামনে দাঁড়িয়ে থেকে তা রিসিভ করতে হয়। তিনি তার দায়িত্ব এড়াতে পারেন না।

শ্রীরাধাকৃষ্ণ সিংহ: থানা হেল্থ সেণ্টারগুলোতে চীফ মেডিক্যাল অফিসার আছেন যাঁকে বলা হয় মেডিক্যাল অফিসার ইন-চার্জ। আমি জানি তিনি ডায়েট কমিটিতে নেই।

[নো রিপ্লাই]

শ্রীঅভয়পদ সাহা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্রত্যেক জেলার আলাদা আলাদা হাসপাতালে আলাদা আলাদা কন্ট্রাক্টর নিয়োগ করবার পরিকল্পনা আছে কিনা? যদি একজন কন্ট্রাক্টরকে নিয়োগ করা হয় তাহলে জেলার বিভিন্ন হাসপাতালে ডায়েট সাপ্লাই করতে অসুবিধা হয়।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এই প্রশ্নের বিস্তারিত জবাব আমি দিয়েছি কিভাবে কন্ট্রাক্টর অ্যাপয়েণ্টেড হয়।

শ্রীভদ্রবাহাদুর হামাল: সিল ভেঙ্গে দুধে জল মিশিয়ে সেই দুধ যে রোগীকে দেওয়া হয় এ সম্বন্ধে আপনি কোন অ্যাকসন নেবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: হরিণঘাটার দুধ গাড়ি থেকে সরাসরি নামিয়ে এনে রোগীকে দেওয়া হয়, কাজেই এটা সর্বৈব মিথ্যা অভিযোগ। রোগীর টেবেল-এ দুধ গেলে সেই দুধে জল মেশান হাসপাতালের পক্ষে সম্ভব নয় এবং সিল না ভেঙ্গে দুধে জল দেওয়া সম্ভব নয়।

শ্রীভদ্রবাহাদুর হামাল: আমি যদি সেই জল মেশান দুধ সিল করে পাঠাই তাহলে আপনি কি এক্সামিন করে কোন অ্যাকশন নেবেন?

[নো রিপ্লাই]

মিঃ স্পীকার: যদি দিয়ে কোন প্রশ্ন হয় না।

শ্রীসনৎকুমার রাহা: আপনি বলেছেন এটা আপনার ডিপার্টমেণ্ট নয়। আমার প্রশ্ন হচ্ছে হরিণঘাটার দুধে ভেজাল আছে বলে বিধানসভায় যখন সন্দেহ প্রকাশ করা হয়েছে তখন আপনি স্বাস্থ্যের খাতিরে এটার প্রতি লক্ষ্য রাখবেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমি দেখব।

শ্রীকানাই পাল: আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই গ্রামের হাসপাতালগুলিতে ডায়েটের জন্য যে অর্থ বরাদ্দ আছে সেটা বাড়িয়ে দেখা যাচ্ছে আট আনা পয়সা শহর থেকে তফাৎ রয়েছে, মাননীয়া মন্ত্রিমহাশয়ের কি জানা আছে বর্তমানে মাছ, দুধ, তরী-তরকারী শহর থেকে গ্রামে বেশী আক্রা এবং সেটা সমান করার জন্য তাড়াতাড়ি চেষ্টা করা হবে কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: জেলা এবং গ্রামে তফাৎ কিছু নেই, জেলা হাসপাতালগুলিতে এবং গ্রামের স্বাস্থ্যকেন্দ্রে একই রেটে খাবার দেওয়া হয়।

শ্রীকানাই পাল: কলকাতা এবং মফঃস্বল টাউনে আট আনা ডিফারেন্স রয়েছে সেই ডিফারেন্স সম্পর্কে বলছি কলকাতা এবং মফঃস্বলে আজকে মাছ, তরীতরকারী এবং দুধ কলকাতা থেকে অনেক বেশী আক্রারা। সুতরাং আজকে সমান করার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করবেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমি তো প্রশ্নের জবাবে বলেছি যে সমস্ত জিনিসই এক্সামিন হচ্ছে, একই জবাব বার বার কেন চাইছেন? অতীতে এই রেট ছিল, বর্তমানে এই রেট হয়েছে, সবটাই এক্সামিন হচ্ছে, এটা বাড়ান প্রয়োজন আছে কিনা, কিংবা কনট্রাক্টার চেঞ্জ করে টেন্ডার অন্যভাবে ডেকে প্রত্যেক হাসপাতালের জন্য আলাদা আলাদা টেন্ডার ডেকে ইম্প্রুভ করা যায় কিনা, তারপর যদি দেখি ঠিকমত হচ্ছে না ফেল করছে তাহলে তখন টাকা বাড়ানোর প্রশ্নে আসবো।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: সুখলাল কার্ণানী হাসপাতালে পেয়িং বেডে আড়াই টাকা দেওয়া হয়, অন্যান্য হাসপাতালে কত টাকা দেওয়া হয় পার ডে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়। আমাদের ডায়েটের জন্য সুখলাল কার্ণানী হাসপাতালে ৫২৫টি বেডের মধ্যে মাত্র ৯৫টি ফ্রী বেড, পাশাপাশি একই হাসপাতালে দু-রকম খাবার দেওয়ার কোন অর্থ হয় না। সেজন্য জেনারেলী ডায়েট স্কেল বাড়িয়ে আড়াই টাকা করা হয়েছে, অন্যান্য জায়গায় পেয়িং বেডে এবং ফ্রী বেডে একই খাবার দেওয়া হয়।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবেইদুল ঘানী: মাননীয় মন্ত্রিমহাশয় এটাই কি বলতে চান যে প্রত্যেক রোগী সীলড বটলে দুধ পায়?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: যে ব্যবস্থা করা হয়েছে কলকাতা হাসপাতালগুলিতে, যেখানে যেখানে সম্ভব নীলরতন সরকার হাসপাতালে, মেডিক্যাল কলেজে এই সিস্টেমে ব্যবস্থা হয়েছে। দুধ সম্পর্কে যে অভিযোগ সেটা এড়ান যায় কি না সেটা দেখবার জন্য একবার আমি নিজে দুধের গাড়ি পৌঁছুবার পর দুধ বিলি করার সময় উপস্থিত ছিলাম তারপর খবর নিয়ে জেনেছি তারপরও অভিযোগ হয়েছে।

শ্রীনিমাইচাঁদ মুর্মু: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে হরিণঘাটা দুগ্ধ কেন্দ্র হাসপাতালে দুগ্ধ বিতরণ করা হচ্ছে, এই যে কয়টি হাসপাতাল কোন্ কোন্ হাসপাতাল দয়া করে তার নামগুলি বলবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আপনি বুঝতে পারেন নি দেওয়া হয়েছে আমি তা বলি নি, হরিণঘাটাকে বলা হয়েছে দেবার জন্য।

Subdivisional Water-supply Committee

***72.** (Admitted question No. *498.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মহকুমা জলসরবরাহ কমিটি চালু করা হইয়াছে কিনা;

(খ) যদি না হইয়া থাকে, তাহা হইলে তাহার কারণ কি;

(গ) ঐ জেলায় বর্তমানে যে নলকূপ মঞ্জুর করা হইতেছে তাহার স্থান নির্বাচন কোন্ সংস্থার মাধ্যমে হইতেছে; এবং

(ঘ) কাঁথি মহকুমার চলতি বছরের জন্য কতগুলি নলকূপ মঞ্জুর করা হইয়াছে?

[12-50—1 p.m.]

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ

(ক), (খ) ও (গ) মহকুমা জলসরবরাহ কমিটি নামে কোন কমিটি নাই। তবে প্রতি মহকুমায় একটি করিয়া রিজিওন্যাল স্বাস্থ্যসমিতি (রিজিওন্যাল হেলথ কমিটি) আছে।

পল্লীঅঞ্চলে জল-সরবরাহের নূতন পদ্ধতি অনুসারে জেলাশাসকগণ তাহাদের নিজ নিজ এলাকায় জেলা স্বাস্থ্য সমিতি (ডিস্ট্রিক্ট হেলথ কমিটি) ও ব্লক উন্নয়ন সমিতি (ব্লক ডেভলপমেন্ট কমিটি)-গুলির সহিত পরামর্শানুক্রমে জলউৎসের কার্যসূচী ও স্থান নির্বাচন করেন। অতএব রিজিওন্যাল স্বাস্থ্য সমিতি (রিজিওন্যাল হেলথ কমিটি)-গুলির এ সম্পর্কে এখন আর কিছু করিবার নাই।

(ঘ) ১৯৬৩-৬৪ সালের রুর‍্যাল ওয়াটার প্রোগ্রাম-এর অধীনে সমগ্র মেদিনীপুর জেলার জন্য মোট ৩৬০টি নলকূপ (নূতন নির্মাণ ও পুনর্নির্মাণ) মঞ্জুর করা হইয়াছে। ইহাদের মধ্যে কতগুলি নলকূপ কোথায় বসানো হইবে তাহা স্থানীয় জেলাশাসক, তথাকার জেলা-স্বাস্থ্য সমিতি (ডিস্ট্রিক্ট হেলথ কমিটি) ও ব্লক উন্নয়ন সমিতি (ব্লক ডেভেলপমেন্ট কমিটি)-গুলির সহিত পরামর্শক্রমে স্থির করিতেছেন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ এই জেলা হেলথ কমিটি কবে থেকে ফাংশন করছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ লাস্ট ফিনান্সিয়াল ইয়ার থেকে।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মেদিনীপুর জেলা হেলথ কমিটির কারা সদস্য জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ ডিস্ট্রিক্ট হেলথ কমিটিতে সমস্ত এম এল এ রা আছেন এবং ব্লক ডেভেলপমেন্ট কমিটিতে সব এম এল এ-রা আছেন। নিজের নিজের অঞ্চলের মধ্যে ব্লক-এর এই কমিটিগুলির দুইটি কাজ। শুধু রুর‍্যাল ওয়াটার সাপ্লাই দেখা নয়, ডিস্ট্রিক্ট হেলথ কমিটি এখানে ও টেক সাপ্লাই রুর‍্যাল ওয়াটার সাপ্লাই এবং সেখানকার স্বাস্থ্যকেন্দ্র সব কিছুই এই কাজের মধ্যে পড়ে।

শ্রীকমলকান্তি গুহঃ প্রত্যেক জেলায় কি কমিটি আছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ স্পেসিফিক যদি জিজ্ঞাসা করেন তাহলে খোঁজ করে জানাব।

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গ্রামে শত শত টিউবওয়েল ৩-৪-৫ বছর ধরে অকেজো হয়ে পড়ে আছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ হ্যাঁ, কিছু কিছু জায়গায় আছে।

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ এমন বহু হাই স্কুল আছে যেখানে ৫-৬ শত ছাত্র পড়ে, কিন্তু একটাও টিউবওয়েল নেই। এইসমস্ত হাই স্কুল বা জুনিয়ার হাই স্কুল-এর কম্পাউন্ড এ টিউবওয়েল করবার কোন প্রোগ্রাম আছে কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ ডিস্ট্রিক্ট হেলথ কমিটি এবং ব্লক ডেভালপমেণ্ট কমিটিতে এই প্রস্তাব পাঠাবেন।

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ আপনারা যে টাকা স্যাংশন করেন সেই তুলনায় বহু টাকা দরকার টিউবওয়েল করবার জন্য সুতরাং এই সম্পর্কে টাকা দেবার ব্যবস্থা করবেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ এই বিভাগে জল সরবরাহ ১৯৬১-৬২-এর পরে ১৯৬২-৬৩ পিরিয়ড-এ আমাদের টাকা খুব কম হয়েছিল এবং সেই সময় যেসমস্ত স্কীম বাকি ছিল সেগুলোকে স্পীল ওভার করা হয় এবং সেই কাজ করতে বহু টাকা খরচ হয়ে গিয়েছিল। এখন আমাদের হাতে জলসরবরাহ বরাদ্দ খাতে খুব কম টাকা আছে—এর মধ্যে থেকে যে জেলায় যেরকম রিকোয়ারমেন্ট সেইরকম দেওয়া হয়েছে।

শ্রীশম্ভুগোপাল দাস: এই রি-সিংকিং করার ব্যাপারে লোক্যাল পিপলদের কত টাকা দিতে হবে বা হবে না?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: রি-সিংকিং-এর উপর নির্ভর করে। একেবারে যেখানে তুলে ফেলে পাইপের কিছু অবশিষ্ট পাওয়া যায় না সেখানে নূতন সিংকিং যে ভাবে হয় সেই-রকম ভাবে করতে হয়। কত পাইপ কাজে লাগলো তার লেবার খরচার সেই খরচ কিম্বা লেবার সংগ্রহ করে করান—এইরকম দুটো হতে পারে।

শ্রীকানাই পাল: যে জেলায় হেলথ কমিটি নেই, কিম্বা কাগজে-কলমে আছে, ফাংসন করে না, সেগুলো যাতে ফাংশন করে তার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay: It is a request for action.

শ্রীঅনঙ্গমোহন দাস: পশ্চিমবাংলায় বহু জায়গায় বহু টিউবওয়েল খারাপ হয়ে রয়েছে। এখন যে জায়গায় লোকেরা টিউবওয়েলের জল খেতে অভ্যস্ত ছিল তা পাচ্ছে না বলে তা দূর করার কোন ব্যবস্থা করবেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ডিস্ট্রিক্ট হেলথ কমিটিতে টিউবওয়েল-এর সাইট সিলেকশন নিয়ে যখন আলোচনা করবেন এম এল এ হিসাবে আপনি যদি এইরকমভাবে একটা পলিসি করে নেন যে যেগুলি খারাপ হয়ে গেছে, যেগুলির পাশাপাশি আর কোন ওয়াটার সাপ্লাই এর ব্যবস্থা নেই সেগুলিকে প্রায়রিটি হেলথ কমিটি দিতে পারেন। এ ছাড়া যেখানে হেলথ কমিটি ভাল ভাবে ফাংশান করে না, সে জায়গার সম্বন্ধে আমাদের কাছে লিখলে আমরা সেগুলি সরাসরি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে পাঠিয়ে দেব।

Medical Officer of Kharba Health Centre

***73.** (Admitted question No. *516.)

ডাঃ গোলাম ইয়াজদানি: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানার খরবা হেলথ সেন্টারের মেডিকেল অফিসার কোন্ সালে কোন্ মাসে বদলী হইয়াছিলেন;

(খ) তাঁহার কাজ এখন কে চালাইতেছেন এবং তাঁহার শিক্ষাগত যোগ্যতা কি; এবং

(গ) কোন মেডিকেল অফিসারকে উক্ত সেন্টারে না পাঠাইবার কারণ কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) দুই জন মেডিক্যাল অফিসারের মধ্যে একজন ১৯৬২ সালের ফেব্রুয়ারি মাসে বদলী হইয়াছিলেন।

(খ) অপর মেডিক্যাল অফিসার ডাঃ ব্যোমকেশ সিংহ এখন ঐ স্বাস্থ্যকেন্দ্রে কাজ চালাইতেছেন, তিনি এল এম এর যোগ্যতাসম্পন্ন।

(গ) ঐ স্বাস্থ্য কেন্দ্রে একজন মেডিক্যাল অফিসার নিযুক্ত আছেন। অপর একজন মেডিক্যাল অফিসারকেও সম্প্রতি ঐ স্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত করা হইয়াছে, তবে তিনি এখনও কার্যে যোগদান করেন নাই।

Rehabilitation of refugees in Dandakaranya

***74.** (Admitted question No. *524.)

শ্রীমহেন্দ্রনাথ রায়: উদ্বাস্তু, ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি বাস্তুত্যাগীদের দণ্ডকারণ্যে পুনর্বসতির জন্য দণ্ডকারণ্য কর্তৃপক্ষ পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করিয়াছেন; এবং

(খ) (১) দণ্ডকারণ্য কর্তৃপক্ষ কয়টি পরিবার পাঠাইতে বলিয়াছেন এবং (২) অদ্যাবধি কয়টি পরিবারকে পশ্চিমবঙ্গ সরকার দণ্ডকারণ্যে পাঠাইয়াছেন?

দি অনারেবল আভা মাইতি:

(ক) বাস্তুত্যাগীদের দণ্ডকারণ্যে পুনর্বসতিদান কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের বিষয়। নূতন বাস্তুত্যাগীদের মধ্যে যাহারা দণ্ডকারণ্যে পুনর্বাসনগ্রহণেচ্ছু তাহাদিগের সকলকে উক্ত প্রকল্পে প্রেরণ করিবার জন্য কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে জানাইয়াছেন বা নির্দেশ দিয়াছেন।

(খ) (১) দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার সহিত পরামর্শ করিয়া প্রারম্ভে দৈনিক ২৫টি করিয়া পরিবারকে তথায় পাঠাইবার জন্য স্থির করা হইয়াছিল।

(২) ১৬-২-৬৪ তারিখ পর্যন্ত ৩,৩৫৫ জন নূতন বাস্তুত্যাগীকে দণ্ডকারণ্যে পাঠানো হইয়াছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ১৯৬২ সাল পূর্ব পাকিস্তানে দাঙ্গায় বিধ্বস্ত যে সমস্ত জনসাধারণ এসেছেন তাঁদের মধ্যে মাত্র এক হাজার জনকে পাঠিয়েছেন। আর পাঠাবার কি কোন স্কোপ আছে?

দি অনারেবল আভা মাইতি: না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: পাঠাবেন না তার কারণ কি?

দি অনারেবল আভা মাইতি: কারণ পূর্বে তাদের যে সুযোগ দেওয়া হয়েছিল তারা তা গ্রহণ করেন নি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি বলেছেন মাত্র এক হাজার জন পরিবারকে সেন্ট্রারে পাঠাবার কথা বলেছেন, কিন্তু এখন কেন পাঠাচ্ছেন না?

দি অনারেবল আভা মাইতি: তখন যদি বুঝতে পারতাম তারা যাবার চেষ্টা করছেন, যেতে চাচ্ছেন, তাহলে ব্যবস্থা করতে পারতাম। আমরা অনেক চেষ্টা করেছিলাম, কিন্তু সাঁওতালরা যেতে রাজি হয় নি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: সাঁওতাল ছাড়া অন্য লোককে পাঠাবার জন্য যখন প্রস্তাব করা হয়েছিল তখন কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়ে পাঠান হয়েছিল। এখন যে তাদের পাঠাবার কথা বলছেন এখন ১৯৬২ সালে সে সমস্ত উদ্বাস্তুরা যেতে রাজি হয় নি কেন?

দি অনারেবল আভা মাইতি: আমি আগে বলেছি ওরা এক হাজার জনকে পাঠাবার কথা বলেছিলেন আমরা এক হাজার জনকে পাঠিয়েছিলাম। যদি এইরকম ডিমান্ড থাকতো তাহলে তা করার চেষ্টা করতাম, কিন্তু তারা যেতে চায়নি। এখন তারা যেতে চায়। এখন যখন কেন্দ্রীয় মন্ত্রী এসেছিলেন ২৮-২৯এ জানুয়ারি-তে তখন বৈঠক হয়েছিল, তাতে সিদ্ধান্ত হয়েছে এখন যদি কেউ যেতে চায় তাকে পাঠান সম্ভব নয়।

শ্রীঅবনীকুমার বোস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৬২ সালে সাঁওতাল উদ্বাস্তুদের ফ্যামিলি ছাড়া যাদের বর্তমানে দণ্ডকারণ্যে পাঠান হয়নি তাদের পাঠানোর কোন সিদ্ধান্ত করা হয়েছে কিনা?

দি অনারেবল আভা মাইতি: না।

শ্রীঅবনীকুমার বোস: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, যে নূতন উদ্বাস্তু যারা বর্তমানে পূর্ববঙ্গ থেকে আসছেন সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার কারণে, তাদের ছাড়া যে সমস্ত উদ্বাস্তু ভারতবর্ষের ছিট মহল থেকে চলে এসেছেন তাঁদের সম্বন্ধে কোন ব্যবস্থা করা হচ্ছে কিনা?

দি অনারেবল আভা মাইতি: ভারত সরকারের সাথে কথাবার্তা হচ্ছে।

Dearness Allowances for the Municipal Employees

***42.** (Admitted question No. *161.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) whether any municipality of West Bengal is giving dearness allowance to its employees due to the rise of cost of living index according to the provisions of the Minimum Wages Act; and

(b) if so—

(i) the number of such municipalities; and

(ii) the rate of dearness allowance?

The Hon'ble Shri S. M. Fazlur Rahman: Information has to be collected from all District Officers to whom references were made immediately on receipt of the Assembly question. But as all replies have not yet been received, it is not possible to give a reply to the question. Attempt is, however, being made to collect the information as quickly as possible and give a reply.

[1 1-10 p.m.]

শ্রীসনৎকুমার রাহা: আমার একটা কোয়েশ্চেন ছিল ৪৭৬নং এই কোয়েশ্চেন অ্যান্সারটা লাইব্রেরি টেবিলে দেওয়া হয় নাই। এটা কি হবে?

মিঃ স্পীকার: পাস ওভার হবে টেবিলে নেই যখন তখন আপনি পরে করবেন।

দি অনারেবল শ্রী এস এম ফজলুর রহমান: যত তাড়াতাড়ি পারি, যদি কালকে পারি তবে কালকেই দিয়ে দেবো।

Starred questions to which answers were laid on the Table.

Treatment of T. B. patients in health centres

***75.** (Admitted question No. *17.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many T. B. patients applied in 1962-63 for getting treatment as out-door patients in the different health centres of West Bengal; and

(b) how many rural health centres got supply of the medicines from the Government for the treatment of the T. B. patients in 1962-63?

The Minister for Health: At present 598 Health Centres are functioning in this State. It will take time to collect information from all these institutions. Steps have been taken to collect information wanted by the member and these will be furnished, as soon as received.

Refugees from East Pakistan

***76.** (Admitted question No. *519.)

শ্রীসুধীরচন্দ্র দাস: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রদায়িক দাঙ্গার ফলে পূর্ব পাকিস্তান হইতে ওখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের কত সংখ্যক নরনারী পশ্চিমবঙ্গে এ পর্যন্ত আশ্রয়প্রার্থী হইয়াছেন, এবং

(খ) ঐ আশ্রয়প্রার্থীগণের পুনর্বাসনের ব্যবস্থা কোথায় কোথায় করা হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ১৫-২-৬৪ তারিখ পর্যন্ত ১৮,১৭২ জন আশ্রয়প্রার্থী পশ্চিমবঙ্গে আসিয়াছেন।

(খ) ইঁহাদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা ভারত সরকার দণ্ডকারণ্যে করিয়াছেন।

Two shifts system in District Sadar Hospital

***77.** (Admitted question No. 478.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state wheher the Government has any proposal to introduce two shift-system of out-door medical treatment in the District Sadar Hospitals of West Bengal?

The Minister for Health: There is no such proposal at present.

Alleged mal-treatment by Mekliganj Sub-jail authorities

***78.** (Admitted question No. 394.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে গত ২০এ সেপ্টেম্বর ১৯৬৩ তারিখে কুচবিহার জেলার মেখলীগঞ্জ সাব-জেলে জেল কর্তৃপক্ষ খাদ্য আন্দোলনে ধৃত ব্যক্তিদের উপর লাঠি চার্জ ও গুলি চালনা করিয়াছেন?

The Minister for Home (Jails):

সত্য নহে। লাঠিচালনা করা হয় নাই। দুইবার বন্দুকের ফাঁকা আওয়াজ করা হয়।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Relief Committees of Nabagram and Murshidabad police-stations

72. (Admitted question No. 11.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানা এবং মুর্শিদাবাদ থানায় কয়টি রিলিফ কমিটি আছে; এবং

(খ) গত ১৯৬২ সালের ফেব্রুয়ারী মাস হইতে ১৯৬৪ সালের ২০শে জানুয়ারী পর্যন্ত কয়টি বৈঠক কোন্ কোন্ তারিখে অনুষ্ঠিত হইয়াছে?

The Minister for Relief:

(ক) নবগ্রাম থানায় ৮টি ও মুর্শিদাবাদ থানায় ৭টি রিলিফ কমিটি আছে।

(খ) একটি বিবরণী উপস্থাপিত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No 72

থানার নাম	রিলিফ কমিটির নাম	অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা	বৈঠকের তারিখ
নবগ্রাম	গুড়াপশলা ..	৭	৩-৬-৬২, ১৯-১০-৬২, ১৯-১২-৬২, ৪-১-৬৩, ৮-৪-৬৩, ১৫-১১-৬৩, ৫-১-৬৪।
	পঞ্চগ্রাম	৭	৪-৪-৬২, ২০-৭-৬২, ১৫-১১-৬২, ৫-১--৬৩, ৭-৭-৬৩, ৬-৯-৬৩- ১৪-১১-৬৩
	বগডীপাড়া	১২	২২-৬-৬২, ২১-৮-৬২, ৯-৯-৬২, ৩০-৯-৬২, ১-৪-৬৩, ১৪-৪-৬৩, ২৯-৬-৬৩, ২৫-৮-৬৩, ৩-৮-৬৩, ১৪-১০ ৬৩, ১-১১-৬৩, ২৫-১২-৬৩।
	কিবিতেশ্বরী .	৪৩	১৪-৩-৬২, ১৩-৬-৬২, ৪-৭-৬২, ১৫-৭-৬২, ২৭-৭-৬২, ৫-৮-৬২, ১৫-৮-৬২, ২-৯-৬২, ১০-৯-৬২, ২৪-৯-৬২, ১৩-১০-৬২, ২০-১০-৬২, ৬-১১-৬২, ২০-১১-৬২, ৮-১২-৬২, ২৪-১২-৬২, ১২-১-৬৩, ২৫-১-৬৩, ৩-২-৬৩, ১৬-২-৬৩, ২৮-২-৬৩, ১৪-৩-৬৩, ২৮-৩-৬৩, ১৩-৪-৬৩, ২৭-৪-৬৩, ১২-৫-৬৩, ২৫-৫-৬৩, ৯-৬-৬৩, ২৩-৬-৬৩, ১৪-৭-৬৩, ২৮-৭-৬৩, ১১-৮-৬৩, ২৫-৮-৬৩, ১১-৯-৬৩, ২৬-৯-৬৩, ৭-১০-৬৩, ২৮-১০-৬৩, ১২-১১-৬৩, ২৮-১১-৬৩, ১২-১২-৬৩, ২৮-১২-৬৩, ১২-১-৬৪, ২৬-১-৬৪।
নবগ্রাম .	শিবপুর .	২৪	২৫-২-৬২, ১৮-৩-৬২, ১৫-৪ ৬২, ২০-৫-৬২, ১৯-৬-৬২, ১৫-৭-৬২, ১৯-৮-৬২, ১৬-৯-৬২, ১৪-১০-৬২, ১৮-১১-৬২, ১৬-১২-৬২, ১৩-১-৬৩, ১৭-২-৬৩, ২৪-৩-৬৩, ২১-৪-৬৩, ১২-৫-৬৩, ১৬-৬-৬৩, ১৪-৭-৬৩, ২৫-৮-৬৩, ২২-৯-৬৩, ২৭-১০-৬৩, ২৪-১১-৬৩, ২২-১২-৬৩, ১২-১-৬৪।
	নবগ্রাম ..	৩৯	৩০-৬-৬২, ৮-৭-৬২, ২২-৭-৬২, ১২-৮-৬২, ২-৯-৬২, ১৬-৯-৬২, ২৭-৯-৬২, ১৪-১০-৬২, ২-১১-৬২, ১৪-১১-৬২, ৩০-১১-৬২, ৩০-১২-৬২, ১৩-১২-৬২, ১৩-১-৬৩, ২৯-১-৬৩, ১৩-২-৬৩, ১-৩-৬৩, ১৭-৩-৬৩, ৩১-৩-৬৩, ১৪-৪-৬৩, ১৬-৪-৬৩, ২৮-৪-৬৩, ১২-৫-৬৩, ৩১-৫-৬৩, ১৫-৬-৬৩, ৩০-৬-৬৩, ১৪-৭-৬২, ২৮-৭-৬৩, ১৬-৮-৬৩, ১-৯-৬৩, ১২-৯-৬৩, ২৯-৯-৬৩, ১৩-১০-৬৩, ৩-১১-৬৩, ১৭-১১-৬৩, ১-১২-৬৩, ১৫-১২-৬৩, ২২-১২-৬৩, ১৯-৯-৬৪।

থানার নাম	রিলিফ কমিটির নাম	অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা	বৈঠকের তারিখ
নবগ্রাম	নারায়ণপুর .	৪৮	৫-২-৬২, ২০-২-৬২, ৫-৩-৬২, ১০-৩-৬২, ৫-৪-৬২, ২০-৪-৬২, ৫-৫-৬২, ২০-৫-৬২, ৫-৬-৬২, ২০-৬-৬২, ৫-৭-৬২, ২০-৭-৬২, ৪-৮-৬২, ১৮-৮-৬২, ৬-৯-৬২, ২৫-৮-৬২, ৫-১০-৬২, ২০-১০-৬২, ৪-১১-৬২, ১৯-১১-৬২, ৫-১২-৬২, ১৯-১২-৬২, ৩-১-৬৩, ১৮-১-৬৩, ৩-২-৬৩, ১৮-২-৬৩, ৪-৩-৬৩, ১৯-৩-৬৩, ৪-৪-৬৩, ১৯-৪-৬৩, ৩-৫-৬৩, ১৮-৫-৬৩, ৩-৬-৬৩, ১৮-৬-৬৩, ৪-৭-৬৩, ১১-৭-৬৩, ৬-৮-৬৩, ২১-৮-৬৩, ৪-৯-৬৩, ১৯-৯-৬৩, ৩-১০-৬৩, ১৮-১০-৬৩, ৩-১১-৬৩, ১৮-১১-৬৩, ৪-১২-৬৩, ২১-১২-৬৩, ৩-১-৬৪, ১৮-১-৬৪।
	মথরকা ..	২৭	১২-২-৬২, ২৫-৬-৬২, ১-৭-৬২, ১৫-৭-৬২, ১৭-৯-৬২, ১৬-১১-৬২, ৩০-১১-৬২, ১৪-১২-৬২, ১৪-১-৬৩, ১১-২-৬৩, ১১-৩-৬৩, ১৫-৪-৬৩, ৩০-৪-৬৩, ৩০-৫-৬৩, ১৮-৬-৬৩, ৩-৭-৬৩, ১৪-৭-৬৩, ৩০-৭-৬৩, ১৬-৮-৬৩, ৩০-৮-৬৩, ৪-১০-৬৩, ৪-১১-৬৩, ১৯-১১-৬৩, ২-১২-৬৩, ২১-১২-৬৩, ২-১-৬৪, ১৮-১-৬৪।
মুর্শিদাবাদ .	দাহাপাড়া	৬	১-৭-৬২, ২০-৭-৬২, ২৭-১-৬৩, ২৩-৭-৬৩, ২৪-৮-৬৩, ৩০-১১-৬৩।
..	নতুনগ্রাম	৪	১৭-৮-৬২, ১৬-৩-৬৩, ৩০ ২, ৮-১১-৬৩।
	কাপাসডাঙ্গা	৩	৩-২-৬২, ১৮-৫-৬২, ৬-১২-৬৩।
	[illegible]সাদপুর	১২	২-১১-৬২, ২৯-১২-৬২, ১২-১-৬৩, ২৮-১-৬৩, ১৬-২-৬৩, ২৮-২-৬৩, ১৪-৩-৬৩, ১-৪-৬৩, ১৮-৫-৬৩, ২০-৬-৬৩, ২২-৭-৬৩, ১৯-৮-৬৩।
	তেতুঁলিয়া .	২৬	১৬-৭-৬২, ৬-৮-৬২, ২২-৮-৬২, ২৯-১১-৬২, ১৩-১২-৬২, ২৯-১২-৬২, ১২-১-৬৩, ২৭-১-৬৩, ১৩-২-৬৩, ৩-৩-৬৩, ১৭-৩-৬৩, ১২-৪-৬৩, ২৮-৪-৬৩, ১২-৫-৬৩, ২৭-৫-৬৩, ১০-৬-৬৩, ২৩-৬-৬৩, ১২-৭-৬৩, ২৭-৭-৬৩, ১৫-৯-৬৩, ১২-১০-৬৩, ১-১১-৬৩, ২৭-১১-৬৩, ১৫-১২-৬৩, ২৫-১২-৬৩, ১২,১-৬৩।

থানার নাম	বিভিন্ন কমিটির নাম	অনুষ্ঠিত বৈঠকের সংখ্যা	বৈঠকের তারিখ
মুর্শিদাবাদ	দাঙ্গাপাড়া ..	৩৬	৫-৯-৬২, ১৯-৯-৬২, ২৭-৯-৬২, ২৮-১০-৬২ ১২-১১-৬২, ২৮-১১-৬২, ১৯-১২-৬২ ২৫-১২-৬২, ২৯-১২-৬২, ২৮-১-৬৩, ২৯-১-৬৩, ২৩-২-৬৩, ১-৩-৬৩, ১৫-৩-৬৩ ৩০-৩-৬৩, ১১-৪-৬৩, ১৯-৪-৬৩, ২৯-৪-৬৩, ১৩-৫-৬৩, ১১-৫-৬৩, ৩০-৫-৬৩, ১৪-৬-৬৩, ২৯-৬-৬৩, ৫-৭-৬৩, ১৯-৭-৬৩, ২৮-৭-৬৩, ১৪-৮-৬৩, ১৮-১১-৬৩, ১-১২-৬৩ ১৭-১২-৬৩, ১-১-৬৪, ১৩-১-৬৪, ৩০-৮-৬৩, ১১-৯-৬৩, ২৮-৯-৬৩, ১৯-১০-৬৩।
	মুর্শিদাবাদ মিউনিসিপ্যালিটি	৪	২৭-৬-৬২ ১৩-৯-৬২ ৬-২-৬৩, ২১-৯-৬৩।

Unemployed gold artisan

73. (Admitted question No. 46.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বর্ণ নিয়ন্ত্রণ আইন চালু হইবার পর হইতে ১৯৬৬ সালের ২১এ জানুয়ারি পর্যন্ত জেলাওয়ারী কয়জন স্বর্ণশিল্পী বিকল্প চাকুরীর জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএ নাম রেজিস্ট্রী করিয়াছেন ; এবং

(খ) ঐ তারিখ পর্যন্ত জেলাওয়ারী কয়জনকে বিকল্প চাকুরী সরকার দিতে পারিয়াছেন?

The Minister for Labour:

(ক) ও (খ) জেলাওয়ারী কোন পরিসংখ্যান সরকারী কর্মসংস্থান কেন্দ্রে রাখা হয় না। কর্মসংস্থান কেন্দ্র হিসাবে পরিসংখ্যান তালিকা 'ক'তে প্রদর্শিত হইল।

Statement referred to in reply to the unstarred question No. 73.

তালিকা 'ক'

কর্মসংস্থান কেন্দ্রের নাম	লাইভ রেজিষ্টারে ৩১-১-৬৪ পর্যন্ত বৃত্তিচ্যুত স্বর্ণশিল্পীদের সংখ্যা	৩১-১-৬৪ পর্যন্ত কতজন বৃত্তিচ্যুত স্বর্ণশিল্পীকে কর্মে নিযুক্ত করা হইয়াছে
কলিকাতা	১৫৮	৮
খিদিরপুর	৪৭৪	১৬০
হাওড়া	৫০৩	২৫
ব্যারাকপুর	২,০৫২	৪০
আসানসোল	১৫০	১৯
দার্জিলিং	৭৫	[illegible]
উত্তর কলিকাতা	২,০০৬	২৫৮
দুর্গাপুর	৬৯	৪
শ্রীরামপুর	৩৪৫	২
খড়গপুর	২৪৭	১
বর্ধমান	১২২	১
দক্ষিণ কলিকাতা	২১৩	৫
শিলিগুড়ি	৫৫	০
কল্যাণী	৩৮৭	৫
পুরুলিয়া	৪৩	১
বহরমপুর	৩৮৪	৩
কুচবিহার	৫৬	১২
সিউড়ী	১০৪	১
রাণীগঞ্জ	১৩	০
ত্রিবেণী	২	০
বাঁকুড়া	৯৫	০
মালদহ (৩১-১২-৬৩ পর্যন্ত)	১৫১	২

ফারাক্কা ও সীতারামপুরে সম্প্রতি কর্মসংস্থান কেন্দ্রের উদ্বোধন হইয়াছে।

Gorabazar I. C. Institute, Murshidabad

74. (Admitted question No. 138.)

শ্রীসনৎকুমার রাহাঃ গত ২৯এ মার্চ ১৯৬৩ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত *১০৬নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ৮৭৫) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত বহরমপুর শহরের গোরাবাজার আই সি ইনস্টিটিউটের সম্পর্কে তদন্ত হইয়াছে কি না;

(খ) তদন্ত হইয়া থাকিলে সেই তদন্ত রিপোর্ট কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

The Minister for Education:

(ক) হাঁ।

(খ) (১) বিদ্যালয়ের হিসাবপত্র ঠিকমত রাখা হয় নাই।

(২) বাদালেণ্ডে কন্ট্রাক্টরকে যে রেট-এ কাজ দেওয়া হইয়াছিল তাহা অপেক্ষা অধিক রেট-এ কন্ট্রাক্টর-এর বিল পরিশোধ করিবার ব্যবস্থা করা হয়। বিজ্ঞান শিক্ষার জন্য সরঞ্জাম না পাইবার পূর্বেই যে ফার্ম হইতে ঐ সমস্ত জিনিস ক্রয় করিবার কথা সেই ফার্মকে মূল্য দেওয়া হয়।

(৩) রিলিফ ডিপার্টমেন্ট হইতে ডিসপ্লেসড ছাত্রদের জন্য যে সমস্ত সাহায্য দেওয়া হইয়াছিল তাহারও হিসাব ঠিকমত রাখা হয় নাই।

(৪) বিজ্ঞান গৃহের উত্তর প্রান্তে একটি গৃহ নির্মাণ করা হয়। ইহার পর হিউম্যানিটিজ বিষয় শিক্ষাদানের জন্য অতিরিক্ত গৃহ নির্মাণ করিবার জন্য সরকার হইতে সাহায্য মঞ্জুর করা হয়। এই হিউম্যানিটিজ ব্লকের প্ল্যান এবং এস্টিমেটে উক্ত গৃহটি যাহা বিদ্যালয়ের নিজস্ব তহবিল হইতে তৈয়ার করা হয় তাহা অন্তর্ভুক্ত করা হয়। কন্সট্রাকশন বোর্ড এর এক্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ার এই বিষয়ে তদন্ত করিয়া এই অভিযোগ সত্য বলিয়া সাব্যস্ত করিয়াছেন।

(গ) নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছেঃ

(১) বর্তমান পরিচালক সমিতি বাতিল করিয়া দিয়া সদর মহকুমা শাসককে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে নিয়োগ করিবার জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট সুপারিশ পাঠানো হইয়াছে।

(২) বিদ্যালয়ের হিসাবপত্র ১৯৫১-৫২ সন হইতে ১৯৬১-৬২ সন পর্যন্ত স্পেশাল অডিট করাইবার জন্য মধ্যশিক্ষা পর্ষদকে অনুরোধ করা হইয়াছে।

(৩) জেলা বিদ্যালয় পরিদর্শককে জেলা ম্যাজিস্ট্রেটের পরামর্শ লইয়া যদি প্রয়োজন হয় তাহা হইলে বিদ্যালয়ের সেক্রেটারীর বিরুদ্ধে আইনানুসারে অভিযোগ দাখিল করিতে বলা হইয়াছে।

Relief given in Nabagram police-station of Murshidabad district

75. (Admitted question No. 38.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানায় গত অগাস্ট ১৯৬৩ হইতে ২১এ জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত উক্ত থানায় কি কি রিলিফ কত পরিমাণ দেওয়া হইয়াছে;

(খ) গত ১৯৫৯-৬০ ও ১৯৬১-৬২ সালের অগাস্ট মাস হইতে ২১এ জানুয়ারি পর্যন্ত উক্ত থানায় কি কি রিলিফ কত পরিমাণে দেওয়া হইয়াছিল, এবং

(গ) বর্তমান সময় হইতে আগামী বৎসর ধান না উঠা পর্যন্ত উক্ত থানায় কি কি রিলিফ এবং কত পরিমাণে রিলিফ দেওয়ার পরিকল্পনা সরকারের আছে?

The Minister for Relief:

(ক), (খ) ও (গ) একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to the unstarred question No 75

সাহায্যের নাম	১-৮-৬৩ তারিখ হইতে ২১-১-৬৪ তারিখ পর্যন্ত নবগ্রাম থানায় বিতরিত সাহায্যের পরিমাণ	১-৮-৫৯ তারিখ হইতে ২১-১-৬০ তারিখ পর্যন্ত নবগ্রাম থানায় বিতরিত সাহায্যের পরিমাণ	১-৮-৬১ তারিখ হইতে ২১-১-৬২ তারিখ পর্যন্ত নবগ্রাম থানায় বিতরিত সাহায্যের পরিমাণ	বর্তমান সময় হইতে আগামী বৎসর ধান না উঠা পর্যন্ত নবগ্রাম থানায় যে সাহায্য দেওয়ার পরিকল্পনা আছে তাহার পরিমাণ
১। খয়রাতি সাহায্য--				
(ক) নগদ	৩০ ০০ টা	১১,৪৭০ ০০ টা	৩০ ০০ টা	২৫০ ০০ টা
(খ) খাদ্যশস্য--				
গম ও আটা	৩,১৪২ ০৩ কু	১২,৮৬৮ মণ	২,৩৮০ মণ	৯,০০০ কু
চাউল	..	২২০ মণ		
চিড়া	.	৮ মণ		
গুড়	.	২ মণ	.	
২। সহায়ক কার্য--				
(ক) নগদ	১৪,৪৯০ ০০ টা	৮ ৬০১ ০০ টা	৫,৯৮১ ০০ টা	অবস্থার পরিপ্রেক্ষিতে সহায়ক কার্যের ব্যবস্থা করা হইবে।
(খ) খাদ্যশস্য	১,৪০৩ ৩৭ কু	১ ২২৪ মণ	৭০৯ মণ	
৩। কৃষিঋণ	৪৭,০০০ ০০ টা	১০,২০০ ০০ টা	৩০ ০০০ ০০ টা	৮০ ০০০ ০০ টা
৪। পশুক্রয় ঋণ	৩,৮৫০.০০ টা	৪,০০০ ০০ টা	৪,০০০ ০০ টা	১০,০০০ ০০ টা
৫। সার ঋণ	..	..	১,৫৮১ ০০ টা	৭,০০০ ০০ টা

সাহায্যের নাম	১-৮-৬৩ তারিখ হইতে ২১-২-৬৪ তারিখ পর্যন্ত নবগ্রাম থানায় বিতরিত সাহায্যের পরিমাণ	১-৮-৫৯ তারিখ হইতে ২১-২-৬০ তারিখ পর্যন্ত নবগ্রাম থানায় বিতরিত সাহায্যের পরিমাণ	১-৮-৬১ তারিখ হইতে ২১-২-৬২ তারিখ পর্যন্ত নবগ্রাম থানায় বিতরিত সাহায্যের পরিমাণ	বর্তমান সময় হইতে আগামী বৎসর ধান না উঠা পর্যন্ত নবগ্রাম থানায় যে সাহায্য দেওয়ার পরিকল্পনা আছে তাহার পরিমাণ
৬। গৃহনির্মাণ ও গৃহমেরামতী সাহায্য	৯০.০০ টা	১৩,৫৯০.০০	৯১.৫০ টা	বর্তমানে কোন বিবেচনাধীন আবেদন পত্র নাই প্রয়োজনমত দেওয়া হইবে।
৭। গৃহনির্মাণ ঋণ		১৪,৯৫০.০০ টা	.	২,০০০ টা
৮। কারিগরি সাহায্য	..	১,৫০০.০০ টা	..	১,০০০ টা
৯। কারিগরি ঋণ	.	..		বর্তমানে কোন বিবেচনাধীন আবেদন পত্র নাই। প্রয়োজন মত দেওয়া হইবে।
১০। বিনামূল্যে বীজ সরবরাহ—				
(ক) পেঁয়াজ	৭৪.৬৪ রু.			.
(খ) গম	১২৪.৪০ রু.	২৭০ মণ	২০ মণ	
(গ) ছোলা	২২৭.১১ রু.	.	১০ মণ	..
(ঘ) মুসুর	২০ রু.	১০০ মণ		.
(ঙ) তিসি	১.২২ রু.	১ মণ ৪ সের		..
(চ) খেসারী	.	১০০ মণ		.
(ছ) সরিষা		১০ মণ		..

(জ) বোরোধান	৪৬ ৬৫ রু.	৩৯৪ মণ	..	..
(ঝ) বালি	..	১০০ মণ	..	..
(ঞ) মলা	..	৪ মণ	..	..
(ট) সীম	..	১৫ মণ	..	..
(ঠ) আউস ধান	..	..	..	২০০ মণ
(ড) আমন ধান	..	..	..	৬০০ মণ
১১। অর্ধমূল্যে বীজ সরবরাহ--				
(ক) ছোলা	৯৩ ৪০ রু.	..	..	..
(খ) আমন ধান	..		..	১০০ মণ
(গ) আউস ধান	..	..	..	১০০ মণ
১২। বস্ত্র ও পোশাক--				
(ক) ধুতি	৫০ খানি	৮০০ খানি	৬১ খানি	৩০০ খানি
(খ) শাড়ি	৭০ খানি	৮০০ খানি	৭০ খানি	৩০০ খানি
(গ) প্যাণ্ট	৪০ খানি		৩৬ খানি	১০০ খানি
(ঘ) সার্ট	২০ টি	৫০০ খানি	৯ খানি	..
(ঙ) ফ্রক	২৬ টি	২০০ খানি	৩৩ খানি	১০০ খানি
১৩। গুঁড়া দুধ		২,০০০ পা:	..	..
১৪। কম্বল	৩০ খানি	১৩০ খানি	৭৫ খানি	১০০ খানি
১৫। দুঃস্থ স্বর্ণকারদের জন্য খয়রাতি সাহায্য	১,৬৮০ ০০ টা		..	..

Lift irrigation tubewells

76. (Admitted question No. 260.)

শ্রীদেবশরণ ঘোষ: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বেলডাঙ্গা ব্লক নং ২-এর অন্তর্গত বাজার সহ মৌজায় একটি লিফ্ট ইরিগেশন টিউবওয়েল (সেচের জন্য) মঞ্জুর করা হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, কতদিনে উহার কাজ শুরু হইবে?

The Minister of State for Agriculture:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Covernment help for the formation of Co-operative Societies

77. (Admitted question No. 108.)

শ্রীসনৎকুমার রাহা: সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় সমিতি গঠনে সাহায্য করিবার জন্য সরকার হইতে কোন পরামর্শদাতা নিয়োগের ব্যবস্থা আছে কি, এবং

(খ) ব্যবস্থা থাকিলে, তাহা কিরূপ?

The Minister for Co-operation:

বর্তমানে সমবায় সমিতি গঠনে সাহায্য করিবার জন্য সরকার হইতে কোন পরামর্শদাতা নিয়োগের ব্যবস্থা নাই। তবে সমবায়বিভাগের স্থানীয় কর্মচারিগণ উদ্যোক্তাগণকে সমিতি গঠনে যথাসম্ভব সাহায্য করিয়া থাকেন।

Ferry ghats in the district of Murshidabad

78. (Admitted question No. 52.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলায় কয়টি ফেরীঘাট আছে ;

(খ) ১৯৬০-৬১ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত উক্ত ফেরীঘাটগুলির কোন্‌টি কত টাকায় কোন্ বৎসরের জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছিল : এবং

(গ) উক্ত ফেরীঘাটগুলিতে পারাপারের জন্য সরকার হইতে কোনও নির্দিষ্ট রেট বাঁধিয়া দেওয়া হয় কি?

The Minister for Land and Land Revenue:

(ক) ২৩৭টি।

(খ) বিস্তৃত বিবরণী এতদ্‌সহ লাইব্রেরি টেবিলে ন্যস্ত করা হইল।

(গ) হাঁ।

Government quarters in Berhampore Cantonment barrack area

79. (Admitted question No. 122.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্তবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর ক্যান্টনমেন্ট ব্যারাক এলাকায় সরকারী বাড়িগুলির মাসিক ভাড়া এবং বহরমপুর ক্যান্টনমেন্ট এলাকায় লালদিঘীর ধারে যেসকল সরকারী ফ্ল্যাট নির্মিত হইয়াছে তাহার মাসিক ভাড়া কত ; এবং

(খ) এই ভাড়া নির্ধারণের নীতি ও ভিত্তি কি?

The Minister for Public Works:

(ক) বহরমপুর ক্যান্টনমেন্ট এলাকায় পূর্তবিভাগের সরকারী বাড়িগুলির ছোট-বড় হিসাবে মাসিক ভাড়া ৮৪১ নঃ পঃ হইতে ১৪৮৫০ নঃ পঃ পর্যন্ত ধার্য করা আছে।

লাল দিঘীর ধারে সরকারী ফ্ল্যাট বাড়িগুলি আবাসনবিভাগ কর্তৃক "রাজ্য সরকারী কর্মচারীদের ভাড়া দিয়া থাকিবার জন্য গৃহনির্মাণ" পরিকল্পনা অনুযায়ী নির্মিত হইয়াছে। বড় ও ছোট হিসাবে প্রত্যেক ফ্ল্যাটের ভাড়া ৫২ টাকা ও ৩৫ টাকা ধার্য করা আছে।

(খ) উভয় ক্ষেত্রেই জমির দাম বাদ দিয়া প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ভাড়া ধার্য করা হইয়াছে। আবাসনবিভাগের বাড়ির জন্য ঐ ভাড়াই আদায় করা হয়। কিন্তু পূর্তবিভাগের বাড়ির জন্য ঐ ভাড়া ও মাসিক বেতনের ১ শতাংশ অথবা মাসিক বেতন ৭৬ টাকা হইতে ১৭৫ টাকা হইলে তাহার ৫ শতাংশ এবং তদূর্ধ্ব বেতন হইলে বেতনের ১১ শতাংশ যাহা কম হইবে তাহাই আদায় করা হয়।

Marketing Societies in Murshidabad district

80. (Admitted question No. 254.)

শ্রীদেবশরণ ঘোষ: সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মোট কয়টি মার্কেটিং সোসাইটি আছে ;

(খ) ১৯৬৩ সালে কয়টি এবং কোথায় নূতন মার্কেটিং সোসাইটি গঠিত হইয়াছে ; এবং

(গ) বর্তমানে কতগুলি সোসাইটি কার্যকরী অবস্থায় আছে?

The Minister for Co-operation:

(ক) ১২টি।

(খ) ৩টি এবং উহারা বেলডাঙ্গা, বহরমপুর ও ভরতপুর এই তিন স্থানে অবস্থিত।

(গ) ভরতপুরে অবস্থিত মার্কেটিং সোসাইটি ব্যতীত আর সবগুলিই কার্যকরী অবস্থায় আছে।

Rehabilitation of the Minority Community of East Pakistan

81. (Admitted question No. 267.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: স্বরাষ্ট্রবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তার জন্য এবং স্থায়ী সমস্যা সমাধানের জন্য সরকার কি কোন পরিকল্পনা গ্রহণ করিতেছেন?

The Minister for Home (Political):

সমগ্র বিষয়টি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত। এই দুরূহ সমস্যা সম্বন্ধে তাঁহারা সম্যক অবহিত আছেন।

Cold Storage, Ice Factory and Medicine Manufacturing Factory

82. (Admitted question No. 229.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায়ের মাধ্যমে পশ্চিমবঙ্গে—

(১) কোল্ড স্টোরেজ,

(২) বরফ কল, এবং

(৩) ঔষধ তৈয়ারির কারখানা,
কয়টি আছে ;

(খ) উক্ত সমবায়গুলিতে উক্ত কল বা কারখানা সংস্থাপন করিতে কোন্‌টিতে কত টাকা মূলধন লাগিয়াছে ;

(গ) উক্ত সমবায়গুলিতে সরকার কত টাকা ঋণ, অনুদান অথবা অন্য প্রকারে সাহায্য করিয়াছেন ; এবং

(ঘ) গত পাঁচ বৎসরে কোন্‌টি কত টাকা লাভ বা লোকসান করিয়াছে?

The Minister for Co-operation:

(ক) (১) একটি ; (২) এবং (৩) নাই।

(খ) কোল্ড স্টোরেজটি স্থাপন করিতে ৬,৫৯,৬৪২ টাকা মূলধন লাগিয়াছে।

(গ) ৬,৫০,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

(ঘ)

বৎসর	লাভ (টাকা)	লোকসান (টাকা)
১৯৫৮-৫৯	—	২৪,২৫০
১৯৫৯-৬০	৬৭,১০৯	—
১৯৬০-৬১	৮,৭৮৬	—
১৯৬১-৬২	১১,১১৩	—
১৯৬২-৬৩	৩০,৮৮২	—

(আনুমানিক এখনও নিরীক্ষণ হয় নাই)

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Finance Department may kindly make a statement on the enhancement of D.A. of State Government employees in reply to the Calling Attention Notice given by Shri Sambhu Charan Ghosh, Shri Amarendranath Roy Prodhan, Shri Bijoy Kumar Roy and Shri Kamal Kanti Guha, on the 12th February, 1964.

The Hon'ble Saila Kumar Mukherjee: In my Budget statement yesterday I dwelt on the question of granting dearness allowance to Government servants. Members may have noticed that I proposed grant of dearness allowance at Rs. 5 per month for all wholetime Government servants drawing pay up to Rs. 150 per month and Rs. 10 per month for those drawing pay between Rs. 151 and Rs. 300 per month with effect from the ensuing financial year. As a result of this decision it will be necessary to provide for suitable dearness allowance to teachers of non-Government aided primary and secondary schools. I also indicated in my Budget Statement certain other ameliorative and social security measures for our Government servants, viz. reimbursement of medical expenses for the Government servants and their families, question of providing pension for the families of deceased Government servants and retiring benefits for temporary Government servants. All these ameliorative and social security measures are likely to result in a recurring annual expenditure of about Rs 2½ crores dearness allowance and Rs. 1½ crores for medical benefit aggregating to four crores of rupees.

Members may have noticed that the estimated expenditure for the year 1964-65 exceeds the estimated revenue by 2.47 crores for meeting which additional revenue resources of Rs. 2 crores have been proposed. The proposed ameliorative measures will thus enlarge the revenue gap by Rs. 4.47 crores.

Having regard, however, to the imperative need for certain relief to Government servants it has been decided to accept this additional liability.

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Education Department will please make a statement on the non-availability of "Kishalaya" and other books published by D.P.I. in reply to the Calling Attention Notice given by Shri Rabindra Nath Mukhopadhyay on the 17th February, 1964.

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: কিশলয় ও শিক্ষা অধিকার কর্তৃক প্রকাশিত অন্যান্য পুস্তক জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহ হইতে সর্বত্র সরবরাহ করা হইবে এইরূপ আশা করা হয়েছিল। কলকাতার উপদ্রুত অবস্থার জন্য ছাপানো এবং বাঁধানোর কাজ বিশেষভাবে বিলম্বিত হইয়াছিল। ফলে পুস্তক প্রকাশে এবং বিতরণেও বিশেষ ব্যাঘাত ঘটিয়াছিল। তথাপি যথা-সাধ্য চেষ্টা করিয়া এখন সমস্ত জেলাতে এবং কলিকাতার শহরে যথেষ্ট সংখ্যক পুস্তক সরবরাহ করা হইতেছে। কলকাতা শহরে ক্রেতার সংখ্যা দ্বিগুণ করা হয়েছে। ছাত্র এবং অভিভাবকরা যদি অর্থপুস্তক না কেনেন, তাহলে অর্থ পুস্তকের বিক্রয় বন্ধ করা যায়। অন্য ব্যবস্থারও চেষ্টা করা হচ্ছে। অনুমোদিত দোকানে অর্থপুস্তক না কিনলেও সরকার প্রকাশিত সকল বই পাওয়া যাবে। কিন্তু অনুমোদিত দোকানে পাঠ্যপুস্তকের সঙ্গে অর্থপুস্তক বিক্রি করবার চেষ্টা করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে।

[অসত্য কথা—অসত্য কথা—গোলমাল]

কলিকাতা শহরে বিক্রেতার সংখ্যা..............

শ্রীকমলকান্তি গুহ: এত জরুরী ব্যাপার যে, ছেলে মেয়েরা একটা বই পাচ্ছে না, আর উনি খবর না রেখে, সে সম্বন্ধে কোন বিশেষ ব্যবস্থা না করে, গতানুগতিক উত্তর দিয়ে আমাদের ধাপ্পা দেবার চেষ্টা করছেন।

[নয়েজ]

মিঃ স্পীকার: আপনারা শুনুন, ও'র স্টেটমেন্ট যদি না পড়তে দেন তাহলে ইট উইল বি লেড অন দি টেবল।

[হট্টগোল]

শ্রীনিখিল দাস: বাজারে গেলে বই পাওয়া যায় না। আর..... ......

[হট্টগোল]

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আমার একটা কথা শুনুন। আমরা কলিং অ্যাটেনশন মোশনটা দিই এইজন্য যে সত্য কথা মন্ত্রীরা যাতে বলেন, কিন্তু এখানে অসত্য কথাত শুনতে আসি নি।

[হট্টগোল]

শুনবো কি মশায়?

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরী: কলিকাতা শহরে বিক্রেতার সংখ্যা দ্বিগুণ করা হইয়াছে। অর্থ পুস্তক কেনা সম্বন্ধে আমার বক্তব্য এই যে, ছাত্র এবং অভিভাবকেরা যদি অর্থ পুস্তক না কেনেন তাহা হইলে এই অর্থ পুস্তক বিক্রয়ের সমস্যাটা বন্ধ করা যায়। অন্য ব্যবস্থারও চেষ্টা হইতেছে।

[হট্টগোল]

অনুমোদিত দোকান অর্থ পুস্তক না কিনিলেও সরকারের প্রকাশিত সকল বইই পাওয়া যায়।

[হট্টগোল]

আপনারা না শোনেন শুনবেন না।

[হট্টগোল]

অনুমোদিত দোকানে অর্থ পুস্তক না কিনিলেও সরকারের প্রকাশিত সকল বইই পাওয়া যাইবে। কোন অনুমোদিত দোকান পাঠ্য বই-এর সঙ্গে অর্থ পুস্তক বিক্রয় করিবার চেষ্টা করিলে তাহাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হইবে।

[নয়েজ]

Shri Rabindra Nath Mukhopadhyay:

স্যার, আমরা একটা গুরুতর সমস্যা সম্পর্কে এই কলিং অ্যাটেনশন নোটিশ দিয়েছিলাম—উনি যা জবাব দিলেন তা শুনলাম। আসলে বইটা পাওয়া যাচ্ছে না। আপনারা যখন ঠিক করেছেন এই বই পড়ান হবে, তখন তা সাপ্লাই করার দায়িত্ব আপনাদের। প্রতি বৎসর এই 'কিশলয়' নিয়ে কেলেঙ্কারী হয়। কি পরিমাণ এর প্রয়োজন আছে আপনারা হিসেব করেছেন এবং প্রয়োজন অনুপাতে বিভিন্ন জেলায় পাঠাচ্ছেন স্টেটমেন্ট-এ বললেন উনি। এই তো ফেব্রুয়ারি মাস শেষ হতে যাচ্ছে, তিনি কি গ্যারান্টি দিয়ে বলবেন মার্চ মাসের মধ্যে সমস্ত জায়গায় পাঠাতে পারবেন? রাইটার্স বিল্ডিংস-এর নীচে বই বিক্রি হচ্ছে এবং আড়াই টাকা দিয়ে অর্থপুস্তক না কিনলে বই পাওয়া যায় না।

[Noise and interruptions]

[1-10—1-20 p.m.]

Mr. Speaker: I have received five notices of Calling Attention on—

(1) General Strike of employees of Howrah Municipality—by Dr. Kanai Lal Bhattacharya,

(2) Implementation of Moyna Basin Scheme in Third Five-Year Plan —by Shri Ananga Mohan Das,

(3) Arrangement of relief and rehabilitation for the new refugees coming from East Pakistan—by Shri Amarendra Nath Roy Prodhan, Shri Sunil Das Gupta and Shri Bijoy Kumar Roy,

(4) Assault and illegal confinement of an employee of E.M.E.I. Works Private Ltd. at Belghoria, 24-Parganas—by Shri Gopal Banerjee, and

(5) License for paddy—by Shri Sudhir Chandra Das

I have selected the Notice of Calling Attention given by Dr. Kanai Lal Bhattacharya on the subject of general strike of employees of Howrah Municipality. Will the Minister-in-charge please make a statement?

The Hon'ble S. M. Fazlur Rahman: The employees of the Howrah Municipality gave a strike notice to the Chairman of the Howrah Municipality on the 7th February last to the effect that the workers would go on strike after fourteen days or from any day thereafter unless their charter of demands which include increase of dearness allowance and redress of certain other alleged grievances were accepted. The Labour Directorate of the State Government has intervened in the matter and has taken up conciliation of the dispute with a view to avoiding this strike if possible. For this purpose meetings were held on the 17th instant with the representatives of the municipal employees as well as with the representatives of the Howrah Municipality and the employees have been officially requested by the Labour Directorate not to go on strike pending final decision of the conciliation proceedings. The Labour Directorate has also called meetings with the employees' representatives and the representatives of the Howrah Municipality on the 27th instant and on the 28th instant respectively for further discussion of the demands of the employees. It is hoped that the employees of the Howrah Municipality will not precipitate matters by going on strike, but will allow the Labour Directorate an opportunity to settle the dispute amicably.

"Messages

Secretary (Shri P. Roy): Sir, the following Messages have been received from the West Bengal Legislative Council, namely:—

(1)

"MESSAGE

The West Bengal Legislative Council at its meeting held on the 17th February, 1964, agreed to the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1964, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 17th February, 1964.

(2)

"MESSAGE

The West Bengal Legislative Council at its meeting held on the 17th February, 1964, agreed to the West Bengal Bhudan Yagna (Amendment) Bill, 1964, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 17th February, 1964.

(3)

"MESSAGE

The West Bengal Legislative Council at its meeting held on the 17th February, 1964, agreed to the Indian Red Cross Society (Bengal Branch) (Validation) Bill, 1964, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 17th February, 1964.

(4)

"MESSAGE

The West Bengal Legislative Council at its meeting held on the 17th February, 1964, agreed to the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1964, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 17th February, 1964.

(5)

"MESSAGE

The West Bengal Legislative Council at its meeting held on the 17th February, 1964, agreed to the West Bengal Criminal Law (Amendment) Bill, 1964, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 17th February, 1964.

(6)

"MESSAGE

The West Bengal Legislative Council at its meeting held on the 17th February, 1964, agreed to the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1964, without any amendment.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 17th February, 1964.

Stoppage of Issue of Migration Certificate Forms by the Indian Deputy High Commissioner, Dacca

শ্রীকমলকান্তি গুহ: স্যার, গত সোমবার আমাদের অ্যাডজোর্ন মোশন-এর উত্তরে জগন্নাথ বাবু বলেছিলেন দিল্লী থেকে যোগাযোগ করে আমাদের জানাবেন যে, ঢাকায় মাইগ্রেসন সার্টি-ফিকেট ফর্ম দেওয়া বন্ধ হয়েছে কিনা। কিন্তু আজ পর্যন্ত আমরা সেটা জানতে পারলাম না। রোজই কাগজে দেখছি মাইগ্রেসন সার্টিফিকেট ফর্ম দেওয়া বন্ধ হয়েছে। কাজেই আমি জানতে চাই এ'রা যোগাযোগ করেছেন কিনা এবং কি উত্তর পেয়েছেন?

দি অনারেবল জগন্নাথ কোলে: কাগজে এটা বেরিয়েছে, কিন্তু মাইগ্রেসন সার্টিফিকেট দেওয়া বন্ধ হয় নি। যা হোক, আমরা যোগাযোগ করেছি এবং যে মুহূর্তে খবর এসে যাবে তখনই জানাব। কাল বা পরশু যখনই আসবে তখনই জানাব।

শ্রীকমলকান্তি গুহ: পেপার-এ বলেছে মাইগ্রেসন সার্টিফিকেট দেওয়া বন্ধ হয় নি। কিন্তু যারা নূতন অ্যাপ্লিক্যান্ট তাদের ফর্ম দিচ্ছে না। এ ব্যাপারে আপনারা চুপ করে আছেন কেন? আগে যারা দরখাস্ত করেছে তাদের দেওয়া হচ্ছে, কিন্তু যারা নূতন দরখাস্ত করছে তাদের দেওয়া হচ্ছে না।

দি অনারেবল জগন্নাথ কোলে: এটাও আমরা জানতে চেয়েছি।

Discussion on Governor's Address

Shrimati Ila Mitra: Sir, I move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that it does not mention that the State Education Policy falls far short of requirements."

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর শিক্ষা সম্পর্কে আমি যে সংশোধনী দিয়েছি সে সম্বন্ধে দু-চার কথা বলতে চাই। তৃতীয় পরিকল্পনা কমিশন কর্তৃক রচিত শিক্ষা অধ্যায়ের সূচনাতে বলা হয়েছে, "দ্রুত অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে টেকনোলজিক্যাল অগ্রগতির প্রয়োজনে এবং মুক্তি, সামাজিক ন্যায়পরায়ণতা এবং সমান সুযোগের মূল্যবোধের উপর প্রতিষ্ঠিত একটি সমাজ জীবন গঠনের জন্য শিক্ষা হচ্ছে একটি গুরুত্বপূর্ণ এবং একক উপাদান—অর্থাৎ সিঙ্গল ফ্যাক্টর"। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিকল্পনা কমিশনের উধৃতি দিয়ে আমি বক্তৃতা শুরু করলাম তার কারণ হচ্ছে আমাদের দেশকে শিক্ষিত করে তোলা কেবলমাত্র প্রাথমিক দায়িত্ব তা নয়, আমাদের একেবারে প্রাথমিক প্রয়োজন মেটাবার স্বার্থে এটা অত্যন্ত প্রয়োজনীয়। এটা যে শুধু খাদ্যবস্ত্রের অভাব মেটাবার স্বার্থে জরুরী একথা না ভেবে অনেকে আজও শিক্ষাকে খাদ্যবস্ত্রের সঙ্গে নিঃসম্পর্কীয় নিছক মনের উন্নতি এবং বিকাশের একটা বিষয় বলে মনে করতে অভ্যস্ত। তা ছাড়া মনের উন্নতি এবং বিকাশের যে বিষয়টির মধ্যে আমরা স্বাভাবিকভাবে শিক্ষার দৌলতে প্রবেশ লাভ করি সেটাও অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জরুরী, তার-পর, ভারতবর্ষের ভাষাতে ঐক্য সাধনের জন্যও আমাদের নিরবচ্ছিন্ন শিক্ষা প্রয়াস আমাদের রাষ্ট্র-গঠন এবং স্বাধীনতা রক্ষার মোটা প্রয়োজনেও সেটা মুহূর্তের জন্যও উপেক্ষিত হতে পারে না, সাম্প্রতিক সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার পরিপ্রেক্ষিতে আশা করি একথা কাউকে চোখে আঙ্গুল দিয়ে বুঝিয়ে দেবার দরকার হবে না। আমাদের ধর্মনিরপেক্ষ রাষ্ট্র, আমাদের সংবিধান, আমাদের সার্বভৌমত্ব যেমন বিদেশীদের দ্বারা, ঠিক তেমনি দেশের অশিক্ষা এবং কুশিক্ষার দ্বারা যখন আক্রান্ত। আশা করি এ বিষয়ে কেউ দ্বিমত হবেন না যে, আমাদের দেশে শিক্ষার দ্রুত বিস্তার ও বিকাশ নূতন গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাম্প্রতিক সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার আমাদের কতগুলি বিশেষ দিককে, কতগুলি দুর্বল দিককে এমন-ভাবে প্রকট করে তুলেছে যেগুলির অস্তিত্ব সম্পর্কে আমরা তেমনভাবে অবহিত ছিলাম না।

[1-20—1-30 p.m.]

সত্য সত্যই ১৯৬৪ সালে পশ্চিমবাংলায় এবং কলকাতায় এইরকম ভাতৃঘাতী দাঙ্গাহাঙ্গামার আবহাওয়া সৃষ্টি হতে পারে একথা কি কেউ কল্পনা করতে পেরেছে? বিদেশীদের প্ররোচনা রয়েছে, একথা যদি বলেন তাহলে এই যুক্তি দিয়ে পার পাওয়া যায় না। প্ররোচনা দিলেই প্ররোচিত হওয়া এটা কোন সুস্থমতি মানুষ বা দেশের পক্ষে সাজে না। তা ছাড়া সবচেয়ে বড় কথা হচ্ছে সাময়িক উত্তেজনার বিস্ফোরণেই উত্তেজনার প্রশমন হচ্ছে না। বরং দিনের পর দিন যেভাবে বিভিন্ন পত্রপত্রিকাগুলিতে নানাবিধ তত্ত্ব যেমন লোক বিনিময় প্রভৃতি ছড়ানো হচ্ছে এবং দেশের শিক্ষিত সমাজ সেগুলি গিলেছে। এই ভয়ানক তত্ত্ব যদি স্বীকৃতি লাভ করে তাহলে ভারতবর্ষের মর্মবাণীর যে শুধু মৃত্যু ঘটবে তা নয়, তার বিকাশের ধারায় আজ আমাদের কাশ্মীর ছাড়তে হবে, আগামীকাল দ্রাবিড়স্থানের শ্লোগান মেনে নিতে হবে, তার পরের দিন নাগাভূমির বিচ্ছিন্নতা যে দাবি সেটাকেও মেনে নিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতের সমাজ এবং সভ্যতার ভারতের স্বপ্ন এবং মনীষার এইরকম বিকৃতি যখন ঘটতে থাকে চোখের সামনে তখন শুধু শিক্ষা বিস্তার নয়, শিক্ষার কারিকুলাম সম্বন্ধেও আমাদের গভীরভাবে বিবেচনা করতে হবে। শিক্ষাগত সংস্কৃতিগত নানাবিধ দুর্বলতা ছাড়া ভারতে ভাবগত ঐক্য এবং সংহতির উপর এমন কি শিক্ষিত সমাজের এক অংশের এরূপ জানাকে আমরা কিভাবে বিশ্লেষণ করতে পারি? ১৭ বছর হল আমাদের দেশ স্বাধীন হয়েছে, এখনও আমরা স্বাধীন রাষ্ট্র গঠনের কাজে লিপ্ত আছি। আমাদের ভারতবর্ষের রাষ্ট্র সমস্যা সম্পর্কে চিন্তানায়ক রবীন্দ্রনাথ যেভাবে দেখেছেন সে সম্পর্কে আমি একটা উদ্ধৃতি দিতে চাই। রবীন্দ্রনাথ ভারত পথিক রামমোহন রায় প্রবন্ধে বলেছেনঃ—মানব ইতিহাসের প্রধান সমস্যাটা কোথায়? যেখানে কোন অন্ধকার কোন মূঢ়তা মানুষে মানুষে বিচ্ছেদ ঘটায় মানব সমাজের সর্বপ্রধান সত্য মানুষের ঐক্য, সভ্যতার অর্থ হচ্ছে মানুষের এক হবার উদ্দীপনা, এই ঐক্যতন্ত্রের উপলব্ধি যেখানেই দুর্বল সেখানেই সেই দুর্বলতা নানাবিধ ব্যাধির আকার ধরে দেশকে চারিদিক থেকে আক্রমণ করে। শুধু রবীন্দ্রনাথ নয়, আমাদের ভারতের সকল মনীষীবৃন্দ একই কথা বলে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের স্বাধীনতা একটা নবম চারাগাছ মাত্র। এখনও আমরা স্বয়ংসম্পূর্ণ স্বাধীনরাষ্ট্র গড়ে তোলার কাজে ব্যাপৃত আছি। আমরা দেখেছি ইতিহাসে ভারত যে অনৈক্যের জন্য তার স্বাধীনতা হারিয়েছে। সেই অনৈক্যের বিষ আজও বিশেষকরে বাংলাদেশের আকাশে বাতাসে ছড়ানো হচ্ছে। কোথায় আমাদের শিক্ষাব্যবস্থা এবং শিক্ষিত সমাজ দেশরক্ষী দলের মত প্রস্তুত হয়ে যাবেন, বরং দেখছি তাঁরাও আফিমের নেশায় ঢুলছেন। শুধু তাই নয়, বাংলাদেশ হচ্ছে সকলের চক্ষুশূল, তাই দাঙ্গাহাঙ্গামা ঠেকাবার জন্য কেন্দ্র থেকে শ্রীনন্দ ছুটে এসেছেন, এসব কথা বলে প্রতিনিয়ত পত্র পত্রিকায় প্রচার করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজাপাল মহোদয়ার ভাষণে প্রথম থেকে শেষ পর্যন্ত সাম্প্রদায়িক দাঙ্গা এবং ভারতবর্ষের ঐক্য এবং সংহতির উপর জোর দেওয়া হয়েছে তা আমি লক্ষ্য করেছি। কিন্তু তারই পরিপ্রেক্ষিতে শিক্ষাকে নূতন দৃষ্টিভঙ্গীতে দেওয়া হয়নি বলে আমরা অত্যন্ত বিচলিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই শিক্ষার কথা বলতে গিয়ে গণশিক্ষার মাধ্যমে একটি পত্র-পত্রিকার ভূমিকা সম্বন্ধে আমি একটু বলতে চাই। আমি লক্ষ্য করেছি সেই ভয়ঙ্কর বেদনাময় দিনগুলিতে পত্রপত্রিকার সম্পাদকেরা মাঝে মাঝে নিজেদের বৈঠক করে সংবাদ পরিবেশনে স্বেচ্ছাপ্রণোদিত সংযত মেনে নিয়েছেন। আমরা কি আশা করতে পারি সেই পদ্ধতিতে আরও প্রসারিত করে, এমন কি বিধিবদ্ধ করে এগুনো যাবে? নতুবা গুটি কয়েক পত্রপত্রিকার মালিক দেশের মধ্যে এমন অবস্থা সৃষ্টি করতে পারেন যাতে ভারতের সমস্ত ভবিষ্যৎই বিপন্ন হয়।

আমরা এমনও জানি যে এসব বিষয় নিয়ে ইতিমধ্যে পত্রিকার মালিকের সঙ্গে পত্রিকার সম্পাদকের বিরোধ বাধছে। পত্রিকাসমূহের উপর একচেটিয়া মালিকানাগোষ্ঠীর কর্তৃত্বের কুফল নিয়ে আমি এখন আলোচনা করছি না। শুধু মেঘ যে জমছে সে সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্যার, এই বেদনাময় দিনগুলির মধ্যে আমাদের গভীর আস্থা এবং আশার আলো এখানে যে উৎপাদক সমাজ, তা ক্ষেতের কৃষক হোক, আর কলকারখানার মজুর হোক তাঁরা ঐক্য, সংহতি এবং মানবতাবোধ রক্ষায় তারা বিপুল অবদান রেখে গেছেন।

এবং স্বভাবজাত নিয়মে হুটকারী বিশৃঙ্খলভাব ভাবনাগুলোকে তাঁরা ঘৃণা করেন। মহাভারতের সুর করা ছন্দে, কথনে এবং বচনে তারা ভারতের ভাবগত ঐক্যের সুমহান ঐতিহ্যের উত্তরাধিকারী। স্যার, শিক্ষা খাতে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা লক্ষ্য করেছি বিবিধ সাংস্কৃতিক কার্য বিস্তারের জন্য মোট অর্থ বরাদ্দের শতকরা ২·৪ অংশ এই কাজের জন্য রাখা হয়েছে। আমরা কি আশা করতে পারি যে, আমাদের সরকার ভারতের ভাবগত ঐক্য ও সংহতি বিধানে আদর্শের জন্য সেই অর্থের সৎ ব্যবহার করবেন। অর্থাৎ গ্রামে গ্রামে সংস্কৃতি-বিকাশে এই অর্থের দ্বারা উৎসাহের সৃষ্টি করতে পারে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম রাজ্যপালের ভাষণে সেই কর্তব্যের ইঙ্গিত পর্যন্ত নেই। রাজ্যপালের ভাষণে শিক্ষা সম্পর্কে যে কথা বলা হয়েছে তাকে যদি আমি কেবলমাত্র গতানুগতিক বলি তাহলে বেশী মর্যাদা দেওয়া হয় বলে মনে করি, তিনি সমস্যাগুলিকে তুলে ধরতেই ভীত। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে প্রাথমিক, মাধ্যমিক, প্রায়োগিক, স্নাতোক এবং স্নাতোকত্তর শিক্ষা সম্প্রসারণের ব্যাপারে অগ্রগতি অক্ষুণ্ণ আছে। কিছুদিন ধরিয়া আমাদের সরকার প্রাথমিক শিক্ষার উপর অধিক গুরুত্ব আরোপের চেষ্টা করিতেছেন। প্রাথমিক শিক্ষা, অর্থাৎ ৬ থেকে ১১ বৎসর বয়স্ক বালক বালিকাদের শিক্ষার ব্যাপারে আমরা কোথায় আছি? সর্বভারতীয় ক্ষেত্রে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে ৭৬·৪ ভাগ বালক বালিকাদের বিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা হবে বলে বলা হয়েছে। আমরা যদি ধরে নিই তৃতীয় পরিকল্পনার শেষে যে লক্ষ্য আছে সেই লক্ষ্য পূরণ করা হবে তাহলে আজ থেকে আগামী ৩ বছর পরে দেশের শতকরা ২৫ ভাগ এই বছরের বালক বালিকা অ, আ, ক, খ, শেখার থেকে বঞ্চিত থাকবে। আমরা জানি এই বঞ্চিত অংশে রয়েছে তারা, যারা আমাদের জন্য জমি চাষ করে মাটিকে সুজলা, সুফলা করে। শুধু তাই নয়, আমাদের অন্নের সংস্থানের জন্য আমাদের অধিক উৎপাদনের জন্য বৈজ্ঞানিক চাষের কথা আমরা প্রায় নেতৃবৃন্দের মুখে শুনি, কিন্তু আসলে উৎপাদক সমাজকে অ, আ, ক, খ, পর্যন্ত না শিখিয়ে তাদের বৈজ্ঞানিক চাষে লাগান যাবে একথা কি কেউ বিশ্বাস করতে পারে? আজকে পশ্চিমবাংলার শিক্ষাব্যবস্থা যে একটা বিরাট বিপর্যয়ের মধ্য দিয়ে চলছে একথা ভুক্তভোগী ব্যক্তি মাত্রই নিশ্চয় স্বীকার করবেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী এম সি চাগলা বলেছেন যে তৃতীয় পরিকল্পনার শেষ যে লক্ষ্য আছে ৭ থেকে ১১ বছর বালক বালিকাদের প্রাথমিক শিক্ষা সম্পর্কে, সেই লক্ষ্য পূরণ হবে না এবং বলেছেন সারা ভারতের প্রাথমিক শিক্ষার ব্যাপারে পশ্চিমবাংলা ষষ্ঠ স্থান অধিকার করে আছে এবং মাধ্যমিক শিক্ষায় নবম স্থান অধিকার করে আছে। যা ১১ থেকে ১৪ বছর বালকদের শিক্ষার বর্তমান হার ৩৩·৫ শতাংশ মাত্র, এবং বালিকাদের মাত্র ১২·৫ শতাংশ। ১১ থেকে ১৪ বছরের মোট বালক বালিকাদের মধ্যে মাত্র ২৩·২ অংশ মাধ্যমিক শিক্ষার সুযোগ পেয়েছে। এই ব্যর্থতা সত্বেও রাজ্যপালের ভাষণে লেখা রয়েছে অগ্রগতি হচ্ছে। অবশ্য শিক্ষামন্ত্রী মহাশয় এর জবাব দেবেন যে গত বছরে যতজন স্নাতক হয়েছে এখন তার চেয়ে ২ হাজার বেশী স্নাতক হয়েছে— অতএব অগ্রগতি হচ্ছে। কিম্বা বলবেন যে ৫ বছর আগে এতগুলো স্কুল ছিল এখন তার চেয়ে আরও ১০-১২ হাজার স্কুল বেড়েছে, অতএব অগ্রগতি হচ্ছে। কিন্তু আমরা প্রকৃতপক্ষে কোথায় আছি সেটা আপনাকে কয়েকটা তথ্য দিয়ে বলব।

[1-30—1-40 p.m.]

সেদিন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে শ্রী সি পি রামস্বামী আয়ার বলে গেছেন যে, বাংলাদেশের শিক্ষার মান অনেক কমে গেছে এবং শিক্ষার মান ও যোগ্যতা সময়ের প্রয়োজনের সঙ্গে তাল রেখে এগোতে পাচ্ছে না। শিক্ষা নীতি দিন দিন ঘোলাটে হচ্ছে। শিক্ষা ব্যবস্থার মধ্যে সবচেয়ে বড় সমস্যা যেটা সেটা সম্বন্ধে বহুবার বলেছি আবার সে কথা বলতে হচ্ছে যে শিক্ষার বিভিন্ন স্তরে যে অসামঞ্জস্য, তার মধ্যে আজও সামঞ্জস্য করা সম্ভব হয় নি। প্রাথমিক শিক্ষার স্তর থেকে মাধ্যমিক শিক্ষার স্তর পর্যন্ত এবং বিশ্ববিদ্যালয় স্তরে এই তিনটা বিভাগের কারো সঙ্গে কারো কোন সংযোগ নেই। শিক্ষা সংস্কারের জন্য যদিও সরকার বিভিন্ন কমিশন করেছেন কিন্তু সেগুলি প্রত্যেকে পরস্পরের সঙ্গে বিচ্ছিন্ন, যার ফলে আমাদের শিক্ষা ব্যবস্থা একটা বিরাট বিপর্যয়ের মুখে এসে দাঁড়িয়েছে। প্রাথমিক শিক্ষার স্তরে ছাত্রের বুনিয়াদ বা

ভিত্তি গঠিত হয় এবং মাধ্যমিক ও উচ্চ স্তরে গিয়ে তার স্ফুরণ ঘটে। তাই প্রাথমিক ও মাধ্যমিককে বাদ দিয়ে যদি উচ্চ শিক্ষার উন্নতি করতে যাই, তাহলে বিফল হতে বাধ্য এবং বর্তমানেও তাই হচ্ছে। একটা সমস্যা যা দীর্ঘদিন ধরে বিভিন্ন শিক্ষাবিদরা বলে গেছেন, এবং আমরাও বলে এসেছি যে শিক্ষার বিভিন্ন স্তরের মধ্যে সামঞ্জস্য আনা হোক। কিন্তু আজ পর্যন্ত সরকার সে দিকে দৃষ্টি দেন নি। আর একটা বিশেষ সমস্যা বর্তমানে উদ্ভব হয়েছে, সেটা হচ্ছে মাধ্যমিক স্তর ও থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্সের প্রবর্তনের ফলে এবং এই দুটা স্তরের মধ্যে সামঞ্জস্য না থাকার ফলে, শিক্ষার মানের উন্নতির পরিবর্তে অবনতি ঘটছে। অষ্টম শ্রেণীতে বিভিন্ন মুখী খাতের চক্রে পড়ে যেমন ছাত্রছাত্রীরা তেমন অভিভাবকরা বিপর্যস্ত হচ্ছেন। প্রথমত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উপযুক্ত শিক্ষক নাই। অন্য দিকে পাঠক্রম এমন করা হয়েছে যার মধ্য যিয়ে উচ্চমাধ্যমিক পাঠ করে উচ্চ শিক্ষার সুযোগ অনেকে পাচ্ছে না। যেমন টেকনিক্যাল খাতের ছাত্র মাধ্যমিক বিদ্যালয়ের পাঠ করে ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ পাচ্ছে না, কৃষি খাতে মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে থ্রি ইয়ার্স ডিগ্রি কোর্সের সামঞ্জস্য নেই। তা ছাড়া বহু স্কুলকে বহুমুখী করা হয় নি। বিজ্ঞান খাতে উপযুক্ত অধ্যাপনার অভাবে নাম মাত্র টিকে আছে। ছাত্রদের বিজ্ঞান পড়তে দেওয়া যাচ্ছে না। এই কথা আজ সকলেই জানেন যে, এক-তৃতীয়াংশ বিদ্যালয়ে বিজ্ঞানের লেবরেটরী নেই। হাতের কাজ শেখার সুযোগ অত্যন্ত কম। বিজ্ঞানের উপযুক্ত শিক্ষকের অভাব অত্যন্ত। উপযুক্ত টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা নেই। কোন সাপ্তাহিক পরীক্ষার ব্যবস্থা নেই। হাতেকলমে কাজ করা হয় খুব কম। তাই নানা কারণে আমরা দেখতে পাচ্ছি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং থ্রি ইয়ার ডিগ্রি কোর্সে অর্ধেকের বেশী ছেলে তৃতীয় বিভাগে পাশ করে। উচ্চ মাধ্যমিক থ্রি ইয়ার ডিগ্রি কোর্সের ফল আশাপ্রদ নয় বলে একটা হতাশা সৃষ্টি করেছে। বর্তমানে কলেজ অধ্যক্ষদের কমিটির অনুসন্ধানের ফলে দেখা যাচ্ছে ৫০ ভাগ ছাত্র আজকে উত্তীর্ণ হতে পারছে না, এই হচ্ছে একটা সাধারণ অবস্থা। তারপর বিশ্ববিদ্যালয় স্তরে যে শিক্ষা উন্নতির কথা বলা হচ্ছে সে দিকে যদি তাকাই তাহলে দেখা যাবে বিশ্ববিদ্যালয় স্তরে উপযুক্ত শিক্ষার্থীর মধ্যে মাত্র শতকরা ১·৮ ভাগ ১৯৬১ সালে শিক্ষা পাচ্ছে এবং ১৯৬৬ সালে শতকরা ২·৪ ভাগ তারা শিক্ষা পাবে। বার্ষিক জনসংখ্যা বৃদ্ধি যদি ২·১ ভাগ, তার সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখা যাবে বিশ্ববিদ্যালয় স্তরে মোটেই শিক্ষার অগ্রগতি হচ্ছে না। তা ছাড়া আমবা লক্ষ্য করেছি পশ্চিম বাংলার কিছু ব্যক্তি এবং আমাদেব সরকারের একটা ধারণা আছে যে জনসংখ্যার একটা বেশী অংশ উচ্চ শিক্ষার জন্য ঝুঁকে পড়েছে। কিন্তু একথা মোটেই সত্য নয়, এ বিষয়ে ডাঃ শ্রীমালি তাঁর লোকসভায় একটা বক্তৃতায় বলেছিলেন—

"Comparison of University enrolment in India with that in other countries will show that there are only 2,400 university students in India for every million people as against 3,880 in France, 6,190 in Australia, 7,130 in Japan 10,000 in U.S.S.R., and 11,170 in U.S A.

যদি আমাদের জাপানের সমানও হতে হয়, তাহলে এখন যে শিক্ষা ব্যবস্থা আছে তার চেয়ে তিন গুণ বাড়াতে হবে বিশ্ববিদ্যালয়ের স্তরে। তারপর মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে আসুন। আজকে প্রাথমিক শিক্ষা যারা পাচ্ছে তাদের মাত্র ½ অংশ আমাদের তৃতীয় পরিকল্পনা শেষে যে লক্ষ্য রয়েছে তাতে বর্তমানে যে বিদ্যালয় রয়েছে তাতে মাত্র একের চার অংশ ছাত্র মাধ্যমিক শিক্ষা পাবে। এই সংখ্যা সম্ভাব্য সংখ্যার মাত্র ১১ ভাগ। আমাদের যদি সমস্ত বালক-বালিকাদের প্রাথমিক এবং অন্ততঃ দেড়গুণ মাধ্যমিক শিক্ষার আওতায় আনতে হয় তাহলে বর্তমান সংখ্যার প্রায় ৩ গুণ স্নাতক শিক্ষকের প্রয়োজন। বর্তমানে বি এ এবং বি এস সি-তে যারা পাশ করেছেন তাঁরা ১৪ হাজারের কিছু বেশী—১৪ হাজার ৮ শত। উচ্চ শিক্ষার অপ্রতুলতা এবং পাশের হার যদি এরূপ থাকে তাহলে ৫ বছরে কেন ১০ বছরেও আমরা স্নাতক শিক্ষক কিছুতেই পেতে পারি না এবং শুধু তাই নয়, যদি স্নাতকোত্তর স্তরে শিক্ষাব্যবস্থা সম্প্রসারণ করতে হয় তাহলে বর্তমান অধ্যাপক সংখ্যার দ্বিগুণ অধ্যাপক প্রয়োজন এবং সেই অধ্যাপক আজ সারা পশ্চিমবাংলায় মাত্র চার হাজার আছে। কিন্তু যে হারে পাশ করছে তার মধ্যে সেই হারে অধ্যাপনার মধ্যে লোক আসতে চাচ্ছে না। কারণ জীবিকার জন্য অন্যত্র সুযোগ পেলে কোন ছাত্রই অধ্যাপনার দিকে আসতে চান না। কেন না বেতন অত্যন্ত কম। এই হচ্ছে

সাধারণ অবস্থা। আমরা দেখেছি যে অন্যান্য উন্নত সমস্ত দেশে শুধু এম এ, এম এস সি নয়, স্নাতকোত্তর স্তরে ছাত্রছাত্রীরা যদি গবেষণা করার সুযোগ না পায় তাহলে কখনই সেই দেশ আগিয়ে যেতে পারে না। আমরা দেখছি যে রাশিয়ায় প্রায় ১০ হাজার করে প্রতি বছর পি এস ডি হচ্ছে। অবশ্য ব্রিটেনের সঙ্গে যদি রাশিয়ার তুলনা করি, তাহলে দেখবো যে ব্রিটেনের গতি অতি মন্থর—বৎসরে মাত্র ১৫ শত। আর ভারতে গত পাঁচ বছরে মাত্র ৩,৯০০ ডক্টরেট ডিগ্রী পেয়েছেন এবং এ বছর পশ্চিমবঙ্গে মাত্র ১৭৮ জন। তাহলে বুঝতে পারছেন এই সংখ্যা কত নগণ্য এবং কি পরিমাণ আমরা পিছিয়ে পড়ে আছি। এতো গেল—কিন্তু সাধারণ উচ্চ শিক্ষার ক্ষেত্র ছাড়াও আমাদের সবচেয়ে প্রয়োজন যে বৃত্তিমূলক শিক্ষা, সেখানেও আমরা পিছিয়ে আছি। বৃটেনে বৎসরে ২০ হাজারের মত ইঞ্জিনীয়ার এবং বৈজ্ঞানিক শিক্ষার শেষে কাজে রত হচ্ছে। আর আমাদের পশ্চিমবাংলায় গত বছর ১ হাজার ৬২ জন ডিগ্রী এবং ১ হাজার ৭০৭ জন ডিপ্লোমা পেয়েছে এবং সারা ভারতে ৮ হাজার ২ শত ৬২ জন ডিগ্রীধারী এবং ১২ হাজার ২ শত ৬৭ জন ডিপ্লোমাধারী ইঞ্জিনীয়ার হয়েছেন। আপনারা সকলেই জানেন যে এখানে ১০টি ইঞ্জিনীয়ারিং কলেজ আছে এবং সেখানে ১,৯২৩টি স্থান আছে আর ৩৪টি ডিপ্লোমা পলিটেকনিকে ৩ হাজার ৫৫ জনের স্থান আছে। মোট চার হাজার নয় শত আটাত্তর জন-এর স্থান আছে। কিন্তু এটা যে প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম আশা করি সে কথা বিশেষভাবে বলার প্রয়োজন নেই। কেন না এখন এর প্রায় চতুর্থগুণ স্থান দরকার। আজ পশ্চিমবাংলায় এক লক্ষের কাছাকাছি বিশ্ববিদ্যালয় স্তরে শিক্ষার্থীর মধ্যে শতকরা ২০ ভাগের কিছু বেশী বিজ্ঞান এবং অন্যগুলি, অর্থাৎ পূর্ত, কারিগরী চিকিৎসা, পশুপালন ইত্যাদি শতকরা ৫ জনের কম সুযোগ পাচ্ছে। আর কলা বিষয়ে ৭৫ ভাগ ছাত্রছাত্রী রয়েছে। একথা সকলেই জানেন এবং বার বার নেতৃবৃন্দের বক্তৃতাতেও আমরা শুনি যে আমাদের পশ্চিমবাংলাকে শিল্পকে কেন্দ্র করে বাঁচতে হবে। সেখানে বিজ্ঞান শিক্ষা দেবার ব্যাপারে আশু ব্যবস্থা করা দরকার। কিন্তু এই শিক্ষা দেবার ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি এবং সেখানে দেখা যাচ্ছে যে যদিও নূতন ৭টি বিশ্ববিদ্যালয় হয়েছে তাতেও স্থান সংকুলান হচ্ছে না। অনার্স ছাত্র আজকে বিশ্ববিদ্যালয়ে স্থান পাচ্ছে না। এইসমস্ত বিষয়ে আমি বিস্তারিতভাবে আগে বলেছি এবং পরে আবার বলবো-আজকে শুধু রাজ্যপালের ভাষণের শুধু এইটুকু দেখাতে চাই যে, তাঁর বক্তৃতায় রয়েছে যে শিক্ষার ব্যাপারে অগ্রগতি হয়েছে সেখানে আমি বলবো যে প্রয়োজনের তুলনায় অগ্রগতি হয় নি দিনের পর দিন সেদিক থেকে ব্যর্থ হয়েছে। এবং শুধু তাই নয়, কালকে বাজেট প্রেজেন্ট করা হয়েছে তাতে একটা জিনিস লক্ষ্য করলাম এর পরে এ সম্পর্কে আরো বলবো-গত বৎসরে যে বরাদ্দ ছিল তার থেকে শিক্ষার জন্য এ বৎসরের বাজেটে ৫০ লক্ষ টাকা কেটে নেওয়া হয়েছে, তাও প্রাথমার, মাধ্যমিক এবং মেয়েদের শিক্ষার খাত থেকে। এর চেয়ে লজ্জার এবং দুঃখের ব্যাপার কি আছে তা জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আজকে যে মূল বক্তব্য, যেখানে আমি প্রথম থেকে শুরু করেছিলাম যে শিক্ষা খাওয়া পরার উপরে একটা জিনিস নয়, শিক্ষা একদিকে যেমন আমাদের খাওয়া-পরার জন্য প্রয়োজন তেমনি আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রাখার জন্যও প্রয়োজন। এই উপলব্ধি বিশেষ করে আজকে দাঙ্গাহাঙ্গামার পরিপ্রেক্ষিতে আমরা সকলেই বিশেষভাবে বুঝেছি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম যে সেই উপলব্ধিটাই, অর্থাৎ আমাদের খাওয়া পরার চাহিদার স্বার্থে এবং আমাদের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষার স্বার্থে যে শিক্ষার প্রয়োজন সেই উপলব্ধি রাজ্যপালের ভাষণে একেবারেই অনুপস্থিত। তাই আজকে রাজ্যপালের ভাষণকে সমর্থন না জানিয়ে আমি আমার বক্তব্যকে শেষ করছি।

[1-40—1-50 p.m.]

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপালের ভাষণের উপর গত কয়েকদিন যাবৎ বিধানসভায় আলোচনা শোনার আমার সৌভাগ্য হয়েছে এবং সেই বিতর্কের শেষ পর্যায় এসে আজ আমি আপনার মাধ্যমে এই বিধানসভার সামনে আমার বক্তব্য পেশ করতে

চাই। রাজ্যপালের ভাষণে সারা পশ্চিমবঙ্গের একটা পূর্ণাঙ্গ ছবি তুলে ধরা সম্পূর্ণভাবে যে সম্ভব নয়, তা আমরা সকলে উপলব্ধি করি। তিনি পশ্চিমবঙ্গে বিগত এক বৎসরে সরকার যে সমস্ত উন্নয়নমূলক কার্যগুলি করেছে তার একটা বিবৃতি তুলে ধরেছেন এবং আগামী দিনে সরকারের কি পরিকল্পনা আছে তার একটা ইঙ্গিত দিয়েছেন। কিন্তু যে প্রশ্নটা সবচেয়ে বড় করে রাজ্যপালের মনকে আচ্ছন্ন করেছে এবং আমি লক্ষ্য করেছি শুধু রাজ্যপালের মনকেই আচ্ছন্ন করে নি, এই সভাকক্ষের প্রায় সমস্ত সদস্যের মনকেই আচ্ছন্ন করেছে সেইটার কথাই তিনি বিশদভাবে আলোচনা করেছেন। সে সমস্যাটি হল পশ্চিমবঙ্গের, বর্তমান যে পরিস্থিতি উদ্ভব হয়েছে তার কথা সকলের মনকে আচ্ছন্ন করেছে। আমরা লক্ষ্য করে দেখলাম কি যে, পশ্চিমবঙ্গে গত এক বৎসরে চৈনিক হামলাব পর আস্তে আস্তে যখন নিজের অগ্রগতিকে অব্যাহত রেখে দেশের প্রতিরক্ষাও দৃঢ়তর করবার জন্য দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছে তখন হঠাৎ আঘাত এল বিশেষ করে এই পশ্চিমবঙ্গের উপরে পাকিস্তানের দিক থেকে। এই আঘাতকে যদি আমরা সাম্প্রদায়িক আঘাত বলে মনে করি তা হলে আমার মনে হয় ঠিক হবে না। এ আঘাত হল রাজনৈতিক আঘাত। এ আঘাত কোন স্পোরাডিক ঘটনার উপর দিয়ে ঘটেনি। এর পিছনে বিরাট রাজনৈতিক চক্রান্ত যার মূল রচিত হয়েছে চীন এবং পাকিস্তানের মৈত্রীর মধ্যে দিয়ে, যে চক্রান্তের শাখা-প্রশাখা বিস্তার করেছে ভারতবর্ষে এবং পাকিস্তানের সর্বত্র, সেই আঘাত এসে ভারতবর্ষকে আরও মুহ্যমান কবে তুললো। আমরা দেখতে পাচ্ছি, চক্রান্ত পরিকল্পনা কিভাবে সুষ্ঠুরূপে নিয়ে তা কার্যকরী করা হল। কাশ্মীরে পবিত্র পয়গম্বরের কেশ সুপরিকল্পিতভাবে চুরি হল, সেই চুরির পিছনে পাক চক্রান্তকারীর যে হাত আছে তার ইঙ্গিতও আমরা লোকসভায় স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য থেকে সেদিন শুনেছি। সেই পবিত্র কেশ চুরি হওয়াব ফলে সমস্ত মানুষ, হিন্দু হোক, মুসলমান হোক, সকলেই হায় হায় করে উঠেছে, শুভবুদ্ধিসম্পন্ন সকল মানুষই সরকারের কাছে দাবি জানিয়েছে এই পবিত্র কেশ উদ্ধার করতে হবে। কেন্দ্রীয় সবকাব তৎপরতার সঙ্গে এই উদ্ধারকার্যে নেমে পড়ে সাফল্যলাভ করেছেন। এই পবিত্র কেশ চুরির প্রতিক্রিয়া শুধু কাশ্মীরের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি, এর প্রতিক্রিয়া পূর্ববঙ্গের যশোহব, খুলনায় মানুষের মনকে আরও বিষাক্ত করে তুলল। পৃথিবীর অন্যান্য মুসলমানপ্রধান রাষ্ট্রগুলিতে এই প্রতিক্রিয়া দেখা দিতে পারত, কিন্তু সেখানে দেখা দিল না, দেখা দিল খুলনা, যশোহর, কুমিল্লা এবং এই প্রতিক্রিয়ার ঢেউ এল পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষের অন্যান্য প্রদেশে। এবং এই ছিল এই পরিকল্পনার লক্ষ্য। পাক চক্রান্তকারী ও দালালরা ভারতবর্ষ ও পশ্চিম-বঙ্গের মানুষকে সাময়িকভাবে উত্তেজিত করেছিল। তার প্রতিক্রিয়া দেখা দিল কলকাতার বুকে, মানুষ যেন সাময়িকভাবে উন্মত্ত হয়ে গেল। পরাধীন ভারতের মানুষ যে স্বাধীনতা লাভ করেছে, সেই স্বাধীনতা রক্ষা করবার জন্য দৃঢ়বদ্ধ মানুষ সাময়িকভাবে ভুলে গেল আদর্শ, ভুলে গেল লক্ষ্য, ভারতবর্ষের স্বার্থের কথা ভুলে গেল এবং পাকিস্তানের উস্কানিতে এইভাবে হিন্দু-মুসলমানের মধ্যে হানাহানি আরম্ভ হয়ে গেল। এবং আসল উদ্দেশ্য হল সাম্প্রদায়িক দাঙ্গা জিইয়ে রেখে ভারতবর্ষকে এমন একটা পর্যায়ে আনা যে পর্যায়ে ভারতবর্ষের নেতৃবৃন্দ পাকিস্তানের বিরুদ্ধে সংগ্রাম করতে বাধ্য হবে—ভারতবর্ষকে সংগ্রামে লিপ্ত করার জন্য এই চক্রান্ত হল এবং এটা হল চীন ও পাকিস্তানের মিলিত চক্রান্ত। গতবার যখন ভারতের বুকে সাম্রাজ্যবাদী কমিউনিষ্ট চীনের হামলা হয় তখন সারা পৃথিবীর মানুষ চীনকে ধিক্কার দিয়েছে, সেই কলঙ্কের কালিমা মুছে ফেলবার জন্য চীন তাই চক্রান্ত করেছে ভারতবর্ষকে সংগ্রামে লিপ্ত করাবার জন্য। এবং এজন্য অতি সুন্দরভাবে ক্ষেত্র রচিত হয়েছে। চীনের নায়কগণ চারদিন ব্রহ্মদেশে সফর করেন এবং ততদিন নতুন স্বাধীনতাপ্রাপ্ত আফ্রিকার দেশগুলিতে তাঁরা ভ্রমণ করেন -তারপর তাঁরা মিলিত হয়েছেন পাকিস্তানের বুকে কিভাবে ভারতবর্ষকে সংগ্রামে লিপ্ত করা যায় তার চক্রান্ত কবার জন্য। তারপর, আমরা আরও দেখতে পাচ্ছি তাঁরা সিংহল সফরে এলেন। এভাবে চীন এবং পাকিস্তান মিলিতভাবে ভারতবর্ষকে অক্টোপাশের মত ঘিরে ফেলবার ষড়যন্ত্র হল এবং এই ষড়যন্ত্রের অঙ্গ হিসাবে পাকিস্তান এবং ব্রহ্মদেশের মধ্যে মৈত্রী বন্ধনের সূত্রপাত হল, সিংহলের বুকে চীনের নৌঘাঁটি স্থাপনের চক্রান্ত হল।

[1-50—2 p.m.]

আর চক্রান্ত দেখতে পাচ্ছি চীনের সাবমেরিন ব্রহ্ম উপসাগরের উপর। এই সমস্ত কাজগুলিকে পাশাপাশি মিলিয়ে দেখলে দেখা যাবে একদিকে আফ্রিকার দেশগুলির সঙ্গে মৈত্রী করবার চেষ্টা এবং আর একদিকে দেখা যাবে পাকিস্তানের সঙ্গে আদর্শবিরোধী দেশের মিলনের চেষ্টা। শুধু তাই নয়, ব্রহ্মদেশের সঙ্গে হাত মিলিয়ে ভারতের বিরুদ্ধে জনমত সৃষ্টি করবার যেমন চেষ্টা চলেছে ঠিক তেমনি চারিদিকে যুদ্ধের কাঠামো তৈরি করে সামরিক প্রস্তুতির চেষ্টাও চলেছে। স্যার, চীনের চক্রান্তে, পাকিস্তানের চক্রান্তে কাশ্মীরের হজরতবালের মসজিদ থেকে পবিত্র কেশ উধাও এই সমস্ত জিনিস মিলিয়ে দেখলে দেখা যাবে এমন একটা পরিকল্পনা রচিত হয়েছে যাতে ভারতবর্ষ বাধ্য হবে এই আক্রমণে লিপ্ত হতে। স্যার, আমি বিধানসভার কিছুসংখ্যক সদস্যের মত ফাঁপা বক্তৃতা করব না, শিক্ষাখাতে এত টাকা কমেছে বলে সেই আলোচনা করব না, ফরওয়ার্ড ব্লকের সদস্যদের মত এই সরকারের অপদার্থতার কথা বলে নিজের কনস্টিটিউয়েন্সিতে গিয়ে ভোটের কথা বলব, না কিছু কিছু বন্ধুদের মত বেপরোয়াভাবে দেশের সামগ্রিক কথা চিন্তা না করে দেশকে উচ্ছন্নের পথে এগিয়ে নিয়ে যাব, না উন্মত্ত জনতা শান্ত করে ভারতবর্ষ যেভাবে স্বাধীনতা রক্ষা করে চলেছে তাকে দৃঢ় করব? মাননীয় স্পীকার মহাশয়, আমার কণ্ঠে এত জোর নেই যার সাহায্যে এই ৪৫ কোটি মানুষের ঘরে ঘরে গিয়ে আমি একথা বলতে পারি বা আমার লেখনীতে এত তীক্ষ্ম ধার নেই যার সাহায্যে আমি প্রত্যেক মানুষের কাছে এই চক্রান্তের কথা তুলে ধরতে পারি। তাই আপনার মাধ্যমে, বিধানসভার মাননীয় সদস্যের মাধ্যমে সারা বাংলা এবং ভারতবর্ষের কাছে বলছি যে, লক্ষ কোটি মানুষের এই স্বাধীনতা যেন বিপন্ন না হয়, স্বাধীনতার জন্য যারা প্রাণ বিসর্জন দিয়েছেন তাঁদের সেই প্রাণ বিসর্জন যেন ব্যর্থ না হয়। ভারতবর্ষ অগ্রগতির পথে চলেছে এটা তাদের চক্ষুশূল হয়েছে তাই আজকে ভারতবর্ষকে আক্রমণ করেছে। স্যার পূর্ববাংলা থেকে যে সমস্ত ছিন্নমূল মানুষ আমাদের এখানে এসেছে তাদের নিয়ে আমরা যেন রাজনীতির কথা চিন্তা না করি এবং সঙ্গে সঙ্গে ভারত সরকারকে বলব ভারতবর্ষের মানুষ সারা পৃথিবীতে এমনভাবে জনমত সৃষ্টি করুক যাতে তাঁরা আমাদের ভুল না বোঝেন। ভারতবর্ষের মানুষ যে যেখানে থাক, তারা প্রত্যেকে যেন নিজেকে রাষ্ট্রদূত বলে মনে করেন অফিসিয়ালি না হোন, আন-অফিসিয়ালি যেন মনে করেন। স্যার, যদিও অনেকদিন আগেকার কথা তবুও বলছি যে, পৃথিবীর অন্যান্য প্রান্তে যাবার সুযোগ আমার ঘটেছিল এবং আমি দেখেছি ভারতবর্ষের সমস্যার কথা পৃথিবীর মানুষ তেমন ভালভাবে জানে না। কাজেই আমি সংবাদপত্রগুলিকে বলব তাঁদের বিদেশী সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানের সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত হতে হবে এবং আমাদের দেশের আভ্যন্তরীণ সমস্যার কথা, পাকিস্তানের অত্যাচারের কথা সারা পৃথিবীতে যাতে প্রচারিত হয় তার জন্য সাগ্রহে চেষ্টা করতে হবে। আমি দেখেছি সংবাদপত্রের তরফ থেকে এরকম একটা প্রচেষ্টা হচ্ছে এবং লোকসভার মাননীয় সদস্যদের মাধ্যমে এরকম একটা প্রচেষ্টা হচ্ছে এবং লোকসভার মাননীয় সদস্যদের মাধ্যমে এরকম একটা চেষ্টা হচ্ছে। আমি বিধানসভার মাননীয় সদস্যদের বলব, তাঁরা তাঁদের ক্ষুদ্র শক্তি দিয়ে, আমাদের যে তাগদ আছে তা দিয়ে ভারতবর্ষের এই দুর্দিনে আমাদের লক্ষ্যে পৌঁছাবার জন্য, এই অশান্তিকে শান্ত করবার জন্য তাঁরা যেন এগিয়ে যান। এই সমস্যাকে উপেক্ষা করলে আমরা ভুল করব। আর একটা তথ্য বলতে চাই এবং সেটা হল পূর্ব বাংলা থেকে যে সমস্ত হিন্দুভাইরা এখানে চলে এসেছ তাদের স্থায়ী পুনর্বাসনের জন্য সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করা একান্ত প্রয়োজন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী এই সিদ্ধান্ত করেছেন তাদের যেমন করে হোক পুনর্বাসনের ব্যবস্থা করবেন এবং কেন্দ্রীয় সরকার তাতে রাজী হয়েছেন। দণ্ডকারণ্য সংস্থা তাদের পুনর্বাসন দেবার জন্য দ্রুত প্রস্তুতির পথে এগিয়ে চলেছে, কিন্তু আমি একটা জায়গায় সন্দেহ প্রকাশ করছি এবং সেটা হল অন্ততঃ ২০ থেকে ৩০ লক্ষ উদ্বাস্তু যদি পূর্ব বাংলা থেকে ভারতবর্ষে আসে তা হলে তাদের গ্রহণ করবার জন্য প্রস্তুতি দণ্ডকারণ্যে এখনও হয়েছে কিনা? যে সমস্ত প্রাদেশিক সরকার দণ্ডকারণ্যে সাহায্য করবেন বলেছেন তাঁরা এখন পর্যন্ত জমি দেবার প্রতিশ্রুতি দিলেও জমির দখল দেন নি। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যে তাঁর প্রচেষ্টার সঙ্গে এক হয়ে বিধানসভার মাননীয় সদস্যেরা বলবেন, কেন্দ্রীয় সরকারের কাছে

যে, এক মাসের মধ্যে জমির দখল চাই এবং যদি ২০-৩০ লক্ষ উদ্বাস্তু এখানে চলে আসে তা হলে তার জন্য যে ২-৩ হাজার কোটি টাকার প্রয়োজন হবে সেটা পাবার লক্ষ্যে আমাদের এগিয়ে যেতে হবে। এ স্পেড মাস্ট বি কল্ড এ স্পেড। দ্রুত পদক্ষেপে এই দুটো সমস্যা সম্বন্ধে আমাদের এগিয়ে যেতে হবে। যা হোক, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনাকে আমি অশেষ ধন্যবাদ দেব, কারণ এই সমস্ত সমস্যা আলোচনা করবার জন্য আপনি আমাকে সুযোগ দিয়েছেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, এবার মাননীয় রাজ্যপাল মহোদয়া যে ভাষণ দিয়েছেন তার ভিতর দিয়ে বিধানমণ্ডলীর উপর একটা অবজ্ঞার ভাব প্রকাশ পেয়েছে। আমি একথা এজন্য বলছি নয়, বহুদিন ধরে কংগ্রেস দলের সংখ্যাগরিষ্ঠতা রয়েছে এবং সেই সংখ্যাগরিষ্ঠতা একটু বেশী থাকার ফলে তাঁদের এই ভাব হয়ে গেছে যে, ভোটের জোরে সব পাশ করে নেব। যদিও এর জন্য রাজ্যপাল হয়ত দায়ী নন। দায়ী সম্পূর্ণরূপে তাঁর সরকার। আমি মনে করি রাজ্যপালের ভাষণের ভিতর দিয়ে কোন সমস্যাকে তুলে ধরা হয়নি কিংবা সমস্যা সমাধানের কোন ইঙ্গিত তার মধ্যে নেই। শুধু কতকগুলি সমস্যার কথা বলা হয়েছে. এই ভাষণের ভিতর দিয়ে সরকারী নীতি প্রতিফলিত হচ্ছে না। যেটা পার্লামেন্টারী গণতন্ত্র-সম্মত তা হচ্ছে রাজ্যপালের ভাষণের ভিতর দিয়ে আমরা সরকারের একটা পরিপূর্ণ রূপ পাব এবং সেই নীতির আমরা সমালোচনা করব, কিন্তু এই ভাষণের সম্বন্ধে সমালোচনা করতে গেলে বেশিক্ষণের প্রয়োজন হয় না। আমরা আজকে বিভিন্ন সদস্যরা বিরোধী পক্ষের এবং কংগ্রেস পক্ষের যে পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করছি, আমরা দেখতে পাব যে, রাজ্যপালের ভাষণের মধ্যে তার বিশেষ কোন স্বীকৃতি নেই। সেই সমস্যা হচ্ছে আজকে পূর্ববঙ্গে যে হিন্দু নিধন যজ্ঞ চলেছে, এই যজ্ঞ বন্ধ করা উচিত, এবং পূর্ববঙ্গের হিন্দুদের আমাদের ভারতবর্ষে নিয়ে আসা উচিত এবং কি করে নিয়ে আসা যায় সে সম্বন্ধে আলোচনায় এই পরিষদ মুখর। এবং যদিও এ বিষয় সম্বন্ধে পুনরুল্লেখ করা হবে তা সত্ত্বেও আমি দুই-একটি কথা বলতে চাই সেটা হচ্ছে আমি দাবি করব যেটা আনন্দবাবু বলেছেন পূর্ববঙ্গের হিন্দু যারা এদেশে আসতে চায় তাদের প্রত্যেককে নিয়ে আসা উচিত এবং তার জন্য যে অর্থনৈতিক দায়িত্ব, তাদের পুনর্বাসন করার এবং তাদের জন্য জমি খুঁজবার এই দায়িত্ব সমস্তই কেন্দ্রীয় সরকারকে গ্রহণ করতে হবে এবং তার জন্য এই পরিষদের সমস্ত সদস্যদের দাবি করতে হবে, দলমত নির্বিশেষে কেন্দ্রীয় সরকারের কাছে যাতে তাঁরা এই দায়িত্ব গ্রহণ করেন এবং সুষ্ঠুভাবে তাদের সুযোগ-সুবিধা দিয়ে পশ্চিমবঙ্গে নিয়ে আসা যায় সে ব্যবস্থা করতে হবে। কেন্দ্রীয় সরকারের আজকে পশ্চিমবঙ্গে যে সাম্প্রদায়িক সমস্যা দেখা দিয়েছে সে সম্বন্ধেও আমাদের আলোচনা করতে হবে এবং দাঙ্গা যাতে আর না ঘটে তার জন্য প্রচেষ্টা আমাদের নিশ্চয়ই চালাতে হবে। ১৯৪৭ সালে যখন সাম্প্রদায়িক ভিত্তিতে দেশভাগের কথা উঠে তখন আমাদের পার্টির পক্ষ থেকে অনেক বিরোধিতা করা হয়েছিল। আমি যতদূর জানি ভারতবর্ষের যে কয়টি দল বিরোধিতা করেছিল তার মধ্যে ফরওয়ার্ড ব্লক অন্যতম, এবং আমরা ১৯৪৭ সালের ১৫ই আগস্ট যখন শোক দিবস পালন করেছিলাম, তখন সাধারণ মানুষ বলেছিল আমরা পাগল।

[2—2-10 p.m.]

একথা আমরা তখন বুঝতে পেরেছিলাম, যে ভাগ আজকে কংগ্রেস সরকার গ্রহণ করে নিয়েছেন সেই সাম্প্রদায়িক ভাগের দ্বারা সাম্প্রদায়িক সমস্যার সমাধান হবে না। তারপর আমরা দেখলাম, যদিও পাকিস্তান এবং ভারতবর্ষ দুটো ভাগ হয়ে গেল তা সত্ত্বেও এই সাম্প্রদায়িক সমস্যার সমাধান হল না। তার প্রধান কারণ হচ্ছে পাকিস্তান একটা স্টেট হিসাবে, ইসলামিক স্টেট হিসাবে রয়ে গেল এবং সেখানে যারা মাইনরিটি থাকল, তারা সেকেন্ড ক্লাস নাগরিক হিসাবে গণ্য হতে লাগল বলে এই সমস্যা আরও প্রকট হয়ে দাঁড়াল। কিন্তু এই সঙ্গে সঙ্গে আমি দোষ দেব কংগ্রেস নেতাদের যাঁরা এই সমস্যাকে ভারতবর্ষে জিইয়ে রেখে দিয়েছেন। কেননা, আমরা দেখেছি, তাঁরা ভারতবর্ষের মুসলমানদের ভারতীয় জনসাধারণের সঙ্গে একাত্ম হতে কোনদিন সাহায্য করেন নি, বরং যাতে এই মুসলমানরা মুসলমান হিসাবে থাকে তার জন্য প্রচেষ্টা করেছেন নিজেদের রাজনৈতিক স্বার্থ সিদ্ধ করবার জন্য। ভোটের সময় তাঁরা

মুসলমান সমাজকে বলেছেন, তোমরা যদি আমাদের ভোট না দাও তা হলে তোমাদের পাকিস্তানে পাঠিয়ে দেব। আবার কোন কোন জায়গায় বলেছেন, তাঁরা বলেছেন যে, তোমরা পাকিস্তানের চরবৃত্তি কর, সীমান্তে স্মাগলিং কর, কোন ক্ষতি নেই, আমাদের ভোট দিলে তোমাদের রক্ষা করা হবে। (কোয়েশ্চেন, কোয়েশ্চেন) বেশি কথা বলবেন না, বেশি কথা না বলাই ভাল। সেদিন আপনারা যা শুনেছেন তারপর আর বেশি কথা না বলা উচিত নয়। আমাদের অপর বেঞ্চে বসে রয়েছেন তাঁদের মধ্যে আমরা জানি অনেকে দেশবিভাগের পূর্বে মুসলিম লীগের নেতা ছিলেন, রাতারাতি তাঁরা কংগ্রেস লীডার হয়ে গেলেন। কিন্তু কংগ্রেস লীডার হয়েও যে সাম্প্রদায়িক মনোভাব তাঁদের ছিল তার কোন পরিবর্তন আমরা লক্ষ্য করি নি। আমরা দেখলাম কংগ্রেস মুসলমানদের তাঁদের রাজনৈতিক অস্ত্র হিসাবে ব্যবহার করতে লাগলেন, ভারতীয় জনসাধারণের মধ্যে একাত্ম হবার কোন সুযোগ তাঁরা দিলেন না। এর জন্য আমরা শুনি সামসুদ্দীন সাহেব সেদিন বললেন, রাজনীতির মধ্যে মুসলমান হিসাবে আমাকে এখনও কথা বলতে হচ্ছে। একজন শিক্ষিত লোক হিসাবে তাঁর এটা বলা খুব অন্যায় হয়েছে। রাজনীতিতে হিন্দু, মুসলমান, শিখ, খৃস্টান হিসাবে কিছু নেই রাজনীতিতে আমরা সবাই ভারতীয় এবং সেখানে মুসলমানের কোন প্রশ্ন নেই। মুসলমান বলে একটা শ্রেণীকে কংগ্রেস আজকে নিজেদের স্বার্থসিদ্ধির জন্য জিইয়ে রেখেছেন। এর ফলে আমরা দেখি আজকে পশ্চিম বাংলা এবং সমস্ত ভারতবর্ষে এখনও পর্যন্ত সাম্প্রদায়িক সমস্যার কোন সমাধান হয়নি। ভারত-বর্ষের মধ্যে সাম্প্রদায়িক সমস্যা বলে কোন সমস্যা থাকা উচিত ছিল না। গত ১০।১৫ বছরের মধ্যে আমাদের বাংলাদেশে এমন কোন সাম্প্রদায়িক দাঙ্গা হয় নি। পূর্ব পাকিস্তানে যদিও এই কয়েক বৎসরের মধ্যে বার বার এই দাঙ্গা হয়ে গেছে তা সত্ত্বেও আমরা ভারতবর্ষে এইরকম দাঙ্গা-হাঙ্গামা দেখিনি। তার কারণ, আমরা প্রত্যেকটি রাজনৈতিক দল চাই না পশ্চিম বাংলায় দাঙ্গা হোক। হিন্দু মহাসভা বাদ দিয়ে হিন্দু মহাসভা সংগঠন পশ্চিম বাংলায় এমন বিশেষ কিছু নেই—পশ্চিম বাংলায় যে কটি রাজনৈতিক সংগঠন আছে তাঁরা প্রত্যেকেই এই দাঙ্গার প্রতিরোধ করেছেন। কাজেই আমরা মনে করি কংগ্রেস আজকে যে রাজনীতির খেলা খেলছেন তার ফলে এই সাম্প্রদায়িক সমস্যা আমাদের দেশের মধ্যে এখনও জিইয়ে রয়েছে। স্যার, আর একটা কথা আমি বলতে চাই, যেটা আনন্দবাবু বললেন এবং তাতে তিনি আমাদের কিছুটা দোষারোপ করলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করছি, আজকে যে রাষ্ট্রবিরোধী কার্যকলাপ পশ্চিমবাংলার মধ্যে হচ্ছে, তাকে রোধ করার জন্য আমাদের পশ্চিম বাংলায় কি স্টেপ তাঁরা নিয়েছেন? কেন আজকে এই পর্যায়ে এসে উপস্থিত হল পশ্চিম বাংলায় আজ এই পাকিস্তানী চর যাদের কথা তিনি বলছেন— যে পাকিস্তান এবং চীন আজকে হাত মিলিয়ে ভারতবর্ষের উপর হামলা করার চেষ্টা করছে তাকে রোধ করার জন্য তারা কি করেছেন? আজ পশ্চিম বাংলায় যে চক্র দেখতে পাচ্ছি, যে পাকিস্তানী ষড়যন্ত্র দেখতে পাচ্ছি, পাকিস্তানী চরদের আমাদের সমাজের মধ্যে চলতে দেখতে পাচ্ছি এখানে তাদের প্রমাণ পাচ্ছি, তার জন্য দায়ী কারা? দায়ী হচ্ছে কংগ্রেস সরকার। এতদিন পর্যন্ত এ বিষয়ে কোন স্টেপ নেওয়া হচ্ছে না। যদিও পশ্চিম বাংলায় আমরা দেখতে পেয়েছি, দাঙ্গা বন্ধের জন্য হিন্দু এবং মুসলমান সকলে সমানভাবে প্রচেষ্টা করেছেন বিরোধী দলগুলির সঙ্গে, কিন্তু একথাও অনস্বীকার্য যে কলকাতায় দাঙ্গা বাধানোর জন্য জন কয়েক লোক পাকিস্তানের চর তারা প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। কাল সরস্বতী পূজার প্রসেশনের উপর কোথা থেকে পটকা পড়ল? ঈদের দিন কেন কাল পতাকা উড়ল, ঈদের আগের দিন চতুর্দিকে প্রচার হ'ল তোমরা কেউ ময়দানে সমবেত হয়ো না। এই যে পাকিস্তান চক্র কাজ করে যাচ্ছে তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন? সেদিন সালাউদ্দিনকে পুলিশ অ্যারেস্ট করতে গেলে পুলিশকে প্রায় এক হাজার লোক ঘিরে ধরল। যদিও আমাদের দেশ সেকিউলার স্টেট এবং ডেমোক্র্যাটিক স্টেট, তা হলেও অপর একটা দেশের গোপন চক্র রয়েছে এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার অবহিত ছিলেন না কি? নিশ্চয়ই ছিলেন, কিন্তু তাঁরা চেক করতে পারছেন না। তার একমাত্র কারণ হল রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য। তাঁরা মনে করছেন, পাকিস্তানকে চটাতে গেলে পশ্চিম বাংলার সমস্ত মুসলমান চটে যাবে। এই যে মনোভাব, এই মনোভাব ত্যাগ করা দরকার। পাকিস্তানকে পাকিস্তান হিসাবে দেখুন। মুসলিম রাষ্ট্র হিসাবে দেখবেন না। তারা আমাদের সব দিক দিয়ে

বিরোধিতা করছে—তারা আজ সমস্ত দিক দিয়ে শত্রুতা করছে, সমস্ত প্রকারের খোসামোদের চেষ্টা করা সত্বেও, সমস্ত চেষ্টা বিফল হয়েছে কাজেই তানদর রুখতে গেলে প্রতিরোধ করতে গেলে সেইভাবে ব্যবস্থা করতে হবে, তার জন্য কে চটবে, না চটবে দেখতে গেলে চলবে না, মুসলমানদের সেইভাবে বোঝাতে হবে। আমাদের সরকারপক্ষ থেকে সেভাবে প্রচেষ্টা করা হয়নি, সে ধরনের কোন প্রচেষ্টাই হয় নি। আমি আর দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। আজকে শিক্ষামন্ত্রী আমাদের সামনে যে একটা অসত্য ভাষণ দিলেন তার সম্বন্ধে প্রতিবাদ জানাতে চাই। তিনি কিশলয়ের ব্যাপারে বললেন যে, কলকাতা এবং হাওড়ায় অনুমোদিত দোকানের মধ্য দিয়ে নাকি বিক্রয় করা হচ্ছে এবং এর সংখ্যা নাকি ডবল করা হয়েছে। আমি জিজ্ঞাসা করতে চাই তার সংখ্যা যদি ডবল করা হয়ে থাকে—এটা মাননীয় শিক্ষামন্ত্রী কি জানেন যে, কলেজ স্ট্রীট অনুমোদিত দোকানের সামনে যে ফুটপাথ আছে সে ফুটপাথে ব্ল্যাকমার্কেটএ আড়াই টাকা দামে বিক্রি হচ্ছে, এবং তার সঙ্গে মানে নিতে হবে, মানে না নিলে বই বিক্রি হচ্ছে না। আমি শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, শিক্ষামন্ত্রীর এটা জানা থাকা সত্বেও কোন লোককে কি অ্যারেস্ট করা হয়েছে? কোন স্টেপ নেওয়া হয়েছে? তিনি আমাদের সামনে একটা অসত্য ভাষণ করে গেলেন যে, দোকান বাড়িয়ে দেওয়া হয়েছে এবং সেখানে কিশলয় বিক্রী হচ্ছে। তিনি কি জানাবেন না দোকানে কিনতে গেলে তারা বলে বই নেই, মানে বই নিলে তবে পাবে। তিনি তো বললেন, মানে বই নিতে হবে তার কোন মানে নেই। কিন্তু অর্থপুস্তক না নিলে বই পাওয়া যায় না। এটা মন্ত্রিমহাশয় জানেন, তিনি কি স্টেপ নিয়েছেন? তিনি যে কলিং এ্যাটেনশান মোশন যা দেওয়া হয়েছিল তার উপর অসত্য ভাষণ করে গেলেন। আর একথা বলে আমি আমার বক্তব্য শেষ করে দিতে চাই। মাননীয় রহমন সাহেব কলিং এ্যাটেনশানের জবাবে বলেছেন, হাওড়া মিউনিসিপ্যালিটির স্ট্রাইক সম্বন্ধে। স্যার, হাওড়া মিউনিসিপ্যালিটি এর আগে চারবার স্ট্রাইক-এর নোটিশ দিয়েছে এক বৎসর ধরে তাদের মাগ্‌গী ভাতার দাবী সম্বন্ধে মিউনিসিপ্যালিটিকে জানিয়েছেন, সরকার তার মধ্যে হস্তক্ষেপ করেছেন বলেছেন চেষ্টা করবেন। কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নি, আমি এখন বিষয়টি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10—2-20 p.m.]

শ্রীমতী শাকিলা খাতুনঃ মিঃ স্পীকার, স্যার, মহামান্য রাজ্যপাল মহোদয়ার বক্তৃতার জন্য যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার সমর্থনে আমি দাঁড়িয়েছি। তাঁর বক্তৃতার আরম্ভে গত কয়েক দিন ধরে যে পূর্ব বাংলায় এবং পশ্চিম বাংলায় যে সাম্প্রতিক হাঙ্গামা হয় তার কথা উল্লেখ করে খুব দুঃখ প্রকাশ করেছেন। ইহা অত্যন্ত লজ্জার কথা যে, প্রায় ১৭ বছর পরে পশ্চিম বাংলায় এই হাঙ্গামা হয়। ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। গণতান্ত্রিক সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করে এখানে প্রত্যেক মানুষকে ধর্ম জাতি নির্বিশেষে সমান অধিকারের স্বীকৃতি দেওয়া হয়েছে। কাশ্মীরের হজরতবাল মসজিদ থেকে যে হজরত মহম্মদ সেলেল্লার কেশ চুরির ঘটনাকে কেন্দ্র করে যে হাঙ্গামা পূর্ব পাকিস্তানের সংখ্যালঘুদের উপর আরম্ভ হয় তার প্রতিক্রিয়াস্বরূপ আজকে পশ্চিম বাংলায় হাঙ্গামা হয়। ইহা অত্যন্ত লজ্জার কথা যে, স্বাধীনতার পরে আমাদের এই দেশে হাঙ্গামা হয়। সময়মত এই হাঙ্গাম রোধ করা যেত যদি আমাদের দেশের পুলিশ আরও সতর্ক থাকত। আমাদের দেশ সেকিউলার স্টেট, এখানে এই হাঙ্গামা হওয়া মোটেই সমীচীন নয়। যাতে এইরূপ ঘটনা পুনর্বার না হয় সেজন্য আমাদের সক্রিয় ব্যবস্থা করা উচিত। আমাদের দেশ সেকিউলার স্টেট, এখানে সকলের সমান অধিকার আছে। বহু সাধ-সাধনার দাঙ্গা-হাঙ্গামার পর আমরা আমাদের দেশকে প্রতিষ্ঠিত করতে পেরেছি। তাই আপনার মাধ্যমে বলতে চাই যে, এখানে সরকার বিরোধী এ্যান্টিসোস্যাল এলিমেণ্ট রয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা করা উচিত। তা হলে তারা আমাদের দেশকে বার বার বিপর্যস্ত করে দেবে। এই দাঙ্গা-হাঙ্গামা কলকাতায় নদীয়ায় এবং ২৪-পরগণায় হয় এবং এতে বহু সংখ্যালঘুর ক্ষতি হয়েছে। তাদের সম্পত্তিরও ক্ষতি হয়েছে। অবশ্য দুই পক্ষেরই কিছু কিছু ক্ষতি হয়েছে অর্থাৎ হিন্দু ও মুসলমানদের ক্ষতি হয়েছে। খালি মুসলমানদের হয় নি। আন্টি-সোস্যাল এলিমেন্ট দেশে প্রচুর পরিমাণে রয়েছে। যদি তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন আমাদের সরকার করতে পারেন তা হলে

ারে বারে আমাদের বিপর্যস্ত হবে না। মহামান্য রাজ্যপাল তাঁর স্পীচে আমাদের দায়িত্বের কথা বলেছেন এবং অনেক সমস্যারই কথা তিনি তাঁর স্পীচে বলেছেন। এখন শিক্ষা সম্বন্ধে লতে চাই যে, প্রাথমিক শিক্ষার আওতায় যদি প্রত্যেকটি শিশুকে না আনতে পারি, তা হলে মামাদের দেশ অগ্রসর হবে না। অশিক্ষা, কুশিক্ষা, অন্ধ সংস্কার আমাদের দেশ থেকে দূর করা উচিত। কৃষি সম্বন্ধে বলতে চাই যে, এই কৃষি নিয়ে আমাদের দেশে প্রচুর রাজনীতি হয়—এটা রা-বাঁচার সংগ্রাম—এই খাদ্য নিয়েও আমাদের দেশে প্রচুর রাজনীতি হয় এবং তার একমাত্র মাধান হচ্ছে যে, আমাদের দেশে প্রচুর পরিমাণে খাদ্যোৎপাদন করতে হবে। ম্যালথুসিয়ান থওরিতে ম্যালথুস বলেছিলেন যে,

'ood production increases in geometrical progression, but population increases n arithmetical progression.

সই প্রব্লেমকে আমরা সল্‌ভ করতে পারি, আমাদের যদি ফুড প্রোডাকশন বাড়াতে পারি এবং মামাদের দেশে তাই প্রচুর পরিমাণে খাদ্যোৎপাদন করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয় ংলাদেশের রাজ্যপাল মহোদয়া তাঁর স্পীচে গত বছর এবং আগামী বছরের কর্মসূচী তুলে ধরে য চিত্র এঁকেছেন তার জন্য তাঁকে আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিখিল দাস : মাননীয় স্পীকার, স্যার, রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক চলছে আজ তুর্থ দিন। শেষ দিনের প্রায় শেষ সময়ে এই আলোচনায় যোগদান করতে দাঁড়িয়েছি। রাজ্য-ালের ভাষণে অনেক অসম্পূর্ণতা আছে। বাংলাদেশের যে বেকারত্ব তার সম্পর্কে কথা নেই, াংলাদেশে যে খাদ্য সঙ্কট তার সম্পর্কে কথা নেই। বাংলাদেশে যে মজুর ছাঁটাই, বাংলাদেশে যে ানুষের আয় কমে যাচ্ছে সেই সম্পর্কে কোন উল্লেখ নেই। বাজেট বিতর্ককালে এই প্রসঙ্গে বস্তারিত আলোচনা করব। আজকে শুধু একটি ব্যাপারের উপরেই আমাদের সমস্ত বক্তব্য আমি াখব, তা হচ্ছে এই যে অধুনা পূর্ব বাংলায় যে ঘটনা ঘটে গেল এবং পশ্চিম বাংলায় যে ঘটনা টল, সেই সম্পর্কে আমি আমার বক্তব্য রাখব। রাজ্যপালের ভাষণ পুঙ্খানুপুঙ্খরূপে পড়বার চষ্টা করেছি কিন্তু সেই ভাষণের মধ্যে পূর্ব বাংলায় যে ঘটনা ঘটেছে, সেই যে লোকগুলো, াদের জন্য এক ফোঁটা চোখের জলও সে ভাষণে নেই এবং এটা অত্যন্ত লজ্জার কথা, অত্যন্ত ুঃখের কথা তা থাকা উচিত ছিল এবং এপারে যারা দাঙ্গায় বিধ্বস্ত হয়েছে তাদের সম্পর্কে থা বলেছে ঠিকই, কিন্তু তাদের পুনর্বাসনের ব্যাপারে কি কি করণীয় কাজ, তাদের কিভাবে ুনর্বাসন করা হবে সেই সম্পর্কে যে জোর থাকা উচিত ছিল, সেই সম্পর্কে যে বক্তব্য থাকা উচিত হল, সে কথা নেই। আর একটি কথা নেই রাজ্যপালের ভাষণে, তা হচ্ছে এই, এইপারে যে ঘটনা টল সেই ঘটনার যে দায়িত্ব সরকারের রয়েছে, সরকারের নিষ্ক্রিয়তা, সরকারের অকর্মণ্যতা এবং রকারের অব্যবস্থা যে এর জন্য কিছুটা দায়ী সেই সম্পর্কে উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। াননীয় চেয়ারম্যান, স্যার, আমার বক্তব্য বলতে গিয়ে যে কথার উপর জোর দিতে চাই তা হচ্ছে ই যে, এপারে যে ঘটনা ঘটল, যত ক্ষুদ্রই হোক, পূর্ব বাংলার সাথে তার তুলনা করা চলে না, পারে ঘটনা কেন ঘটল, এই সম্পর্কে আমাদের আলোচনা করা দরকার। নানা বক্তার কাছ থেকে না ধরনের কথা শুনেছি, কিন্তু যেভাবে এর বিচার হওয়া দরকার, সেই বিচারের কথাই আপনার াছে রাখতে চাই। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমাদের মুখ্যমন্ত্রী, বাংলাদেশের মুখ্যমন্ত্রী দশ ারিখে তিনটার সময় কলকাতা শহরে এলেন, তিনি এখানে অ্যাডজোর্নমেন্ট মোশনে যে আলোচনা য়েছে তাতে বলেছেন, ৯ তারিখ রাত্রের আগে তিনি কোন খবর রাখেন নি, একথা তিনি এখানে লেছেন, কিন্তু আপনার মাধ্যমে যে প্রশ্নটা করতে চাই, সে প্রশ্নটা হচ্ছে এই যে, খুলনা, শোরে যখন দাঙ্গা শুরু হল, খুলনা-যশোর থেকে যখন ছিন্নমূল মানুষগুলি ওপার থেকে পারে চলে আসতে আরম্ভ করল, যার প্রতিক্রিয়া হিসাবে এপারে দাঙ্গার কথা কংগ্রেসী নতৃবৃন্দও বলেছেন, সেই প্রতিক্রিয়া হবে সেটা কি আগে তাঁরা বুঝতে পারেন নি, না ঘটনা টে যাবার পরে তাঁরা বুঝলেন? এবং খুলনা-যশোরের ঘটনা জানুয়ারী মাসের প্রথম সপ্তাহের টনা, তখন আমাদের শীতকালীন অধিবেশন এখানে হচ্ছিল এবং সেই শীতকালীন অধিবেশনে শষ তারিখে ফোর্থ জানুয়ারি আমরা এই সম্পর্কে তাঁদের দৃষ্টি আকর্ষণ করতে চেষ্টা রেছিলাম, তাঁরা সব ভুবনেশ্বরে চলে গেলেন তাঁদের রাজনৈতিক দলের সম্মেলনে, কিন্তু ওপার

থেকে যারা আসছে তাদের প্রতি কোন সমবেদনার বাণী রাখেন নি। এমন কি ভুবনেশ্বরে যে কংগ্রেসের অধিবেশন সেখান থেকে তাঁদের এত কোন সমবেদনার কথা তাঁরা বলেননি। ওপার থেকে যখন তারা এপারে এসেছে তাদের যে এপারে রিহ্যাবিলিটেড করার ব্যবস্থা সে ব্যবস্থা সম্পর্কে একটি কথা তাঁরা বললেন না এবং সবচেয়ে আশ্চর্যজনক ঘটনা হচ্ছে ৯ই জানুয়ারি বনগাঁ শহরের ঘটনা, মনে হয় বর্মাডিলার পতন যেভাবে হয়েছিল, তখন তেজপুরের যে অবস্থা হয়েছিল, বনগাঁ শহরে ৯ই জানুয়ারির ঘটনা ঠিক সেই রকম ঘটনা। অ্যাডমিনিস্ট্রেশন সেখানে ছিল না। ৯ই জানুয়ারিতে বনগাঁ শহরে কোন শাসনব্যবস্থা ছিল না বনগাঁ শহরে রটে গেল বাগদা থানায় রটে গেল যে, পাকিস্তান থেকে মানুষরা এসেছে এবং তারা এসে আমাদের দেশ আক্রমণ করছে। গুজব রটতে শুরু করল, মানুষ বাড়ি ছেড়ে পালাতে শুরু করল। সরকারী যে শাসনযন্ত্র ব্যর্থ হয়ে গেল, তারাও পালাতে শুরু করল। বনগাঁ থানা, ইছামতী নদীর ওপারে আপনি জানেন, স্যার, সে পারে এস ডি পি ও-র বাড়ি ছিল। তিনি চট করে পিটি নিয়ে গিয়ে তাঁর বাড়ি থেকে তাঁর স্ত্রীকে এবং তাঁর বিছানাপত্র নিয়ে এপারে চলে এলেন। স্টেট ব্যাঙ্কের তালা বন্ধ করে দেওয়া হল, মানুষ সরাসরি বনগাঁ শহরে চলে এল, কাস্টমস অফিস বন্ধ করে দেওয়া হল, পাঁচ ঘণ্টার ভিতরে বনগাঁ থানায় এবং বাগদা থানায় কোন শাসনব্যবস্থা ছিল না। এই যে সরকারী গাফিলতি, এই গাফিলতির জন্য সাধারণভাবে মানুষের মনে বিক্ষোভ এবং সরকারের এই যে নিষ্ক্রিয়তা এবং তার ফলে সাধারণ মানুষের মনে যে বিক্ষোভ, সেই বিক্ষোভ এই যে কলকাতা শহরে এবং পশ্চিমবঙ্গে যে ঘটনা ঘটেছে তার পরিবেশ ও পটভূমিকা সৃষ্টি করেছে।

[2-20—2-30 p.m.]

আমাদের বাংলাদেশ অর্থনৈতিক দিক দিয়ে অত্যন্ত নিচুতলায় তলিয়ে আছে এবং আজকে আমাদের দেশে কর্মহীন বেকার মানুষের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আজকে মানুষের মধ্যে অভাব-অভিযোগ ও অভাব-অনটন দিনের পর দিন ব্যাপকতর আকার ধারণ করছে, কিন্তু তৎসত্ত্বেও আমরা দেখেছি যে একমাত্র বনগাঁ ছাড়া কোথাও মাস অ্যাটাক হয় নি। তাই আজকে আমাদের এই পটভূমিকার কথা ভুলে গেলে চলবে না। তারপর, এবারের দাঙ্গায় মানুষের যে ক্ষতি হয়েছে, তার জন্যও আমাদের সকলের দায়িত্ব রয়েছে, এই দায়িত্বের কথাও ভুললে চলবে না, সেই দায়িত্ব আমাদের যথাযথ পালন করতে হবে। চেয়ারম্যান, স্যার, পূর্ব বাংলায় যে ঘটনা ঘটেছে, পূর্ব বাংলায় যে মর্মান্তিক ঘটনা ঘটেছে, তাতে কত লোক হতাহত হয়েছে তার ইতিহাসের মধ্যে আমি যেতে চাই না, কিন্তু তা না বলেও যে কথাটা আমি জোর দিয়ে বলতে চাই, সেটা হচ্ছে, পূর্ব বাংলার এই সমস্ত হতভাগ্য মানুষের দুর্ভোগের জন্য আমাদের দায়িত্ব রয়েছে, কেন্দ্রীয় সরকারের দায়িত্ব রয়েছে—ভারতবর্ষ ভাগ করার জন্য যে অপরাধ হয়েছিল, আমি জোর দিয়ে এই অ্যাসেম্বলিতে দাঁড়িয়ে বলতে চাই আমাদের দলের তরফ থেকে আমরা তখন কংগ্রেসে ছিলাম—বোম্বের এ আই সি সি সেশন-এ সুশীল দেব কংগ্রেসের পার্টিশন প্রস্তাবের প্রতিবাদ করেছিলেন এবং সেই খবর তখনকার সমস্ত খবরের কাগজেই সেই বিবৃতি বেরিয়েছিল—পুরানো কংগ্রেসীদের আশা করি সেই কথা নিশ্চয়ই মনে আছে—দেশভাগের ফলে যে পাপ করা হয়েছিল সেই পাপ এভাবে দূর করা যাবে না, এবং মাননীয় চেয়ারম্যান, স্যার এই ব্যাপারে আমাদের যা করণীয় ছিল তাও আমরা করিনি, কংগ্রেস ক্ষমতাসীন হয়েও সেই দায়িত্ব পালন করেন নি। প্রতাপবাবু আমাদের শুনিয়ে গেলেন partition is a temporary phase—it is not more than a temporary phase.

তাঁর কথা শুনে হাসি পায়, তিনি কি করে এই কথা বললেন, এই কথা বলে লোককে কতকাল ভুলিয়ে রাখা যাবে? পার্টিশনএর জন্য যখন দুটি রাষ্ট্রের সৃষ্টি হয় সেটা চোখের নিমেষে মিলিয়ে যায় না, তার সত্যকে স্বীকার করে নিতে হয় এবং আজকে হাজার হাজার মানুষ বুকের রক্ত দিয়ে সেই স্বীকৃতি দিচ্ছে একথা আজ অস্বীকার করা যায় না। পূর্ব বাংলা থেকে মানুষ এখানে আসতে চাচ্ছে। কিন্তু সেটা ভিন্ন রাষ্ট্র—কি করে আসবে? তাদের আসার একমাত্র উপায় মাইগ্রেশন করে আসা, আর যাদের পাসপোর্ট আছে তারা আসতে পারে। আজকে অনেক কংগ্রেস নেতাও বলছেন তাদের আনবার ব্যবস্থা করতে হবে। কিন্তু আপনার

মাধ্যমে তাঁদের একটা প্রশ্ন করতে চাই—এটা কি মুখের কথা, না অনুভূতির কথা। আজকে প্রশ্নোত্তরকালে শুনলাম এর মধ্যে ১৮ হাজার লোক এসেছে ত্রাণমন্ত্রীর হিসাবমত, তার মধ্যে মাত্র ৩৬০০ জন দন্ডকারণ্যে গিয়েছে, বাকী যে ১৫ হাজার লোক তারা কোথায়? মাননীয় ত্রাণমন্ত্রী উত্তর দিলেন তাদের দায়িত্ব তাঁদের নয়, এবং তাদের কোন দায়িত্ব গ্রহণ করতেও তাঁরা রাজী নন, এমন কি তাদের বাস্তুহারা বলে স্বীকৃতি দিতেও তাঁরা রাজী নন। মাননীয় চেয়ারম্যান, স্যার, মাইগ্রেশন সার্টিফিকেট পাওয়া যে কি কঠিন ব্যাপার

পার্লামেন্টে নন্দ বলেছেন এখন পর্যন্ত তাঁরা ২৮০০ মাইগ্রেশন সার্টিফিকেট দিয়েছেন এবং সেই মাইগ্রেশন সার্টিফিকেটের মাধ্যমে ১২ হাজার লোক এসেছে। স্যার, মাইগ্রেশন সার্টিফিকেটের মাধ্যমে ১২ হাজার লোক এসেছে। স্যার, মাইগ্রেশন সার্টিফিকেট-এ কত লোক এসেছে তার খবর আমার কাছে আছে এবং সেই খবর হচ্ছে মাইগ্রেশন সার্টিফিকেট নিয়ে যারা এসেছে তারা ঐ ১৮ হাজারের মধ্যে এক হাজারও হবে না, হবে না, হবে না এবং বাকি লোক যসমস্ত এসেছে তারা পাসপোর্টএর মাধ্যমে এসেছে। উনি বলেছেন, ১।২ হাজার লোক ভ্যালিড ডকুমেন্ট-এ এসেছে। কিন্তু আমি জানি পূর্ব বাংলা থেকে যেসমস্ত লোক পশ্চিম বাংলায় এসেছে তাদের সংখ্যা হচ্ছে ৩০-৩৫ হাজার এবং উইদাউট ভ্যালিড ডকুমেন্ট-এ এসেছে ১৮-২০ হাজার লোক। স্যার, বার্নপুর, পেট্রাপোল বর্ডারে তাঁরা দুটো ঘর করেছেন এবং যারা আসছে তাদের দন্ডকারণ্যে পাঠাবার ব্যবস্থা করছেন এবং যদি কেউ না যেতে চায় তা হলে পশ্চিমবঙ্গ সরকার স্বস্তির নিঃশ্বাস ফেলছেন। এটা কোন দরদের কথা নয় এবং ওপারে যে মানুষগুলো রয়েছে তাদের সেফ ট্রানজিটএর কথাও নয়। শুধু তাই নয়, তারা যে সম্পত্তি ওখানে ফেলে এসেছে তার জন্য কোন ব্যবস্থাও এঁরা করছেন না। মাননীয় চেয়ারম্যান স্যার, এই সমস্যাকে যদি প্রাণ দিয়ে বিচার করতে হয়, যদি এর প্রকৃত সমাধান করতে হয় তা হলে এর উপর গুরুত্ব দিতে হবে। অ্যাসেম্বলিতে আমাদের মন বিক্ষুব্ধ হলে বা অ্যাসেম্বলিতে দাঁড়িয়ে ২-৪টা কথা বললে এই সমস্যার সমাধান হবে। এটা যদি জাতীয় সমস্যা হয় তা হলে জাতীয় সমস্যা হিসেবে এর সমাধান করতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বিধানসভার বক্তৃতা ভালভাবে লক্ষ্য করেছি, তাই আপনার মাধ্যমে গোটাকতক প্রস্তাব রাখতে চাই। কংগ্রেসপক্ষ এবং বিভিন্ন বিরোধী দলের পক্ষ থেকে যে বক্তৃতা দিয়েছে তাতে আমি দেখেছি কতগুলি জায়গায় আমাদের মতের মিল আছে এবং সেগুলি খুঁজে বার করা উচিত। প্রথম মিল দেখছি ঐপারে বিপদ আছে, কাজেই ঐপারের মানুষ যারা এখানে আসতে চায় তাদের এখানে আনতে হবে অর্থাৎ মাইগ্রেশন সার্টিফিকেটএর ব্যবস্থা করতে হবে। তবে একথাও শুনছি যে, মাইগ্রেশন সার্টিফিকেট ফর্ম পাওয়া যায় না। মঙ্গলবার এবং শনিবার এই দুদিন ফর্ম দেবার কথা, কিন্তু শুনছি তারা তা পায় না। এটা অনুসন্ধান করা দরকার, কিন্তু তা করা হল না। শুধু এটাই নয়, আরও যেসমস্ত অভিযোগ আছে সেগুলিও অনুসন্ধান করা দরকার। তারপর, যেসমস্ত লোক এখানে আসবে তাদের বাস্তুহারা এবং নাগরিক বলে স্বীকৃতি দিতে হবে এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। কিন্তু এঁরা মাত্র ৩ হাজার লোককে দন্ডকারণ্যে পাঠাবার ব্যবস্থা করেছেন, আর কিছু করেন নি। আমার বক্তব্য হচ্ছে এই দায়িত্ব তাঁদের পালন করতে হবে এবং এটা না করলে অত্যন্ত অন্যায় কাজ করা হবে। তারপর, আর একটা জায়গায়ও আমরা সকলে একমত এবং সেটা হল আমরা এখানে দাঙ্গা চাই না। আমরা এর বিরোধিতা করেছি। কাজেই এখানে যাতে দাঙ্গা না হয় এবং এখানকার দাঙ্গায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। এখানে যখন আমাদের সকলের মতির মিল আছে তখন এঁদের যদি আন্তরিকতা থাকে, যদি এই সমস্যা বিচার করতে চান তা হলে এক কাজগুলি করবার জন্য একটা কমিটি গঠন করা হোক। স্যার, আমরা যদি এই সমস্যার সমাধান করতে চাই এবং সমাধান করে দেশের উন্নতি করতে চাই তা হলে অ্যাসেম্বলিতে একটা কমিটি গঠন করা হোক; যে কমিটি বিভিন্ন জায়গায় যাবে এবং এখানে যারা দাঙ্গায় ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের সম্পর্কে সমস্ত ব্যবস্থা করবে এবং গুপ্তচর চক্র আছে কিনা সেটা খুঁজে বার করবে। একজন লোক মুসলমান হলেই যে পাক গুপ্তচর চক্রে আছে এই দৃষ্টিভঙ্গির সৃষ্টি যেন না করা হয়। এটা করলে সর্বনাশ হবে কাজেই সেই পথে

কংগ্রেস যেন না যান। তাঁদের যদি আন্তরিকতা থাকে তা হলে অ্যাসেম্বলিতে কমিটি করে তাঁদের মাধ্যমে এই কাজগুলি করার দায়িত্ব গ্রহণ করুন একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30—2-40 p.m.]

Shri Jehangir Kabir:

মাননীয় স্পীকার স্যার, পূর্ব পাকিস্তানের ও পশ্চিমবঙ্গের সাম্প্রতিক সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামায় অপরিসীম বেদনা ও লজ্জা বোধ করছি। আমার মতে এই দুই দেশের দাঙ্গার কারণ সম্পূর্ণ পৃথক। পূর্ব পাকিস্তানের দাঙ্গার পিছনে রয়েছে একটি নিষ্ঠুর রাজনৈতিক চক্রান্ত। সামরিক ডিক্টেটরি শাসনের বিরুদ্ধে গণ আন্দোলন ও সংগ্রাম পূর্ব পাকিস্তানে দানা বেঁধে উঠে, তাকে অত্যাচারের নিষ্পেশণের যখন দাবিয়ে রাখা যায় না, তখন পাকিস্তানের সামরিক রাষ্ট্র-নায়ককে জাতির সেই জাগ্রত চেতনাকে ভিন্ন পথে চালিত করতে পূর্ব পাকিস্তানের নিরুপায় ও নিরপরাধী হিন্দু সংখ্যালঘুকে বলি দেবার প্রয়োজন হয়। পূর্বেও এরূপ হয়েছে। এ ছাড়া একটা সহজ অঙ্কের হিসাবও রয়েছে। পূর্ব পাকিস্তানের জনসংখ্যা পশ্চিম পাকি-স্তানের চেয়ে মাত্র ত্রিবিশ লক্ষ বেশী। এই সংখ্যাগরিষ্ঠতার জন্যই পশ্চিম পাকিস্তান কিছুতেই পূর্ব পাকিস্তানের প্রভাবকে একেবারে উপেক্ষা করতে পারে না বা খুশীমত শাসন ও শোষণ করতে বাধাপ্রাপ্ত হতে হয়। পূর্ব পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠতা থাকা সত্ত্বেও অগণতান্ত্রিক প্রয়াস পশ্চিম পাকিস্তানের সঙ্গে সম রাষ্ট্রীয় প্রতিনিধিত্বের ব্যবস্থা করা হয়েছে। পশ্চিম পাকিস্তানের বিভিন্ন প্রদেশগুলির অস্তিত্ব পূর্ব পাকিস্তানকে একক সংখ্যাগরিষ্ঠ প্রদেশ হিসাবে যে স্বাভাবিক গুরুত্ব দিত, সেটাকে খর্ব করার জন্যই ঐ সমস্ত প্রদেশগুলিকে অবলুপ্ত করতে হয়েছে। এত সমস্ত ব্যবস্থা গ্রহণ করার পরেও যখন পূর্ব পাকিস্তানকে উপনিবেশ হিসাবে ব্যবহার করতে অসুবিধা দেখা দেয়, তখন সাম্প্রদায়িক দাঙ্গার সৃষ্টি করে ত্রিবিশ কি চল্লিশ লক্ষ রাজনৈতিক চেতনা সম্পন্ন হিন্দুকে পূর্ব পাকিস্তান থেকে বিতাড়িত করতে পারলেই আয়ুব সরকারের উদ্দেশ্য স্থায়ীভাবে সফল হতে পারে। পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু সম্প্রদায়কে রক্ষা করতে যেযে বহু বাঙ্গালী মুসলমানের জীবন দান আমার ধারণাকে সমর্থন জানায়।

পূর্ব পাকিস্তানের সাম্প্রদায়িক বিস্ফোরণের প্রতিফলন পশ্চিমবঙ্গে দেখা দিয়েছে। এটা অত্যন্ত দুঃখের বিষয়। কলিকাতার দুই-একটা সংবাদপত্রের প্ররোচনামূলক লেখা সংবাদ পরিবেশন, পশ্চিমবঙ্গের এক শ্রেণীর ভাব-প্রবণ ব্যক্তিদের মধ্যে এক অবজ্ঞাকে সাম্প্রদায়িক উত্তেজনার সৃষ্টি করে যার ফলে কলিকাতায় ও কোন কোন জেলায় সংখ্যালঘু নিরীহ নিরপরাধ মুসলমানকে অপরিসীম মূল্য দিতে হয়।

পূর্ব পাকিস্তানে সংখ্যালঘু হিন্দুদের উপর যে ভয়াবহ ও অমানুষিক নির্যাতন অনুষ্ঠিত হয়েছে এতে পশ্চিমবঙ্গের মুসলমান, মুসলমানের প্রশ্ন নয়, অসহায় সংখ্যালঘুদের প্রতি এই ধরনের হিংস্রতার মনুষ্যত্বের চরম অবমাননা।

লক্ষ্য করছি যে সাম্প্রতিক দাঙ্গায় পূর্ব পাকিস্তানের মুসলমান ও পশ্চিমবঙ্গের হিন্দু নিজেদের জীবন বিপন্ন করেও প্রতিবেশী সংখ্যালঘুদের রক্ষা করেছেন। পূর্ব পাকিস্তানের বাঙ্গালী মুসলমান যুবকেরা সংখ্যালঘু হিন্দুকে রক্ষা করতে যেয়ে জীবন দান করে এক নূতন ইতিহাস রচনা করে গেছেন। তাঁদের অমর আত্মার কল্যাণের জন্য প্রার্থনা জানাই। এই মহান আত্মদানের মর্যাদা দিতে হলে এখানে শুভ বুদ্ধিসম্পন্ন দেশপ্রেমিক ও সভ্য নাগরিকগণকে মিলিত ভাবে দাঙ্গা এবং অসামাজিক ব্যাভিচারের বিরুদ্ধে সক্রিয়ভাবে দাঁড়াতে হবে। সাম্প্রদায়িক হিংস্রতাকে চিরদিনের জন্য স্তব্ধ করে দিতে হবে।

দেশ বিভাগ হবার সময় ভারতীয় নেতৃবৃন্দ পূর্ববঙ্গের সংখ্যালঘুদের প্রতিশ্রুতি দিয়াছিলেন যে, পাকিস্তানে তারা নিরাপত্তার অভাব বোধ করলে বা পাকিস্তানে তাদের বাস অসম্ভব হলে ভারতবর্ষ সাদরে তাদের স্থান দেবে, এই প্রতিশ্রুতি পালনের প্রয়োজন দেখা দিয়েছে। সংখ্যা-

লঘু হিন্দু পাকিস্তানে নিজেকে আর নিরাপদ মনে করতে পারছেন না। কাজেই তাদের ভারতবর্ষে আসবার সুযোগ দিতে হবে। এই অতি গুরুতর সমস্যাকে কেবল মাত্র সাম্প্রদায়িক সমস্যা মনে না করে জাতীয় সমস্যা হিসাবে জাতিধর্ম ও মত নির্বিশেষে ভারতের সমস্ত জনগণকেই গ্রহণ করতে হবে। ভারত সরকারকে পূর্ব পাকিস্তানের সংখ্যালঘুদের জন্য মাইগ্রেশন ব্যবস্থাকে সহজ ও সরল করে এদের নিরাপদে ভারতবর্ষে আসবার সুযোগের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। সর্ব গুরুত্ব দিয়ে সব ছিন্নমূল মানুষের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। পুনর্বাসনের ব্যাপার আমরা যেন পুনরায় অতীতের ভুল না করি।

পাকিস্তান ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র নয়। পাকিস্তানী সংবিধানুযায়ী ইহা তথাকথিত মুসলমান রাষ্ট্র। পাকিস্তানের সংবিধানকে বিচার করলে এই সত্যই প্রমাণিত হবে যে হিন্দু, হিন্দু সেখানে দ্বিতীয় শ্রেণীর নাগরিক। আমি নিজে যে-কোন রাষ্ট্রে দ্বিতীয় শ্রেণীর নাগরিকের মর্যাদা নিয়ে বাস করতে নিশ্চয়ই অস্বীকার করতাম। কাজেই পাকিস্তানের হিন্দু কেন নিজ দেশ ত্যাগ করতে চান একথা বুঝা কঠিন নয়।

ভারতীয় মুসলমান নাগরিকদেরও নিজস্ব বহু অভিযোগ রয়েছে একথা অস্বীকার করা যায় না; যদিও এই সমস্ত অভিযোগের মূল উৎস সংবিধান বা রাষ্ট্রনীতির বিরুদ্ধে নয়। প্রশাসনিক ত্রুটি ও স্থানীয় পরিবেশের বিরুদ্ধেই সাধারণত মুসলমান সংখ্যালঘুদের নিকট হইতে অভিযোগ উঠে থাকে। তবে একথা নিসংশয়ে বলা যায় যে পাকিস্তানও ভারতীয় সংখ্যালঘুদের রাজনৈতিক মর্যাদার কোন তুলনামূলক বিচারই হতে পারে না।

ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। এখানে জাতি-ধর্ম নির্বিশেষে প্রত্যেক নাগরিকের ধর্ম বা মত যাই হোক না কেন রাষ্ট্রের নিকট হতে তার নিজের জীবন সম্পদ ও মর্যাদা সংরক্ষণের দাবী অনস্বীকার্য। ইহাই আমাদের মহান সংবিধানের মৌলিক স্বীকৃতি। আমি সর্বান্তকরণে ইহা বিশ্বাস করি ও মানি। এই বিশ্বাস আছে বলেই আমি ভারতীয় নাগরিক। দুর্ভাগ্যবশতঃ আমাদের দেশে সময় সময় সাম্প্রদায়িক হাঙ্গামা অনুষ্ঠিত হবার ফলে ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র আদর্শের মূলেই আঘাত লাগে। ভারতবর্ষে বহু জাতি ও বহু ভাষাভাষির বাস। ধর্ম নিরপেক্ষ জাতীয়তাবাদের আদর্শের মধ্যে অন্তর্নিহিত রয়েছে বিভিন্ন স্বার্থকে এক সূত্রে গেঁথে রাখবার শক্তি। একবার ভাঙ্গন ধরলে, শেষ পর্যন্ত দেশ শতধাবিভক্ত হয়ে যাওয়াও অসম্ভব নয়। সুতরাং দেশকে এই সর্বনাশা পরিণত হতে রক্ষা করতে প্রত্যেক চিন্তাশীল ও দেশপ্রেমিকের সক্রিয় অবদান প্রয়োজন।

সাম্প্রতিক দাঙ্গা সম্পর্কে আমার আর একটি বিশেষ কথা বলার আছে। দাঙ্গা বন্ধ করার জন্য শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীকে সামরিক বাহিনীর সাহায্য নিতে হয়েছে। তিনি সব দিক ভেবেই এই ব্যবস্থা অবলম্বন করতে বাধ্য হয়েছিলেন। এই ব্যবস্থার মধ্যে পুলিশের অপরাগতার একটি স্পষ্ট স্বীকৃতি রয়েছে। আইন শৃঙ্খলা রক্ষণাবেক্ষণ সভ্যজীবন যাপন বহুলাংশে নির্ভর করে পুলিশের সুষ্ঠু নিরপেক্ষ কর্মতৎপরতার উপর। সেই পুলিশ যদি তার কর্তব্য থেকে বিচ্যুত হয় অথবা তার কর্তব্য সম্পূর্ণ করতে অক্ষম হয়, তবে দেশের ভবিষ্যৎ সম্পর্কে আমাদের গভীর দুশ্চিন্তার কারণ নিশ্চয়ই আছে। এই বিষয়ে সরকারকে অনতিবিলম্বে যথাযথ ব্যবস্থা অবলম্বন করতে হবে। পুলিশের কর্তব্যে অবহেলা নিরপেক্ষতার অভাব ও ত্রুটি বিচ্যুতির জন্য সরকারকে সামরিক বাহিনীকে আনতে হয়েছিল। আমি ভারতবর্ষের সর্ববৃহৎ গণতান্ত্রিক দলের একজন সদস্য হিসাবে এই ব্যবস্থায় লজ্জা বোধ করছি ও ভবিষ্যতের জন্য শঙ্কিত হচ্ছি। কারণ বার বার সামরিক বাহিনীকে যদি ডাকার প্রয়োজন হয়ও তবে তার পরিণাম গণতন্ত্রের পক্ষে সত্য নাও হতে পারে। এশিয়ার বিভিন্ন রাষ্ট্রের দিকে তাকালে আমার এই আশঙ্কা যে অমূলক নয় ইহাই প্রতিপন্ন হবে। সেই বিপদ হতে বাঁচবার একমাত্র পথ সবল নিরপেক্ষ ও কার্যকরী শাসনযন্ত্রের প্রতিষ্ঠা, এই অতি প্রয়োজনীয় বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রির বিশেষ দৃষ্টি আকর্ষণ করি।

সাম্প্রদায়িকতার ভিত্তিতে দেশ ভাগ হয়েছিল এবং সেই সাম্প্রদায়িকতার বিষ আজও আমাদের সামাজিক জীবন থেকে সম্পূর্ণরূপে নিঃশেষিত হয় নি। ভারতীয় মুসলমান সমাজের এক অংশের মধ্যে এই বিষের প্রভাব আজও যে নেই একথা অস্বীকার করা যায় না। এই অংশের সাম্প্রদায়িক মনোভাব অশিক্ষা এবং দারিদ্র্যের সুযোগ নিয়া ভারতবর্ষের শত্রু রাষ্ট্র পাকিস্তানের পক্ষে মোটেই অসম্ভব বা অবাস্তব নয়। হয়ত এই অংশের কেউ কেউ নানাবিধ রাষ্ট্রবিরোধী কার্যকলাপের সঙ্গে জড়িত। সংবুদ্ধি সম্পন্ন কোন ভারতীয় মুসলমানের সমর্থন এদের পিছনে নেই এবং তাঁরা সরকারকে এইসমস্ত রাষ্ট্রবিরোধী লোকদের বিরুদ্ধে যে-কোন কঠোর ব্যবস্থা অবলম্বন করলে, অকুণ্ঠ সমর্থন জানাবেন।

বিকারগ্রস্ত দুষ্কৃতকারী যে ধর্মের বা মতেরই হোক না কেন, যত বড় সামাজিক প্রতিষ্ঠাই তাদের থাক না কেন, আমরা আশা করব সরকার তাদের কঠোর হস্তে দমন করবেন। সম্প্রদায় নির্বিশেষে সরকার যে সমস্ত অসামাজিক ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন তার প্রতি আমার পূর্ণ সমর্থন রয়েছে। এই সমস্ত সাম্প্রদায়িক ভেদবুদ্ধি প্রণোদিত অসামাজিক দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে সকল সম্প্রদায়ের সংবুদ্ধিসম্পন্ন ব্যক্তিদের সঙ্ঘবদ্ধ হতে হবে এবং সরকারের প্রচেষ্টাকে শক্তিশালী করতে হবে যদি আমরা এই তবিয়ত বাঙ্গালী সমাজকে নিশ্চিত ধ্বংসের হাত থেকে রক্ষা করতে চাই।

জাতি গঠন ও জাতিকে সঠিক পথে পরিচালনের মহান দায়িত্ব রয়েছে সংবাদপত্রের উপর। দেশের জনমতকে তারাই সৃষ্টি করেন ও অনেকাংশে নিয়ন্ত্রণ করেন। সঙ্কটের সময় যদি সংবাদপত্র দেশের কল্যাণে জাতির এক শ্রেণীর বিক্ষুব্ধ ও ক্রুদ্ধ অংশকে শান্ত করার বা তার মানসিক সমতা ফিরিয়ে আনার চেষ্টা না করে উত্তেজনামূলক এবং ক্ষতিকর সংবাদ পরিবেশনে ও প্রচার দ্বারা সেই বিভ্রান্তি ও ক্রোধের ইন্ধন জোগান তবে সেই সমস্ত সংবাদপত্র কর্তব্যচ্যুতির দোষে দোষী। দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, ২-১টি সংবাদপত্র এদের মধ্যে প্রভাবশালী দৈনিক আছেন, যারা প্রতিদিন সাম্প্রদায়িক বিদ্বেষ ও ঘৃণা প্রচার করে আমাদের জাতীয় জীবনকে কলুষিত করতে দ্বিধা বোধ করছেন না। এক সম্প্রদায়ের বিরুদ্ধে অন্য সম্প্রদায়কে বিভ্রান্ত ও প্ররোচিত করার অবিরাম চেষ্টা করছেন। এমন কি সর্বভারতীয় মুসলিম জন নায়করা এবং এই সংসদের অনেক মুসলমান সদস্যগণও এই সমস্ত সংবাদপত্রের সর্বৈব মিথ্যা প্ররোচনার হাত থেকে রেহাই পাচ্ছে না, প্ররোচনা মিথ্যা বলেই তাকে উপেক্ষা করা চলে না। দেশের জনসাধারণ অনেক সময় মিথ্যা বিভ্রান্ত হয়ে ভুলকেই সত্য বলে গ্রহণ করে। জার্মানীতে হিটলারের উত্থান ও নাজীবাদের প্রসার এই কথারই সাক্ষ্য দেয়। আমার মনে হয় এই সমস্ত সংবাদপত্রের অনেক লেখাই সংবিধান বিরোধী। এই বিষয়ে আমি সরকার ও এই সংসদের সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-40—2-50 p.m.]

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(১) পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু সম্প্রদায়কে নিরাপদে ভারতে আনয়ন এবং পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সম্প্রদায়কে চিরস্থায়ী শান্তি প্রতিষ্ঠার কোনও সুষ্ঠু এবং সুস্পষ্ট ইঙ্গিত মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই;

(২) পশ্চিমবঙ্গ সরকার তাঁহাদেরই ঘোষিত খাদ্যনীতিতে ব্যর্থ হইয়াছেন এ স্বীকৃতি মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই;

(৩) পূর্ব পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসন করিতে সরকার ব্যর্থ হইয়াছেন এ স্বীকৃতি মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই;

(৪) পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে হাসপাতাল প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার সে প্রতিশ্রুতি পালন করেন নাই এ সম্বন্ধে মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই;

(৫) কৃষিকার্যের উন্নতির জন্য সরকার যত টাকা খরচ করেন, আত্মীয়তোষণ, স্বজনপোষণ এবং সরকারের ভুল নীতির জন্য তাহা ব্যর্থ হইয়াছে এই স্বীকৃতি মাননীয়া রাজ্যপালের ভাষণে নাই।

(6) no mention has been made of the fact that the policy of the Government has led to the worsening of the food situation in this State;

(7) the worsening of the employment situation in this State has not found any place in her Speech;

(8) the failure of the Government to take effective and adequate anti-riot measures during the recent communal disturbances has not been mentioned;

(9) it has not been mentioned that the Government has, so far, failed to expedite the work of rehabilitation of the families displaced as a result of the communal disturbances in this State."

মাননীয় স্পীকার মহোদয়, গত ৪ দিন ধরে মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর যেসব সদস্য বক্তৃতা দিলেন আমি তা মন দিয়ে শুনেছি। এই ভাষণের মধ্য দিয়ে একটা জিনিস আমার কাছে স্পষ্ট হয়ে উঠেছে যে পূর্ববাংলায় যেসব বাস্তুহারা ভাইবোনেরা আয়ুবশাহীর অত্যাচারে ঐ পাকিস্তান সরকারের অত্যাচারে বাস্তুত্যাগী হয়েছেন এবং এপারে এসেছেন তাদের সুষ্ঠু পুনর্বাসন দিতে হবে, তা তাদের কাছে মাইগ্রেসান সার্টিফিকেট থাক আর না থাক। কথাটা বলা খুব সোজা এবং আমি এটা সমর্থন করলেও, একটা জিনিস আমি শুধু হুঁশিয়ার করে দিই, যা আমি অতীতের অভিজ্ঞতায় দেখেছি যে যখন পাকিস্তানের সংখ্যালঘুরা পাকিস্তানে থাকেন তখন আমাদের দেশের এক শ্রেণীর সংবাদপত্র এবং এক শ্রেণীর নেতারা খুব চোখের জল ফেলেন, তাদেরকে ভাই বন্ধু বলেন এবং তাদের না হলে নাকি আমাদের নেতাদের ঘুম হয় না কিন্তু যখন তারা এপারে আসেন তখন তারা হয়ে পড়েন অবাঞ্ছিত। আমরা তখন শুনি প্রত্যেকটি চাকরি বাকরি এবং ব্যবসা বাণিজ্য নাকি তাদের হাতে চলে গেছে। এ চিন্তাধারা আমাদের ত্যাগ করতে হবে। বক্তৃতা দিয়ে যাওয়া তা কি শুধু সংখ্যালঘুদের জন্য এবং দরদটা কি শুধু বিধান সভার মধ্যে এবং সংবাদপত্রের মধ্যে যদি সীমাবদ্ধ থাকে তাহলে এটা অত্যন্ত অন্যায় হবে। প্রাণ দিয়ে তাদের দেখতে হবে, নিজের ভায়ের মত তাদের দেখতে হবে। আমাদের নেতারা আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বাস্তুহারাদের আমরা ভালভাবে দেখবো, এবং তারা যদি ওখানে থাকতে না পারে, তাহলে তাদের আশ্রয় দেবো। আর একটা কথা বলতে চাই পাকিস্তানে সংখ্যালঘু নিপীড়নের স্বরূপ পশ্চিমবঙ্গে প্রতিক্রিয়ায় যে হাঙ্গামা শুরু হয় সে হাঙ্গামা প্রসঙ্গে যে বক্তৃতা কয়েকজনের শুনলাম তাতে অত্যন্ত লজ্জা পেয়েছি। কিছু কিছু সদস্য বললেন পশ্চিমবঙ্গের হাঙ্গামা নাকি মুসলমানরাই করেছেন এবং তাতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে হিন্দুরা। আমি স্যার, হিন্দু সম্প্রদায়ের একজন সদস্য বাহ বার্থ, তা হলেও কলকাতায় যখন হাঙ্গামা হচ্ছিল তখন আমি প্রত্যেকটি বস্তিতে বস্তিতে গিয়েছি, তাদের দেখেছি এবং কথা শুনেছি, তাতে দেখেছি এখানে দাঙ্গার জন্য মূলত দায়ী হিন্দু সম্প্রদায়। আপনারা রাগ করুন, দুঃখ করুন বা আমার উপর অন্য ভাব নিন, একথা বলবো শত শত, হাজার হাজার উদ্বাস্তু অমুসলমান তারা আশ্রয় পায় নি, তারা এখানে ওখানে ঘুরে বেরিয়েছে এবং পুলিশ নিষ্ক্রিয় থেকেছে ও দু-চার দিন ধরে অরাজকতার রাজত্ব চলছে। সেন্ট্রাল গভর্নমেন্টকে ধন্যবাদ এবং নন্দজীকে ধন্যবাদ যে তিনি এসে এখানে কড়াভাবে শাষণ কার্য গ্রহণ করেন। তিনি যে মিলিটারী ডাকেন তার জন্যও তাকে ধন্যবাদ জানাই। এটা যদি না করতেন তাহলে পশ্চিমবাংলায় আরো অনেক লোক খুন হত ও আরও সম্পত্তি নষ্ট হত। এবং এর ফলে পাকিস্তানে আরও

ভয়াবহ রূপ দেখা দিত। আর একটা কথা আমি বুঝতে পাচ্ছি না, কারণ কংগ্রেসকে আমরা জানতাম অ-সাম্প্রদায়িক প্রতিষ্ঠান, কিন্তু এই যে বক্তৃতা শুনলাম যেমন মাননীয় শ্যামসুদ্দিন সাহেবের, তিনি নিজেকে মার্কসিস বলে পরিচয় দিতেন, এখন তিনি কংগ্রেসে গেছেন তাঁর বক্তৃতার প্রথম সেন্টেন্স শুনলাম যে তিনি নাকি আগে মুসলমান, স্বাধীনতার ১৬ বৎসর পর তিনি মানে করেন আগে মুসলমান তারপর ভারতীয়। আমি যদি মনে করি আমি আগে হিন্দু তারপর ভারতীয়, তাহলে একথা কখনই সমর্থন করা যায় না। এবং যদি এই চিন্তা করি তাহলে জিন্নার টু নেসান থিয়োরীর কাছে আত্মসমর্পণ করবে এবং তা করতে পারে নি। আর একটা কথা, দাঙ্গার পর যে পাইকারী হারে গ্রেপ্তার সুরু হল, সে গ্রেপ্তারের মধ্যে শতকরা ৯৫ জন অকংগ্রেসী বা কংগ্রেস বিরোধী লোক। স্যার, আমি কলকাতার বিভিন্ন অঞ্চল এমনকি বর্ধমান জেলাও গেছি, পুলিশ এসব জায়গায় যাদের গ্রেপ্তার করেছে দাঙ্গাবাজ বলে তারা হলেদ যারা গত বর্ধমান উপ-নির্বাচনে যে সমস্ত বন্ধুরা কংগ্রেসের বিরুদ্ধে সমর্থন করেছিল তাদের। তারা নাকি সব দেশদ্রোহী সমাজদ্রোহী। কংগ্রেসের মধ্যে কি দেশদ্রোহী, সমাজদ্রোহী নেই। আমি এসবের ডিটেলস-এর মধ্যে যাচ্ছি না, আমি খুব অল্পে বলব, সৈয়দ বদরুদ্দোজার গ্রেপ্তার প্রসঙ্গে। সৈয়দ বদরুদ্দোজা যদি সমাজদ্রোহী, দেশদ্রোহী হতেন তাহলে পিস কমিটিতে তাকে নেওয়া হল কেন? আমি দেখছি ১৩ই জানুয়ারি ১৯৬৪ তাকে পিস কমিটিতে নেওয়া হল এবং ঐ ১৩ই জানুয়ারি পর্যন্ত তিনি ছিলেন শান্তিপ্রিয় লোক, হঠাৎ মুখ্যমন্ত্রীর সঙ্গে বাদানুবাদ হল এবং তিনি নন্দজীর সঙ্গে ইন্টারভিউ চাইলেন আলাদা, তারপর দেখা গেল নন্দজী যখন প্লেনে উঠলেন তখন তাকে জেলে পোরা হল এবং বলা হল দেশদ্রোহী, সমাজ-দ্রোহী, কিন্তু আজ পর্যন্ত এর কোন প্রমাণ পাওয়া যায় নি এবং রায়টের প্রত্যেক দিন—যেদিন থেকে রায়ট সুরু হয়েছে সেই বদরুদ্দোজা সাহেবের সঙ্গে আমি বিভিন্ন অঞ্চলে ঘুরেছি তার কার্যকলাপ আমি দেখেছি, কিন্তু এটা অন্তত বুঝতে পারে নি যে, তিনি কোন সাম্প্রতিক উত্তেজনা সৃষ্টির করা চেষ্টা করেছিলেন। আমি বলবো যে এটা সম্পূর্ণ অসত্য কথা। কারণ তিনি শান্তি রাখবার চেষ্টা করেছিলেন। আর একটা কথা-প্রশাসনিক দুর্বলতার কথা। দলবাজী এতে নিচে এসে নেমেছে তার একটা নজীর আমি তুলে ধরবো। বীরভূম জেলায় একটি গণ্ডগ্রাম সিনেমার লাইসেন্স নিয়ে। সেখানে দেখলাম ২৮-৩-৬০ তারিখে এক ভদ্রলোক সাত দিনের সিনেমা লাইসেন্স চেয়েছিল। তাতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অবজারভেসন দিলেন যে

I find that there is already a proposal for granting a permanent cinema licence in that area and the case has already been entered into and is already under my consideration In view of the circumstances, I do not think it will be necessary to issue a temporary cinema licence in the area.

অর্থাৎ টেম্পরারী লাইসেন্স দেওয়া হবে না। পার্মানেন্ট লাইসেন্স দেওয়া হবে। তার পর দেখা গেল দুজন লোক পাচ্ছে টেম্পরারী লাইসেন্স এবং সে লাইসেন্স দুজনকে দেওয়া হল এবং দ্বিতীয় যখন একজনকে দেওয়া হল তখন তার ভাই যখন অ্যাপ্লাই করলো তখন ডি এম অবজারভেসন দিলেন

The applicant is a benamder of—even if it is not so, it is not desirable to confine licence to the members of a particular family though they are in separate mess.

একটা অর্ডার পেলাম। তারপর দেখলাম এই সভার ভূতপূর্ব সদস্য শ্রীখগেনবাবুর ভাই অ্যাপ্লিকেসন করলেন এবং সেই লাইসেন্স পেলেন। খগেন ব্যানার্জি এখানকার সদস্য ছিলেন, তারপর যখন তার ভাই চাইলেন এবং ভাইয়ের পর যখন তিনি চাচ্ছেন তখন এঁরা আপত্তি করলেন যে এ হচ্ছে এর আপন ভাই। তখন ডি এম বলছেন

Shri Nagen Banerjee got licence for a temporary cinema at last year. I have been satisfied that Shri Khagen Banerjee is completely separate from his brother. So I consider that a licence granted to Shri Nagen Banerjee last year would not be a bar to licence being granted to the applicant.

স্যার, কংগ্রেসের বেলায় ভাই ভাই সেপারেট হলেন এবং সে পেতে পারে কিন্তু যদি অকংগ্রেস হয় তাহলে সে পায় না। এইরকম দলবাজী যদি চলে তাহলে একে গণতন্ত্র বলা চলে না একে বলা চলে ফ্যাসিজিম।

[2-50—3-10 p.m.]

Dr. Radhakrishna Singha: Sir, I move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that there is no mention about the positive steps regarding the increase of food production and village road communications."

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে রাজ্যপাল মহোদয়ার ভাষণের উত্তর দিতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি যে আমরা অত্যন্ত দুর্যোগ এবং দুর্ভাগ্যময় মুহূর্তে এখানে উপস্থিত হয়েছি। আমাদের নেতৃস্থানীয় অনেক মাননীয় সদস্যরা আজ তাঁদের বক্তব্য রেখেছেন এবং অনেক সমাধানের পথ তারা দেখিয়েছেন। আমি লক্ষ্য করেছিলাম যে আমাদের রাজ্যপাল মহোদয়া গত দেড় মাস থেকে বাংলার যে আহত আত্মা যে একটা তীব্র বা দীর্ঘ নিশ্বাস ফেলছে তার জন্য যে একটি পজিটিভ পলেসি তিনি পূর্ব পাকিস্তানে সংখ্যালঘুদের দেবেন তা তিনি দেন নি। অন্তত তাঁর ভাষণে আমরা এটা পাই নি। আমরা জানি যে পূর্ব পাকিস্তানে হিন্দুদের উপর যে হত্যা সেটা দাঙ্গা বলা চলে না, কেন না এটা একটা পূর্ব পরিকল্পিত একটা হত্যাকাণ্ড। আপনারা সকলেই জানেন, মিঃ চেয়ারম্যান মহোদয়, আপনিও জানেন যে, পূর্ব পাকিস্তানে যখনই কোন-রকম গণতান্ত্রিক সংগ্রামের একটা আন্দোলন উঠেছে তখনই এইপ্রকার রায়ট, হিন্দুদের উপর এই অত্যাচার, তাদের গৃহ জ্বালিয়ে দেওয়া তাদের সম্পত্তি লুণ্ঠন করে সেই গণতান্ত্রিক আন্দোলনকে ডাইভার্ট করে দিয়েছে, তাকে খর্ব করে দিয়েছে। পাকিস্তান যখন দেখেছে কাশ্মীর সমস্যা সিকিউরিটি কাউন্সিলে নিয়ে যাবার জন্য জবুরী অবস্থার সৃষ্টি করতে হবে তখন ঐ পূর্ব পাকিস্তানের উপর হচ্ছে অত্যাচার। এই হচ্ছে তাদের পূর্ব পরিকল্পিত অবস্থা। আপনারা জানেন এবং অনেকেই আপনারা নিউজ পেপারের মাধ্যমে শুনেছেন যে হজরতবাল মসজিদে যে পয়গম্বরের পবিত্র কেশ চুরি হয়েছিল তার মধ্যে সম্পূর্ণ পাকিস্তানী প্রতিক্রিয়া বা চক্রান্ত রয়েছে। আজকে সেখানে, কাশ্মীরে তারা কোন ঝগড়া বাধাবার সুযোগ পায় নি, সেটা চলে এলো খুলনার উপর। খুলনায় এসে গেল কারণ জানেন ত হিন্দুরা ওখানে হচ্ছে তাদের ট্রাম্প কার্ড। ঐ কয়েকজনকে মারলেই সমস্ত জিনিসপত্র হয়ে যাবে। তারপর দেখুন পৃথিবীর ইতিহাসে একটা ইসলামিক রাষ্ট্রও এই দাঙ্গাহাঙ্গামা নিয়ে বা কাশ্মীরের ব্যাপার নিয়ে কোন মন্তব্য ক'র নি। তা আমি বলবো যে গণতান্ত্রিক মতে, গণতান্ত্রিক উপায়ে, আমাদের গভর্নমেন্ট অনেক দিন থেকে চেষ্টা করছেন, বহু ত্যাগ, বহু শান্তি প্রপোজাল আমাদের জওহরলাল নেহরু থেকে আরম্ভ করে আজ পর্যন্ত দেওয়া হয়েছে, নেহরু লিয়াকত আলী প্যাক্ট হল, সে সমস্ত ধূলিসাৎ হয়ে গিয়েছে। আমি সেইজন্য বলবো যে আমাদের যেসব হিন্দু ভাইরা সেখানে আছেন এবং যাঁরা আসতে চান তাঁদেরকে আমরা একটা ফেজড প্রোগ্রাম করে অবিলম্বে নিয়ে আসবো। নিয়ে এসে এখানে দণ্ডকারণ্যে যদি না হয়, আমাদের পশ্চিমবঙ্গে ৩ হাজার, সাড়ে ৩ হাজার গ্রাম প্রায় জনহীন হ'য়ে পড়ে আছে, সেখানে তাদের বসাতে পারি। আজকে আমরা একটা পূর্বাঞ্চলীয় পরিষদ করেছি। এই পূর্বাঞ্চলে আমাদের ২০-২১ হাজার গ্রাম জনহীন হয়ে পড়ে আছে সেই গ্রামগুলিতে তাঁদের পুনর্বাসন করা হোক। দ্বিতীয়ত হচ্ছে, আমি একটি কথা উল্লেখ করবো যে আমাদের সমস্ত নেতৃস্থানীয় ব্যক্তিরা পাকিস্তান সম্বন্ধে অনেক মন্তব্য করেন, কিন্তু আমাদের নীতির আমাদের বক্তব্যের সঙ্গে একেবারে মিল নেই। আমরা প্রত্যেকটি জিনিস হজম করে যাচ্ছি। জহরলাল ব'লছেন, তোমরা প্রভোক্ট হয়ো না, অন্যায় করো না। অন্যায় করলেও অন্যায় করবো না। আমাদের এখানে ৪৫ কোটি লোকের বাস, আমরা ক্ষুদ্র নই, আমরা সবই পারি করতে। কিন্তু আমাদের নেতাদের জন্য আমরা ক্লীব হয়ে যাচ্ছি। আমি বলছি সেদিন খবরের কাগজে পড়লাম সালাউদ্দিনের কথা, আপনারা ভাল করেই জানেন, তিনি এক হাজার লোক নিয়ে পুলিশের গায়ে হাত দেন এবং আক্রমণ করেন। পুলিশের গায়ে হাত দেওয়া আমি মনে করি সরকারের গায়ে হাত দেওয়া হয়েছে। সেখানে বন্দুকের গুলি ছিল না,

আর ভুদেব সেনকে কাওয়ার্ডলি মারতে গিয়ে গুলির অভাব হয় না। তাই মাননীয় চেয়ারম্যান মহাশয়, বলবার আমার কিছু নেই, অনেকে বলেছেন, আমারও আহত আত্মা কিছু বলবার জন্য দাঁড়িয়েছে, আমি বলতে চাই যে, যে সমস্ত প্রতিক্রিয়াশীল মুসলমানরা রয়েছে যার জন্য যারা প্রগতিশীল মুসলমানরা রয়েছে তারাও আজকে আমাদের কাছ থেকে দূরে সরে যাচ্ছে। যেমন ভণ্ড সাধুর সংগে আসল সাধুর তুলনা করতে গিয়ে অনেক আসল সাধু ভণ্ডের দলে পড়ে যায় সেইরকম আমাদের ভাইরা, যারা জাতীয়তাবাদী মুসলমান রয়েছে তারাও আজ নিজেদের সংকুচিত করে নিচ্ছে। তাই আমি আজ বলবো যে আমাদের দৃঢ় একটা পলিসি ঠিক করা দরকার যে আমরা পাকিস্তানের সমস্ত চরদের এখান থেকে তাড়াবো এবং আমাদের ৩০ লক্ষ পাকিস্তানী যারা ভারতবর্ষে বাস করছে তাদের তাড়িয়ে দিয়ে ৩০ লক্ষ হিন্দু নিয়ে আসুন। আমরা মানুষ, অন্য জাতি, অন্যায় করলো বলে অন্যায় করবো না, তা সব সময় হয় না। রবীন্দ্রনাথ বলেছেন—

"অন্যায় যে করে, অন্যায় যে সহে,
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে।"

আমি আমার বক্তব্যে বলতে চাই যে, আপনারা পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রীর বাণী শুনেছেন। তিনি বলেছেন যে কাশ্মীর প্রসংগ যদি শেষ না হয় তাহলে সাম্প্রদায়িক সংহতি সম্ভব নয়। তাহলে তাদেরকে কি করে বিশ্বাস করবেন, এবং কি করে সেখানে হিন্দুরা নিশ্চিন্তে বাস করবে? কাজেই আজকে আমার গভর্নমেন্ট এবং মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে তিনি কেন্দ্রীয় সরকারকে জানান যে একটা স্থায়ীভাবে এই সমস্যার সমাধান করা হোক। আর একটা কথা আমি বলবো, আমার সময় অল্প, শুধু চাষী সম্বন্ধে আমি একটি কথা বলে যাবো। আমরা প্রতিবারই শুনি যে আমাদের এখানে কৃষিকে অগ্রগণ্য দেওয়া হচ্ছে, খাদ্য উৎপাদন করার ব্যবস্থা করা হচ্ছে কিন্তু কাজে কিছু হচ্ছে না। সেই জন্য আমি বলছি যে খাদ্য উৎপাদন সম্বন্ধে আমাদের একটা বলিষ্ঠ মতবাদ নেওয়া দরকার। এবার শুনলাম যে গতবারের ৩৯ লক্ষ টনের জায়গায় এবারে ৪৮ লক্ষ টন হবে। কিন্তু আমি বলছি যাতে চাষীরা উৎপাদন বাড়াতে পারে তার জন্য তাদের সবরকম উৎসাহ দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment]

[3-10—3-20 p.m.]

Shri Gour Chandra Kundu: I move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(1) Refugee problem has not yet been solved as a result of which refugees from East Pakistan are suffering for the last 14 years. Wrong policy and inactivity on the part of Central and State Governments to solve this problem are responsible for this failure.

(২) খাদ্যসংকট প্রতিরোধ করিতে সরকার ব্যর্থ হইয়াছেন যাহার ফলে চাউল ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি হইয়াছে এবং এখনও মূল্য বিশেষ কোন উন্নতি হয় নি। ইহার ফলে দেশের সাধারণ মানুষের কষ্টের সীমা নাই।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের এই ভাষণের মধ্যে পশ্চিমবাংলার সাধারণ মানুষ, শ্রমিক, কৃষক, মধ্যবিত্তশ্রেণীর দুঃখদারিদ্র্য ও বেদনার কথার বিন্দুমাত্র উল্লেখ না থাকায় আমি এই ভাষণের তীব্র নিন্দা করছি।

গত বৎসর যখন স্বর্ণ নিয়ন্ত্রণ বিধি চালু করা হল, তার পর থেকে আমাদের পশ্চিমবঙ্গের কয়েকজন স্বর্ণশিল্পী অনাহার ও অর্ধাহারের জ্বালায় আত্মহত্যা করল—এই সেদিন ৩১এ জানুয়ারী তারিখে বাঁকুড়ার রামকৃষ্ণদেব নামে একজন স্বর্ণশিল্পী আত্মহত্যা করেছে। রাজ্যপালের ভাষণে এক বিন্দুমাত্র উল্লেখ নাই, তবে মানুষের প্রতি তাঁর চরম অবহেলা প্রকাশ পেয়েছে। এই ভাষণে বেকার সমস্যা সমাধানেরও কোন কথা নাই। ইকনমিক রিভিউতেও এই কথা স্বীকার করা হচ্ছে যে, আমাদের দেশে ৪ লক্ষ জব সিকারস বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে নাম রেজিস্ট্রি করেছে,

and the number of jobseekers in the State is increasing rapidly

মাননীয় শঙ্করদাস মহাশয়ের গতবারের বাজেট বক্তৃতায়ও এই কথা স্বীকৃত হয়েছে। আজকে বিভিন্ন ধরণের কুটির শিল্পীদের উপর ব্যাপকভাবে সার্টিফিকেট জারী করে তাদের ভিটে-মাটি থেকে উচ্ছন্ন করবার ব্যবস্থা হচ্ছে, ফলে শিল্পগুলি ধ্বংসের মুখে এগিয়ে যাচ্ছে। আজকে খাদ্য নিয়ে যে ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে এবং অনাহারক্লিষ্ট মানুষ কিভাবে মৃত্যুমুখে পতিত হচ্ছে তারও কোন উল্লেখ নাই রাজ্যপালের ভাষণে। সরকারের খাদ্যনীতির ব্যর্থতার দরুন চোরাকারবারীর দল কোটি কোটি টাকা লাভ করছে - তার ফলে দেশের অগণিত লোক মারা যাচ্ছে, এসব কথার কোন উল্লেখ নাই।

খাদ্য সম্পর্কে দুই লাইন লেখা হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবাংলা সরকারকে গতবার আমরা হুঁশিয়ার করেছিলাম কিন্তু তাঁরা সেকথায় কর্ণপাত করেন নি, যার ফলে আমাদের দেশে নিদারুণ খাদ্যসঙ্কট দেখা দিয়েছিল। সেই খাদ্য সঙ্কট আবার দেখা দেবে কাজেই সরকারকে আবার হুঁশিয়ার করতে চাই। এ পর্যন্ত আমাদের ২ লক্ষ টন খাদ্য সংগ্রহ করবার কথা ছিল, কিন্তু তা করা হয় নি। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার এবং উড়িষ্যা থেকে পাওয়া যাবে কিনা সে বিষয়েও সন্দেহ আছে এবং তাছাড়া চোরাকারবারীরা শয়তানী আরম্ভ করেছে। কাজেই এখন থেকেই হুঁশিয়ার হওয়া দরকার। তারপর, আমাদের দেশে যে দাঙ্গার পরিস্থিতি সৃষ্টি হয়েছিল এবং সে সম্পর্কে রাজ্যপালের ভাষণে যা বলা হয়েছে তা অত্যন্ত অন্যায় এবং অযৌক্তিক বলে মনে করি। পূর্ব পাকিস্তানে যে দাঙ্গা হোল, রাজ্যপাল তার মূলে কারণে যাবার চেষ্টা করেন নি। আমাদের পার্টি বলিষ্ঠভাবে বলেছে পূর্ব পাকিস্তানে যে দাঙ্গা হোল তার জন্য দায়ী সেখানকার কায়েমী স্বার্থ এবং প্রতিক্রিয়াশীল আয়ুবশাহী শাসকচক্র। তারা পাকিস্তানের গণ আন্দোলনকে ধ্বংস করবার জন্য সুপরিকল্পিতভাবে এই দাঙ্গা করিয়েছে এবং তার ফলে সেখানকার লক্ষ লক্ষ হিন্দু অধিবাসী বলি হয়েছে। কিন্তু একথা রাজ্যপাল তাঁর ভাষণে বলেন নি, পূর্ব পাকিস্তান সরকারের বিরুদ্ধে বলিষ্ঠভাবে কথা বলার সাহস তাঁর হয় নি। তারপরের কথা হচ্ছে পশ্চিমবাংলার দাঙ্গা সম্পর্কেও তিনি মূলে যাবার চেষ্টা করেন নি। আমরা মনে করি কায়েমি স্বার্থ এবং প্রতিক্রিয়াশীল দল পশ্চিমবাংলায় এই দাঙ্গা করিয়েছে। একথা ঠিক যে, পূর্ব পাকিস্তানের দাঙ্গার প্রতিক্রিয়া হিসেবে পশ্চিমবাংলায় দাঙ্গা হয়েছে, একথা ঠিক যে, একটা পাকিস্তানী গুপ্তচর চক্র এখানে থাকতে পারে। কিন্তু মূল বিষয় হচ্ছে পশ্চিমবঙ্গের হিন্দু মুসলমানের মধ্যে যারা কায়েমী স্বার্থবাদী এবং প্রতিক্রিয়াশীল চক্রে রয়েছে, যে সমস্ত সমাজ বিরোধী রয়েছে তারা পশ্চিমবঙ্গের গণ আন্দোলনকে স্তব্ধ করবার জন্য এই দাঙ্গা বাধিয়েছে। তার ফলে আমরা দেখি পশ্চিমবঙ্গ সরকার ৩-৪ দিন সম্পূর্ণ নিষ্ক্রিয় ছিলেন। হাওড়ার ডি এম, সতীশ সরকার সমাজ বিরোধীদের ধরে ছিল বলে সেখানে দাঙ্গা হয় নি। কিন্তু কোলকাতায় কাউকে ধরা হোল না। আমি জিজ্ঞাসা করতে চাই সালাউদ্দিনকে আজকে ধরা হোল, কিন্তু সেদিন কেন তাকে ধরা হোল না? পাকিস্তানের দাঙ্গার পর অনেক সময় ছিল তখন এখানকার মন্ত্রীরা বা পুলিশ অফিসাররা কি করছিলেন? স্যার, নদীয়া জেলার বগদা থানায়, বনগাঁ থানায় কিছু দাঙ্গাকারী লোক গিয়েছিল, কিন্তু বনগার এস ডি ও-র কাছে ৩-৪-৫ দিন যাবত সাহায্য চেয়ে কোন সাহায্য পাওয়া যায় নি। আমরা দেখেছি ৩-৪ দিন নদিয়ার জেলাশাসক কিছু করেন নি এবং সমাজবিরোধীরা ঘুরে বেড়ান সত্ত্বেও তাদের ধরা হয় নি। শুধু তাই নয়, তাঁরা জনসাধারণের সহযোগিতা নেবার কোন চেষ্টা করেন নি। এই দাঙ্গার ব্যাপারে হিন্দুমহাসভা এবং জনসঙ্ঘ ছাড়া প্রত্যেক দল দাঙ্গার বিরোধী, কিন্তু

সরকার এই সমস্ত দলের সহযোগিতা নেবার প্রয়োজন বোধ করেন নি। নন্দজী আসবার পর পিস কমিটি করা হোল, কিন্তু আমাদের জেলায় দেখেছি ডি এম-কে ফোন করে জানা যায় নি যে পিস কমিটি হবে কিনা? তারপর যখন দাঙ্গা হোল তখন বললেন এবারে পিস কমিটি করা যাক। আমরা বললাম পিস কমিটির কি কাজ? তিনি বললেন আপনাদের কিছু করবার নেই, আপনারা শুধু একটু ঘুরুন। এই সমস্ত অকর্মণ্য পুলিশ এবং প্রতিক্রিয়াশীল লোকদের জন্য এই দাঙ্গা রোধ করা গেল না এবং তারপর তারা জনসাধারণের সামনে নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য অকথ্য নির্যাতন চালিয়েছে। নদীয়ার জেলাশাসক নদীয়ায় যে অকথ্য নির্যাতন চালিয়েছে তা ইতিহাসে বিরল। রিফিউজী কলোনীতে গিয়ে পুলিশ অত্যাচার করেছে এবং এই ব্যাপারে আমি একটা গ্রামের নাম বলব। মদনপুরের কাছে কল্যাণনগর নামে একটি গ্রামে গিয়ে পুলিশ রাত্রিবেলায় মেয়েদের বিবস্ত্র করে ঠাণ্ডা জল ঢেলেছে এবং ৫০-৬০ জনকে গ্রেপ্তার করেছে। সেখানে কোন মুসলমান আক্রান্ত হয় নি, তবুও তাদের ধরা হোল। তাহেরপুরে যেহেতু তারা কমিউনিস্ট পার্টিকে ভোট দিয়েছিল সেহেতু তাহেরপুর কলোনীর বাড়িতে বাড়িতে গিয়ে গ্রেপ্তার করা হয়েছে এবং তারপর তাদের থানায় এনে মারধোর করা হয়েছে।

[3-20—3-30 p.m.]

এবং থানায় থানায় নিয়ে গিয়ে মারধোর করা হয়েছে, কিন্তু বড়ই দুঃখের বিষয় এবং আপশোষের কথা সেখানকার কংগ্রেসের বন্ধুলোক যারা তাদের ধরা তো হয় নি বরং দুই একটি তাদের লোককে যখন ধরেছিলেন আমরা দেখতে পাই সেখানে কংগ্রেসীরা তদ্বির করছে, থানায় গিয়ে, সার্কেল ইন্সপেক্টারের কাছে গিয়ে তদ্বির করেছে যে এরা গুণ্ডা নয় এদের ছেড়ে দিন। ফলে হয়েছে ৪-৫ জন যাদের সন্দেহ করবার গুরুতর কারণ আছে যেহেতু তারা খদ্দরধারী কংগ্রেসী সেজন্য তারা মুক্তি পেয়ে গেলেন কিন্তু মুক্তি পায়নি যারা স্কুল ফাইন্যাল পরীক্ষার্থি গরীব সাধারণ ক্ষেতমজুর গাড়িওয়ালা রিফিউজীদের দল। তারা জেলে পচছে। তাদের খেতে দেওয়া হয় না, তাদের ঘুমোবার জায়গা নেই, এইরকম অবস্থায় তারা পড়ে আছে। কুপার্স ক্যাম্প থেকে তাদের ধরে আনা হল এবং থানায় নিয়ে গিয়ে ঠাণ্ডা জল মাথায় ঢেলে রাত্তির তিনটার সময় এস ডি পি ও সাহেবের নেতৃত্বে সেখানে মারধোর চলল, বুড়ো মানুষ, বাচ্চা ছেলে তাদের ধরে নিয়ে আসা হল কুপার্স ক্যাম্প থেকে, আর যারা নামধারী গুণ্ডা, কংগ্রেসী লোক তাদের কিন্তু ধরা হল না। তাদের কিছুই করেন নি, কিন্তু গরীব মানুষ, নিরীহ উদ্বাস্তুর দল তাদের ধরে নিয়ে এসে রানাঘাট থানায় নিয়ে এসে মারধোর করা হল।

শান্তিপুরের একটি ঘটনা বলবো। কাঁটাপাড়ায় একটি রিফিউজী কলোনী আছে, শান্তিপুরের আশেপাশে কোন দাঙ্গা হয় নি, অথচ সেখান থেকে অনুরূপভাবে লোকদের ধরে নিয়ে এসে তাদের মারধোর করলেন, ব্রজগোপাল দত্ত নামে একজন মাস্টার মহাশয়কে মারতে মারতে তার ঠ্যাং ভেঙ্গে দিলেন এবং তাঁর পা-টা বোধ হয় বাদ দিতে হবে। কৃষ্ণনগরের হাসপাতালে তিনি আছেন, সেখানে আমাদের মদনপুরের একটি ছেলেকে অনুরূপ ভাবে মারার জন্য বহরমপুরের জেল হাসপাতালে সে শয্যাশায়ী হয়ে আছে। কিন্তু কেন এই অত্যাচার? এজন্য যে নদিয়াতে যে সামান্য দাঙ্গা হয়েছে, সেখানে কোন বড় দাঙ্গা কিছু হয় নি, সামান্য এক আধটু যা হয়েছে তার জন্য গভর্নমেন্টের কাছে এক্সপ্লানেশন দিতে হবে এবং সেই এক্সপ্লানেশন দেবার ক্ষমতা সেখানকার কর্তৃপক্ষের নেই, জেলা ম্যাজিস্ট্রেটের নেই, তাই অন্যায়ভাবে এই সমস্ত রিফিউজীদের উপর মারধোর করে দেখাচ্ছেন তারা কত মুসলমান দরদী, কত আমরা সেকুলার স্টেট অধিবাসী। সেটা দেখাবার চেষ্টা হচ্ছে। আমি সরকারের কাছে আবেদন করব যে এই সমস্ত লোক নিরীহ লোক যারা কিছু জানে না তাদের উপর অকথ্য অত্যাচার করবেন না, এই করে সাম্প্রদায়িক দাঙ্গা রোধ করতে পারবেন না। এবং সম্পূর্ণ সাম্প্রদায়িক শান্তি ফিরিয়ে আনতে পারবেন না। যদি সাম্প্রদায়িক শান্তি ফিরিয়ে আনতে হয় তাহলে গুণ্ডাদের ধরুন বদমাসদের ধরুন, সাম্প্রদায়িক ব্যক্তিদের ধরুন, তারা যে দলের যে মতেরই হোক। তারা খদ্দর-

মী কংগ্রেসী হয়ে কংগ্রেসের তারা বদনাম করছে, তাদের আপনারা ধরে চালান দিন, কিন্তু ভাবে গরীব মানুষদের ধরে আপনারা পীড়ন করবেন না। পূর্ব পাকিস্তান থেকে পশ্চিম-বঙ্গ যে হাজার হাজার রিফিউজী আসছে গেদে দিয়ে, পেট্রোপোল সীমান্ত দিয়ে, তাদের আসার থ অনেক প্রতিবন্ধক সৃষ্টি করেছেন ভারত সরকার। কারণ তাদের অভিজ্ঞতা এই হয়েছে তারা এসে আন্দোলন করে। যদিও ভারত সরকার একথা বলেছিলেন যে পূর্ববঙ্গের সংখ্যা-ঘু যারা এখানে আসবে তাদের রি-হ্যাবিলিটেশনের দায়িত্ব তাঁরা নেবেন কিন্তু এখন আমরা খছি যে তাঁরা তাদের সেই দায়িত্ব পরিহার করে চলেছেন। পণ্ডিত নেহরু পূর্ববঙ্গের ন্দুদের প্রতি বিশ্বাসঘাতকতা করছেন, বেইমানী করছেন। তাই আমরা দেখি পশ্চিমবঙ্গের মস্যার সমাধান হয় না। পশ্চিম পাঞ্জাবের রিফিউজীদের সমস্যার সমাধান হয়েছে কিন্তু মাদের পশ্চিমবঙ্গের রিফিউজীদের প্রতি তাদের বিন্দুমাত্র দায়িত্ব নেই, এখনও পর্যন্ত ক্যাম্পে ক্যাম্পে হাজার হাজার রিফিউজী পুনর্বাসনের অপেক্ষায় রয়েছে। তাদের ১৯৯৭ সালে ১২ কা করে ডোল দিতে আরম্ভ করেন, সেই ডোলের পরিমাণ এখনও পর্যন্ত আর বাড়ান নি। মি আজ শুনলাম ত্রাণমন্ত্রী শ্রীমতী মাইতির কাছে যে ১৮ টাকা করা হয়েছে, জিনিসপত্রের ম এত বেড়ে গেছে, কিন্তু রিফিউজীদের জন্য ডোলের পরিমাণ এক পয়সাও বাড়ান হয় নি। রা দণ্ডকারণ্যে যেতে চায় নি তাদের সাহায্য বন্ধ করে দেওয়া হয়েছে, তারা অনাহারে, অর্ধা-রে মৃতপ্রায় তাদের কোন ডোল দেওয়া হচ্ছে না কিন্তু দণ্ডকারণ্যে কেন তারা যায় নি, সেকথা মাদের বলবার দরকার নেই। আপনাদের কংগ্রেসী নেতা অতুল্য ঘোষ মহাশয় কি বলছেন ডকারণ্য সম্বন্ধে সেটা আমি একটু পড়ে দিতে চাই "দণ্ডকারণ্য পরিকল্পনা যখন ঘোষণা রা হয় আমাদের খুব উচ্চাশা ছিল, কিন্তু এই পরিকল্পনা রূপায়ণে প্রথম পর্যায়ে কি টিয়াছে? সেখানে পানীয় জল তো দূরের কথা স্নান করিবার জলও উদ্বাস্তুরা পান নাই। যমে রিফিউজীরা ঘর তৈরি করিতে রাজী হইয়াছিল, কিন্তু ঘর তৈরির জিনিসপত্র পাওয়া যায় ই। পশ্চিমবঙ্গ থেকে তাহাদের দণ্ডকারণ্যে ট্রেনজিট ক্যাম্পে নিয়ে যাওয়া হইয়াছে। সেখানে ন কোন জায়গায় অবস্থা পশ্চিমবঙ্গ-এর ক্যাম্পের অবস্থার থেকেও খারাপ ছিল। দণ্ডকারণ্যে দুর্দশার মধ্যে উদ্বাস্তুদের থাকিতে হইয়াছিল আমি তাহার নিজে সাক্ষী আছি।" তরাং আজকে আমি বলতে চাই যে যাঁরা দণ্ডকারণ্যে যান নি, যাঁরা ক্যাম্প-এ রয়েছেন তাঁদের ম্বন্ধে একটু চিন্তা করুন। আর এখন যাদের দণ্ডকারণ্যে পাঠাচ্ছে তাঁরা সেখানে গিয়ে যাতে নুষের মত বাস করতে পারে, এদের উপর অত্যাচার না হয়, অনাহারে মৃত্যু না হয় সেদিকে ষ্টি দেবেন। মাইগ্রেশন-এর কড়াকড়ি যেন শিথিল করা হয় এবং যাঁরা চোখের জল ত্যাগ করে ই দেশে এসে আশ্রয় নিতে চান তাঁদের আশ্রয় দেওয়া হোক এবং যাঁরা স্বাধীনতার জন্য সব য়েছিলেন তাদের আশ্রয় দেওয়া উচিত। উদ্বাস্তুদের সম্বন্ধে একটা কথা বলব যে, উদ্বাস্তু-র ঋণ মকুব নিয়ে যে টালবাহানা চলছে সে সম্বন্ধে বলতে চাই যে তাদের ঋণ পরিশোধ করার কোন ক্ষমতা নেই সেটা আপনারা সকলেই জানেন। সুতরাং তাদের ঋণ মকুব করার জন্য মি আপনাদের অনুরোধ জানাচ্ছি। সর্বশেষে, আমার বক্তব্য হচ্ছে যে দেশের আর্থিক বস্থার কথা আমরা সবাই জানি। শংকরদাসবাবু গতবার তাঁর বাজেট বক্তৃতায় বলেছিলেন যে মাদের

ational income per capita Rs 25 per month

তার নীচে। রিফিউজীদের সম্বন্ধে শৈলবাবু স্বীকার করেছেন যে ন্যাশনাল ইনকাম পার ্যাপিটা যা তার চেয়ে রিফিউজীদের আয় কম। অথচ রিফিউজীরা দেশের একটা বিরাট ংশ। দেশের সাধারণ মানুষ—ফোর্থ গ্রেড, থার্ড গ্রেড কর্মচারী, বিড়ি শ্রমিক, তাঁতী শ্রমিক, লকারখানার শ্রমিক ইত্যাদি সমস্ত দরিদ্র মানুষের আয় মাসিক যে ৭৮।৮০ টাকার বেশী নয়, া আপনারা জানেন, অথচ বাজারে চাল এবং অন্যান্য জিনিসপত্রের দাম প্রচণ্ডভাবে বেড়ে গেছে। ুতরাং তাদের আয় বাড়ান যেমন দরকার তেমনি জিনিসপত্রের দাম কমান দরকার। পঞ্চবার্ষিকী রিকল্পনার কথা বলুন গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথাই বলুন, কিন্তু মূল কথা দেশের জন-াধারণ অথচ সেই জনসাধারণের প্রতি নিদারুণ অবহেলা গভর্নরস স্পীচ-এর মধ্য দিয়ে বেরিয়ে সছে। সুতরাং তাঁকে ধন্যবাদ দেবার প্রস্তাবকে বিরোধীতা করে আমি শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I move that the following be added at the end of the address in reply, viz.:

কিন্তু গভীর দুঃখের বিষয় মাননীয়া রাজ্যপালের ভাষণে—

(১) সম্প্রতি পূর্ব পাকিস্তানের ঢাকা, নারায়ণগঞ্জ, খুলনা, যশোহর প্রভৃতি বিভিন্ন অঞ্চলে সহস্রাধিক সংখ্যালঘিষ্ঠ নরনারীর ব্যাপক হত্যা, নারী ধর্ষণ, লুণ্ঠন, অগ্নি-সংযোগ প্রভৃতি বর্বর অত্যাচারের তীব্র প্রতিবাদ, নিগৃহীতের প্রতি সমবেদনা, পূর্ব পাকিস্তানে বন্দী অবস্থায় অবস্থানকারী ৯০ লক্ষ সংখ্যালঘিষ্ঠগণের নিরাপত্তার ও নিরাপদে এবং সহজে পশ্চিম বাংলায় প্রবেশের সুযোগ দানের আশ্বাস তথা পূর্ব পাকিস্তানের সংখ্যালঘিষ্ঠগণকে পুনঃ পুনঃ অত্যাচার হইতে রক্ষার জন্য স্থায়ী সমাধানের উপায় সম্পর্কে কোন বিষয়ের উল্লেখ নাই ;

(২) গড়িয়া দীনবন্ধু এন্ড্রুজ কলেজের ছাত্র ভুদেব সেন এবং আরও অনেক নিরপরাধ ব্যক্তির পুলিশ ও মিলিটারীর গুলীতে নির্বিচারে হত্যার জন্য কোন সমবেদনা প্রকাশের এবং জনসাধারণের দাবীর প্রতিধ্বনি করিয়া বিচার বিভাগীয় তদন্ত ব্যবস্থার প্রতিশ্রুতি সম্পর্কে কোন উল্লেখ নাই ;

(৩) কলিকাতার সাম্প্রদায়িক দাঙ্গা দমনে কলিকাতা ও পশ্চিমবঙ্গ পুলিশের অক্ষমতা হেতু সামরিক বাহিনীকে কলিকাতা ও পশ্চিমবঙ্গ পুলিশের হস্তে দায়িত্ব অর্পণ করা হইয়াছিল কিনা তাহার কোন উল্লেখ নাই ;

(৪) পূর্ব পাকিস্তান হইতে সম্প্রতি আগত সহস্র সহস্র উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসনের জন্য কি কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে তাহার কোন উল্লেখ নাই ,

(৫) পশ্চিম বাংলায় পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠার কার্যে সংবিধানের মহান উদ্দেশ্যকে ব্যর্থ করিবার জন্য কংগ্রেস পরিচালিত পশ্চিমবঙ্গ সরকার গ্রামে গ্রামে দলীয় রাজনীতির বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করিয়া, দলীয় স্বার্থ রক্ষায় গ্রামসভা ও পঞ্চায়েত গঠনে মন্ত্রিবর্গ সংকীর্ণ বুদ্ধি, দুর্নীতিপরায়ণতা ও অবৈধ কার্য সম্পাদনে প্রবণতা দেখাইয়া এবং নানা কৌশলে ক্ষমতা কুক্ষিগত করিবার অপচেষ্টা চালাইয়া পশ্চিম বাংলার গণজীবনে যে হতাশা ও প্রশাসনিক ব্যবস্থার প্রতি জনগণের অশ্রদ্ধার সৃষ্টি করিতেছেন তাহার প্রতিবিধান বিষয়ে কোন উল্লেখ নাই ,

(৬) পশ্চিমবঙ্গ সরকার গ্রাম সভা ও পঞ্চায়েত গঠন ব্যাপারে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আই-নের ২নং ও ৩নং ধারা অনুসারে বিজ্ঞপ্তি কলিকাতা গেজেটে উদ্দেশ্যমূলকভাবে পিছলা তারিখ দিয়া প্রকাশ করায় জনসাধারণ বিভ্রান্ত ও আইনসঙ্গতভাবে কার্য করিতে বাধাপ্রাপ্ত হইতেছেন তাহা কঠোর হস্তে বন্ধ করার বিষয়ে কোন উল্লেখ নাই ;

(৭) ব্যাপক খাদ্য উৎপাদন, সুষ্ঠু বণ্টন, খাদ্য ব্যবসায় রাষ্ট্রীয়করণ, খাদ্যে মুনাফাবাজী এবং ভেজাল দূরীকরণ এবং খাদ্য উৎপাদনে উৎসাহ সৃষ্টির জন্য ভূমিহীন চাষী-দিগকে ব্যাপক ভূমি বণ্টনের কোন পরিকল্পনা নাই :

(৮) বেকার সমস্যা সমাধানের জন্য ব্যাপক কুটিরশিল্প প্রসারের সুপরিকল্পিত ব্যবস্থার উল্লেখ নাই ;

(৯) শিক্ষাক্ষেত্রে অব্যবস্থা, দুর্নীতি এবং বহু ক্ষেত্রে বিদ্যালয় প্রতিষ্ঠা ও শিক্ষক নিযুক্তির কার্যে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার বিরুদ্ধে কোন সুস্পষ্ট ঘোষণার উল্লেখ নাই ;

(১০) সারা পশ্চিম বাংলার কলেরা, ডায়েরিয়া, আমাশয় প্রভৃতি রোগ মহামারী আকারে দেখা দিলেও পানীয় জলের ব্যবস্থার জন্য রাজ্যের সর্বত্র ব্যাপক নলকূপ স্থাপনের পরিকল্পনার বিষয়ে কোন উল্লেখ নাই :

(১১) রাজ্যের সব স্তরে দুর্নীতির ব্যাপক প্রসার সমাজ-জীবনকে বিধ্বস্ত করিতে উদ্যত হইলেও উহা কঠোর হস্তে প্রতিবিধানের জন্য দৃঢ়সঙ্কল্পের কোন উল্লেখ নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ চারদিন ধরে রাজ্যপালের ভাষণের উপর অনেক বক্তৃতা শুনলাম। আজ গভীর দুঃখের সঙ্গে তাঁর ভাষণের প্রতিবাদ করার জন্য দাঁড়িয়েছি। তাঁর সংক্ষিপ্ত ভাষণের জন্য হয়ত কারুর আপত্তি হচ্ছে, আমার সেই কারণে আপত্তি নেই। অনেক কথা কম বলেন, কাজ বেশি করেন। আমি যদি দেখতাম তিনি কাজের লোক, কাজ করছেন তাহলে আমার আপত্তি করবার কিছু থাকত না। কিন্তু আজকে বাংলাদেশের যেসব সমস্যা সেই সব সমস্যা তিনি এড়িয়ে গেছেন। বাংলাদেশে যে ভয়াবহ বেকার সমস্যা, খাদ্য সমস্যা, উদ্বাস্তু সমস্যা, শিল্প সমস্যা, সর্বস্তরে যে দুর্নীতি ইত্যাদি যে সমস্ত সমস্যা রয়েছে তার ধারেপাশে তিনি যান নি এবং কোন জায়গায় তিনি কোন সমাধানের পথ দেখান নি। তা এড়া বাংলাদেশের উন্নয়নের জন্য তিনি যদি কোন ইঙ্গিত করতেন, সর্বাঙ্গীণ উন্নতির পথ দেখাতেন তাহলে নিশ্চয় তাঁকে প্রশংসা করতাম। এমন কি যে ভয়াবহ ঘটনা পূর্ব পাকিস্তানে ঘটে গেল তাকেও তিনি চেপে দিয়ে গেছেন। খুলনা, যশোহর, ঢাকা, নারায়ণগঞ্জে যে হাজার হাজার লোক মারা গেছে, সহস্র সহস্র লোক গৃহহীন হয়েছে, শত শত নারীর মর্যাদা লুণ্ঠিত হয়েছে তাদের সম্বন্ধে একটা কথাও তিনি উল্লেখ করেন নি—সব চেপে দেওয়া হয়েছে। কিন্তু কার স্বার্থে তিনি চেপে দিয়েছেন তা জানি না, বা কাকে খোসামোদ করবার জন্য তিনি এটা করেছেন তা বুঝতে পারছি না। অতএব তাঁর যে ভাষণ তাকে নিন্দা না করে পারি না। বরং এই কথা বলব যে, স্কুল ফাইন্যাল পাশ করার জন্য রাস্তাঘাটে যে মেড ইজি বিক্রি হয় তেমনি পশ্চিমবঙ্গ, কিন্তু সত্যিকারের এর মধ্যে কোন আশার কথা নেই যা নিয়ে আমরা পশ্চিম বাংলার জনসাধারণের কাছে কিছু বলতে পারি। সেজন্য আজকে আমি তাঁর ভাষণকে নিন্দা না করে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আমাদের সামনে সবচেয়ে বড় হয়ে যে সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যার কথা বলব। আমি জানি আমাদের দেশে খাদ্যাভাব রয়েছে, উদ্বাস্তু সমস্যা রয়েছে, বেকার সমস্যা রয়েছে, কিন্তু সবচেয়ে বড় হয়ে দেখা দিয়েছে পূর্ব পাকিস্তানের ৯০ লক্ষ লোক সংখ্যালঘিষ্ঠ যারা রয়েছে তাদের জীবনরক্ষার দায়িত্ব আমাদের তাদের সম্মান রক্ষার দায়িত্ব আমাদের কাছে দেখা দিয়েছে, তাতে আমরা দেখতে পাচ্ছি যে, তারা বার বার লুণ্ঠিত হচ্ছে, অত্যাচারিত হচ্ছে তাদের রক্ষা করার দায়িত্ব ভারত সরকার নিতে পারছেন না।

[3-30—3-40 p.m.]

তাঁরা ভুলে গেছেন যে, ১৯৪৭ সালে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, পার্টিশান কাউন্সিলের সময় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সে মর্যাদা আপনারা রাখতে পারেন নি। আমরা দেখতে পাচ্ছি, ১৯৫০ সালে নেহরু-লিয়াকৎ চুক্তি, সে চুক্তির যে মর্যাদা তা লুণ্ঠিত হয়েছে। যখন সংখ্যালঘুদের উপর অত্যাচার হচ্ছে তখন রাজনৈতিক চক্র তাকে রক্ষা করবার দায়িত্ব নেয় নি, বরং আমরা দেখতে পাচ্ছি যে, আর্ত হিন্দুরা যাঁরা পালিয়ে আসতে চান তাঁদের পথ বন্ধ করবার জন্য এরা বার বার চেষ্টা করছে। আজকে আমরা তাই দেখতে পাচ্ছি, কিছুক্ষণ আগে প্রশ্ন উত্তরের সময় অর্থমন্ত্রী বক্তৃতায় বলেছিলেন যে, তিনি নাকি জানেন না, সেখানে নারীর মর্যাদা লুণ্ঠিত হচ্ছে বা নষ্ট হচ্ছে বা নারীহরণ হচ্ছে—এ তিনি জানেন না, এবং সীমান্ত থেকে যাঁরা আসছেন গেদে প্রভৃতি জায়গা থেকে তাদের স্টেটমেন্ট নেওয়ার প্রয়োজন মনে করেন নাই, কারণ আমি জানি, তাঁর কাছে এটা বড় জিনিস নয়। আমি আরও জানি, গত রবিবার দিন টাকীতে ঘুরে বেড়াচ্ছেন, রামনগরে ঘুরে বেড়াচ্ছেন। তাঁর কাছে যদি উদ্বাস্তু সমস্যা এই আর্তদের সমস্যা বড় করে দেখা দিত তা হলে সে জায়গায় তিনি যেতে পারতেন। রামনগরের স্কুলের ব্যাপারে ঘুরে বেড়াচ্ছেন। গেদেতে যাওয়া, পেট্রাপোলে যাওয়া, উদ্বাস্তুদের ক্যাম্পে যাওয়া এবং আর্তদের জন্য সাহায্যের ব্যবস্থা করা বা তাদের দুঃখের কাহিনী শোনার দরকার তিনি মনে করেন না। আমরা দেখতে পেয়েছি, তিনি দীঘায় ঘুরে বেড়াচ্ছেন। এটা কোন্ স্বার্থে? দলীয় স্বার্থ ছাড়া আর্তত্রাণ বড় জিনিস নয়, তাঁর কাছে উদ্বাস্তু বড় জিনিস নয়।

অথচ তাঁর কাছেই উদ্বাস্তুত্রাণ দপ্তর, আর্তত্রাণের দপ্তর দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় অল্প, সেজন্য আমি বিশেষ কিছু বলতে পারবো না। আমি ত্রাণ সম্বন্ধে অনেক কথাই বলতাম। ভগবানপুরে আর্তত্রাণের নামে একটা প্রতিষ্ঠানকে ৮২ হাজার টাকা দিয়েছিলেন। তাঁর নিজের লোকের হাতে এ টাকা দিয়েছিলেন। ডিপার্টমেন্ট-এর সঙ্গে কোন সম্পর্ক নেই। কিসের নামে দেওয়া হয়েছে? কাখড়া খাদি কেন্দ্রকে ৮২ হাজার টাকা দিয়েছেন ডিপার্টমেন্টএর কেউ জানে না। কারণ হচ্ছে, পশ্চিমবাংলায় খাদি কেন্দ্রের বড়কর্তা এবং সেজন্য দেওয়া হয়েছে। কিছুদিন ঐসব ক্লাবকে কিছু কাপড় এবং কম্বল দেওয়া হয়েছিল। এমন এমন ক্লাবকে দেওয়া হয়েছিল যার কোন অস্তিত্ব নেই। আজকে তাঁর হাতে এই উদ্বাস্তু দপ্তর পড়ায় তাঁর কি অবস্থা দাঁড়িয়েছে। আজ উদ্বাস্তুদের রাস্তায় পড়ে থাকতে হচ্ছে তারা খাদ্য পায় না, ঔষধপত্র পায় না। সুতরাং তাঁর এসব কাজ দেখে আশ্চর্য হবার কিছু নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় এ সম্বন্ধে অনেকে আলোচনা করেছেন সুতরাং এ সম্পর্কে বেশি আলোচনার জন্য সময় নিতে পারি না। সেজন্য বলছি এর সমাধানের পথ কি? আমি জানি রাজনৈতিক চক্রান্ত সেখানে ঘটছে। কিন্তু যা ঘটেছে আমি তাতে আমি লোক বিনিময়ের কথা বলতে বা সমর্থন করতে পারি না। ভারতে বহু মুসলমান আছে যারা যাদের সংবিধানের প্রতি আনুগত্য বা ভারত রাষ্ট্রের প্রতি আনুগত্য আছে। জাতীয়তাবাদী বহু মুসলমান এখানে রয়েছে। কাজেই আজকে আমরা লোক বিনিময়ের কথা বলতে পারি না। এটা সংবিধানবিরোধী হবে বা নীতি-বিরোধী হবে। তাই আমি মনে করি পূর্ব-পাকিস্তানে যে ৯০ লক্ষ লোক আছে, তাদের নিরাপদ আশ্রয়ে আনতে হবে। আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা রক্ষা করতে পারি নি, আমাদের তা রক্ষা করতেই হবে। সেজন্যই আপনাকে আমি সেকথা স্মরণ করিয়ে দিতে চাই। দিল্লীর নাগরিক সম্মেলনে বলেছিলেন ভারতের রাষ্ট্রপতি থেকে প্রধানমন্ত্রী পর্যন্ত সকলকে বাসস্থান ত্যাগ করে নিতে হবে। আজ আমিও সেই কথা বলি। সেখানের যারা স্বাধীনতার জন্য লড়াই করেছে জীবনের সর্বস্ব দিয়েছে আজকে তাদের কংগ্রেসের ক্ষমতার লোভে এবং কংগ্রেসের দেওয়া ঐ মাউণ্টব্যাটেনের এক কলমের খোঁচায় নিশ্চিহ্ন হতে বাধ্য হয়েছে। আজকে যারা সেখানে রয়েছে তাদের এখানে আনা এবং নিরাপদ আশ্রয়ে রাখা, তাদের সমস্ত দায়িত্ব নেওয়া আমাদের কর্তব্য। আজ আমরা তাদের এখানে আনতে চাই এবং মাইগ্রেশনের যেসব বাধা আছে তা তুলে দিতে হবে।

এবং যতদিন পর্যন্ত এই ধনতন্ত্রী-সমাজবাদীরা চক্রান্ত করবে ততদিন পর্যন্ত সাম্প্রদায়িক দাঙ্গা হবে। এর অবসানকল্পে আমরা চাই এখানে সমাজতান্ত্রিক রাষ্ট্র যার কথা এখানে বলা হয়। কি হিন্দু, কি মুসলমান সকলেই যতদিন না সমান অধিকার পায় ততদিন দাঙ্গা এই ভারতবর্ষে এবং পাকিস্তানে হবে। এখন আন্তর্জাতিক রেডক্রশ মারফত যারা সেখানে বিপন্ন রয়েছে তাদের উদ্ধার করে তাদের রিলিফের ব্যবস্থা করা হোক এবং সঙ্গে সঙ্গে আমরা দাবি করছি যে আজ পাকিস্তান থেকে সমস্ত হিন্দুদের এখানে এনে তাদের পুনর্বাসনের উপযুক্ত ব্যবস্থা করতে হবে।

Shri Bhakti Bhushan Mandal: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(1) there is no mention of the problems of land reform, agriculture, irrigation and corruption in Government departments;

(2) there is no mention of the independence of the Judiciary which is now at the point of danger."

মাননীয় অধ্যক্ষ মহাশয় গভর্নরের স্পীচে যেসব বিষয় আমরা দেখি, তাতে মনে হয় যে, ভারতবর্ষে তথা বাংলাদেশে কনস্টিটিউশন হেডের যে কোন প্রয়োজন নেই সেটা পরিষ্কার পরিস্ফুট হয়েছে। কনস্টিটিউশন্যাল হেডকে যদিও বহু টাকা বেতন দিয়ে রাখতে হয় তবুও দেখা যাচ্ছে যে, তাঁর কার্যকারিতা একেবারে শেষ হয়ে গেছে। এটা প্রমাণ হয়ে গেছে গভর্নরের স্পীচে। আমরা জানি বাংলাদেশে বহু জিনিস এবং বহু তার সমস্যা আছে। কিন্তু এসব

মূল সমস্যাগুলির সমাধান সম্বন্ধে গভর্ণরের স্পীচের কোন জায়গায় কোন স্থান পায় নি, এক একটু যা স্থান পেয়েছে তা এমনভাবে রাখা হয়েছে যে তার কোন মূল্য নেই—তার কোন অর্থ হয় না। আজ বাংলাদেশ তথা ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ। শতকরা ৮০ জন লোক কৃষক, তার মধ্যে কারও জমি আছে, কারও জমি নেই। ভূমিহীন এবং সামান্য ভূমি থাকা যে কৃষক সেই কৃষক নিয়েই এই বাংলাদেশ। কিন্তু সমস্ত ভাষণটা যদি পড়ি তা হলে দেখব যে, সে সম্বন্ধে কোন আলোচনাই করা হয় নি। মধ্যে মধ্যে কয়েকটা ডট লাইন দিয়ে কয়েকটা পয়েন্ট দেওয়া হয়েছে। তাই আমি বলতে চাই যে, কনস্টিটিউশন্যাল হেডের যে শেষদিন এসে গেছে সেটা আমরা বুঝতে পারছি। এইজন্য বলছি যে, যেসময় ল্যান্ড রিফর্ম অ্যাক্ট পাশ করা হল তাতে কৃষকদের অবস্থা কি দাঁড়াল সেটা গভর্নরের স্পীচে সবচেয়ে বেশি করে থাকা উচিত ছিল। ল্যান্ড রিফর্ম অ্যাক্ট পাশ হল, কিন্তু যদিও বলা হয়েছিল ল্যান্ড রিফর্ম অ্যাক্ট পাশ হলে জমিদার এবং জোতদারদের হাতের থেকে জমি গিয়ে সাধারণ কৃষক এবং যাদের কম জমি আছে তারা সেই জমি পাবে—কিন্তু দেখা গেল প্রকৃতপক্ষে কারও হাতে জমি গেল না—এ সম্বন্ধে কোন ইঙ্গিতই গভর্নরের স্পীচের মধ্যে আছে কি? তাই আমি বলি, গভর্নরের স্পীচকে আমরা একটা বিগ জিরো হিসাবে ট্রিট করতে পারি। পৃথিবীর একজন বিখ্যাত মনীষী বলেছিলেন যে, ভূমি সংস্কারের অপরিহার্য সোজা কথা হচ্ছে যে, জমিদার এবং জোতদারদের কাছ থেকে জমি নিয়ে নেওয়া শুধু নয়—বড় কথা হচ্ছে ভূমিহীন এবং যাদের কম জমি আছে তারা জমি পেয়েছে কিনা সেটা দেখা। আমরা জানি দক্ষিণ কোরিয়াতে এইরকম আইন পাশ হয়েছিল—তারা ভেবেছিল এইরকম করে তারা সাধারণ মানুষের চোখে ধুলো দেবে। কিন্তু দেখা গিয়েছিল, সিংম্যান রী যখন ভূমি সংস্কার আইন পাশ করল, তখন এমনভাবে সেই আইনটা পাশ করালেন যে, যারা ভূমিহীন, যাদের জমি নাই, তারা জমি পেল না। তাই তাদের সমস্ত কিছু বানচাল এবং ব্যর্থ হয়ে গিয়েছে। দ্বিতীয়ত, বলতে চাই, বাজারদর সম্বন্ধে। এই বাজারদর সম্বন্ধে কোন রকম কিছুই গভর্নরের স্পীচে বলা নাই। কেবল একটা ডট অর্থাৎ একটা পয়েন্ট দেওয়া আছে।

[1-40—1-50 p.m.]

আমি এইজন্য বলতে চাই যে, ইনফ্লেশন যদি এইরকম করে বেড়ে যায়- আমার কয়েকজন বন্ধু বলে গিয়েছেন যে, ৫ টাকা আর ১০ টাকা বাড়িয়ে দেওয়া নিয়ে ঝগড়া করছেন যে, না, এটা ১০ টাকা করা হোক, ৫ টাকা করা হোক আমি কিন্তু তা মোটেই মনে করি না। তার কারণ হচ্ছে এই যে, গভর্নমেন্টকে যদি সরকারের লোকদের রিয়্যাল ওয়েজেস দিতে চান তা হলে যতক্ষণ পর্যন্ত প্রাইস লেভেল চেক-আপ না করবেন ততক্ষণ পর্যন্ত রিয়্যাল ওয়েজেস পেতে পারে না। সেই রিয়্যাল ওয়েজেস যদি না পায় তা হলে ১০ টাকা আর ৫ টাকা বাড়িয়ে আমরা মনে করছি যে, গরীব এমপ্লয়ীদের খুব একটা উপকার করতে গেলাম, কিন্তু আমি মনে করি যে, তাতে মোটেই হবে না। তার কারণ হচ্ছে যে, এমনি ৫ টাকা আর ১০ টাকা বাড়িয়ে দিলে সঙ্গে সঙ্গে যদি ইনডেক্স নাম্বারটা আর একগুণ বাড়িয়ে দেন, ১০ পয়েন্ট কি ২০ পয়েন্ট করে দেন, তা হলে যে গরিবদের একটু সাহায্য করার কথা হয়েছিল তা সমস্ত নিঃশেষ হয়ে যাবে। তাই আমি দেখছি যে, গভর্ণরস স্পীচ যেটা হোপলেশলি হোপলেশ হয়েছে, সেটা এইজনাই বলছি যে, আজকে ভারতবর্ষে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে প্রাইস লেভেলকে চেক-আপ করা, কিন্তু প্রাইস লেভেলকে কিভাবে চেক-আপ করতে হবে তার কোনরকম ইঙ্গিত, তার কোনরকম সুপারিশ তাঁর কাছ থেকে পাচ্ছি না। আমি জানি, প্রাইস লেভেল চেক-আপ করতে গেলে এটা সেন্টারের কাছে বলতে হয়, কিন্তু তবুও আমি মনে করি, বাংলাদেশের আসেম্বলি থেকে তার একটা ইঙ্গিত দেবার প্রয়োজন ছিল। সেই ইঙ্গিত যদি না দেয়, তা হলে আমরা জানব যে, যিনি বাংলাদেশের গভর্নর, তিনি বাংলাদেশের সমস্যা তথা সারা ভারতবর্ষের সমস্যা সম্বন্ধে কিছুই জানেন না। দ্বিতীয় কথা হচ্ছে, যদিও গুলজারিলাল নন্দের কাছ থেকে বার করে বড় বড় কথা শুনতে পাচ্ছি, কোরাপশন সম্বন্ধে। কোরাপশান সম্বন্ধে উনি বড় বড় ফতোয়া ঝাড়ছেন, কিন্তু কোন্ কোন্ আইটেমে, কোন্ কোন্ ডিপার্টমেন্টে কিভাবে কোরাপশন করছে সেইটার যদি প্রকৃষ্ট ইঙ্গিত না থাকে, তা হলে আমি মনে

করি এই কোরাপশন চেক করা যাবে না। কাজেই আমার মনে হয় গভর্নরস স্পীচে সবচেয়ে বেশি প্রয়োজন ছিল সেই জিনিসটা বলা। কিন্তু গভর্নরস স্পীচে সমস্ত জায়গা যদি খুঁজে দেখি, তা হলে দেখা যাবে কিছুই নেই, কোরাপশন সম্বন্ধে কিছুই বলা নেই। এইজন্য আমি বলছি যে, এই সমস্ত ব্যাপারগুলি যদি ভালভাবে না থাকে, সর্ট স্পীচে কিছু যায় আসে না, কিন্তু তার ভিতর যদি প্রত্যেকটি বিষয় নিয়ে ডীল করা থাকে এবং তার রিয়ালিস্টিক অ্যাপ্রোচ থাকে, তবেই জানব যে, সেটা একটা স্পীচ এবং সেটা আমরা মানব। কিন্তু শুধু যদি দেখি, একটা ক্রিপটিক স্পীচ হয়েছে, যার কোন মূল্য নেই, তাহলে নিশ্চয়ই আমাদের বলার অধিকার আছে যে, কনস্টিটিউশনাল হেড যেটা আছে তার থাকার কোন প্রয়োজনীয়তা নেই। বেকার তাঁকে বহু টাকা দিয়ে এখানে রাখা হয়েছে এবং সেই টাকা বৃথা বাংলা দেশের গরীবদের কাছ থেকে নিয়ে খরচ করা হচ্ছে। তৃতীয়তঃ আমি বলতে চাই, আর দুটি কথা, একটা হচ্ছে পঞ্চায়েত ইলেকশন সম্বন্ধে তিনি বলেছেন যে, পঞ্চায়েত রাজ সৃষ্টি করে সারা বাংলাদেশে একটা নূতন রাজ্যের সৃষ্টি করা হচ্ছে। কিন্তু আমি জানি এবং যাঁরা গ্রাম থেকে এসেছেন তাঁরাও জানেন যে, এই পঞ্চায়েত ইলেকশনের মত বোধ হয় রি-অ্যাকশনারি ইলেকশন আর পৃথিবীর কোন দেশে কোথায়ও দেখতে পাওয়া যায় না। দুটি কারণে, কারণ হচ্ছে ইনডাইরেক্ট ইলেকশনে যে সব ডিসকোয়ালিফিকেশন বা যেসব কুফল আছে সমস্তই পঞ্চায়েত ইলেকশনের মধ্যে দেখতে পাওয়া যাবে। শুধু তাই নয়, আগে বৃটিশরা বহু কাজ করেছিল কিন্তু তারা বাংলাদেশে গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায় ঝগড়া লাগাতে পারে নি, আজ কংগ্রেসী সরকার একটা জিনিস করেছেন সেটা হচ্ছে এই ঘরে ঘরে গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায়, এই পঞ্চায়েত ইলেকশনে ঝগড়া লাগিয়ে রেখেছেন। তাই আমি বলতে চাই যে, এটা সম্বন্ধে তাঁর স্পীচে কিছুই দেখতে পাওয়া যায় না। শেষ কথা আমি বলতে চাই, এই যে সকলেই বলেছেন, যাঁরা পূর্ববঙ্গে হিন্দু আছেন তাঁদেরকে এই বাংলাদেশে তথা ভারতবর্ষে ফিরিয়ে আনা দরকার। আমরা বিশেষ করে যারা মার্ক্সিস্ট লাইনে চিন্তা করি, আমরা জানি, আমাদের কাছে হিন্দু-মুসলমান এই দুটি জাতের কোন তফাৎ নেই আমরা দুটিকে একই মনে করি। আমাদের পৃথিবীর মধ্যে যদি কেউ শত্রু থাকে সে হচ্ছে বড় লোক, যারা বিত্তশালী যারা হচ্ছে হ্যাভস্, আমরা জানি, কিন্তু আজ বাস্তব অবস্থার ভিতর দিয়ে দেখতে গেলে এইটুকু দেখতে হবে যে আমরা যে কথা বলছি হয়ত কাগজের মধ্যে দিন কতক ছাপা হয়ে বাহবা পাওয়া যেতে পারে কিন্তু এই সমস্যাটা এত শক্ত যে এর সমাধান আজও হবেনা, কোন দিন হবেনা, একথা মনে করতে পারি। এইজন্য বলছি কারণ আজকের ফিগারেই পেলাম, এত হৈচৈ হচ্ছে, এত রকম বলা হয়েছে কিন্তু কি দেখলাম? দেখলাম এই যে সারা পূর্ববাংলা হতে মাত্র ৩ হাজার কয়েক শত লোকের পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে। আজ তাই মনে করি এই সমস্যার সমাধান করা সত্যিই খুব কঠিন, এবং এই সরকার কোনদিন তা করতে পারবেন না। সঙ্গে সঙ্গে আরো একটা জিনিস আমরা বিশ্বাস করি, যতদিন না পূর্ববাংলা প্রগতিবাদীদল আয়ুবশাহীকে উৎখাত করতে পারে ততদিন এই সমস্যার সমাধান হতে পারেনা এবং হবেনা। আমাদের সরকার যেকথা বলেছেন, এটা হচ্ছে লোকের কাছে সস্তায় বাহবা পাওয়ার চেষ্টা। এভাবে তাঁরা কোনদিন এই সমস্যার সমাধান করতে পারবেন বলে আমরা বিশ্বাস করিনা।

Shri Abdul Gafur:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের শেষ দিনে উত্থাপিত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের সমর্থনে আপনার মাধ্যমে আমি কয়েকটা কথা বলতে চাই। গত বৎসর এমনি সময়ে বাজেট অধিবেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল যেহেতু আমাদের প্রতিবেশী রাষ্ট্র, যাদের আমরা বন্ধু বলে গ্রহণ করেছিলাম, যাদের নিয়ে কলকাতায় ময়দানে "হিন্দী চীনি ভাই ভাই" বলে চীনা প্রেমে উদ্বেল হয়ে উঠে আমরা কলকাতার আকাশ বাতাসকে মুখরিত করে তুলেছিলাম তাদের অতর্কিত আক্রমণ হয়েছিল ভারতের উপর; তেমনি করে এবং আরেকটা প্রতিবেশী রাষ্ট্র যাদের সঙ্গে বন্ধুত্ব করবার জন্য গত ১৭ বৎসর ধরে সেই রাষ্ট্রের জন্ম থেকে আমরা চেষ্টা করে এসেছি সেই প্রতিবেশী রাষ্ট্র আজকে চীনের সঙ্গে হাত মিলিয়ে ভারতের উপর হামলা করতে উদ্যত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের চিন্তা করে দেখতে হবে কেন এসব সমস্যার উদ্ভব হল।

[3-50—4 p.m.]

তবুও ২।১ জন বন্ধু ভাবাবেগে, উত্তেজিত কণ্ঠে চিৎকার করে বক্তৃতা করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাবাবেগের দ্বারা, উত্তেজিত কণ্ঠের দ্বারা কোন সমস্যার সমাধান হয়না। এইভাবে যদি সমস্যার সমাধান করতে চাই তাহলে দেখব সমাধানের চেয়ে আরও নূতন নূতন সমস্যা আমাদের সামনে এসে হাজির হয়েছে। স্যার, আপনি জানেন পৃথিবীর ১৬০০ মুসলিম রাষ্ট্র ভারত-বর্ষের বন্ধু, তাই আয়ুবশাহী পাকিস্তান রাষ্ট্র ভেবেছিল তারা পৃথিবীর শেষ পয়গম্বর হজরত মহম্মদের নাম ভাংগিয়ে, তাঁর পবিত্র কেশ চুরী গেছে একথা বলে পৃথিবীর মুসলিম রাষ্ট্রগুলিকে ভারতের বিরুদ্ধে ক্ষেপিয়ে তুলে পৃথিবীর জনমতকে পাকিস্তানের অনুকূলে আনতে পারবে। এই-জনাই তারা হজরতবালের হজরত মহম্মদের পবিত্র কেশ চুরীর ব্যাপারকে অপব্যাখ্যা করে তাদের কাজ হাসিল করবার চেষ্টা করেছিল। কিন্তু আমি পশ্চিমবাংলার এবং পূর্ববাংলার সেইসব শান্তিকামী সৎ এবং শুভবুদ্ধি মানুষকে আন্তরিক ধন্যবাদ এবং শ্রদ্ধা জানাই যাঁরা নিজেদের জীবন বিপন্ন করে এখানকার এবং ওখানকার সংখ্যালঘুদের জীবন ও মান রক্ষা করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে দাংগা হোল এবং বিগত কয়েক বছরের ইতিহাসে আমরা যে জিনিস দেখতে পেয়েছি তাতে আমার নিজের বুদ্ধি বিবেচনায় এই জিনিস বিদ্যমান হচ্ছে যে, আজকে বাঙ্গালী নিধন যজ্ঞ চলেছে, তা কি পূর্ব বাংলায়, কি পশ্চিমবাংলায়। ভারতের অন্যতম একটি রাষ্ট্র আসামে ১৯৬০ সালে আমরা দেখেছি অসমীয়ারা সেখানকার হিন্দু এবং মুসলমানকে দাংগা হাঙ্গামার মাধ্যমে নিধন করেছে এবং আবার দেখলাম পূর্ব পাকিস্তানে বিহারী মুসলমানরা বহু হিন্দুর জীবন শেষ করেছে এবং তার প্রতিক্রিয়া-স্বরূপ এখানে এই ঘটনা ঘটেছে। স্যার, ১৯৪৭ সালে যেদিন ভারতবর্ষ বিভক্ত হয়েছিল সেদিন উভয় রাষ্ট্রের দুইজন কর্ণধার, একদিকে জিন্না এবং অপরদিকে পণ্ডিত নেহেরু, মাউন্টব্যাটেন-এর কাছ থেকে সহি করে রাজত্ব গ্রহণ করেছিলেন এবং তখন তাঁরা এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, উভয় দেশের সংখ্যালঘুদের তাঁরা রক্ষা করবেন। কিন্তু দুঃখের সংগে বলতে চাই একের পর এক ঘটনা ঘটে যাচ্ছে এবং তার ফলে আমরা দেখছি কোন রাষ্ট্রই সেই জিনিস রক্ষা করতে পারেনি। স্যার, ১৯৫০ সালে আমরা সংবিধান রচনা করেছি এবং ভারতকে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বলে বলেছি। কিন্তু পাকিস্তান দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে বিভক্ত হয়েছে এবং তাঁরা ইসলাম রাষ্ট্র বলে তাঁদের নীতি ঘোষণা করেছেন। একথা জানার পর পূর্ব-বাংলার এবং পশ্চিম পাকিস্তানের দেড়কোটি সংখ্যালঘুর মধ্যে সরকারী হিসেবে বলা হয়েছে ৩৫ লক্ষ, কিন্তু বেসরকারী হিসেবে বলা হয়েছে ৫০ লক্ষ লোক চলে এসেছে এবং তারা জানে এটা ইসলাম রাষ্ট্র। এখানে এখনও ৫ কোটি লোক বসবাস করছে এবং তার কারণ হচ্ছে এটা ধর্ম-নিরপেক্ষ রাষ্ট্র। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের সংবিধানকে সংশোধন করে ভারতবর্ষকে যদি হিন্দু রাষ্ট্র বলেও ঘোষণা করা হয় তাহলেও এই ৫ কোটি সংখ্যালঘুর মধ্যে বহু লোক এখানে বসবাস করবে এবং তার কারণ হচ্ছে মানুষ ইচ্ছে করে তার ১৪ পুরুষের ভিটেমাটি ছাড়তে চায়না। যখন তাদের নিরাপত্তা থাকেনা এবং মান সম্ভ্রম, ইজ্জতের হানি হয় তখন তারা চলে যায়। নেপাল হিন্দু রাষ্ট্র, কিন্তু সেখানে ২০।৪০ হাজার মুসলমান বাস করছে, আরব মুসলমান রাষ্ট্র কিন্তু সেখানে বহু হিন্দু বাস করছে চীন রাশিয়াতেও বহু লোক বাস করছে।

পৃথিবীর সর্বত্র মানুষের বাসস্থান আছে, মুসলমান চীনেও আছে, মুসলমান রাশীয়াতেও বাস করে, সর্বত্রই আছে মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এবং সর্বত্রই তারা বাস করছে। পাকিস্তানের আজকে যে নীতি তাতে সেখানকার সংখ্যালঘু যারা আছে হিন্দু তাদের সংখ্যা হচ্ছে প্রায় এক কোটি, ভারতবর্ষেও পাঁচ কোটি মুসলমান আছে এবং এগুলি পাকিস্থানের এসেট, যখনি তাদের ইচ্ছা হয় তারা সেটা ভাঙ্গিয়ে ভাঙ্গিয়ে খাচ্ছে। আজকে আমাদের ঠাণ্ডা মাথায় চিন্তা করতে হবে তাদের এই অসৎ বৃত্তিকে আমরা সাহায্য করবো কিনা। অসংযতভাবে কথা বললে আমাদের অবস্থা কি হবে? সারা ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বলে ঘোষণা করে এসেছে সারা পৃথিবীতে, আজকে সেই ভারতবর্ষে যদি হাঙ্গামা চলে সেই ভারতবর্ষ যদি শান্তিতে এবং ধীর স্থির ভাবে ব্যবস্থা করতে না পারে তাহলে সারা বিশ্বের দরবারে আমাদের মাথা নীচু হয়ে যাবে, একথা আমাদের চিন্তা করতে হবে। অধ্যক্ষ মহোদয়, আমি একথা বলতে চাই যে আয়ুবশাহী

রাজ্যে সংখ্যালঘুদের উপর অত্যাচার হয়েছে আমি জানি এবং যে সমস্ত মানুষ সেখান থেকে অত্যাচারিত হয়ে এসেছে, আমি এই সরকারের কাছে অনুরোধ করছি মাইগ্রেশন ব্যবস্থা যেন ত্বরান্বিত করা হয়। ত্রান মন্ত্রী যে হিসাব দিলেন ১৮ হাজার দু মাসের মধ্যে এসেছে, যদি ২০ হাজারও দু মাসে এসে থাকে তাহলে মাসে ১০ হাজার এসেছে। এইভাবে যদি আসতে থাকে তবে সকলের আসতে তো কত বছর লাগবে? এক লক্ষ লোকের আসতে লাগবে এক বছর তাহলে ৯০ লক্ষের আসতে লাগবে ৯০ বছর। কাজেই আমরা যদি মাইগ্রেশন ব্যবস্থা ত্বরান্বিত করে দলে দলে মানুষ আসতে পারি তাহলে তাড়াতাড়ি আমরা এই সমস্যার সমাধান করতে পারি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, আজকে দাংগা হাংগামা নিরোধ করবার জন্য সংবাদ-পত্রের একটা ভূমিকা আছে। আজকে যদি এই সংবাদপত্রগুলি সাত দিন শান্তির কথা প্রচার করে তাহলে আমি আপনার মাধ্যমে আমি একথা রাখতে পারি, আমি জানিনা আমার এই কথা পূর্ব পাকিস্তানে যাবে কিনা, সেখানে শান্তি প্রতিষ্ঠা হয়ে যাবে। একথা আমি বিশ্বাস করি।

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, when this Assembly met for the first time in the year 1962, I had said that the next five years would be vital in so far as our country was concerned. I did not then for a moment dream that the moment of trial would come so soon and that the issue upon which the wisdom of our country was to be tried would be the issue of communalism. Sir, the fact that the three-fourths of the time devoted to discussing the Governor's speech has been taken up by hon'ble members for the purpose of discussing this very vital problem speaks immensely about the responsibility of this House of which I am honoured to be a member The fact also that most of the hon'ble members devoted their time in trying to find out a just solution to this vexed problem is something. I have hesitated in fact to take part in this debate for some time because I was not sure about its solution indeed, what I shall say today may not be the correct approach, I will not have the audacity to say that what I suggest is the only solution. I may be wrong, but I respectfully submit that what I place before the House today will kindly be considered by the members of this House as a certain point of view which perhaps has the support of some people in this State. Sir, we are dealing today with a delicate problem and at the same time a very important problem Many suggestions have been made not in this House, but outside about the manner in which this can be dealt with. Some have suggested war with Pakistan, some have suggested the enforcement of economic sanction and some have suggested the complete exchange of population. I respectfully submit that none of these three can at all be accepted and I am sure that this House will not require me to waste a moment's time to say that all these three suggestions are pretty answers.

[4—4-10 p.m]

We have, therefore, to deal with this question on the basis upon which our State came into being We have to deal with this question remembering that this country had attained its independence after long struggle led by people who had prepared the nation to build a State on the basis of certain fundamental principles, and one of that was this that a Hindu and a Muslim can never be different; they are the same. Are we prepared, Sir, to forget the night of the 29th November, 1949, the date when we, the people of India, gave unto ourselves this Constitution in which we had solemnly resolved that our beloved will become a sovereign democratic republic where we shall secure for all citizens liberty of thought, expression, belief, faith and worship, and where we shall promote amongst all fraternity ensuring dignity of the individual— Are we

prepared to forget all this? Are we now willing to permit a few hooligans to destroy that for the establishment of which hundreds and thousands of our countrymen had pledged and sacrificed their lives? Are we willing to forget the tri-colour and charka which was the symbol of the national movement as cherished by hundreds and thousands of martyrs, both Hindus and Muslims? Are we willing to forget that the last struggle that Netaji Subhas Chandra Bose had carried on against the foreign rulers in this country was for the purpose of clearing the name of a Muslim Prince of Bengal, Prince Sirajuddowlla and are we to forget that in the last struggle carried on in this country by Netaji Subhas Chandra Bose, the people who offered Satyagraha consisted of Muslims as well as Hindus? Are we prepared to forget all these? I do not know what the answer this House will give to this question, but knowing the House as I do, and the people whom we represent, I know that the answer must be an emphatic 'No'.

I do not know whether my voice will reach across our eastern borders to my sisters and brothers in Pakistan. I like to think them as our brothers and sisters, because is it not true that we are flesh of the same flesh and blood of the same blood? Are they, the people of East Pakistan, willing now to forget that we have lived for centuries together under the same sun, enjoyed the fragrance of the same flowers, the taste of the same fruits, received the benefits of the same river? Have we not shared our joys and sorrows together, undergoing the same emotional strain, and have we not sung the same song in the praise of dear Bengal without in any way thinking as to whether we are Hindus or Muslims? Are the people of Pakistan willing to forget that in their Constitution which came into being only the other day, 1st March, 1962, that is, 23rd day of Ramjan, 1381, they have pledged solemnly in the name of Allah that the interest of the minorities of Pakistan, including religious and cultural interests, should be adequately safeguarded? Are they willing to forget this Constitution which came into being only the other day? These are matters which we have to deal with and which our brothers and sisters across our frontiers have also to take into account.

Sir, it is difficult, as I said at the very beginning, to find out a solution — a just solution to this vexed problem. But Sir, we in India have this advantage of having many important thinkers who had closely dealt with this problem. I have here an article of Kabiguru Rabindranath before me in which he has dealt with this question. May I, Sir, with your leave, quote from it five important suggestions which he had made with regard to this problem? Firstly, he had said:

'একটা কঠিন গ্রন্থি রয়ে গেল হিন্দু মুসলমানের মধ্যে ভেদ ও বিরোধ। এই বিচ্ছেদটা নানা কারণে আন্তরিক হয়ে দাঁড়িয়েছে। বাইরে থেকে রাজনৈতিক প্রলেপ দিয়ে এর ফাটল নিবারণ করা চলবে না। কোন কারণে একটু তাপ লেগে গেলেই আবার ফাটল ধরবে। যেখানে গোড়ায় বিচ্ছেদ সেখানে আগায় জল ঢেলে গাছকে চিরদিন তাজা রাখা অসম্ভব। আমাদের মিলতে হবে সেই গোড়ায় নইলে কিছুতেই কল্যাণ নেই।"

Secondly, he said:

"পরস্পরকে দূরে না রাখলে সে মিল আপনি সহজ হতে পারে। সঙ্ঘের দিক থেকে আজকাল হিন্দু-মুসলমান পৃথক হয়ে গিয়ে সাম্প্রদায়িক অনৈক্যকে বাড়িয়ে তুলেছে মনুষ্যত্বের মিলটাকে দিয়েছে চাপা।"

Thirdly, he said:

"নানা আশু ও সুদূর কারণে, অনেক দিনের পুঞ্জিত অপরাধে, হিন্দু-মুসলমানের মিলন সমস্যা কঠিন হয়েছে, সেইজন্যই অবিলম্বে এবং দৃঢ় সঙ্কল্পের সঙ্গে তার সমাধানে প্রবৃত্ত হতে হবে।"

Fourthly, he said:

"য়ুরোপ সত্য সাধনা ও জ্ঞানের ব্যাপ্তির ভিতর দিয়ে যেমন করে মধ্যযুগের ভেতর দিয়ে আধুনিক যুগে এসে পৌঁছেচে, হিন্দুকে মুসলমানকেও তেমনি গণ্ডির বাইরে যাত্রা করতে হবে।"

And fifthly, he said:

"শিক্ষার দ্বারা, সাধনার দ্বারা সেই মূলের পরিবর্তন ঘটাতে হবে—ডানার চেয়ে খাঁচা বড়ো এই সংস্কারটাকেই বদলে ফেলতে হবে—তারপরে আমাদের কল্যাণ হতে পারবে। হিন্দু মুসলমানের মিলন যুন পরিবর্তনের অপেক্ষায় আছে।"

Sir, these are the five important suggestions made by Rabindranath with regard to this problem. We are fortunate in India that we have people like them. I think we can accept these suggestions as the basis upon which we can proceed to find out what the solution may be. As far as atrocities in East Pakistan are concerned, we have all condemned them—there is no doubt about it. We should try to bring out those unfortunate people in East Pakistan who have been the subject-matter of these atrocities. There is no question about it. As many of them should come out as possible and all facilities should be given to them for this purpose. But that is not the end of the solution. Even if all the Hindus come out, do we want a hostile East Pakistan for the rest of our lives, for centuries to come? I submit the answer must be "No". We must find out a better and lasting solution. As far as East Pakistan is concerned, we must create an atmosphere in which both the Hindus and Muslims can live peacefully. This is how the solution should be arrived at. Sir, when at mid-day the sky is overcast with clouds and we find darkness falling in and the sun is hidden behind the black, heavy clouds, do we forget the morning sun which gives us life, sustenance and light? Do we become dejected? Do we dive deep into the stream of dejection, do we dive deep into the river of frustration? Certainly not. We do not forget that the sun will again rise on the morrow. Sir, what Rabindranath had taught us is the morning sun, what Mahatma Gandhi had preached is the morning sun what Deshbandhu Chittaranjan Das had taught us is the morning sun, what Netaji Subhas Chandra Bose had done is the morning sun. I think on this basis we can create an atmosphere in which certain things can be done. May I suggest that this Government will also do their best in this matter.

Now, may I suggest that the proper atmosphere can be brought about if we do certain things. Firstly, we should discard, as far as possible, all controls and restrictions with regard to travel in trains between the two Bengals.

As far as possible let us try and ensure free flow of trade and people between the two Bengals.

[4-10—4-20 p.m.]

Secondly, let us try and immediately establish cultural organisations which would bring the citizens of West Bengal and East Pakistan together. We have Indo-German Societies, Indo-Soviet Societies, Indo-United States Societies,—even Indo-China Society—we have a society of that nature.

But I have not heard of a West Bengal-East-Pakistan society or an Indo-Pakistan Society actually working in our State.

Thirdly, let us bring about an atmosphere whereunder exchanges of delegations are possible—exchanges of delegations of politicians, ladies delegations, students' delegations, cultural delegations between the two Bengals have become a necessity. An atmosphere must be created—I am not saying that we will be able to do it immediately—but we must bring about an atmosphere under which in my submission, such things could be done.

Fourthly, I suggest that there should be an exchange of students between the two Bengals. We have invited students from all countries. Why do we not invite students from East Pakistan? Let there be exchange of students between the two Bengals.

Fifthly, I suggest that a 20-member-body should be formed by us consisting of 10 West Bengal legislators and 10 East Pakistan legislators, and that body should tour together not only West Bengal but also East Pakistan, particularly the affected areas for some years to come as a result of which it is possible to bring about really an atmosphere of peace and tranquility.

Sixthly, with regard to the quit India notices that have been served, the question of citizenship right has been raised as a result of the issue of those notices. I hear that Tribunals are being set up. If Tribunals are set up, I submit that some provisions should be made immediately for disposal of those matters as early as possible. The setting up of a Tribunal would mean that there will be applications under article 226 or under article 136, and disposed of the citizenship applications will be delayed beyond measure. I suggest that some provisions should be made so that the Chief Justice of the Calcutta High Court and the Chief Justice of the Assam High Court may be appointed Supreme Court Judges, and under article 130 they may be given power to hear in Calcutta, in Tripura and in Assam all appeals and to dispose them of as early as possible, so that the grievance cannot be made in future that one's citizenship matter has not been disposed of.

Lastly, may I request all political parties to come to an agreement with regard to the setting up candidates in various constituencies. It has been hitherto the practice—and we are all guilty in so far as that matter is concerned—that wherever there is a predominantly Muslim constituency a Muslim candidate is set up, and wherever there is a predominantly Hindu constituency, a Hindu candidate is set up. All political parties must agree to do away with this practice. I am sure that this appeal will not fall on deaf ears.

These are the suggestions that I make. Let us look forward to the day when feeling between the people of the two Bengal will be absolutely cordial and when we shall really be able to say that this is our

সোনার বাংলা।

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:

"But regret that—

(1) **there is no mention in the speech of the fact that the development of the greater Calcutta Area has been neglected so far;**

(2) there is no mention in the speech of any scheme for the real and substantial development of the Greater Calcutta Area in the near future."

মিঃ স্পীকার, স্যার, এই সম্প্রতি পশ্চিম বাংলায় যে সাম্প্রদায়িক, দুঃখজনক কতকগুলি ঘটনা ঘটে গিয়েছে সে সম্পর্কে সমস্ত পার্টি তাঁদের মত দিয়েছেন এবং যাঁরা বলেছেন তাঁদের মধ্যে দু-একজন বাদে সকলেই সে সম্পর্কে আলোচনা করেছেন। যা ঘটে গিয়েছে এই পশ্চিম বাংলায়, পূর্ব বাংলার অনুরূপ দুঃখজনক ঘটনার অজুহাতে তাকে আমরা লঘু করে দেখি না এবং আমার বিশ্বাস, কোন দায়িত্বশীল দল, রাজনৈতিক দল, কিম্বা কোন দায়িত্বশীল ব্যক্তি তাকে লঘু করে দেখবেন না। মানুষ ইমোসনালি মুভড হয়, আননাচারাল কতকগুলি ঘটনা, বীভৎস ঘটনা ঘটলে মানুষ আবেগের দ্বারা প্রভাবান্বিত হয় কিন্তু সেই আবেগের ফলে যদি অনুরূপ বীভৎস ঘটনা ঘটাবার প্ররোচনা দেয় সেটা অতি দুর্ভাগ্যজনক এই আমরা মনে করি। পাকিস্তানে যা ঘটেছে তার জন্যে ভারতবর্ষে সেইরকম ঘটনা ঘটাবার প্ররোচনা কিম্বা সমর্থন কোন দায়িত্বশীল দলই দেবেন না বলে আমরা বিশ্বাস করি। আমরা একটি ঐতিহাসিক অবিসম্বাদীতে বিশ্বাস করি যে, এই রকম ধর্মভিত্তিক সাম্প্রদায়িক দাঙ্গা কিম্বা ভাষাভিত্তিক সাম্প্রদায়িক গোলযোগ অর্থাৎ দাঙ্গা এতে একমাত্র কায়েমী স্বার্থ অর্থাৎ একমাত্র প্রতিক্রিয়াশীল শক্তি এবং সাম্রাজ্যবাদীরাই লাভবান হয় আর কেউ হয় না। এই তিক্ত অভিজ্ঞতা যাঁরা পাকিস্তানে এবং ভারতবর্ষে বাস করেন তাঁদের দীর্ঘদিনের আছে, এই শিক্ষা আমরা পেয়েছি। সাম্রাজ্যবাদ কেমন করে আমাদের মধ্যে ভেদ সৃষ্টি করে দাঙ্গা করে তাদের আসন কায়েম রেখেছিল এটা আমরা জানি। এবারও যে ঘটনাগুলি ঘটে গেল, আবেগের দ্বারা খুব প্রভাবান্বিত না হয়ে একটু গুরুত্ব দিয়ে দেখলে এই দাঙ্গার পিছনে পাকিস্তানে এবং ভারতবর্ষে প্রতিক্রিয়াশীল শক্তি এবং সাম্রাজ্যবাদীদের হয়ত স্পষ্টই দেখা যাবে। পূর্ব পাকিস্তানে গণতন্ত্রের কাঠামো নেই, তার বিরুদ্ধে আন্দোলন হচ্ছে, দানা বাধছে। মিলিটারী রুলের বিরুদ্ধে, পূর্ব পাকিস্তনের বিশেষ করে, মানুষেরা আন্দোলন করছে। মাতৃভাষার মর্যাদা রক্ষার জন্য পূর্ব পাকিস্তানের মানুষ প্রাণ দিয়েছে। এই গণতান্ত্রিক শাসনব্যবস্থা পুনঃ প্রতিষ্ঠা করবার জন্য সেখানে আন্দোলন উঠেছে। এই আন্দোলনে ভয় পায় কে? আমরা ভয় পাই? আমরা ভয় পাই না। পাকিস্তানের চাষী-মজুর, খেটে-খাওয়া মানুষ ভয় পায়? ভয় পায় না। যারা ভয় পায়, তারা দাঙ্গা করিয়েছে। পবিত্র কেশ অপহরণের একটা কথা শুনতে পাই তার জন্যে নাকি খুলনায় দাঙ্গা হয়েছে। হতে পারে কিন্তু এটা শুধু একটা অজুহাত। যাই হোক, যে আন্দোলন গড়ে উঠেছিল, মৌলানা ভাসানীর নাম তার সঙ্গে শুনেছিলাম, সে আন্দোলন স্তব্ধ হয়ে গিয়েছে যা পাকিস্তানে ঘটেছে, যা বাংলায় ঘটেছে তার জন্যে। সে আন্দোলন আবার গড়ে তুলতে সময় লাগবে। পশ্চিমবঙ্গে কি ঘটল? অর্থনৈতিক চাপে খেটে খাওয়া মানুষ অস্থির হয়ে পড়ছিল। সত্য কথাই জয়ায় স্ট্রাইক হয়েছে, ট্রামে স্ট্রাইকের নোটিশ দিয়েছে, জরুরী অবস্থা থাকা সত্ত্বেও রেলের শ্রমিকরা সঙ্ঘবদ্ধভাবে সংগ্রামে নেমেছিল -পারে নি। কিন্তু এই তো লক্ষণ, জরুরী অবস্থা আছে, কিন্তু মানছে না, মানুষ অসহ্য বোধ করছে। গণতন্ত্রের মর্যাদা রাখবার জন্যে, বেঁচে থাকার নিম্নতম সুযোগটুকু পাবার জন্য তারা আর ইমার্জেন্সিকে তত গুরুত্ব বা মর্যাদা দিচ্ছে না। ভয় পাচ্ছে। কে ভয় পাচ্ছে? আমি ভয় পাচ্ছি, সাধারণ মানুষ তারা ভয় পাচ্ছে, বাংলাদেশের খেটে খাওয়া মানুষ, হিন্দু-মুসলমান তারা ভয় পাচ্ছে কি? ট্রামে আন্দোলন হবে সাবধান, জয়াতে স্ট্রাইক হয়েছে— সাবধান, তারা ভয় পাচ্ছিল? না। একটা কথা আপনারাও শুনেছেন বস্তি জ্বলেছে। শোনা গিয়েছে কানাঘুষো, জমিদাররা জ্বালিয়েছে। বস্তি তুলে দিয়ে দালালি করতে চায়। নিশ্চয়ই সরকার শুনেছেন, প্রফুল্লবাবু শুনেছেন, আশা করব অনুসন্ধান করবেন। যদি সত্যি হয়, যথোচিত শাস্তি দেওয়া হবে বিশ্বাস করব। হয়ত হতাশ হব, হয়েছি, আবারও হয়ত হব, তবুও আশা করব, প্রফুল্লবাবুরা এ সম্বন্ধে যথোচিত অনুসন্ধান করবেন এবং যথোচিত ব্যবস্থা করবেন।

[4-20—4-30 p.m.]

দেশের সব মানুষ তো এখনও আমাদের মেনে নেয় নি, তবু আজও কংগ্রেসের ভিতর কেন অনেকে আপত্তি করছে? ইমারজেন্সি থাকা সত্ত্বেও প্রসেশন হয়েছে, মার্কিণ কনসুলার অফিস-এ মানুষ গিয়েছে, সপ্তম নৌবহর ভারত মহাসাগরে ঘাঁটি করবে শুনে খেটে খাওয়া মানুষ, সাধারণ মানুষ ডালহৌসি স্কোয়ার-এ জমায়েত হয়েছে। একটা কথা আপনারা সকলেই জানেন, তবু বলছি, যখন পশ্চিম বাংলায় বিশেষ করে কলকাতায় দাংগা হল, পুলিশ পারল না, মিলিটারি এল—সকালবেলায় খবরের কাগজ পড়ে আমরা জানতে পারলাম খিদিরপুর মিলিটারির হাতে দেওয়া হয়েছে, সকালবেলায় নিউ ইয়র্ক থেকে খবর পাচ্ছি—আমরা দেশের মানুষ, আমরা পাশেই থাকি, আমরা কিছুই জানতে পারলাম না, নিউইয়র্ক থেকে সকালবেলায় জানতে পারছি ভীষণ ব্যাপার ঘটেছে, কলকাতা মিলিটারির হাতে দেওয়া হয়েছে। পূর্ব-পাকিস্তানে কতকগুলি ঘটনা ঘটবার পর আমরা খবর পেলাম আমেরিকার অধিবাসীদের মুখ থেকে যে, দশ হাজার পনের হাজার লোক নিহত হয়ে গিয়েছে। শুনলে গায়ে কাঁটা দেয়। আশা করব যে, প্রফুল্লবাবু এদিকে একটু নজর দেবেন এবং এরকম যাতে না হয় তার ব্যবস্থা অবলম্বন করবেন। এখানে নন্দজী এলেন। কেউ কেউ তাঁকে বললেন, এর একটা স্থায়ী সমাধান চাই। কিন্তু এর কি কোন স্থায়ী সমাধান আছে? আমরা বিশ্বাস করি না এর কোন স্থায়ী সমাধান আছে বলে। বর্তমান সমাজব্যবস্থা যতদিন থাকবে, কায়েমী স্বার্থ ও সাম্রাজ্যবাদীদের প্রভাব যতদিন ভারতবর্ষে থাকবে ততদিন এর স্থায়ী সমাধান হবে না। কেউ কেউ বলেন লোক বিনিময়ের কথা। কিন্তু আমরা বিশ্বাস করি, যতদিন বর্তমান সমাজব্যবস্থা কায়েম থাকবে ততদিন এই সমস্যা স্থায়ী সমাধান হতে পারে না। যখনই জনসাধারণ এগিয়ে আসবে সমাধানের পথে, যখনই একটা একতা গড়ে উঠবার সম্ভাবনা দেখা দেবে তখনই কায়েমী স্বার্থবাদীদের চক্রান্তে আবার বাংগালী ও বিহারীর মধ্যে গোলমাল হবে। আপনাদের অভিজ্ঞতা কি এই কথা বলে না? বিহারী-বাঙ্গালীর বিরোধ একবার মিটে যাবে, কিছুদিন পরে আবার লাগবে, এটা কি আপনাদের অভিজ্ঞতায় বলে না? সুতরাং বর্তমান সমাজব্যবস্থা থাকতে স্থায়ী সমাধান অসম্ভব।

মিথ্যা কথা—একথা আমরা বিশ্বাস করি না যে, দাঙ্গাকে থামানো যায় না। নিশ্চয়ই দাংগাকে ঠেকানো যায় এবং যত কথাই বলুন না কেন, এর একমাত্র পথ হচ্ছে জনসাধারণকে সংঘবদ্ধ করে, ঐক্যবদ্ধ করে জনসাধারণের স্বার্থে সংগ্রাম করা। আর একটা বলেছেন, আমাদের একজন কংগ্রেস বন্ধু যেটা খুব ভাল লেগেছে। নূতন এঁদের মুখ থেকে শুনেছি, তাই কথাটি মনে আছে। বাঙ্গালী, বিহারী, হিন্দু-মুসলমান কৃষকদের মধ্যে কি কোন পার্থক্য আছে? নেই। হিন্দু-মুসলমান শ্রমিকের মধ্যে কি কোন পার্থক্য আছে? নেই। একথা আমরা সারা জীবন দিয়ে বোঝাতে চাইছি যে, নেই, নেই, নেই। দাঙ্গা চিরকালের জন্য প্রতিরোধ করা যায়, কিন্তু যতদিন এই সমাজব্যবস্থা থাকবে ততদিন হবে না। ভুবনেশ্বরে অনেক ভাল ভাল কথা বলেছেন। কিন্তু যতদিন সেই ব্যবস্থা না হচ্ছে ততদিন দাঙ্গাকে ঠেকাতে পারবেন না। আজকে হিন্দু-মুসলমানে তারপর বিহারী-বাংগালীতে তারপর বাংগালী উড়িয়াতে হবে। কাজেই জনসাধারণকে আরও ঐক্যবদ্ধ করে, আরও রাজনৈতিক সংঘবদ্ধ করে তবেই দাঙ্গাকে ঠেকানো যায়। জয়ার শ্রমিকরা কি ঠেকায় নি? তারা বলেছে আমরা হিন্দু-মুসলমান নই, আমরা ধর্মঘটী শ্রমিক এবং এই হিন্দু-মুসলমান শ্রমিক উভয়ে উভয়ের পাড়ায় পাহারা দিয়েছে। এ ছাড়া দাঙ্গাকে ঠেকানো যায় না। তারপর, আমার যে রিঅ্যাকশন সেটা আমি জানাব। কৃষ্ণকুমার শুক্লা কংগ্রেসের একজন নেতৃস্থানীয় ব্যক্তি। তিনি আবেগে অনেক কথা বলেছেন এবং একটি কথা বলেছেন যে, রাজসাহীর প্রতিশোধ কি আমরা শিলিগুড়িতে নিয়েছি? আমার কথা হচ্ছে রাজসাহীর দাঙ্গা-হাঙ্গামা নিয়ে প্রতিশোধের কথা আসছে কেন? রাজসাহীতে যে নিরপরাধ ব্যক্তি নিহত হয়েছে তার জন্য কি নিরপরাধ ব্যক্তিকে নিহত করে প্রতিশোধ নিতে হবে? এরকম কথার অভিব্যক্তিতে কংগ্রেসের মর্যাদা বাড়ে না। তারপর, নরেনবাবু কংগ্রেসের একজন নেতৃস্থানীয় ব্যক্তি এবং তিনি যে বক্তৃতা দিয়েছেন আমি তা শুনেছি। আমি জানি না, তিনি কংগ্রেসের মূল নীতির ভিত্তিতে বক্তৃতা দিয়েছেন কিনা এবং তাঁর বক্তৃতা কংগ্রেসের সমর্থন পাবে কিনা? যদি পায়, তাহলে আমি বলব দুর্ভাগ্য। নরেনবাবুকে আমরা সকলেই জানতাম খুব দায়িত্বশীল লোক এবং তিনি কখনও লঘু-বাক্য উচ্চারণ করেন না। কিন্তু আমার সেই ভুল ভেঙ্গেছে। ১৯৬২ সালের নভেম্বর মাসে

সীমান্ত বিরোধ নিয়ে খুব গুরুত্বপূর্ণ আলোচনা হচ্ছে এবং তাতে নরেনবাবু একজন দায়িত্বশীল ব্যক্তি হিসেবে বললেন, বহরমপুরে গঙ্গার উপর পুল ভেঙেগছে, মেরামত হচ্ছে এবং আকার ইঙ্গিতে একথাই বললেন য, এটা কমিউনিস্ট পার্টির স্যাবোটেজ। আসামে একটা মালগাড়ি লাইনচ্যুত হল এবং নরেনবাবু তাঁর বক্তৃতায় বললেন কমিউনিস্ট পার্টির স্যাভোটেজ। তারপর, জোড়হাটে একজন সামরিক অফিসারের টিকাপ, চামচ প্রভৃতি চুরি হল এবং বলা হল তাঁর ব্যাগ চুরি হয়েছে। তখনও নরেনবাবু বললেন কমিউনিস্ট পার্টির কাজ। নরেনবাবুর সেই বক্তৃতা আমি খুব মনোযোগ সহকারে শুনেছিলাম এবং দেখলাম আকার ইঙ্গিতে উনি রটনা করবার চেষ্টা করেছিলেন। আমার ধারণা ছিল, উনি একজন দায়িত্বশীল লোক। তারপর, উনি বলেছেন, কমিউনিস্ট পার্টির এম এল এ পাকিস্তান ডেপুটি হাই কমিশনার-এর যোগসাজসে দাঙ্গা এলাকায় ঘুরে বেড়িয়েছে। (জনৈক সদস্য ঃ খবরের কাগজে এ সংবাদ বেরিয়েছে।) খবরের কাগজে অনেক কিছু বেরোয় যেকথা পি সি সেন-এর মুখ থেকে বেরোয় না। যা হোক, তিনি বলেছেন পাকিস্তানের ডেপুটি হাই কমিশনার-এর সঙ্গে দাঙ্গা এলাকায় ঘুরে বেড়িয়েছে।

[4-30—4-40 p.m.]

ইঙ্গিত ছিল সুস্পষ্ট, একথা কি নরেনবাবু জানেন না পাকিস্তানের স্বৈরতন্ত্রের বিরুদ্ধে, পাকিস্তানের গণতন্ত্রের বিরুদ্ধে, কায়েমী স্বার্থের বিরুদ্ধে যারা সংগ্রাম করে এসেছে, যেসমস্ত কমিউনিস্ট পার্টির সদস্যারা নিজেদের জীবনের উপর দিয়ে রিস্ক নিয়ে সংগ্রাম করে এসেছে, যারা চলে এসেছে তারা এদিকেই বসে ? তাঁরা কোনরকমে বেঁচে গিয়েছেন, কমরেড মনসুর হবিব এর গায়ে এখনও পাকিস্তানী গুলীর চিহ্ন আছে, কমরেড ইলা মিত্র জানেন তাঁর ইতিহাস, তিনি কোনরকমে বেঁচে গিয়েছেন পাকিস্তানী রি-অ্যাকশনারির বিরুদ্ধে সংগ্রাম করে, তিনি প্রাণ তুচ্ছ করে সংগ্রামে নেমেছিলেন এবং কোন রকমে বেঁচে গিয়েছেন তিনি আমাদের দিকেই আছেন। সুতরাং পাকিস্তানী ডেপুটি হাই কমিশনারের সঙ্গে কমিউনিস্ট পার্টি ষড়যন্ত্র করে দাঙ্গার জন্য একথা যত নরেন সেনই বলুন না কেন, দেশের লোক তা বিশ্বাস করবেন না। নরেনবাবু সম্বন্ধে আমার বিশ্বাস ছিল, তিনি দায়িত্বশীল ব্যক্তি এবং তিনি কোন লঘু বাক্য উচ্চারণ করেন না, সে বিশ্বাস আমার ভেঙেগছে। মিথ্যা কুৎসা দিয়ে কিছুকাল মানুষকে অভিভূত করা যায় যেমন করে ১৯৬২ সালে করার চেষ্টা করা হয়েছিল, কিন্তু ব্যর্থ হয়েছে তাদের সমস্ত প্রচেষ্টা। সাধারণ মানুষের ভালবাসা আমরা পেয়েছি এবং পাচ্ছি, সাধারণ মানুষের বিশ্বাস আমরা পাচ্ছি, তাই মিথ্যা ভিত্তিহীন কুৎসা করে কংগ্রেস পার্টির নেতৃত্ব-প্রাসাদ লাভের চেষ্টা কেউ কেউ করলেও তা হবে না, বরং আমাদের যে বিশ্বাস ছিল তা ভাঙ্গছে। যে ঘটনা ঘটেছে তাকে কোন দায়িত্বশীল পার্টিই তুচ্ছ করে দেখে নি। যেসমস্ত সমাধানের কথা উঠেছে, লোক বিনিময়ের প্রস্তাবকে অবাস্তব বলে মনে করি। আমি সমর্থন করি না, এই অবাস্তব নীতি। স্যাংশনের কথা উঠেছে, পাকিস্তানের ভিতর দিয়ে যুদ্ধের পরিস্থিতি গড়ে উঠবে এটা সমস্ত দায়িত্বশীল রাজনৈতিক দলই বোধ হয় বিশ্বাস করে। সুতরাং এই পথে হবে না। পথ হচ্ছে পাকিস্তানের সাধারণ মানুষ যে গণতান্ত্রিক আন্দোলন করছে সেই আন্দোলনকে অভিনন্দন জানিয়ে, সেই আন্দোলনকে আজকে যদি শক্তিশালী করার সমস্ত রকম প্রচেষ্টা করি তবেই দুই বাংলার ভিতর সম্প্রীতি গড়ে উঠতে পারে। আর কোন পথ আছে বিশ্বাস করি না। আজকে এ সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। পশ্চিম বাংলায় যে ঘটনা ঘটেছে, সে সম্বন্ধে দুই-একটি কথা বলতে চাই প্রফুল্লবাবুকে। এগুলি তিনি নিশ্চয়ই বিবেচনা করবেন এবং একটু সহানুভূতির সঙ্গেই বিবেচনা করবেন বলে আশা করি এবং আবেদন করি। প্রথম কথা হচ্ছে পাকিস্তানে যে সমস্ত হিন্দু আছে যারা নিরাপত্তা বোধ করছে না, চলে আসতে চাইছে, তাদের সমস্ত রকম সুযোগ দেবার জন্য সরকারপক্ষ থেকে চেষ্টা করা হোক, এঁদের কাছে আমার দাবী। একটা কথা উঠেছে যে, মাইগ্রেশন ফর্ম দেওয়া হচ্ছে না, এটা খুব ব্যাপকভাবে রটেছে।

আজ ৪-৫ দিন হয়ে গেল, এ সম্বন্ধে খবর নেওয়া যায় নি। এখান থেকে খবর নিতে গেলে সঙ্গে ডাইরেক্টলি টেলিফোন-এ এ সম্বন্ধে খবর পাওয়া যায়। খবরের কাগজে যেটুকুন খবর বেরিয়েছে সেটা হচ্ছে যে, মাইগ্রেশন দেওয়া হচ্ছে। এটা হচ্ছে অ্যামবিগুয়াস কথা, তাতে আমরা

আশ্চর্য হইনি, সুখী হইনি। তবে ওদের কাছে আমাদের দাবী, অর্থাৎ সরকারের কাছে আমাদের অনুরোধ ওরা নিজেরা অগ্রণী হয়ে যাতে মাইগ্রেশন ফর্ম দেন এইরকম নির্দেশ দিল্লী সরকার ঢাকার ডেপুটি হাইকমিশনারকে দিন। সেখানে লাঠি চার্জ করা হচ্ছে, সেখানে দেওয়া হচ্ছে না, কুকুর-বেড়ালের মত ব্যবহার করা হচ্ছে, ইত্যাদি সব অভিযোগ প্রায় এক মাস আগে করা হয়েছে। ওরা ইনিসিয়েটিভ নিয়ে চেষ্টা করুন যারা চলে আসতে চায় তাদের ব্যবস্থা করুন এবং নিরাপদে যাতে আসতে পারে তার ব্যবস্থা করুন। এটাই হচ্ছে ও'দের কাছে আমাদের অনুরোধ। আমার দ্বিতীয় অনুরোধ হচ্ছে এই স্বীকৃতি যে, পশ্চিমবাংলায় দাঙ্গায় যেসমস্ত পরিবারে উপার্জনশীল—অর্থাৎ ব্রেড উইনার পরিবারের কর্তা নিহত হয়েছে কিম্বা চিরকালের জন্য পঙ্গু হয়েছে, হিন্দু-মুসলমান নির্বিশেষে তাদের ক্ষতিপূরণ দিয়ে সেইসমস্ত পরিবার যাতে আর্থিকভাবে আবার পুনর্বসতি পেতে পারে অর্থাৎ ইকোনমিক্যালি রি-হ্যাবিলিয়েটেড হতে পারে ঐ কর্তা মারা যাবার জন্য সরকার পক্ষ থেকে সেই ব্যবস্থা করা হোক বলে ও'দের কাছে আমরা দাবী করছি। আমাদের রাষ্ট্র ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। পশ্চিমবাংলায় যা ঘটে গেছে- কোলকাতা এবং তার আশেপাশে, তার দায়িত্ব পশ্চিমবাংলায় সাড়ে তিন কোটি মানুষের। এই দায়িত্ব আমরা অস্বীকার করতে পারি না। আমাদের ব্যর্থতার জন্য কতকগুলি নিরপরাধ মানুষ—হিন্দু-মুসলমান—তারা প্রাণ দিয়েছে, বহু মানুষের ধনসম্পত্তি লুণ্ঠিত হয়েছে। সুতরাং পশ্চিমবাংলার মানুষের দায়িত্ব হিসাবে সরকারের কাছে অনুরোধ করছি এই সমস্ত পরিবারের ইকোনমিক রিহ্যাবিলিটেশন-এর ব্যবস্থা করুন তাতে সরকারের মর্যাদা বাড়বে। পশ্চিম বাংলার মর্যাদা বাড়বে এবং ভারতবর্ষের মর্যাদা পৃথিবীতে বাড়বে। আমাদের আর একটা অনুরোধ হচ্ছে সরকারের কাছে যেসমস্ত পরিবার লুণ্ঠিত হয়েছে তাদের সাহায্যের ব্যবস্থা করতে হবে। আমি বহু পরিবার দেখেছি যাদের বাড়ি-ঘর লুণ্ঠিত হয়েছে, ভস্মীভূত হয়েছে। ব্যথা-বেদনা যেমন সকলের মনে আছে, আমার মনেও আছে, কিন্তু তারা কেন লুণ্ঠিত হল, সর্বশান্ত হল? আমি এমনও জানি বহু ধনী পরিবার তাদের দাঙ্গার কালে একটি গ্লাসও নেই যে জল খাবেন। আমি দেখেছি সেরোরা ক্যাম্প-এ রয়েছে হিন্দু-মুসলমান নির্বিশেষে মেয়েদের একটা চেঞ্জ নেই, একই কাপড়ে ৪-৫ দিন আছে। সরকারের কাছে আমাদের পক্ষ থেকে দাবী করছি হিন্দু-মুসলমান নির্বিশেষে এইসমস্ত পরিবার যারা লুণ্ঠিত হয়েছে, সর্বশান্ত হয়েছে তাদের কিছু আর্থিক সাহায্য করা হোক এবং তাহলে এতে সরকারের মর্যাদা বাড়বে। এটা হচ্ছে আমাদের পশ্চিমবাংলার মানুষের অক্ষমতার জন্য যেভাবেই হোক, সেটা গ্র্যাচুইটাস বলে দিন, হেলপ বলে দিন, গ্র্যান্ট বলে দিন এইটুকুন দেবার জন্য বিবেচনা করুন। আর একটা অনুরোধ, বহু কারখানা পুড়ে গেছে—বিশেষ করে বেলেঘাটা এলাকায়—এবং তার জন্য বহু মানুষ বেকার হয়েছে। জানি না তারা আবার চাকরী পাবে কিনা? বাবার ফ্যাক্টরীতে আমি দেখেছি, তাতে কিছু নেই। একটা কোনায় এতটুকুন একটা মেসিন, কিম্বা এতটুকু একটা জিনিস তাও নেই, কারণ বহু সুপরিকল্পিতভাবে বহুক্ষণ ধরে নষ্ট করা হয়েছে। সুতরাং এর জন্য বহু মানুষের রুটির সুযোগ গেছে। সরকারের কাছে অনুরোধ এবং দাবী যে হিন্দু-মুসলমান নির্বিশেষে এইসমস্ত শ্রমিকরা যতদিন না আবার কাজ পাচ্ছে তাদের পরিবার প্রতিপালন করার সুযোগ না পাচ্ছে ততদিন সেই পরিবার প্রতিপালন করার ব্যবস্থা সরকার থেকে করা হোক।

[4-40—4-50 p.m.]

কারণ হচ্ছে এই চাকরীর বাজার এবং আপনি জানেন কেমন করে লোক চাকরী পাচ্ছে। তারপর যারা বেকার হচ্ছে তারা যে কি অপরাধ করলো কি জন্য কতদিন বেকার হয়ে থাকতে হবে তা জানি না। একটা সামান্য দাবী আছে আশা করবো, আকাঙ্খা করবো আবেদন করবো, এবং আশা করবো সরকার কথাগুলো একটু সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন। যদি করেন তাহলে সরকারকে অভিনন্দিত করবো, যদি না হয় সরকারকে ধিক্কার দেবো, দুঃখিত হব এবং আন্দোলন করবো। মাননীয় স্পীকার স্যার, আমি আর দু-একটা কথা বলবো। এই দুর্ভাগ্যজনক ঘটনা সম্পর্কে আর বেশী বলার প্রয়োজন নেই। কারণ যারা শুভবুদ্ধিসম্পন্ন তাদের মনে যেভাবে যে আবেগ আছে আমার মনেও সে আবেগ আছে। আমি যে কথা বললাম তাতে কিছু ব্যক্তিগত কথা আছে

নিশ্চয়ই কিন্তু আমি তা বলতে বাধ্য হয়েছি। কারণ আর কারো সম্বন্ধে তো বলি নি। আমি হয়ত ভুল বুঝেছি, হয়ত বা ঠিক বুঝেছি তাই বলতে বাধ্য হয়েছি। আমি বলেছি তবু যাদের সম্বন্ধে বলেছি আশা করি তারা চিন্তা করবেন। মাননীয় স্পীকার স্যার, আমি পশ্চিমবাংলার বর্তমান পরিস্থিতি সম্বন্ধে অর্থাৎ অ্যানুয়াল কমফর্টস-এর ব্যাপার নিয়ে দু-একটা কথা বলতে বলবো। এর সম্বন্ধে রাজ্যপালের ভাষণে বিশেষ কিছু নেই। গৃহ নির্মাণ সম্পর্কে বিশেষ করে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সাপ্‌সিডাইস ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম-এ কলকাতা এবং কলকাতার ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে—আশেপাশে এবং বৃহত্তর কলিকাতার এলাকা যাকে বলে সেখানে বাড়ি পাওয়া কি অসম্ভব তা সকলে জানেন। কলকাতায় জমি যে অনেক আছে এ কথা কেউ বিশ্বাস করবেন না। যে দিল্লী চানক্য ডিপ্লোমেটিক এনক্লেভ যাকে বলে সেখানে জমির দাম যা, বা যে হার কলকাতার আশেপাশে জমির দাম তার চেয়ে বেশী একথা কি কেউ বিশ্বাস করবেন? (এ ভয়েসঃ হ্যাঁ।) হ্যাঁ, নিশ্চয়ই, কারণ উনি জানেন। সরকারেরও মত এই কলকাতার আশেপাশে বর্ধমান মহারাজার বাড়ি কিনতে পারেন। কিম্বা শ্রীযুক্ত বন্দ্যোপাধ্যায় আরো বাড়ি বানাতে পারেন কিন্তু মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত আয়ের মানুষ তার বাড়ি করার কোন সুযোগ নেই। এই জমি কিনে বাড়ি করার কিছু কিছু ব্যবস্থা আমাদের দিল্লী সরকার অর্থাৎ ভারত সরকার করেছেন যাতে লো ইনকাম গ্রুপ এবং মিডিল ইনকাম গ্রুপ বাড়ি করতে পারে শ্রমিকরা যাতে থাকতে পারে তার কিছু ব্যবস্থা হয়েছে কিন্তু সে ব্যবস্থা পালিত হচ্ছে না, এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি কম্পারেটিভ টেবল একটা দিচ্ছি, ফার্স্ট টু ফাইভ ইয়ার প্ল্যানস-এ ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম পশ্চিমবাংলা ড্র করেছে ২ কোটি ৭২ লক্ষ টাকা বাড়ি তৈরি করার জন্য, বাড়ি হয়েছে ৫ হাজার ৯২০টা আর সেই সময়ে গুজরাট মহারাষ্ট্রে ড্র করেছে ১৩ কোটি ৪০ লক্ষ টাকা বাড়ি তৈরি করেছে ৩১ হাজার। কি করে সম্ভব হল? তাদের কি বুদ্ধি আমাদের চেয়ে বেশী? কি করে সম্ভব হল ৩১ হাজার সেখানে যেখানে আমাদের হল মাত্র ৫ হাজার। উত্তরপ্রদেশ ড্র করেছে ৭ কোটি ৫১ লক্ষ, বাড়ি করেছে ২৩ হাজার, ফার্স্ট টু ফাইভ ইয়ার প্ল্যানে। উত্তরপ্রদেশেও তো কংগ্রেস। ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীমে আমি চৌরঙ্গীর কথা বলছি না, থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে পশ্চিমবাংলায় এলোকেটেড আছে ৪ কোটি ১৫ লক্ষ, তারা বাড়ি করেছে ১৯৬১-৬২ সালে ৮৯২টা। আর ঠিক সেই সময়ে গুজরাট মহারাষ্ট্রের জন্য এলোকেটেড আছে ১২ কোটি টাকা এবং ১৯৬১-৬২ সালে বাড়ি করেছেন ৪ হাজার ৮৭১টা।

এবার আসুন লো ইনকাম গ্রুপ হাউসিং স্কীম। এবার আমি লো-ইনকাম গ্রুপ হাউসিং স্কীম-এর কথা বলছি। এই ব্যাপারে দিল্লী থেকে টাকা পান এবং তার জন্য কতকগুলি রুলসও আপনাদের আছে। কিন্তু এর বিরুদ্ধে কথা উঠেছে। কথাটা হচ্ছে, সরকার পক্ষই বলছে

"Low Income Group Housing Scheme . . Of 1,082 houses sanctioned during the First Plan under the Low Income Group Housing Scheme none were put up While of 3,702 houses sanctioned in the Second Plan only 1 820 were built."

একটা বাড়িও হয় নি। ১ হাজার ৮২ হাউসেস স্যাংসন্ড আন্ডার দি লো-ইনকাম গ্রুপ হাউসিং স্কীম। একথাগুলি আপনাদের অলোক মিত্র মহাশয় বলেছেন—আমাদের কথা নয়। স্লাম ক্লিয়ারেন্সের কথাই ধরুন—কই সবাই আপনারা হাসুন। এগুলো তো আমার কথা নয়—একটু গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে।

[এ ভয়েসঃ জমির দাম কত?]

নিশ্চয়ই জমির দাম তো বেশী। জমি নিয়ে যে ফাটকাবাজারী হচ্ছে। ৭২ হাজার টাকা কাঠা জমি বিক্রি হোল লালবাজারের পাশে। আপনারা এর কিছুই করলেন না? আপনারা যে সোস্যালিস্টিক প্যাটার্ন করতে যাচ্ছেন—সমাজতন্ত্র গড়ে তুলতে চাচ্ছেন—আপনাদের কিছুই করার নেই। আমরা এটা বিশ্বাস করি না। স্লাম ক্লিয়ারেন্স স্কীম সম্বন্ধে

Nothing was done in the First Plan under the slum clearance scheme, but in the Second Plan only 800 dwelling units were constructed although

2,224 were sanctioned. Large sums of money were allocated or sanctioned but they had to be surrendered.

জিজ্ঞাসা করতে পারি কি—ফেরত চলে গেল কেন? এই টাকাগুলি কি যারা লো-ইনকাম গ্রুপ-এর লোকরা বাড়ি তৈরি করতে পারতো না? আমরা জানি লো-ইনকাম গ্রুপ-এ যারা টাকা নিয়েছে তাদের অনেকে, বা কেউ কেউ করতে পারে নি, আপনারা তাদের রাইট অফ করে দেবেন। দিন তবু তো দেশে বাড়ি হল। হোলেও বা তারা কংগ্রেসী—আমি না পছন্দ করতে পারি—তবু তো বাড়ি হলো। আইন বদলে-টদলে জমি না হলে টাকা দেবেন—একটু বদলান না—অনেকে বাড়ি করতে পারে। একটা নূতন আইন করে লোন দিন না। তারা বাড়ি তৈরি করুক, দেশের সম্পদ বাড়ুক। কিন্তু টাকা ফিরে যায় এটা কি যোগ্যতার কথা? একটু এ সম্বন্ধে বিবেচনা করতে বলছি। জলের সম্বন্ধে আমি কথা বলবো। আপনারা বলেছেন যে ৮ কোটি টাকা ব্যয়ে এমারজেন্সি জল সরবরাহের ব্যবস্থা করার কথা। খুব সুখের কথা। আমি প্ল্যানটা পড়েছি। ভালই লেগেছে। কিন্তু এটা সি এম পি ও করেছে। এই করার সম্বন্ধে একটু বলি। অনেককে আপনারা নিয়েছেন, ৩৬ না ৩৮ জন এই কমিটির মেম্বার আছে। সমস্ত মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আছেন। কিন্তু মিউনিসিপ্যালিটিকে তো আপনারা কনসাল্ট করেন নি। তাদের যথেষ্ট গ্রিভান্স আছে এ সম্বন্ধে। তারপর একটা স্টেয়ারিং কমিটি করেছেন। এই স্টেয়ারিং কমিটিতে কই আমাদের এ দিক থেকে কাউকে তো নেন নি? আমাদের তো কিছু বক্তব্য থাকতে পারে। হয়তো আপনাদের চেয়ে কম বুঝি। কিন্তু আমাদের কিছু বক্তব্য থাকতে পারে। সেগুলি শুনুন না—স্টেয়ারিং কমিটিতে আপনারা একেবারে নিজেদের মধ্যে প্রিজার্ভ করে রেখেছেন। ঠিক জলের ব্যবস্থা হোক যদিও তার সম্বন্ধে অনেক কথা আছে—যথা জায়গায় সেগুলি বলা যাবে, কিন্তু কলকাতার সম্বন্ধে আপনারা তো কিছু করলেন না। কলকাতায় বস্তিতে জল পাওয়া যায় না—ডোবা থেকে জল নিয়ে কাপড় কাচা হয় এবং থালা-বাসন ধোয়। কলকাতায় অনেক জায়গায় গঙ্গার জল যায় না, খালের ওপারে। সি এম-পি ও থেকে যে ব্যবস্থা করেছেন, ক্লোরিনেসন অফ দি আন ফিল্টার ওয়াটার, তার দরকার কি—তাতে কি কলেরা ঠেকানো যাবে? সম্প্রতি গেল বছর যে কলেরা হয়ে গেল সেখানে তো হাজার হাজার মানুষ মারা গেল, এটা কি ঠেকানো যায় না জলের ব্যবস্থা করে? আরও বেশী করে ট্যাঙ্ক করুন—যে এমারজেন্সি স্কীম নিয়েছেন—কলকাতাকে বাদ দিয়ে নিলেন কেন? টালিগঞ্জকে নিয়েছেন—কিন্তু কলকাতায় যে বিস্তীর্ণ এলাকা রয়েছে যেখানে মানুষ ডোবা থেকে খাল থেকে জল ব্যবহার করে সেখানে তো কলেরার বীজাণু রয়ে গেছে এইসমস্ত পেটের গোলমাল সেখানে তো রয়ে গেছে। ৮ কোটি টাকা ব্যয়ে দুই বৎসরের যে পরিকল্পনা নিয়েছেন, দুই বৎসরে হবে না আমি জানি। কারণ যে সমস্ত ড্রিলস, ফিল্টারের দরকার হবে সেগুলি বিদেশ থেকে আনা হবে। তাই জি, আই পাইপ বিদেশ থেকে আনতে হয়েছিল সে কথা আপনারাই বলেছেন। দুই বৎসরে হবে কি? যেটা সি এম পি ও-র জল সরবরাহের যে আসল ব্যবস্থা সে-ত '৮০ সালের আগে পাওয়া যাবে না বলে সকলের ধারণা। কিন্তু তবুও যে এমারজেন্সি স্কীম সেটার মধ্যে বস্তি এলাকার, অন্তত পূর্ব কলিকাতার বস্তি অঞ্চলগুলিকে সংযুক্ত করা যায় কিনা এটা সরকার যেন ভেবে দেখেন। আমরা চাই সংযুক্ত হোক। কলেরার মূলই ত রয়েছে বস্তি অঞ্চলে। কলেরা, ডিপথেরিয়া, টিউবারকিউলোসিস, টাইফয়েড ইত্যাদি এই সমস্ত মহামারী রোগ বস্তি এলাকায় বেশী। খাবার জলের যখন ব্যবস্থা হয়েছে ৮ কোটি টাকা ব্যয়ে, আরো ২ কোটি, ৩ কোটি টাকা জুড়ে দিন। বস্তি অঞ্চলগুলিতে যেন পানীয় জলের ব্যবস্থা হয় এই বিবেচনা করার জন্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি।

[4-50—5 p.m.]

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন, স্যার, আমি যখন হাউসে ছিলাম না তখন শুনেছি নাকি মাননীয় সদস্য গনেশবাবু আমার একটি বক্তৃতার উদ্ধৃতি করেছেন বিকৃতভাবে। তিনি বলেছেন যে আমি সেদিন নাকি এখানে বলেছিলাম যে রাজসাহীতে পাকিস্তান আমাদের হাইকমিশনারস অফিস বন্ধ করে দিয়েছিল তার প্রতিবিধান আমরা আমাদের শিলং-এর অফিস বন্ধ করি নি কেন এই বক্তৃতাকে বিকৃত করে তিনি উপস্থাপিত করেছেন

যে রাজসাহীর দাঙ্গার প্রতিশোধ আমরা এখানে তুলতে পারি নি। দাঙ্গার কথা, স্যার, আমি মোটেই তুলিনি এবং এইভাবে যদি বলেন তাহলে আমার ধারণা এই গনেশ উল্টে যাবে, স্যার, এ দেশে গনেশ থাকতে পারে না।

মাননীয় প্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারকার মহামান্য রাজ্যপালের অভি-ভাষণের বিতর্কে সব চেয়ে বেশী করে কথা উঠেছে পূর্ব পাকিস্তানের দাঙ্গা সম্বন্ধে এবং আমাদের পশ্চিমবাংলার দাঙ্গা সম্বন্ধে। অন্যান্য গুরুতর বিষয় সম্বন্ধে কেউ কেউ সামান্য কিছু বলেছেন, যেমন এইমাত্র শ্রীগনেশ ঘোষ মহাশয় আমাদের গৃহ সমস্যা, পানীয় জলের সমস্যা সম্বন্ধে বলেছেন। কোন কোন মাননীয় সদস্য এ সম্বন্ধে কিঞ্চিতমাত্র উল্লেখ করেছেন বটে কিন্তু বিশদভাবে তাঁরা দাঙ্গার কথাই উত্থাপন করেছেন। অবশ্য আমাদের পশ্চিমবাংলায় এখন বহু সমস্যা আছে যেগুলির সমাধান আমরা সম্যকরূপে করতে পারি নি এবং সেই সমস্ত সমস্যা সমাধান কল্পে পঞ্চবার্ষিক পরিকল্পনা আমরা রূপায়ণ করবার চেষ্টা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা আমরা সার্থক করেছি, দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনা সাফল্যমণ্ডিত হয়েছে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা আমরা সার্থক করবার চেষ্টা করছি। এই পরিকল্পনাগুলির মাধ্যমে আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত দুরূহ, জটিল সমস্যা আছে সেই সমস্যাগুলির সমাধান করবার চেষ্টা করছি। অনেক কিছু আমরা করতে পারি নি, সে বিষয়ে কোন সন্দেহ নেই। বিরোধী পক্ষের নেতা শ্রীজ্যোতি বসু তাঁর বক্তৃতায় বলে-ছিলেন যে আমাদের পশ্চিমবাংলায় বেকার সমস্যা রয়েছে, আমাদের আর্থিক উন্নতি তেমন ঘটে নি, আমাদের দেশে দারিদ্র রয়েছে, ধন বৈষম্য রয়েছে। এই সব কথাগুলি আমরা স্বীকার করি এবং এই সমস্যা দূর করবার জন্য আমরা পরিকল্পনার মাধ্যমে চেষ্টাও করছি এবং পরিকল্পনা আমাদের সার্থকতাও লাভ করেছে সে বিষয়ে সন্দেহ নেই। আমাদের পশ্চিমবাংলার ভূমির পরিমাণ খুব কম, মাথাপিছু পশ্চিমবাংলায় চাষের জমির পরিমাণ ১ বিঘা মাত্র। যে দেশে ১ বিঘা মাত্র জমি মাথাপিছু চাষের জন্য আছে সেই দেশে আর্থিক সমস্যা যে দুরূহ হবে সেটা আর আশ্চর্য কি! সেই দেশে বেকার সমস্যা থাকবে তা এমনকি আশ্চর্যের কথা! সব চেয়ে বড় কথা, স্বাধীনতা লাভ করবার পর পশ্চিমবাংলায় পূর্ববাংলা থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু ভাইবোনেরা এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, অনেক উদ্বাস্তু ভাইবোন আমাদের এখানে এসেছে। বহু চাষী, কৃষক এসেছে আমরা তাদের জমি দিতে পারি নি। যাদের আমরা জমি দিয়েছি তাদেরও ভালো জমি দিতে পারি নি, অর্থাৎ তাদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করতে পারি নি। আমাদের এখানে বহুবার আলোচনা হয়েছে, পূর্ববাংলা থেকে যে সমস্ত আশ্রয়-প্রার্থী এসেছেন পূর্বে, তাঁদের অনেককে আমরা স্মল ট্রেডার বলে লক্ষ্য করেছি, তাঁরা নাকি ছোটখাট ব্যবসায়ী ছিলেন—তাঁদের আমরা সামান্য কিছু মূলধনের টাকা দিয়েছি, এই টাকাটা হাওলাত হিসাবে দিয়েছি। এখন আমরা কেন্দ্রীয় সরকারকে এই টাকাটা মকুব করবার জন্য বলেছি। কিন্তু তাঁরা ভালোভাবে ব্যবসা ও দোকানের কাজ করতে পারছেন না। সকলেই যদি দোকানদার হয়, খদ্দের কোথায় পাবে? কাজে-কাজেই পশ্চিমবাংলার সমস্যা যে জটিল সে বিষয়ে সন্দেহের অবকাশ নাই। অন্য কোন রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা হয় না, বিহারের সঙ্গে হয় না, অন্ধ্রের সঙ্গে হয় না, মধ্যপ্রদেশের সঙ্গে হয় না, উড়িষ্যার সঙ্গে হয় না, পাঞ্জাবের সঙ্গে হয় না। পাঞ্জাবও বাংলাদেশের মতো দ্বিধাবিভক্ত হয়েছিল সত্য, কিন্তু পাঞ্জাবে পুরোপুরি লোক বিনিময় হয়েছিল সেজন্য আমাদের পশ্চিমবাংলার যে সমস্ত সমস্যা উদ্ভূত হয়েছে সেখানে সেইসব সমস্যা উদ্ভূত হয় নি। তৎসত্ত্বেও পশ্চিমবাংলায় অনেক কিছু করবার আছে। আমরা গর্ব করে বলি যে, পশ্চিমবঙ্গ যখন আলাদা হল, পূর্ববাংলায় সমস্ত পাটের জমি ছিল আর পশ্চিমবাংলায় সমস্ত পাটের কল ছিল—এই বৃহৎ শিল্প থেকে বৎসরে ১৫০ কোটি টাকার উপর বৈদেশিক মুদ্রা আমরা অর্জন করি। সুতরাং এই সম্পর্ক বাঁচিয়ে রাখতে হবে, এবং এই শিল্পকে যদি বাঁচিয়ে রাখতে হয় তাহলে আমাদের পাটের উৎপাদন বাড়াতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমরা ধানের জমিতে পাট চাষ করতে বাধ্য হয়েছি যাতে করে এই পাটশিল্পকে বাঁচিয়ে রেখে বাৎসরিক ১৫০ কোটি বৈদেশিক মুদ্রা ভারত-বর্ষ অর্জন করতে পারে। আমাদের পশ্চিমবাংলায় যখন ১৯৫০ সালে সাম্প্রদায়িক হাঙ্গামা

হয়, তখন একদিকে যেমন পূর্ববাংলা থেকে লক্ষ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোনেরা চলে আসেন এখানে পুনর্বাসনের জন্য, অন্য দিকে আমাদের এখান থেকে কিছু কিছু মুসলমান ভাইবোনেরা পূর্ব পাকিস্তানে চলে গিয়েছিলেন; কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাঁরা পশ্চিমবাংলা ছেড়ে চলে গিয়েছিলেন তাদের পাকিস্তানে থাকা সম্ভব হয় নি। তাঁদের অধিকাংশই, প্রায় শতকরা ৯০ জন প্রত্যাবর্তন করেছেন পশ্চিমবাংলায়, এবং সেজন্য আমরা গর্ব করে বলি ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র, ভারতবর্ষের সংবিধান সমস্ত ধর্মের লোককে নিজের নিজের ধর্মবিশ্বাস অনুসারে জীবনযাপন করার অধিকার দিয়েছে—ভারতবর্ষের সংবিধানের প্রতি আনুগত্য জানিয়ে যে কোন ধর্মের লোক আমাদের ভারতবর্ষে যে কোন বৃত্তি ধারণ করে জীবিকা নির্বাহ করতে পারে।

[5 – 5-10 p.m.]

আমাদের ঘরের কাছে পূর্ববাংলায় যখন দাঙ্গা হয়, আমাদের ভাইবোনরা যখন সেখান থেকে অত্যাচারিত হয়ে, বিপন্ন হয়ে, সর্বস্বান্ত হয়ে এখানে চলে আসে তখন আমাদের অনেকের মনে ক্রোধ হয় এবং আমাদের মনে এমন প্রবৃত্তি জাগে যেটা আমাদের সংবিধান বিরোধী। কিন্তু এসব সত্ত্বেও সব সময় আমরা মনকে সংযত করতে পেরেছি, সব সময় আমরা সংবিধানের সম্মান রেখে কাজ করতে পেরেছি এবং সেই জন্যই আমরা গর্ব অনুভব করি। গনেশবাবু বলেছেন, আপনারা শত শত বাড়ি-ঘর করতে পারেন নি। গুজরাটের যে সমস্যা পশ্চিমবাংলার সেই সমস্যা নয়, গুজরাটের চেয়ে আমাদের সমস্যা হাজার গুণ বেশী। গতকাল আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন কলকাতা শহরে কত লোক বাস করে এবং কলকাতা শহরে জমির দাম কত বেশী। এগুলি কল্পনা করুন। কলকাতার আশেপাশে এবং শিল্পাঞ্চলে আমরা যে গৃহ নির্মাণ করতে পারি নি তার মূল কারণ হচ্ছে জমি। আমরা যদি জমি পাই তাহলে গুজরাট এবং অন্যান্য রাজ্যের মত আমরাও গৃহনির্মাণকার্য সার্থকতার সঙ্গে করতে পারব। কলকাতা শহরে যে বস্তি সমস্যা রয়েছে সেটা অত্যন্ত গুরুতর এবং জটিল সমস্যা। এই সমস্যা সমাধান করবার জন্য আমরা যখন আইন প্রণয়ন করেছিলাম তখন বিরোধীদলের মাননীয় সদস্যেরা তাঁদের নানা যুক্তি দিয়ে এর বিরোধীতা করেছিলেন। তাঁরা তাঁদের বিচারবুদ্ধি দিয়ে এটা করেছিলেন এবং আমরা যখন তাদের বলতে গিয়েছি, তোমাদের অন্য জায়গায় সরিয়ে নিয়ে যাব, তোমাদের জন্য টেনামেন্ট করব, তখন আমাদের অনেক বন্ধুরা তাদের ভুল বুঝিয়েছেন। যা হোক, বস্তি অপসারণ সমস্যার কথা আমরা জানি একে স্বীকার করি এবং সমাধান করবার জন্য আমরা ব্যবস্থা অবলম্বন করেছি এবং যদি সকলের সহযোগিতা পাই তাহলে এই সমস্যার সমাধান করতে পারব। তারপর, আমাদের পানীয় জলের অবস্থা খারাপ এবং গনেশবাবু এইমাত্র বললেন যে এই বছর হাজার লোক কলেরায় মরে গেছে। এটা খুব দুঃখ এবং লজ্জার কথা। তবে একথাও বলি, ভারতবর্ষের মধ্যে যত রাজ্য আছে স্বাস্থ্যের দিকে পশ্চিমবাংলা সবচেয়ে বেশী উন্নতি লাভ করছে। পশ্চিমবাংলার মৃত্যুর হার হাজারকরা ১৮-র বেশী ছিল, কিন্তু এখন সেটা কমাতে কমাতে সাড়ে ছয়েতে দাঁড় করিয়েছি। পশ্চিমবাংলা স্বাস্থ্যের দিক দিয়ে যে উন্নতি লাভ করেছে অন্যান্য রাজ্য তা করতে পারে নি। একথা এখানকার কে না জানে যে, পশ্চিমবাংলা স্বাস্থ্যের ক্ষেত্রে সবচেয়ে বেশী পশ্চাদপদ ছিল। তারপর, অধ্যক্ষ মহাশয়, আপনি তো হাওয়া বদলাতে বিহারে যান, কিন্তু আমাদের পশ্চিমবাংলায় এমন জায়গা আছে যেখানটা খুব স্বাস্থ্যকর—যেমন আরামবাগ মহকুমা। সেখানে আগে লোক ভয়ে যেত না এবং যদি কোন কর্মচারীকে সেখানে বদলী করা হোত তাহলে তাঁকে শাস্তি দেওয়া হচ্ছে বলে তিনি গণ্য করতেন। কিন্তু আজকে যদি কেউ আরামবাগে যান তাহলে তাঁর স্বাস্থ্যের উন্নতি হবে। কাজেই বলছিলাম যে, আমাদের গর্ব করার অনেক কিছু আছে। তারপর, আমাদের গত ১৬ বছরের যে অভিজ্ঞতা তাতে এটুকু বলতে পারি, আবার যদি পশ্চিমবাংলায় পূর্ব-বাংলা থেকে উদ্বাস্তু ভাইবোনেরা আসেন তাহলে আমাদের অর্থনীতির উপর যে চাপ পড়বে সেটা ভেবে দেখতে হবে। কিন্তু পূর্ববাংলায় যারা অত্যাচারিত, বিপন্ন, তারা সেখানে থাকতে পারবেন না বলে এখানে আসবেন এবং সেই জন্যই আমরা পশ্চিমবাংলা সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে একথা বলেছি যে, উদ্বাস্তু হয়ে যারা আসবে তাদের সমস্যা সর্বভারতীয় সমস্যা,

জাতীয় সমস্যা হিসেবে স্বীকার করতে হবে। খুব আনন্দের বিষয় তাঁরা তা স্বীকার করেছেন। এবং স্বীকার করেছেন বলেই আজকে তাদের দণ্ডকারণ্যে এবং অন্যান্য জায়গায় পুনর্বাসন দেওয়া হচ্ছে। কি করে সুষ্ঠু পুনর্বাসন হতে পারে, শুধু কৃষকের জন্য নয়, শিল্পীর জন্য নয়, অন্যান্য সকল শ্রেণীর লোকের জন্য সবাইকে সে চেষ্টা করতে হবে। দণ্ডকারণ্য একটা মস্ত [illegible] আশা নিয়ে গড়ে উঠেছে, কিন্তু শেষ পর্যন্ত সেটা বেশী চালু হল না আমরা খুব বেশী লোক পাঠাতে পারলাম না। সেখানে কিছু কিছু অসুবিধা ছিল, আমাদের ক্যাম্পে যে সমস্ত আশ্রয়প্রার্থী ভাইবোনেরা ছিলেন তাঁরা যেতে রাজী হলেন না। কিন্তু এখন আমরা দেখতে পাচ্ছি তাঁদের মধ্যে কেউ কেউ দণ্ডকারণ্যে যেতে রাজী হয়েছেন। আজকে বোধ হয় প্রশ্নোত্তরের সময় আমাদের মাননীয়া ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রীকে জিজ্ঞাসা করা হচ্ছিল আমরা [illegible] যাব [illegible] হয়েছে তাদের সবাইকে কেন পাঠাতে পারছেন না, বনগাঁর পেট্রাপোলে যাঁরা এসেছিলেন তাঁদের কথা হচ্ছিল। তিনি তাঁর উত্তরে বললেন নবাগত আশ্রয়প্রার্থী তাদের সকলেই নয় তাদের মধ্যে অনেক আছে যারা পুনর্বাসন সাহায্য পেয়েছে এবং তাদের একাংশ আবার এসে [illegible] দণ্ডকারণ্য তাদের যে আকর্ষণ করেছে [illegible] তাদের দণ্ডকারণ্যে পাঠাতে পারবো না এবং তার জন্য [illegible] উপর [illegible] আরোপ করা অন্যায়। যারা এখন নতুন করে এসেছে [illegible] তারা সকলেই দণ্ডকারণ্যে পুনর্বাসন পাবে কৃষকই হোক, শিল্পীই হোক, [illegible] পুনর্বাসনের ব্যবস্থা হবেই। কেননা দণ্ডকারণ্যে প্রাথমিক বিদ্যালয় হয়েছে মাধ্যমিক [illegible] উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হয়েছে, কলেজও হবে। [illegible] আমার মনে নাই কয়েক শত মাইল রেলওয়ে হয়েছে [illegible] যে সমস্ত সম্পদ আছে সেগুলি যদি তুলতে পারা যায় সেখানে অনেক [illegible] শিল্প হবে। [illegible] গঠন করা হবে এবং এই দেশ পূর্ববঙ্গ [illegible] যদি করতে পারে তাহলে একটা মস্ত [illegible] শিল্প গড়ে উঠবে এবং নতুনভাবে সেখানে [illegible] পূর্ববঙ্গ ঢাকা হতে মাইগ্রেশন ফর্ম দেওয়া [illegible] কোন সংবাদপত্রেও এটা বেরিয়েছে। আমি ঢাকায় খবর নিয়েছি [illegible] জানতে পেরেছি এটা একেবারে অসত্য মিথ্যা [illegible] একেবারে অসত্য। মাইগ্রেশন ফর্ম ফুরিয়ে গেছিল কিন্তু সেখানে সে ফর্ম [illegible] মাইগ্রেশন [illegible] অভাব নাই, যিনি চাইছেন তিনি পাচ্ছেন। তবে মাননীয় জ্যোতি [illegible] বোধ হয় বললেন কয়েকটি শ্রেণী বানানো হয়েছে, তাদেরই আগে সুযোগ দেওয়া হবে যাদের বাড়ির লোক [illegible] হয়েছে, ঘর দোর নষ্ট হয়েছে, যারা সর্বস্বান্ত হয়েছে, [illegible] করছে অবিবাহিত মেয়েদেরও নিশ্চয় সুযোগ দিতে হবে। একটা কথা মনে রাখতে হবে। এর সঙ্গে ৯৩ লক্ষ লোককে যদি মাইগ্রেশন ফর্ম বিলি করা হয় এবং দলে দলে যদি প্রত্যেককে মাইগ্রেশন সার্টিফিকেট দেওয়া হয় তাহলে হিসাব করুন গাড়ি চেপে সুষ্ঠু ভাবে তাদের আসতে কত বছর লাগবে সেটা একবার কল্পনা করে দেখবেন। দৈনিক ৫০০ লোকের বেশী কি আসতে পারবে? কেন্দ্রীয় সরকারের ডিপার্টমেন্টকে চাপ দেওয়া সম্ভব হলেও কেন্দ্রীয় সরকারকে আমরা চাপ দিতে পারি একথা আমি স্বীকার করছি, কিন্তু তাঁদের চাপ দিয়ে আমরা সফলতা লাভ করলেও দৈনিক কত লোক আসতে পারবে? কত গাড়ি তাঁরা দিতে পারবেন? কাজে কাজেই একটা সীমা আছে সেটা স্মরণ রাখতে হবে।

[5-10—5-20 p.m.]

মাইগ্রেশন ফর্ম-এর আদৌ অভাব হয় নি। মাইগ্রেশন সার্টিফিকেট যাদের আগে দেওয়া উচিত সেইভাবে অগ্রাধিকার ঠিক করে নিয়ে তাদের আগে দেওয়া হচ্ছে। আর একটা কথা বলব, যে কথা মাননীয় জ্যোতিবাবু বলেছিলেন যে, পূর্ববঙ্গে যদি গণতন্ত্র প্রতিষ্ঠিত হয় তাহলে হয়ত সেখানে দাঙ্গাহাঙ্গামা হবে না, সাম্প্রদায়িকতা থাকবে না, যেমন ভারতবর্ষে নেই। আমরা দুঃখিত [illegible] লজ্জিত যে, আমাদের এখানে কিছু কিছু সামান্য ঘটনা ঘটেছে লোক মরেছে, লুঠ হয়েছে, [illegible] আমাদের দেশে পাকিস্তানের মত অবস্থা হয় নি এবং তা আমরা হতেও দেব না। আজকে [illegible] বললেন যে এই দাঙ্গা কেউ বন্ধ করতে পারবেন না। তিনি তাঁর মতবাদ ধরে আছেন

বলেই এসব বললেন। তিনি বললেন যতদিন পর্যন্ত কমিউনিজম না হবে ততদিন পর্যন্ত দাঙ্গা নিবারণ হবে না। আমার মত যাঁরা গান্ধীবাদী, তাঁরা বলবেন যে জগতে যতদিন পর্যন্ত গান্ধীবাদ প্রতিষ্ঠা না হবে ততদিন পর্যন্ত দাঙ্গা বন্ধ হবে না এবং পৃথিবী থেকেও যুদ্ধ বন্ধ হবে না। গনেশবাবু বললেন, আপনাদের এখানে একটা কান্ড হল, সেই খবর পেলাম আমেরিকা যুক্তরাষ্ট্র থেকে। এটা খুব আশ্চর্যের বিষয় সন্দেহ নেই। আমিও সেই কথা বলছিলাম যে তখন তিনি জেলে ছিলেন- খুব দুঃখিত তাঁকে জেলে পাঠাতে হয়েছিল তিনি হয়ত জানেন না আমাদের এখানে আমরা একটা কথা বলছি, সঙ্গে সঙ্গে ৮-১০ ঘন্টার মধ্যে সেই কথা চীন যা পিকিং থেকে আমরা পেলাম। আমেরিকা যদি সাম্রাজ্যবাদী হয়, তাহলে চীন সাম্রাজ্যবাদী নয় নাকি কাজেই এ বিষয়ে যত আলোচনা হয় ততই ভাল। আমাদের ফরোয়ার্ড ব্লক, মার্ক্সিস্ট ফরোয়ার্ড ব্লকদলের একটা নীতি আছে এবং তাঁরা বলেছেন যে তাঁদের এই নীতি মেনে যদি জগৎ চলে তাহলে পৃথিবীতে স্বর্গরাজ্য হবে। কমিউনিস্টরা মনে করেন যে তাদের নীতি মেনে যদি জগৎ চলে তাহলে স্বর্গরাজ্য হবে। কানাইবাবু বলবেন যে, তাদের নীতি মেনে যদি জগৎ চলে তাহলে স্বর্গরাজ্য পৃথিবীতে হবে। আমরা বলছি আমাদের নীতি মেনে চললে ধনবৈষম্য থাকবে না এবং তাতে জগতে প্রকৃত সমাজতন্ত্রবাদ প্রতিষ্ঠিত হবে। [illegible]বাবুকে জিজ্ঞাসা করছি যে, আপনি বুকে হাত দিয়ে বলুন [illegible] ৪৬ বৎসরের মধ্যে সোভিয়েট সমাজতন্ত্র কি প্রতিষ্ঠিত হয়েছে, কি হয় নি। কাজেই সবাই একটা আদর্শ বিশ্বাস করেন এবং চান যে তাদের আদর্শ প্রতিষ্ঠিত হোক। আমি নিশ্চয় আশা করব যে, গনেশবাবু আমাদের যে আন্তরিকতা নেই একথা বলবেন না। আমি বলছি না যে গনেশবাবুর নীতিকে আমি আন্তরিকতার সঙ্গে বিশ্বাস করি না। আমরা একথা বলব আপনি যে তাঁর মোটা কথা বলছেন যে এতে কিছু লাভ হবে না দাঙ্গা বন্ধ কিছুতেই হবে না যতদিন পর্যন্ত না তার মত প্রচলিত হবে। আমিও বলব যতদিন পর্যন্ত গান্ধীবাদ প্রচলিত না হবে ততদিন জগতে শান্তি আসবে না দাঙ্গা বন্ধ হবে না, সাম্প্রদায়িকতা নষ্ট হবে না। আমাদের এটা অতি বড় বিচিত্র দেশ বহু ধর্মের লোক আছে বহু বিভিন্ন পোষাক পরিচ্ছদের লোক আছে, বহু বিভিন্ন আচার ব্যবহারের লোক আছে। সবাই মিলে আমরা চেষ্টা করব এই দেশকে বড় করতে। ভারতবর্ষে এটা নিশ্চয় বড় জিনিস যে এই বৈচিত্র্যের মধ্যে আমরা এক হব এই বৈচিত্র্যের মধ্যে আমরা ঐক্যের মুক্তির সন্ধান খুঁজে পাব। (শ্রীগনেশ ঘোষ বক্তৃতাই খালি।) গনেশবাবু বললেন যে, এটা বক্তৃতাই হয়ে গেল কিন্তু এটা হচ্ছে ওঁর বক্তৃতার পাল্টা বক্তৃতা। আমাদের পশ্চিমবাংলা ও পূর্ববাংলার সঙ্গে ভাবগত মিল অনেক আছে। ঐ বাংলায় আমাদের পশ্চিমবাংলার অনেক আত্মীয়স্বজন বন্ধুবান্ধব রয়েছে। তা সত্ত্বেও আমরা যেভাবে দাঙ্গা দমন করেছি তাতে পশ্চিমবাংলার শুভবুদ্ধির পরিচয় আমরা পেয়েছি সর্বদলের লোকের এবং সরকারের যে শক্তি আছে তার পরিচয় আমরা পেয়েছি।

তারপর পশ্চিমবঙ্গে আমরা এই দাঙ্গা বন্ধ করেছি আমরা ঢাকার পরেও নারায়ণগঞ্জের পরেও এই দাঙ্গা বন্ধ করেছি। পশ্চিমবাংলার লোক, হিন্দু হোক আর মুসলমান হোক, কংগ্রেসী হোক আর কমিউনিস্ট হোক, ফরোয়ার্ড ব্লক কিংবা প্রজা সোস্যালিস্ট পার্টিরই হোক, প্রত্যেক দলের পক্ষে এটা গর্বের কথা যে আমাদের এখানে দাঙ্গা এখন হয় না, আমরা হতে দেবো না। গান্ধীবাদ কবে প্রতিষ্ঠিত হবে জানি না কমিউনিজম কবে প্রতিষ্ঠিত হবে তাও জানি না, বা ফরোয়ার্ড ব্লক এর নীতি অনুসারে কবে সমাজ গঠন হবে তাও জানি না। কিন্তু একথা জানি যে, আমাদের দেশের লোকের যদি শুভ বুদ্ধি থাকে তাহলে কখনই দাঙ্গা হবে না, যতই প্ররোচনা বাইরে থেকে পাই না কেন। একটা কথা আমি দুঃখের সঙ্গে বলবো যদিও বেশী সময় আমার নেই তবুও আমাকে বলতে হচ্ছে আমাদের ফরোয়ার্ড ব্লক এর একজন বন্ধু এমন কতকগুলি কথা বলেছেন যেগুলি সত্য নয় অসত্য। এমনভাবে তিনি সেগুলি অতিরঞ্জিত করে বলেছেন, যাতে করে আমাদের লোক দেশের চক্ষে হেয় প্রতিপন্ন হয়। এখানে আমি দেখতে পাচ্ছি না শ্রীঅপূর্বলাল মজুমদার মহাশয়কে, তিনি কতকগুলি কথা বলেছেন আমাদের মন্ত্রী শ্রীতরুণকান্তি ঘোষ সম্বন্ধে। আমি খোঁজ করে দেখেছিলাম এটা আদৌ সত্য নয়, হাবড়ায় অনেক কিছু ঘটেছে।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার স্যার, আমার কথা হচ্ছে, এ নিয়ে একটা এনকোয়ারি হোক, উভয় পক্ষের সদস্য নিয়ে একটা এনকোয়ারি করে দেখা হোক।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তদন্ত করে যা পেয়েছি, আগে আমি আপনার কাছে তা নিবেদন করছি। তারপর যদি মাননীয় সদস্যরা সকলে বলেন আরও তদন্ত দরকার নিশ্চয়ই হবে। মাননীয় সদস্য এখানে যা বলেছেন আমি সেকথা শুনে তদন্ত করেছি (বিরোধী পক্ষ হইতে চিৎকার - এনকোয়ারি করা হোক) আমি কারও বলার সময় বাধা দিই নি সুতরাং আমাকে আমার বক্তব্য বলতে দিন। আমি তদন্ত করেছি এবং করে কতকগুলি জিনিস জানতে পেরেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে তা নিবেদন করবো। তারপর যদি আরও তদন্তের প্রয়োজন হয় নিশ্চয়ই করবো, কেন করবো না, একটা কথা উঠেছে যে ১৭ই জানুয়ারি তারিখের, - আমি তার আগে একটা কথা বলে নিই, হাবড়া থানা, বাগদা থানায়, গাইহাটা থানার বনগাঁ থানায় সম্প্রতি দাঙ্গা হয়েছে এবং মাননীয় তরুণকান্তি ঘোষ মহাশয় বলেছেন যে হাবড়া এলাকায় যে ১৬৮টা গ্রাম আছে তার মধ্যে ৬৪টা গ্রামে অল্পবিস্তর কিছু কিছু ক্ষতি হয়েছে এবং কিছু লোক মারা গেছে। তাতে কিছু লোক প্রতিবাদ করে বললেন এবং একজন তুলনামূলকভাবে বললেন যে, শ্রীহীরেন মুখার্জি'র কথা শুনে যেমন পাকিস্তানে হিল্লোল হয় আমাদের তরুণকান্তির কথা শুনেও তেমনি পাকিস্তানের আনন্দের হিল্লোল হবে। তিনি বলেছেন ১৬৮টা গ্রামের মধ্যে হাবড়া থানায় ৬৪টা গ্রামে কিছু কিছু গোলমাল হয়েছে, অল্পবিস্তর ক্ষতি হয়েছে। আমরা তা স্বীকার করছি। আমাদের এখানে কিছু হিন্দু, কিছু মুসলমান দাঙ্গায় মারা গেছে। এখানে কিছু লোক হিন্দু-মুসলমান পুলিসের গুলিতে মারা গেছে, কিছু লোকের ঘর বাড়ি লুণ্ঠিত হয়েছে, কোথাও আংশিকভাবে লুঠ হয়েছে, কিছু গরু পুড়েছে, কিছু মারা গেছে, কিছু ধান লুঠ হয়েছে, একথা অস্বীকার করবার কথা নয়। হাবড়া, গাইহাটায় গেলে এসব স্বচক্ষে দেখা যাবে। আমাদের তদন্ত করবার দরকার নেই। যে কেউ, যে কোন মাননীয় সদস্য গিয়ে দেখতে পারেন কি ক্ষতি হয়েছে। তবু আমি বলবো পাকিস্তান যে প্ররোচনা দিয়েছে সে তুলনায় এখানে হয় নি। আমাদের শুভবুদ্ধি জাগ্রত হয়েছে। শুভবুদ্ধি কার্যকরী হয়েছে, আমরা সকলে দাঙ্গা বন্ধ করেছি। সেনাবাহিনীকে, পুলিশকে ডাকতে হয়েছে, আমাদের এখানে দাঙ্গা বন্ধ হয়েছে। মাননীয় তরুণকান্তি ঘোষ মহাশয় হাবড়া থানা থেকে অর্থাৎ হাবড়া নির্বাচক মণ্ডলী থেকে আমাদের এই বিধানসভায় নির্বাচিত হয়েছেন। অনেকে বলেছেন তিনি সেখানে গিয়ে, সেখানকার যেসমস্ত লোকের ভোট পান নি, তাদের উপর অত্যাচার করিয়েছেন। একটা খবর তিনি যা বলেছেন তা ঠিক, কিন্তু আমি যা তদন্ত করেছি তা ঠিক নয়। ১৭ই জানুয়ারি তারিখে হাবড়া থানায় কিছু লোক নিয়ে যাওয়া হয়েছিল।

[5-20—5-30 p.m.]

তাদের রুটি খেতে দেওয়া হয়েছিল এবং তরুণবাবু তখন গিয়ে বলেছিলেন যে রুটি কেন দেওয়া হচ্ছে, এদের ধরে মারো। তরুণবাবু একথা বলতে পারেন না-- আমি একথা বিশ্বাস করি না। তাসত্ত্বেও আমি এটা তদন্ত করতে দিয়েছিলাম এবং তদন্তের যা ফল পেয়েছি তার আগে কতকগুলো কথা বলে নিই। ওখানে দাঙ্গাহাঙ্গামা হবার পর শ্রীমতী রেণু চক্রবর্তী গিয়েছিলেন এবং তাঁর একটি বিবৃতি বেরিয়েছিল - বোধ হয় যতদূর সম্ভব ২০এ জানুয়ারি তারিখে স্বাধীনতা পত্রিকায়—আমি স্বাধীনতা পত্রিকায় পড়েছিলাম শ্রীমতী রেণু চক্রবর্তী কমিউনিস্ট পার্টির লোক—অন্য দলের লোক নন—আর কংগ্রেস দলের লোক নন—তিনি এইরকম অত্যাচারের কথা বলেন নি। ১১ এবং ১২ই ফেব্রুয়ারীতে হাজরা ইত্যাদি জায়গায় যে সমস্ত কান্ড ঘটেছে তাতে পুলিশের হাতে অনেক লোক অত্যাচারিত হয়েছে এরূপ একটা বিবরণ বসুমতী কাগজে বেরিয়েছিল। তাতেও তরুণবাবু সম্বন্ধে কোন কথাই নেই। আমার মনে হয় মাননীয় সদস্য

Production of sugar per day will evidently depend on the available supply of cane, and percentage of recovery of sugar out of cane crushed.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আপনি প্রথম প্রশ্নের উত্তরে জানালেন আন-স্যাটিসফ্যাক্টরী। কিন্তু কি কি কারণে এই কনক্লুসন-এ এসেছেন যে এটা আন-স্যাটিসফ্যাক্টরী।

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: তার কারণ যে এদের একটা বিরাট দেনা হয়ে গেছে এবং সেই দেনা এমন একটা পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে সরকার মনে করছেন যে এদের পক্ষে চালান সম্ভব হবে কিনা, যার জন্য সরকার একটা এক্সপার্ট কমিটি অ্যাপয়েন্ট করলেন। এই কমিটির উপর ভার দেওয়া হয়েছিল যে এই মিল সম্বন্ধে খোঁজ খবর নিয়ে আমাদের জানান যে কি করা হবে। সেই কমিটি আমাদের কাছে তিনটা রি-কমেন্ডেশন করেছিল। সেই মিল সম্বন্ধে যে রি-কমেন্ডেশনগুলো ছিল, তার মধ্যে একটা ছিল

"Since the affairs of the Company are in a very bad shape, the Government of India should be moved to take over the management of the business of the Company under the Industries (Development and Regulation) Act, 1951. Such taking over would require a preliminary investigation, and it is entirely up to the Government of India to decide whether or not the management should be taken over.

If the Government of India ultimately declines to take over the management, the State Government should request the West Bengal Financial Corporation to take over the management of the business of the Company".

আমরা গভর্নমেন্ট অফ ইণ্ডিয়াকে জানিয়েছি এটা নিয়ে নেবার জন্য, কিন্তু এখনও পর্যন্ত আমরা কোন উত্তর পাই নি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: এদের দেনার পরিমাণ কত?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: টোট্যাল দেনার পরিমাণ হচ্ছে প্রায় ৮৯+৫—দেনা আর সুদ দিয়ে ৯৪ লক্ষ।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: সরকার পক্ষ থেকে কি কোন লোন দেওয়া হয়েছে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: লোন দেওয়া হয়েছে। রিফিউজী রিহেবিলিটেশন থেকে দিয়েছিল ২১ লাখ টাকা, আর আমাদের পশ্চিমবঙ্গ সরকার থেকে দেওয়া হয়েছিল ১০ লক্ষ এবং ৩ লক্ষ এবং ১৫ লক্ষ টাকা গ্যারান্টি, আর একটা ২ লক্ষ টাকা গ্যারান্টি দেওয়া হয়েছিল এবং ওয়েস্ট বেঙ্গল ফিনানসিয়াল কর্পোরেশন থেকে দেওয়া হয়েছিল ১০ লক্ষ টাকা এবং ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট-এর তরফ থেকে দেওয়া হয়েছিল ১ লক্ষ ১৯ হাজার এবং সব সমেত বিভিন্ন গ্যারান্টি নিয়ে ৬৭ লক্ষ ৭৬ হাজার টাকা দেওয়া হয়েছিল।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: এই কোম্পানীর অ্যাসেট, মানে অথরাইজড ক্যাপিটাল কত এবং পেইড-আপ ক্যাপিটাল কত?

The Hon'ble Tarun Kanti Ghosh:

এক কোটি টাকা পর্য্যন্ত ক্যাপিটাল করবার জন্য অথরাইজড ছিল, কিন্তু আজ পর্য্যন্ত তুলেছেন
The subscribed capital of the company as on 30th September, 1962, was Rs. 34,10,000 and the paid up capital on that date was Rs. 31,64,000.

Dr. Kanai Lal Bhattacharya:

যেখানে ৩৪ লক্ষ টাকা সাবসক্রাইবড ক্যাপিটাল, সেখানে ৬৭ লক্ষ টাকা গভর্নমেণ্ট তরফ থেকে লোন দেওয়া হল -কি বেসিসে লোন দেওয়া হল?

The Hon'ble Tarun Kanti Ghosh:

আমি বলবো ওদের যে টোট্যাল মেসিনারিস রয়েছে তার ভ্যালু, কিন্তু ৮২ লক্ষ, সেগুলি সব মর্টগেজ রয়েছে, লোন দেবার নিয়ম জানেন যে কত শেয়ার ক্যাপিটাল রয়েছে তার উপর তাদের টোট্যাল অ্যাসেট ২২ লক্ষ ২১ হাজার টাকা লোন দেবার নিয়ম আছে। যদি শেয়ার ক্যাপিটাল থাকে তার উপর লোন হচ্ছে না, টোট্যাল অ্যাসেটের উপর লোন দেয়, ৮২ লক্ষ টাকা তাদের অ্যাসেট নিয়েছে, অতএব ৬৭ লক্ষ টাকা লোনের বদলে তাদের ৮২ লক্ষ টাকার অ্যাসেট রয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

৮২ লক্ষ টাকা অ্যাসেট থাকবে কোথা থেকে? যেখানে ৬৪ লক্ষ টাকা পেড-আপ ক্যাপিটাল এবং যাদের লোন ৯৪ লক্ষ টাকা, তাঁদের সরকার দিয়েছেন ৬৭ লক্ষ টাকা, অতএব ৮২ লক্ষ টাকার অ্যাসেট আসবে কোথা থেকে? অর্থাৎ আপনি ৬৭ লক্ষ টাকা না দিয়ে ৮২ লক্ষ টাকা আসে কোথা থেকে?

The Hon'ble Tarun Kanti Ghosh:

টোট্যাল অ্যাসেট এখানে লিখিয়াছি
The value of its current and fixed asset after allowing for depreciation has been established at Rs. 82.21 lakhs.

Dr. Kanai Lal Bhattacharya:

আমার জিজ্ঞাস্য হচ্ছে ৬৭ লক্ষ টাকা সরকার পক্ষ থেকে কি দেখে এই কোম্পানীকে দেওয়া হল?

The Hon'ble Tarun Kanti Ghosh:

তখন সরকার মনে করেছিলেন যে, এখানে একটা সুগার মিল হয়েছে, রিফিউজি রিহ্যাবিলিটেসান ডিপার্টমেণ্টের তরফ থেকে এবং বলা হয়েছে যে, এখানে রিফিউজিদের চাকরী দেওয়া হবে, অতএব এটাকে যদি আর্থিক সাহায্য বলি, সেটাই হচ্ছে আমাদের সবচেয়ে বড়
Stumbling Block for Bengalees to start a business
অতএব এটা যদি দেওয়া হয় তার চেয়ে বেশী অ্যাসেট থাকবে।
They thought
এইভাবে দেওয়া হয়েছিল কিন্তু আজকে দেখা যাচ্ছে যে তারা ম্যানেজ করতে পারছে না,
we have requested the Government of India to take it over.

Dr. Kanai Lal Bhattacharya:

এটা কি সত্য কথা নয় যে এই বোর্ড অফ ডাইরেক্টার্সের মধ্যে কংগ্রেস নেতারা এবং এম এল এ, এম এল সি আছেন বলেই তা দেখে ধার দেওয়া হয়েছিল?

The Hon'ble Tarun Kanti Ghosh:

বোর্ড অফ ডাইরেক্টার্স পরে তৈরী হয়, আগে হয় না।

Shri Deb Saran Ghosh:

আপনি 'বি'-এর উত্তরে বলেছেন না, আমি জানতে চাই আখ চাষীদের গত বৎসর এবং এ বছর টাকা এখনও দেওয়া হয় নি কেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:

যে প্রশ্ন ছিল তার উত্তরে না বলেছি, এ কথা বলি নি যে আখ চাষীদের টাকা পাওনা নেই, প্রশ্ন ছিল

whether the Government has received any complaint to the effect that cane growers are not paid by the authority concerned though their canes delivered to the said Mill

আমাদের এক্সপার্টস যারা গিয়েছিল তারা দেখলো যে ক্যাস তারা পেয়েছে সবে টাকা তাদের শোধ দিয়েছে, অতএব যে প্রশ্ন ছিল তার উত্তর ঠিক দিয়েছি।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় কি জানাবেন উনি একটু আগে বললেন যে রিফিউজিদের পুনর্বাসন কিম্বা বাঙ্গালীদের প্রতিষ্ঠান হয়েছে সে জন্য টাকা দিয়েছিলাম। আপনি কি বলবেন, কি দেখে তারা টাকা ধার দেবার নীতি গ্রহণ করেন, অর্থাৎ এ বিষয়ে জেনারেল প্রিন্সিপাল কি?

The Hon'ble Tarun Kanti Ghosh:

লোন সাধারণভাবে সরকার থেকে দেওয়া হয় না। লোন বিভিন্ন ফাইনান্স কর্পোরেশন থেকে দেওয়া হয়। এই বৎসরে আপনারা জানেন একবার মি খন্না একটা বক্তৃতা করেছিলেন যেখানে রিফিউজিদের চাকরী দেবে এই উদ্দেশ্য নিয়ে যদি কেউ স্কীম করতে চায় তাহলে তারা লোন পেতে পারে। এই উদ্দেশ্য নিয়ে আমরা [illegible] জায়গায় টাকা দিয়েছিলাম। [illegible] নিয়ম হচ্ছে যদি কেউ ধার চায় তাহলে ফিনান্স কর্পোরেশন দেখে [illegible] ধার দিল তার যথেষ্ট mortgage আছে কিনা অর্থাৎ সেই টাকা স্কীম দেখে ধার দেয়।

[12-10—12-20 p.m.]

শ্রীননী ভট্টাচার্য: এখানে নীতিগত কি ব্যতিক্রম করা হয় নি? এর অর্থ অ্যাসেট যা ছিল সেটা যে যথেষ্ট ছিল না এটা দেখে কি লোন দেওয়া হয় নি এই কোম্পানীকে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: লোন দেওয়া সম্পর্কে আমি আগেই বলেছি যে লোন দেওয়া হয়েছিল ১৯৫৬, ১৯৫৭, ১৯৫৮, যে বৎসরেই হোক দেওয়া হয়েছিল। তখন যে কন্সিডারেশনে দেওয়া হয়েছিল আমি নিজে যা শুনেছি সরকারকে এই ব্যাপারে উৎসাহিত করেছিল। তখন একটা বড় জিনিস ছিল যে বাংলাদেশে একটা সুগার মিলও নেই, এখন একটা আছে, আর একটা হতে যাচ্ছে। দ্বিতীয়তঃ হল বাঙ্গালীরা মিলে এটা করতে চেয়েছিল এবং উদ্বাস্তু বিভাগকে উৎসাহ দেওয়া হয়। অতএব তাঁরা ভেবেছিলেন আমরা যদি কিছু টাকা দিই তাহলে বাঙ্গালীর দ্বারা পরিচালিত একটা সুগার মিল হবে। এই কন্সিডারেশনেই দেওয়া হয়েছিল আমি যা শুনেছি।

শ্রীননী ভট্টাচার্য: আমি এই কথাই বলছিলাম যে আপনাদেরত কতগুলি কন্ডিশন নিশ্চয়ই লে-ডাউন করা আছে যেগুলি ফুলফিল করলে তবে কোন কোম্পানীকে লোন দেওয়া হয়। তাদের উদ্দেশ্য যতই মহৎ বলে প্রচার করা হোক না কেন এটা আমি বলছি সার্টেন কন্ডিশনস আর দেয়ার সেই কন্ডিশানগুলি কি ফুলফিল করা হয়েছে এই কোম্পানীর ক্ষেত্রে যখন লোন দেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমি আগেই বলেছি সরকার লোন দেন না। অতএব এটার মূল জিনিস হচ্ছে এই সব কন্ডিশনের প্রশ্ন আসে না। এটা একটা স্পেশালভাবে করা হয়েছে দেখতে পাচ্ছি।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ১৩ লক্ষ টাকা লোন দিয়েছে এবং গ্যারান্টি দিয়েছিলেন আরো ১৫ লক্ষ টাকা, মোট ২৮ লক্ষ টাকা। এই টাকা কোন্ সালে দেওয়া হয়েছিল?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: প্রথম লোন দেওয়া হয়েছিল পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে, ১০ লক্ষ টাকা স্যাংসন্ড হয়েছিল ১৪-৮-৫৭ তারিখে, ডিসবার্স হয় ২৮-৯-৫৭ তারিখে। তার ৩ লক্ষ টাকা ২৫-৬-৬০-এর আগে কিন্তু তার মধ্যে ২৫ হাজার টাকা কোম্পানী ফেরত দিয়েছিল। রিলিফ রিহ্যাবিলিটেশন লোন দিয়েছিল ২১ লক্ষ টাকা। সেটার লাস্ট ইনস্টলমেন্ট দিয়েছিল ২৭-৬-৫৮ তারিখে। আর ওয়েস্ট বেঙ্গল ফিন্যান্স কর্পোরেশন ১০ লক্ষ টাকা তা ডিসবার্স হয় ২২-৮-৫৯ তারিখে।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় গ্যারান্টির কথা তো কিছু বললেন না। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কোন্ সালে দিয়েছিল ১০ লক্ষ টাকা গ্যারান্টি?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: গ্যারান্টির ডিটেলস এখন আমার ফাইলে নেই।

শ্রীঅবনীকুমার বসু: আমার নেক্সট সাপ্লিমেন্টারি হচ্ছে এই, এই মিলের টোটাল ইনডেটেড্‌নেস ৯৭ লক্ষ টাকা এবং তার এগ্রিগেট অ্যাসেট ৮২ লক্ষ টাকা। এই আনকভার্ড লোনের রিয়ালিজেশন এর কি কি ব্যবস্থা করা হয়েছে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমাদের লোন হচ্ছে ৬৭ লক্ষ টাকা এবং আমরা সেটার জন্য যা বলেছি তা হচ্ছে ভারত সরকার যদি এটা নিয়ে চালাতে চান তাহলে আমরা তাদের দিতে পারি। আমরা এই ব্যাপারটা ভারত সরকারকে জানিয়েছি। এদের সব চেয়ে বড় ডিফিকাল্টি হচ্ছে এদের টোটাল শেয়ার ক্যাপিটাল খুব কম। অর্থাৎ নিড্‌লিং ক্যাপিটাল কম থাকার ফলে গোলমাল হচ্ছে। তবে ভারত সরকার যদি এটা নিয়ে চালান তাহলে আস্তে আস্তে শোধ হয়ে যাওয়াটা অসম্ভব নয়।

শ্রীসনৎকুমার রাহা: আমি পর পর তিন বৎসর আমার অ্যাসেম্বলীতে এসেছি, প্রতি বৎসরই ন্যাশনাল সুগার মিল সম্পর্কে কমপ্লেইন্ট এসেছে। এবার আমি আগে থেকে টেলিগ্রাম করে রেখেছি। এখানে শিল্পমন্ত্রী যে উত্তর দিলেন আমি মনে করি তা সত্য নয়। আগেকার সেশন এ শিল্পমন্ত্রীমহাশয় বলেছিলেন এই ন্যাশনাল সুগার মিলকে আবার বেলডাঙ্গায় নিয়ে যাবার জন্য সুপারিশ করা হয়েছে। এমনিতেই তাদের ৯৭ লক্ষ টাকা দেনা, এমতাবস্থায় আমার প্রশ্ন হচ্ছে কোন কন্সিডারেশন-এ এই সুপারিশ করা হয়েছে, এবং তাদের ৯৪ লক্ষ টাকা দেনা সত্ত্বেও চাষীর সর্বনাশ করার জন্যই কি এই সুপারিশ করেছেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমি এই কথাই বলেছিলাম যে, সরকার থেকে যে রিকমেন্ডেশন করা হয়েছিল তার একটা মাত্র কারণ হচ্ছে, এই ব্যাপারে অ্যাপ্লিকেশন ছিল একটি এবং এর মালিক পশ্চিমবঙ্গ সরকার নয়, এটা চালু করার জন্য লাইসেন্স দেয়ার মালিক ভারত সরকার এবং ১৯৬২ সালের মাঝামাঝি সময়ে দ্যাট ওয়াজ ফরোয়ার্ডেড টু দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া। অতএব, পশ্চিমবঙ্গ সরকার দিল কি দিল না, সেই প্রশ্ন এখানে উঠে না।

শ্রীসনৎকুমার রাহা: গভর্নমেন্ট কোন কন্সিডারেশন-এ বেলডাঙ্গা সুগার মিলকে নিয়ে নেবার জন্য ন্যাশনাল সুগার মিলকে রিকমেন্ড করেছিলেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:

একটি মাত্র অ্যাপ্লিকেশন ছিল এবং বেলডাঙ্গা বহুদিন ধরে বেকার পড়ে রয়েছে তাদের দিয়ে চালু করা যায় কিনা বিবেচনা করে এই প্রস্তাব করা হয়েছিল। কিন্তু সাবসিকোয়েন্টলি দেখা গেল তাদের সম্ভব নয়।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ন্যাশনাল সুগার মিল-এ সরকারের তরফ থেকে বোর্ড অফ ডিরেকটর্স-এ কোন প্রতিনিধি আছেন কিনা। চাষীদের কাছ থেকে আখ নিয়ে তাদের টাকা না দেওয়া এবং ব্যবসায়ীদের কাছে লক্ষ লক্ষ টাকা নিয়ে তাদের চিনি না দিয়ে টাকা আটকে রাখার পরিমাণ কত, এবং এ সম্বন্ধে সরকার কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

The Hon'ble Tarun Kanti Ghosh:

সরকারের তরফ থেকে বোর্ড-এ নমিনেটেড আছেন

U. N. Chatterjee, A. K Mitra, I.A.S., District Magistrate, Birbhum, A. B. Gurung.

[12-20—12-30 p.m.]

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই মিলের আর্থিক অবস্থা সম্বন্ধে তাঁরা সরকারের কাছে কোন তথ্য রেখেছেন কিনা? শুধু তাই নয়, চাষীর কাছ থেকে আখ নেওয়া হচ্ছে, কিন্তু তাদের পয়সা দেওয়া হচ্ছে না, কাজেই কত টাকা মিলের কাছে তাদের পাওনা আছে এবং ব্যবসায়ীকে চিনি দেবে বলে লক্ষ লক্ষ টাকা যা নেওয়া হয়েছে তার পরিমাণ কত এবং সেটা কখন ফেরত দেবে এ সম্বন্ধে কিছু জানাবেন কি?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: সরকারের কাছে না জানালেও ন্যাসনাল সুগার মিলের কাছে জানতে চেয়েছি কত টাকা পান। তার উত্তরে তাঁরা জানিয়েছেন,

It has been reported by the National Sugar Mills Ltd. that their arrear of cane dues for the session 1962-63 is practically nil, and the arrear of cane price prior to 1962-63 is nil.

As regards the arrear of cane price for the current season, it has been reported that dues will be over Rs. 1 lakh, out of which the Company propose to pay about Rs 60,000 by the third week of this month. It has also been intimated by the Company that the workers of the mills have already been paid their salary and wages for January, 1964.

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: সুগার সম্বন্ধে কিছু বললেন না তো?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: সুগার সম্বন্ধে কোন তথ্য নেই।

শ্রীদেবশরণ ঘোষ: মন্ত্রিমহাশয় বলেছেন এই কোম্পানীর আর্থিক অবস্থা অসন্তোষজনক, ১৪ লক্ষ টাকা ঋণ আছে এবং চাষীদের বহু টাকা পাওনা আছে। কিন্তু এ অবস্থায় আমরা দেখছি চাষীদের বাধ্য করান হচ্ছে, আইন তৈরি করে বাধ্য করান হচ্ছে এই মিলেব কাছে বিক্রি করতে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে এটা ঠিক কিনা যে, মুর্শিদাবাদ জেলা এবং ভাগীরথীর বর্ডার-এ জোন করা হয়েছে এবং বলা হয়েছে রামনগর সুগার মিলকে আখ বিক্রি করতে পাববে না?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আপনি যে কথা বলেছেন তার উত্তরে এটুকু বলতে পারি যে, এক্সপার্ট কমিটির রিপোর্ট যখন এসেছিল মন্ত্রিসভা সেটা বিবেচনা করেছিলেন এবং এই প্রশ্ন তখন এসেছিল। সেই সময় মুখ্যমন্ত্রী কৃষি বিভাগকে বলেছিলেন যে, যারা নিজেরা চালাতে পারছে না তাদের কাছে বিক্রি করার নিয়ম যদি থেকে থাকে তাহলে সেটা বদলে দিন এবং সেই হিসেবে সেটা বদল করা হয়েছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মন্ত্রিমহাশয় জানালেন ন্যাসনাল সুগার মিলের অবস্থা অসন্তোষজনক। আমার প্রশ্ন হচ্ছে ন্যাসনাল সুগার মিল গভর্নমেন্টের কাছ থেকে যে বহুভাবে

টাকা নিয়েছে তাতে এই মিলের অবস্থা কবে থেকে খারাপ হয়েছে সেটা গভর্নমেণ্ট জানবার চেষ্টা করেছেন কিনা এবং সেটা জানতে গিয়ে আর একটা প্রশ্ন রাখছি যে, অডিটেড ব্যালান্স সিট এবং অ্যাকাউন্ট আপনাদের কাছে পাঠান হয় কিনা এবং সেটা আপনারা দেখেন কিনা এবং তা থেকে এটা বুঝতে পেরেছিলেন কিনা যে, তাদের অবস্থা ডেটোরিওরেটিং?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: মাননীয় সদস্য নিশ্চয়ই বুঝতে পারছেন যে, আমরা এটা বুঝতে পেরেছিলাম তাদের অবস্থার উন্নতি হবার সম্ভাবনা নেই। এটা ১০-১২ বছর থেকে চলছে না, ১৯৬০-৬১ সালে এটা চালু হয়। তাঁরা ঠিক ভাবে কবে চালু করেছেন সেটা বলতে গেলে এই বলতে হয় যে,

The National Sugar Mill was registered as a public limited company in August, 1955. It actually commenced production on a commercial scale from the season 1960-61.

অতএব তারপর থেকে যে খবর পেলাম সেই খবরের ভিত্তিতে এক্সপার্ট কমিটিকে যেতে বলি এবং ইন্ডিয়া গভর্নমেন্টকে নিয়ে নেবার জন্য বলেছি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনাদের কাছে ব্যালেন্স সিট পাঠান হয় কিনা এবং যদি পাঠান হয় তাহলে সেটা স্ক্রুটিনি করে দেখে কবে বুঝতে পারলেন যে এদের অবস্থা ভাল নয়?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: স্বভাবতঃই বুঝতে পারছেন যে এই কোম্পানী চালু হয় ১৯৬০-৬১ সালে। প্রথম বছরে কিছু বিচার করতে পারি নি ১৯৬০-৬১, ১৯৬১-৬২ সাল চলে গেছে এবং তারপর ১৯৬৩ সালে আমরা ঠিক করলাম যে, তদন্ত করা দরকার এবং তদন্ত করে যা কিছু করা দরকার সেটা করব। সেই পরিপ্রেক্ষিতেই আমরা এটা করতে যাচ্ছি।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, ১৯৬১-৬২ সাল থেকে অ্যাক্ট অপারেশন সুরু হয়েছে, এই ক-বছরে বহু টাকা ফুঁকে দিয়েছে, এই যে এক্সপার্ট কমিটি নিয়োগ করা হয়েছিল তাদের আয় ব্যয় সমস্ত পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করে সরকারের কাছে কোন রিপোর্ট দিয়েছে কিনা, দিয়ে থাকলে সেই রিপোর্ট অ্যাসেম্বলী সামনে পেশ করবেন কিনা? কারণ অনেক গুরুত্বর গণ্ডগোল ঘটে গিয়েছে এবং এজন্য বহু আইন বিগর্হিত কাজ করা হয়েছে।

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আপনি যদি দেখতে চান এক্সপার্ট কমিটি কি রিপোর্ট দিয়েছে এসে দেখতে পারেন, যে কেউ এসে দেখতে পারেন। লুকোচুরির কিছু নেই।

I am inviting any member.

এসে দেখতে পারেন, এক্সপার্ট কমিটি কি রিপোর্ট দিয়েছে।

শ্রীননী ভট্টাচার্য: এক্সপার্ট কমিটি কি আয়-ব্যয় সবই তদন্ত করেছেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: সবই তদন্ত করেছেন আপনাকে তো বলেছি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বেলডাঙ্গা সুগার মিলকে নেবার আর কোন দরখাস্ত ছিল না excepting National Sugar Mill

আর একটি কথা হল ন্যাশনাল সুগার মিলের উন্নতির কোন সম্ভাবনা নাই, একটি অ্যাপ্লিকেশন হলেও তাকে রেকমেণ্ড করেছেন কি ভিত্তিতে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: যখন তদন্ত করেছিলাম সরকারের এ সিদ্ধান্ত তখন ছিল না, এ দুটোতে তফাৎ আছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: কবে থেকে জ্ঞান হল?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আগেই বলেছি।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: বর্তমানে কেন্দ্রীয় সরকারের একটি আইনের বলে আখ-চাষীদের নিজেদের কল ছাড়া আখ মাড়াই নিষিদ্ধ করা হয়েছে এবং বীরভূম জেলার এবং বর্ধমান জেলার কিয়দংশের চাষীদের বলা হয়েছে ন্যাশন্যাল সুগার মিলে তারা আখ দিতে বাধ্য যারা নিজেদের কলে আখ মাড়াই করবে না, এই পরিস্থিতিতে যে সমস্ত চাষী ন্যাশনাল সুগার মিলে আখ দিয়ে টাকা পায় নি তাদের খবর জানবার পর চাষীরা আতঙ্কিত হয়েছে, তাদের আখ মাঠেই পড়ে আছে মাড়াতে পারবে না, অথবা তাদের বিনা পয়সায় সেই আখ ন্যাশনাল সুগার মিলকে দিতে হবে, এ খবর সত্য কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমার কাছে এ রকম কোন খবর নাই।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি দুটি প্রশ্ন এক সঙ্গে রাখছি, আমার প্রথম প্রশ্ন হচ্ছে এই ন্যাশনাল সুগার মিলের ফাইন্যান্সিয়াল পজিশন আন-স্যাটিসফ্যাক্টরী হওয়ার জন্য এই মিল বরাবর চালু আছে কিনা, আর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই মিলটির সাবসক্রাইবড ক্যাপিটাল হচ্ছে ৩৪ লক্ষ টাকা, পেইড আপ ক্যাপিটাল হচ্ছে ৩২ লক্ষ টাকা, ওয়ার্কিং ক্যাপি-কত?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: ওয়ার্কিং ক্যাপিটাল আপনি কোনটার কথা বলছেন?

শ্রীঅবনীকুমার বসু: ব্যবসা চালাবার জন্য মূলধন কত?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: মূলধন আসে শেয়ার বিক্রী করে, নইলে ধার নাই। শেয়ার বিক্রি করেছে ৩৪ লক্ষ টাকার মত, পেয়েছে ৩১ লক্ষ টাকার মত, কত ব্যাংকে আছে সেটা না দেখে বলা যায় না।

[12-30—12-40 p.m.]

শ্রীঅবনীকুমার বসু: মিলটা পুরাপুরি অবস্থায় চালু আছে কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: মিলটা পুরাপুরি চালু আছে। কিন্তু আপনি জানেন যে সুগার মিল আনলাইক আদার মিলস সারা বছর চলে না সিজন-এ ক্র্যাসিং হয় এই সিজন-এও তাদের ক্র্যাসিং হয়েছে এটা আমরা জানি।

শ্রীঅবনীকুমার বসু: তাদের লিকুইড অ্যাসেট কত?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: সেটা ব্যাংক-এ থাকে, না জেনে বলতে পারবো না।

শ্রীহেমন্তকুমার বসু: গভর্নমেন্ট-এর এত টাকা যারা অপচয় করেছে তার জন্য টেক ওভার করা ছাড়া আর কোন স্টেপ-এর কথা ভাবছেন কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমাদের যে টাকা দেওয়া হয়েছে সেই টাকা পেতে গেলে এটাকে চালু রেখে পেতে পারি না হলে মিল চালু করতে হয়। আমরা ভেবেছিলাম যে মিলের যে অ্যাসেট রয়েছে তাতে তাকে চালু করলে আন-এমপ্লয়মেন্ট প্রবলেম দূর হবে। অতএব আমরা মনে করেছিলাম যে এটাকে চালু রেখে আমরা টাকা কিভাবে নেব। সেজন্য আমরা ভারত সরকারের কাছে বলেছি যে এটাকে টেক ওভার করতে এবং তার পরের স্টেপ আমরা এখনও চিন্তা করি নি।

শ্রীসনৎকুমার রাহা : কেস-তো এখন পোস্টমর্টেম, এখন চাষীদের বাঁচবার প্রশ্ন রয়েছে। ন্যাশন্যাল সুগার মিলকে নিয়ে যে জোন অফ সুগারকেন কালেকশন হয় তাতে এখন যা চাষী-দের অবস্থা হয়েছে সে কথা চিন্তা করতে হবে। অর্থাৎ সুগারকেন কন্ট্রোল অর্ডার যেটা দেওয়া হয়েছে জোন ভিত্তি হিসাবে সেই সব এলাকায় চাষীদের এখন কি বলে দেওয়া হবে যে ন্যাশনাল সুগার মিলকে যে যা দিয়েছ আর ভবিষ্যতে দিও না চাষীদের স্বার্থে এই অর্ডার দেওয়া হবে কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমি আগেই বলেছি যে নিয়ম অনুসারে সেই এলাকায় চাষীদের ন্যাশনাল সুগার মিলকে দিতে হবে। সুতরাং লাস্ট ক্যাবিনেট মিটিং-এ চীফ মিনিস্টার এগ্রিকালচারাল ডাইরেক্টরেটকে ইনস্ট্রাকশন দিয়েছিলেন সেই জিনিসটাই করা হচ্ছে।

শ্রীসনৎকুমার রাহা : ন্যাশনাল সুগার মিল জোন-এর কাল্টিভেটর্সরা কাকে সুগারকেন দেবে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: যাকে খুশী দেবে রামনগরকেও দিতে পারে।

শ্রীদেবশরণ ঘোষ: আপনি বলেছেন যে একটা জোন-এ ভাগ করা হয়েছিল এবং আপনি বলেছেন যে ২টা মিল রামনগর এবং ন্যাশনাল সুগার মিলকে আখ দেবার জন্য একটা আইন চালু করেছিল। এই ব্যবস্থা কতদিন আগে চালু করা হয়েছিল?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: এটা আমার জানা নেই, খোঁজ নিয়ে বলব।

শ্রীদেবশরণ ঘোষ: মন্ত্রিমহাশয় কি জানেন যে এলাকা ভাগ করার জন্য রামনগর সুগার মিলের এক মাইলের মধ্যে যে সমস্ত চাষী আখ বিক্রি করত তাদের তারা রেডি পেমেন্ট করত। কিন্তু এই ব্যবস্থা চালু করার জন্য চাষীদের বাধ্য করা হয়েছে ন্যাশনাল সুগার মিলকে আখ দিতে। ন্যাশনাল সুগার মিল গত বছরের টাকা দেন নি, অথচ আপনার রিপোর্ট-এ আছে যে দেওয়া হয়েছে এটা ঠিক নয়। সেজন্য আমি জানতে চাই যে ন্যাশনাল সুগার মিলকে আখ দিতে চাষীদের বাধ্য করা হল, অথচ গত বছরের টাকা এবং এ বছরের টাকা তাদের এখনও দেওয়া হয় নি এই টাকা আদায় করার ব্যাপারে কোন নোটিশ কি মালিক পক্ষকে দিয়েছেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: সরকারপক্ষ কি কোন প্রাইভেট কোম্পানীকে নোটিশ দিতে পারে সেটা দিতে পারে কোর্ট। সরকার পক্ষ থেকে বলতে পারি যে এটাকে আমরা ন্যাশনালাইজ করব বা টেক ওভার করব। আমরা কি করে এ বিষয়ে একটা কোম্পানীকে নোটিশ দেব?

শ্রীদেবশরণ ঘোষ: এই মিলকে চাষীদের আখ বিক্রি করতে বাধ্য করেছিলেন কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এই জোন করেছিল। এটা না করলে মিল চলবে কি করে? একটা সুগার মিল যদি চালাতে হয় তার র-মেটিরিয়াল হচ্ছে কেন, সেই কেন যদি সাপ্লাই করার বন্দোবস্ত না করা হয় তাহলে কি করে হবে? গভর্নমেন্ট অফ ইন্ডিয়া যেভাবে ইউ পি এবং বিহারে করেছিল এখানেও সেই ভাবে করলেন। কিন্তু যখন করে দেখা গেল যে, কিছু হচ্ছে না, তখন সেটা কিছুটা রিলাক্স করা হয়েছে।

শ্রীদেবশরণ ঘোষ: আপনি জানেন রামনগর সুগার মিল ৩।৪ মাস চলে, রামনগর সুগার মিলের পার্শ্ববর্তী এলাকায় যে সমস্ত আখ তৈয়ারী হয় সেই আখ দিয়ে রামনগর সুগার মিল ২-৩ মাসের বেশী চলে না। সেই মিলের ক্ষতি করে ন্যাসানাল সুগার মিলের স্বার্থে সরকার এমন একটা আইন করলেন তাতে ঐ মিল বন্ধ হয় এবং শ্রমিকদের ক্ষতি হল, এটা কি ধরনের আইন বলবেন কি?

[নো রিপ্লাই।]

শ্রীঅবনীকুমার বসু: আপনি কি জানাবেন যে রামনগর সুগার মিল এবং ন্যাশনাল সুগার মিলের মধ্যে কোন বিজনেস কম্পিটিসান আছে কিনা?

[নো রিপ্লাই।]

শ্রীননী ভট্টাচার্য: আপনি একটু আগে ন্যাসনাল সুগার মিলের চালু অবস্থার কথা বললেন এবং প্রোডাকসান নিয়ে এখানে একটা প্রশ্ন করা হয়েছিল

what are the production rates per day of the said Mill

তার উত্তরে বললেন যে, ইনস্টল কেপাসিটি ৬০০-৮০০ টন কেন ক্র্যাসিং হয়। কিন্তু আসল প্রশ্ন হচ্ছে যে, গড়ে উৎপাদন ঐ মিলে কত করে হচ্ছে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমি তার ইনস্টল ক্যাপাসিটি বলে দিয়েছি। বাকিটা নির্ভর করছে, কত সে কেন পাবে তার উপর। কেন যদি সে পায় তবে সে প্রোডাকশন করতে পারবে। না পেলে প্রোডাকশন হবে না। ১৯৬৩-৬৪ সালে প্রোডাকশন ফর দি সিজিন, ১৫ হাজার মণ প্রোডাকশন হয়েছে এ্যাপ্রক্সিমেটলি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ন্যাসনাল সুগার মিলের যে প্রোডাকশান হয়েছে সে চিনি কোথায় যাচ্ছে? এবং আপনার এই খবর আছে কিনা যে, ন্যাসনাল সুগার মিল লিকিউডিসানের জন্য প্রেয়ার করেছে?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: না।

শ্রীরাধাকৃষ্ণ সিনহা: আপনি কি জানেন যে, একটা গেজেট হয়েছে যে

two-third of the production of the cane will be given to the factories

এবং সেটা একটা আইন করেছেন যে দিতে হবে। কিন্তু তাতে বলা নেই, যে কেন দেবে এবং সে টাকা দেবে কিনা, কখন দেবে সেই চুক্তি পত্রে কোন প্রোফরমা তৈয়ারী হয় নি। কিন্তু এতে চাষী বিচলিত হচ্ছে এ সংবাদ জানেন কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: জানি না।

শ্রীরাধাকৃষ্ণ সিনহা: আপনি জানেন গেজেট হয়েছে কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: জানি না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: তাহলে গভর্নমেন্ট সে মিলটা টেক ওভার করছেন না কেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে লিখেছি টু টেক ইট ওভার।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আপনি কি জানে যে ১৯৬০-৬১-৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে এইভাবে প্রোডাকশান কম হবার কারণ কি?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: পর পর তিন বৎসর প্রোডাকশান কম হয়েছে তা ঠিক নয়। আমরা সমস্ত ব্যাপারটার জন্য এক্সপার্ট কমিটি অ্যাপয়েন্ট করেছিলাম এবং তাদের রিপোর্ট আমরা পেয়েছি।

[12-40—12-50 p.m.]

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি পূর্বে একটি অতিরিক্ত প্রশ্ন রেখেছিলাম তার সোজা উত্তর তিনি 'না' বলেছেন। তিনি কি কেন্দ্রীয় সরকারের এই আইন যা আমি হয়েছে বলেছি সেটাতে না বলেছেন, না চাষী নিজের কল ছাড়া আখ মাড়াই করতে পারবে না সেটাতে না বলেছেন, না চাষীর আখ পয়সা না পেলেও ন্যাশনাল সুগার মিলকে দিতে হবে এইটার উত্তরে না বলেছেন এটা আমি একটু জানতে চাই।

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: কতগুলো না বলেছি আর কতগুলো হ্যাঁ বলেছি তা বলতে পারি না। আমি এই কথা বলেছিলাম সরকার বিভিন্ন জায়গায় বিক্রি করবার জন্য যে আইন করেছিলেন সেটা রিল্যাক্স করবার জন্য বলেছিল।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: এটা জানেন বলে না বলছেন, না জানেন না বলে না বলছেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: জানি না বলেই না বলেছি।

Closure of factories and employments during the disturbances

***80.** (Admitted question No *675) **Shri Monoranjan Roy :** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state

(a) whether any factories and industrial establishmnts have been destroyed or closed down in Calcutta as a result of the recent communal disturbances,

(b) if the answer to (a) be in the affirmative will the Hon'ble Minister be pleased to state—

(i) the number of such factories and establishment

(ii) the number of workers thrown out of employment because of that.

(iii) what steps if any, have been taken or are proposed to be taken to provide employment for these unemployed workes.

(iv) whether unemployment relief has been given to the unemployed workers; and

(v) if so the quantum of relief given to each worker?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) Yes.

(b)(i) 4 destroyed and 5 seriously damaged;

(ii) 1,152 workers affected;

(iii) With the starting of the factory these employees will be employed.

(iv) No.

(v) Does not arise.

ডাঃ এ এ এম ওবায়েদুল গনি: মন্ত্রিমহাশয় কি এই ফ্যাক্টরিগুলির নাম বলবেন, নাম ও ঠিকানা?

দি অনারেবল বিজয় সিং নাহার: যেগুলি একেবারে ডেস্ট্রয়েড হয়ে গিয়েছে, ৪টি আমার কাছে খবর আছে।

Completely destroyed:

(1) New India Rubber Works Private Ltd., 34/A Chingrighatta Road, Calcutta-15;

(2) Fatehdin & Sons, 4/1, Kulia Tangra 2nd Lane, Calcutta-15;

(3) Babu Rubber Works, 36 Debendra Chandra Road, Calcutta-15;

(4) Asiatic Timber and Plywood House, 31 Debendra Chandra Dey Road, Calcutta-15.

Seriously damaged:

(1) Punjab Rubber Works, 36 Debendra Chandra Road, Calcutta-15;
(2) The Behar Rubber Industrial Company, 14 1 and 17 Bibi Bagan Lane, Calcutta-15;
(3) The India Rubber Goods Mfg. Co., 30/H/2 and 3 Canal East Road, Calcutta-11;
(4) The South India Rubber Works, 11 New Tangra Road, Calcutta-14;
(5) New Bharat Industries (P) Ltd., 17 Paymental Garden Lane, Calcutta-15

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়েদুল গনি: স্মিথ লেনে কোন ফ্যাক্টরি ছিল কি, সেটা ড্যামেজ হয়েছে কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমার কাছে তার কোন খবর নেই। আপনার কোশ্চেন হচ্ছে রেজিস্টার্ড ফ্যাক্টরি অ্যাক্টে যেগুলি, তাতে এগুলি আসে না।

শ্রীসনৎকুমার রাহা: আচ্ছা, এই যে কয়েকটি কমপ্লিটলি ডেস্ট্রয়েড এবং কয়েকটি আংশিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এর সমুদয় সম্পত্তির মোট মূল্যায়ণ ঠিক করা হয়েছে কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: না, আমাদের কাছে নেই তা।

শ্রীসনৎকুমার রাহা: এই ইন্ডাস্ট্রিয়াল অ্যাক্টের কনসার্ন বাদ দিয়ে সাধারণতঃ সপ এস্টাবলিশমেন্টের কোন সংখ্যা আছে কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: সপ-এর ত' নয়, এটা ফ্যাক্টরির উপর কোশ্চেন ছিল তার উপর বলছি।

Shri Birendra Narayan Roy:

এই যে কমপ্লিটলি ডেস্ট্রয়েড বললেন, এগুলির মালিক কোন সম্প্রদায়ভুক্ত?

The Hon'ble Bijoy Singh Nahar:

কোন সম্প্রদায়ভুক্ত বলতে পারি না।

Shri Birendra Narayan Roy:

নাম জিজ্ঞাসা করলে বলতে পারবেন?

(no reply)

Shri Gopal Basu:

যারা থ্রোন আউট হয়েছে তাদের কাজ দেওয়া হয়েছে কি?

The Hon'ble Bijoy Singh Nahar:

এখনো সকলের হয় নি, কিছু কিছু হয়েছে কোন কোন কারখানায়, তবে আমরা এখনো তার হিসাব পাই নি।

Shri Gopal Basu:

কোন রিলিফ দেওয়া হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

রিলিফ ডিপার্টমেন্ট-এর মন্ত্রীকে জিজ্ঞাসা করবেন, আমার ডিপার্টমেন্ট থেকে রিলিফ দেওয়া হয় না।

Shri Gopal Basu:

কোন সাবসিডি দেওয়া হয়েছে?

The Hon'ble Bijoy Singh Nahar:

লেবার অ্যাডভাইসরি বোর্ড-এর মিটিং ডাকা হয়েছে, কি রিলিফ দেওয়া হবে না হবে সেখানে ডিটেলস ঠিক হবে।

Shri Gopal Basu:

আমার নির্দিষ্ট প্রশ্ন হচ্ছে,
whether unemployment relief has been given to the unemployed workers.
আমি স্পেসিফিক রিপ্লাই চাচ্ছি।

The Hon'ble Bijoy Singh Nahar:

এখনো দেওয়া হয় নি।

Shri Nepal Chandra Roy:

এই যে বিভিন্ন কারখানা পুড়েছে এর মধ্যে কত জন মালিক ইন্ডিয়ান সিটিজেন আর কত জন পাকিস্তানী সিটিজেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

সেই হিসাব আমার কাছে নাই।

Shri Nepal Chandra Roy:

আপনার লিস্ট-এ কোহিনুর রবার ওয়ার্কস-এর নাম শুনতে পেলাম।

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি আবার নামগুলি বলে দিচ্ছি—
New India Rubber Works, Fatehdin & Sons, Babu Rubber Works, Asiatic Timber and Plywood House.

Shri Nepal Chandra Roy:

এই সমস্ত কমপ্লিটলি ডেস্ট্রয়েড রবার ওয়ার্কস এরা ফায়ার ব্রিগেড-এর লোকের সংগে যোগাযোগ করে যেখানে ৫ হাজার টাকার ক্ষতি হয়েছে সেখানে ২৫ হাজার টাকার ক্ষতি হয়েছে বলে দেখাচ্ছে এই কথা ঠিক কি না?

The Hon'ble Bijoy Singh Nahar:

ক্ষতি সম্বন্ধে লেবার ডাইরেক্টরেট থেকে সংবাদ নেবার কোন ব্যবস্থা নাই।

Shri Birendra Narayan Roy:

New India, Babu Rubber Works

এদের মালিকরা যে পাকিস্তানী ন্যাশনাল মন্ত্রিমহাশয় জানেন কি না?

The Hon'ble Bijoy Singh Nahar:

আমি নামগুলি বলে দিচ্ছি—

(a) New India Rubber Works Private Ltd., 34/A Chingrighata Road, Calcutta-15: Directors: (1) Mohd Hossain, 150 Lower Chitpur Road; (2) Mohd. Rafi, 4 Kanai Seal Street; (3) Mohd. Safi, 4 Kanai Seal Street; (b) Fatehdin & Sons, 4/1 Kulia Tangra 2nd Lane, Calcutta-15. Directors: (1) Mohd Rafique, (2) Mohanlal Khan, (3) S. N. Khanna, (4) Wazirchand Chopra, (5) Kasturilal Kapur. Babu Rubber Works—Zafar Ahmad and another. Asiatic Timber and Plywood House—D. D Chopra & Co. (Private) Ltd. Ltd. Managing Director—D D. Chopra.

[12-50—1 p.m.]

শ্রীগোপাল ব্যানার্জি: এই যে কারখানাগুলি চালু করার চেষ্টা হচ্ছে এটা কি সরকারের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে করা হচ্ছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমি সেটা বলতে পারি না। আমি শুনেছি তারা লোন-এর ব্যবস্থা করেছে এবং সরকার পক্ষ সেটা পরীক্ষা করে ব্যবস্থা করবেন।

শ্রীনেপালচন্দ্র রায়: মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্রত্যেক কারখানাকে সরকার পক্ষ থেকে কত টাকা করে সাহায্য করা হবে?

দি অনারেবল বিজয় সিং নাহার: লেবার ডিপার্টমেন্ট থেকে কোন সাহায্য করা হবে না এবং তাদের লোন দেওয়া বা অন্যান্য ব্যবস্থা সম্বন্ধেও আমার কিছু জানা নেই। সংশ্লিষ্ট বিভাগকে প্রশ্ন করলে জানতে পারবেন।

শ্রীগোপাল বসু: আপনি বলেছেন যারা চলে গেছে তাদের সকলকে কাজ দেওয়া হবে।

দি অনারেবল বিজয় সিং নাহার: আমি তা বলিনি আমি বলেছি কারখানা আরম্ভ হলে তারা কাজ পাবে। কবে আরম্ভ হবে বা কখন আরম্ভ হবে আমি তা বলি নি।

শ্রীগোপাল বসু: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ডিস্টারবেন্স-এর দরুন বিভিন্ন জায়গায় যে সমস্ত ওয়ার্কাররা কাজে যেতে পারে নি তাদের নেওয়া হবে কি না?

দি অনারেবল বিজয় সিং নাহার: যারা যেতে পারে নি তারা এখন যেখানে কাজ চলছে সেখানে যাচ্ছে।

শ্রীগোপাল বসু: তাদের কাজে নেবে কি না সেটা জানাবেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহার: যদি না নেয় তাহলে আইনের মধ্যে পড়ে যাবে, কাজেই নিতেই হবে।

শ্রীগোপাল ব্যানার্জি : আপনি বললেন বিভাগীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করুন। কিন্তু এই সমস্যা সম্বন্ধে আপনার ডিপার্টমেন্ট-এরও বিবেচনার বিষয় আছে কারণ বহু ফ্যাক্টরি শ্রমিক বেকার হয়েছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে কো-অর্ডিনেসন করবার ব্যবস্থা করছেন কি না? আপনি বললেন কবে চালু হবে জানি না—ভগবান জানেন।

দি অনারেবল বিজয় সিং নাহার: সেই চেষ্টা করা হচ্ছে এবং তারা অনেকে লোন-এর দরখাস্ত করছেন। যে বিভাগে দেওয়া হবে তারা সেটা পরীক্ষা করছেন, তবে তার ফলাফল কি হবে আমি এখন তা বলতে পারি না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: আপনি বলেছেন যেসব ফ্যাক্টরি পুড়ে গেছে বা যেসব লোকের ক্ষতি হয়েছে তাদের ক্ষতিপূরণ দেবেন।

দি অনারেবল বিজয় সিং নাহার: আমি তা বলিনি।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: তা যদি না বলেন তাহলে এঁরা পাকিস্তানী কি না এবং সেটা আপনি জানেন কি না? যদি তদন্ত করে জানা যায় এঁরা পাকিস্তানী তাহলে......

মিঃ স্পীকার: "যদি" দিয়ে কোশ্চেন হয় না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: এঁরা পাকিস্তানী কি না সেটা জানতে চাওয়ার কারণ হচ্ছে আমাদের সরকারের নীতি কি সেটা জানতে চাই। যে সমস্ত উদ্বাস্তুরা এখানে এসেছে তাদের অবস্থা কি হবে বা যে সমস্ত উদ্বাস্তুদের পাকিস্তানে ব্যবসা ছিল তাদের ক্ষতিপূরণ দেবেন কি না বা এখানে ব্যবসা করে দেবেন কি না?

মিঃ স্পীকার: তাদের কি উপায় হবে সেটা জানতে চাচ্ছেন কি? পাকিস্তানী যদি না হয় এরকম সাপ্লিমেণ্টারী হয় না।
Please put a definite question.

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: পাকিস্তানী কি না সেটা যদি জানতে পারেন তাহলে তাদের টাকাকড়ি দেবেন কি না সেটা বলুন?

দি অনারেবল বিজয় সিং নাহার: যদি দিয়ে প্রশ্ন হোলে তার উত্তর দিতে পারব না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী : পাকিস্তানী ন্যাশনাল বা পাকিস্তানী ন্যাশনাল নয় এটা জানার প্রয়োজনীয়তা যে আছে সেটা আপনি বোঝেন কি না?

দি অনারেবল বিজয় সিং নাহার: যে প্রশ্ন হচ্ছে তাতে কিছু করার আবশ্যকতা আছে বলে মনে করি না।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি: মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সমস্ত ফ্যাক্টার-গুলো ডামেজ্‌ড বা ডেস্ট্রয়েড হয়েছে সেগুলো সবই কি ইনসিওর্ড?

দি অনারেবল বিজয় সিং নাহার: সে খবর আমার জানা নেই।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি: **ইনসিওর্ড হলে যেগুলো রায়ট-এ্যাফেক্টেড হয়েছে সেগুলো কি কভার করবে?**

দি অনারেবল বিজয় সিং নাহারঃ নোটিশ দিলে বলতে পারব।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণিঃ ইনসারেন্স থাকলে দি ইনসারেন্স কোম্পানী উইল লুক আফটার দেম। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে আপনারা ওয়ার্কার্সদের জন্য কিছু করবেন কি না?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ ফ্যাক্টরী যদি চালু করা হয় তাহলে প্রত্যেক ওয়ার্কারকে নিতে হবে। একটা অস্বাভাবিক অবস্থা রয়েছে বলেই আমাদের লেবার এডভাইসারি বোর্ডের যে মিটিং ডাকা হয়েছে সেখানে এই সমস্যা নিয়ে আমরা আলোচনা করব। শুধু এখানকার ব্যাপার নয়, সমস্ত জায়গায় যারা যারা এ এ্যাফেক্টেড হয়েছে সেই সমস্ত শ্রমিকদের সম্বন্ধে কিছু করা যায় কি না সেটা এই বৈঠকে আমরা দেখব।

শ্রীনরেন্দ্র নাথ সেনঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন নিউ ইণ্ডিয়া নিউ ভারত এবং বাবু এই কটি ববার ফ্যাক্টরীর মালিক কোন ন্যাশনাল জানেন না, এরা পাকিস্তান ন্যাশনাল কিনা এটা জেনে জানাবেন কি?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ নোটিশ দিলে জেনে জানাবো

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Setting up of Primary Schools in Murshidabad district

83. (Admitted question No. 165)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলায় কতগুলি নূতন প্রাথমিক অবৈতনিক স্কুল স্থাপনের পরিকল্পনা আছে এবং

(খ) উক্ত স্কুলগুলি কোন্ কোন্ থানায় হইবে?

The Mnister for Education :

(ক) ও (খ) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম ভাগেই মুর্শিদাবাদ জেলায় দুই দফায় ১২৭টি (৮০+৪৭) নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হইয়াছে। সম্প্রতি মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড হইতে নূতন কয়েকটি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপন করিবার একটি প্রস্তাব পাওয়া গিয়াছে। তাহা পরীক্ষাধীন আছে।

Construction of a Third Principal Road at Berhampore

84. (Admitted question No. 119)

শ্রীসনৎকুমার রাহা: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর শহরে একটি তৃতীয় প্রধান রাস্তা (সড়ক) নির্মাণের কোন প্রস্তাব সরকারের আছে কিনা?

The Minister for Local Self-Government and Panchayats:

না।

C.I. Sheets and Cement for the Schools of Ausgram police-station, Burdwan

85. (Admitted question No. 79)

শ্রীমনোরঞ্জন বক্সী: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম থানার ভারপ্রাপ্ত সাব-ইন্সপেক্টর অফ ফুড অ্যান্ড সাপ্লাই-এর নিকট গত ১৯৬৩ সালের ১লা জানুয়ারি হইতে ১৯৬৪ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত কোন্ কোন্ স্থানের প্রাইমারী ও জুনিয়র হাই এবং হাই স্কুলের জন্য করগেটেড সীটের ও সিমেন্টের আবেদনপত্র তদন্তের জন্য বর্ধমান সদর মহকুমা নিয়ামক খাদ্য ও সরবরাহ বিভাগ কর্তৃক প্রেরিত হইয়াছিল,

(খ) উক্ত আবেদনপত্রগুলি তদন্তের জন্য কোন্ কোন্ স্থানে এবং কোন্ কোন্ তারিখে উক্ত সময়ের মধ্যে আউশগ্রাম থানার ভারপ্রাপ্ত সাব-ইন্সপেক্টর, ফুড অ্যান্ড সাপ্লাই, স্থানীয় তদন্তে গিয়াছিলেন,

(গ) গত ১৯৬৩ সালের ১লা অক্টোবর হইতে এ পর্যন্ত করগেট সীট এবং সিমেন্টের কত-গুলি আবেদনপত্র বর্ধমান সদর মহকুমা নিয়ামক খাদ্য ও সরবরাহ বিভাগ কর্তৃক তদন্তের জন্য আউশগ্রাম থানার ভারপ্রাপ্ত সাব-ইন্সপেক্টর অফ ফুড অ্যান্ড সাপ্লাই-এর নিকট প্রেরিত হইয়াছে, এবং

(ঘ) তন্মধ্যে কতগুলি আবেদনের স্থানীয় তদন্ত হইয়াছে এবং এখনও কতগুলি আবেদন-পত্রের স্থানীয় তদন্ত হয় নাই?

The Minister for Food and Supplies :

(ক) ও (খ) একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) করগেট সিট ৩৩ (৩১এ জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত)।
সিমেন্ট ১২০ (৩১এ জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত)।

(ঘ) স্থানীয় তদন্ত হইয়াছে (৩১-১-৬৪ পর্যন্ত)
স্থানীয় তদন্ত হয় নাই (৩১-১-৬৪ পর্যন্ত)

করগেট সিট	১	৩২
সিমেন্ট	৩১	৮৯

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred questions No. 85

	Name and address of applicant School	Date of enquiry	Place of enquiry
	C. I. Sheet		
1.	Parisa F. P. School, Parisa ..	5-8-63	Parisa.
2	Baburbandh F. P. School, Vill Baburbandh P.O. Kurumba	Pending.	
	Cement		
1.	Kebti Junior H School, P.O. Digha	14-1-63	Kebti
2.	Kebti Junior H. School, P.O. Digha	9-5-63	Kebti

	Name and address of applicant School.	Date of enquiry.	Place of enquiry.
3.	Bhedia F P.School, P.O. Bhedia	30-7-63	Bedia.
4.	Debshala F.P.School, P.O. Debshala	18-3-63	Debshala.
5.	Billagram H School, Vill Billagram, P O. Barabelgona	10-5-63	Billagram.
6.	Dibakar Junior H. School, P O Aderia	Permit has been issued pending enquiry as per order of the S.D O., Sadar, Burdwan	
7.	Majhergram Junior Basic School, Vill. Majhergram, P O. Gonna Darapur.	2-4-63	Mejhergram.
8.	Bannabagram Senior Basic School, P O. Bannabagram	20-4-63	Bannabagram.
9.	Parisa F.P School, P O. Parisa	4-7-63	Parisa.
10.	Itachanda Basic School, Vill Itachanda P O Gushkara	Pending	
11	Gushkara P P Institution, P O Gushkara ..	22-8-63	Gushkara
12.	Baburband F P.School, Vill.Baburbandh,P O.Kurumba	Pending.	
13	Gushkara P.P.Institution, P O Gushkara	22-8 63	Gushkara.
14.	Santla F.P. School, Vill Santla, P O. Bhedia ..	12-9-63	Santla.
15.	Gushkara Boys' F P School, Gushkara	August, 1963	Gushkara.
16.	Gushkara Balika Vidyalaya, P.O. Gushkara ..	5-9-63	Gushkara.
17.	Batagram F.P School,Vill Batagram,P O.Goligram ..	5-12-63	Batagram.
18.	Jamtara Junior Basic School,Jamtara, P O.Amarargarh	27-8-63	At office.
19.	Gushkara P.P Institution, P O Gushkara	22-9-63	At office.
20.	Jamtara Senior Basic School, Suata Farm, P.O. Amararagarh	17-9-63	At office.
21.	Hindi W E F School, Gushkara ..	Pending	
22.	Debshala F.P.School, P O Debshala .. .	Pending.	
23.	Bhedia H.Secondary School, P O. Bhedia	1-1-64	Bhedia.
24.	Bhada Brojapur Imp. P. School	Pending.	
25.	Somaipur Unnata P.School, Vill. Somaipur, Gushkara	Pending.	
26.	Jamtara Junior B. School, Vill. Jamtara, P.O. Amarargarh.	9-12-63	At office.

Wooden Bridge over Baitalchawk Khal in Midnapore district

86. (Admitted question No. 197).

শ্রীজনগমোহন দাস: সমষ্টি উন্নয়ন ও সম্প্রসারণ কৃত্যক বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার ময়না ব্লক হইতে বৈতালচকের খালের একটি কাঠের পুল প্রস্তুত হইয়াছে;

(খ) হইয়া থাকিলে উহার মোট এস্টিমেট কত এবং কোন্ তারিখে প্রস্তুত হইয়াছে; এবং

(গ) বর্তমানে উহা ব্যবহারযোগ্য আছে কিনা?

The Minister for Community Development and Extension Service :

(ক) হ্যাঁ।

(খ) পুলটি নির্মাণ করিতে মোট ১,৩৪৬ টাকা ২৬ নয়া পয়সা ব্যয় হইয়াছে; নির্মাণকার্য গত ২৭-৩-৬৩ তারিখে সম্পূর্ণ হইয়াছে।

(গ) হ্যাঁ; তবে পুলটিতে যে মাটির কাজ হইয়াছিল তাহা গত বর্ষায় ধুইয়া যাওয়ায় লোক চলাচলে বর্তমানে কিছু অসুবিধা হইতেছে।

Sinking of Deep Tubewell programme in Murshidabad district

87. (Admitted question No 127)

শ্রীসনৎকুমার রাহা: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৩-৬৪ সালে সেচের জন্য কতগুলি গভীর নলকূপ খনন করার প্রস্তাব ছিল, কতগুলি হইয়াছে এবং কতগুলির খনন সফল হয় নাই;

(খ) গভীর নলকূপ মারফৎ এই জেলায় কত জমিতে সেচ দিবার ব্যবস্থা ১৯৬৪-৬৫ সালে হইয়াছে এবং এই জন্য কতগুলি গভীর নলকূপ বরাদ্দ হইয়াছে; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার যেসকল স্থানে গভীর নলকূপ চালু হইয়াছে সেই সেই স্থানের নাম কি?

The Minister of State for Agriculture :

(ক) ২৭টি গভীর নলকূপ বসানর প্রস্তাব ছিল। মোট ৩৭টি খননের মধ্যে ২৭টি সফল হইয়াছে এবং ১০টি সফল হয় নাই।

(খ) প্রতিটি নলকূপ প্রায় ২০০ একর জমিতে জল দিতে সক্ষম। আগামী দুই বছরে আরও ১০০টি গভীর নলকূপ বসানর প্রস্তাব আছে।

(গ) যেসকল স্থানে গভীর নলকূপ চালু হইয়াছে তাহার একটি তালিকা এই সংগে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Ga) of the unstarred question No. 87.

Serial No.	Tube-well No.	P.S.	Mouza.	
1.	EX 14 / MD 1	Jaiganj	Chandipur	Exploratory.
2.	EX 15 / MD 2	Beldanga	Takipur	Do.
3.	EX 16 / MD 3	Noada	Edrakpur	Do.
4.	EX 17 / MD 4	Damkol	Damkol	Do.
5.	EX 46 / MD 5	Nabagram	Ayra	Do.
6.	EX 47 / MD 6	Raghunath-ganj.	Madhupur	Do.

The Circle Committes of Land distribution

88. (Admitted questiob No. 86).

[illegible] **রাহা :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গের ভূমিবণ্টন বিষয়ে যেসকল সার্কেল কমিটি গঠিত হইয়াছে তাহার সবগুলি নিয়মিত চালু নাই;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ সার্কেল কমিটিগুলির কত অংশ নিয়মিত কাজ করিতেছে, এবং

(২) যাহাতে প্রতি সার্কেলে কমিটি নির্দিষ্ট কাজ কঅিতে পারে তাহার জন্য সরকারী কি কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue ;

(ক) দার্জিলিঙ জেলা ছাড়া রাজ্যের অন্যান্য জেলায় গঠিত সকল কামাটিগুলিই নিয়মিত করিতেছে। দার্জিলিঙ কমিটির চেয়ারম্যান বি ডি ও নিজ কার্যের চাপ হেতু এদিকে নজর দিতে পারেন নাই।

(খ) (১) (ক) প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

(২) এই সম্পর্কে যথাযথ নির্দেশ দেওয়া হইয়াছে।

Special Pay and D.A. of the Special Land Acquisition Department

89. (Admitted question No. 134). **Shri Sanat Kumar Raha :** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether it is a fact that Officers of the Sepcial Land Acqution Department get Special Pay and D.A ;

(b) if so, whether the benefit is also intended to other unemployed of this Department; and

(c) the reasons for introducing such Special Pay and D.A.

The Minister for Land and Land Revenue :

(a) Yes.

(b) No.

(c) Special Pay is granted to the Land Acquisition Officers in consideration of the importance and arduousness of the work they have to perform, and Special rates of D.A. are allowed to them in view of the arduous tours they have to undertake.

The Development of Pisciculture in Lalgola police-station, etc.

90. (Admitted question No 213).

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরে মুর্শিদাবাদ জেলায় মৎস্য চাষের উন্নতির জন্য (১) লালগোলা, (২) নবগ্রাম এবং (৩) মুর্শিদাবাদ থানার কোন্ কোন্ স্থানে কি কি কার্য করা হইয়াছে: এবং

(খ) উক্ত থানাসমূহে উক্ত সময়ে যেসকল কার্য করা হইয়াছে তাহার কোনটিতে কত খরচ হইয়াছে?

The Minister for Fisheries :

(ক) ১৯৫৮-৫৯ সাল হইতে ১৯৬২-৬৩ সাল পর্যন্ত লালগোলা, নবগ্রাম ও মুর্শিদাবাদ থানায় যেসকল কার্য হইয়াছে তাহার একটি বিবরণী এতদ্সহ দেওয়া হইল।

(খ) উপরি-উক্ত বিবরণীতে প্রয়োজনীয় তথ্য দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to Clause (ka) of unstarred question No.90.

Name of the scheme.	Progress made under the scheme during 1958-59 to 1962-63 in police stations Lalgola, Lalbag and Nabagram.		
	Lalgola.	Lalbag (Murshidabad).	Nabagram.
1. Medium term loans scheme for fish production in semi-derelict tanks of West Bengal	An amount of Rs. 1,160 was granted to the intending pisciculturists for development and pisciculture in about 6 bighas.	An amount of Rs 6,000 was granted for development and pisciculture in 24 bighas of semi-derelict water areas.	An amount of Rs. 5,200 was granted for development and pisciculture in about 20 bighas of semi derelict water areas.
2. Short term loan scheme for augmenting fish production in culturable tanks.	An amount of Rs 200 was granted to intending pisciculturist for pisciculture in about 4 bighas of culturable water area.	An amount of Rs 800 was granted for pisciculture in 14 bighas of culturable tanks	An amount of Rs 2,920 was granted for uncertaking pisciculture in about 47 bighas of culturable water areas.
3. Scheme for assisting the needy fishermen and their co-operatives by granting loans for augmentig fish supply.	An amount of Rs 760 was granted to individual fishermen and their co-operatives for purchase of fishing implements like boats, yarn, etc. for catching fish	An amount of Rs 4,100 was granted to fishermen and their co-operatives for this purpose	An amount of Rs. 3,400 was granted to fishermen and their co-operatives for this purpose.
4. Scheme for intensifying the production of carp fry by granting bonus to the culturists.	. .	An amount of Rs 426 was granted as bonus to the intending fish farmers for production of 2,13,000 carp fry and fingerlings.	An amount of Rs. 1,084 was granted as bonus for production of 4,67,000 carpfry and fingerlings.
5. Popularising the use of fish pond manure for increasing the production of pond fisheries.		. . .	As amount of Rs. 2,949 was granted to interested fishermen for preparation of 1,233 maunds of fish pond manure.
6 Demonstration fish farm on private parties' tanks in every thana of the State	. .	. . . .	Two Demonstration Fish Farms have been set up in this P.S. An amount of Rs. 1,350 was granted as subsidy to the tank owners.
7. Service parties to render certain service facilities to fish farmers ancillary to increase fish production.	A service party unit consisting of 4 fishermen attendants was sen up in the district of Murshidabad in 1961-62 for rendering service facilities, i.e. control of vegetations, technical way of catching fish, transfer of fingerlings, etc. to fish farmers. 95 requisitions were attended to by this unit during 1961-62 and 1962-63. The police-stations of Lalgola, Lalbagh and Nabagram were covered by this unit. An amount of Rs. 5,888 was spent for this unit in 1961-62 and 1962-63		
8. Distribution of fry and fingerlings of *Cyprinus Carpio* free of cost	An allotment of Rs. 400 was made for free distribution of about 8,850 fry and fingerlings of *Cyprinus Carpi* to the pisiculturist in the district of Murshidabad (including the Lalgola, Lalbag and Nabagram Police-stations during 1962-63. The scheme was taken up in 1962-63.		

Tubewells in police-station Mayna of Midnapore district

91. (Admitted question No. 299).

শ্রীজনপ্রমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার ১, ২, ৩ এবং ৯ নং অঞ্চলের ও পূর্ব-দক্ষিণ ময়না পূর্ব অঞ্চলের অধীন অ্যামগঞ্জ গ্রামের কোন্ কোন্ স্থানে কয়টি নলকূপ আছে এবং তাহাদের কোন্ কোন্টি চালু আছে;

(খ) অকেজো নলকূপগুলি মেরামত করার কি ব্যবস্থা হইয়াছে, এবং

(গ) ঐসব অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য কি ব্যবস্থা সরকার করিয়াছেন?

The Minister for Health:

(ক) এতদ্সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) ও (গ) ১৯৬৩-৬৪ সালের কার্যসূচিতে সমগ্র মেদিনীপুর জেলার জন্য ২১৬টি নলকূপের পুনর্খনন এবং ১৪৪টি নূতন নলকূপ খনন অনুমোদিত হইয়াছে। কিন্তু থানা প্রতি এবং গ্রাম প্রতি কয়টি করিয়া নলকূপ বণ্টন করা হইবে তাহার রিপোর্ট এখনও জেলা শাসকের নিকট হইতে পাওয়া যায় নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 91

বিবরণী

List of existing tube-wells in Anchal Nos. 1,2,3 and 9 of Mayna police station, district Midnapore

Place		Working condition.	Choked up.	Remarks.
	Anchal No. 1.			
1	Garh Mayana	3		
2.	Garsafat	5	.	
3	Dakshin Anukha	1	..	
4.	Bhandarchak	1	.	
5.	Anandapur	5	.	
6.	Purba Dobandi	3		
7.	Patna	1		
8	Dakshin Harkuti	3		
9.	Dakshin Mayana	4	.	
10.	Purba Dakshin Mayana	6		No village named Amgunge in the Mouza Purba Dakshin Mayana is known
11.	Masumchak	2		
12.	Shyamganja	1		
13.	Nonakuri	1	..	
	Anchal No. 2.			
1.	Tilkhoja	4	..	
2.	Junaberia	1	..	
3.	Banki	3	..	
4.	Uttar Anukha	1	..	
5.	Chaagra	4	..	
6.	Purba Dobandi	3	..	

	Place.	Working condition.	Choked up.	Remarks.
	Anchal No. 3.			
1.	Ramchandrapur	3	1	
2.	Uttampore .. .	2	..	
3.	Brindabanchak .	2	..	
4.	Srikantha . .	3	1	
5.	Prajabar . ..	3	.	
	Anchal No. 9.			
1	Deuli	2	.	
2.	Kishorechak .	1	..	
3.	Lalugeria . .	3	1	
4.	Shyampore ..	1	..	
5.	Kalikadari	2	..	
6.	Chiranjibpore	..	..	
7.	Ballavpore .. .	1	.	
8.	Asnam .	1	.	
9.	Narikelda . ..	4	..	
10.	Naichanpur .	2	..	
11.	Panchpukuria . ..	1	..	
12.	Ghoraberia ..	1	..	
13.	Purba Naichanpore	1	..	
14.	Manuchak .	2	..	
15.	Bhuiakhali	2	1	

Spinning machines in West Bengal

92. (Admitted question No. 302).

শ্রীমদনমোহন দাস: শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় কয়টি সূতার কল আছে এবং তাহাদের প্রত্যেকটিতে বৎসরে কত সূতা উৎপাদন করা হয়; এবং

(খ) পশ্চিম বাংলায় কাপড়ের কল ও তাঁতগুলিতে কত সূতার আবশ্যক হয় এবং উক্ত সূতা কোথা হইতে কত পরিমাণে আসে?

The Minister for Commerce and Industries :

(ক) পশ্চিম বাংলায় মোট ৩৩টি সূতাকল আছে। বিভিন্ন কলে ১৯৬২ সনের উৎপাদন এতদ্‌সংলগ্ন তালিকায় বর্ণিত হইল।

(খ) পশ্চিম বাংলায় মোট ২০টি কাপড় তৈয়ারির কম্পোজিট মিলে ১৯৬২ সনে ২,৬৬,৯৯,২৮৬ কে জি সূতার প্রয়োজন হয়। হস্তচালিত তাঁতে উক্ত সময়ে আনুমানিক ১৭১ লক্ষ কে জি সূতার প্রয়োজন হয়। ইহা ব্যতীত বিদ্যুৎচালিত তাঁতের জন্য ১০৫ লক্ষ কে জি সূতার দরকার হয়। প্রয়োজনীয় সূতা সাধারণতঃ দক্ষিণ ভারতের কলগুলি হইতে আসে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 92.

পশ্চিম বাংলার সূতাকলের তালিকা

ক্রমিক নং	সূতাকলের নাম (কম্পোজিট মিলস্‌)		১৯৬২ সনের উৎপাদনের পরিমাণ (কেঃ জিঃ)
১।	আরতি কটন মিলস্‌	..	৫,৫৭,৬৮৯
২।	বঙ্গশ্রী কটন মিলস্‌	...	৬,২৬,৩৬৮
৩।	বঙ্গেশ্বর কটন মিলস্‌	..	১০,১৩,৩৯৪
৪।	বঙ্গোদয় কটন মিলস্‌	.	৪,২৫,৮৯৯
৫।	বাসন্তী কটন মিলস্‌	...	৯,৪৯,৮১৮
৬।	বেঙ্গল ফাইন কটন মিলস্‌	.	১৬,৯৭,১২৩
৭।	বঙ্গলক্ষ্মী কটন মিলস্‌	.	২০,০৫,৬০৮
৮।	বাওরিয়া কটন মিলস্‌	..	৩১,৪৪,৩৬৯
৯।	সেন্ট্রাল কটন মিলস্‌	.	২৩,১৭,৪৪৫
১০।	ঢাকেশ্বরী কটন মিলস্‌	...	৫,৮২,৫৯৭
১১।	ডানবর কটন মিলস্‌	..	৪৪,৭২,৮০৪
১২।	ইন্ডিয়া জুট কটন মিলস্‌	...	২৩,১৭,৪৪৫
১৩।	জয়শ্রী কটন মিলস্‌	...	১১,৯২,০৩৭
১৪।	কৈলাস ট্রেডিং	...	৭,৮৪,৮০৬
১৫।	কেশোরাম কটন মিলস্‌	...	৯৪,১৮,১৮৬
১৬।	মোহিনী মিলস্‌, ২ নম্বর	..	১৮,৪২,৪৮৭
১৭।	রামপুরিয়া কটন মিলস্‌	...	১৬,৩৫,৬৪৯
১৮।	শ্রীঅন্নপূর্ণা কটন মিলস্‌	...	১৮,৮৪,৬১১
১৯।	শ্রীদুর্গা কটন মিলস্‌	...	১২,৬৮,৮৭৭
২০।	শ্রীমহালক্ষ্মী কটন মিলস্‌	...	৪,২৩,২৮১

ক্রমিক নং	সূতাকলের নাম (স্পিনিং মিলস্)		১৯৬২ সালের উৎপাদনের পরিমাণ (কে জিঃ)
২১।	অনন্তপুর	...	১০,০৩,৬৫৫
২২।	বাঁকুড়া	...	বন্ধ
২৪।	বঙ্গলক্ষ্মী	...	১,৪২,১৬০
২৩।	বেঙ্গল টেক্সটাইল	....	৫,৪১,২০৫
২৫।	ডি এন চৌধুরী	...	২৩,১০৮
২৬।	জেনারেল ইন্ডাস্ট্রিয়াল	...	১,৫৭,১৩৫
২৭।	দি কল্যাণী স্পিনিং মিলস্ লিমিটেড	...	৮,৫৮,১৬৬
২৮।	কানোরিয়া	...	৭,৮৯,৭৯৪
২৯।	লক্ষ্মীনারায়ণ	...	১৭,৪৬,৭৪৩
৩০।	রাধাকৃষ্ণ	...	বন্ধ
৩১।	সোদপুর	...	৪,০৫,৫২৪
৩২।	শ্রীহনুমান	...	৯,১৪,৯৬৭
৩৩।	ভিক্টোরিয়া		৮,৪৩,৩০০

Durgapur State Transport

93. (Admitted question No 243) **Shri Aswini Roy :** Will the Hon'ble Minister-in-charge of Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government have any scheme to extend the service of the Durgapur State Transport now operating in the Durgapur Steel Plant in the district of Burdwan to (1) Asansol, (2) Barakar (3) Burdwan Town , and

(b) if so, when the said scheme will be given effect ?

The Minister for Home (Transport) :

(a) and (b) The matter will be considered on receipt of additional buses fo the Durgapur State Transport Service, for which orders have been placed

Subsidy to farmers of Beldanga Block Nos. I and II

94. (Admitted question No 259)

শ্রীদেবনারায়ণ ঘোষ: কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা ব্লক নং ১ ও ২ এ বর্তমান বৎসরে চাষীদের সাবসিডি হিসাবে গম ও ছোলার বীজ দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ মাসের কোন্ তারিখে এবং কত পরিমাণ গম ও ছোলার বীজ দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture:

(ক) হ্যাঁ।

(খ)

	বেলডাঙ্গা ব্লক ১	বেলডাঙ্গা ব্লক ২
গম	৭৫ কুইন্টাল বিলির তারিখ ১৯-১২-৬৩	৬ কুইন্টাল বিলির তারিখ ১৬-১২-৬৩
ছোলা	৩৬·৮০ কুইন্টাল বিলির তারিখ ১২-১২-৬৩	৫৪·৫৪ কুইন্টাল বিলির তারিখ ১২-১২-৬৩

Intensive Cultivation Scheme in West Bengal during 1964-65

95. (Admitted question No. 279)

শ্রীঅশ্বিনী রায়: কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে ধান্য শস্যের উৎপাদন বৃদ্ধির জন্য পশ্চিমবঙ্গ রাজ্যের কোনও জেলায় ইন্টেনসিভ কাল্টিভেসন-এর কোন প্রকল্প সরকার গ্রহণ করিয়াছেন কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কোন্ কোন্ জেলার ব্লক ও থানা এলাকায় উক্ত প্রকল্প কবে চালু করা হইবে?

The Minister of State for Agriculture:

(ক) হ্যাঁ। ইন্টেনসিভ রাইস কাল্টিভেসন প্রোগ্রাম অর্থাৎ নিবিড় ধান্য চাষ প্রকল্প পশ্চিমবঙ্গের সাতটি জেলাতে যথা: ২৪-পরগণা, হুগলি, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর ও পশ্চিম দিনাজপুরে গ্রহণ করা হইয়াছে। ইহা ছাড়াও বর্ধমান জেলাতে প্যাকেজ প্রোগ্রাম অর্থাৎ নিবিড় চাষ প্রকল্প ইতঃপূর্বেই প্রবর্তন করা হইয়াছে।

(খ) প্রকল্পটি উপরোক্ত সাতটি জেলার সকল চাষযোগ্য অঞ্চলেই গ্রহণ করা হইয়াছে। কেবলমাত্র মাঝে মাঝে বন্যা ও অনাবৃষ্টিজনিত প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত অঞ্চলসমূহে সমভাবে কাজ করা সম্ভব হয় নাই।

Rice Mills, Dhenki and Husking machines in West Bengal

96. (Admitted question No. 167)

শ্রীসনৎকুমার রাহা: খাদ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে কোন পরিসংখ্যান সরকার রাখেন কি?

(১) পশ্চিমবঙ্গে চালকলের সংখ্যা কত,

(২) উক্ত কলগুলি বৎসরে কত টন চাউল উৎপাদন করে;

(৩) ঢেঁকি হইতে পশ্চিমবঙ্গে কত চাউল উৎপাদন হয়; এবং

(৪) হাস্কিং মেসিন এই রাজ্যে কয়টি এবং তাহাতে কত চাউল উৎপাদন হয়; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে তাহা কি?

The Minister for Food and Supplies :

(ক) ও (খ) বিষয়গুলির পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হইলঃ—

(১) ৬৯৯—৩১এ ডিসেম্বর ১৯৬১ তারিখে।

(২) গড়ে ৭,৩৭,০০০ টন।

(৩) এইরূপ পরিসংখ্যান সরকার রাখেন না। তবে আনুমানিক ১২ লক্ষ টন হইতে ১৮ লক্ষ টন পর্যন্ত।

(৪) (ক) হাস্কিং মেসিনের সংখ্যা -৬,১৫৯ (৩১-১২-৬৩ তারিখে)।

(খ) গড়ে ৪,৪৪,৬৬৬ টন।

Repairing of Bundhs of Kandi Subdivision

97. (Admitted question No 169)

শ্রীসনৎকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমার অন্তর্গত বিভিন্ন ঘের ও নদীর বাঁধ মেরামত করিবার জন্য টেন্ডার আহ্বান করা হয় কি না; এবং

(খ) এই টেন্ডার বিষয়ে কোনও দুর্নীতির অভিযোগ সরকার পাইয়াছেন কি না?

The Minister for Land and Land Revenue :

(ক) হ্যাঁ।

(খ) না।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received six notices from honourable members calling attention to the following subjects:—

(1) Police repression and assault on a medical officer in the C.I.T. area on the 13th February, 1964—notice given by Shri Birendra Narayan Ray, Shri Lakshmi Ranjan Josse, Shri Bejoy Kumar Banerjee, Shri Hrishikesh Halder, Shri Radhakrishna Singha and Shri Mono Ranjan Bakshi,

(2) Recent Calcutta riot—notice given by Shri Ananga Mohan Das,

(3) Strike at Bandel Thermal Plant, Tribeni—notice given by Shri Sambhu Charan Ghosh and Shri Bhakti Bhusan Mandal;

(4) Drastic action of Police against some refugees in Dhakuria station area—notice given by Shri Birendra Narayan Ray, Shri Lakshmi Ranjan Josse, Shri Hrishikesh Halder, Shri Mono Ranjan Baksi and Shri Bejoy Kumar Banerjee;

(5) Irrigation from Kangsabati river at Kolmi-Jole of Ghatal subdivision—notice given by Shri Mrigendra Bhattacharyya.

(6) Atrocity of Pakistan Government in Cooch Behar district—notice given by Shri Amarendra Nath Roy Prodhan and Shri Sunil Das Gupta.

I have selected the notice of Shri Birendra Narayan Ray, Shri Lakshmi Ranjan Josse, Shri Bejov Kumar Banerjee, Shri Hrishikesh Halder, Shri Radhakrishna Singha and Shri Mono Ranjan Baksi on the subject of Police repression and assault on a medical officer in the C.I.T. area on the 13th February, 1964. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: It will be made on Tuesday next.

Publication in the Ananda Bazar Patrika of 20th February, 1964, regarding Saraswati Pratima

ডাঃ মৈত্রেয়ী বসু : আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই একটু সময় দিলে কথাটি বলি। কাল আনন্দবাজার পত্রিকা কাগজে একটি খবর বেরিয়েছে যে বুধবার সন্ধ্যায় কলিকাতার একাধিক অঞ্চলে সরস্বতী প্রতিমা নিরঞ্জন শোভাযাত্রার উপর হামলা হয়। একটি ক্ষেত্রে প্রতিমাবাহী একটি ঠেলার উপর পটকা নিক্ষিপ্ত হয় ও অপর একটি ক্ষেত্রে ইট মারিয়া আনন্দবাজার পত্রিকার প্রতিমাবাহী লরীর এক ব্যক্তিকে জখম করা হয়। ঠেলাগাড়ীতে পটকা বিস্ফোরিত হইবার ফলে প্রতিমাটি ভাঙ্গিয়া যায়। আমি আনন্দবাজার পত্রিকা কাল সকালে দেখিনি, পরে যখন জানতে পারলাম সন্ধ্যার সময় সেখানে আমরা ৯ জন শান্তি কমিটির তরফ থেকে যাই, তার মধ্যে ৭ জন কংগ্রেসের প্রতি সহানুভূতিশীল লোক আর বাকী দুজন কমিউনিস্ট, ঐ সাত জনের মধ্যে দুজন মুসলমান আর বাদবাকী সবাই হিন্দু সেখানে গিয়ে ভাল করে অনুসন্ধান করে দেখলাম খবর সম্পূর্ণ সত্য নয়, আনন্দবাজারে লিখেছে পটকা পড়েছিল দেবী মূর্তির উপর কিন্তু পটকা দেবী মূর্তির উপর পড়েনি, ঠেলা গাড়ী করে দেবী মূর্তি নিয়ে যাচ্ছিল অর্বাচীন ছোট ছোট ছেলেরা, একটি পটকা পেভমেণ্টের উপর পড়ে, ফলে যা হয়, যারা ঠেলাগাড়ী নিয়ে যাচ্ছিল তারা সব ফেলে দৌড়ে যায়, ফলে প্রতিমাটি ভেঙ্গে যায়, পটকা পড়ে দেবী মূর্তি ভেঙ্গে গেছে তা সত্য নয়।

মিঃ স্পীকার: আপনার পয়েণ্টটা কি?

ডাঃ মৈত্রেয়ী বসু : আমার কথা হচ্ছে সংবাদটা ভুল, অনুসন্ধান করে যা দেখেছি, সেখানে গিয়ে যা শুনেছি তাতে রিপোর্ট অন্য রকম।

মিঃ স্পীকার: এই খবর ভুল এটা এই হাউসে বলবার স্কোপ বোধ হয় নেই।

শ্রীনরেন্দ্রনাথ সেন:
This matter is *sub-judice.*

[1—1-10 p.m.]

General Discussion on the Budget for 1964-65

শ্রীহরেকৃষ্ণ কোনার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বাজেট আমাদের সামনে পেশ করা হয়েছে এবং বাজেট পেশ করতে গিয়ে যে বক্তৃতা দেওয়া হয়েছে তা থেকে এটাই দেখতে পাওয়া যাচ্ছে যে, গভর্ণমেণ্টের নীতির ফলে দেশে একদিকে দারিদ্র্য অন্য দিকে যে কেন্দ্রীভূত অর্থ বাড়ছে এটাকে ঢেকে রাখবার আপ্রাণ চেষ্টা করা হয়েছে। এই বাজেট এবং তার বক্তৃতার মধ্য দিয়ে সাধারণ মানুষের উপর যে গুরুতর শোষণ চলছে তাকে ঢেকে রাখবার চেষ্টা হয়েছে এবং এই বাজেটের মধ্য দিয়ে সাধারণ মানুষের উপর যে চরম অবহেলার মনোভাব আত্মপ্রকাশ করেছে তা দেখলেই বোঝা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ শুধু আমি নই, পরিকল্পনা কমিশন থেকে সুরু করে গভর্ণমেণ্টের অনেক মন্ত্রীরা পর্যন্ত এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা করার কথা ছিল তা ঠিক মত এগুচ্ছে না তা যে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে এটা কার্যত স্বীকার করতে বাধ্য হচ্ছেন এবং আমাদের মতে গভর্ণমেণ্ট যে নীতি গ্রহণ করে চলেছেন - অর্থাৎ আমাদের দেশে এক ধনতান্ত্রিক অর্থনীতি গড়ে তোলা, তারই পরিণতি হিসাবে এই সব ঘটে চলেছে এবং দিন দিন আরও ফুটে উঠছে। আমরা আশা করেছিলাম অন্ততপক্ষে কিছুটা গভর্ণমেণ্ট পুনর্বিবেচনা করবেন অর্থাৎ ধনতান্ত্রিক কায়দার মধ্যে থেকেও এর যা কিছু সংশোধন করা সম্ভব, যতটুকু পরিবর্তন করা সম্ভব অন্তত সেটুকু করবেন। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে সেই রকম কোন কিছু এই বক্তৃতা বা বাজেটের মধ্যে পাওয়া গেল না। যদি এই বাজেটখানা দেখা যায় তাহলে দেখা যাবে একেবারে গতানুগতিক, বছরের পর বছর যেমন বাজেট পেশ করা হয় যেমন বক্তৃতা দেওয়া হয়, হুবহু তাই-ই -শুধু অঙ্কের হিসাবে সামান্য একটু অদল-বদল, এখানে ওখানে আছে। যেমন এর আয় এবং ব্যয় এবং তার যে প্যাটার্ন ধাঁচ এও দেখা যাবে যে কোন পরিবর্তন নেই। শুধু সামান্য অঙ্কের এদিক-ওদিক ছাড়া এবং তাও অতি সামান্য। বৃটিশ আমল থেকে আমাদের বাংলাদেশে—তারপর পশ্চিমবাংলায় -দেশ স্বাধীন হবার পর থেকে আয়ের প্রধান অংশ ছিল ট্যাক্স এবং সেই ট্যাক্স ছিল একমাত্র পরোক্ষ ট্যাক্স - শতকরা ৮০ ভাগ ছিল ইনডাইরেক্ট ট্যাক্স যা সাধারণ মানুষকেই দিতে হয়। আজও দেখা যাবে বাজেট পড়লে যে ঠিক সেই রকম ধাঁচ রয়ে গেছে। অথচ যেসব সদ্য নূতন স্বাধীনতা প্রাপ্ত দেশগুলি যদি গড়ে তুলতে হয় তাহলে একদিকে ভূমি সংস্কার এবং তা বাদ দিলে অন্য দিকে স্টেট সেক্টার, স্টেট ট্রেডিং এই থেকে মূলত অর্থ সংগ্রহ করতে হয়—কিন্তু তা না করে পরোক্ষ ট্যাক্সের মারফতে যদি প্রধান আয়টা করতে হয় তাহলে সাধারণ মানুষের অগ্রগতি তো হয়ই না বরং তারা ঘা খেয়ে পড়ে। এই ট্যাক্স দেখা যাবে যে প্রত্যেক বছরের পর বছর বাড়ছে। এবং এই বাজেটের মধ্যেও তা দেখা যাবে। সেল ট্যাক্স, অন্যান্য ট্যাক্স, ইলেকট্রিসিটি ডিউটি এ সব যোগ করলে দেখা যাবে ১৯৬০-৬১ সালে যেখানে ২৮ কোটি ৮৫ লক্ষ টাকা আদায় হোত—সেখানে ১৯৬৪-৬৫ সালে বলা হচ্ছে ৪৪ কোটি ৪২ লক্ষ টাকা আদায় করা হবে। অর্থাৎ চার বছরে শতকরা ৫০ ভাগ বাড়ানো হচ্ছে এবং প্রত্যেকটি পরোক্ষ ট্যাক্স। এই ট্যাক্সের বহর যদি আমরা বিবেচনা করি তাহলে দেখবো, আমাদের যে বইখানা দেওয়া হয়েছে ইকনমিক রিভিউ—১৯৬২-৬৩ সালের বাজেট বিবেচনা করে দেখা গেছে যে পশ্চিমবঙ্গে স্টেট ট্যাক্স যেটা

সেটা হচ্ছে মাথাপিছু ১৫·৩ টাকা করে—মহারাষ্ট্রের ঠিক পরেই। এবং সঙ্গে সঙ্গে বলা হচ্ছে যে এই পশ্চিমবাংলার কেন্দ্রীয় ট্যাক্স হোল মাচ গ্রেটার—অর্থাৎ অনেক বেশী। এবং যদি আমরা এই দুটোকে মেলাই এবং অন্যান্য হিসাব সংগ্রহ করি—কেন্দ্রীয় এবং পশ্চিমবাংলার স্টেট ট্যাক্সকে মেলালে দেখা যাবে মাথাপিছু ৪৫ টাকা কি তার চেয়ে বেশী টাকা দাঁড়ায়। সাধারণ মানুষের মেলালে দেখা যাবে মাথাপিছু ৪৫ টাকা কি তার চেয়ে বেশী টাকা দাঁড়ায়। তার পর মিউনিসিপ্যাল ট্যাক্স, পঞ্চায়েত ট্যাক্স ইত্যাদি আছে এবং এটা দিনের পর দিন বাড়ছে এবং সাধারণ মানুষের ঘাড়ে চাপছে। আর এই সবগুলিই পরোক্ষ ট্যাক্স এবং এটা কোন্ সাধারণ মানুষের উপর চাপছে? যে সাধারণ মানুষ সম্বন্ধে আমাদের আগের বছর শ্রীশঙ্করদাস ব্যানার্জি মহাশয় বলেছেন—

West Bengal is faced with a paradox of living in poverty. The common man in West Bengal is faced with the paradox of living in poverty.

এটা সাধারণ মানুষ সম্বন্ধে অর্থমন্ত্রী নিজেই বলেছিলেন। সেই সাধারণ মানুষের উপরই এইভাবে ট্যাক্সের হার রয়েছে। অথচ গভর্নমেণ্ট-এর কোনও পুনর্বিবেচনা নেই ক্রমাগত এই ট্যাক্সের হার বাড়াতে হবে—ডেভেলপমেণ্টের নামে উন্নতির নামে, দেশ গঠনের নামে এটা বাড়িয়ে চলবেন। এবং এবারেও যে ইঙ্গিত আছে তাতে ঐ সেল ট্যাক্স থেকে আরম্ভ করে এটা যে কত বাড়বে—এবং কত ভূমিরাজস্ব থেকে আসবে তা আমরা ঠিক বুঝতে পারলাম না। এটা যে ভূমিরাজস্ব আইন আছে তা থেকে কলেকসন করে আসবে না ভূমিরাজস্ব আরও বাড়বে? এক কোটি টাকা বাড়াবেন খাজনা থেকে।

গভর্নমেন্ট বোধ হয় নূতন কোন বিল আনতে চান যাতে খাজনা বাড়ান হবে, ট্যাক্স আরও বাড়ান হবে। শুধু তাই নয় গভর্নমেন্টের যতগুলি রাষ্ট্রায়ত্ত ব্যবসা আছে যা থেকে আয় বাড়ান উচিত ছিল, সেখানে হিসাব করে দেখা গেল এবার যে বাজেট পেশ করা হয়েছে তার বেশীরভাগগুলো লোকসানে চলছে এখন পর্যন্ত। একটু খোঁজ করলে দেখা যাবে এই লোকসান হচ্ছে অপচয়, অযোগ্যতা এবং দুর্নীতির জন্য। বাস ইত্যাদি সব জায়গায় দেখা গেছে ব্যক্তিগত হাতে থাকলে যেভাবে চলে, যে লাভ হয় শ্রমিকদের মাইনে দিয়ে এদের হাতে গেলে তার উল্টো হয় এবং তাতে তাঁরা লজ্জিত নন। এই অ্যাসেম্বলীতে এর আগের সেসন-এ ফুড এর উপর যখন আলোচনা হয় মুখ্যমন্ত্রী তখন বিভিন্ন পার্টির নেতাদের ডেকে পরিষ্কার তিনি আমাদের বলেছিলেন যে, ধান-চালের ব্যবসাদারকে যে মার্জিন-এ ব্যবসা করতে পারেন আমাদের গভর্নমেন্টের হাতে গেলে তা হয় না—তার চেয়ে অনেক মার্জিন চাই। অর্থাৎ সাধারণ ব্যবসায়ীরা যে মার্জিন-এ ব্যবসা করে মুনাফা করতে পারে, গভর্নমেন্টের হাতে গেলে সেই মার্জিন-এ চলবে না, বেশী মার্জিন চাই, কিন্তু তাতেও মুনাফা নয়, খরচ মেটে কি না সন্দেহ। আমি বুঝতে পারি না কোন দায়িত্বশীল মন্ত্রী এবং গভর্নমেন্ট এই রকমভাবে দুর্নীতি ও অযোগ্যভাবে প্রশ্রয় দেবার কথা বলতে পারেন। এটা শুধু ধান-চালের ব্যাপারে নয়, প্রত্যেকটি ব্যবসায়ে এই রকম দেখা যাচ্ছে। যদি আমরা বাজেট দেখি তাহলে দেখব ধাঁচ প্যাটার্ন হচ্ছে একই রকম যা গত ১০ বছর ধরে চলে আসছে—ক্রমশঃ একটু এদিকওদিক পরিবর্তন হচ্ছে। এর মধ্যে ২।৪টা আলোচনা করা দরকার। যেমন পুলিশ খাতে সামান্য একটু খরচ বেড়েছে—বোধ হয় ৩০ লক্ষ টাকা। কিন্তু প্রশ্ন হচ্ছে কেন পুলিশের জন্য খরচ করা হচ্ছে? গত এক বছরের পুলিশের কার্যাবলী যদি দেখা যায় তাহলে কি দেখব এমারজেন্সী-র সময় আমরা দেখলাম পুলিশের বিক্রম। আমরা দেখলাম কিভাবে ছুতোনাতায় বিভিন্ন কেস দাঁড় করাতে হয়, বীরত্ব দেখাতে হয়। কিভাবে মিথ্যা কেস দাঁড় করাতে হয় তাও দেখলাম। আমি ছোট একটা উদাহরণ দেব, নোট করে নেবেন। ১৯৫৯-এ কালনায় ফুড মুভমেন্ট-এ একটা কেস হল। পুলিশ ভাবল এমারজেন্সী যখন চলছে তখন এই সময়ে খুব ভাল করে কৃতিত্ব দেখাতে হবে। তাদের চেষ্টা চরিত্রে জজ সাহেব ৮ মাস করে কনভিকশন দিলেন। তারপর জাজেস কোর্ট-এ গেল—ডিস্ট্রিক্ট-এ এবং এই এমারজেন্সীর সময় এত খারাপ জাজমেন্ট হয়েছিল জজ সাহেব মন্তব্য করতে বাধ্য হয়েছিলেন যে, লোয়ার কোর্ট-এর জাজ হয় তিনি অপ্রকৃতিস্থ, না হয় আইন জানেন না, আর না হয় বায়াসড্। কিন্তু সেই লোয়ার কোর্ট-এর জাজ-এর পদোন্নতি হল এবং এখন তিনি মহকুমা থেকে অফিসে চলে গেছেন।

[1-10—1-20 p.m.]

এ রকম শুধু একটা দুটো নয়, আমরা এমারজেন্সী-র সময় দেখেছি পুলিসের বীরত্ব, সে সময় তাদের বীরত্ব দেখা গেছে। যে কেস পরিণত হয় সে কেস রি-ইনস্টিটিউট করা হচ্ছে আসামীকে টেনে এনে; আমরা যদি দেখি গত ১ বৎসর বিশেষ করে খাদ্য সংকট যখন তীব্র হয় মানুষ নিজের উৎযোগে খুত ধরার চেষ্টা করছে, সেখানে সরকার দাম কমাতে ব্যর্থ হয়েছে। মানুষ সেখানে সুসংগঠিত হয়ে দাম কমিয়েছে। 'পুলিশের সেখানে ভূমিকা দেখেছি, তার সাহস দেখেছি। পরে, যারা সেখানে ডিমনসস্ট্রেট করেছে ঘেরাও করেছে তাদের বিরুদ্ধে কেস ইনস্টিটিউট করা যায় তাই করেছে। এখনও এরকম বহু কেস ঝুলছে। এই দাঙ্গার ব্যাপারে যদি বলেন—এটা আশ্চর্যের ব্যাপার যে প্রথম ৩ দিন পুলিস কি কলকাতায় ছিল না? অথচ পুলিসের কি বীরত্ব বা শক্তির কথা যদি বলেন ১৯৫৯-এ আমরা দেখলাম এই রাজভবনের সামনে ১ লক্ষ লোক যেখানে জড় হ'ল, সেই শান্তিপ্রিয় মানুষের, যাদের হাতে অস্ত্র ছিল না রাস্তায় কিভাবে সেদিন ঐ পুলিশ আক্রমণ করে এবং ঘেরাও করে ও আধ ঘন্টা, এক ঘন্টা ধরে তাদের পিটিয়েছে—তাদের তছনছ করেছে ঐ পিটিয়ে। রাস্তায় ডেড বডি পড়ে থাকে তারপর তিন দিন ধরে, এভাবে পুলিসের কাজ সেখানে আমরা দেখেছি, সেখানেও মিলিটারী ডাকা হয় নি এবং পুলিসের কৃতিত্বেরও অভাব হয় নি। অথচ এবার ৩ দিন ধরে রায়ট চললো, কলকাতার বিভিন্ন জায়গা পুড়তে আরম্ভ করলো ভারতের সুনাম ইজ্জত সব নষ্ট হতে আরম্ভ করলো, সে পুলিসের শক্তি দেখলাম এবং এখানে এই পুলিসের জন্য খরচ বাড়ান হচ্ছে। এটা আজ আমাদের বোঝা দরকার। এটা প্রমাণিত হয়ে গেল যে পুলিস হচ্ছে উপরওয়ালা শাসকচক্রকে বাঁচাবার জন্য—জনসাধারণের আন্দোলনকে ধ্বংস করবার জন্য এই পুলিস। যদি ফেমিন রিলিফ-এর খাত দেখি তাহলে আমরা অনেক কিছু বুঝতে পারবো। মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন—গত ৫ বৎসর ঐ বাজেটে আমরা দেখি ঐ ভদ্রলোকের এক কথা—ফেমিন রিলিফ-এ ১ কোটি না ১½ কোটি টাকা বাড়াতে বাধ্য হচ্ছেন, আন্দোলনের গুঁতোয় বা অবস্থার চাপে কিছু কিছু করে বাড়াতে। গত ৫ বৎসর দেখছি, কোন বৎসর ৫ কোটি, কোন বৎসর ৬ কোটি, আবার কোন বৎসর পৌনে ৫ কোটি খরচ হয়েছে। কিন্তু প্রতি বৎসর বাজেট করার সময় বলবেন এবার কম ধরেছি এবং আশা করছি সংকট হবে না, প্রতি বৎসর এভাবে অসত্য বলছেন। এটার কোন পরিবর্তন হয় না কেন? যা দরকার তা আপনারা লেখেন না কেন? এভাবে রিলিফ দিতে বাধ্য হচ্ছেন, অথচ ৫ কোটিকে কমিয়ে ২½ কোটিতে নামিয়ে আনা হয়েছে। সব চেয়ে আশ্চর্যের ব্যাপার বর্তমান বৎসরের বাজেটে কোথাও পাওয়া গেল না যে পূর্ববঙ্গের রায়ট-এ যে সমস্ত উদ্বাস্তু এসেছে এবং পশ্চিম বাংলায় যে সমস্ত সংখ্যালঘু এবং যে সমস্ত মানুষ দাঙ্গায় বিধ্বস্ত হয়েছে, ঘরবাড়ী পুড়েছে, ব্যবসা গেছে ও যারা মারা গেছে, তাদের সাহায্যের কোন কথা নেই, এঁরা বলবেন এসব দিল্লীর ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে, অর্থাৎ পূর্ববাংলা থেকে আসবার পর স্টেশন থেকে একবারে দণ্ডকারণ্যে পাঠিয়ে দেবো। এখানে যা হয়েছে তার কি হবে? সেটাও বলবেন সেন্ট্রাল-এর উপর চাপিয়ে দেবো। আপনাদের কোন দায়িত্ব নেই? আপনাদের ১৩০ কোটি টাকার বাজেটের মধ্যে তার কিছুই নেই, বরং রিভাইজড্ বাজেট যেটা গত বৎসর যে রিভাইজড বাজেট দেখলাম তাতে কিছু বাড়ান হয়েছিল। কিন্তু ১৯৬৪-৬৫-এর বাজেট-এ এদের জন্য আমি কিছু খুঁজে পেলাম না, লাল বই বা নীল বই কোথাও খুঁজে পেলাম না। রায়টের ব্যাপারে যারা ভিকটিমস্ তাদের কোন কথা এতে নেই, এটা বোধ ইস্ট অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল-এর ব্যাপারেই এদের দায় কেন্দ্রের নাম করে এড়িয়ে যাওয়া যায় তাহলে হৃদয়হীনতার পরিচয় দেওয়া ছাড়া আর কি বলা যেতে পারে?

এডুকেশন খাতে দেখা যাবে খরচ কমিয়েছেন। অর্থাৎ আমাদের নাকি শিক্ষা খুব ভালভাবে চলছে। প্রায় ৫০ লক্ষ টাকা এডুকেশনে কমিয়েছেন। কখন কমলো? ওঁরা বলছেন ডেভালপমেন্ট স্কীম খাতে কমান হচ্ছে। সবাই জানেন যে বেশীর ভাগ সেকেন্ডারি স্কুলগুলি এখনও হাইয়ার সেকেন্ডারিতে পরিণত হয় নি। বলছেন এগুলি করতে হবে। না করলে ত উপায় নেই, আধাখাচিড়া হয়ে থাকবে। এইগুলি কম্প্লিট করুন, শেষ করুন। সেকেণ্ডারি

স্কুলগুলি এখনও হাইয়ার সেকেন্ডারিতে পরিণত হয় নি। ডিগ্রী কোর্সগুলি ঠিকমত চলছে না। ঠিকমত টিচারের ব্যবস্থা হচ্ছে না। এই যে অরাজক অবস্থা একে যদি শৃঙ্খলার মধ্যে আনতে হয়—১০ম শ্রেণী হোক, ১১শ শ্রেণীর হোক, যাই করুন—যেখানে আরো খরচ করা দরকার সেখানে খরচ কমিয়ে দিচ্ছেন। এই মনোভাবের পরিচয় দিচ্ছেন।

তারপর দেখা যাবে, আপনারা খুব বাহবা নিয়েছেন যে সরকারী কর্মচারীদের দয়া পরবশ হয়ে তাদের ভিক্ষা দিচ্ছেন। ৫ টাকা ডি এ এইত বাড়িয়েছেন। অর্থাৎ গরীব যারা তাদের এই দিচ্ছেন, আর তারপর ১৫০ থেকে ৩০০ পর্যন্ত এদের ১০ টাকা বাড়িয়েছেন। আমি জিজ্ঞাসা করি আপনাদের যদি এই মনোভাব হয় তাহলে আপনারা মালিকদের দোষ দেবেন কি করে? তারা ত প্রফিট করবার জন্যই আছে। গত এক বৎসরে জিনিষপত্রের দাম যেভাবে বেড়েছে, বিশেষ করে ফুড গ্রেনস্ যা মানুষকে খেতে পরতে হয় এবং আপনারাও জানেন যে ফুড গ্রেনের দাম কমবে না। এখনই ৩০ টাকার কম চাল পাওয়া যায় না, আরো বাড়বে। আপনারা, গভর্ন-মেন্ট যদি নিজেদের গরীব কর্মচারীদের না দেন তাহলে কেমন করে শ্রমিকরা আশা করবে? আপনারাই মালিকদের ইনডাইরেক্টলি বলে দিচ্ছেন আমরা সদাশয় হয়ে ৫ টাকা দিচ্ছি, তোমরা বেশী দিও না। এই মনোভাব নেবার জন্যই তাদের কমে যাবে। এই যে ৫ টাকা দিচ্ছেন এতে কোন্ সংসারে কি হবে? গত এক বৎসরে ৫০ পারসেন্ট খরচ বেড়েছে, এই ৫ টাকায় তার কতটা কভার করবে? ২০ পারসেন্টও হবে কি? তাও হবে না। আর এটা বোঝা গেল না যে একটা ফ্ল্যাট রেট কেন করলেননা। তা করতে কি অসুবিধা ছিল? ১ থেকে ১৫০ করলেন ৫ টাকা, আর যার ১৫১ টাকা মাইনে তার করলেন ১০ টাকা। কিন্তু ১৫০ টাকা যার তার সঙ্গে ১৫১ টাকার কি সংসারের দিক থেকে কোন পার্থক্য আছে? বরং উল্টোটা বেশী হওয়া উচিত ছিল। না হয় একটা ফ্ল্যাট রেটই করতেন। এটা একটা ভাল মনের পরিচয় দেয় না।

কৃষি খাতে কিছু বাড়িয়েছেন সে বিষয় সন্দেহ নেই। কিন্তু মূল যে প্রবলেম, সমস্যা, তার ধারে কাছেও যাওয়া হয় নি। এখানে সিড ফার্ম করেন, এগ্রিকালচারাল লোন দেন, ক্যাটেল পার্চেস লোন দেন, অমুক করেন, তমুক করেন, সার ডিস্ট্রিবিউট করেন, এইগুলি ত আছেই, যেটা আছে তা কেউ খারাপ বলবে না, কিন্তু সব চেয়ে বড় কথা হচ্ছে এর কতটুকু কাজে লাগবে। কৃষিক্ষেত্রে ভূমি সংস্কার বাদ দিন, কৃষিক্ষেত্রে কৃষকরা সময়মত ঋণ পাবে কি না? তাকে সময়মত ঋণ অন্ততঃ দিন। তাকে শিখাতে হবে না যে কেমন করে চাষ করতে হয়।

[1-20—1-30 p.m.]

মহাজনের কাছে তাদের টুঁটি বাঁধা থাকে। ক্ষেত থেকে ফসল উঠার অব্যবহিত পরেই তারা কম দামে সেই ফসল তাদের কাছে বিক্রি করে দিতে বাধ্য হয়। অথচ আপনাদের ভদ্রলোকের এককথা। আমি ত এই অ্যাসেমব্লীতে গত ৭ বৎসর ধরে আছি, এই ৭ বৎসর ধরেই দেখছি এগ্রিকালচারাল লোন ৬০ লক্ষ টাকা। লোকের দারিদ্র বাড়ছে, অভাব অনটন বাড়ছে। আর ক্যাটেল পার্চেস লোন ২৫ লক্ষ টাকা—একই আছে। অন্য দিকে কো-অপারেটিভ ক্রেডিট নিয়ে আপনারা খুব গর্ব করেছেন, ২ বৎসর আগে তিন কোটি থেকে বেড়ে এখন ৬·৫, এইত ৩ বৎসরে বেড়েছে ৬॥ কোটি। কিন্তু এতেও ত কিছু হল না। গভর্নমেন্টের যা হিসাবপত্র তা থেকে দেখছি গত কয়েক বৎসরে এগ্রিকালচারাল ইনডেটেডনেস ৫০ কোটি টাকার কম নয়, বরং গত কয়েক বৎসরে আরো বেড়েছে। একদিকে ৬॥ কোটি আর একদিকে আপনাদের ৬০ লক্ষ, প্রত্যেক বৎসর ৮০ লক্ষ ৯০ লক্ষ প্রায় ১ কোটি, তার মানে ৭॥ কোটি—বেয়ারলি ১০ পার্সেন্ট। কৃষকের যা প্রয়োজন তার মাত্র ১০ কি ১১ পারসেন্ট দিচ্ছেন। বাকী ৯০ পারসেন্টের জন্য কৃষকদের নির্ভর করতে হয় মহাজন ও সাউকারদের উপর। তাহলে কি করে কৃষি উৎপাদন বাড়বে বা বাড়তে পারে? তাছাড়া দেখা যাবে ক্যানেল কর, ক্যানেল করের জন্য জুলুম। যদি কষ্ট না হত সাধ করে—সুদ বেড়ে যাবে, জুলুম বাড়বে এই সব জেনে লোকে ক্যানেল কর বাকী রাখতো না। আপনারা বলবেন যে আপনারাই ত এটা আন্দোলন করে করিয়েছেন। হ্যাঁ, ঠিকইত, এই অ্যাসেমব্লীতেই আমরা বলেছিলাম এই ট্যাক্সটা অন্যায়। কিন্তু আপনারা ত এখন শত চেষ্টা করেও এই ট্যাক্সটা আদায় করতে পারছেন না। জলটা অন্ততঃ দিন, লোকে জলটা ইউটিলাইজ করুক, প্রভাকশন

বাড়ুক। তাও করছেন না। হ্যাঁ, সামাজিক ব্যাপারে, কল্যাণমূলক ব্যাপারে, সোস্যাল সার্ভিসে কিছু কিছু খরচ আপনারা বাড়িয়েছেন। কিন্তু তা নিয়ে আপনারা এত গর্ব করছেন কেন? স্বাস্থ্যের ক্ষেত্রে, স্যানিটেশনের ক্ষেত্রে, ওয়াটার সাপ্লাইএর ক্ষেত্রে, কিছু খরচ বাড়লেও অবস্থা ন যযৌ ন তস্থৌ, একই অবস্থা। আজকে যান মফঃস্বলে, যান এই কলকাতার হাসপাতালে দেখবেন টি বি রোগীদের পর্যন্ত ১ বৎসর, ২ বৎসর ধরে লাইন দিতে হয়। গ্রামে যান, পানীয় জলের ব্যবস্থা কি হয়েছে দেখুন। কয়টা টিউব-ওয়েল বসিয়েছেন তা বললেন, কিন্তু কয়টা টিউব-ওয়েল অচল হয়ে গিয়েছে কৈ তাত বললেন না? আপনাদের কংগ্রেসী এম এল এ-দেরই জিজ্ঞাসা করুন, তাঁরা কি এজন্য ধর্ণা দিচ্ছেন না? অত্যন্ত এলিমেণ্টারি জিনিষ, পানীয় জলের ব্যবস্থা, স্বাস্থ্যের ব্যবস্থা, আপনারা ত আপনাদের সমাজতন্ত্রের অনেক কথা বলেন, কিন্তু নেহাত ধনতান্ত্রিক দেশগুলিতেও এগুলিকে নেশান বিল্ডিং অ্যাক্টিভিটি হিসাবে নেওয়া হয়, ব্রিটেনে ত সমাজতন্ত্র নেই, তারা ত আপনাদের সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ ব্যবস্থার কথা বলেন না, কিন্তু সেই ব্রিটেনেও মেডিক্যাল ট্রিটমেণ্ট তারা ফ্রি করে দেয়। কৈ আপনারা ত এই সামান্য ব্যবস্থাও করতে পারলেন না, তা নিয়ে আবার গর্ব করছেন। স্বাস্থ্য ও পানীয় জলের দিক থেকে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার অবস্থা সব চেয়ে খারাপ। গভর্নমেণ্ট খুব বড়াই করছেন, এই দেখ গত বৎসরে ১২০ কোটি টাকার বাজেট থেকে এবার ১২৯ কোটি টাকার বাজেট করেছি এবং মন্ত্রিমহাশয় খুব বাহবা নিয়েছেন যে প্ল্যানিং কমিশনের রিপোর্টে তাঁরা নাকি বলেছেন পশ্চিম-বঙ্গের পারফরমেন্স খরচের কৃতিত্ব খুব বেশী। আমার মনে পড়ে গেল আগের সেশনের আমাদের মুখ্যমন্ত্রী, শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের একটি বক্তৃতা, তাতে তিনি বলেছিলেন, আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি আমাদের রাজ্যে উৎপাদন খাতে খাদ্য সঙ্কট সৃষ্টি করে আমরা রাজত্ব চালাচ্ছি। কোন মন থাকলে এই রকম বড়াই করতে পারা যায়? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিকল্পনা শুধু ত কেবল কতকগুলি ফিজিক্যাল টারগেট যোগ করলেই হয় না। পরিকল্পনার অর্থ দেশের সর্বাঙ্গীন উন্নতি, বিশেষ করে মানুষের উন্নতি—সেদিক থেকেই পরিকল্পনাকে বিচার করতে হবে। আগেকার অর্থমন্ত্রীও বলেছিলেন যে আমাদের পরিকল্পনার অগ্রগতির চিহ্ন সারা দেশে এবং পশ্চিমবঙ্গের এ'রা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা নিয়ে খুব বাহবা নিয়েছেন। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার ফিজিক্যাল টারগেট নিশ্চয়ই আগেকার তুলনায় বেশী, কিন্তু মনে রাখা দরকার ৬৪ লক্ষ টন স্টিল নিয়ে, আর ৮০ মিলিয়ন টন কয়লা নিয়ে, আর কিছু সিমেন্ট নিয়ে, অর্থাৎ যাকে বলা হয় টেক-অফ স্টেজ, সেই জায়গায় পৌঁছে দেবেন পরের উপর নির্ভরশীল না হয়ে সেই স্টেজ এখনও আসে নি।

আগের চেয়ে উন্নতি হয়েছে কিন্তু ১৫ বছরের স্বাধীনতায় টার্গেটে আসে নি। তারপর, কৃষির কথা যদি ধরি তাহলে আমাদের অবস্থা যে খুব খারাপ সেকথা না বলে পারি না। কৃষিতে টার্গেট ছিল থার্টি পারসেণ্ট এগ্রিকালচারাল প্রডাকশন ইনক্রিজ করবে। কিন্তু আমরা দেখছি সারা ভারতবর্ষে উৎপাদন কমেছে গত বছরে। শুধু তাই নয়, পশ্চিমবাংলার অবস্থা আরও শোচনীয়। গত তিন বছরে উৎপাদন বাড়ে নি—বরং কমেছে। তারপর, মন্ত্রিমহাশয়ের হিসেবে দেখা যায় সূচকসংখ্যা ১৯৬১-৬২ সালে ছিল ১৩০, তার আগের বছর ১৯৬০-৬১ সালে ছিল ১৩১ পয়েন্ট ৮৩, ১৯৬২-৬৩ সালে ছিল ১২১। আমি মনে করি ও'দের হিসেব বোগাস্ এবং ও'দের এই বোগাস্ হিসেব অনুযায়ী এই ৩ বছরের অগ্রগতি হচ্ছে পশ্চিমবাংলার খাদ্য উৎপাদন ক্রমশঃ কমে যাচ্ছে। এর দ্বারা আগামী ২ বছরে কতটা হবে সেটা পরিষ্কার বোঝা যায়। স্যার, আমরা দেখতে পাচ্ছি কৃষির ব্যাপারে অল ইন্ডিয়াতে টার্গেট পূরণ হবে না এবং পশ্চিমবাংলায় তো হবেই না। এমন কি ১৯৬০-৬১ সালের স্ট্যান্ডার্ডটাকে রাখতে পারবেন কি না সেটা চিন্তা করবার প্রয়োজনীয়তা আছে। শুধু তাই নয়, যেখানে অল ইন্ডিয়ায় দেখা যাবে অ্যাভারেজ-এ গত ১০ বছরে কৃষির উৎপাদন বেড়েছে ৩ পয়েন্ট ৫ সেখানে পশ্চিমবাংলায় কার্যতঃ ১০ বছরের হিসেব স্ট্যাগনেন্ট—স্থিতিশীল। সামান্য এক আধ পারসেন্ট বেড়েছে মাত্র। এ দেখে আমার মনে হয় যে দুর্ভিক্ষের মধ্যে আমরা বাস করছি তাতে সোভিয়েট এবং অন্যান্য দেশের সঙ্গে তুলনা না করলেই ভাল হয়। স্যার, কৃষির উপর যেখানে শতকরা ৩০ থেকে ৭০ ভাগ লোক নির্ভর করে সেখানে কৃষির যদি এরকম শোচনীয় অবস্থা হয় তাহলে দেশের অর্থনীতি ভেঙ্গে পড়তে বাধ্য। প্রকৃতির দোহাই দিয়ে এড়িয়ে যাওয়া যাবে না। এখানে অন্য যাঁরা আছেন তাঁরাও একথা বলবেন।

প্রকৃত ভূমি সংস্কার যেখানে হয়েছে সেখানে উন্নতি হয়েছে। প্রাকৃতিক বিপর্যয়ে কিছু কম হয় বটে, কিন্তু উন্নতি হয়। তারপর, কৃষি ব্যবস্থা সম্বন্ধে আর একটি কথা বলব যে, কৃষককে যদি মুক্ত করতে না পারেন, কৃষি শ্রমজীবীকে যদি উৎসাহ দিতে না পারেন, কৃষি শ্রমজীবীকে যদি অবাধ করতে না পারেন, তাদের যদি স্ফূর্তিবাজ করতে না পারেন, তাদের হাতে যদি ফল তুলে দিতে না পারেন তাহলে কোন মন্ত্রবলে তারা উৎপাদন বাড়াতে পারবে না। তারপর, শিল্পের ব্যাপারে আমরা দেখছি সারা ভারতবর্ষে টার্গেট ছিল মেইন ক্যাপিটাল ৭০ পারসেন্ট ইনক্রিজ করবেন এবং বাৎসরিক প্রয়োজন যা ছিল সেগুলি ১১ ভাগ বাড়াবেন। কিন্তু কার্যতঃ গত ২ বছরে কি হয়েছে? প্রথম বছরে ৬ পয়েন্ট ৫ ভাগ এবং দ্বিতীয় বছরে ৮ পারসেন্ট। দুটোকে গড় করলে ৭ পারসেন্ট দাঁড়ায়। ১১ পারসেন্ট বাড়ালে প্রথম বছরে ৭০ পারসেন্ট হতে পারত, কিন্তু সেখানে আপনাদের পারফর্মেন্স ৭ পারসেন্টও নয় এবং বাংলাদেশের অবস্থা আরও খারাপ। তারপর, কাপড়ের কলের অবস্থা ভাল নয়। আমাদের দেশের লোকেরা কাপড় যে অফুরন্ত পরে তা নয়। আপনারা বলছেন কাপড় এক্সপোর্ট হচ্ছে না।

[1-30—1-40 p.m.]

হবে তো নাই-ই। আপনারা কি উনবিংশ শতাব্দীতে বাস করছেন? যখন দুনিয়ায় কোথাও ধনতন্ত্র ছিল না তখন জার্মানীতে গড়ে উঠেছে, ইংলন্ড কম্পিটিটারকে হারিয়ে দিয়ে দুনিয়ার বাজার দখল করেছে। আপনারা কি ভাবছেন আমরা কিছু করে নিয়েছি, বাজার দখল করে করে নেবেন? আপনারা কি বিংশ শতাব্দীর প্রথম যুগে বাস করছেন? জাপান তাড়াতাড়ি গড়ে উঠে সারা এশিয়ার বাজার দখল করেছে। ভারতবর্ষ এর ধনিকেরা মনে করে বিদেশের বাজার দখল করবে ধনতন্ত্রের প্রসাদ লাভ করবে আর তার সেবা করবে কংগ্রেসী সরকার, তাহলে ভুল বুঝেছেন বিদেশের বাজার পাওয়া যায় না। অনেক কম্পিটিটার আছে রথী মহারথী আছে। দেশের যে আমরা ৪০ কোটি মানুষ আছি তাদের যদি ক্রয় ক্ষমতা না বাড়ে তাহলে কাপড়ের কলে সংকট বাড়বে। কাপড়ের কলের অবস্থা ভাল নয় এটা স্বীকার করেছেন। চায়ের বাজার একই রকম আছে। তবে মূল্য বাড়ার জন্য বিদেশী টাকার আয়টা কিছু বেড়েছে। পাট খুব বেশী বেড়েছে এবং কয়লার উৎপাদনও বেড়েছে উনি বলেছেন খুব আনন্দের কথা কয়লা বেড়েছে। না খুব আনন্দের নয়। বেড়েছে কোথায়? প্রাইভেট সেকটারে কয়লার উৎপাদন বেড়েছে, টার্গেটের চেয়ে বেড়েছে। টার্গেট ছিল ৪৮ ৫ মিলিয়ন টন, হয়েছে ৫২ ৮ মিলিয়ন টন। অর্থাৎ প্রাইভেট সেকটারে বেড়েছে ৪ মিলিয়ন টন। এটা খুবই গুরুত্বপূর্ণ যে প্রাইভেট সেকটারে যদি বাড়ে আর স্টেট সেকটারে না বাড়ে তাহলে ওগুলি ধাপ্পা ছাড়া আর কিছু নয়, মনোপলি কন্ট্রোল করার কথা। স্টেট সেকটারে কমেছে ৫০ মিলিয়নের জায়গায় ১১ মিলিয়ন টন হয়েছে। এই দুটো মিলালে কিন্তু উৎপাদন বাড়ল না। বড়াই করার কি আছে? ইস্পাত বেড়েছে, কিন্তু দেখা যাবে তৃতীয় পরিকল্পনার শেষে যা হবার কথা ছিল গত বছর মাত্র তাই হয়েছে, এবং তৃতীয় পরিকল্পনায় হবার কথা ছিল ৬·৬৮ মিলিয়ন টন। এটা আমাদের কথা নয়, মিড্ টার্ম এপ্রেইজাল বইয়ে বেরিয়েছে এবং তাতেই এটা স্বীকার করা হয়েছে যে টার্গেট পূরণ করা যাবে না। পশ্চিমবাংলার অবস্থা দেখুন, মন্ত্রিমহাশয়ও স্বীকার করেছেন মিলের উৎপাদন কমেছে কিন্তু সুতার উৎপাদন বেড়েছে এবং বলেছেন ৪০ কাউনটের সুতা কম হওয়াতে হ্যান্ডলুমের অসুবিধা হয়েছে। কি চমৎকার উন্নতি? শুধু তাই নয়, আমি আপনার একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কত স্লো, কত মন্থর। কত কর্ম সংস্থান হয়েছে যদি দেখেন তাহলে দেখবেন পরিকল্পনা ছিল ১৪ মিলিয়ন অর্থাৎ ১ কোটি ৪০ লক্ষ নূতন মানুষকে নূতন কাজ দেওয়া যাবে তার মধ্যে ১ কোটি ৫ লক্ষ মানুষকে দেওয়া যাবে নন-এগ্রিকালচারেল এমপ্লয়মেন্ট অর্থাৎ কৃষি ছাড়া অন্য শিল্পে বা অন্য জায়গাতে। সেখানে দেখা যাবে যেখানে পরিকল্পনা ছিল ১০.৫ মিলিয়ন ওয়ার্কার সেখানে অ্যাকচুয়াল অ্যাচিভমেন্ট হয়েছে মাত্র ৫ মিলিয়ন। ৩ বছরে যদি ৫ মিলিয়ন হয় বাকী দু বছরে তা কি পূরণ করে দেবেন? নন-এগ্রিকালচারাল এমপ্লয়মেন্ট দেখা যাবে আরও শোচনীয়। পশ্চিমবাংলার শিল্পোন্নয়নের কারণ আমাদের দেশে টোটাল পপুলেশন যা তার মধ্যে বোধ হয় ৩৪ পারসেন্ট পশ্চিমবাংলার লেবারার, অর্থাৎ সারা ভারতবর্ষের চেয়ে কম, এখানে

আন-এমপ্লয়মেন্ট বেশী। তার মধ্যে নন-এগ্রিকালচারাল লেবারারের পারসেনটেজ ছিল ১৭ অর্থাৎ ৩৪ ভাগের মধ্যে ১৭। সেটাও গত তিন বছরে কমে হয়েছে ১৫·৪। হয়ত আপনি বলবেন সেটাতো রিলেটিভ। হ্যাঁ, যেখানে ইন্ড্যাস্ট্রি বেড়েছে সেখানে অ্যাবসলিউট এমপ্লয়মেন্টও বেড়েছে। এগ্রিকালচারের তুলনায় যদি ইণ্ডাস্ট্রি এবং অন্যান্য জায়গায় শ্রমনিয়োগ বেশী হয় তাহলে বুঝতে হবে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হচ্ছে। এগ্রিকালচারে যদি ফল ব্যাক হয় তাহলে বুঝতে হবে পারসেন্টেজ হিসাবে ইন্ডাস্ট্রিতে ডেভেলপমেন্ট হচ্ছে না। যেখানে নন-এগ্রিকালচারাল লেবার ১৭ থেকে ১৫·৪ পারসেন্ট হয়েছে সেখানে ইন্ডিয়াতে হয়েছে ১১ ৮ থেকে ১৩ হয়েছে। অল ইণ্ডিয়া এভারেজ যেখানে বেড়েছে পশ্চিমবাংলায় সেখানে কমেছে. একথা বুঝা দরকার আছে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এ থেকে বুঝা যাচ্ছে যে পশ্চিমবাংলার শিল্প বিকাশ অত্যন্ত মন্থর। হচ্ছে না বলছি না, এটা নিয়ে বড়াই করা উচিত নয়। আতঙ্কিত হওয়া উচিত। কারণ আমাদের পশ্চিমবাংলা সমস্যাসংকুল, এটা আমাদের কথা নয়, এ কথাটা ডাঃ বিধানচন্দ্র রায় থেকে আরম্ভ করে প্রত্যেকে বলে যাচ্ছেন যে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট চাই। আগে থেকে ইণ্ডাস্ট্রিয়াল ডেভলপমেণ্ট হয়ে গেছে, তারপরে কতটুকু হয়েছে, রেট অব গ্রোথ অত্যন্ত স্লো হওয়াতে আমাদের দেশকে জেনারেটিং করা তো দূরের কথা, দাঁড় করাতে পর্যন্ত পাচ্ছেন না। দুর্গাপুরের কথা নিয়ে বড়াই করা হয়েছে, দুর্গাপুর নিয়ে সবাই গর্বিত। দুর্গাপুর-এতে যখন ১৯৫৫ সালে যখন ইণ্ডাস্ট্রি হয় তখন তদানীন্তন মুখ্যমন্ত্রী মহাশয় যে ফিরিস্তি দিয়েছিলেন সে সব কোথায়?

ফার্টিলাইজার সম্বন্ধে এখনও আপনারা বলছেন বিবেচনাধীন আছে কেন্দ্রে। তার মানে আবার বলছেন চতুর্থ প্ল্যানের আগে হচ্ছে। অপটিক গ্লাস—তার অর্ধেক কেটে গেল বাংলাদেশ থেকে আপনারা ঠেকাতে পারলেন না। এমনই কৃতিত্ব। আর যেটুকু অর্ধেকটুকু—তাও বলা হচ্ছে যে এটা ফোর্থ প্ল্যানে হবে—অর্থাৎ থার্ড প্ল্যানে হচ্ছে না। এই যে দুর্গাপুরে যেটা টারগেট আছে যা করা যেতে পারতো তাও আপনারা করতে পারছেন না। এই হচ্ছে মোটামুটি আমাদেব এখানকার অবস্থা।

মাননীয় ডেপুটি স্পীকার, মহোদয় এর কারণ কি? কেন এই যে শিল্প বিকাশ যা তৃতীয় পরিকল্পনায় করার কথা ছিল তা হচ্ছে না? কেন টারগেটের চেয়ে কম হচ্ছে? কেন পশ্চিমবাংলার রেট অব প্রোগ্রেস এই রকম? এর কারণ অন্য কোথাও খুঁজে পাবেন না। এর কারণ খুঁজে পাবেন খুব গভীরে। অর্থাৎ এদের যা সমাজ ব্যবস্থা তা হোল এরা ধনতন্ত্র গড়ে তুলছেন—এবং সেটা কোন যুগে?—যখন সমাজতন্ত্রবাদের সংকট গভীরতর, যখন সাম্রাজ্যবাদের অন্তর দ্বন্দ্ব চলছে—সেই সময় ও'রা ভাবছেন ভারতবর্ষে ক্যাপিটেলিজম করবেন এবং তাও ইংরাজ এবং আমেরিকার পুঁজির সহায়তায় এবং জমিদারদের সঙ্গে দোস্তি করে। এই করে ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্ট হতে পারে না। এতে মার্কেট সৃষ্টি করা যায় না—এতে র-মেটিরিয়ালস পাওয়া যায় না, এগ্রিকালচারের ডেভেলপমেণ্ট হয় না। তা যদি না হয় তাহলে শুধু বিদেশী পুঁজির উপর নির্ভর করে দেশের ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট হতে পারে না। এটা খোঁড়াতে বাধ্য। আপনারা বড়াই করতে পারেন—কিন্তু জেনে রাখুন যে আপনাদের এই খোঁড়ার ভাব ক্রমশঃ বাড়বে। হয়তো এক বছর একটু ভাল হবে—কিন্তু অন্য বছর আবার খোঁড়াবে। কারণ এই খোঁড়ানো ভাব থাকতে বাধ্য—কারণ আপনারা সংকটের মধ্যে, খাদের মধ্যে পড়ে গেছেন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এবার অন্য ছবির দিকে আমি যাই। যদি আমাদের জাতীয় আয়ের কথা দেখি, এতক্ষণ ইন্ডাস্ট্রি, এগ্রিকালচার হোল ও'দের হিসাব থেকে বলছি যে যেখানে প্রতি বছর পাঁচ ভাগ করে জাতীয় আয় বাড়ার কথা ছিল সেখানে জাতীয় আয় কমে গেছে। অবশ্য এই জাতীয় আয়, এটা একটা ধাপ্পাবাজী কথা। কারণ যখন সমাজ শ্রেণীতে বিভক্ত, কোটিপতি আছে এবং যেখানে দৈনিক দু আনা করেও লোক রোজগার করে এমন গরীবও আছে তখন এখানে অ্যাভারেজ করা—অর্থাৎ এক কোটি প্লাস ২ আনা এই দুটোকে যোগ করে দুই দিয়ে ভাগ করলাম তাহলেই অ্যাভারেজ হবে—এটা একটা গ্যাঁড়াকল, মানুষকে ধাপ্পা দেবার জন্য।

তবুও অ্যাভারেজ যদি ধরি তাহলে ন্যাশনাল ইনকাম যে ৫ পারসেন্ট করে বাড়বার কথা ছিল থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানের আগে তা হয় নি। গত ১০ বছরে হয়েছে ৪ পারসেন্ট। লোক বেড়েছে আড়াই পারসেন্ট—তাহলে পার ক্যাপিটা ইনকাম বেড়েছে মাত্র দেড় পারসেন্ট। আপনাদের হিসাবে তৃতীয় পরিকল্পনায় বাড়বে ৩০ পারসেন্ট বছরে ৫ পারসেন্ট করে। কিন্তু গত দু বছরে অ্যাকচুয়াল রেজাল্ট কত? আড়াই পারসেন্ট করে। এটা ধরুন যদি আমরা লোকসংখ্যার বৃদ্ধি ধরি তাহলে দুই পারসেন্ট কি আড়াই পারসেন্ট তাহলে এর মানে পার ক্যাপিটা ইনকাম বাড়ল না। এমন কি মন্ত্রিমহাশয়রাও স্বীকার করেছেন যে ১৯৬২ ৬৩ সালে আমাদের জাতীয় ইনকাম পশ্চিমবঙ্গে দুই পারসেন্ট-এর মত বেড়েছে। অতএব লোকসংখ্যা বৃদ্ধি যদি ধরা হয় তাহলে আমাদের এখানে মাথাপিছু আয় কমেছে ০.৩ পারসেন্ট। যদি ইকনমিক রিভিউ বইটা পড়ি তাহলে সেটা দেখা যাবে এবং উনি নিজে বলতে বাধ্য হয়েছেন যে পশ্চিমবঙ্গে এক্সপেন্ডিচার extremely slow rate of growth

[1-40—1-50 p.m.]

এর থেকেই অবস্থা বুঝতে পারেন। যদি অ্যাভারেজ পার ক্যাপিটা ইনকাম না বাড়ে, বা যদি স্টেটমেন্ট থাকে, বা যদি সামান্য বাড়ে, বা যদি অ্যাভারেজই থাকে তা হলে প্রকৃত ছবিতে আসুন এবং সেখানে দেখুন [illegible] ঠেলাওয়ালা, গ্রামের ক্ষেতমজুরকে দেখুন তা হলেই বুঝতে পারবেন যে অবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে। ফলে ইনইকোয়ালিটি বাড়তে বাধ্য এবং তা বেড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে উপহার দেব যেটা আমার কথা নয় পরিকল্পনা কমিশনের মেম্বার হিসাবে Chairman of the committee on distribution of income and wealth P. C. Mahalanobis তিনি সম্প্রতি যে রিপোর্ট দিয়েছেন যে রিপোর্ট স্টেটসম্যানএ বোধ হয় ১৫-২ তারিখে প্রকাশিত হয়েছে তাতে তিনি বলছেন যে, নীচের তলার লোক [illegible] per cent of the lower income group has definitely deteriorated they are under-fed, under-clothed

এটা আমাদের কথা নয়, তিনি বলছেন সমস্ত রকমের ভূমি সংস্কার সত্ত্বেও জমি কেন্দ্রীভূত অবস্থার কোন মৌলিক পরিবর্তন হয় নি। তিনি বলেছেন যে, নীচের দিকে গ্রাম এলাকায় মাথাপিছু আয় দৈনিক ৩১ নঃ পঃ, আরবান এলাকায় ৪১ নঃ পঃ এবং তিনি বলছেন rural scene has suffered considerable deterioration during the last ten years despite all efforts towards planned growth

গত দশ বছরে গ্রামাঞ্চলের অবস্থা আরও খারাপ হয়েছে পরিকল্পনার চেষ্টা সত্ত্বেও। এই যদি শ্রী পি সি মহলানবীশ স্বীকার করে থাকেন তা হলে বুঝতে হবে বাস্তব অবস্থা এর চেয়ে খারাপ হয়েছে। এগুলি দয়া করে খেয়াল করবেন। আমরা যদি বেকারীর কথা দেখি তাহলে কি দেখব না বেকারের সংখ্যা ক্রমশঃ বাড়ছে। পরিকল্পনায় টার্গেট ছিল দশ কোটি চল্লিশ লক্ষ লোককে কাজ দেবেন—এটা আপনারা নিজেরাই বলেছেন—আমার কথা নয়—ঐ বইতে লেখা রয়েছে যে মিড্‌ল টার্ম এ্যাপ্রাইসাল এই টার্গেট পূরণ করা যাবে না। তা হলে ১ কোটি ৭৮ লক্ষ মানুষ যেখানে কাজের উপযুক্ত হয়ে আছে—দেবেন বলেছিলেন ১ কোটি ৪০ লক্ষ লোককে, কিন্তু তাতো বলছেন পূরণ করা যাবে না। অর্থাৎ আনএমপ্লয়মেন্ট বাড়ুক। অতএব আপনারা এখন ভগবান এবং মা ষষ্ঠীর আশ্রয় নেবেন যে, ছেলেপিলের জন্ম বন্ধ কর, আর না হয় মেরে দাও। তা ছাড়া আর কোন উপায় নেই। তাই আপনারা অত্যন্ত প্রতিক্রিয়াশীল ম্যালথাস থিওরি যা বুর্জোয়া অর্থনীতি পর্যন্ত বাতিল করে দিয়েছেন এবং আপনারা এই সমস্ত পুরানো বস্তাপচা প্রতিক্রিয়াশীল বুলিগুলো তোলবার চেষ্টা করছেন আপনাদের অপদার্থতাকে ঢাকবার জন্য। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর রেজিস্টারএ দেখা যাবে সংখ্যা বেড়ে গেছে অনেক এবং পশ্চিম বাংলায় তা বেড়ে গেছে। শুধু তাই নয়, এটা লক্ষ্য করুন যে, মোট লোকসংখ্যার মধ্যে ওয়ার্কিং পপুলেশন যেখানে অল ইণ্ডিয়াতে ছিল ৩৯ পারসেন্ট তা বেড়ে হয়েছে ৪৩ পারসেন্ট এবং

পশ্চিম বাংলায় যেখানে ছিল ৩৪·৫ পারসেন্ট তা কমে গিয়ে হয়েছে ৩৩·২ পারসেন্ট এসব আপনাদের হিসাব, আমাদের হিসাব নয়। এই যদি অবস্থা হয় তা হলে দেখা যাবে এমপ্লয়মেন্টএর অবস্থা খারাপ, শিক্ষিত আনএমপ্লয়মেন্টর অবস্থা আরও খারাপ। আপনারা যদি এমপ্লয়মেন্ট রেজিস্টার দেখেন তা হলে এসব দেখবেন। দামের কথা যদি দেখি তা হলে দেখব যে, একথা আপনারাই স্বীকার করেছেন যে, প্রাইস লাইন রাখতে পারেন নি। কিন্তু স্টিপলি বাড়ছে। গত এক বছরের হিসাব দেখুন যে, ১৯৬৩ সালে মার্চ মাসে যখন সূচক-সংখ্যা ১২৬·৮ ছিল, সেপ্টেম্বরএ বেড়ে দাঁড়িয়েছে ১৩৭·৭। এই সূচকসংখ্যা কমার কোন লক্ষণ নেই এবং আপনারাও তা ঠেকাতে পারেন নি। এই দর বাড়া মানে কোটিপতি মরে না—দু পয়সা চিনির দর বাড়ল তাতে কিছু আসে যায় না, কিন্তু এতে গরীব, সাধারণ মানুষ, কৃষক, মধ্যবিত্ত মরে এবং তাই তারা মরেছে এর ফলে হচ্ছে লোকের চামড়া খুলে ফেলা হচ্ছে, শ্রমিক ও কৃষক মারা যাচ্ছে এবং গ্রামগুলি ধ্বংস হয়ে যাচ্ছে। এই যে প্রাইস সিজার—চাষীর মালগুলোকে কম দামে বিক্রি করতে বাধ্য করে, আর পরে চাষীকে খোল, তেল, নুন, কাপড় ইত্যাদি বেশি দামে কিনতে বাধ্য করানো হচ্ছে। এই যে দামের কাঁচি এর ফলার দুটো ফাঁক বেড়ে যাচ্ছে—এটা কমছে না।

আমি জোতদারদের কথা বলছি না, বড় বড় মহাজনের কথা বলছি না, আমি সাধারণ মানুষের কথা, ছোট ছোট কৃষকের কথা বলছি—যারা সংখ্যায় বেশি, তারা তো দেখবেন ঐ ধান ওঠার সময় দাম কম পাচ্ছে পাট ওঠার সময় দাম কম পাচ্ছে কিন্তু পরে বেশি দামে কেনে। ঐ যে প্রাইস সিজারস একে ঠেকাতে পাচ্ছেন না—আপনাদের ঠেকাবার ইচ্ছা নেই। এর ফলে লাভবান হচ্ছে একচেটিয়া পুঁজিপতিরা প্রফিটিয়ারসরা তারাই লাভবান হচ্ছে। এই প্রসঙ্গে শুধু একটা কথাই বলছি সেটা হচ্ছে এবার যে ফুড পলিসি নেওয়া হয়েছে সে ফুড পলিসির সমালোচনা আমরা আগেও করেছি তাতে দেখা যাবে ঐ ফুড খাতে বা ফেমিন খাতে কি করেছেন। এখানে বলতে চাই আসলে হোর্ডারস আর প্রফিটিয়ারসরা তাদের হাতে মুঠো ভাঙ্গা তা তাঁরা করছেন না। ল্যান্ডএর কনসেনট্রেশন তা ভাঙ্গছেন না, ফুডএর কনসেনট্রেশন তাও ভাঙ্গছেন না। আপনারা অস্বীকার করছেন স্টেট ট্রেডিং করতে। শুধু তাই নয়, আপনারা যা বলেছেন তাও হবে না। আমি মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি, তিনি বলতে পারবেন কি না যে, উড়িষ্যা গভর্ণমেন্টএর কাছ থেকে যে আশা করেছিলেন চার লক্ষ টন চাল পাবেন, যদিও গভর্নমেন্ট তা নিচ্ছেন না, নিচ্ছে প্রাইভেট ট্রেডার্স, উড়িষ্যা গভর্ণমেন্ট নাকি এরূপ ধাঁচের জানিয়েছেন যে, আমরা দিতে পারব না, তোমরা যে দর বেঁধে দিয়েছ ও দরে—সঙ্কটজনক হয়ে দাঁড়িয়েছে। মিল থেকেও আপনারা কেনা সুরু করেন নি। কয়েকদিন আগের প্রশ্ন উত্তরের সময় বলেছিলেন। তা হলে মিল থেকে কেনা সুরু করলেন না এবং উড়িষ্যার চাল সম্বন্ধে সন্দেহ। আপনারা বিল্ড করছেন না—স্টক বিল্ড করছেন না। এতে খাদ্যসঙ্কট হতে বাধ্য। তবু একটা কথা জানুন যদি স্টেট ট্রেডিং করতেন তা হলে কি হত বলুন তো? ধরুন যদি বাংলাদেশে ৪২ লক্ষ টন চালই হয় এবং তার ৩০ পারসেন্ট যদি বাজারে আসে, যদি ১৪ লক্ষ টন বাজারে আসে ধান ওঠার পর, নরমাল মার্কেটএ যদি ছেড়ে দেন ৬ লক্ষ টন কি ৮ লক্ষ টনই, যদি হোর্ডেড হয়, পরে যদি ৫ টাকা করে মুনাফা হয়, যদিও তার চেয়ে বেশি হয়, তা হলে তার মানে হল ১০ থেকে ১১ কোটি টাকা এক্সেসেস মুনাফা প্রফিটিয়ারসরা করে। আপনি যদি স্টেট ট্রেডিং করতেন তা হলে এর থেকে গভর্নমেন্টএর আয় বাড়ত। কৃষক কিছু দাম পেত, ক্রেতা কিছু কম দরে পেত, দেশ খাদ্য সঙ্কট থেকে বাঁচতে পারত, কিন্তু তা করতে চায় না, কারণ ঐ সব প্রফিটিয়ারসদের ঘাড়ে চেপে রাজত্ব করতে চান, তাদের সেবা করতে চায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দর বাড়ার আর একটা কারণ হল ডেফিসিট ফাইন্যান্স। আপনারা বড়াই করে বলেছিলেন যে, দ্বিতীয় পরিকল্পনায় ৯৫০ কোটি টাকা ডেফিসিট ফাইন্যান্স তৃতীয় পরিকল্পনায় করবেন ৫৫০ কোটি কিন্তু গত ৩ বৎসরে ৫৮০ কোটি টাকা চাপিয়ে গেছেন। তার মানে এর ফলে ইনফ্লেশন চাপ পড়তে বাধ্য হয়েছে। ট্যাক্সেশনএর ক্ষেত্রে দেখা যাবে যেখানে বলেছিলেন ১৭১০ কোটি টাকা নূতন ট্যাক্সেশন করবেন গত তিন বৎসরে যা ট্যাক্স ধার্য করেছেন সে ট্যাক্স অনুযায়ী ৫ বৎসরে আদায় হবে ২৪ শো কোটি টাকা অর্থাৎ ট্যাক্স যা ধার্য করবেন ১৭০০ কোটি টাকা ইতিমধ্যেই ২৪০০ কোটি টাকার স্ট্যান্ডার্ডএ পৌঁছে গেছেন এবং এখনও দু বৎসর বাকি আছে। এতেও বাড়ার ব্যবস্থা করবেন। এই যে ট্যাক্সএর বেশীর ভাগই

পরোক্ষ ট্যাক্স, সাধারণ মানুষকে তা দিতে হয়। আপনারা তো প্রত্যক্ষ ট্যাক্সএর কথা বলেছেন, নইকোয়ালিটি কিন্তু প্রত্যক্ষ ট্যাক্সএর অবস্থা কি, কত আপনারা বাড়িয়েছেন। ওয়েলথ ট্যাক্স যদি হিসাব করে দেখি সেখানে দেখব যে ৩৫ কোটি থেকে ৪০ কোটি টাকা আদায় হবার কথা ছিল সেখানে ৯ কোটি টাকার বেশি আদায় করেন নি কোম্পানিকে এ থেকে বাদ দিয়েছেন, ক্যাপিটাল গেনস ট্যাক্স আপনারা আজও আদায় করছেন না। সেখানে ৩৫ কোটি থেকে ৪০ কোটি আদায় করবার কথা ছিল। স্টেট গভর্নমেন্ট আর অল-ইন্ডিয়া গভর্নমেন্ট দুটোই একই কংগ্রেস গভর্নমেণ্ট। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যদি অবস্থা হয়, পরোক্ষ ট্যাক্স বাড়ে, জিনিসপত্রের দাম যদি বাড়ে, এবং এই যদি দেশের অগ্রগতি হয় তা হলে দেশের সাধারণ মানুষ পিছিয়ে পড়তে বাধ্য। এই পরিকল্পনা কমিশন স্বীকার করতে বাধ্য হয়েছেন যে হারে উন্নতি হচ্ছে এবং যে গতিতে লোক বাড়ছে তাতে বিংশ শতাব্দীর শেষেও এই দেশের ১/৩ অংশ লোক পেট ভরে খেতে পারবে না এই কথা স্বীকার করতে বাধ্য এবং এ জিনিসটা আজ বোঝা দরকার।

[1-50—2 p.m.]

এই একদিকের চিত্র, আর একদিকের চিত্র যদি দেখেন তা হল মন্ত্রিমহাশয় যাই বলুন, সোসিয়্যালিস্টিক প্যাটার্ন, অমুক তমুক এইগুলি শুধু লোককে ধাপ্পা দেবার জন্য, আসল কনসেনট্রেশন অব ওয়েলথ বেড়ে যাচ্ছে। আমি এখানে মহলাবীশ কমিটির রিপোর্ট দিয়ে সময় নষ্ট করতে চাই না, যে রিপোর্টটা ১৯৬২ সালের ১৮ই অক্টোবর ক্যাপিট্যালে বেরিয়েছিল তাতে ছিল দশটা বড় বড় কোম্পানির কিভাবে দখল করা অংশ বেড়ে চলেছে, শেয়ার ক্যাপিটাল বেড়ে চলেছে। শুধু একটা হিসাব দিতে চাই, পশ্চিমবঙ্গের স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটের সংখ্যা বলে যে কাগজ বের হয় তাতে এ ভি ন্যাট্‌স বলে একজন সংখ্যাতত্ত্ববিদ তিনি যা বিচার করে দিয়েছেন তা হচ্ছে কলকাতাকে কেন্দ্র করে পূর্ব ভারতে দশটি বড় বড় ফ্যামিলি ৬১৯টি কোম্পানি কন্ট্রোল করে, সিংহানিয়া ১০৩, ডালমিয়া ১৬০, রুইয়া ১৪০, বিড়লা ৬০, বাংগুর ৫২, জ্যাকেরিয়া ব্রাদার্স ৫২, থাপ্পার ৩৫ ইত্যাদি। স্টেট সেক্টর বেড়েছে তারা বলছেন, কিন্তু স্টেট সেক্টর কি এর সংগে তাল রেখে চলছে? স্টেট সেক্টর যেমন বাড়ছে, এও তেমনি বেড়ে চলেছে। প্রাইভেট সেক্টরের বৃদ্ধিকে কি প্রতিহত করতে পারছে? এই যে কনসেনট্রেশন, এই যে মনোপলি, বড় বড় একচেটিয়া পুঁজিপতিদের বৃদ্ধিকে কি ঠেকাতে পারছে? ঠেকাতে পারে নি। এই গেল একদিককার কথা। তারপর ফরেন ক্যাপিটাল, প্রাইভেট ক্যাপিটাল, সম্বন্ধে আপনাদেরই হিসাব, এই অ্যাসেম্বলিতেই শঙ্করদাসবাবু গত বৎসরের বাজেট বক্তৃতায় নিজেই বলেছেন যে, এটা বেড়ে গিয়ে ৪৯৩ কোটি থেকে ৭৬১ কোটিতে গিয়ে দাঁড়িয়েছে। এটা তাঁর হিসাব, অফিসিয়াল হিসাব। এই হিসাবে লাভ ৪১ কোটি থেকে ৩২৫ কোটিতে গিয়ে দাঁড়িয়েছে। এ ছাড়া আন্ডার ইনভয়েসিং, ওভার ইনভয়েসিং দ্বারা আরও অনেক বেশি লাভ হয়েছে। এইটা আমাদের প্রথমেই বোঝা দরকার, বিদেশী পুঁজি কত লাভ করে তার একটা হিসাব আমি বলব। আর এস ভাট, এক্স-ডাইরেক্টর, ইণ্ডিয়া ইনভেস্টমেণ্ট সেণ্টার, তিনি ক্যাপিটালের অ্যানিভার্সারি নাম্বার, ১৯৬৩তে বলছেন আমেরিকা যত টাকা আমাদের দেশে প্রাইভেট ইনভেস্টমেন্ট করেছে তার আর্নিং রেসিয়ো হল যেখানে ১৯৬০ সালে ৮.৮ ছিল, ১৯৬২ সালে হয়েছে ১৩.৭ পার্সেন্ট, ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রিতে হয়েছে ২০.৬ পারসেণ্ট যেখানে পশ্চিম ইউরোপে আমেরিকার যে মূলধন তাতে প্রফিট পান ১২.৬ পারসেণ্ট। অতএব আমেরিকা এবং বৃটেন তারা আমাদের এখানে বা কোথায়ও মহানুভবতার জন্য যায় না, লাভের জন্য যায়, সাম্রাজ্যবাদ কখনও দয়া করে অনুপ্রবেশ করে না। আমরা বুঝতে পারি না, এখানে কি করে ইংরাজ আমেরিকার এত প্রশস্তি করা হয়, দয়া করে আমাদের ঘরদোর গড়ে দিয়ে যাও। এইভাবে তারা লাভ করে প্রতি বৎসর আমাদের দেশ থেকে কোটি কোটি টাকা তারা তাদের দেশে নিয়ে যাচ্ছে এবং বিদেশী পুঁজি আমাদের দেশে বেড়ে যাচ্ছে। রি-ইনভেস্টমেন্ট সম্বন্ধে আমি শুধু একটি হিসাব বলি, বিখ্যাত অর্থনীতিবিদ, ম্যাথু কুরিয়ান একটা হিসাবে দেখিয়েছেন ১৯৪৮ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত আমাদের দেশে বিদেশী পুঁজি এসেছে ১৭৮ কোটি টাকা, বেরিয়ে যায় ৩০৬ কোটি টাকা।

হিসাবটা সঠিক কিনা জানি না। এই ধরনের আরও অনেক ব্যাপার আছে, তারা যা দিচ্ছে লাভ নিচ্ছে অনেক বেশি। এটা কি গভর্নমেন্ট নিজেরা করতে পারতেন না, এটা যদি গভর্নমেন্টের হাতে থাকত তা হলে তো এ জিনিস হতে পারত না, অথচ আমাদের দেশকে আমরা সুযোগ করে দিচ্ছি লুঠপাট করার জন্য বিদেশী পুঁজি ডেকে এনে। তেমনি দেখা যাবে—তিনি বলেছেন ইনডাস্ট্রিতে ১৩ শত কোলাবরেশন হয়েছে, ইংরাজ আমেরিকার সংগে কোটিপতিদের এই কোলাবরেশন হয়েছে আর এইজন্য লোকসান বাড়ছে, লুঠ বাড়ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেইজন্যই দেখছি বৃটিশ হাই কমিশনার, স্যার পল গোরবুথ ৯ই ডিসেম্বর তারিখে কলকাতার প্রেস কনফারেন্সএ ভয়ানক প্রশংসা করেছেন, ভারতের আবহাওয়া খুব ভাল, ভারত গভর্নমেন্ট খুব সদাশয়, আর একদিকে তেমনি দেখতে পাচ্ছি চেষ্টার বোলস্ ক্যালকাটা প্রেস ক্লাবের এক বক্তৃতায় ভারতবর্ষের খুব প্রশংসা করেছেন। এই জিনিসটা আমাদের বোঝার প্রয়োজন আছে। এই প্রসংগে আমি একটা কথা বলতে চাই ইতিহাস প্রমাণ করেছে যে, সাম্রাজ্যবাদ যেসব দেশে যায় লুঠ করতেই যায়। যেখানে লুঠের পথে বাধা হয় সেখানে লাল সৃষ্টি হয়, দক্ষিণ ভিয়েৎনাম সৃষ্টি হয়, সেখানে কঙ্গো সৃষ্টি হয়। যেখানে এই বাধা হস্তক্ষেপ করে সেখানে ভিতর থেকে বিদ্রোহের সৃষ্টি হয়। আমেরিকা সাউথ ভিয়েৎনামে আজকে বিষ ছড়াচ্ছে, লাওসে বিষ ছড়াচ্ছে। তারা কেন আজকে হঠাৎ ভারতের ক্ষেত্রে দয়ালু হয়ে মহানুভবতা দেখাবে এর কারণ বুঝতে পারা যায় না। আগের মত রাজত্ব করে শোষণ চালানো যায় না। তাই আজকে সাম্রাজ্যবাদীরা মুখোস পরে টাকা দিয়ে সাহায্য করার নামে তাদের সাম্রাজ্যবাদ বজার রাখতে চায়। লজ্জার কথা তবু আমরা যেখানে দেশের সম্পদ লুঠ হয়ে যাচ্ছে, দেশ থেকে দেশের সম্পদ ড্রেন হয়ে যাচ্ছে তখনও আমরা তাকে জাস্টিফাই করার চেষ্টা করি। এই প্রসংগে আমি আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করতে চাই যে, আমাদের এই কলকাতার উন্নয়নের জন্য আমরা বিদেশের উপর নির্ভরশীল, ফোর্ড ফাউন্ডেশন, বিশ্ব ব্যাঙ্কের লোনের উপর নির্ভরশীল। কোন আত্মজ্ঞানসম্পন্ন লোক এইরকম করতে পারে ভাবতে পারা যায় না। ফোর্ড ফাউন্ডেশন এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের মর্জির উপরে এই জিনিসটা না ছেড়ে দিয়ে গভর্নমেন্ট কি এটা করতে পারতেন না? আমরা তো কংগ্রেস গভর্নমেন্টের বিরুদ্ধে তবু আমরা বলি, আপনারা নিজেরা এটা করুন, দরকার হলে টাকা ধার নিন, কিন্তু বিদেশীর হাতে ছেড়ে দেবেন না। বিদেশীর উপর এইভাবে নির্ভরশীল হলে দেশের ভিতরে প্রতিক্রিয়াশীল শক্তি বেড়ে ওঠে, গভর্নমেন্ট দুর্বল হয় এবং গভর্নমেন্টের মধ্যে প্রতিক্রিয়া বাড়ে এবং তার প্রমাণ আজকে আমরা দেখতে পাচ্ছি এই ভারতবর্ষের মধ্যেই, বিদেশী সাম্রাজ্যবাদী প্রভুরা নিজেদের এখানে এসে জমিদার মনে করেন, এখানে বক্তৃতা মারে, ওখানে বক্তৃতা মারে, এখানে উপদেশ দেয়, ওখানে উপদেশ দেয়, এমন কি বিশ্ববিদ্যালয়ের পবিত্র ক্ষেত্রে পর্যন্ত এই সাম্রাজ্যবাদের প্রতিনিধিরা বড় বড় বক্তৃতা ঝাড়তে আরম্ভ করেছেন, আমাদের কালচার, সংস্কৃতি, সিনেমা প্রভৃতি সব ব্যাপারে আজকে সাম্রাজ্যবাদের নগ্ন রূপ আজকে আমাদের এখানকার সাংস্কৃতিক জীবনকে কলুষিত করছে। শুধু তাই নয়, আমি জিজ্ঞাসা করি, এই যে ভয়েস অব আমেরিকার ডিড এটা হল কি করে? এই যে বিদেশী পুঁজির প্রবেশ, বিদেশী পুঁজির উপর নির্ভরশীলতা, এইগুলি হল কি করে? এই যে সেভেন্থ ফ্লিট ভারত মহাসাগরে আসছে, ওঁদের মধ্যেও নিশ্চয়ই এমন কেউ নেই একথা বলতে পারেন যে, চীনকে রোখবার জন্য এই ব্যবস্থা হচ্ছে, তার জন্য তো তাইওয়াইন, জাপান আছে। ভারত মহাসাগরে সেভেন্থ ফ্লিট কি আসছে হাওয়া খেতে এয়ার ক্রাফ্ট কেরিয়ার নিয়ে, আটম বোমা নিয়ে? এইজন্য আজকে বার্মা বিচলিত, সিলন বিচলিত আফ্রিকার দেশগুলি বিচলিত কিন্তু তারাও তাদের পোর্ট ব্যবহার করতে দিচ্ছে না একসেপ্টিং ভারত আর পাকিস্তান। ভারতের বিশাখাপত্তম আর পাকিস্তানের করাচী এই দুই জায়গায় সেভেন্থ ফ্লিট থাকবে। এঁরা বলছেন, ও এমন কিছু নয়। আজকে এই সব দেশে নব জাগরণ হচ্ছে, বিদেশী সাম্রাজ্যবাদের শোষণের বিরুদ্ধে মানুষের বিক্ষোভ বাড়ছে। তাই আজকে আমেরিকার সাম্রাজ্যবাদ ভারত মহাসাগরের বুকে ঘাঁটি গাড়ছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি, এতে আমাদের এমন কি নিরাপত্তা বাড়বে? এর দ্বারা কি ভারত বিচ্ছিন্ন হয়ে যাবে না। এইভাবে আমেরিকাকে তোয়াজ করার অর্থ হচ্ছে সাপের মুখে চুমু খাওয়া। পাকিস্তান বলবে এটা কর, এটা ঠিক, আর আমরা বলব, ওদের কথা শুনো না, আমাদেরটা ঠিক। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, এই যেখানে অবস্থা এটা আমাদের বোঝা দরকার যে, এতে করে ভারতের মর্যাদাহানি হচ্ছে, সিলোন, বার্মা, ইন্দোনেশিয়া প্রভৃতি দেশগুলিতে আজকে আমাদের মর্যাদা বাড়াতে হবে। আজকে আমাদের সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে দাঁড়াতে হবে, আজকে সাম্রাজ্যবাদীদের সঙ্গে সহযোগিতার কোন কথাই হতে পারে না। এখনও আপনারা ইমার্জেন্সি বজায় রেখেছেন কেন? ইমার্জেন্সির কারণ তো দূর হয়ে গিয়েছে তবু বলছেন ইমার্জেন্সি, ইমার্জেন্সি, ইমার্জেন্সি। যদি মনে করে থাকেন, এইভাবে ইমার্জেন্সির নামে জনগণের বিক্ষোভকে দাবিয়ে রাখবেন, তাদের অ্যাটেনশন দূরে সরিয়ে দেবেন, পারবেন না। ভুবনেশ্বরেই আপনাদের একজন প্রতিনিধি বলেছেন যদি আমরা আমাদের সমস্যার সমাধান না করতে পারি তবে দেশ বিপ্লবের সম্মুখীন হবে। আপনারা কি চান? পথ পাল্টাবেন, নাকি দেশকে বিপ্লবের পথে ঠেলে দেবেন?

যদি দেন তা হলে যতই বেদনাদায়ক হোক মানুষ সেই পথে যাবে এবং কমিউনিস্ট পার্টি সেই পথে তাদের সঙ্গে থাকবে একথা বলে আমি বাজেট বক্তৃতা শেষ করছি।

[2-2-10 p.m.]

শ্রীবৈদ্যনাথ ব্যানার্জি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় হরেকৃষ্ণ কোনার মহাশয় যে বক্তৃতা করেছেন আমি তা মনোযোগ সহকারে শুনেছি। আমি আশা করেছিলাম তিনি গঠনমূলক প্রস্তাব আমাদের সামনে রাখবেন, কিন্তু তিনি খুব মাস্টারলী ওয়েতে বলেছেন। আমাদের অর্থমন্ত্রী মহাশয় ইকনমিক রিভিউ থেকে কতকগুলি তথ্য আমাদের সামনে পেশ করেছেন। আমরা সকলেই জানি থার্ড ফাইভ ইয়ার প্ল্যানের অগ্রগতি আশানুরূপ হয় নি—এটা কোন নূতন কথা নয়, সকলেই এটা স্বীকার করেছেন। কিন্তু অগ্রগতি যে বন্ধ হল তার মূল কারণ হল চাইনিস এগ্রেসন। চাইনিস এগ্রেসন যদি না হত তা হলে আমাদের অর্থনীতির এত ক্ষতি হত না এবং আমাদের স্বাধীনতার গতি শ্লথ হত না। স্যার, এই বাজেটে দেখেছি নানা জিনিসের জন্য বরাদ্দ করা হয়েছে—যেমন, হাউসিং, ট্রান্সপোর্ট ইত্যাদি এবং এ ছাড়াও আরও অনেক কিছু রয়েছে। তবে আমরা আশা করেছিলাম, আমাদের দেশে যে বেকার সমস্যা রয়েছে এবং বিশেষ করে বাংলাদেশে যে বেকার সমস্যা রয়েছে সেটা যখন অত্যন্ত কঠিন সমস্যা তখন সে সম্বন্ধে কিছু ইঙ্গিত পাওয়া যাবে। কিন্তু সে সম্বন্ধে কিছু ইঙ্গিত না থাকায় আমরা হতাশ হয়েছি। এই প্রসঙ্গে আমি একটি প্রস্তাব হাউসের সামনে রাখছি। আমরা জানি এবং শুনতে পাই ভারতবর্ষের মধ্যে বাংলাদেশ এবং মহারাষ্ট্র ইন্ডাস্ট্রিয়ালি খুব অ্যাডভান্সড এবং আমরা জানি আমাদের দেশে প্রাইভেট সেক্টর এবং পাবলিক সেক্টরএর তরফ থেকে লক্ষ লক্ষ সংস্থা প্রবর্তিত হয়েছে। এর ফলে স্বভাবতঃই আমরা আশা করেছিলাম আমাদের দেশের মানুষের এইসব জায়গায় কর্মসংস্থান হবে। কিন্তু আমরা দেখছি বেকার সমস্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। কাজেই আমি প্রস্তাব করছি হাই লেভেলএ এনকোয়ারি করা উচিত। সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় এবং হাউসের মাননীয় সদস্যেরা সকলেই ভালভাবে লক্ষ্য করুন যে, আমাদের দেশে এত কর্মসংস্থা থাকা সত্ত্বেও দেশের লোকেরা কাজ পাচ্ছে না কেন? অনেক সময় বলা হয়, বাঙ্গালী ছেলেরা কাজ করে না। কিন্তু আমি দেখেছি দুর্গাপুরে কোক চুল্লীতে যেরকম ধরনের কাজ হয় তাতে আগে প্রাইভেট সেক্টরে কোক চুল্লীতে বাঙ্গালীর ছেলেরা কাজ করত না কিন্তু এখন সেখানে শতকরা ১০০ জনই বাঙ্গালীর ছেলে কাজ করছে। কাজেই দেখা যাচ্ছে সুযোগ-সুবিধা পেলে তারা কাজ করতে পারে। স্যার, একটা ইন্ডাস্ট্রিয়াল এস্টাব্লিশমেন্ট হলে তার অনেক অ্যানসিলারী থাকে। আমাদের দেশের ছেলেদের সেখানে কাজে যোগদান করা উচিত। কিন্তু আমাদের দেশে তা হয় না। যা হোক, অনেক কিছু বলবার আছে, আমি তা না বলে শুধু এইটুকু বলব যে, হাই লেভেল কমিশন-এর মারফৎ একটা এনকোয়ারি করা উচিত এবং সেটা সংশ্লিষ্ট মন্ত্রী এবং এই হাউসের সদস্যদের নিয়ে করা উচিত এবং দেখা উচিত কি স্টেপ নেওয়া যায়। তারপর আমার আর একটা প্রস্তাব হচ্ছে সরকার অনেক টাকা আদায় করতে পারেন এবং এর ফলে অ্যাডিশনাল ট্যাক্সেশনএর প্রয়োজন হবে না।

সেটা হচ্ছে ২৯এ ডিসেম্বর ১৯৬১ সালে সেন্ট্রাল গভর্নমেন্ট নোটিফিকেশন দেন যে কোলিয়ারিজ ১৯৪৯ সালের আগে যেসমস্ত কোল মাইন আছে তার রয়েল্টি যাই থাকুক না কেন, ইন্টারমিডিয়ারি থাক বা নাই থাক তাতে কিছু আসে যায় না এই কোলিয়ারিগুলি যে কোল উৎপন্ন করে যা ডেসপ্যাচ করে, তার পিট্ হেড্ মূল্য-এর আড়াই পারসেণ্ট রেসপেক্টিভ স্টেট গভর্নমেণ্টকে দিতে হবে। অর্থাৎ ১৯৬১ সালের ৩১এ ডিসেম্বর গভর্নমেণ্ট অর্ডার হয়েছে, এই ক-বছরে কত টাকা হতে পারে তার একটা হিসাব আমি করে দেখাতে পারি। ১৯৬১ সালে প্রায় ১৬ মিলিয়ন টন কয়লা বাংলাদেশে চালান হয়েছিল, ১৯৬২ সালে ১৭ মিলিয়ন ৬৬ হাজার টন টোটাল কয়লা চালান হয়েছিল এবং যে হারে ১৯৬৩ সালের কয়লা চালান হয়েছে তাতে মনে হচ্ছে আপাততঃ ১৮-১৯ মিলিয়ন টন দাঁড়াবে, এবং কয়লার বর্তমান মূল্য যা তাতে সেই টাকা দাঁড়াবে প্রায় ৪০ কোটি টাকা এবং এর আড়াই পারসেন্ট দাঁড়াবে প্রায় এক কোটি টাকা। তা হলে ১৯৬২-৬৩ সালে এই দু বছরের টাকা আদায় করি যদি তা হলে আমরা দু কোটি টাকা পেয়ে যাব। তা ছাড়া ১৯৬৩ সাল আছে, আমি শুনেছি ইন্টারমিডিয়ারি আছে কি নেই এ নিয়ে বিরোধ চলেছে, এ নিয়ে ইন্ডাস্ট্রির সঙ্গে গভর্নমেন্টের মামলা হচ্ছে, মোকদ্দমা আপীলে আছে, কিন্তু এটা হচ্ছে ইণ্টারমিডিয়ারির ব্যাপার। কিন্তু জেনারেল রুল গভর্নমেন্ট অ্যামেন্ড করেছে, তার সঙ্গে ইন্টারমিডিয়ারির কোন সংযোগ নাই, কোন কানেকশন নাই, এটা হচ্ছে যারা কোলিয়ারিতে কাজ করে তারা প্রতি মাসে যত টন কয়লা ডেসপ্যাচ করে তার আড়াই পারসেন্ট গভর্নমেন্টকে দিতে হবে এবং বিহার গভর্নমেণ্ট এবং উড়িষ্যা গভর্নমেন্ট তারা এটা প্রতি মাসেই আদায় করে নিচ্ছেন অথচ বাংলাদেশে যেখানে এত ঘাটতি সেখানে এই টাকা আদায় হচ্ছে না।

আর একটা কথা বলি, কোল মাইনিং-এ রোড সেস বলে একটা জিনিস আছে। সেটা বাংলাদেশে প্রচলিত কথা আছে যে, এটা নেওয়া হয় সওয়া ছয় পারসেণ্ট প্রফিট থেকে। কিন্তু অন্য দেশে সেটা ডেসপ্যাচের উপর দেওয়া হচ্ছে যেমন বিহার গভর্নমেন্ট করেছে প্রতি টনে দু আনা করে নেয়, বাংলাদেশে যদি এমনি করে যত কয়লা ডেসপ্যাচ হবে তার উপর দু আনা করে ধার্য হত তা হলে এখন যেখানে ৮-১০ লক্ষ টাকা পাওয়া যায় সেটা ৩৫-৪০ লক্ষ টাকা পাওয়া যাবে এবং এর সম্ভাবনা আছে সে সম্বন্ধে কোলিয়ারির মালিকরা বহু পূর্বেই বলেছেন যে, আমাদের কোন আপত্তি নাই। তারা প্রস্তুত আছে। আমি এই দুটি প্রস্তাব মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি এবং আশা করছি যে, তিনি যদি এটা বিবেচনা করে কার্যে পরিণত করেন তা হলে দুর্দিনে আমাদের আর ট্যাক্সেশন করা প্রয়োজন হবে না এবং যে ঘাটতি হবে সেটা উঠে আসবে। এই বলে আমি সর্বান্তঃকরণে বাজেট বক্তৃতা সমর্থন করছি।

শ্রীমতী শান্তি দাস: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন, ১৯৬৪-৬৫ সালের আয়ব্যয়ের যে বরাদ্দ আমাদের সামনে উপস্থাপিত করেছেন, তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। সবচেয়ে যেটা আকর্ষণীয় বস্তু এবারে বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি সেটা হচ্ছে এবার নূতন কোন করভাবে বাংলাদেশকে জর্জরিত করছেন না। আমি এই ব্যয়বরাদ্দের সম্বন্ধে দুই-একটি বিষয়ে আমার বক্তব্য আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর সম্মুখে উপস্থিত করব। তিনি যখন বিতর্কের পর জবাব দেবেন আমি আশা করব, আমি যে দুই-একটি বিষয়ে আমার বক্তব্য রাখব সে সম্বন্ধে তিনি তাঁর উত্তর দেবেন এবং তাতে আমি খুসি হব, আমার নিজের ধারণা বাংলাদেশের জনসাধারণ সকলেই খুসি হবে।

[2-10—2-20 p.m.]

আমি শিক্ষাখাতে দু-একটি প্রশ্ন তাঁর সামনে করতে চাই। বিগত কয়েক দিন পূর্বে আমাদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যে কনভোকেশন—সমাবর্তন উৎসব গেল সেখানে অতীব দুঃখের বিষয় যে, আমরা দেখতে পাচ্ছি যে আমাদের বর্তমান যিনি ভাইস-চ্যান্সেলার তিনি যারা নাকি বি-এ ডিগ্রী নিয়েছে বা বি-এস-সি বা বি-কম ডিগ্রী বা যে ডিপ্লোমা দেওয়া হয়েছে

তাতে তিনি নিজের হাতে স্বাক্ষর দেন নি। একটা যান্ত্রিক পদ্ধতিতে সেখানে স্বাক্ষর দেওয়া হয়েছে এবং এর পিছনে একটা জটিলতার প্রশ্ন দেখা দিয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী আইন বিশারদ এবং আমাদের এখানে বিরোধীপক্ষের যেসমস্ত বন্ধুরা রয়েছেন তাঁদের অনেকেই আইনজ্ঞ রয়েছেন। আমি তাঁদের কাছে এই প্রশ্ন উত্থাপন করছি যে, তাঁরা চিন্তা করে দেখবেন যে, সেখানে অনেক জাল ডিপ্লোমা হবার সম্ভাবনা আছে কিনা এবং এটা আইনের আওতায় আনা যায় কিনা এবং সেটা যদি আইনের আওতায় আসে তা হলে বিচার বিভাগীয় তদন্তের দাবি করি, যেটা নাকি ন্যায্য পাওনা ছাত্রছাত্রীদের সে সম্বন্ধে তা হলে উপাচার্য মহাশয় তার মধ্যে পড়ছেন কিনা। আমাদের অর্থমন্ত্রী মহাশয় যখন নাকি আমাদের সরকারের এই অর্থ বরাদ্দের কিছু অংশ বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেণ্ট খাতে দেই তখন নিশ্চয়ই আমরা সেখানে এই শর্তে একটা কিছু করতে পারি। ছাত্রছাত্রীরা বহু তপস্যার ফলে এই ডিগ্রী-ডিপ্লোমা লাভ করে এবং শুধু লাভ করে না, তারা জীবন প্রতিষ্ঠা করবার জন্য কোন চাকুরির বা অন্য কিছুর ব্যাপারে জীবনে তাদের এটা কাজে লাগে। এই ডিগ্রী-ডিপ্লোমা সারা জীবনের একটা তপস্যার মূল্য। আমরা যেখানে তাদের অন্য কোন স্থানে প্রতিষ্ঠিত করবার সুযোগ-সুবিধা দিতে পারি না সেই তপস্যার মূল্যটির উপর যদি আমরা এই রকম ধরনের যান্ত্রিক পদ্ধতিতে সই করি এবং করে উপাচার্য মহাশয় কর্তব্য শেষ করেন তা হলে এটা আইনসঙ্গত কিনা সেটা আমাদের সকলের চিন্তা করে দেখতে হবে। কারণ অভিভাবক হিসাবে বাংলাদেশের প্রতিটি অভিভাবক আজকে হতভম্ব এবং হতবাক এবং ছাত্রছাত্রীরা তারা নিশ্চয়ই একটা ভবিষ্যতে জটিলতা তাদের জীবনে দেখা দেবে। এ বিষয়ে আমি অত্যন্ত ব্যক্তিগতভাবে বলছি যে, এই সমস্যার সম্মুখীন তাদের ভবিষ্যতে হতে হবে। দ্বিতীয় কথা আমি দেখতে পাচ্ছি যে, আয়-ব্যয়ের বরাদ্দের শিক্ষা খাতে একটি জিনিস ফাঁক রয়েছে। আজকে আমাদের নারীশিক্ষা যে প্রগতি পেয়েছে বিশেষ করে আমি অর্থমন্ত্রীকে বলব যে, তাঁর বিভাগের কোন সেক্রেটারি মহাশয়ের একটি কন্যা যেখানে নাকি আজকে তার নাম করতে বাঙ্গালী হিসাবে আমি গর্ববোধ করি শ্রীমতী কেতকী কুশারী তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে নাম করেছেন এবং আমরা বাঙ্গালী বলে সেখানে গর্ববোধ করতে পারি সেই নারীশিক্ষার প্রগতিতে অর্থাৎ নারীশিক্ষার বরাদ্দ যদি কম করে থাকেন তা হলে আমি বলব যেন, তিনি এটা পুনর্বিবেচনা করেন। বিশেষ করে গত বাজেট অধিবেশনে আমি বলেছি যে, কলিকাতা মহানগরীতে একটি মহিলাদের জন্য পলিটেকনিক করার বিশেষ প্রয়োজন আছে এক্ষেত্রে তিনি আজকে কি করে ব্যয়সংকোচ করলেন তা আমি কিছুতেই বুঝতে পারি না। কারণ দিল্লীতে দেখেছি মহিলা পলিটেকনিকে বহু মেয়ে কাজ করছে এবং যখন আমরা অ্যাকাডেমিক লাইনে চাকুরী বা জীবনে প্রতিষ্ঠা লাভ করতে পারি সেখানে যে যে বিষয়ে আজকে মহিলারা শিক্ষালাভ করতে পারে এই পলিটেকনিক কলেজের মাধ্যমে যেমন টাউন প্ল্যানিং, টেক্সটাইল ডিজাইন, ড্রাফটসম্যানশিপ এই সমস্ত ক্ষেত্রে মহিলারা বিশারদ হতে পারে এবং তার প্রমাণও রয়েছে যেমন আমরা দেখেছি যে রেলওয়ে বোর্ডে বহু ড্রাফটসম্যান মহিলা রয়েছে এবং তাঁদের অনেকে বিশেষজ্ঞও রয়েছেন এবং তাঁরা যথেষ্ট কৃতিত্বের সঙ্গে কাজ করছেন। দিল্লীতে যে পলিটেকনিক স্থাপিত হয়েছে সেখানে আমরা দেখতে পাই বহু মহিলা কৃতিত্বের সঙ্গে ডিপ্লোমা অর্জন করে জীবনে সুপ্রতিষ্ঠিত হয়েছে। আর একটি কথা আমি এই শিক্ষা সম্বন্ধে বলতে চাই কারণ আমি আমার বক্তব্য বিশেষ শিক্ষা খাতেই রাখতে চাই—এই কারণে যে আজকে ছাত্রছাত্রীদের মধ্যে যে বিক্ষোভ এবং যে অসন্তোষ দেখা দিয়েছে সেটাকে রোধ করতে হলে তাদের সমস্যাগুলি সমাধান করা দরকার। গত বছর যখন ইমার্জেন্সি দেখা দিল আমাদের দেশে তখন আমি জানিয়েছি যে, এন সি সি-কে কলেজিয়েট স্টুডেন্টদের একটা কম্পালসারি ট্রেনিং করা হোক।

এখানে দেখতে পাচ্ছি যে, ছাত্রছাত্রীদের জন্য কম্পালসারি ট্রেনিং, এন সি সি-র উল্লেখ করা হয়েছে। কিন্তু আমি জানি আমাদের অর্থমন্ত্রী মহাশয় যদি তিনি শিক্ষামন্ত্রীর কাছে জানতে চান তা হলে নিশ্চয় তিনি উত্তর পাবেন যে, ক্যালকাটা ইউনিভার্সিটিতে দেখা গেছে যে, ফিফ্‌থ ইয়ার স্টুডেন্টদের কাছে এই নোটিশ দেওয়া হয়েছে যে, যখন নাকি সিক্সথ ইয়ার স্টুডেন্টদের ফাইন্যাল পরীক্ষা হবে সেই অবকাশে তারা ইচ্ছা করলে এন সি সি ট্রেনিং নিতে পারে। এইরকম করে তাদের কাছে একটা সার্কুলার দেওয়া হয়েছে। তার মানে আমরা বুঝতে পারছি যে, এই ট্রেনিংটা কম্পালসারি নয়। কিন্তু আমি মনে করি এবং আমার সঙ্গে নিশ্চয় উত্তর

পক্ষের সদস্যরা, এমন কি অর্থমন্ত্রী মহাশয়ও নিশ্চয় মনে করবেন যে, গত বছরে যে ইমারজেন্সি দেখা দিয়েছিল আজকে বিশেষ করে যখন নাকি পাকিস্তান ও চীনের মধ্যে একটা আঁতাত হবার সম্ভাবনা দেখা দিয়েছে তখন নিশ্চয় গত বছরের চেয়ে আজকে আরও বেশি ইমারজেন্সি দরকার এবং এন সি সি-র ট্রেনিং নেওয়া প্রয়োজন। আশা করি অর্থমন্ত্রী মহাশয় আমার সঙ্গে এ বিষয়ে একমত হবেন। আর একটা জিনিস দেখতে পাই যে, আজকাল বাঙালীরা ডিসিপ্লিনড নয় এবং তাদের মধ্যে শৃঙ্খলা বোধের যে অভাব একথাটা আমরা সর্বত্র শুনতে পাই। কিন্তু অতীব দুঃখের বিষয় যে, বাংলাদেশের একজন সামান্য নারী হয়ে আমি স্বীকার করব যে, এই ট্রেনিং যেসমস্ত ছাত্রছাত্রীদের দেওয়া হয় তাদের মধ্যে শৃঙ্খলাবোধের ট্রেনিং জাগিয়ে দেওয়া যে হয় না এ বিষয়ে সন্দেহ নেই। কারণ প্রতি রবিবার আমি দেখি, আমাদের গড়ের মাঠে যে ট্রেনিং দেওয়া হয় ছাত্রদের মধ্যে তাদের সেই ট্রেনিং যখন নাকি ওভার হয়ে যায় তারা তাদের ইউনিফর্ম পরে রাস্তায় এমনভাবে ঘুরে বেড়ায় যাতে নাকি মর্যাদা বাড়ে না। ইউনিফর্ম পরে এইরকমভাবে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ানোটা আমার মনে হয় টিচিং-এর অভাব। আমার মনে হয় টিচাররা যদি এইরকমভাবে শিক্ষা দেন যাতে তারা নাকি ইউনিফর্ম পরে রাস্তায় রাস্তায় ঘুরে না বেড়ায় তা হলে ভাল হয়। অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, মাধ্যমিক টিচার এবং প্রাথমিক শিক্ষকদের তিনি মাইনে বৃদ্ধি করেছেন। ওটা খুব ভাল কথা এবং এর জন্য তিনি সকলের ধন্যবাদের পাত্র। কিন্তু কলেজের প্রফেসর অর্থাৎ যাঁরা নাকি প্রাইভেট কলেজেও প্রফেসারী করেন তাঁদের যে ১৫০ টাকায় স্টার্টিং স্যালারি আরম্ভ হয় সে বিষয়ে তিনি কিন্তু আয়ব্যয়ের বরাদ্দে কোথাও উল্লেখ করেন নি যে, কোন্ খন থেকে আরম্ভ হবে কর্মচারীদের মেডিক্যাল হেল্প দেবার কথা যে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন তার জন্য তিনি সকলের কাছ থেকে এবং দৈনিক খবরের কাগজেও দেখেছি যে তার জন্য সকলেই তাঁকে ধন্যবাদ দিয়েছেন। কিন্তু একটা কথা আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে, বৃটিশ আমলে ঠিক এইরকম ধরনের গভর্নমেন্টের কাছ থেকে সরকারী কর্মচারীদের মেডিক্যাল হেল্প পেতেন। কিন্তু কোন্ সময় এবং কবে থেকে এই স্কীম চালু হবে সেকথা তাঁর বাজেট স্কীমএ কোথাও উল্লেখ করেন নি। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। আজকে ব্যুরো-ক্রেসি প্রথায় যে অ্যাডমিনিস্ট্রেশন তার ইনডোলেন্স এবং ইনএফিসিয়েন্সি যদি দূর করা হয় তা হলে অ্যাডমিনিস্ট্রেশনএর গতিকে তাড়াতাড়ি চালাতে হবে এবং তা যতক্ষণ কার্যে রূপায়ণ করতে না পারছেন ততক্ষণ আমি বলব যে, স্বাধীন ভারতের যে শাসনযন্ত্র এবং বিদেশী শাসন-কালের যে শাসনযন্ত্র এই দুয়ের মধ্যে তফাৎ বেশি কিছু নেই।

কারণ কিছুক্ষণ আগে আমাদের বিরোধী পক্ষের বক্তা বলে গেছেন যে, একটি টি বি পেসেন্টকে যদি ভর্তি করাতে যাই, তা হলে দেখতে পাই ৬ মাসের জায়গায় -কারণ তা হলেও খুব কম বুঝব এক বৎসর প্রায় লেগে যায় একটা হসপিটাল অ্যাডমিশনএর ব্যাপারে। কাজেই আজকে লাল ফিতার যে শাসনচক্র একে যদি আরও আলগা না করা হয়, এবং নূতন পদ্ধতিতে যদি প্রাণবন্ত না করা হয় শাসনচক্রের ভেতর যদি প্রাণ জাগিয়ে তোলা না হয় তা হলে আমরা দেখব যে, একাজের অগ্রগতি যথেষ্ট ব্যাহত হবে। কারণ আমরা দেখেছি, এই কলকাতা শহরের উপরে যে হাঙ্গামা চলে গেল তাকে কেন্দ্র করে আমাদের ত্রাণমন্ত্রীকে আমরা দেখেছি এবং শুনেছি যে তিনি প্রত্যেকটি অর্ডার এবং ফাইল নিজে ডিজপোজ অফ করেছেন। ফলে বিদ্যুৎ-গতিতে ত্রাণমন্ত্রী কাজ চালিয়েছেন এবং দুঃখ-দুর্দশা লাঘব করবার জন্য তাঁর প্রত্যেকটা অফিসারকে কাজে লাগিয়েছেন এবং এই কারণে আমরা দেখেছি যে, আজকে আরও বেশিভাবে যেসমস্ত উদ্বাস্তু আছে এবং মাইনরিটি অ্যাফেক্টেড এরিয়ার লোকেরা ডেজার্টার যারা তাদের খুবই কম কষ্ট সহ্য করতে হয়েছে। সেজন্য পুনরায় বলছি আজকে ছাত্রছাত্রীদের মনের মধ্যে যে অসন্তোষ সেটার কথা তাঁরা চিন্তা করবেন এবং আশা করি জবাবে আমাদের সন্তোষজনক উত্তর দেবেন এবং একথা আবার বলছি, তিনি যে ব্যয়বরাদ্দ এনেছেন তা সমর্থন করতে গিয়ে দু-চারটা কথা আমি বললাম, আশা করি এর যথাযথ উত্তর তিনি প্রদান করবেন।

[2-20—2-30 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে কোন কল্যাণকামী রাষ্ট্রের বাজেট পেশ করা হয়, তখন সে বাজেট যদি শুধু একমাত্র আয়ব্যয়ের খতিয়ান হিসাবে ধরা হয় তা হলে তা ভুল করা হবে। যখন আমরা এই বাজেটকে যথার্থভাবে গ্রহণ করতে পারব তখনই বাজেট সমাজের বিভিন্ন স্তরে সাধারণ মানুষের জীবনযাত্রার মানের সূচক হিসাবে গ্রহণ করতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের সামনে ১৯৬৪-৬৫ সালের যে বাজেট পেশ করা হয়েছে তাতে একটা হতাশা এবং নিরাশার ছবি ফুটে উঠেছে, তিনি এই বাজেটের মধ্য দিয়ে দেশের সাধারণ মানুষকে কোনভাবে সন্তুষ্ট করতে পারেন নি। এই বাজেটের মধ্য দিয়ে বাংলাদেশের সাধারণ মানুষ কোন আশা-আকাঙ্ক্ষার আলো দেখতে পায় নি। বাজেট পেশ করা প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী জাতীয় আয়ের কথা উল্লেখ করেছেন। জাতীয় আয়ের উপর শ্রীপ্রশান্ত মহলানবীশের একটা রিপোর্ট সাবমিট করেছেন এবং সে রিপোর্ট বেশ প্রণিধানযোগ্য। এই রিপোর্টের মধ্যে ২টা বিষয় আলোচনা আছে। মহলানবীশের রিপোর্টে বলা হয়েছে যে, স্বাধীনতার পর থেকে সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নত হয়েছে ঠিক কথা কিন্তু কনজাম্পশন এক্সপেনডিচারএর সেভাবে বৃদ্ধি লাভ ঘটে নি। তিনি তা বলবার চেষ্টা করেছেন তাঁর রিপোর্টের মধ্য দিয়ে যে, যে ব্যয় সাধারণ মানুষের জীবনে ঘটে থাকে সেটুকু সরকারের সোস্যাল সার্ভিসের মধ্য দিয়ে ঘটতে দেন ব্যক্তিগতভাবে মানুষ তার আয় মেটাবার জন্য ও ব্যয় করবার জন্য স্বাধীনতা অর্জন করতে পারে নি। মহলানবীশের রিপোর্টে এই কথা বলা হয়েছে যে, বিগত দশকে কেন্দ্রীভূত অর্থের পরিমাণ বহুগুণে বেড়ে গেছে। এবং তিনি একটি উদাহরণ হিসাবে রেখেছেন সংবাদপত্রের মালিকানা এবং সেই একচেটিয়া মালিকানার মধ্যে দিয়ে কেন্দ্রীভূত অর্থ ধীরে ধীরে কয়েকটি মুষ্টিমেয় গোষ্ঠীর হাতে চলে যাচ্ছে, এইটাই দেখাবার চেষ্টা করেছিলেন। অর্থনীতির ছাত্ররা জানেন যে, আধুনিক সমষ্টিমূলক অর্থনীতি আলোচনাকালে যাকে বলা হয় ইংরাজীতে ম্যাক্রো ইকনমিকস, সেই আলোচনা করে দেখা যাবে জাতীয় আয়ের প্রশ্নটা একটা উল্লেখযোগ্য স্থান অধিকার করে আছে। মাননীয় অর্থমন্ত্রী স্বীকার করেছেন তৃতীয় পাঁচ-সালা পরিকল্পনাকালে যেখানে শতকরা ৫ ভাগ জাতীয় আয়ের প্রশ্ন ছিল সেখানে আমরা সেদিক থেকে পিছিয়ে আছি, শতকরা ২.৫ ভাগ জাতীয় আয়ের বৃদ্ধি হয়েছে। অর্গানাইজেশন ফর ইকনমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট-এর যিনি ডাইরেক্টর, মিঃ সি, তিনি পরীক্ষা করে দেখিয়েছেন যে, পৃথিবীর বহু অনুন্নত এবং উন্নতশীল দেশগুলিতে বছরে শতকরা ৪ ভাগ হারে জাতীয় আয় বৃদ্ধি ঘটেছে কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা আমাদের দেশে এই জাতীয় আয় বৃদ্ধির প্রশ্নে এই গড় অঙ্কের বহু নীচে আছে। এই প্রসঙ্গে আর একটা কথা উল্লেখ করা যায় যে কথা মাননীয় অর্থমন্ত্রী আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যে, লোকসংখ্যা বা জনসংখ্যা ধীরে ধীরে বাড়ছে সেইজন্য অর্থনীতির সুসম বিকাশের ক্ষেত্রে নানা বাধা ও বিঘ্ন উপস্থিত হয়েছে। আন্তর্জাতিক সংস্থার একটা রিপোর্টে দেখা যায় ভারতের মানুষ খাদ্যের পরিমাণ যেভাবে গ্রহণ করে ১৮ শত ক্যালরি, পৃথিবীর সমস্ত দেশের চেয়ে কম। কাজেই আজকেই জনসংখ্যা বৃদ্ধির প্রশ্ন যে জাতীয় আয় বৃদ্ধির সুসম বিকাশের পথ বন্ধ করছে তা মানে হিসাবে সাধারণ মানুষ গ্রহণ করতে পারে না। মাথাপিছু আয় বৃদ্ধি, কল্যাণ এবং সমাজসেবামূলক সমাজের বিভিন্ন স্তরে সাধারণ মানুষের মধ্যে সেটা কেমনভাবে প্রতিফলিত হচ্ছে সেকথা মন্ত্রিমহাশয় তাঁর বিবৃতির মধ্যে রাখেন নি। আমরা যদি একটা রিপোর্ট দেখি- রিপোর্ট অব দি ডোলবারেশন অফ দি প্ল্যানিং কমিশন, জানুয়ারী ১৯৬৩, সেই রিপোর্টের মধ্যে একথা পরিষ্কারভাবে বলা আছে যে, জাতীয় আয় শ্রেণীগতভাবে কিভাবে বণ্টন হচ্ছে সমাজের বিভিন্ন স্তরে, তার খানিকটা আভাস এই রিপোর্টের মধ্যে দেওয়া হয়েছে। এই রিপোর্টের মধ্যে দেখানো হয়েছে জাতীয় আয়, মাথাপিছু আয় বলে যেটাকে আমরা ধরে নিই, সাধারণভাবে সমাজের শতকরা ৬০ ভাগ মানুষের মাথা পিছু আয় তার চেয়ে কম। শতকরা ৬০ জনের জাতীয় আয় মাথাপিছু যা তার চেয়ে কম। এই রিপোর্টের মধ্যে দেখানো হয়েছে যে, আমাদের দেশে দুই-তৃতীয়াংশ মানুষ স্টারভেশন লেভেলে আছে এবং পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে একথা পরিষ্কারভাবে বলা

হয়েছে যে, এ অবস্থার সমাধান কবে ঘটবে তা এখন বলা সম্ভব নয়। এই যেখানে অবস্থা সেখানে আমরা দেখছি যে, আমাদের দেশে জাতীয় আয় সমাজের বিভিন্ন স্তরে সমস্ত শ্রেণীর মানুষকে স্পর্শ করতে পারে নি। অপরদিকে সমাজের শতকরা ৬০ ভাগ মানুষ পরিকল্পনার সমস্ত উন্নয়নের ফলাফল থেকে বঞ্চিত। পরিকল্পনার উন্নয়নের কোন ফলাফল আমাদের দেশের সাধারণ মানুষের একটা বৃহৎ অংশ গ্রহণ করতে পারে নি। সেখানে বাজেটের কতকগুলি পরিসংখ্যানের মধ্যে দিয়ে আমাদের দেশের অগ্রগতি সাধন করা যাবে না।

[2-30—2-40 p.m.]

মাননীয় অর্থমন্ত্রী দেখাবার চেষ্টা করেছেন ১৯৪৮ সাল থেকে আরম্ভ করে আজ পর্যন্ত রাজস্ব খাতে কিভাবে বৃদ্ধি হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী দেখিয়েছেন ১৯৪৮-৪৯ সালে যেখানে ৩২ লক্ষ টাকা রাজস্ব আয় ছিল, ১৯৬৪।৬৫ সালে সেখানে আয় গিয়ে দাঁড়িয়েছে ১৩৬ কোটি টাকায়। অত্যন্ত ভালো কথা ৩২ কোটি থেকে ১৩৬ কোটিতে আমরা পেঁৗছেছি, এরকম একটি উজ্জ্বল চিত্র দিয়ে তিনি আমাদের কাছে বাহবা নেবার চেষ্টা করেছেন। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী একটা কথা চেপে গিয়েছেন—রাজস্ব খাতে আয়-ব্যয়ের হিসাব দেখিয়ে তিনি দেখাবার চেষ্টা করেছেন কংগ্রেস সরকারের সুযোগ্য নেতৃত্বে কিভাবে বাংলাদেশ ধীরে ধীরে অগ্রগতির দিকে এগিয়ে গিয়েছে, কিন্তু আমি অর্থমন্ত্রীকে প্রশ্ন করি স্বাধীনতার পর থেকে শুরু করে আজ পর্যন্ত বাংলাদেশে নিট ক্ষতির পরিমাণ কি হয়েছে সেটা দেখাবার সৎসাহস রাখেন না কেন। ১৯৪৭ সাল থেকে ১৯৬৩ সালের মার্চ মাস পর্যন্ত এই সাড়ে ১৫ বৎসরের মধ্যে আমাদের বাংলাদেশের নিট ক্ষতির পরিমাণ কত ছিল। এই ১৫ বৎসরের মধ্যে সাড়ে ছয় বৎসরে আমাদের উদ্বৃত্ত ছিল ২১ কোটি ৮১ লক্ষ আর ৯ বৎসরে ঘাটতি হল ৫০ কোটি ৮৭ লক্ষ টাকা, অর্থাৎ ১৫ বৎসরে নিট ঘাটতি হল ২৯·০৬ কোটি টাকা। এটা মাননীয় অর্থমন্ত্রীর দেখাবার সৎসাহস নাই কেন? মাননীয় অর্থমন্ত্রী অনেক রকম উদ্ধৃতি দিয়ে রাজস্ব বৃদ্ধির কথা দেখালেন, কিন্তু সেখানে এত ঘাটতি থাকে কেন? ঘাটতির পরিমাণ ক্রমশ বেড়ে যাচ্ছে এবং এই বিষয়ে সরকার তার বক্তব্য রাখেন নি। চলতি বৎসরের হিসাব পেশ করতে গিয়ে তিনি দেখিয়েছেন যে চলতি বৎসরে আয় ছিল ১৭·৫ কোটি টাকা, ব্যয় ৭৯ কোটি, উদ্বৃত্ত ৭·২৭ কোটি। সংশোধিত বাজেট পেশ হল তখন আয়ের খাতে কিছু বাড়ল, ১১·৫৮ কোটি, ব্যয় ১১·৫ কোটি, উদ্বৃত্ত খাতে বাড়ল ৫০ লক্ষ টাকা। এখন প্রশ্ন হচ্ছে, সংশোধিত বাজেটে আয়ের পরিমাণ বাড়ল, কিন্তু সংশোধিত বাজেটে দেখা গেল ব্যয়ের পরিমাণও বাড়ছে—এটা আমাদের বাংলাদেশের অর্থনীতির ক্ষেত্রে একটা বিচিত্র ব্যাপার যে, আয় বৃদ্ধির সংগে সঙ্গে ব্যয় বৃদ্ধিরও একটা হিসাব যেন রাখতে হবে, অর্থাৎ যখন প্রথম মূল বাজেট পেশ করা হয় তখন এটা ঠিক ধরা থাকে না। তারপর আমাদের অনেক পরিকল্পনার কথা বলা হয়েছে।

আপনি আগামী বছরের বাজেট রেখেছেন এবং এই বাজেট রাখতে গিয়ে একটা জিনিস কৌশলে চেপে গেছেন সেটা হচ্ছে এই যে ঘাটতি থাকবে সেটা কিভাবে উশুল করবেন। আপনি যে বাজেট রেখেছেন তাতে দেখছি রাজস্ব উদ্বৃত্ত হবে ৫ পয়েণ্ট ৬১ কোটি টাকা এবং রাজস্ব বহির্ভূত খাতে ঘাটতি হবে ৮ পয়েণ্ট ১৯ কোটি টাকা—অর্থাৎ নিট ঘাটতি ২ পয়েণ্ট ৫৮ কোটি টাকা। যে সময় কাজ করেছেন তখন উদ্বৃত্ত মূলধন ছিল ১১ লক্ষ টাকা এটা যদি বাদ দেওয়া যায় তাহলে নিট ঘাটতি ২ পয়েন্ট ৪৭ কোটি টাকা। এই টাকাটা সরকার কিভাবে আদায় করবেন? এটা কি ঋণ গ্রহণের মাধ্যমে আদায় করবেন, না নূতন কর চাপাবেন সেটা বলেন নি। আর একটা কথা বলে তিনি বাহবা নেবার চেষ্টা করেছেন এবং সেটা হোল, দেখ আমি কত দয়া পরবশ —বাংলা সরকারের কর্মচারীদের জন্য আমি কত ভাল ব্যবস্থা করেছি। এ ব্যাপারে গত পরশুদিন আপনি একটা বিবৃতি দিয়েছেন এবং সেখানে একথা বলবার চেষ্টা করেছেন যে, সরকারী কর্মচারীদের মাগ্‌গী ভাতা বৃদ্ধি, তাঁদের চিকিৎসার ব্যবস্থা এবং মৃত সরকারী কর্মচারীদের পরিবারের জন্য পেনসন-এর ব্যবস্থা করেছেন এবং তার জন্য ব্যয় হবে ৪ কোটি টাকা। এ ব্যাপারে আপনি ভূমিরাজস্ব এবং রেজিস্ট্রেশন থেকে ১ কোটি টাকা আদায় করবার কথা বলেছেন, কিন্তু এ ক্ষেত্রে যে ১ কোটি ১০ লক্ষ টাকা ঘাটতি হবে সেটা কিভাবে আদায় করবেন? এর জন্য নূতন কর বসাবার কথা চিন্তা করছেন বা অন্যভাবে আদায় করবেন সে সম্বন্ধে কোন কথা নেই। আপনার

যদি সৎসাহস থাকত তাহলে হওসেই ঘোষণা করতেন যে, ঘাটীত হোলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেটা আদায় করব বা অন্য রিসোর্স থেকে আদায় করব—নূতন ট্যাক্স ইম্পোজ করব না। এটা যদি করতেন তাহলে বাংলাদেশের মানুষ আপনাদের বিশ্বাস করত এবং বুঝত যে, সরকার একটা নূতন নীতির মাধ্যমে এখন থেকে বাংলাদেশের মানুষকে কিছুটা রেহাই দেবার চেষ্টা করছেন। কিন্তু বাজেটে যে জিনিস রাখছেন সেটা কেন করতে যাচ্ছেন? আজকে আপনারা যদি নূতনভাবে কর চাপাবার কথা চিন্তা করেন তাহলে বাংলাদেশের মানুষের আর্থিক অবস্থা আরও অসহনীয় হবে। আমরা দেখেছি ১৯৫০-৫১ সালে মানুষের মাথা পিছু যে কর ছিল আজকে ১৯৬২-৬৩ সালে তার পরিমাণ বহু গুণ বেড়েছে। সেলস ট্যাক্স যেখানে ছিল ৫ কোটি টাকা, আজকে সেখানে ৩২ কোটি টাকা হবে—অর্থাৎ ৬০০ পার্সেন্ট বেড়েছে। শুধু তাই নয়, এইভাবে স্টেট এক্সাইজ ডিউটি, মোটর ভেহিকেল ট্যাক্স প্রভৃতি পরোক্ষ করের মাধ্যমে মানুষের জীবন দুর্বিসহ করছেন। আজকে মানুষ পরিষ্কারভাবে সরকারের কাছ থেকে এই বক্তব্য চায় যে, সরকার কি চিন্তা করছেন? আপনারা বাজেট পেশ করেছেন, কিন্তু সরকারের একথা পরিষ্কার মনে রাখা দরকার যে, কোন একটা রাষ্ট্রের বিশেষ করে বাংলাদেশের অর্থনীতির যদি উন্নতি করতে চান, ডেভলপমেন্ট করতে চান তাহলে তার কৃষি ব্যবস্থার উপর অত্যন্ত জোর দিতে হবে। কৃষি খাতে বেশী টাকা ধরলেই কৃষি ব্যবস্থার উন্নতি হয় না। আপনারা হয়ত বলবেন প্রাকৃতিক দুর্যোগ এবং নানা অসুবিধার জন্য উৎপাদনের ক্ষেত্রে ব্যাঘাত হয়। কিন্তু একটা জিনিসের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে কৃষি ব্যবস্থার জন্য সরকার যে কৃষি নীতি গ্রহণ করেছেন তার সংস্কার যতক্ষণ পর্যন্ত না হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা বাংলাদেশের অর্থনীতিকে একটা সুঠাম কাঠামোর মধ্যে আনতে পারব না। কৃষি ব্যবস্থার আমূল পরিবর্তন করবার জন্য আপনারা যে ভূমি সংস্কার করেছেন তার ফল কি হয়েছে? আমি এ ব্যাপারে একটি কমিটির রিপোর্ট এখানে উল্লেখ করব। স্যার, কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির প্রধান অধ্যাপক শ্রীসরোজ বসু এবং ঐ বিভাগের রিডার এস কে ভট্টাচার্যের উপর ভার দেওয়া হয়েছিল যে, ভূমি সংস্কার আইন ঠিক ভাবে রূপায়িত হচ্ছে কিনা সেটা তাঁরা পর্যবেক্ষণ করে দেখবেন এবং একটা রিপোর্ট দেবেন। তাঁরা পর্যবেক্ষণ করে বলেছেন, "আমরা একথার উল্লেখ না করিয়া পারি না যে, আইনগুলির মৌলিক কাঠামোই এমন যে, ভূমি সংস্কারের উদ্দেশ্য সন্তোষজনকভাবে সিদ্ধ হইবে বলিয়া আশা করা যায় না"। তাঁরা আরও বলেছেন, "জমিদারী উচ্ছেদ আইনকে ফাঁকী দেবার উদ্দেশ্যে ১৯৫২ সাল থেকে ১৯৫৪ সালের মধ্যে পুরুলিয়া এবং দার্জিলিঙ জিলা বাদে অন্য জেলাগুলিতে কমপক্ষে প্রায় ১ লক্ষ ৫ হাজার একর জমি বেনামীতে হস্তান্তর করা হইয়াছে।"

[2-40—2-50 p.m.]

এই রিপোর্ট কোন ইণ্ডিভিজুয়াল পার্সন-এর রিপোর্ট নয়, এটা সরকারী পরিচালিত কমিটি। ডঃ সরোজ বসু, শ্রী এস কে ভট্টাচার্য তদন্ত করে একটা রিপোর্ট সাবমিট করেছে। বাংলাদেশে ১৯৫২-৫৪ সালে পুরুলিয়া জেলা এবং দার্জিলিঙ জেলা বাদ দিয়ে ১ লক্ষ ২৫ একর জমি বেনামী হস্তান্তর করা হয়েছে, ভূমি সংস্কারের নামে বাংলাদেশের গ্রামের কৃষকদের কাছে এই চেহারা দেখিয়ে বলা হবে তাদের জন্য ভূমি সংস্কার আইন করেছেন এবং জমিদারী উচ্ছেদ করে সাধারণভাবে সমস্ত মানুষের জন্য পশ্চিমবাংলার মানুষের জন্য তারা অনেক কিছু করবার চেষ্টা করছেন। কিন্তু আপনারা কি জানেন না ১ লক্ষ ২৫ একর জমি বেনামী হস্তান্তর করেছেন? এই অবস্থায় যদি বলতে চান আপনারা উৎসাহ দিচ্ছেন তাহলে আমি বলতে চাই বাংলাদেশের অর্থনীতি কখনও বিকাশলাভ করবে না। বাংলাদেশের কৃষিক্ষেত্রে দারুন বিপর্যয় নেমে আসবে বাংলাদেশের অর্থনীতি টুকরো টুকরো হয়ে যাবে, আপনারা রাখতে পারবেন না। কাজে কাজেই আপনাদের এ বিষয়ে অত্যন্ত যত্নবান হয়ে অত্যন্ত সাবধান হয়ে অগ্রসর হওয়া উচিত। মাননীয় অর্থমন্ত্রিমহাশয় যখন বাজেট পেশ করেন তখন তিনি ঘোষণা করেছেন যে আগামী ১লা মার্চ থেকে ২ লক্ষ সরকারী কর্মচারীদের সুযোগ-সুবিধা দেওয়া হবে। বাংলাদেশের সরকারী কর্মচারীরা এতদিন ধরে সংগ্রাম করে এসেছে ৫ টাকা মহার্ঘ ভাতার জন্য নয় এবং যেভাবে আজকে মহার্ঘ ভাতার প্রশ্ন নিয়ে তাদের সামনে সরকার হাজির হয়েছেন আমি মনে করি তাতে বাংলা-

দেশের সরকারী কর্মচারীদের প্রতি অবজ্ঞা প্রদর্শন করা হয়েছে। ১৫০ টাকা পর্যন্ত য বেতন পায় এরকম মানুষ, সরকারী কর্মচারী ৫ টাকা মহার্ঘ ভাতা পাবে ১৫০ টাকার উপর য মাইনে পায় তারা পাবে ১০ টাকা। মাননীয় অর্থমন্ত্রিমহাশয় কি জানেন বাংলাদেশে ২ ল সরকারী কর্মচারীদের মধ্যে কত জন ১৫০ টাকার কম বেতন পান? যদি না জানেন বলে দিচি এদের সংখ্যা হবে ১ লক্ষ ৭৩ হাজার। এই ১ লক্ষ ৭৩ হাজার কর্মচারী যারা ১৫০ টাকার বেতন পান যাদের আপনারা বঞ্চিত করছেন মাত্র ৫ টাকা দিয়ে। তারা এই ৫ টাকা প্রত্যাখ্যা করবে। সরকারী কর্মচারীরা এতদিন ধরে ৫ টাকার জন্য আলাপ-আলোচনা করে নি। আজ একথা অত্যন্ত পরিষ্কার যে জিনিসপত্রের দাম অত্যন্ত বাড়তি। সরকারের দ্রব্যমূল্যকে সাধারণ ক্রয়মূল্যের মধ্যে রাখতে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। যেখানে আজকে ৫ টাকা মহা ভাতা বৃদ্ধির মধ্য দিয়ে সরকারী কর্মচারীদের যে আপনারা অবহেলা প্রদর্শন করেছেন ত প্রতিবাদে আপনারা নিশ্চয়ই জানেন তারা ২২এ তারিখে সরকারী কর্মচারীদের দাবী দিব বলে পালন করবেন এবং সেজন্য এক স্মারকলিপিও তারা দিয়েছেন। কাজে কাজেই আম দেখতে পাই বাজেটের মধ্যে দফাওয়ারী যে ভাগ করেছেন, কৃষি উন্নতি ইত্যাদির কথা বলেছে তাতে মূলে গলদ রয়েছে, ভূমি সংস্কারের ক্ষেত্রে একটা বিরাট গাফিলতি রয়েছে, সরকারী কম চারীদের উন্নতির কথা বলেছেন এবং তাদের প্রতি যে দয়া-দাক্ষিণ্য দেখাবার কথা বলেছেন তা দেখতে পাচ্ছি তাদের প্রতি চরম অবহেলা প্রদর্শন করা হয়েছে। এইভাবে আমরা দেখতে পা প্রতি ক্ষেত্রে—শিক্ষা ক্ষেত্রে, শিল্প ক্ষেত্রে, প্রতিটি ক্ষেত্রেই উন্নয়নের অগ্রগতির যে চিত্র আঁক হয়েছে তাতে সমস্ত ক্ষেত্রেই দেশের মানুষকে একটা হতাশার মধ্যে রেখে দিয়েছেন। সেজন আমি মনে করি যে বাজেট অর্থমন্ত্রিমহাশয় আমাদের সামনে পেশ করেছেন তা সাধারণ মানুষে স্বার্থের বিরুদ্ধে। সাধারণ মানুষের কথা এর মধ্যে নেই, তাই এই বাজেট মোটেই সমর্থন করতে পারি না।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: মাননীয় অর্থমন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন সেট আমি সমর্থন করছি। এই প্রসঙ্গে আপনার মাধ্যমে কিছু বক্তব্য রাখতে চাই। আমরা অনেক খাদ্যের অপব্যবহার করছি। অপব্যবহারের দলে আমিষ জাতীয় খাদ্য এবং স্নেহ জাতীয় খাদ্যের অভাব দিন দিনই বেড়ে যাচ্ছে। আমি ২-১ উদাহরণ দিচ্ছি। প্রথমে যাদের অপব্যবহারের কথা বলবো - পশু ক্লেশ নিবারণের জন্য আইন আছে। নির্বিচারে পশুপক্ষী ধ্বংস বন্ধের আইন আছে এমন কি বন্য পশু সংরক্ষণের আইন আছে কিন্তু আমাদের অন্যতম খাদ্য মাছ তা সংরক্ষণের কোন আইন নাই। এর ফলে ডিম ফুটে বাচ্চা হবার দিন থেকেই যে কোন বয়সের মাছ ও যে কোন মাছ যে কোন ডিম তা মারতে পারে যে কোন লোক। বর্ষাকালের গ্রামাঞ্চলে এসব মাছের পোনায়ে জাল দিয়ে রুই, কাতলা, মৃগেল ইত্যাদি সব রকমের মাছের চারা জেলেরা মারছে এবং ১০-১২ আনা দরে খাবার জন্য বাজারে বিক্রয় করছে। ফলে মাছের অভাব হয় ঐ বিক্রয়ের ফলে বর্ষার পর থেকেই গ্রামাঞ্চলে এবং মফঃস্বল শহরে অত্যন্ত মাছের অভাব হচ্ছে। আবার বর্ষাকাল না আসা পর্যন্ত ঐ অভাব চলে। এই চারা মাছ মারা যাতে বন্ধ হয় তার দিকে নজর দেওয়া দরকার। ছোট কোন রুই, কাতলা, অথবা মৃগেল মাছ বাজারে বিক্রয় নিষিদ্ধ করে দেওয়া উচিত। আমার মনে হয় এটি করলে গ্রামাঞ্চলে মাছের অভাব কিছুটা মিটবে। এরপর আমি নারকেলের অপব্যবহারের কথা বলতে চাই। আমরা দৈনিক হাজার হাজার কাঁচ নারকেল অর্থাৎ ডাব খাচ্ছি। একটি ডাবের জল থেকে মাত্র ২০-২৫ ক্যালোরিক ফুড পাচ্ছি। নারকেলের বাকী অংশ অর্থাৎ খোলটা ফেলে দিলে নষ্ট হয়ে যায়, অথচ একটি নারকেলকে শুকনা নারকেল করে ব্যবহার করলে তা থেকে অনেক সুবিধা পাচ্ছি। ৫০০-১০০০ ক্যালোরি ফুড পাওয়া যায়। নারকেলের খোসা থেকে কোয়ার এবং তুর থেকে দড়ি তৈয়ারী হয়। কোয়ার থেকে দড়ি করলে আমাদের যে দড়ির অভাব আছে সেটা মিটবে এবং বেকার যুবকের কর্ম সংস্থান হবে। এর অভাব আমাদের বাংলাদেশে খুবই হয়েছে। কেরালে এবং মাদ্রাজে ডাব বিক্রয় বন্ধ করে দেওয়া হয়েছে। ফলে সেখানে ডাব পাওয়া যায় না এবং এর ব্যবহার বাংলাদেশের বন্ধ করা উচিত। হয়ত বলবেন গৃহস্থরা ক্ষতিগ্রস্ত হবে, এর উত্তরে বলবো চব্বিশপরগনা ও হাওড়া জেলায় নারকেল গাছে ফুল হয় তখন মহাজনরা দাদন দেয় ও গৃহস্থরা প্রতি ডাবের জন্য ১০ নয়া পয়সা দাম দেয়, তা

বিক্রি না করে, যদি তারা শুকনা নারকেল করে বিক্রয় করতে পারে তাহলে গৃহস্থরা অন্তত প্রতি নারকেলে ২০-২৫ নয়া পয়সা পাবে। এর পর মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে উত্তর বাংলা সম্বন্ধে ২-১টা কথা বলেই আমার বক্তব্য শেষ করব।

[2-50—3 p.m.]

নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এর দুরবস্থার কথা আপনার মাধ্যমে জানাতে চাই। এই স্টেট ট্রান্সপোর্ট হওয়ার অনেক সুবিধা হয়েছে। এর জন্য কিছু উদ্বাস্তু ছেলেরা চাকুরি পেয়েছে। জনসাধারণের যাওয়া আসার সুবিধা হয়েছে। কিন্তু বর্তমানে যে অবস্থা তাতে বাস সময়মত চলছে না। এর অনেক বাস খারাপ হয়ে আছে এর দিকে নজর না দিলে বা রিপেয়ার না করলে রাস্তায় বাস যেখানে ব্রেক সেখানে ডাউন হচ্ছে। এর দরুন প্যাসেঞ্জার ট্রেন মিস করছে এবং দুর্ভোগ ভুগছে। এর ফলে স্টেট ট্রান্সপোর্টের যে পপুলারিটি হয়েছিল সেটা কমে যাচ্ছে। আমার সাজেসান্স হচ্ছে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট থেকে যে হাটের বাস দেওয়া হয়েছে তা বন্ধ করে দিয়ে যাতে এসব বাস সময় মত চলে বা স্টার্ট করে তা দেখা দরকার। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট নাম্বার অফ সার্ভিস না বাড়িয়ে প্রথমে দেখা উচিত যে বাস চলছে তা নিয়মিতভাবে রান করে। স্টেট ট্রান্সপোর্টের আর একটা ক্ষতির কারণ হল সেখানে ট্যাক্সিতে বহু প্যাসেঞ্জার ক্যারি করছে। ঐ ট্যাক্সিগুলি বাসের রেটে ভাড়া নেয়। এবং একটা ট্যাক্সিতে ১৪-১৫ জন করে গাদাগাদি করে নেয় এবং সেটা বাসের আগেই পৌঁছায়। এর ফলে গভর্নমেন্ট-এর ইনকাম নষ্ট হচ্ছে এবং ভবিষ্যতে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট বিরাট লোকসানের সম্মুখীন হবে। এর পর বলছি ওয়েস্ট বেঙ্গল দিনাজপুর, মালদহ থেকে অর্থাৎ কোচবিহার-জলপাইগুড়ি এসব জায়গায় যেতে গেলে মাঝখানে ২ জায়গায় বিহারের মধ্য দিয়ে পাশ করতে হবে। ডাল-খোলাতে তিন ফার্লং জমি পড়ে বিহারের মধ্যে কিষাণগঞ্জে ও মধ্যে ২ মাইল, এর ফলে যে প্যাসেঞ্জারের বাস, ট্রাক যায় তাদের ঐ চেক পোস্টে ঘুষ না দিয়ে পার হবার উপায় থাকে না, এবং পয়সা না পেলে চেক করার নামে ২ ঘণ্টা পর্যন্ত আটক রাখে। আমি মন্ত্রিমহাশয়কে বলবো এখানে ডাইভার্সন করে এই অসুবিধা দূর করুন। আজকাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রারি না করলে চাকুরি হয় না। কিন্তু এর সুযোগ সব ছেলেরা পায় না। ওয়েস্ট দিনাজপুরে কোন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিস আজ পর্যন্ত হয় নি। আমার মনে হয় প্রত্যেক ডিস্ট্রিক্ট-এ এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিস খোলা দরকার অথবা ব্লক ডেভেলপমেন্ট অফিসে একজনের উপর এ ভার দেওয়া এবং তিনি অ্যাপ্লিকেশান নিয়ে নাম রেজিস্ট্রারি করার ব্যবস্থা করবেন। এরপর রিলিফ ও রিহ্যাবিলিটেসান সম্বন্ধে বলবো, সেখানে ৫-৬ হাজার উদ্বাস্তু যারা আছে তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। উত্তর বাংলায় ৫-৬ লক্ষ রিফিউজি আছে-তাদের জন্য আজ পর্যন্ত কোন রিহ্যাবিলিটেসনের ব্যবস্থা হয় নি। এখানে যা দেখতে পাচ্ছি এদের জন্য আর কোন ব্যবস্থা করা হবে কিনা সন্দেহ।

আমার দ্বিতীয় কথা হচ্ছে অন্তত এদের জন্য যে সমস্ত বিগ ইন্ডাস্ট্রি হচ্ছে এই দিকে একটা কোটা ফিক্সট করে রাখা হোক যাতে করে তাদের প্রোভাইড করা যায়। নর্থ বেঙ্গল একটা বিশেষ অসুবিধা হচ্ছে যে সেখানে কোন অনাথ আশ্রম নেই। সেইজন্যই প্রায়ই দেখি বিধবা মেয়েরা এসে অনেক সময় আমাদের কাছে ধরনা দেয়—আমরা কিন্তু কোন কিছু করতে পারি না কোন সাহায্য করতে পারি না। একমাত্র তাদের বলি দরখাস্ত করুন। তার আর কোন সুযোগ সুবিধা তারা পায় না। আর একটি কথা—দণ্ডকারণ্যে যে সুযোগ দেওয়া হচ্ছে সেখানে নর্থ বেঙ্গলের রিফিউজিরা কোন সুযোগ পায় না। আমার আপনার মাধ্যমে অনুরোধ হবে নর্থ বেঙ্গলের রিফিউজীদের দণ্ডকারণ্যে বসবাসের সুযোগ দেবার ব্যবস্থা করবেন।

Shri Radha Nath Adhikari:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের পশ্চিমবাংলা জটিল সমস্যায় বিজড়িত। গত বৎসর চীনা আক্রমণের কালো ঘন মেঘ ভারতের ভাগ্যাকাশকে ছেয়ে ফেলতে চেয়েছিল তখন আমাদের বাজেট উপস্থিত হয়েছিল। সেই দুর্যোগ না যেতে

যেতেই আবার পাকিস্তান তার রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি লাভের জন্য সুপরিকল্পিতভাবে সে যে দাঙ্গার সৃষ্টি করেছিল তার প্রতিক্রিয়া আমাদের পশ্চিমবাংলায় এসে পড়েছিল। অত্যন্ত সুখের ও আনন্দের বিষয় যে জনগণের সাহায্যে সরকার সেই দাঙ্গা থামিয়ে দিতে পেরেছে। তা হলেও আমাদের এই জটিল সমস্যা ও দাঙ্গার সমস্যার মধ্যে সীমাবদ্ধ সম্পদের মধ্যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে সর্বাঙ্গীন উন্নতির দিকে লক্ষ্য দিয়েছে তা এই বাজেটে পরিষ্কারভাবে দেখা যায়। বাজেট প্রকাশের সঙ্গে সঙ্গে ইকনমিক রিভিউ প্রকাশ করার ফলে আমরা পশ্চিমবঙ্গের একটা সামগ্রিক উন্নয়নের চিত্র পরিষ্কারভাবে আমরা দেখতে পেয়েছি। কাজেই বাজেটে কোন প্রকার সত্যের অপলাপ বা সত্যিকারের চিত্রটির গোপন করার প্রচেষ্টা হয়েছে তা নয়। ইকনমিক রিভিউ দিয়ে আজকে সত্যিকারের চিত্র ফুটিয়ে তোলা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রিমহাশয় অত্যন্ত নিপুণভাবে তাঁর এই বাজেট তিনি রচিত করেছেন। স্বাধীনতা লাভের পর যে দেউলিয়া ভাব ছিল সেই দেউলিয়া ভাবকে কাটিয়ে অর্থনৈতিক পরিস্থিতিকে অনেকখানি স্থিতিশীল হয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। মোটামুটি এই বাজেটের মধ্য দিয়ে কৃষি বিষয়ে কিছুটা আলোচনা করতে চাই। এই দিক দিয়ে অর্থমন্ত্রিমহাশয়ের যে দোষ-ত্রুটি হয়েছে তিনি তা অকপটে স্বীকার করেছেন। এই জন্য আমি এবং আমাদের পক্ষ থেকে তিনি প্রশংসা ও ধন্যবাদ অর্জন করতে পারেন। কৃষি বিষয়ে অত্যন্ত সুখের কথা যে গত বছর ৫ কোটি ৬১ লক্ষ টাকার জায়গায় এ বছর ৯ কোটি ৭৪ লক্ষ টাকা বৃদ্ধি করা হয়েছে। বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে সত্য, তা হলেও তিনি অকপটে স্বীকার করেছেন যে কৃষি উৎপাদন ক্ষেত্রে অসফলতাই আয় হ্রাসের কারণ। এবং কৃষি উৎপাদনের গতি অত্যন্ত শ্লথ গতিতে বৃদ্ধি হয়েছে। কিন্তু আমি খুব খুশী যে আজ সরকার এবং জনসাধারণ উপলব্ধি করেছেন যে কৃষির উন্নতি যাতে বৃদ্ধি হয় তার জন্য উন্নত সার বীজ ও ঋণের সুযোগ সুবিধা যথেষ্ট দেওয়া হয়েছে। তথাপি উন্নতি কেন শ্লথ গতিতে হোল—কেন অসাফল্য অর্জন করলো এ বিষয়ে চিন্তা করে দেখা একান্ত প্রয়োজন। কৃষির দিক দিয়ে মূলধন বিনিয়োগ করলেই যে ফল পাওয়া যায়—কৃষকরা চাষ করলেই যে ফল পাবে এরকম কোন গ্যারাণ্টি বা নিশ্চয়তা নেই।

[3—3-30 p.m.]

সেই দিক থেকে আমার মনে হয় যে যেমন তারা চাষ করলো, তারা টাকা বিনিয়োগ করলো, পরিশ্রম করলো, কন্তু ফসল কাটার সময় দেখা গেল ফসল তারা পেলো না, নানা রকম দৈব দুর্বিপাকের ফলে সে ফসল নষ্ট হয়ে গেল। দু-বৎসর যদি ফসল না পেলো, হয়ত ক্যো এক বৎসর ফসল পেয়ে গেল, এই অনিশ্চয়তার হাত হতে কৃষকদের রক্ষা করতে হবে। তার জন্য আমার মনে হয়, যদি সম্ভব হয়, ইন্সিওরেন্স পলিসি, চাষীর দিক থেকে ইন্সিওরেন্স চালু করার একান্ত প্রয়োজন আছে বলে আমি মনে করি। যাতে চাষ করার পরে, অর্থ বিনিয়োগ করার পরেও কৃষকদের বিফল মনোরথ না হতে হয়, কিছু তারা পেতে পারে, সে ব্যবস্থা করাটা একান্ত প্রয়াজন। চাষের উৎপাদন বৃদ্ধি করতে হলে কয়েকটি বিষয়ের প্রয়োজন, যেমন জল সরবরাহ, জল সংরক্ষণ, জল নিষ্কাশন, এগুলো একান্ত প্রয়োজন। যেমন উন্নত বীজ, সার, উন্নত যন্ত্রপাতির প্রয়োজন তেমনি এইগুলিও প্রয়োজন। যখন জল পাওয়া যায় না তখা জল সরবরাহ করা যেমন একান্ত প্রয়োজন তেমনি অতি বৃষ্টি হলে চাষীর ফসল যে নষ্ট হয়ে যেতে পারে সেই জল নিষ্কাশনের ব্যবস্থা করাও একান্ত প্রয়োজন। জল সরবরাহের জন্য সীমাবদ্ধ ক্ষেত্রে এখন তা আছে। অর্থাৎ যেখানে বড় বড় নদী পাওয়া গিয়েছে সেই নদী পরিকল্পনার দ্বারা, আর যেখানে নদী নেই সেখানে গভীর নলকূপ বসিয়ে জল সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে। সুখের ও আনন্দের বিষয় যে গভীর নলকূপ যাতে বেশী করে বসান যায় সরকার সেদিকে নজর দিয়েছেন। জল নিষ্কাশনেরও একটা ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। জল বেশী হলে জলের দ্বারা চাষ নষ্ট হয়ে যাবে। এ হতে দেওয়া কিছুতেই উচিত না। এখনও বাংলাদেশে এমন খাল, নদী নালা আছে যা বহুদিন ধরে ৩০-৪০-৬০ কি ১০০ বৎসর ধরে কোন সংস্কারই হয় নি। খালগুলি মজে মাটির সঙ্গে সমান হয়ে গিয়েছে। চাষীরা যে সমস্যা বহুদিন ধরে ভোগ করে আসছে, যার প্রতিকার চায়, বহু বৎসর ধরে চাইছে, অথচ তার প্রতিকার পাচ্ছে না। তারা

জানে না, হয়ত তারা লেম্যান, কিভাবে এই সমস্যার সমাধান করা দরকার। কাজেই চাষীদের যে দীর্ঘদিনের দাবী তাকে সহানুভূতির সঙ্গে দেখা, বিবেচনা করা, পরীক্ষা নিরীক্ষা করে যাতে সে সমস্যার সমাধান হয় তার চেষ্টা করা একান্ত উচিত। আমরা দেখেছি রাস্তাকে চলাচলের উপযোগী রাখবার জন্য প্রায় প্রতি বৎসর বা কয়েক বৎসর অন্তর তাকে সারিয়ে রাখা হয় কিন্তু জল নিষ্কাশনের যে খাল নালাগুলি আছে তাকে সংস্কার করবার কোন ব্যবস্থা নেই। তাই আমার মনে হয় প্রতি কয়েক বৎসর অন্তর অন্তত এই জল নিষ্কাশনের খাল ও নালাগুলিকে সংস্কার করা একান্ত উচিত বলে আমি মনে করি। যেমন বৃহৎ পরিকল্পনা করে আমরা চাষের সুবিধা করবার চেষ্টা করেছি তেমনি ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনার দিকে আমাদের মন দেওয়া একান্ত উচিত বলে আমি মনে করি। আমরা একেবারে অস্বীকার করতে পারি না যে চাষীদের অবস্থার কোন উন্নতি হয় নি, চাষীদের অবস্থার খানিকটা উন্নতি হয়েছে এবং আমরা যদিও গ্রামে গ্রামে কিছু রেডিও, কিছু নলকূপ, কিছু সাইকেল দেখতে পাই তা হলেও তাতে আমাদের সন্তুষ্ট থাকা চলে না। আমরা দেখেছি এবং একথা অস্বীকার করতে পারি না যে চাষের পর চাষ উঠার কিছু সময়ের পরেই দেখা যায় যে চাষীর ঘরে আর ধান থাকে না। অর্থাৎ তাদের অর্থনৈতিক বুনিয়াদ এখনও সত্যিকারের খুব দৃঢ় হয় নি। সেই অর্থনৈতিক বুনিয়াদ দৃঢ় করা একান্ত প্রয়োজন। অর্থনৈতিক বুনিয়াদকে দৃঢ় করার জন্য তাদেরকে কিছু ঋণ আমরা দিই সত্যি কিন্তু দেখা গিয়েছে কিছু কিছু কর্মচারীর গাফিলতির ফলে যাঁরা ঋণ নেন তাঁরা অযথা হয়রানি হন। বিশেষ করে গ্রুপ লোনের ক্ষেত্রে এমন হয়রানি হয় যে চাষীরা কিছুতেই উৎসাহিত হয় না ঐ ঋণ নেবার জন্য। ঋণ শোধ করবার পরেও তাদের ঘাড়ে আবার ঋণের বোঝা গিয়ে চাপে। এমন কি তাদের গরু-বাছুর পর্যন্ত ক্রোক করা হয়। চাষীদের স্বার্থের দিকে যদি আমরা খুব বেশী নজর না দিই তাহলে তাদের কাছ থেকে সত্যিকারের ভাল উৎপাদন আমরা আশা করতে পারি না। কাজেই সেদিক দিয়ে দেখতে হবে, চাষীদের স্বাস্থ্য যাতে ভাল থাকে সেদিকে নজর দেওয়া একান্ত প্রয়োজন। পানীয় জলের ব্যবস্থা আমরা করেছি এটা সত্যি কিন্তু দেখা যাচ্ছে যে গ্রামে গ্রামে বহু টিউব-ওয়েল অকেজো হয়ে পড়ে আছে যা সংস্কার করা একান্ত উচিত। সেই দিক দিয়ে আমার একটা সাজেশন যে এই যে বিরাট সংখ্যক টিউব-ওয়েল পড়ে আছে তা সংস্কার করতে হলে গ্রামে পঞ্চায়েতের হাতে উপযুক্ত অর্থ দিয়ে সেগুলিকে সংস্কার করা একান্ত প্রয়োজন বলে মনে করি। সরকার যে হারে এই অকেজো টিউব-ওয়েলগুলি সংস্কার করছেন তাতে ঠিক উপযুক্ত সময়ে সেগুলিকে সংস্কার করে চাষীদের মধ্যে পানীয় জলের ব্যবস্থা করা সম্ভব হবে না। গভীর নলকূপ বসান হয়েছে খুবই ভাল কিন্তু এটা ব্যবহারের জন্য চাষীদের উৎসাহিত করতে হলে তার যে ট্যাক্সের হার করা হয়েছে সেই ট্যাক্সের হার কিছু কমান একান্ত প্রয়োজন। তা যদি কমান না হয় তাহলে দেখা যাবে চাষীদেরকে ঐ গভীর নলকূপ থেকে জল নিতে উৎসাহিত করা যাবে না। যাই হোক সব দিক বিবেচনা করে আমি এই বাজেটকে আমার অভিনন্দন জানিয়ে ও সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House adjourned for 20 minutes.]

(After adjournment)

[3-30—3-40 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, বাজেট পেশ করার পর আমরা এত অল্প সময় পেয়েছি যে এই সময়ের মধ্যে বাজেটের বিশদ আলোচনা করা সম্ভব নয়। পরশুমাত্র আমরা বাজেট পেয়েছি।

বাজেট আলোচনার পূর্বে আমার মনে যে ব্যথা আছে সেটা এখানে ব্যক্ত করতে চাই। প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরু ভারতের দ্বার উন্মুক্ত করে দিয়েছেন বলেছেন, কিন্তু আমরা তাঁর কথায় সন্তুষ্ট নই। দ্বার উন্মুক্ত করে দিলেই পূর্ব পাকিস্তানের জঘন্য অত্যাচার থেকে

সংখ্যালঘু ভাইবোনেরা কখনো আসতে পারবেন না, সুতরাং কেবল দ্বার খুলে দিলাম এই কথা বললেই আমরা সন্তুষ্ট হব না। এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার থেকে কি ব্যবস্থা করা হয়েছে? এর থেকে উদ্বেগের জিনিস আর কিছুই হতে পারে না। পূর্ব পাকিস্তানের সরকারের কার্যকলাপের ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক সেখানে নিরাপত্তার মধ্যে বসবাস করতে পারে না। সুতরাং সুপরিকল্পিতভাবে তাড়াতাড়ি এদের এখানে এনে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এই দাবি জানিয়ে আমি বাজেট আলোচনায় প্রবেশ করছি। আপনাদের বাজেট থেকেই দেখছি কৃষি উৎপাদনের শোচনীয় ব্যর্থতাই হচ্ছে এর কারণ। কৃষি ডাইরেক্টরেট কেবলমাত্র রিসার্চ কলেজ, ট্রেনিং, অফিস, সার বিতরণ এবং নানারকম পরিকল্পনার সৃষ্টি করে কতগুলি উপায় করেছেন—কিন্তু তাতে ফসল বৃদ্ধি হয় নি। এর ফলে আমাদের বাঁচাবার জন্য বাইরে থেকে এ পর্যন্ত ১২ লক্ষ টন গম এবং ৪ লক্ষ টন চাল আনতে হয়েছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার জয়গান কংগ্রেস দলের মুখে এখনও চলছে যে, আমরা অগ্রগতির পথে চলেছি। কিন্তু আমি জোর গলায় বলতে চাই যে, মাঠে ফসল বাড়ছে না এবং কৃষি বিভাগ যে টাকা খরচ করছে তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে—টাকাগুলো জলে ফেলা হয়েছে। দামোদর অঞ্চলে আমরা দেখেছি মাইলের পর মাইল জমি পতিত প'ড় আছে এবং পরিকল্পনায় কোটি কোটি টাকা খরচ করা সত্ত্বেও সেখানে ফসল হয় নি। আপনারা সেচের ব্যবস্থা করেছেন, কিন্তু ঠিক সময় জল পেঁছায় না এবং বহু লোক কর দিতে পারে না। কাজেই দেখা যাচ্ছে সেচ ব্যবস্থা রাখা সত্ত্বেও ভালভাবে চাষ হচ্ছে না। আমার এলাকার যেখানেই যান দেখবেন বেসিন এলাকা পড়ে রয়েছে এবং শুধু আমার এলাকাই নয়, হাওড়া, পাঁশকুড়া, তমলুক, ময়নাতে রয়েছে এবং সেকথা বার বার বলা হয়েছে। এটা কিন্তু খুব কম এলাকা নয়, ১০-২০-২৫-৩০ বর্গমাইল এলাকা যেখানে ধান হচ্ছে না, অথচ পঞ্চবার্ষিকী পরিকল্পনার জয়ঢাক বাজান হচ্ছে। বামনগরে লবণ করবেন বলে ৬-৭ হাজার একর পড়ে আছে, কিন্তু সেখানে লবণ করছেন না, ধান হচ্ছে না, মাছও হচ্ছে না। অর্থাৎ এঁরা কিছুই করছেন না। ৭-৮-১০ বছর ধরে দরখাস্ত করা হচ্ছে, কিন্তু কোন বিবেচনা করছেন না—পতিত জমি ফেলে রেখেছেন। যেখানে লবণ, মাছ এবং ধান উৎপন্ন হতে পারত সেরকম জায়গা ৬ হাজার একর ফেলে রেখেছেন। এর নাম কি পরিকল্পনা সফল করার চেষ্টা? কৃষি বিভাগে দেখছি ১৯৬১ সাল থেকে ১৯৬৬ সালের মধ্যে খরচ করা হবে ৩৭ কোটি ৪২ লক্ষ টাকা। এঁদের টাকার অভাব আছে তা নয়, এঁরা টাকা খরচ করতে পারছেন না। ১৯৬১-৬২ সালে ১ কোটি ৭২ লক্ষ টাকা খরচ করেছেন, ১৯৬২-৬৩ সালে ২ কোটি ৭৬ লক্ষ টাকা খরচ করেছেন, ১৯৬৩-৬৪ সালে ৫ কোটি ৬১ লক্ষ টাকা খরচ করেছেন—অ্যাকচুয়াল এখনও বেরোয় নি, পরে বেরুবে এবং এবারের বাজেট এস্টিমেট ৯ কোটি ৭৪ লক্ষ টাকা—অর্থাৎ একুনে ২০ কোটি ৭৩ লক্ষ টাকা। আমাদের মূল বরাদ্দ ছিল ৩৭ কোটি টাকা এবং ১ বছর মাত্র বাকী আছে। কিন্তু এই ১ বছরে বাকী ১৭ কোটি ৩৯ লক্ষ টাকা খরচ হবে না। সুতরাং দেখা যাচ্ছে টাকা থাকা সত্ত্বেও পরিকল্পনা সফল করবেন না, পতিত জমি উদ্ধার করবেন না। আমাদের এখানে একজন মাননীয় বন্ধু সেচের নলকূপের কথা বলেছেন। তাব সবগুলি না হলেও বেশীর ভাগ নষ্ট হয়েছে। আমি ইকনমিক রিভিউর রিপোর্ট থেকে বলছি ১৯৬০-৬১ সালে ৭০০টি বসান হয়েছে, ১৯৬২-৬৩ সালে ১৫৪টি বসান হয়েছে, ১৯৬৩-৬৪ সালে ৬৮টি বসান হয়েছে এবং এই মোট ৯২২টি সেচ নলকূপ বসান হয়েছে। এই ৯২২টির মধ্যে ১১৬টি সচল আছে, বাকীগুলো চালু হয় নি। কাজেই সেচের অবস্থা বুঝতেই পারছেন। তারপর, সারের ব্যবস্থা নেই এবং আমাদের অঞ্চলে দাবী উঠেছে গোবর কুড়ান বন্ধের জন্য এবং সরকারের কাছে সেই দাবী পাঠিয়েছে। যদি জনমত গড়ে ওঠে এবং আইন করতে পারেন তাহলে জমির ফসল ২-৩ গুণ বাড়বে বলে আশা করছি।

আমাদের উৎপাদন ব্যবস্থা ব্যর্থ হতে চলেছে, আপনারা দুর্ভিক্ষ সৃষ্টি করতে চলেছেন, ফসল বাড়ে নি, এই অবস্থায় দুর্ভিক্ষকে প্রতিরোধ করতে পারবেন না যতক্ষণ না সুপরিকল্পিত উপায়ে খাদ্য উৎপাদন পরিকল্পনা গ্রহণ করা না হয়। এই পরিকল্পনাকে আমূল পরিবর্তন করতে হবে, সংগ্রহ নীতি ব্যর্থ হয়েছে। আমাদের বন্ধু হরেকৃষ্ণবাবু বলেছেন যে স্টেট কিনতে যাবে না, ব্যবসায়ীদের হাতে ধান ছেড়ে দেবার ব্যবস্থা করেছেন। আপনারা সর্বনাশের পথে যাচ্ছেন,

আপনারা ভাবছেন সংকট উৎরে যাবেন কিন্তু আমি জোর করে বলতে পারি যে কখনো আপনারা এই করে সংকট উত্তীর্ণ হতে পারবেন না। ব্যবসায়ীদের হাতে ধান চাল ছেড়ে দিয়ে কখনো সংকট উত্তীর্ণ হওয়া যায় না। সুতরাং রাজ্যসরকার কিনে যদি স্টক করেন মহকুমার গুদামগুলিতে ধান কিনে যদি ধান বিক্রী করেন তাহলে রেশন দোকানে চাল পাঠান হয়ত দরকার হবে না। সেখানে যদি ধান বিক্রী করেন তাহলে বেশী উপকার হবে এবং একথাই আমি আজ দাবী করছি যে এ বিষয়ে শুধু আমাদের মহকুমায়ই নয় কংগ্রেসী বন্ধুরাও এ বিষয়ে একমত হবেন। উচ্চ মূল্য যদি রোধ করতে হয় তাহলে কিনে মজুত না করলে স্টক না করলে হবে না সংকট এড়ানো যাবে না। আষাঢ়-শ্রাবণে ধানের দাম আরও বাড়লে তখন উচ্চ মূল্য প্রতিরোধ করতে পারবেন না। আর মিলের সঙ্গে আঁতাত যদি না ছাড়তে পারেন এখনও পর্যন্ত তাহলে ভবিষ্যদ্বাণী করছি, আগেও করেছিলাম, আবার করছি জোর করে সেই খাদ্য সংকটের অবস্থা দেখা দেবে। গ্রামাঞ্চলে লোক আজকে ভয় করছে যে ধান কেড়ে নেবে, ১০০ মণের এই লাইসেন্স করছে তাতে লোকে ধান কেড়ে নেবে বলে ভয় করছে এবং একন্য পল্লীঅঞ্চলে ধান লোকে কাড়তে যাবে না আবার ঘুস আসবে আরও মারাত্মক অবস্থা দেখা দেবে। ধান কাড়তে গেলে হয়রানি আসবে, নির্যাতন আসবে, ধান পাবেন না, লোক্যাল বাজার রক্ষা করা যাবে না। সেজন্য বলছি খাদ্যমন্ত্রী মহাশয় এই নীতিকে ভাল করে পরিষ্কার করেন দিন হয় এই ১০০ মণের যেটা এটা পরিবর্তন করুন, না হয় যদি রাখতেই চান তাহলে বলুন খোরাকী ধান তা থেকে বাদ দেবেন কিনা এবং কত বাদ দেবেন এটা পরিষ্কার করে বলুন।

শিল্পের ক্ষেত্রেও দেখছি যে আপনারা টাকা খরচ করতে পারেন নি, আর কুটিরশিল্পে যেখানে গ্রামে বেকার সংখ্যা এত বেশী, সেখানে কুটিরশিল্পে ১৯৬১-৬২ সালে খরচ করতে পেরেছেন মাত্র ১ কোটি ৩৩ লক্ষ টাকা। আর এ বছরে চলতি বছরে যে টাকা খরচ করেছেন তার পরিমাণ হল ৪ কোটি ৯৫ লক্ষ টাকা। বরাদ্দ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১০ কোটি ১৬ লক্ষ টাকা। কৃষির ক্ষেত্রেও যে ব্যর্থ নীতি আপনাদের শিল্পের ক্ষেত্রেও সেই ব্যর্থ নীতি।

[3-40—3-50 p.m.]

Shri Clifford Noronha: Mr Speaker Sir, there lived an elderly gentleman in Dacca who, year after year sat for the Matriculation Examination, and year after year he failed. On the 8th or 9th such occasion an invigilator asked him, why he was appearing year after year like this. He said "Sir, this is my yearly habit". In the same way, this important problem of food and food prices has been discussed in this chamber annually, and within the circular wall of this hall many wordy battles have taken place but in the end there was no casualty certainly no casualty among the enemy, viz., the profiteers and everything ended in smoke. Like the elderly gentleman in Dacca, Government have totally failed to win the battle against the enemy, viz., the profiteers, and these people have marched brazenly forward year after year increasing their prices all the time during the last 16 years. I have, in this book, cuttings from newspapers going as far back as 1957. In that year there were many complaints, loud and angry complaints and letters addressed to the Statesman complaining about the price of rice which had risen to Rs. 20 for the course variety and Rs. 24 for the best quality. Today, Sir when the price of rice is fluctuating between Rs. 30 and Rs. 40 a maund those would be considered as the good old days.

Sir, I respectfully submitt that the most important problem which affects the people as well as the Government today is the soaring prices of foodstuffs and this is a problem which brooks no delay, which must be tackled immediately, and with utmost vigour.

Sir, I am giving here a few practical suggestions and if these are carried out, I feel confident that profiteering will be male unprofitable and it will soon cease to exist.

The first is publicity. Let the Government advertise largely in newspapers and large posters be put up in prominent places as well as in the bigger markets offering a reward of Rs. 1,000 for information regarding hoarding and up to Rs. 500 for offences relating to charging higher prices and for such other offences. Now, we all know that the gentlemen who carry on hoarding do not carry their stocks of rice on their heads but they carry them by coolies and in lorries. I cannot imagine that any cooly or lorry driver can resist the temptation of earning Rs. 1,000 by giving information about this hoarding. If necessary, such information can be treated as confidential.

The second point is that the prices of the main commodities should be fixed and publicity should also be given to these prices as widely as possible. The co-operation of the people should be sought and encouraged in this respect.

The third point is about police action. A Special Officer—a senior Police Officer should be deputed only for this work and he should have under his control 8 or 10 subordinate officers The only work that they will do day after day and hour after hour will be to search, inspect and raid shops and godowns where such offences have been committed. When investigation is started, it must be started on the spot and it must be completed speedily.

The last point is about punishment We should select four or five Magistrates who realise the enormity of such offences and who will be occupied only with this work. Punishment in such cases should be very heavy. In the case of hoarding, heavy fines should be imposed and the entire stock should be confiscated. For a second offence of this nature, the punishment should in addition be jail and invariably include the confiscation of his license and he should not be permitted to do such business any more. Sir, the only way to stop this crime is to make profiteering unprofitable and if action is taken in the above manner, viz., if exemplary punishment is given after speedy investigation and speedy trial, I fell confident that we can control the situation.

Sir, last year in July or August, I was taunted by many members of my community who complained and said: "You M.L.As. are doing nothing You are talking and talking in your chamber whereas the shopkeepers are acting with impunity charging higher and higher prices and we and our children are suffering." In the same way many complaints appeared in newspapers and the prices of food were the subject of conversation everywhere. Sensing the spirit of anger and unrest, I submitted to the Government on the 15th August, 1963, a plan of attack—the same proposals which I am submitting today. Unfortunately, after a month the Government replied that because West Bengal was a deficit Province there was hardly any hoarding here and the control of prices would probably make the situation worse by driving the existing stocks underground. In this book I have picture of hoarded stocks. I asked people and it was admitted everywhere that hoarding the main cause of the high, rising prices.

We all know what happened in October and November last year. Driven to desperation people took the law into their own hands. They formed price resistance committees and in a few hours they did what the Government failed to do in years. They brought down the price. But this is a most dangerous situation, because very soon the goonda elements or bad elements will get into it and then start goondaism and looting. The situation deteriorated so much that ministers from the Centre had to come to West Bengal and intervene. This is certainly not something which redounds to the credit of the Province.

I would, therefore, respectfully urge our Hon'ble Chief Minister to declare an all-out war against these hoarders and profiteers, to attack them relentlessly and all the time. If he does this, I am confident that within a few months this profiteering would cease, and the Hon'ble Chief Minister and the Government will earn the gratitude and the blessings of the entire population of West Bengal.

Shri Nikhil Das:

মাননীয় চেয়ারম্যান স্যার, বাজেট আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমে যে কথাটা দিয়ে আমার বক্তব্য সুরু করছি তা হচ্ছে এই বাজেটের ভেতর দিয়ে দেশের উন্নতি কোন্ পথে অগ্রসর হচ্ছে তার চিত্র পাওয়া যায় নি। বাজেট হচ্ছে প্রতিফলন, যার ভেতর দিয়ে বোঝা যাবে দেশের উন্নয়ন হচ্ছে, দেশের অগ্রগতি হচ্ছে, না দেশের উন্নতি পিছিয়ে যাচ্ছে, দেশ ক্ষতির দিকে যাচ্ছে। আমি আমার আলোচনা সুরু করার আগে সাধারণভাবে ভারতের অর্থনীতি কোন্ দিকে এগিয়ে যাচ্ছে সেদিকে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চেষ্টা করব। আমরা গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা শুনি—কংগ্রেসের আদর্শ গণতান্ত্রিক সমাজতন্ত্র। আমাদের অর্থমন্ত্রী বললেন গণতান্ত্রিক সমাজতন্ত্রের পথে তাঁরা অগ্রসর হচ্ছেন এবং সেই ধরনের অর্থনীতির পরিকল্পনা নিয়ে তাঁরা কাজে এগুচ্ছেন এবং সেই সমাজতান্ত্রিক অর্থনীতির গোড়ার কথা হচ্ছে ধীরে ধীরে ব্যক্তিগত মালিকানার যে বিনিয়োগ তা কমে যাবে এবং জাতির যে সম্পদ তা ধীরে ধীরে বাড়বে। কিন্তু আমাদের ইকোনমিক রিভিউ বলে যে পুস্তিকা দেওয়া হয়েছে এর মধ্যে আমাদের অর্থমন্ত্রী বলেছেন যে পশ্চিমবাংলা শিল্পের দিকে অনগ্রসর তাই শিল্পের দিকে যদি পশ্চিমবাংলার অগ্রগতি হয় তাহলে একটা কাজ করতে হবে এবং সেটা হচ্ছে যে প্রাইভেট ক্যাপিটালকে আসতে দিতে হবে। প্রাইভেট এন্টারপ্রাইস যাতে ইনটেনসিভ করতে পারে সেই ধরনের সুযোগ করে দিতে হবে। অর্থাৎ আমাদের অর্থনীতির যে গতি সেটা হচ্ছে প্রাইভেট ক্যাপিটালকে সুযোগ করে দিতে হবে। অর্থাৎ প্রাইভেট ক্যাপিটালকে বাড়তে দেওয়া, মুনাফা লুটতে দেওয়া। আর একটা দিকে আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি তা হচ্ছে বিদেশী মূলধনের দিকে। বিদেশী মূলধনের দু'টা দিক আছে—একটা দিক হচ্ছে লোনস অ্যান্ড এইড যার হিসাব আমরা পাই; আর একটা হচ্ছে প্রাইভেট ইনভেস্টমেন্ট, অর্থাৎ ফরেন ক্যাপিটাল যেটা প্রাইভেট ইনভেস্টমেন্ট করে এবং এই বইতে লেখা আছে যাতে ফরেন ক্যাপিটাল প্রাইভেট ইনভেস্টমেন্ট করতে পারে সেই ধরনের আবহাওয়া সৃষ্টি করতে হবে। আমি ইকোনমিক রিভিউ থেকে ২-১টা লাইন পড়ে শোনাব--

In this connection we have also to take note of the fact that leading members of the Consortium, particularly West Germany, are beginning to emphasise the desirability of making development finance available more and more through private investment rather than Government loans or credit.

অর্থাৎ বিদেশী মূলধন যাতে এখানে সরাসরি খাটাতে পারে—অবশ্য কোলাবোরেশন একটা নামে থাকবে--তার সুযোগ করে দিতে হবে এবং তাহলেই শিল্পোন্নয়নের সুযোগ দেশে সৃষ্টি হবে।

[3-50—4 p.m.]

অর্থাৎ বিদেশী মূলধন যাতে এখানে খাটাতে পারে সরাসরি। অবশ্য কোলাবরেশানে একটা নাম থাকায় তাতে সরাসরি খাটাতে পারে, তাই সুযোগ করে দিতে হবে। এতে আমাদের শিল্পোন্নয়নের সুযোগ বৃদ্ধি হবে, অর্থাৎ প্রাইভেট ক্যাপিটালকে বাড়তে দিতে হবে বিদেশী ক্যাপিটালকে প্রাইভেট সেকটার-এ খাটাতে দিতে হবে ঝোঁক হচ্ছে এদিকে। দ্বিতীয় দিকটা—এই বইটির আর একটি পাতা থেকে আমি দেখবো, যে কনসরটিয়াম থেকে ভারতবর্ষ কত এইড পেয়েছে। সেই এডটা হচ্ছে, কোথায় লোন হিসাবে পাওয়া, কোথায় গ্র্যান্ট হিসাব পাই। কিন্তু লোন হিসাবে আমাদের সুদ দিতে হয়, বাড়তি সুদ দিতে হয়। এড হিসাবে যে টাকাটা পাই এবং লোন হিসাবে যে টাকাটা পাই তার পরিবর্তে ঐ দেশ থেকে যন্ত্রপাতি আমাদের কিনতে

হয়। এবং যন্ত্রপাতি কিনবো এই সর্তে লোন পান পাওয়া যায়। এগ্রিমেন্স-এ যে এডটা পেয়েছি তার যে হিসাব তাতে দেখা যায় ১৯৬১-৬২ সালে নিয়েছিলাম ১ হাজার ২ শত ৯৫ মিলিয়ান ডলার, ১৯৬২-৬৩ সালে ছিল ১,০৭০ মিলিয়ান ডলার, ১৯৬৩-৬৪-তে ১,০৫২ মিলিয়ান ডলার অর্থাৎ আমাদের যে পাবলিক সেকটার-এ যে ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে সেই এন্টারপ্রাইস-এর ভিতরেও এই লোনের একটা বিরাট অংশ তা গ্রহণ করছে। সেই যে, অর্থনৈতিক বোঝা এই দিয়ে দেশের বাস্তব অবস্থা এদিক থেকে বিচার করতে হবে। ডেমক্রেসী সোসালিজমের সোনার স্বপ্ন এখানে ফরেন এডস অ্যান্ড লোন দেখালে চলবে না। সোনার স্বপ্নে চলবে না! চলবে না! সে সোনার স্বপ্নের সোনার ফানুস ফুটো হয়ে যাবে। তা দিয়ে দেশের মানুষের উন্নয়ন করা যাবে না। মাননীয় চেয়ারম্যান স্যার, এই হল অবস্থা এবং দেশের মানুষের দিকে যদি ফিরে চাই, তাহলে দেখবো শুধু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নয়, আমাদের জাতীয় আয় বেড়েছে ২০ পার্সেন্ট। ২য় পরিকল্পনায় ১৫ পার্সেন্ট, ৩য় পরিকল্পনায় প্রথম বৎসরে ২৫ পার্সেন্ট। আর দ্বিতীয় বৎসরেই ২-এর কিছু পার্সেন্ট। তার সঙ্গে জনসংখ্যার হার বেড়েছে কি? প্রথম বৎসর বর্ধিত জনসংখ্যার হার ২য় পরিকল্পনাকালে ২·৫ পার্সেন্ট এবং এই যে নন্দজী বলেছেন আমাদের এখানে জনসংখ্যার হার বেড়েছে ২·৮ পার্সেন্ট এই যদি জনসংখ্যার হার বেড়ে থাকে তহলে বাস্তব পক্ষে পারক্যাপিটাল ন্যাশনল ইনকাম ৩য় পঞ্চবার্ষিকি পরিকল্পনা কমে যাচ্ছে এবং মাইনাস সামথিং-এ দাঁড়াচ্ছে, অর্থাৎ যে আয় ছিল পার ক্যাপিটা তা কমে যাচ্ছে। অথচ উল্টো দিকে ট্যাক্সেসান বাড়ছে। সেটা তাঁরা স্বীকার করেছেন। যে, বাংলাদেশে ট্যাক্সেশান-এর হার সবচেয়ে বেশী এবং ডেফিসিট বাজেটের জন্য মুদ্রাস্ফীতি ঘটেছে। সেই মুদ্রাস্ফীতি ঘটবার জন্য জিনিসপত্রের দাম আকাশচুম্বি হয়ে উঠেছে, এবং গত কয়েক মাসে এমারজেন্সি-এর নামে সাধারণ জিনিসপত্রের দাম ৩০ পার্সেন্ট বেড়েছে। তাই মুদ্রাস্ফীতি ও জিনিসপত্রের দাম বেড়ে ট্যাক্সেসান-এর দিকে এসব হচ্ছে যাচ্ছে। এবং অন্য দিকে রিয়াল ন্যাশন্যাল ইনকাম যেটা, সেটা কমে গেছে ৩য় পরিকল্পনায় এসে। এটা আমাদের হিসাব নয় তাঁদেরই হিসাব। আর একটা কথা বলতে চাই এই যে, ন্যাশনাল ইনকাম এ সম্পর্কে মহলানবীশের যে রিপোর্ট, এ রিপোর্ট-এ আছে, যে শতকরা ১ ভাগ লোক যদি ৮০ ভাগ সম্পদের অধিকারী হয় সেখানে যদি ২ পার্সেন্ট বা ২·৫ পার্সেন্ট ন্যাশনাল ইনকাম বেড়ে থাকে তাহলে ঐ ১ পার্সেন্টকে নিয়ে যাচ্ছে সমস্ত টাকাটা, আর বাকি যে ৯৯ পার্সেন্ট আছে তাদের কপালে ছিটে ফোঁটা জুটছে না। অথচ জন্ম যে বেড়েছে লোক যে বাড়ছে তা সাধারণ মানুষের ঘরেই বেড়েছে, এবং পপুলেশনের চাপটা তাদের ঘাড়ে পড়ছে। অথচ আরেক দিকে থেকে যদি লক্ষ্য করি তাহলে দেখব যে ন্যাশনাল ইনকাম পার ক্যাপিটা ৩ পার্সেন্ট-এর মত কমে গেছে। তার চাপ সমস্ত গ্রাম তাদের উপর পড়েছে অথচ আয় কম। পার্লামেন্ট-লোকসভায় এই কথা বলা হয়েছে, যে সাধারণ মানুষের শতকরা ৬০ জনের দৈনন্দিন আয় মাথাপিছু ৩ আনা এবং খরচ সাড়ে ৭ আনা, একাধাবে নেশেসিটি যা তাতে খরচ ঐ সাড়ে সাত আনা মিডিল ক্লাস-এর জীবন সম্পর্কে যে সার্ভে আমাদের সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশান যেটা বার করছেন তাতে যে চিত্র ফুটে উঠেছে, গ্রামের ও শহরের মধ্যবিত্ত সমাজের এই সমাজের যে চিত্র রয়েছে তাতে দেখা যায় তারা ঋণভারে জর্জরিত, তারা ঋণভারে মাটির সঙ্গে মিশে গেছে তারা মৃত্যুর মুখে এগিয়ে যাচ্ছে, এবং তাদের মধ্যে অর্ধেক লোক আধ পেটা খেতে পায় না, আর বাকি লোক আধ পেটা খায়, অনাহারে, অর্ধাহারে ধীরে ধীরে মৃত্যুর দিকে এগোতে চলেছে এটা আমাদের কথা নয়, ওদেরই রিপোর্ট-এর কথা। আমাদের কথা নয় ওঁদেরই কথা, সরকারী কমিটিগুলির রিপোর্টের কথা। তারপরের দিক ধরুন, ঐ ১ পার্সেন্ট লোকের ঘরে ৮০ পার্সেন্ট সম্পদ গেল। সঞ্চয়টা কি হল আমাদের? দ্বিতীয় পরিকল্পনার শেষে ৯ হাজার কোটি টাকা এবং সেটা কোন্ শিল্পে হয়েছে? অত্যন্ত ৭ পার্সেন্ট ছিল সেটা ১০ পার্সেন্ট দ্বিতীয় পরিকল্পনার শেষে এসে সঞ্চয় হবে। বাস্তবে হয়েছে কি? ৮ পার্সেন্ট। কেন সঞ্চয়ের ক্ষেত্র কমে গেল, স্যার? কেন সঞ্চয় হল না, স্যার? সেটা অত্যন্ত বাস্তব প্রশ্ন। কারণ, বড় বড়, টাকা যাদের আছে, কোটিপতি যারা লাখপতি যারা, তারা ভোগ্য সামগ্রী প্রস্তুত করতে আরম্ভ করলো। একটা গাড়ির জায়গায় দুটো গাড়ি, দুটো গাড়ির জায়গায় তিনটে গাড়ি, তিন তলা বাড়ির জায়গায় পাঁচ তলা বাড়ি পতিটি ঘর এয়ার কন্ডিশনড, বাগান বাড়ি, আমেরিকা থেকে ফার্নিচার এনে বাড়িগুলি সমস্ত সুসজ্জিত

থেকে ফার্নিচার এনে বাড়িগুলি সাজান, অর্থাৎ ভোগ্য বিলাস যে সামগ্রী সেই সামগ্রীর পিছনে কড়িতি খরচ করতে তারা সুরু করলো। তার জন্য যে পরিমাণ টাকা তাদের ঘরে গিয়েছে সেই পরিমাণ টাকা তারা সঞ্চয় করে নি. ভোগ বিলাসে তারা খরচ করেছে এবং ভোগ বিলাসের পাহাড় তারা গড়ে তুলেছে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকের খবরের কাগজে আছে আমাদের যে কেন্দ্রীয় অর্থমন্ত্রী, তিনি বলেছেন যে, কর ফাঁকি দিয়ে মালিকরা যে সঞ্চয় করে গোপনে তার হিসাব আমরা জানি না। সেখানেও একটা বিরাট অঙ্ক আছে, বিরাট টাকা আছে। কর ফাঁকি দিয়ে যে সঞ্চয়টা তারা করে, সে কথা আমি বলতে চাই না, কারো সোনা হয়ত মাটির নীচে আছে, এবং কর ফাঁকি দিয়ে সঞ্চয় যা করেছে সেই হিসাবটা, শৈলবাবু যে হিসাবটা ইকনমিক রিভিউতে দিয়েছেন তাতেও নেই, কোথায়ও নেই। সেও একটা বিরাট টাকা, কোটি কোটি টাকা, সেটা মহালনবিশ কমিটি যে রিপোর্ট দিয়েছেন তার বাইরে ও টাকা। মাননীয় চেয়ারম্যান স্যার, আর একটি কথা আপনাকে বলতে চাই, দ্বিতীয় পরিকল্পনার শেষে আমাদের পরিকল্পনার বাইরে বেসরকারী মূলধন বিনিয়োগ কত টাকা হয়েছে? ৯ হাজার কোটি টাকা। দ্বিতীয় পরিকল্পনার শেষে ৯ হাজার কোটি টাকা এবং সেটা কোন শিল্পে হয়েছে? অত্যন্ত আশ্চর্যের কথা সেটা হয়েছে নন-প্রাইয়োরিটি কনজামশন গুডস এর যে শিল্প। অর্থাৎ বিলাস দ্রব্য যাতে তৈরী হয় এবং তার একটা ফিরিস্তি আমি দিচ্ছি কোথায় কত পার্সেন্ট হয়েছে। এই বেসরকারী যে ৯ হাজার কোটি টাকা তা কোথায় কত হয়েছে। অটোমোবাইল অর্থাৎ মোটর গাড়ি তৈরি করবার যে ব্যাপার সেই যে বিলাস সামগ্রী, তাতে ব্যক্তিগত মালিকানা ক্ষেত্রে ২৩৩ ভাগ উৎপাদন বৃদ্ধি পেয়েছে রেফ্রিজারেটারের যে উৎপাদন সেখানে ৯৮৭ ভাগ বৃদ্ধি পেয়েছে, আর এয়ার কন্ডিশনের যে উৎপাদন সেখানে ২৬৯ ভাগ বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ বেসরকারী ক্ষেত্রে মূলধন যা বিনিয়োগ হয়েছে তা হয়েছে ঐ নন প্রাইয়োরিটি কনজামশন গুডসের ক্ষেত্রে ৯ হাজার কোটি টাকা। তারা দেশের উৎপাদন ক্ষমতা যাতে বাড়তে পারে প্রডাকশন ইউটিলিটি যার আছে সেই জিনিসের জায়গায় একটি পয়সাও বিনিয়োগ করে নি। হেভি ইন্ডাস্ট্রীতে যদি করে ধীরে ধীরে মুনাফা হবে, বহু বছর পর মুনাফা হবে। কল কারখানায় কল কারখানা তৈরীর জন্য কারখানা করে তাহলে তার রিটার্নটা কবে ফিরে আসবে তা তারা জানে না। কিন্তু টাকা তাদের হাতে এসে জমছে কালো টাকা জমছে, কর ফাঁকি দেওয়া টাকা জমছে এবং ফরেন এক্সচেঞ্জকে ফাঁকি দেওয়া টাকা এসে জমছে, সেই টাকা খরচ করতে হবে। কি করে ঐ বিলাস দ্রব্যের যে কারখানা সেই কারখানা তৈরী করে সেই দিকে ধীরে ধীরে তারা অগ্রসর হচ্ছে। এই যে দিক, এই যে ঝোঁক, এই ঝোঁককে আমাদের প্ল্যান্ড ইকনমিতে যেভাবে নিয়ন্ত্রণ করা উচিত ছিল আমাদের অর্থনীতিকে বাঁচাবার জন্য, সে সম্পর্কে একটি কথাও নেই। আর একটি কথা এই সম্পর্কে আপনার মাধ্যমে আমি রাখতে চাই, মাননীয় শৈলবাবু বলেছেন তাঁর বক্তৃতার শেষে যে কিনসের থিওরি আজকে আর চলবে না। অর্থাৎ খাও বা না খাও পরিশ্রম কর, পরিশ্রম করলে দেশের উন্নতি হবে এই যে নীতি এই নীতি আজকে চলবে না তিনি বলেছেন। এখন যারা কাজ করবে তাদের ভোগ করবার অর্থাৎ তাদের এসেনসিয়াল কমোডিটিস যেটা পাবার সেটা সুযোগ করে দিতে হবে, শৈলবাবু বলেছেন একথা। কিন্তু আমি কয়েকটি তথ্য ওঁকে দিতে চাই এবং তাতে প্রমাণ হবে যে শৈলবাবু অত্যন্ত কপটাচার করেছেন। আমাদের কথা ছিল যে দ্বিতীয় পরিকল্পনার শেষে, আমাদের তৃতীয় পরিকল্পনার শেষে, আমাদের ভোগের পরিমাণ আমাদের সাধারণ মানুষের যা আছে, চাল, ডাল, তেল, লবণ কাপড়, এই যে এসেনসিয়াল কমোডিটিস পাচ্ছে তারা সেখানে আমাদের বৃদ্ধি করতে হবে, সাধারণভাবে ২০ পার্সেন্ট বৃদ্ধি করতে হবে ভোগের জন্য।

[4—4-10 p.m.]

যদি আমাদের জাতীয় আয় ৩০ পার্সেন্ট বেড়ে থাকে তাহলে ভোগের পরিমাণ ১০ পার্সেন্ট বৃদ্ধি পাবে, এই ছিল পরিকল্পনার লক্ষ্য। কিন্তু দেখা গেল তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম ২ বছরে মাত্র ৪ থেকে সাড়ে ৪ শতাংশ বেড়েছে। আমরা ৩০ পার্সেন্ট-এ যেতে পারি

নি। এই যে ১০ পার্সেন্ট কমল, এটা কোথা থেকে কমবে? অবলা জীব আছে চাষী, নিম্ন-মধ্যবিত্ত, সাধারণ মানুষ, তাদের ভোগের ক্ষেত্র থেকেই এটা কমল, অর্থাৎ ভোগের জায়গা চলে এল ১০ পার্সেন্ট-এ। মিঃ চেয়ারম্যান, স্যার, ডিফেন্স খরচ আপনি জানেন আমাদের বেড়েছে, যে খরচ ছিল আড়াই পার্সেন্ট সেই খরচ বেড়েছে, হয়েছে ৬·৪ পার্সেন্ট। বিদেশ থেকে আমরা প্রায় ৩০০ কোটি টাকা পাব, কথা ছিল মোটামুটিভাবে এর দ্বারা আমরা ডিফেন্স-এর ব্যবস্থা করব, কিন্তু কার্যতঃ দেখা গেল যেহেতু ডিফেন্স খাতে খরচ বেড়ে গেল জাতীয় আয় আমরা ঠিক রাখতে পারলাম না। তখন ঠিক হল ৯ পার্সেন্ট-এর বেশী ভোগের পরিমাণের উন্নতি করা যাবে না এবং সেই ৯ পার্সেন্ট-এর মধ্যে সাড়ে ছয় পার্সেন্ট ডিফেন্স-এর জন্য চলে যায়, তাহলে দাঁড়ায় ১·৯ পার্সেন্ট, এবং এই ১·৯ পার্সেন্ট-এর মধ্যে আবার গ্রামের শতকরা ৮০ জনও পড়ে না। মুদ্রাস্ফীতি বাড়ছে, জিনিসপত্রের দাম বাড়ছে, ধনতন্ত্রবাদী বড় বড় মালিকগোষ্ঠীর হাতে টাকা জমছে যার ফলে এই চরম দুরবস্থা দেখা দিয়েছে। এক দিকে এই গেল সাধারণ মানুষের অবস্থা। অন্য দিকে যারা সরকারী কর্মচারী তাদের আমাদের দয়াবান সরকার ৫ টাকা, ১০ টাকা মহার্ঘভাতা দিয়েছেন, ৫ টাকা, ১০ টাকা দিয়ে তিনি তাঁর দয়ার হাত তাঁদের দিকে বাড়িয়েছেন এই সংকট থেকে তাদের রক্ষা করবার জন্য। কিন্তু শৈলবাবু চিন্তা করে দেখেছেন কি আজকে বাজারে কিভাবে নিত্য প্রয়োজনীয় জিনিস, চাল, ডাল, কাপড়-চোপড়ের দাম বেড়েছে, মাছের দাম বেড়েছে, এসব খবর কি তিনি রাখেন? যদি রাখতেন তাহলে তাঁর অন্তত একটু চক্ষুলজ্জা হত। এই বাজেট একটা ডেফিসিট বাজেট, যদিও রেভিনিউ খাতে বাড়তি দেখান হয়েছে, কিন্তু এ্যাকচুয়াল বাজেট যখন আসবে তখন রেভিনিউ খাতে সেই ডেফিসিট দেখা যাবে। স্যার, আপনি জানেন যে আমাদের পাবলিক অ্যাকাউন্ট বলে একটা জায়গা আছে। সরকারী কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড সরকারের কাছে জমা আছে ৩৪ কোটি কয়েক লক্ষ টাকা। কিন্তু, স্যার, সরকারী কর্মচারীদের জমা দেওয়া এই যে ৩৪ কোটি কয়েক লক্ষ টাকা এটা উবে গিয়েছে। তাই আজকে ট্রেজারী থেকে প্রভিডেন্ট ফান্ড এর টাকা তুলতে গেলে ৬ মাসের জায়গায় ১ বছর দেরী করতে হয়, কারণ পাবলিক অ্যাকাউন্ট-এর যে টাকা সেই টাকা বাজেটে মিশিয়ে দেওয়া হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আমাদের অর্থমন্ত্রী আবার হাইকোর্ট-এর একজন এটর্নী বটে, অর্থনীতি সম্পর্কে যাঁদের জ্ঞান আছে, অভিজ্ঞতা আছে আমাদের অর্থমন্ত্রী তাঁদের থেকে আসেন নি। আপনি, মিঃ চেয়ারম্যান, স্যার, এটর্নীদের চরিত্র জানেন—আমি এখানে সাধারণভাবে বলছি, আপনাকে লক্ষ্য করে বলছি না।

এক কথায় বলা যায় এটা কপট কংগ্রেস সরকারের একটা লোপাট বাজেট। কপট সরকার এই বাজেট করেছেন এবং তার দ্বারা জনসাধারণের পকেট কেটে লোপাট করে দিচ্ছেন। জনসাধারণ না খেয়ে মরে যাক তাতে কিছু যায় আসে না, টাটা, বিড়লার টাকা জমুক এবং আমেরিকা ও সাম্রাজ্যবাদীদের পাদোদক খেয়ে আমরা বাঁচব। এঁরা টাটা, বিড়লার আশীর্বাদ নিয়ে বাঁচবে, দেশের জনসাধারণ মরে যাক তাতে তাঁদের দুঃখ নেই। ইন্ডাস্ট্রি করা হচ্ছে কিন্তু উৎপাদন বাড়ছে না। কেন বাড়ছে না? এঁরা বলছেন উৎপাদন বাড়ছে, কিন্তু বোঝা যাচ্ছে না কারণ জনসংখ্যা বাড়ছে। আমরা জানি ৩ হাজারের মত ইন্ডাস্ট্রি আমাদের ছিল এবং শৈলবাবু বলেছেন সেটা বেড়ে ৪ হাজার ৬০০ হয়েছে— অর্থাৎ ১,৬০০ বেড়েছে। কিন্তু লোক বিনিয়োগ বাড়ছে না কেন? কমল কেন? শৈলবাবু বলেছেন আমাদের জনসংখ্যা বেড়েছে, কিন্তু আমি বলতে চাই নন-এগ্রিকালচার খাতে এমপ্লয়মেন্ট-এর যে জায়গা সেখানে অনেকটা নেমে গেছে— অর্থাৎ ১৭ থেকে ১৫ পয়েন্ট ৪। আমি ধরে নিলাম থ্রি পার্সেন্ট পপুলেশান আমাদের বেড়েছে, কিন্তু সেটা ধরলে ১৭ পার্সেন্ট-এ কত আসে? স্যার, কারখানা বাড়া সত্ত্বেও আগে যে পরিমাণ লোক কাজ পেত এখন সেটা কমে যাচ্ছে—অর্থাৎ কর্মসংস্থানের ক্ষেত্রে সংকোচন ঘটেছে। এখন কাজ করবার জায়গা নেই, মালিকরা ছাঁটাইর নীতি গ্রহণ করেছে, কম লোক দিয়ে কাজ চালাচ্ছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে সাড়ে চার লক্ষ লোক নাম লিখিয়েছে, কিন্তু ৩১ হাজার লোককে চাকুরী দিয়েছে। কাজেই বেকার বাংলাদেশ, বুভুক্ষু বাংলাদেশ, অর্ধাহারে আছে যে বাংলাদেশ সেই বাংলাদেশ আপনাদের আশীর্বাদ করবে না—আপনাদের অভিশাপ দেবে এবং যেভাবে শঙ্করবাবু গিয়ে আর একজন হয়েছেন ঠিক সেইভাবে আপনার জায়গায় নূতন অর্থমন্ত্রী যাবেন।

Shri Rajkrishna Mondal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তা সমর্থন করছি। এবারে তিনি বিধানসভায় বাংলাভাষার মাধ্যমে বাজেট পেশ করেছেন বলে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং মনে করি বাংলাভাষায় ভাষণ দেওয়াতে বাংলাভাষাকে এক ধাপ এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এ ছাড়া একটি সর্বাঙ্গসুন্দর অর্থনৈতিক চিত্র বাজেটের মাধ্যমে আমাদের সামনে যা রেখেছেন তাতে আমরা দেখছি ১৯৪৮-৪৯ সালে যেখানে বাংলা সরকারের বার্ষিক আয় ছিল মাত্র ৩২ কোটি টাকা এখন সেই বার্ষিক আয় বৃদ্ধি পেয়ে ১০০ কোটি টাকার উপর চলে গেছে। শুধু তাই নয়, শিল্প, শিক্ষা, কৃষি ইত্যাদি সর্বদিক দিয়ে বাংলাদেশ যে উন্নয়নের পথে চলেছে এটা অস্বীকার করা যায় না। শিক্ষার দিক দিয়ে যদি চিন্তা করি তাহলে দেখব পাড়াগাঁয় সর্বত্র উচ্চশিক্ষা প্রসার লাভ করেছে। শিল্পের ক্ষেত্রেও তেমনি শতকরা ৩০ পার্সেন্ট বৃদ্ধি পেয়েছে। আমাদের জাতীয় আয় যেখানে ফাইভ পার্সেন্ট বৃদ্ধি পাবার কথা ছিল সেখানে আমরা দেখছি আড়াই পার্সেন্ট-এর উপর বৃদ্ধি পেয়েছে অর্থাৎ পরিকল্পনা অনুযায়ী বৃদ্ধি পায় নি। তবে সকল দিক দিয়ে উন্নতি হওয়া সত্ত্বেও, কৃষির উন্নয়ন, শস্যের উৎপাদন বৃদ্ধি পাওয়া সত্ত্বেও আমাদের দেশের বেকার সমস্যা যে যাচ্ছে না এটা চিন্তা করার আছে। এর কারণ হচ্ছে আমরা পরিকল্পনার মাধ্যমে ধাপে ধাপে, দ্রুতগতিতে যেমন উন্নয়ন করেছি ঠিক তেমনি আবার দ্রুতগতিতে, দ্রুতহারে আমাদের দেশের জনসংখ্যা বেড়েছে এবং সেকথা বাজেটের কয়েকটা জায়গায় প্রকাশ করা হয়েছে। (জনৈক সদস্য পচা কথা) মোটেই পচা কথা নয়। জন্মসংখ্যা সম্বন্ধে পৃথিবীর চিন্তাশীল মানুষরা তাঁদের ভাষণে বলেছেন যে, জন্ম হার রোধ করতে না পারলে পৃথিবীর খাদ্য সমস্যার সমাধান করা যাবে না। যদি আমরা জন্ম রোধ করতে না পারি তাহলে পাহাড়ে প্রচুর ফসল ফলিয়েও আমরা লোককে খাওয়াতে পারব না।

[4-10—4-20 p.m.]

সেখানে আমাদের চিন্তা করবার দরকার আছে পরিকল্পনা নিয়ে আমাদের জন্মনিয়ন্ত্রণ করা এবং জন্মহারকে কন্ট্রোলের মধ্যে নিয়ে আসা। আমাদের স্বাস্থ্যবিভাগকে পরিকল্পনা মাফিক এ বিষয়ে কাজ করতে হবে। আমাদের পাড়াগাঁয়ের মানুষ সীমান্ত অঞ্চলের মানুষকে দেখতে পাচ্ছি তারা জন্মনিয়ন্ত্রণ করতে অত্যন্ত আগ্রহশীল কিন্তু সরকার দিক দিয়ে সেখানে কোন রকম পরিকল্পনা নিতে চাচ্ছেন বলে আমি মনে করি না। সার্কেল সেখানে একটা সভা বসেছে এবং সেই সভায় জন্মনিয়ন্ত্রণ পরিকল্পনা নিয়েছেন, কিন্তু বাস্তবে কোন জিনিস চাচ্ছেন না যাতে করে জন্ম নিয়ন্ত্রণ হয় এবং জন্মহার কমে যেতে পারে এবং এই করে আমরা বেকার সমস্যাকে আয়ত্তের মধ্যে আনতে পারি। সেজন্য আমি বলতে চাই আমাদের স্বাস্থ্যবিভাগকে সজাগ হতে হবে। প্রতিটি মহকুমায় অন্তত ৩/৪টি ব্লকের মধ্যে স্বাস্থ্যকেন্দ্র এমন হওয়া দরকার যাতে সেখান থেকে জন্মনিয়ন্ত্রণের একটা বিধিব্যবস্থা করা যেতে পারে। সেখানকার মানুষ অত্যন্ত আগ্রহশীল। আমি আর একটি বিষয় আপনার কাছে রাখতে চাই। আমাদের সীমান্ত অঞ্চল চব্বিশপরগনা জেলা, আপনার অবগতির জন্য বিশেষ করে হাউসের অবগতির জন্য জানাচ্ছি যে আজকে সীমান্ত অঞ্চলের লোকেরা অত্যন্ত ভীতসন্ত্রস্ত হয়ে পড়েছে। কারণ হচ্ছে চৌ-এন-লাই আট দিন ব্যাপী পাকিস্তান সফরে বেরিয়েছে, ভুট্টো সাহেবও এসে গেলেন এদিকে এখানে যারা চীন দরদী আছেন সেই বন্ধুরাও শ্যেন দৃষ্টি দিচ্ছেন সেখান থেকে কোন নির্দেশ আসছে কিনা। তারপর আর একটা বিষয় হচ্ছে সংখ্যালঘু যারা তাদের মধ্যে অনেকে যারা ভারতের অনুরাগী আবার অনেকে আছেন যারা পাকিস্তানের অনুরাগী, এখন এরা এবং চীন দরদী বন্ধুরা মিলে আমাদের সীমান্ত অঞ্চলে কি ঘটনা ঘটাতে চান সেটা আমাদের চিন্তা করা দরকার আছে, বিশেষতঃ সীমান্ত অঞ্চলে যান চলাচলের বিশেষ ব্যবস্থা নেই, সৈন্যরা প্রয়োজন বোধে যাতে সেখানে যাতায়াত করতে পারে তার ব্যবস্থা হওয়া উচিত। যদি হঠাৎ আক্রান্ত হয় তাহলে রক্ষণাবেক্ষণের কোন উপায় নেই। আমি নিজে দেখেছি ওপার থেকে যেসমস্ত বাক্স প্যাক করা ডিম আছে—মুরগীর ডিম, হাঁসের ডিম, পাকিস্তান থেকে—সেখানে আমি নিজ চোখে দেখেছি সেই বাক্স

এখন সেই বাক্সের মধ্যে গোলা থাকতে পারে, ছোরা থাকতে পারে, অস্ত্র-শস্ত্র থাকতে পারে, অসম্ভব কিছুই নয়, কারণ সমস্ত অঞ্চলে যে পঞ্চম বাহিনী রয়েছে তাদের সংগে যোগাযোগ সব সময় রয়েছে—এই দিকে সচেতন হওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ করছি।

শ্রীসনৎকুমার রাহাঃ স্পীকার মহোদয়, আজকে ১৯৬৪-৬৫ সালের পশ্চিমবঙ্গের বাজেটকে আমরা কি চক্ষে দেখব সে সম্পর্কে আমার একটা বক্তব্য আছে। ভুবনেশ্বর কংগ্রেস অধিবেশন হয়ে গেল—কংগ্রেসের মত শাসক পার্টি যখন সমাজতন্ত্রবাদের স্লোগান দিয়েছে তখন মনে করে নিতে হবে যে ভারতের শাসক পার্টি সমাজতন্ত্রবাদ চায় এবং সমাজতন্ত্রবাদের কর্মকাণ্ড এবং কর্মসূচির আলোচনাই হোল এই বাজেট, যার উপর দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড চলছে। আমাদের যারা শাসক পার্টি কিভাবে এই বাজেটকে সাজিয়ে রেখেছেন আমাদের সামনে? তারা কি সত্যিই সমাজতন্ত্রবাদ চান? এই প্রশ্ন আজ আমরা আপনার কাছে করবো। বাংলাদেশের ৪ কোটি লোকের কাছে তার জবাবদিহি করতে হবে যে যদিও কংগ্রেসের মধ্যে দক্ষিণপন্থী এবং বামপন্থী আছে—চাওয়া এবং না চাওয়ার লোক আছে তথাপি তারা মোটামুটি সমাজতন্ত্রবাদ চান কিনা। বজেটে আমরা যে ধরনের সমাজ ব্যবস্থা দেখছি এবং তার মধ্যে মিশ্র অর্থনীতির যে চাপ দেখতে পাচ্ছি তার ফলে সমাজতন্ত্রবাদের ভিত্তি রচনাব পক্ষে সেটা কতটা উপযোগী? স্বাধীনতা আন্দোলনের পর থেকে এবং তার মধ্যে দিয়েও আমাদের দেশে যে মিশ্র অর্থনীতি বার্থ হয়েছে তা দেখতে পাওয়া যায়। কিন্তু গলদটা কোথায়? অপরাধটা মিশ্র অর্থনীতির নয়—মিশ্র অর্থনীতির নামে দেশকে ধোকা দেবার চেষ্টা এবং ধনতন্ত্রবাদকে রচনা করবার একটা বিশেষ কৌশল বা ফাঁকিবাজী। আমাদের বক্তব্য হচ্ছে আজকে যে সমাজ ব্যবস্থার উপর আমরা সমাজতন্ত্রবাদ গড়তে চাচ্ছি সেটা সোনার পাথরের বাটির মত। এই ধরনের স্লোগান দিয়ে কোন লাভ নেই। পরিষ্কার প্রমাণ করতে হবে যে সমাজতন্ত্রবাদ বাস্তবিকভাবে কোন পথে সম্ভব। যাঁরা অর্থনীতির ছাত্র, বিজ্ঞানের ছাত্র বা রাজনীতির ছাত্র তাঁদের কাছে আমরা একথা শিখেছি যে, মুখের বুলিতে সমাজতন্ত্রবাদ হয় না। এটা একটা বিশেষ ধরনের সংগঠন। এখানে এটা একটা বিশেষ ধরনের রাজনীতি, অর্থনীতি এবং প্র্যাকটিক্যাল লাইন অ্যাডপ্ট করতে হবে। তা না হলে সমাজতন্ত্রবাদ রচনা করা যায় না। এই দিকে আমি বলবো যে সমাজতন্ত্রবাদের বিরোধী নানা ধরনের চিত্র ভারতবর্ষে সাক্ষ্য দিচ্ছে। আমি একটা চিত্র তুলতে চাই সেটা হচ্ছে আমাদের দেশে ডাঃ লাইডল—তিনি একটা সংখ্যাতত্ত্ব গ্রহণ করেছিলেন—তিনি বলেছিলেন যে ১০০ টাকা যদি আমাদের সমাজের ইনকাম হয় কত সংখ্যক লোকের সেটা আয় আমি সেটা গবেষণা করে বের করবো। তা বের করে বললেন কি? ১৯৫৫-৫৬ সালে যদি সমাজে ১ শত টাকা আয় হয় তাহলে সেই সমাজের শতকরা ২৫ জন ৯·৫ অর্থাৎ সাড়ে নয় টাকা রোজগার করে। ৪৪ জন সাড়ে ৩১·৫ টাকা রোজগার করে ২৩ জন ২৯·১ টাকা রোজগার করে এবং ৮ জন ২৯·৯ টাকা রোজগার করে।

[4-20—4-30 p.m.]

এইভাবে ১০০ জন ১০০ টাকা রোজগার করে। তারপর আমরা দেখেছি

Perspective Planning Division of the Planning Commission

বলছেন ১-৯-৬৩ তারিখে যে আমাদের ১৯৬০-৬১ সালে এই হার কি দাঁড়াল? তিনি বলছেন শতকরা ৩০ জনের ১০ পার্সেন্ট টাকা আগে ছিল, শতকরা ২৫ জনের সাড়ে নয় পার্সেন্ট ভাগ এখন ৩০ জনের ১০ পার্সেন্ট টাকা। আর ৪০ পার্সেন্ট, ২৪·২ পার্সেন্ট টাকা আগে ছিল শতকরা ৪৪ জনের সাড়ে ৩১ টাকা, আর এখন শতকরা ৪০ জনের ২৮·২ টাকা এবং শতকরা ২০ জনের ২৫·১ টাকা এবং দশ জনের ৩৬·৬ টাকা। ঐতেই তাঁরা বলছেন শতকরা ৭০ ভাগ পপুলেশন-এর বিগত ৫ বছরের মধ্যে তাদের রোজগার কমে গেছে এবং শতকরা ৩০ জনের রোগজার বেড়ে গেছে। শতকরা ৩০ জনের রোজগার যখন ৩·০ কমেছে তখন শতকরা ১০ টাকার রোজগার শতকরা ৩·৫ টাকা বেড়েছে। এই যে চিত্র এই চিত্র ১৯৫০ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত অর্থাৎ ২টি পরিকল্পনা শেষ হবার পর তৃতীয় পরিকল্পনার মুখে আমরা দেখছি আমাদের যারা বড় বড় মিল মালিকগোষ্ঠী, টাটা, বিড়লা, সাহু জৈন ইত্যাদি সরকারের কোম্পানী তারা

ফেডারেল চেম্বার অফ কমার্স-এর মারফৎ এবং বণিক ব্যবসায়ীর মারফৎ খুব চাপ সৃষ্টি করছেন যে সুপার ট্যাক্স, সারচার্জ, ইনকাম ট্যাক্স ইত্যাদি বাবদ বিভিন্ন ভাবে টাকা দিয়ে আমাদের আর কিছু থাকছে না। তাদের পক্ষে ওকালতী করতে গিয়ে আমাদের অর্থ মন্ত্রিমহাশয় জানিয়েছেন যে ভারতবর্ষে আমরা সব থেকে বেশী ইনকাম ট্যাক্স দিয়ে থাকি— যথা শতকরা ৫৫·১৮ টাকা। পৃথিবীতে এত বেশী কেউ দেয় না। এখানে আমাদের স্ট্রেইট কোশ্চেন হচ্ছে যে তাই যদি অবস্থা হয় যে ভারতবর্ষে আমরা এত টাকা জোর করে আদায় করছি বড় বড় মালিকদের কাছ থেকে তাহলে মালিকদের রোজগার বাড়ে কি করে? একটা ফিগার দিচ্ছি সেটা হচ্ছে ডাঃ লাউডন বলেছেন সে কথা তার পরের পৃষ্ঠায় আমি বলেছি আমাদের দেশে যেসব মুনাফা করেন বড় বড় কোম্পানী তাদের মুনাফার হারটা একবার দেখুন। তাদের মুনাফার হার হচ্ছে হিন্দুস্থান লিভার ২৬·৬ টাকা গ্রস প্রফিট করেছে, হিন্দুস্থান মোটর ২১·২, টিসকো ২১·২, টেক্সম্যাকো ২১·২ এবং সিন্ধিয়া স্টীম ২১·২ পার্সেন্ট প্রফিট বেশী করেছে এবং অন্যান্য বারের তুলনায় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলের মধ্যে তাদের আগের থেকে রোজগার ছাপিয়ে উঠে গেছে। এর থেকে একটি প্রমাণিত হয় যাদের এত টাকা কেড়ে নিচ্ছে সরকার তারা যে মুনাফা করছে তার অংশও কমছে তাতো নয়, টাকা মনোপোলিসড হচ্ছে, পোলারিজেশন অফ ইকনমি হচ্ছে অর্থাৎ অর্থ নীতি শাস্ত্র অনুযায়ী একটা ক্ষুদ্র শ্রেণীর শক্তির হাতে টাকা জমছে। সেই টাকা জমার ভেতর দিয়ে আমরা দেখছি যত টাকা আপনারা উদ্ধার করে নেন তাদের কাছ থেকে ইনকাম ট্যাক্স বাবদ, তারা আণ্ডার ইনভয়েস ইত্যাদি নানা রকম কায়দায় ইনকাম ট্যাক্স ফাঁকি দিয়ে, গভর্নমেণ্টকে ফাঁকি দিয়ে সেটা উশুল করে নেয়, গভর্নমেন্ট এবং মালিক শ্রেণী একই গোষ্ঠী মিলিতভাবে সরকার চালান, ব্যবসা চালান, একই নীতি তাঁরা ফলো করেন। কিন্তু তবুও বলেন যত ট্যাক্স করি মালিক পক্ষ বলেন এত ট্যাক্স দেব না। কিন্তু দেখা যায় কার্যত মালিকদের রোজগার ক্রমশই আরও বাড়ছে। এই যে প্যারাডক্স এই যে অবস্থার বৈচিত্র্য আমাদের ভারতবর্ষের ভূমিতেই এত বেশী কেন দেখা যাবে? সমাজতন্ত্রবাদের চেহারা যদি সৃষ্টি করতে হয় তাহলে স্ট্রাকচার তৈরী করতে হবে, ইকোনমিক বুনিয়াদ তৈরী করতে হবে, সুপার-স্ট্রাকচার তৈরী করতে হবে সমাজতন্ত্রের, তা না হলে আমরা একথা জানি যে একমাত্র পথ যা ইতিহাসে স্বাক্ষর রেখে দিয়েছে সেটা হচ্ছে যে, কমিউনিস্টরা যা বলে যে সর্বহারার নায়কত্ব যদি না থাকে রাষ্ট্রে তাহলে কেবল মালিক শ্রেণী, বুর্জোয়া শ্রেণী ধনীক শ্রেণী দ্বারা কোনদিন রাষ্ট্র ক্ষমতা গ্রহণ করে সমাজতন্ত্রবাদ করতে পারে না। তাই বলব যে বাংলাদেশের এই বাজেট দিয়ে সমস্যার সমাধান হবে না। আমি বলতে চাই যে আজকে আমরা ধনবাদী লাইনে না গিয়ে যদি আপনাদের বাজেট কনফিশন-এ স্বীকার করে নিতে হয় যে যদি আপনারা সমাজতন্ত্রবাদ চান তাহলে কতকগুলি কাজ করতেই হবে।

যে কাজ করতে গেলে দেখা যাবে আপনাদের সঙ্গে সাথী হয়ে অনেক বামপন্থী থাকতে পারবে, আপনারা সে লাইন যদি না নেন তাহলে এ কাজ করতে পারবেন না। এ বিরাট কর্মকাণ্ড, এ কর্মকাণ্ডের কথা আমাদের চিন্তা করতে হবে ভারতবর্ষের যে সামন্ততান্ত্রিক সমাজের পরিবেশ সে পরিবেশকে বদলাতে গেলে আমূল সংশোধন করতে গেলে কি ধরনের সমাজ গঠন করতে হবে এবং তা গঠন করতে হলে কি ধরনের কর্মকাণ্ড করা উচিত তা ভাবা উচিত। আমরা বলে-ছিলাম এই কথাই যে ভারত সরকারের বা পশ্চিমবঙ্গ সরকারের তা ক্ষমতা নেই। দুর্নীতি দমন করতে পারে এ ক্ষমতাও পশ্চিমবঙ্গ সরকারেরও নেই। সে কারণে ফরেন ট্রেড হাতে নিতে পারে। পশ্চিমবঙ্গ সরকারের ক্ষমতা নেই ন্যাসনালাইজেশান করতে পারে। পশ্চিমবঙ্গ সর-কারের ক্ষমতা নেই, ভারতের অর্থনীতি বা বাংলাদেশের অর্থনীতি সমাজতান্ত্রিক ধাচে করতে পারেন, তার মূল বুনিয়াদ ভারত সরকারের হাতে এবং দিল্লীতে যে নীতি নির্ধারিত হয় তার সঙ্গে ভিটো না দিয়ে আপনাদের উপায় নেই। তবে সুখের কথা এই যে, ভারতবর্ষের মধ্যে একটা শ্রেণী হয়ত ঐকান্তিক ভাবে চাচ্ছেন—যারা সত্যই সমাজতন্ত্র চান তাঁরা বলেন কংগ্রেস সত্যই সমাজতন্ত্রবাদ তৈরী করতে পারবে কি? তাদের মোহ চুকবে কি চুকবে না, ভবিষ্যতের ইতিহাস সে কথা বলবে। কিন্তু আমার ধারণা বাংলাদেশের মধ্যে একটাও কংগ্রেস নেতা তা বলেন না, যিনি সমাজতন্ত্রবাদকে মূলত, দর্শন ও রাজনীতি হিসাবে গ্রহণ করেছেন। আমি বাংলাদেশ সম্পর্কে এই কথা বলতে পারি। ভারত সরকার যদি সে সুযোগও দেয়, পশ্চিমবঙ্গ

সরকার তা গ্রহণ করবে কিনা, এবং তা যদি করতে হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকারের মধ্যেও অনেক পরিবর্তন করতে হবে। আমরা জানি পশ্চিমবঙ্গ সরকার ঘুন ধরা সরকার, এ সরকারের এক দিকে যেমন আমলাতান্ত্রিক স্বেচ্ছাচারিতা প্রচণ্ডভাবে চলেছে, দুর্নীতি চারিধারে ব্যাপকভাবে নিয়েছে, এবং দুর্নীতি এত সাংঘাতিক হয়ে গেছে তার একটা ছোট ঘটনা বলবো। সেদিন আমি হাইকোর্টে গিয়েছিলাম, কোন একটি কাজের জন্য কাজটা হল একজনের টাকা জমা দিতে। দেখলাম টাকা জমা দিতে গেলে টাকা ঘুষ দিতে হয়। কারণ তাদের নাকি উপরি পাওনা। কে এক জন বলেন এঁরা এম-এল-এ এঁরা ঘুষ দেন না। তা সত্ত্বেও বললেন এটা চালু হয়ে গেছে, আপনি যখন এম এল এ তখন যা হোক কিছু কম দেন। যা হোক মুহুরী এক টাকা গুঁজে দিলেন, তিনিও ৮ টাকার জায়গায় ১ টাকায় সন্তুষ্ট হলেন। কি দুর্নীতি দেশে চলেছে? এতে করে কি কোন মানুষের শ্রদ্ধা থাকবে না এই সরকার মানুষকে আমলাতন্ত্রের হাতে পিষ্ট করছে যেমন আগেও পিষ্ট করেছে, বরং অজকে তারা আরো বেশী করে পিষ্ঠ হচ্ছে। আজকে কংগ্রেস সরকারের কাছে আমরা এসব কথাই জিজ্ঞাসা করি, কিন্তু তাদের জবাব দেবার কিছু নেই। আজকে দেশে ঔষধের মধ্যে ভেজাল চলেছে, তাতে বিষ পাওয়া গেছে, ব্লিৎস্ কাগজ লিখেছে ঔষধ খেয়ে মানুষ কেমন করে মরে এবং তার একটা ঘটনা দেখিয়ে রসিকতা করে সেটা লিখেছে যে, যখন একটা রোগী বিষ খেয়ে অসুস্থ অবস্থায় পড়ে ছিল, তাকে কোন রকমে চিকিৎসা করে সুস্থ করে দিচ্ছেন তাকে যখন বিছানা থেকে তুলছে এবং জিজ্ঞাসা করছে কি খেতে চাও, সে বললো ফুড দিতে। ফুড যেই দিয়েছে, সেই ফুডে বিষক্রিয়া থাকায়, রোগী বিষ খেয়ে যদিও বাঁচত ঐ ফুড খেয়েই মারা গেল। এটা ব্লিৎস্-এর খবর ফুড ইজ মোর পয়জনাস দ্যান পয়জন, এইরকম ধরনের দুর্নীতি আমাদের চলেছে। তাই আমরা বলছি যে আপনারা বিশ্বাস করুন আর নাই করুন আপনারা সমাজতন্ত্র করবেন না বা পারবেনও না এবং এটা অস্বীকার করতে পারবেন না এবং শুধু এই কথা বলি সমাজতন্ত্রবাদ এদেশে হোক বা না হোক, ভূমি সংস্কার আইন যা রচনা করেছেন তাও কার্যকরী করেন নি কেন? ভাগচাষী বোর্ডের কাজ হয় না, ভাগচাষী আইন কাজে লাগে না কেন? খাজনার হার ঠিক করা হয় না কেন? বা কৃষকরা জমি পায়না কেন? ক্ষেতমজুর জমি পায় না কেন? এ কথা কি বলা যায় না যে শতকরা ৮০ ভাগ কৃষক কাজ পায় না। তাদের মধ্যে এই কাজের অভাবের জন্য যে প্রতিক্রিয়া তা দুর্ভিক্ষ সৃষ্টি করে এবং ঘুষ খেয়ে যদি জমি বড় বড় জোতদারের হাত দিয়ে বেনামী হয়, তাহলে কি হবে? কৃষি ঋণ টাকায় ৪ আনা, ৮ আনা টাকায় টাকা পর্যন্ত সুদে পাট, ধানের মহাজনী ব্যবসা নানান জিনিসে চলছে এবং তাকে দূর করার জন্য সরকার কি করেছেন ধনবাদী সরকার ক্যাপিটালিস্ট গভর্নমেন্ট তাঁরা চান যে ফেডালিজম চলুক এসব কাজ হয়ে যাক, সেই সমাজতান্ত্রিক ধাঁচ ধুয়ে-মুছে যাক এবং দেশের কিছু লোক চায় সমাজতন্ত্রের পথে মুক্তি পেয়ে তারা অগ্রসর লাভ করুক পুঁজিবাদ থেকে। কিন্তু কোথায় আমাদের সে দৃষ্টিভঙ্গী? সে দৃষ্টিভঙ্গী নেই। কাজেই পলিটিক্যাল স্কুলিং নেই বা বাংলাদেশের মানুষের কাছে কি নির্দেশ আছে জানি না, কিন্তু আমার ধারনা কংগ্রেস এদিক থেকে এত পেছিয়ে আছে যে এখানে নিতান্তই সমবায় প্রথায়ও কাজ হয় না।

[4-30—4-40 p.m.]

এখানে এগ্রিকালচারাল ডেভালপমেন্ট হয় না। এখানে সারা ভারতবর্ষের মধ্যে খাদ্যের উন্নতি একেবারেই নেই বরং পশ্চাদ্‌পদ এবং আমাদের বাংলাদেশ শিল্পের দিক দিয়েও ক্রমশ ক্রমশ অনগ্রসবতা লাভ করছে। শিক্ষার দিক দিয়ে যেটা ছিল তৃতীয় শ্রেণী সেটা অষ্টম শ্রেণীতে এসে দাঁড়িয়েছে। স্বাস্থ্যের দিক দিয়ে বাংলাদেশের কোটি কোটি লোক, আজকে পরীক্ষা করলে দেখা যাবে, তাদের মধ্যে লক্ষ লক্ষ লোক যক্ষ্মা রোগে আক্রান্ত হয়েছে। হাসপাতালে যান—কেলেঙ্কারী, দুর্নীতি। কোথায় যাবেন? আমাদের একটি জায়গা নেই যেখানে মানুষ স্থির হয়ে একমুহূর্ত চিন্তা করতে পারে যে আমি একটা সুস্থ সবল সমাজে আছি যেখানে মানুষ বলে সম্মানবোধ করি। খাদ্যের দর, এখানে প্রধানমন্ত্রী বলেছেন খাদ্যের দর-ত কিছু কিছু বাড়তে পারে। গতবারে প্রথমে ছিল আমাদের গভর্ণরের অ্যাড্রেসে যে আমাদের ৯ লক্ষ টন কম হবে। তারপরে ১১ লক্ষ টন, তারপরে ১৫ লক্ষ টন, তারপরে ১৭ লক্ষ

টন তারপরে ২২ লক্ষ টন কম হয়ে গেল। দমদম দাওয়াই-এ হল, ৫৩ টাকার জায়গায় ২৮ টাকা, ৩২ টাকা, ৩৪ টাকা, ৩৮ টাকা ৪০ টাকায় বিক্রি হ'তে আরম্ভ করলো। সরকার প্রাইস ঠিক করে দিলেন। কিন্তু আমরা জানি সরকারের হাতে যদি সাপ্লাই পজিশন স্ট্রং না থাকে আজকে আবার বলছি আপনাদের এই পাপচক্রে পড়তে হবে কিম্বা আপনারাই এই পাপচক্র সৃষ্টি করবেন মিল মালিকদের নিয়ে, সেই চালকল মালিকদের নিয়ে এবং দেশের খাদ্য নিয়ে ছিনিমিনি খেলবেন। এখনই সরকারের উচিত যে সামনের বারে যদি সাবধানতা অবলম্বন করতে হয়, সরকারের হাতে যথেষ্ট পরিমাণে স্টক নিয়ে তবেই এই কাজে নামা উচিত, দর নির্ধারণ করবার জন্য। শুধু মুখের কথা বলে দিলে দর নির্ধারণ হবে না। কোথায় আপনি ধান পাবেন, কোথায় আপনি চাল পাবেন? যেখানে যেখানে গরীব লোক দূর গ্রামে থাকে সেখানে সেখানে যোগাযোগের অভাবে ধানের দর কোথায়ও কম আবার যেখানে যেখানে শহরের নিকটবর্তী গ্রাম সেখানে ধানের দর অত্যন্ত বেশী। চালের দর তেমনি ২৮ টাকার উপর কোনকালেই ছিল না, আজকে ২৯-৩০ টাকায় মোটা চাল পাবেন। ফাইন, সুপার ফাইন চাল প্রায় বাজার থেকে উধাও হয়ে গিয়েছে, সে নাই বললেই চলে। আরো হচ্ছে এই যে, যে চালটা যে কোয়ালিটির তার যে ব্যাখ্যা করে আপনারা নাম দিয়েছেন তা নিয়েও গণ্ডগোল লেগে গিয়েছে। আমি অত ডিটেলে যাবো না, আমি শুধু এই কথাই বলতে চাই যে, যখনই কোন সমস্যা আমাদের কাছে আসে তখনই আপনারা বলেন যে, আমাদের জাতীয় ইনকাম কমেছে, শিল্প আমাদের বাড়ে নি, কৃষিতে আমাদের উন্নতি নেই, খাদ্যে আমাদের অধঃপতন হয়েছে। আমাদের দেশের লোকের অত্যন্ত দুর্দশা চলছে তার কারণ কি? লোকের চাপ, উদ্বাস্তু, জন্ম, আর কারণ হচ্ছে প্রাকৃতিক বিপর্যয়। তাহলে আপনারা আছেন কিসের জন্য? শাসক পার্টি যদি সব ফ্যাটালিস্ট হয়ে বসে থাকেন, মানুষের জন্ম হচ্ছে, প্রাকৃতিক দুর্যোগ চলছে, উদ্বাস্তু চলে আসছে এবং নানা ধরনের জটিল সমস্যা দানা বেঁধে আছে তাহলে কেন শাসক পার্টি আছে? রাষ্ট্রের কথাতেও এই কথাই শুনি, রাষ্ট্র বিপ্লবের কথাতেও এই কথাই শুনি যদি সমস্যার সমাধান কোন শাসকপার্টি না করতে পারে তার সমাধান করবে দেশের লোক, সে লোকে যে কায়দায় পারে করবে। কাজেই আজকে একথা বলা দরকার শুধু সমাজ-তন্ত্রবাদ, ভুবনেশ্বর, আবাদী কংগ্রেস, নানা ধরনের কথার ফুলঝুরি ছড়িয়ে দিয়ে বাংলাদেশের লোককে বিমুগ্ধ করে চিরকাল রাখা যাবে না। লোক নিজের হাতে সুযোগ গ্রহণ করতে শিখেছে, উদ্যোগী হতে শিখেছে, যেমন সুযোগ নিয়েছিল দমদমে, যেমন উদ্যোগী হয়েছিল মাছের বাজারে। আজ আমরা দেখছি কি, ১৭ বৎসরের স্বাধীনতার মধ্যে দিয়ে বাংলাদেশের সরকার কি করেছেন? চোখের সামনে অ্যাচিভমেন্ট কলকাতার মত জায়গায়? যেটা এত বড় শহর, সারা পৃথিবী থেকে লোক দেখতে আসে সেখানে গুণ্ডার রাজত্ব চলে, পুলিশ নির্বিকার অসহায় এবং নীরব সৈনিকের ভূমিকার পার্ট করে। দ্বিতীয়তঃ কি? কলকাতাতে এই অবস্থা, গুণ্ডা পোষা, অ্যান্টিসোস্যাল এলিমেণ্টকে পোষা, তারা সমস্ত আবহাওয়া কলুষিত করে দেয় বাংলাদেশের মধ্যে। আর অপর দিকে ব্ল্যাক মার্কেট, চতুর্দিকে অবাধ প্রফিটিয়ারিং, চতুর্দিকে বিষাক্ত ফণাধারি সর্পের মধ্যে আমাদের বাঙ্গালী জাতিকে বাস করতে হচ্ছে। এর মধ্যে দিয়েই বাংলাদেশের ভবিষ্যত নির্ণয় করতে হবে। আজকে আমরা মনে করি আমাদের ভাগ্য তার সঙ্গে ভারতবর্ষের ভাগ্য ওতঃপ্রোতভাবে জড়িত। আমরা দেখেছি গত ১৭ বৎসরের মধ্যে ভারত, যেখানে অ-কমিউ-নিস্ট ২৯টি দেশের মধ্যে একটা গবেষণা করা হয় তাতে অবস্থাটা কি, সেখানে জাতীয় আয় হিসাবে বলা হয়েছে যে ভারতে যখন ১·০, পাকিস্তানে তখন ১·১, সিংহলে তখন ১·৭, এবং ইণ্ডিয়ার হচ্ছে অনগ্রসর মান।

এই হচ্ছে একটা দপ্তর থেকে খবর। এর থেকে আমরা বুঝি যে ভারতবর্ষের অগ্রগতি কোন্ দিকে এবং আরো যদি খুঁজি তাহলে আরো বহু তথ্য পাবো। সেই তথ্যের মধ্যে দু-একটি বলছি, ফ্যাক্টরির মজুর ধরুন, ভারতবর্ষে ফ্যাক্টরির মজুর ১৯৫৫ সালে ১,৯৭৩ টাকার আয় বছরে এবং ১৯৫৯ সালে হয়েছিল ১,৩৩৩ টাকা আয়। ১৪ পার্সেন্ট অফ দি ইনকাম তাদের বাড়লো বটে, সঙ্গে সঙ্গে দেখুন ১৯৫৫ সালে লিভিং ইণ্ডেক্স ছিল ৯৬ পার্সেন্ট, ১৯৫৯ সালে এটা হল ১২১ পার্সেন্ট। ২৫ পার্সেন্ট লিভিং ইণ্ডেক্স বেড়ে গেল। তাহলে আমরা কি করে বলবো ভারতের অগ্রগতি জনতার মুখ চেয়ে এগিয়ে যাচ্ছে, ভারতের অগ্রগতি জনসাধারণকে

আরো সন্তুষ্ট ও সুখী করছে এবং একদিন না একদিন এই সুখ আরো প্রশস্ত করার সম্ভাবনা আছে? সেই পিকচার পাই না।

ল্যান্ডলেস পেজেন্ট্রি সম্পর্কে গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার এনকোয়ারি কমিশন বলেছেন দুটো জিনিস কমান হয়েছে, রেট অফ ওয়েজ অ্যান্ড ওয়ার্কিং আওয়ার্স। ১৯৫৫ সালে যা ছিল তা থেকে সেটা কমতে কমতে এসেছে। শুধু তাই নয়, আরেকটা জিনিস তাঁরা দেখিয়েছেন প্ল্যানিং কমিশন-এর সামনে ভারতবর্ষের বড় বড় ইকোনমিস্টরা অনেক তথ্য দিয়েছেন, রিভিউ ... তাঁদের প্রদত্ত একটা তথ্য থেকে জানা যায় যে, ২০টি লিডিং গ্রুপ ১,০৭৩টি কোম্পানী নিয়ন্ত্রণ করেন, সেই সব কোম্পানীতে লিডিং রোল প্লে করেন। তাঁদের অবস্থা কি? তাঁদের শেয়ার ক্যাপিটাল ছিল ১৯৫১ সালে ২৯·১ পার্সেন্ট, সেটা বেড়ে ১৯৫৮ সালে হল ৩২·৪৪ পার্সেন্ট। এই লিডিং গ্রুপ এবং টাটা, বিড়লা, মার্টিন বার্ন, সাহু-জৈন, এঁদের ১৯৫৮ সালে ছিল ২২·৩৮ পার্সেন্ট, ১৯৬১ সালে হল ১৭·৮১ পার্সেন্ট, এই ২০টি কোম্পানীর মধ্যে ৫ পার্সেন্ট শেয়ার ক্যাপিটাল বাড়লো। টাটা, বিড়লার ১৯৫১ সালে যে শেয়ার ক্যাপিটাল ছিল সেটা হচ্ছে ১৯ পার্সেন্ট, এবং এটা হচ্ছে ওয়ান সিক্সথ অফ দি এনটায়ার স্টক ক্যাপিটাল। এই হচ্ছে অবস্থা। একটা মনোপলি একচেটিয়া কারবার সুন্দরভাবে গড়ে উঠছে যতই তাঁরা ভুবনেশ্বরে সমাজতন্ত্রের কথা বলুন না কেন, যতই আমাদের সরকার শান্তি, নিরপেক্ষতা, এবং কল্যাণের শান্তিবচন উচ্চারণ করুন না কেন। ১৯৬৩-৬৪-এর ইকনমিক রিভিউতে আমাদের শিল্পের একটা পিকচার দেওয়া হয়েছে, আমরা ভারতবর্ষে যে ট্যাক্স আদায় করি পৃথিবীর অন্য কোন জায়গায় এত কম ট্যাক্স আদায় করে না। এর থেকেই প্রমাণ হচ্ছে আমাদের ভারতবর্ষে একচেটিয়া কারবারীরা কি পরিমাণ সরকারকে ফাঁকি দিচ্ছে। দুর্নীতি দমন করার জন্য ইন্ডিয়া গভর্নমেন্ট চেষ্টা করছেন, আজ পর্যন্ত জানি না আমাদের বাংলাদেশের সরকার এই দুর্নীতি দমন করবার জন্য কোন সংস্থা সৃষ্টি করেছেন কিনা। যাই হোক, আমি বলতে চাই বাংলাদেশ যে দুর্দশার মুখে পৌঁছেছে, শিল্পে, স্বাস্থ্যে, শিক্ষায়, খাদ্যে, কৃষিতে এবং ভূমিসংস্কারে যেরকম পিছিয়ে আছে তাতে করে যদি আমাদের বেঁচে থাকতে হয় তাহলে নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের আগামী দিনের বাজেট রচনা করতে হবে।

[4-40—4-50 p.m.]

Shri Monoranjan Bakshi:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের অর্থমন্ত্রী শৈলবাবু আগামী আর্থিক বছরের অর্থাৎ ১৯৬৪-৬৫ সালের জন্য যে বাজেট পেশ করেছেন এবং সেই বাজেট পশ্চিমবাংলার যে চিত্র তুলে ধরেছেন সেটা অত্যন্ত দুঃখজনক এবং তার মধ্যে আশার চিহ্ন নেই। এই বাজেটে আমরা দেখতে পাচ্ছি রাজস্ব খাতে আয় হবে ১৩৫ কোটি ৫২ লক্ষ ১১ হাজার টাকা এবং ব্যয় হবে ১২৯ কোটি ৯৫ লক্ষ ৯০ হাজার টাকা। এই আয় ব্যয়ের হিসেবে চলতি বছরে উদ্বৃত্ত কম হবে বলে মনে হচ্ছে এবং সেদিক থেকে এই বাজেটকে একটি বর্ণচোরা আম বলা যায়। এর কারণ হচ্ছে প্রথমে দেখে মনে হবে এটি খুব সুন্দর এবং এই বাজেটে তিনি ঘোষণা করেছেন যে, আগামী বছরে কোন ট্যাক্স নির্ধারণ করছেন না। কিন্তু আমরা জানি বছরের মাঝখানে ট্যাক্স বসান হয়েছে। আমরা দেখতে পাচ্ছি ভূমি সংস্কার, রেজিস্ট্রেশন ফি আদায় এবং স্ট্যাম্প ডিউটি আদায়ের মধ্য দিয়ে কিছু কিছু ট্যাক্স আদায় করবেন। কিন্তু দেখতে সুন্দর হলেও এটা যে একটি বর্ণচোরা আম সে বিষয় কোন সন্দেহ নেই। তারপর তিনি বলেছেন যে, পে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সরকারী কর্মচারীদের মাগ্‌গী ভাতা বৃদ্ধি করেছেন। একে বৃদ্ধি বলা যায় না, বরং লজ্জার সঙ্গে বলতে হয় তিনি ভিক্ষা দিয়েছেন। যা হোক, এইসব নিয়ে ২ কোটি ৪৭ লক্ষ টাকা ঘাটতি পড়বে এবং তাছাড়া আরও দুকোটি টাকা ঘাটতি পড়বে। কিন্তু এটা কোথা থেকে মেক আপ করবেন সেটা তিনি বলেন নি। কাজেই বর্তমানে ট্যাক্স না বসালেও পরে যে বসাবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে এখন যে ট্যাক্স বসান নি তার কারণ হচ্ছে পশ্চিমবাংলায় এতদিন পর্যন্ত আমাদের উপর যে পরিমাণ ট্যাক্স ছিল তাতেই আমরা জর্জরিত এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের উপর যে করভার বেশী

বসিয়ে বর্তমানে যে সুযোগ দিয়েছেন সেটা যে আর রাখবেন না সেটা বোঝা যায়। স্যার, ১৯৬২-৬৩ সালের বাজেট যখন পেশ করা হয় তখন ডাঃ রায় অর্থমন্ত্রী ছিলেন এবং তিনি বলেছিলেন কেন্দ্রীয় মন্ত্রণালয়ের যে মতিগতি এবং তৃতীয় পরিকল্পনা কমিশনের যে কার্য পদ্ধতি তাতে পশ্চিমবাংলায় বারে বারে ঘাটতি পড়ছে। তারপর, ১৯৬৩-৬৪ সালের বাজেট পেশ করবার সময় শংকরবাবু নির্ভিকভাবে বলেছিলেন কেন্দ্রীয় সরকারের মনোভাব এবং পে কমিটির সিদ্ধান্তের কথা। কিন্তু তার ফলে কিছু হয় নি। স্যার, আমরা জানি যখন দেশ বিভাগ হয় নি, বাংলাদেশ পরাধীন ছিল তখন এন আর সরকার বিলেতে থার্ড রাউন্ড টেবেল কনফারেন্স-এ যোগদান করে নিজের প্রভাব বিস্তার করে ব্রিটিশ গভর্নমেন্টের কাছ থেকে পরাধীন বাংলার প্রাপ্য ন্যায্য রাজস্ব আদায় করতে পেরেছিলেন। কিন্তু দুঃখের কথা হচ্ছে এখানেও কংগ্রেস সরকার এবং ওখানেও যখন কংগ্রেস সরকার তখন বাংলাদেশের অর্থমন্ত্রী চাপ দিয়ে, নিজের প্রভাব বিস্তার করে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবাংলার জন্য অর্থ আদায় করতে পারছেন না।

একবার শংকরদাসবাবু অর্থমন্ত্রী হিসাবে যে কথা স্পষ্ট করে বলেছিলেন আজকে শৈলবাবু দেখতে পাচ্ছি অত্যন্ত কৌশলে বলেছেন আপৎকালীন অবস্থায় অন্যান্য রাজ্যের মত পশ্চিমবঙ্গ রাজ্য অপেক্ষা পশ্চিমবাংলাকে দরদের সঙ্গে সত্যিকারের সুযোগ দেন এখানে যাতে ঘাটতি না রাজ্যেও কেন্দ্রীয় সরকার কর কমিয়েছেন. আমি তাঁদের কাছে এটা নিবেদন করবো যে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্যের মত নয়, পশ্চিমবঙ্গ যেমন সমস্যা সংকুল, সমস্যা জর্জরিত অন্যান্য রাজ্য তেমন নয়, কাজেই কেন্দ্রীয় সরকারকে বল ত পশ্চিমবঙ্গকে বিশেষ সুযোগ সুবিধা যেন দেওয়া হয়। এটা যদি না করতে পারেন তাহলে পশ্চিমবাংলাকে দিনের পর দিন দুর্গতির পথে ছেড়ে দেওয়া হবে এ বিষয়ে কোন সন্দেহ নাই। কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করছি যে আপনারা কেন্দ্রীয় সরকারকে চাপ দিন, তাদের উপর প্রভাব বিস্তার করুন যাতে তাঁরা অন্যান্য রাজ্য অপেক্ষা পশ্চিমবাংলাকে দরদের সঙ্গে সত্যিকারের সুযোগ দেন, এখানে যাতে ঘাটতি না থাকে।

কৃষি উন্নয়ন সম্বন্ধে বলা হয়েছে, আমরা জানি বাংলাদেশে সেচের সুবিধা দেওয়া হয়, সারের সুবিধা দেওয়া হয়। আমরা জানি বর্ধমান জেলায় ১৯৫৮-৫৯ এবং ১৯৫৯-৬০ সালে ক্যানেল কর সাড়ে সাত টাকা ছিল কিন্তু তা সত্ত্বেও দেখতে পাচ্ছি ১৯৬১-৬২ সালে সেই কর ১০ টাকা ধার্য করা হয়েছে বর্ধমানে, এজন্য নোটিশ জারী করা হয়েছে। শুধু তাই নয় ক্যানেল কর যেখানে বাকী থাকে ৬৩ লক্ষ টাকা সেখানে আদায় হয়েছে ৩ লক্ষ টাকা, বর্ধমান-এর ক্যানেল রেভিনিউ অফিসের গয়ং গচ্ছ নীতির জন্যই ক্যানেল কর আদায় হচ্ছে না। শুধু তাই নয়, বর্তমানে যে নোটিশ দেওয়া হয়েছে তাতে যে যে জিনিস উল্লেখ করা প্রয়োজন যেমন দাগ নং খতিয়ান নং ইত্যাদি উল্লেখ করা হচ্ছে না। শুধু লেখা আছে পূর্ববৎ, কর আদায়ের জন্য ১৫ দিনের সময় দেওয়া হয়, সে পর্যন্ত উল্লেখ নাই, তারপর চাষীরা হয়রান হচ্ছে। এভাবে শুধু কাগজপত্রের মাধ্যমে, থিওরীর মাধ্যমেই সুযোগ-সুবিধা দেওয়া হয়। এইভাবে যদি চলে তাহলে কোনদিন লোকে বিশ্বাস করবেন না যে আপনারা এই রাষ্ট্র সোস্যালিস্টিক প্যাটার্ন করবেন। যদি আপনারা মনে করে থাকেন যে সোস্যালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি করবেন তাহলে আমি বলবো এভাবে শুধু কাগজেকলমে করলেই চলবে না। আপনারা প্রথমে বর্ধমানে ক্যানেল ট্যাক্স করেছিলেন ৫ টাকা, তারপর সেটা করলেন ৭॥০ টাকা, তারপর সেটাকে অগ্রাহ্য করে এখন করেছেন ১০ টাকা, কাজেই এগুলি কি আপনারা কৃষি উন্নয়নের নামে কৃষককে লুণ্ঠন করছেন না? তাদের উপর কি অত্যাচার হচ্ছে না কিম্বা তাদের অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে না? এগুলি চিন্তা করে দেখুন, শুধু তাই নয়, আসানসোল মহকুমায় বিষ্ণুপুর গ্রামে টুংগী নদীতে যে বাঁধ দিয়েছে ইরিগেশন বাঁধ সেটা নদীর লেভেল থেকে প্রায় আড়াই ফুট উঁচু, ফলে যে স্লুইচ গেট আছে তার মধ্য দিয়ে জল পাশ হতে পারে না। গভর্নমেন্ট এত খরচ করেছেন কিন্তু জমিতে জল কোনদিন পড়ে না। অথচ সেখানে কিন্তু একটা সাইনবোর্ড টাঙ্গিয়ে রাখা হয়েছে যে প্যাকেজ স্কীম হচ্ছে। চাষীরা কোন উপকার ভোগ করে না। আমি বলছি মন্ত্রিমহাশয় বাস্তব ক্ষেত্রে গিয়ে দেখুন এই যে অভিযোগ এগুলি সত্য কিনা। কাজেই আমি বলছি শুধু কাগজে-কলমে রাখলেই হবে না। শুধু তাই নয়, কৃষকদের যে সমস্ত লোন দেওয়া হয় যেমন ক্যাটল

পার্সোচ লোন, সার ক্রয় ঋণ এগ্‌নলি বাস্তবে কাজে লাগে কিনা, কেনা হয় কিনা, কৃষি ক্ষেত্রে প্রয়োগ করা হয় কিনা এটা দেখা কর্তব্য। কার্যত দেখা যায় গ্রামের যারা প্রভাবশালী ব্যক্তি, তারা সমস্ত সুযোগ-সুবিধা ভোগ করে থাকে, সত্যিকারের যারা কৃষক, যারা লাঙ্গল দিয়ে চাষ করে যারা আমাদের খাবার যোগাড় করে তারা কোন সুযোগই পায় না। তাই বাস্তবিক পক্ষে যদি সত্যিকারের কৃষকদের সেবা করতে হয় তাদের মঙ্গল করতে হয় তাহলে দেখতে হবে তারা কতটা সুযোগ-সুবিধা পাচ্ছে না পাচ্ছে। এ যদি করতে পারেন তাহলে বাজেটে যে সব কথা বলেছেন কৃষি সম্বন্ধে তাহলে সেটা সার্থক হবে। তা যদি না হয় তাহলে বাংলাদেশের মানুষ কোনদিন অসত্যকে স্বীকার করে নেবে না এবং আপনাদের ক্ষমা করবে না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50—4-58 p.m.]

শ্রীঅম্বিকাচরণ দাস: মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত বুধবার মাননীয় মন্ত্রিমহোদয় এই বিধান কক্ষে বাজেট পেশ করেছেন এবং সে সম্বন্ধে আজকে আলোচনা চলছে, উভয় পক্ষ থেকে বহুরকম আলোচনা শুনলাম এবং এক একটি মতামত নিয়ে আপন আপন আলোচনা করছেন। কিন্তু এই আলোচনা শুনে আমার একটা কথা মনে হল সমুদ্র মন্থনের কথা। সমস্যা বিক্ষুব্ধ দেশ হয়তো একটা সমুদ্র এবং এই উভয় পক্ষ সেই সমুদ্র মন্থন করছেন এবং সেই মন্থনের রসি হল এই বাজেট। মন্থন করে এখন উভয় পক্ষ কেউ গরল এবং কেউ অমৃত আহরণ করবার চেষ্টা করছেন। আপনারা গরল (বিরোধী পক্ষকে নির্দেশ করিয়া) আহরণ করছেন কি সুধা আহরণ করছেন সেটা আপনারাই জানেন। আমরা অমৃত পন্থী এই বাজেটের মধ্যে আমরা দেখতে চেষ্টা করবো যে এই বাজেটের ভিতর কিছু ভাল আছে কিনা।

বাজেট জিনিসটা আমি মোটামুটি যে ভাবে বুঝি তাই বলব আমি হয়ত কম বুঝি, আপনারা বেশী বোঝেন। আমি জানি বাজেট দেখলে পর বুঝতে পারা যায় যে দেশের অবস্থা কি রকম। আমাদের মন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন তাতে অর্থনীতির যেরকম একটা ধারাবাহিক পরিচয় দিয়েছেন এবং যেসব বিভিন্ন কার্যাবলী, যেরকম ধারাবাহিকভাবে তুলে দিয়েছেন তাতে আমরা বেশ বুঝতে পারি যে দেশ ক্রমশ উন্নতির পথে যাচ্ছে তাতে কোন সন্দেহ নেই। বাজেটে কোন নূতনত্ব আছে কিনা তা দেখাব। প্রথম হচ্ছে এই কথা যে বাজেটকে আমি অভিনন্দন জানাচ্ছি এজন্য যে বাংলাভাষায় আমাদের এই হাউসে প্রথম বাজেট পেশ করা হয়েছে এবং তার জন্য আমি আমাদের মন্ত্রিমহাশয়কেও অভিনন্দন জানাচ্ছি। বাংলাভাষার প্রতি তিনি বাস্তবিক যে সম্মান দেখিয়েছেন এটা সত্যি আনন্দের কথা। দ্বিতীয় কথা আমি বলতে পারি যে এই বাজেটে বিভিন্ন কাজে, বিভিন্ন খাতে আমাদের মন্ত্রিমহাশয় যেভাবে টাকা বরাদ্দ করেছেন এবং যেভাবে কোটি কোটি টাকা খরচ হচ্ছে আয় এবং ব্যয়ের তুলনামূলক হিসাব শুনলাম—তাতে এত কোটি টাকা যে খরচ হয় তাহলে আমরা কি বুঝব যে কিছু হচ্ছে না তা নয় কিছু হচ্ছে, হতে পারে কিছু বাদ যাচ্ছে। তারপর দেখা যাচ্ছে যে তিনি চেষ্টা করেছেন প্রত্যেক বিষয়ে খুটিনাটি করে সবই বলেছেন এবং দেখিয়েছেন যে, শিক্ষা, স্বাস্থ্য, শিল্প ইত্যাদি সব খাতে তিনি বিশেষ টাকা বরাদ্দ করেছেন এই টাকাগুলি যদি সঠিকভাবে ব্যয় হয় তাহলে দেশের নিশ্চয় যে উন্নতি হবে তাতে সন্দেহ নেই। পরিশেষে, আমি এ সম্পর্কে ২-১টি আলোচনা করে বক্তব্য শেষ করব। আমাদের গ্রামের বন্ধুরা বলেছেন যার ঘরে ভাত তার ঘরেই মাছ এবং এ সম্বন্ধেই আমি কিছু আলোচনা করব। কৃষি বিষয়ে আলোচনা করার কিছু নেই, কারণ কৃষির জন্য সরকার যথেষ্ট ব্যবস্থা করেছেন। কিন্তু সেগুলো যদি বিশেষভাবে সাময়িক কার্যকরী করা হয়, অর্থাৎ সময়ে যদি সার, বীজ ইত্যাদি তারা পায় তাহলে তাতে চাষের যথেষ্ট উন্নতি হবে। কিন্তু সেটা না পাবার জন্য অনেক কৃষক ভাইরা চাষের প্রতি আস্থা হারিয়ে ফেলেছেন। আশা করি এটার দিকে তাঁরা লক্ষ্য করবেন। তারপর আমি মাছের ব্যাপারে একটা কথা বলব। মাছের জন্য আমাদের সরকার বহুরকম চেষ্টা করছেন এবং যেসব ব্যবস্থা করেছেন সেগুলি হচ্ছে

মাছের পরিমাণ বৃদ্ধির বিষয়ে বলে আমি মনে করি। কিন্তু একটা মূল বিষয় হচ্ছে মাছের ডিম সব নষ্ট হয়ে যাচ্ছে মাছের ডিম ধরার জন্য। এটা খুবই দুঃখের বিষয়। মাছের ডিম সাধারণত ভাগীরথী, সুবর্ণরেখা, কাঁসাই, গঙ্গা নদীতে হয় এবং যেভাবে ডিমগুলি ধরা হয় তাতে ম্যাসাকার অফ দি ইনোসেন্স হচ্ছে এবং তাতে ১৪ আনা ডিম নষ্ট হয়ে যায়। ডিম ধরার যাদের অভিজ্ঞতা আছে তাঁরা একথা বলবেন যে জাল ফেলে ডিম ধরতে ১৪ আনা ডিম নষ্ট হয়ে যায়। কাজেই প্রতি বৎসর না ধরে ২ বছর অন্তর ধরলে মাছের প্রাচুর্য বাড়বে এবং এই ভাবে মৎস্য সমস্যার সমাধান হবে। এইভাবে আমি বাজেটকে সমর্থন জানিয়ে এবং মন্ত্রি-মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 4-58 p.m. till 1 p.m. on Monday, the 24th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 24th February, 1964, at 1 p.m.

Present

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State and 157 Members

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

[1—1-3 p.m.]

Nabagram Thana Library

98. (Admited question No. 19.)

[illegible] রায়: গত ৬ই সেপ্টেম্বর ১৯৬৩ তারিখে প্রদত্ত ৭৫৭নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১২৬৬) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) নবগ্রাম থানা লাইব্রেরীর নূতন খসড়া গঠনতন্ত্র জেলা সমাজশিক্ষা আধিকারিকের অনুমোদন লাভ করিয়াছে কি; এবং

(২) উক্ত লাইব্রেরীর বর্তমান অ্যাড-হক্ কমিটি কতদিন সরকার চালু রাখিবেন বলিয়া স্থির করিয়াছেন?

The Minister for Education:

(১) নবগ্রাম থানা লাইব্রেরীর নূতন খসড়া গঠনতন্ত্র অনুমোদন করা যাইতে পারে, এই মর্মে শিক্ষাধিকার জেলা সমাজশিক্ষা আধিকারিককে নির্দেশ দিয়াছেন।

(২) নূতন গঠনতন্ত্র অনুযায়ী পরিচালক সমিতি গঠিত হইলে অ্যাড-হক্ কমিটি থাকিবে না।

Primary Schools in Murshidabad

99. (Admitted question No. 155.)

[illegible] রাহা: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গ্রাম ও শহরে কত প্রাথমিক বিদ্যালয় আছে; এবং

(খ) এই জেলায় ১৯৬৪-৬৫ সালে শহর ও গ্রামে কত নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদিত হইবার প্রস্তাব আছে?

The Minister for Education:

(ক) মুর্শিদাবাদ জেলায় গ্রাম ও শহরে মোট ১,৬৩০টি প্রাথমিক বিদ্যালয় আছে।

(খ) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম ভাগেই মুর্শিদাবাদ জেলার গ্রামাঞ্চলের জন্য দুই দফায় ১২৭টি (৮০+৪৭) নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হইয়াছে।

সম্প্রতি মুর্শিদাবাদ জিলা স্কুল বোর্ড হইতে নূতন কয়েকটি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রস্তাব পাওয়া গিয়াছে এবং ঐগুলি সরকারের বিবেচনাধীন আছে।

শহরাঞ্চলের জন্য সংশ্লিষ্ট পৌর প্রতিষ্ঠানগুলিকে ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ শহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইন অনুসারে প্রকল্প প্রস্তুত করিতে বলা হইয়াছে।

Murshidabad Institute of Technology

100. (Admitted question No. 144.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether there is any proposal to upgrade the Murshidabad Institute of Technology to a Degree standard; and

(b) if so, when the proposal is likely to be implemented?

The Minister for Education: (a) There is no proposal to upgrade the Murshidabad Institute of Technology to Degree standard.

(b) Does not arise.

Scheme for improving yield and quality of Jute in West Bengal

101. (Admitted question No. 280.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether the Government will consider the desirability of improving the yield and quality of jute crop in the State of West Bengal?

(b) And if so, the particulars of the areas in the districts where the said scheme is likely to be implemented in 1964?

The Minister of State for Agriculture: (a) Yes: Jute Development Scheme is already in operation in the State of West Bengal.

(b) The Jute Development Scheme is already in operation in all the jute-growing areas of this State. For further intensification of jute development work, Government of India has been considering to start the jute intensive cultivation programme work almost immediately in five jute-growing districts of the country of which three have been provisionally selected in West Bengal, viz., Murshidabad, West Dinajpur and Nadia.

Electricity for agricultural development

102. (Admitted question No. 281.) **Shri Aswini Roy:** (a) Will the Hon'ble Minister-in-charge of Agriculture Department be pleased to state if it is a fact that the electric power is used for the purposes of the development of agriculture in the State of West Bengal?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) to what extent the total power is consumed in the State of West Bengal for agricultural development

(ii) what rate is charged on this account;

(iii) whether the Government have any scheme in 1964-65 to increase the allotment of the power for this purpose.

The Minister of State for Agriculture: (a) Yes. Electric power is used for operation of the deep irrigation tubewell sunk in this State.

(b) (i) Three lakh units per year.

(ii) 10 nP. per unit.

(iii) Additional demand for power in 1964-65 is three lakh units, which may be met by the West Bengal State Electricity Board.

Land under Bharatpur Mauza

103. (Admitted question No. 168.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভরতপুর মৌজার দ.গ নং ৭৬৩০ ও ৭৬৩১, জে এল নং ৬৫তে যে জমি আছে তাহা কোন সরকারী দপ্তরের অধীনে আছে কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে -

(১) উক্ত জমিতে আবাদ হয় কিনা, এবং

(২) আবাদ হইলে, গত দুই বৎসর ঐ জমির ফসল কে পাইয়াছে ?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ, পূর্ত বিভাগের অধীনে আছে।

(খ) (১) হ্যাঁ।

(২) গত দুই বৎসর যাবৎ টেনু সেখ নামে এক ব্যক্তি উক্ত জমি আবাদ করিয়া আসিতেছেন এবং ফসলও লইতেছেন।

Import of fish from East Pakistan

104. (Admitted question No. 322.)

শ্রীরেবতীরমণ রায়: মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পূর্ব-পাকিস্তান হইতে পশ্চিমবঙ্গে মাছ আমদানি হইতেছে কি ;

(খ) আমদানি হইলে, গত জানুয়ারি ১৯৬৪ সালে ঐরূপ মাছ কত মণ পশ্চিমবঙ্গে আসিয়াছিল ; এবং

(গ) গত পাঁচ বৎসরে (১৯৫৯-১৯৬৩ খ্রীস্টাব্দ) কোন্ বৎসরে ঐরূপ কত মণ মাছ পশ্চিমবঙ্গে আসিয়াছিল ?

The Minister for Fisheries:

(ক) হ্যাঁ।

(খ) ৫৪,৪৭৪ মণ।

(গ) ১৯৫৯—১১,৮৯,৯৫৫ মণ
১৯৬০—১২,৩৯,৪৫৮ মণ
১৯৬১—১১,৫০,৪২৪ মণ
১৯৬২—১৬,৯৫,৯৪৯ মণ
১৯৬৩—১৫,৯১,৪৫৯ মণ
(১৫ই ডিসেম্বর পর্যন্ত)

The Hinglow Project

105. (Admitted question No. 427.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হিংলো পরিকল্পনার কার্য কখন হইতে আরম্ভ হইবে ;

(খ) হিংলো নদীর উপর কোন্ স্থানে (অর্থাৎ কোন্ কোন্ মৌজায়) ড্যাম তৈয়ার হইবে ; এবং

(গ) উক্ত পরিকল্পনায় জলাধারের জন্য সরকারকে কত বিঘা জমি অ্যাকোয়ার করিতে হইবে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) এখন সঠিক বলা সম্ভব নহে।

(খ) বর্তমান পরিকল্পনা অনুযায়ী খয়রাসোল থানার অন্তর্গত ইস্‌লামকুড়ি (জে এল নং ৭৯) ও গঙ্গারামপুর (জে এল নং ৬২) মৌজায় ড্যাম নির্মাণের প্রস্তাব আছে।

(গ) বর্তমান হিসাব অনুযায়ী জলাধারের জন্য প্রায় ৬,০০০ বিঘা জমি দখলের প্রয়োজন হইবে।

Compensation to ex-Zamindars

106. (Admitted question No. 268.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে সরকার (১) কয়জনকে এবং (২) মোট কত টাকা ভূতপূর্ব জমিদারগণকে ক্ষতিপূরণ হিসাবে দিয়াছেন ; এবং

(খ) যাহাদের ক্ষতিপূরণ দিয়াছেন তাহাদের মধ্যে কয়জনের নেট মুনাফা বৎসরে ২০ হাজার টাকা বা তদূর্ধ্ব ছিল ?

The Minister for Land and Land Revenue:

(১) ১লা এপ্রিল ১৯৬৩ হইতে ৩১এ ডিসেম্বর ১৯৬৩ তারিখ পর্যন্ত নিম্নোক্তরূপ ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে:—

	জনসংখ্যা	টাকার পরিমাণ
অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ ..	১৮,১৬৬	১,০৭,৯৭,৪৩৩
চূড়ান্ত ক্ষতিপূরণ ..	৩,০২,১৫৮	১,৩৫,৪৮,৩৪৫

(খ) অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ প্রাপ্ত ২১ জনের নেট মুনাফা বৎসরে ২০ হাজার টাকা বা তদূর্ধ্ব ছিল।

Irrigation facility under Hinglow Project

107. (Admitted question No. 428.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হিংলো পরিকল্পনার জন্য খয়রাসোল, দুবরাজপুর ও ইলামবাজার থানায় কোন্ কোন্ মৌজায় জমিতে সেচের জন্য জল সরবরাহ করা হইবে;

(খ) উপরোক্ত তিন থানার মধ্যে কোন্ থানার কত জমি সেচ হইবার সম্ভাবনা আছে ;

(গ) উপরোক্ত তিন থানায় যেসব মৌজা হিংলো পরিকল্পনায় সেচ ব্যবস্থার সুযোগ পাইবে না সেসব মৌজার জন্য সরকারের অন্য কোন সেচ পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে কি ধরনের সেচ পরিকল্পনা ঐসকল অঞ্চলে হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) বর্তমান পরিকল্পনা অনুযায়ী যেসকল মৌজায় সেচের জল পাইবার সম্ভাবনা আছে, তাহার একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) বর্তমান হিসাব অনুযায়ী খয়রাসোল, দুবরাজপুর ও ইলামবাজার থানায় যথাক্রমে আনুমানিক ৪,২০০, ১২,০০০ ও ১৪,৪০০ একর জমি সেচের সুযোগ পাইবে।

(গ) না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 107

তালিকা

Police-station Khayrasol

(1) Bhadulia, J.L. No. 58 (Part).
(2) Naopara, J.L. No. 124 (Part).
(3) Lauhere, J.L. No. 123 (Part).
(4) Semara, J.L. No. 127 (Part).
(5) Puratan Nagrakandi, J.L. No. 128 (Part).
(6) Khayrasol, J.L. No. 130 (Part).
(7) Sarsa, J.L. No. 122 (Part).
(8) Pansiuri, J.L. No. 121 (Part).
(9) Maynadal, J.L. No. 134 (Part).
(10) Barkati, J.L. No. 135 (Part).
(11) Bagasola, J.L. No. 133 (Part)
(12) Barakuri, J.L. No. 157 (Full)
(13) Amjola, J.L. No. 156 (Full).
(14) Ram Pathar, J.L. No. 155 (Part)
(15) Bibharpur, J.L. No. 161 (Full)
(16) Panchea, J.L. No. 151 (Part).
(17) Majura, J.L. No. 150 (Part).
(18) Nanna, J.L. No. 166 (Part).
(19) Labaisol, J.L. No. 165 (Full).
(20) Bahadurpur, J.L. No. 164 (Part).
(21) Bharara, J.L. No. 169 (Part).
(22) Mahespur, J.L. No. 162 (Full).
(23) Pursunda, J.L. No. 160 (Full).
(24) Rayhosenpur, J.L. No. 158 (Full).
(25) Idilpur, J.L. No. 159 (Full).
(26) Paigara, J.L. No. 163 (Full).

Police-station Dubrajpur

(1) Belsara, J.L. No. 12 (Part).
(2) Banbundra, J.L. No. 13 (Full).
(3) Pirojpur, J.L. No. 14 (Full).
(4) Pirpur, J.L. No. 15 (Full).
(5) Patiapur, J.L. No. 16 (Full).
(6) Kukutia, J.L. No. 17 (Full).
(7) Kumarbundra, J.L. No. 18 (Full).
(8) Domuai, J.L. No. 124 (Full).
(9) Dakshin Madanpur, J.L. No. 125 (Full).
(10) Kanaipur, J.L. No. 126 (Full).
(11) Debipur, J.L. No. 127 (Part).
(12) Jophlai, J.L. No. 128 (Full).
(13) Uttardaha, J.L. No. 129 (Full).
(14) Chitgaon, J.L. No. 130 (Full).
(15) Rasulpur, J.L. No. 131 (Full).
(16) Dabandha, J.L. No. 132 (Full).
(17) Hosenganja, J.L. No. 146 (Full).
(18) Champanakri, J.L. No. 147 (Full).
(19) Simuldihi, J.L. No. 148 (Full).
(20) Dakshin Gopalpur, J.L. No. 150 (Full).
(21) Anllya, J.L. No. 151 (Full).
(22) Metegram, J.L. No. 152 (Full).
(23) Thiral, J.L. No. 153 (Full).
(24) Palasdanga, J.L. No. 154 (Part).
(25) Loba, J.L. No. 155 (Part).
(26) Barari, J.L. No. 156 (Part).
(27) Khojkamalpur, J.L. No. 157 (Full).
(28) Kota, J.L. No. 158 (Part).
(29) Kamalpur, J.L. No. 159 (Full).
(30) Dakshin Chandpur, J.L. No. 160 (Full).
(31) Birbhadrapur, J.L. No. 161 (Full).
(32) Tarulia, J.L. No. 162 (Full).
(33) Rengna, J.L. No. 163 (Full).
(34) Birori, J.L. No. 164 (Full).
(35) Budhgram, J.L. No. 165 (Full).
(36) Ghorapura, J.L. No. 203 (Part).
(37) Palsara, J.L. No. 204 (Part).
(38) Kundighi, J.L. No. 205 (Part).
(39) Gangra, J.L. No. 206 (Full).
(40) Bhaluka, J.L. No. 207 (Full).
(41) Bodhgram, J.L. No. 208 (Part).
(42) Brahmandihi, J.L. No. 209 (Full).
(43) Khagra, J.L. No. 210 (Full).

(44) Paduma, J.L. No. 211 (Full).
(45) Khandagram, J.L. No. 212 (Full).
(46) Basahari, J.L. No. 213 (Full).
(47) Bidaipur, J.L. No. 219 (Full).
(48) Kakari, J.L. No. 231 (Full).
(49) Sirsa, J.L. No. 232 (Full).

Police-station Illambazar

(1) Baranabagram, J.L. No. 55 (Full)
(2) Sirsa, J.L. No. 56 (Part).
(3) Sukhadala, J.L. No. 59 (Part).
(4) Bilwamanghat Beluria, J.L. No. 61 (Part)
(5) Tikarbeta, J.L. No. 62 (Part).
(6) Joydeve Kenduli, J.L. No. 63 (Part)
(7) Mundira, J. L No. 67 (Part).
(8) Bhubaneswar, J.L. No. 70 (Part)
(9) Dhulpur, J.L. No. 74 (Part).
(10) Kshudrapur, J.L. No. 75 (Part).
(11) Pachim Pratappur, J.L. No. 78 (Part).
(12) Bharatpur, J.L. No. 99 (Part)
(13) Gangapur, J.L. No. 94 (Part)
(14) Narasingapur, J.L. No. 90 (Full).
(15) Mirjapur, J L. No. 91 (Part).
(16) Naogaon, J.L. No. 96 (Part).
(17) Kamaipur, J.L No. 97 (Part)
(18) Nanasol, J.L. No. 98 (Full).
(19) Munandihi, J.L. No 99 (Part).
(20) Matikona, J.L. No. 115 (Part).
(21) Katna, J.L. No. 109 (Part).
(22) Kayera, J.L. No. 107 (Part).
(23) Padmabati, J.L No. 35 (Full)
(24) Galtia, J.L. No. 34 (Part).
(25) Harishchandrapur, J L No. 37 (Part).
(26) Chakrup, J.L. No. 39 (Part).
(27) Delora, J.L. No. 42 (Full).
(28) Satlapur, J.L. No 40 (Full).
(29) Dhanai Shibrambati, J.L. No. 38 (Full)
(30) Tulamara, J L. No. 36 (Full).
(31) Gopinathpur, J.L. No. 44 (Full).
(32) Rakona, J.L. No. 45 (Full).
(33) Dharampur, J.L. No. 46 (Full).
(34) Sunut, J.L. No. 47 (Full).

(35) Salka, J.L. No. 48 (Full).
(36) Uttarkona, J.L. No. 49 (Full).
(37) Tarepur, J.L. No. 50 (Full).
(38) Rangpur, J.L. No. 51 (Full).
(39) Muragachi, J.L. No. 52 (Full).
(40) Madanpur, J.L. No. 53 (Full).
(41) Kharui, J.L. No. 54 (Full).
(42) Sahapur, J.L. No 64 (Full).
(43) Chak Rasik, J.L. No. 58 (Full).
(44) Chak Paran, J.L. No. 57 (Full)
(45) Janubazar, J.L. No. 65 (Full)
(46) Raghunathpur, J.L. No. 66 (Full).
(47) Sagar, J. L. No. 71 (Full).
(48) Chhoto Chak, J L. No 72 (Full).
(49) Akamba, J L. No. 73 (Full).
(50) Nahana, J L. No. 80 (Full).
(51) Dumput, J.L. No. 81 (Full).
(52) Ichhapur, J.L. No. 82 (Full).
(53) Bhabanipur, J.L. No. 83 (Full).
(54) Summuni, J.L. No. 84 (Full).
(55) Tinor, J.L. No. 85 (Full).
(56) Sripur, J.L. No. 86 (Full).
(57) Payer, J.L. No. 87 (Full).
(58) Baruipur Mehediganga, J.L. No. 88 (Full).
(59) Radhaballavpur, J.L. No. 89 (Full).
(60) Chunpalasi, J.L. No. 100 (Full).
(61) Sabajpur, J.L. No. 101 (Full).
(62) Jalalnagar, J.L. No. 102 (Full).
(63) Khadempukur, J L. No. 103 (Full)
(64) Sakargachra, J L. No. 104 (Full).
(65) Paikuni, J.L. No. 105 (Full).
(66) Nripatigram, J.L. No. 43 (Full).
(67) Pachiara, J.L. No 106 (Full).

Collection of municipal taxes in Nabanagore Colony within Berhampore Municipality

108. (Admitted question No. 342.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বহরমপুর পৌর সংস্থার অন্তর্গত নীপনবাদ রোড নবনগর কলোনীর অধিবাসীর উপর বর্তমানে অতিরিক্ত ট্যাক্স ধার্য করা হইয়েছে এবং ইতিপূর্বে দুস্থতার কারণে যেসকল ট্যাক্স আদায় করা হয় নাই বর্তমানে অ্যাডমিনিস্ট্রেটরের আমলে ১২ বছরের ট্যাক্স একসঙ্গে আদায়ের জন্য চাপ দেওয়া হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Grants for girl students residing in hostels

109. (Admitted question No. 290.)

শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে ছাত্রীদের হোস্টেলে থাকার জন্য কোন্ কোন্ কলেজে সাহায্য বাবত সরকার কিরূপ পরিমাণ টাকা গত ১৯৬১, ১৯৬২ ও ১৯৬৩ সালে দিয়াছেন?

The Minister for Education:

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
	টাকা	টাকা	টাকা
(১) লেডি ব্রেবোর্ন কলেজ, কলিকাতা	৫৮,০০০	৫৮,০০০	৫৭,০০০
(২) ভিক্টোরিয়া কলেজ, কোচবিহার	৬,০৬৬	৬,৬৭২	৫,৭০০
(৩) দার্জিলিঙ কলেজ	৭,০০০	১০,০০০	১০,০০০

এই প্রসঙ্গে বলা যায় যে, কেবলমাত্র সরকারী কলেজের সহিত যুক্ত ছাত্রী নিবাসের ছাত্রীগণকে মাথাপিছু সাহায্য (ক্যাপিটেশন গ্রান্ট) দেওয়া হইয়া থাকে।

Publication of text books for primary and secondary classes by Government of West Bengal

110. (Admitted question No. 338.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যসরকার কর্তৃক প্রাথমিক ও মাধ্যমিক স্তরের কোন্ কোন পাঠ্যপুস্তক প্রকাশ ও সরবরাহ করা হইতেছে ;

(খ) এই পুস্তক প্রকাশে সরকারের কোন লাভ বা ক্ষতি হয় কিনা, এবং

(গ) ১৯৬৩-৬৪ সালের বর্তমান সময় পর্যন্ত এইরূপ পাঠ্যপুস্তক প্রকাশে কিরূপ লাভ বা ক্ষতি হইয়াছে?

The Minister for Education:

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যসরকার মাধ্যমিক স্তরের কোন পাঠ্যপুস্তক প্রকাশ করেন নাই। প্রাথমিক স্তরের জন্য নিম্নলিখিত পাঠ্যপুস্তকগুলি এ পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্যসরকার কর্তৃক প্রকাশিত হইয়াছে।

(১) কিশলয়, ১ম, ২য় ও ৩য় ভাগ বাংলা ও নেপালী সংস্করণ (যথাক্রমে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর বাংলা ও নেপালী—সাহিত্য ও গণিতের পাঠ্যপুস্তক)।

(২) প্রকৃতি পরিচয়, ১ম ও ২য় ভাগ বাংলা ও নেপালী সংস্করণ (যথাক্রমে তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর ভূগোল ও বিজ্ঞানের পাঠ্যপুস্তক)।

(৩) ইতিহাস, ১ম ও ২য় ভাগ (যথাক্রমে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ইতিহাসের পাঠ্যপুস্তক)।

(4)(i) Peacock English Primer.
(ii) Peacock English Reader, Book I.
(iii) Peacock English Reader, Book II.
(যথাক্রমে তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম শ্রেণীর ইংরাজী পাঠ্যপুস্তক)
(খ) এই পুস্তকসমূহ প্রকাশে সরকারের কোন লাভ বা ক্ষতি হয় না।
(গ) এই প্রশ্ন উঠে না।

Distribution of text books for primary classes

111. (Admitted question No 298)

শ্রীমনগমোহন দাস: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত প্রাইমারি শিক্ষার পাঠ্যপুস্তকগুলি প্রকাশিত বা ছাত্রছাত্রীগণকে সরবরাহের কোন ব্যবস্থা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, বৎসরের প্রথমে যাহাতে বইগুলি প্রকাশিত হয় তাহার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Education:

(ক) ইহা সত্য নহে। গত ১১ই জানুয়ারি ১৯৬৪ তারিখ হইতে বিভিন্ন জিলাসমূহে এবং ৩রা ফেব্রুয়ারি ১৯৬৪ তারিখ হইতে কলিকাতার অনুমোদিত পুস্তক বিক্রেতাদের নিকট এই বই সরবরাহ করা হইতেছে। তবে, কলিকাতার সাম্প্রতিক গোলযোগের জন্য কিছু বিলম্ব ও অসুবিধা হইয়াছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

Managing Committee of Gorabazar Iswar Chandra Institute

112. (Admitted suestion No. 370.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোরাবাজার ঈশ্বরচন্দ্র ইনস্টিটিউশনের ম্যানেজিং কমিটি কবে গঠিত হইয়াছে ;

(খ) ১৯৬৩ সালে নূতন ম্যানেজিং কমিটি গঠন করার জন্য বোর্ড নির্দেশ দিয়াছিলেন কিনা ; এবং

(গ) বর্তমানে উক্ত ম্যানেজিং কমিটির সম্পাদকের নাম কি?

The Minister for Education:

(ক) ১৯৫৮ সালের ১১ই অক্টোবর তারিখে।

(খ) হ্যাঁ। কিন্তু দেওয়ানী আদালতের নিষেধাজ্ঞা জারী হওয়ায় এখন পর্যন্ত কার্যকরী সমিতি পুনর্গঠন করা সম্ভব হয় নাই।

(গ) শ্রীমনীন্দ্রচন্দ্র দুবে।

Kapileswar Temple

113. (Admitted question No. 460.)

শ্রীদেবশরণ ঘোষ: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার শক্তিপুর গ্রামের কপিলেশ্বর মন্দিরটি ভাগীরথী নদীর ভাঙ্গন হইতে রক্ষাকল্পে সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি ; এবং

(খ) কোন ব্যবস্থা গ্রহণ না করা হইলে কতদিনের মধ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (খ) নদীর তীর ভাঙ্গনের ফলে ২১এ অগাস্ট ১৯৬৩ তারিখে মন্দিরটি ভাঙ্গিয়া পড়িয়াছে। এমতাবস্থায় ভাঙ্গন হইতে মন্দিরটি রক্ষা করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার প্রশ্ন উঠে না।

Agriculture Marketing Societies in Beldanga police-station

114. (Admitted questios No 446.)

শ্রীদেবশরণ ঘোষ: সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা থানায় কয়টি এগ্রিকালচার মার্কেটিং সোসাইটি কোথায় কোথায় আছে;

(খ) প্রত্যেকটি সোসাইটির আর্থিক মূলধন কত;

(গ) উক্ত সোসাইটিগুলি বর্তমান বৎসরে পাট খরিদ করিয়াছে কি; এবং

(ঘ) পাট খরিদ করিয়া থাকিলে কোন্ সোসাইটি কত পরিমাণ পাট খরিদ করিয়াছে?

The Minister for Co-operation:

(ক) ২টি। একটি বেলডাঙ্গায় ও অপরটি শক্তিপুরে অবস্থিত।

(খ) প্রথমোক্ত সোসাইটির আর্থিক মূলধন ১৬,৪২৫ টাকা ও অপরটির ৭১,৭৮৫ টাকা।

(গ) এবং (ঘ) কেবলমাত্র শক্তিপুরে অবস্থিত মার্কেটিং সোসাইটি বর্তমান বৎসরে ৩০৭ কুইন্টাল পাট, যাহার মূল্য ২৫,১২৬ টাকা খরিদ করিয়াছে।

Non-availability of fish at prices fixed by Government

115. (Admitted question No. 323.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাছের দাম সরকার কর্তৃক বাঁধিয়া দেওয়ার পরও উক্ত বাঁধা দামে মাছ পাওয়া যাইতেছে না বলিয়া কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি; এবং

(খ) অভিযোগ পাইয়া থাকিলে, সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে যাহাতে মাছ পাওয়া যায়, তাহার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Fisheries:

(ক) হ্যাঁ।

(খ) মৎস্য দপ্তর পুলিস দপ্তরের সহযোগিতায় পাইকারী ও খুচরা বাজারের প্রতি সতর্ক দৃষ্টি রাখিতেছেন। এই সম্পর্কিত আদেশ ভঙ্গকারীদের প্রতি আইন অনুযায়ী যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

Deep tube-wells in Midnapore

116. (Admitted question No. 306.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানার কোন্ কোন্ স্থানে গভীর নলকূপ বসানো হইয়াছে এবং তাহাদের সংখ্যা কত;

(খ) বর্তমানে ঐ সকল নলকূপের দ্বারা কত জমি উপকৃত হইতেছে;

(গ) প্রত্যেক স্থলে প্রত্যেকটি নলকূপের জন্য সরকার কত টাকা ১৯৬৩ সালে খরচ করিয়াছেন; এবং

(ঘ) উপকৃত জমিগুলির উপর কি হারে কর ধার্য করা হইয়াছে?

The Minister of State for Agriculture:

(ক) মেদিনীপুর জেলায় এ পর্যন্ত মোট ২৯টি গভীর নলকূপ বসানো হইয়াছে। যে যে স্থানে উহা বসানো হইয়াছে তাহার একটি তালিকা এই সঙ্গে দেওয়া হইল।

(খ) ২৯টি নলকূপের মধ্যে ৯টিতে শক্তি সংযোজিত (এনরজাইসড) হইয়াছে। এই ৯টির প্রত্যেকটি ২০০ একর জমিতে জল সরবরাহ করিতেছে।

(গ) এক একটি নলকূপের জন্য মোটামুটি ৯০,০০০ টাকা খরচ হয়। উপরি-উক্ত নলকূপগুলির মধ্যে কিছু সংখ্যা ভারত সরকারের এক্সপ্লোরেটোরি টিউবওয়েল অর্গানিজেশন-এর দ্বারা বসানো হইয়াছে। উক্ত সংস্থা পশ্চিমবঙ্গ সরকারের নিকট এই সম্বন্ধে কত টাকা তাঁহাদের প্রাপ্য তাহা এখনও জানান নাই।

(ঘ) জলকর কি হারে আদায় করা হইবে তাহা এখনও চূড়ান্তভাবে নির্ধারিত হয় নাই। প্রথম বৎসর বিনা করে জল সরবরাহ করার পর পরবর্তী বৎসর হইতে খারিফ ও রবি চাষের জন্য তদর্থক (অ্যাড-হক) হারে প্রতি একর পিছু যথাক্রমে ১০ টাকা ও ১৫ টাকা কর আদায় করা হইতেছে এবং মধ্যবর্তী ফসলের জন্য একর প্রতি ১০ টাকা ধার্য করা হইয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of the unstarred question No. 116

District Midnapore

(1) Mauza Dhopabaria (Khurchidanga), police-station Garbetta.
(2) Mauza Ditpur, police-station Kharagpur.
(3) Mauza Gobindapur, police-station Narayangarh.
(4) Mauza Kasba, police-station Egra.
(5) Mauza Harda, police-station Binpur.
(6) Mauza Dakshinsol, police-station Jhargram.
(7) Mauza Kenduara, police-station Panskura.
(8) Mauza Kachia, police-station Ghatal.
(9) Mauza Bolra, police-station Narayangarh.
(10) Mauza Budhaichak (Arjuni), police-station Narayangarh.
(11) Mauza Chapra, police-station Sankrail.
(12) Mauza Chakmokrampur, police-station Narayangarh.
(13) Mauza Protappur, police-station Sankrail.
(14) Mauza Dewli, police-station Narayangarh.
(15) Mauza Daharpur, police-station Narayangarh.
(16) Mauza Marnisole, police-station Sankrail.
(17) Mauza Bagberia, police-station Kharagpur.
(18) Mauza Chakjagabandhan, police-station Narayangarh.
(19) Mauza I. I. T., police-station Kharagpur.
(20) Mauza Narsingpur, police-station Kharagpur.
(21) Mauza Shyamalpur, police-station Kharagpur.
(22) Mauza Baramatkatpur, police-station Narayangarh.
(23) Mauza Gobindapur, police-station Narayangarh.
(24) Mauza Boupatna, police-station Kharagpur.
(25) Mauza Kalyanchak, police-station Narayangarh.
(26) Mauza Bahurupa, police-station Narayangarh.
(27) Mauza Bandgora, police-station Narayangarh.
(28) Mauza Siyara, police-station Narayangarh.
(29) Mauza Punja, police-station Dantan.

Beldanga Sugar Mill

117. (Admitted question No. 450.)

শ্রীদেবশরণ ঘোষ: বাণিজ্য ও শিল্প বিভাগীয় মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ন্যাশনাল সুগার মিলস্, আহমদপুর-এর তরফ হইতে বেলডাঙ্গা সুগার মিলটি ক্রয় করিবার ইচ্ছা প্রকাশ করিয়া কেন্দ্রীয় সরকারের নিকট আবেদন পেশ করা হইয়াছে, এবং

(খ) এ বিষয়ে কেন্দ্রীয় সরকার কি সিদ্ধান্ত লইয়াছেন তাহা পশ্চিমবঙ্গ সরকার অবগত আছেন কি?

The Minister for Commerce and Industries:

(ক) হ্যাঁ।

(খ) এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই।

Supply of D.V.C. water for Rabi Crops

118. (Admitted question No. 509.)

শ্রীঅশ্বিনী রায়: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে দামোদর ভ্যালী নিয়ন্ত্রণ এলাকায় রবিশস্যের জন্য নূতন এলাকায় জল সরবরাহের কোন প্রস্তাব আছে কি;

(খ) প্রস্তাব থাকিলে, কোন্ জেলায় কত একর অতিরিক্ত জমিতে ১৯৬৪ সালে সেচের জল সরবরাহ করা হইবে; এবং

(গ) উক্ত জল সরবরাহের জন্য এই বৎসর একর-প্রতি ধার্য জলকরের হার কত?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) বর্ধমান জেলায় ৫,৫০০ একর ও হুগলি জেলায় ১০,০০০ একর অতিরিক্ত জমিতে জল সরবরাহ করিবার প্রস্তাব আছে।

(গ) ১৯৬৩-৬৪ সালে রবি শস্যের জন্য একর-প্রতি জলকর ১২ টাকা ৫০ নয়া পয়সা ধার্য করা ঠিক হইয়াছে।

Plying of State buses from Calcutta to Farakka

119. (Admitted question No. 486.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether Government has any proposal to ply State buses from Calcutta to Farakka via Dhulian?

The Minister for Home (Transport): No.

Relief for the flood-affected areas of Ausgram and Mangalkot police-stations

120. (Admitted question No. 510.)

শ্রীঅশ্বিনী রায়: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৩ সালে বর্ধমান জেলার আউসগ্রাম ও মঙ্গলকোট থানায় অজয় নদের বন্যাপীড়িত এলাকায় ১৯৬৩ অক্টোবর হইতে ৩১এ জানুয়ারি ১৯৬৪ পর্যন্ত প্রতি মাসে অঞ্চল ভিত্তিতে কতজনকে কি কি প্রকারের সাহায্য কত পরিমাণ দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

Statement referred to in reply to unstarred question No. 12

বিবরণী

ক ক

থানার নাম	অঞ্চলের নাম	মাস		খয়রাতি সাহায্য		প্রাপকের সংখ্যা	সহায়ক কার্য্য			বীজ				বস্ত্র ও পোষাক	
				নগদ টাকা	খাদ্যশস্য		নগদ	খাদ্য-শস্য	সাহায্য প্রাপকের সংখ্যা	আলু	বোরো-ধান	ছোলা	সাহায্য প্রাপকের সংখ্যা	সংখ্যা	সাহায্য প্রাপকের সংখ্যা
				টাকা	কু:		টা:	কু:		কু:	কু:	কু:			
আউস গ্রা	উক্তা	অক্টোবর ১৯৬৩..	২,০০০	..	১,০০০	..	..	.		..	..	.		৬০০টি	৬০০
		নভেম্বর ১৯৬৩..	..	১০৩ ২২	২,৬৫৬	..	..					..		.	..
		ডিসেম্বর ১৯৬৩..	..	..	..	..	..		.		..			..	..
		জানুয়ারী ১৯৬৪..	..	..	..	.	..	.		.	.			২০০টি	২০০
	গালিগ্রাম	অক্টোবর ১৯৬৩..	..	১২৮.৪৬	৫,৬৮৩	৫৫০	৫১	২,৫৯০	৪৮		.			..	..
		নভেম্বর ১৯৬৩..	..	২৯.৫২	৭৫৮					..	.	২৪০		১৬৭টি	১৬৭
		ডিসেম্বর ১৯৬৩..	..	২৯.৪৪	৭৩৬	.	..	..		.	..	..		.	..
		জানুয়ারী ১৯৬৪..	..	..		..	..	..	.	..	..	..		..	..
মঙ্গলকোট	চঞ্চ	অক্টোবর ১৯৬৩..	..	৪৬.৮০	১,৮২০	..	..	..	..	..	..	..		..	..
		নভেম্বর ,১৯৬৩..	..	২৯.৪৪	৭৩৬	..	..	..	৩০	..	..	১৬৩		১২০টি	১২
		ডিসেম্বর ১৯৬৩..	..	২৯.৪৪	৭৩৬	..	..	..		..	..	.		..	..
		জানুয়ারী ১৯৬৪..	..	..	..	..	..	.	..	.	.	.			..

মঙ্গলকোট	অক্টোবর ১৯৬৩..	..	২৭ ৮০	৯০০	৫৫০	২৫.৪৫	১,৫৬৮	..	..	..	..	..	..
	নভেম্বর ১৯৬৩..	..	১৮ ১২	৪৭৮				১০	..	..	৫০	..	..
	ডিসেম্বর ১৯৬৩		১৮ ৫৬	৪৬৮	..	..	..	..	..	..	.	২৯টি	২৯
	জানুয়ারী ১৯৬৪				.		..	.	..	..	.	..	..
[illegible]	অক্টোবর ১৯৬৩		৭১ ৭৪	১,২২০	.	.	.	..	..	..	..	..	..
	নভেম্বর ১৯৬৩		[illegible]	৬৭৪	.	.	..	..	..	..	..	..	.
	ডিসেম্বর ১৯৬৩		[illegible]	৫২৬			.	৩০	..	.	১২৯	১৩৪টি	১৩৪
	জানুয়ারী ১৯৬৪						.	..	..	.			
[illegible]	অক্টোবর ১৯৬৩		[illegible]	১,৯৭৪	..	.	..	..	..	..	.		
	নভেম্বর ১৯৬৩		[illegible]	৯২০	২,৮৮৩	৯৫	৫,৬৮৩	১২	২	.	২০০	১০০টি	১০০
	ডিসেম্বর ১৯৬৩		৪১ ১২	১,০৮১				.		৬ ২০	৪২		
	জানুয়ারী ১৯৬৪					..	.	..		.			.

Grant of loans to the weavers and other artisans of West Bengal

121. (Admitted question No. 501.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে তাঁতী ও অন্যান্য কুটিরশিল্পীদের গত ১৯৫৯ সাল হইতে আজ পর্যন্ত কত টাকা লোন এবং কত টাকা গ্র্যান্ট দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত ঋণের টাকা আদায় করিবার জন্য (১) এ পর্যন্ত কত সার্টিফিকেট এবং ডিক্রী জারী করা হইয়াছে ; এবং (২) কতগুলি ক্ষেত্রে জোরপূর্বক মালপত্র ক্রোক করা হইয়াছে ; এবং

(গ) এই প্রকার ঋণের জন্য কত হারে সুদ ধরা হয়?

The Minister for Cottage and Small-Scale Industries:

(ক) পশ্চিমবঙ্গে তাঁতী ও অন্যান্য কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পীদের ১৯৫৯-৬০ সাল হইতে ডিসেম্বর ১৯৬৩ পর্যন্ত সাহায্যের পরিমাণঃ

লোন অনুমানিক ১.১৭.৬৬.৮১৬ টাকা।

গ্র্যান্ট- আনুমানিক ৮৬,৫৬,৮৩১ টাকা।

(খ) (১) ও (২) জানা নাই।

(গ) সুদযুক্ত ঋণের ক্ষেত্রে যথাসময়ে পরিশোধের জন্য শতকরা ২½ টাকা হইতে ৫ টাকা হারে সুদ ধরা হয়।

Relief to gold artisans of Bhatar and Galsi police-stations

122. (Admitted question No 504.)

শ্রীঅশ্বিনী রায়: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ভাতার থানার অন্তর্গত বনপাস কামারপাড়া ও গলসী থানার কৈতাড়া গ্রামে স্বর্ণশিল্পীদের সংখ্যা কত, এবং

(খ) স্বর্ণ নিয়ন্ত্রণ আইন চালু হওয়ার পর হইতে ১৯৬৪ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত উক্ত দুইটি গ্রামে কয়জন স্বর্ণশিল্পীকে কি কি সাহায্য দেওয়া হইয়াছে এবং বর্তমানে হইতেছে?

The Minister for Relief:

(ক) বনপাস কামারপাড়া—১৭১টি পরিবার এবং কৈতাড়া—১০টি পরিবার।

(খ) বনপাস কামারপাড়া গ্রামে ৫২টি পরিবারকে ২.২৯৬ টাকা এবং কৈতাড়া গ্রামে ৯টি পরিবারকে ২৯৬ টাকা খয়রাতী সাহায্য দেওয়া হইয়াছে।

Obituary

Mr. Speaker: Hon'ble members, it is my painful duty to announce the sad death of Shri Dharanidhar Sarkar, a sitting member of this House. His death took place early this morning.

Shri Sarkar was elected a member from the Malda constituency. He was suffering from liver cancer and was having treatment in the Chittaranjan Hospital, Calcutta, where he breathed his last.

Shri Sarkar was imprisoned for several terms during 1929 to 1936 for his participation in the revolutionary movement and Tebhaga movement during the period. He joined the Communist Party of India in 1937.

He was a man of amiable disposition He was a member of this House from 1952 to 1957. He was re-elected in the last general election

With these words I would request you, members, to stand in your seats for two minutes to pay homage to the memory of the departed soul

(The honourable members rose in their seats and stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen. Secretary will do the needful.

The House stands adjourned till 1 p.m. to-morrow.

Adjournment

The House was accordingly adjourned at 1-03 p.m. till 1 p.m. on Tuesday, the 25th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 25th February, 1964, at 1 p.m.

Present

Mr Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 10 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State and 182 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1-10 p.m.]

Pak trenches

***102.** (Admitted question No. *270.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গের সীমান্তের বহু স্থানে পাকিস্তান "ট্রেঞ্চ" খনন করিয়াছে এবং সীমান্ত ঘাটিগুলিতে পুলিস এবং সৈন্যসংখ্যা বৃদ্ধি করিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ (ক) হাঁ, কতিপয় স্থলে খনন করিয়াছে।

(খ) হাঁ।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ কয়টি স্থানে খনন করিয়াছে জানাবেন কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইন দি পাবলিক ইন্টারেস্টে এর বেশি আমি কিছু বলতে চাই না।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি মুখ্যমন্ত্রীর উত্তর অনুসরণ করেছেন কি না জানি না, কিন্তু আপনার হস্তক্ষেপ করা দরকার। উনি বলছেন ইন দি পাবলিক ইন্টারেস্ট। কি পাবলিক ইন্টারেস্ট? পাকিস্তান কোথায় ট্রেঞ্চ খনন করিয়াছে, সেটা জানাতে এমন কি গোপনীয়তা থাকতে পারে যেটা বিধানসভার সদস্যদের জানাতে পারবেন না? আমি মনে করি উনি জবাব এড়িয়ে যাচ্ছেন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন ঃ ট্রেঞ্চ খনন করা হইয়াছে, কিন্তু তার লোকেশান আমি এখানে জানাতে চাচ্ছি না।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ উনি প্রথমে জবাব দিয়েছেন যে, খনন করা হইয়াছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, সৈন্যসংখ্যা বৃদ্ধি করিতেছে বলিয়া দ্বিতীয় অংশে যে প্রশ্ন আছে তাতে আপনি কি অবগত আছেন যে, সীমান্ত ঘাটিগুলিতে পাকিস্তান পুলিস এবং সৈন্যসংখ্যা বৃদ্ধি করিতেছে এবং এর জবাব কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ কতিপয় স্থলে এইরূপ হইয়াছে।

শ্রীকমলকান্তি গুহঃ উনি পাবলিক ইন্টারেস্ট-এর কথা বলেছেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে আমরা—যারা সীমান্ত এলাকায় থাকি তাঁরা—যদি এগুলি জানতে পারে, তা হলে জনসাধারণ সচেতন থাকতে পারে যে, কোন্ সীমান্তে পাকিস্তান তার মিলিটারী সংখ্যা বাড়িয়েছে, পরিখা খনন করেছে। কাজেই এগুলি আমাদের জানানো উচিত।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমাদের সামরিক বিভাগ ভাল করে জানেন এবং যে ব্যবস্থা অবলম্বন করা দরকার তাঁরা তা করবেন।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ কদিন আগে তাঁরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ ঠিক সময়টা এখানে নেই—এ বিষয় আমাদের গোচরে আসলেই জানিয়ে দেওয়া হয়েছে। আমরা যখন জানি, তার আগেই তাঁরা জানতে পারেন।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ এই সরকার কখন জানতে পারলেন যে, পাকিস্তান সীমান্তে ট্রেঞ্চ খনন করেছে। কতদিন আগে পশ্চিমবঙ্গ-সরকার জানতে পারলেন যে, সীমান্তে পাকিস্তান বিভিন্ন অঞ্চলে ট্রেঞ্চ খনন করেছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমার কাছে এখানে সেটা নেই। আমি মাননীয় সদস্যকে বলতে পারি, যখনই আমাদের গোচরে আসে সঙ্গে সঙ্গে ১৫ মিনিট কি আধ ঘণ্টার মধ্যে জানিয়ে দিই। এমনও অনেক সময় হয়েছে, যখন আমরা খবর দিলাম তাঁরা হয়তো তখন বললেন—ও তোমরা আজ জেনেছ আমরা কালই খবর পেয়েছি।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ কতদিন আগে হয়েছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমার কাছে এখানে নেই। এ প্রশ্ন থেকে যতদূর মনে হয় উঠে না। আমি মাননীয় সদস্যকে এটুকু বলতে পারি, যখনই আমরা খবর পাই তখনই এক মুহূর্তও বিলম্ব না করে কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিয়েছি।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আপনার এফিসিয়েন্সীর সার্টিফিকেট আপনি নিজে দেবেন না। এটার সম্বন্ধে প্রশ্ন কেন এড়িয়ে যাচ্ছেন, বুঝতে পারি না। প্রশ্ন করা হয়েছে, পরিখা যে খনন করা হয়েছে তা কতদিন আগে জানতে পেরেছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি তো বলেছি, কতদিন আগে জেনেছি সেটা এখানে নেই—বলতে পারি না। জানাতে হ'লে নোটিস চাই।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আপনি বলেছেন সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। তার ফলে কি হয়েছে জানতে পারি কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এ বিষয়ে যা হয়েছে, কি ব্যবস্থা অবলম্বন করেছেন—তা ইন দি পাবলিক ইন্টারেস্ট বলতে পারি না।

শ্রীসনৎকুমার রাহাঃ কমিউন্যাল ডিস্টারবেন্স-এর সময় এই ট্রেঞ্চই খনন করা হয়েছে—এই সংবাদ পেয়েছিলেন কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি তা বলতে পারি না।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি জানতে চাই এই হাউসের একজন সদস্য হিসাবে, এই হাউসের সদস্যের মর্যাদা এবং ক্ষমতা কতটুকু? আমি জানতে চাই, বুঝতে চাই—সামান্য পাকিস্তান সৈন্য নিয়ে হামলা করেছে কি না, সীমান্তে পাকিস্তানীরা ট্রেঞ্চ করেছে কি না, কতদিন আগে রাজ্য-সরকার জানতে পেরেছেন—এই প্রশ্নের জবাব দিচ্ছেন না ইন দি পাবলিক ইণ্টারেস্ট—এই রকম একটা অজুহাতে। এইভাবে

can the Chief Minister withhold all information on the pretext of public interest? That is the point that I am asking you, Sir, kindly to consider. consider.

এর মধ্যে দিন তারিখ বলবার প্রশ্ন ছিল না। এ থেকে এটা ফলো করে।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যদি মাননীয় মন্ত্রিমহাশয় বলেন তো বলবো।

Mr. Speaker: If the Hon'ble Chief Minister says that he cannot answer it because it is against public interest, what can I do?

Shri Kashi Kanta Maitra: The Hon'ble Chief Minister just now made a very pithy statement that if the Hon'ble Speaker asks him to answer it, he will do so. We are quite conscious that a distinguished Speaker like you will not compel the Chief Minister to answer a supplementary question if it is really against public interest. But our point is that the Chief Minister was given sufficient indication as to the information that the honourable member would seek from him. So, why can't the Chief Minister answer as to the date and time when Pakistan started trenching operations at the border?

The Hon'ble Prafulla Chandra Sen: I have already mentioned that I have not got the information as to the time and hour when these trenching operations were started. If the honourable member gives notice, I will try to answer it.

[1-10—1-20 p.m.]

শ্রীগণেশ ঘোষ: আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই—যেসব সংবাদ উনি উইথ-হেল্ড করে রাখলেন, তাতে খুব ফ্যানটাসটিক মনে হচ্ছে। সেন্ট্রাল গভর্নমেন্ট কি কি ডিফেনসিভ মেজার্স নিয়েছেন সেগুলি না বলতে পারেন ইন দি পাবলিক ইণ্টারেস্ট, কিন্তু পাকিস্তান গভর্ন-মেন্ট-এর যে সমস্ত অফেনসিং অ্যাকটিভিটি সেগুলো আমাদের কাছ থেকে কেন উইথহেল্ড করা হবে পাবলিক ইন্টারেস্ট-এর জন্য—সেটা বুঝতে পারছি না?

মিঃ স্পীকার: এ ব্যাপারে আমি হেল্পলেস, ওঁরা যদি বলেন, পাবলিক ইণ্টারেস্ট তা হ'লে উই হ্যাভ টু টেক ইট।

শ্রীগণেশ ঘোষ: পাবলিক-এর মধ্যে আমি এবং আপনিও পড়েন। ডিফেনসিভ মেজার্স না বলতে পারেন......

Mr. Speaker: When the Hon'ble Chief Minister says that it is against public interest, I expect the House would take it and would not press for further answers.

Shri Ganesh Ghosh: The Chief Minister can say that the measures which the Central Government have taken for the purpose of defence cannot be disclosed. But to say that in the public interest he is withholding information about the steps which a foreign State is taking against us seems to be very fantastic.

The Hon'ble Prafulla Chandra Sen: I do not know the steps they are taking. What I have said is that some trenches were dug.

শ্রীগণেশ ঘোষ : কোথায় কোথায় কি কি মেজার নিয়েছেন জানাবেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: কোথায় কোথায় করেছে ইন দি পাবলিক ইন্টারেস্ট তা বলা যাবে না।

শ্রীনিখিল দাস: উনি বললেন ট্রেঞ্চ কাটা হয়েছে, সৈন্য সমাবেশ করা হয়েছে এবং যদি ভেগলি বলেন যে ট্রেঞ্চ কাটা হয়েছে সৈন্য সমাবেশ করা হয়েছে, কিন্তু কোথায় করা হয়েছে তা জানেন না। কিন্তু আগেরটা না বলে পরেরটা বললে তাতে কি পাবলিক ইন্টারেস্ট ক্ষতিগ্রস্ত হচ্ছে না?

Mr. Speaker: When the Hon'ble Chief Minister has said that it is against the public interest, I cannot ask him for further answer and I think the honourable members should not press further for answer

ডঃ কানাইলাল ভট্টাচার্য: অনারেবল মিনিস্টার বললেন পাবলিক ইন্টারেস্ট-এর ক্ষতি হবে কিন্তু আপনার কি এটা বিবেচনা করার অধিকার নাই আজ এ স্পীকার?

Mr. Speaker: If an Honourable Minister says, in answer to a question that it is against the public interest, and that it should not be disclosed on the floor of the House, I cannot compel him to give further answer

ডঃ কানাইলাল ভট্টাচার্য : তা হ'লে কি আমরা একটা জিনিষ মনে করব যে, মিনিস্টার যদি পাবলিক ইন্টারেস্ট এর কথা ব'লে সেল্টার নিতে চান - হাউস-এর কোন আনকম্ফর্টেবল কোশ্চেন-এর উত্তর দিতে সেল্টার নিতে চান তা হ'লে আপনি কি আমাদের এ বিষয়ে প্রোটেকশান দিতে পারেন না, বা আপনি কি জাজ্ করবেন না যে এটা পাবলিক ইন্টারেস্ট কি না যেটা ওঁরা বললেই শুধু হয়ে যাবে?

Mr. Speaker: I have looked into the matter because this question was discussed on the floor of the House the other day, and I think I have no power to go further in the matter.

শ্রীকাশীকান্ত মৈত্র: উনি পাবলিক ইন্টারেস্ট-এর জন্য এখন বলতে পারছেন না। উনি এটুকুন অ্যাসিওরেন্স দিন যে, আজকে মিড-ডে রিসেস-এর সময় ওঁর চেম্বার-এ লেজিসলেটিভ অ্যাসেম্বলী বিভিন্ন রাজনৈতিক নেতাদের ডেকে বলবেন যে, কোন্ কোন্ জায়গায় কি কি করা হয়েছে। এইটুকুন কনফিডেন্স কি ওঁর নেই?

মিঃ স্পীকার: সেটা আমি বলতে পারি না।

Shri Kashi Kanta Maitra:

এ প্রশ্নগুলো যদি এভাবে আনসার দেওয়া হয় তাতে আরো বেশী পলিটিক্যাল কাইট-ফ্লাইং হবে, এবং আমার মনে হয় পাবলিক ইন্টারেস্ট সাফার করবে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার ঘরে যে কেন মাননীয় সদস্য এসে দেখা করলে আমি বলতে পারবো।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, একজাক্ট ডেট অ্যান্ড টাইম খনন করা সম্পর্কে তা বলতে পারবেন না, তার মানে উনি জানেন। সুতরাং এটা দাঙ্গার পূর্বে না পরে সেটা বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এক্‌জাক্ট ডেট অ্যান্ড টাইম যদি জানতে পারি বলব, তবে তারা রাত্রে খনন করেছে কি কখন **খনন করেছে** তা বলতে পারবো না। পাবলিক ইন্টারেস্ট-এ ঠিক কোন তারিখে রায়ট-এর আগে না পরে—তা বলতে পারবো না।

Punitive tax

***103.** (Admitted question No. *305.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের কয়েকটি এলাকায় গত জানুয়ারি মাসে সংঘটিত দাঙ্গার ফলে পিটুনি কর বসানো হইয়াছে, এবং

(খ) সত্য হইলে, উক্ত এলাকাগুলির নাম কি এবং প্রত্যেকটিতে কত টাকা করিয়া কর ধার্য হইয়াছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) এবং (খ) নদীয়া জেলার চেহট্টু, চাকদা, রানাঘাট, হরিণঘাটা, কোতোয়ালি ও শান্তিপুর এই ৬টি থানার এলাকাধীন অঞ্চলকে এবং ২৪ পরগণা জেলার বনগাঁ, বাগদা, গাইঘাটা, বসিরহাট, স্বরূপনগর, দমদম, বরানগর, বেলঘরিয়া, খড়দহপুর, মহেশতলা ও সোনারপুর থানার এলাকাধীন অঞ্চলকে ১৮৬১ সালের পুলিস অ্যাক্টের ১৫(১) ধারা অনুসারে উপদ্রুত ও গোলযোগপূর্ণ অঞ্চল বলিয়া ঘোষণা করা হইয়াছিল। কিন্তু কোথাও পিটুনি কর ধার্য করা হয় নাই।

Shri Ananga Mohan Das:

আপনি বললেন ১৮৬১ সালের পুলিস অ্যাক্ট অনুসারে পিটুনি কর বসিয়েছিলেন। কি কি কারণে একটা জায়গায় পিউনিটিভ ট্যাক্স বসানোর জন্য প্রস্তাব করা হয় এবং তার জন্য কি ঘটনা অবলম্বন করা হয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যগণ জানেন যে, সাম্প্রতিক দাঙ্গা হয়েছিল বলে আমরা ভেবেছিলাম পিটুনি ট্যাক্স বসান যেতে পারে এবং পরে এর জন্য নোটিফিকেশনও দিয়েছিলাম।

Shri Ananga Mohan Das:

এটা কি সত্য যে, ওই সমস্ত স্থানে যে জোরেকর, ঐ দাঙ্গার সঙ্গে জড়িত ছিল না, কেবল সমাজ-বিরোধী লোকেরা বা গুণ্ডারা করেছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ সমস্ত বিষয় বিবেচনা করবার পর পিউনিটিভ ট্যাক্স বসাব, তার মধ্যে বা সে আলোচনার মধ্যে যাই নি, নিয়ম হচ্ছে প্রথমে একটা নোটিফিকেসন দিতে হয়, সেই নোটিফিকেসন দেবার পর ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা যে-কোন কর্মচারীর উপর দায়িত্ব দেওয়া হবে সরকার পক্ষ থেকে তারা ঠিক করবেন কার উপর কোন স্টেজ-এ বসানো হবে। এই স্টেপ নেবার পূর্বেই পশ্চিমবঙ্গ-সরকার এটা প্রত্যাহার করে নেন।

Punitive tax

***104.** (Admitted question No. *346.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ থানার কোন্ কোন্ এলাকায় পিটুনি কর বসানো হইয়াছে;

(খ) পিটুনি কর প্রবর্তনের বিরুদ্ধে সরকার কোন সংগঠন হইতে প্রতিবাদ পাইয়াছেন কিনা; এবং

(গ) এই কর প্রবর্তনের বিষয়ে সরকার পুনর্বিবেচনা করিতেছেন কি না?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) চব্বিশপরগনা জেলার বনগাঁ, বাগদা, গাইঘাটা, বারাসাত, হাবড়া, দেগঙ্গা, বসিরহাট, স্বরূপনগর, দমদম, বরানগর, বেলঘরিয়া, যাদবপুর, মহেশতলা ও সোনারপুর থানার এলাকাধীন অঞ্চল এবং নদিয়া জেলার তেহট্ট, চাকদা, রানাঘাট, হরিনঘাটা কোতওয়ালী ও শান্তিপুর এই ৬টি থানার এলাকাধীন অঞ্চলকে ১৮৬১ সালের পুলিস অ্যাক্টের ১৫(১) ধারা অনুসারে বিপজ্জনক ও গোলযোগপূর্ণ এলাকা বলিয়া ঘোষণা করা হইয়াছিল, কিন্তু কোথাও পিটুনি কর ধার্য করা হয় নাই।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

নোটিফিকেশন যেটা করা হয়েছিল সেটা পশ্চিমবাংলা মন্ত্রিমণ্ডলীর মিটিং-এ ঠিক করা হয়েছিল যে, এই নোটিফিকেশন ঢালাওভাবে করতে হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। এটা পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুসারে করা হয়েছিল।

Shri Sanat Kumar Raha:

পুলিস অ্যাক্ট-এ ঐ ট্যাক্স বসাবার যে প্রভিশন আছে, সেটা কি মন্ত্রিমহাশয় ক্যাবিনেট-এর মত না নিয়ে বা কনসাল্ট না করে ব্যক্তিগতভাবে নিজের রাইটে করতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, নিশ্চয়ই করতে পারেন।

Shri Birendra Narayan Roy:

তা হলে এটা বন্ধ হল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

মুখ্যমন্ত্রী মনে করলেন, এটা বন্ধ করা হোক—তাই সেটা উইথড্র করেন।

Arrests in Howrah during recent disturbances

***105.** (Admitted question No *376.) **Dr. Kanai Lal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many persons were arrested in connection with the recent disturbances from the 11th to 17th January last in the following police-stations: (1) Bally, (2) Malipanchghora and (3) Liluah of the district of Howrah;

(b) whether it is a fact a large number of persons were arrested during the said period under section 11 of the West Bengal Security Act in the above three police-stations,

(c) if so, the number of persons arrested separately in each police-station;

(d) if it is a fact that the persons who were arrested under Security Act were discharged from their respective cases and later on prosecuted under section 20 of Howrah Offences Act; and

(e) if so, the reasons thereof?

The Hon'ble Ardhendu Shekhar Naskar: (a) 378 persons

(b) Yes

(c) (1) Bally P S.—45 persons, (2) Mallipanchghora—177 persons, and (3) Lilooah—89 persons.

(d) Yes, some of them.

(e) As sufficient grounds for there prosecution under section 11 of the West Bengal Services Act were not forthcoming, they were discharged but as sufficient grounds were found later on for prosecution under section 20 of the Howrah Offences Act, they were prosecuted under the said Act.

[1-20—1-30 p.m.]

শ্রীঅনাদি দাস : এটা কি সত্য যে বালী থানার সাতবাড়ী অঞ্চলে প্রথমে ১৭ জনকে কোন একটা ঘটনায় গ্রেপ্তার করা হয়েছিল। তারপর ম্যাজিস্ট্রেট বলেন যে, এ সম্পর্কে শুধু ১৭ জনকে ধরে নিয়ে এসেছেন কেন? আরও আনতে হবে। তখন পুলিস বাড়ি বাড়ি ঘুরে ঘর থেকে রাত্রে ঘুম থেকে তুলে হাওড়া অফেন্স অ্যাক্ট-এ তাদের গ্রেপ্তার করে নিয়ে আসে?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর : এ সংবাদ আমার জানা নেই।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি অ্যাক্ট-এ তাদের ধরাব পর আবার তাদের হাওড়া অফেন্স অ্যাক্ট-এর ২০ ধারায় ধরা হয় কেবল-মাত্র পুলিসের সম্মান রক্ষা করার জন্য?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর : না একথা ঠিক নয়।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : মন্ত্রিমহাশয় বলবেন কি—তাদের ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি অ্যাক্ট-এর ১১ ধারা অনুযায়ী অ্যারেস্ট করে তার পরে আবার হাওড়া অ্যাক্ট-এর ২০ ধারামতে তাদের চালান দেওয়া হয়েছে, তা হলে ১১ ধারা অনুযায়ী তাদের অ্যারেস্ট করা হয়েছিল কেন?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর : ইনভেস্টিগেশন করে দেখা গেল যে, সাফিসিয়েন্ট গ্রাউন্ড ছিল না।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : সাফিসিয়েন্ট গ্রাউণ্ড না থাকলে তাদের ১১ ধারায় অ্যারেস্ট করা হল কেন—২০ ধারায় না করে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : যারা গ্রেপ্তার করেছিল তারা ভেবেছিল যে, এই ধারা অনুসারে অ্যারেস্ট করা যেতে পারে। তারা কেউই আইনজ্ঞ নয়।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, ১১ ধারায় ব্যাপকভাবে ধরা হয়েছিল—যাতে এইসমস্ত লোক জামিন না পায়। অথচ এইসমস্ত লোককে কংগ্রেসের দলীয় স্বার্থে গ্রেপ্তার করা প্রয়োজন ছিল এ কথা কি ঠিক?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: কেন? সিকিউরিটি অ্যাক্ট-এ তো কখনও কখনও জামিন দেওয়া হয়।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : কিন্তু সেকশন ১১-তে পায় না।

Determination of the quality of rice

***106.** (Admitted question No. *398.)

শ্রীরমেন্দ্রনাথ দত্ত : খাদ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধানের ও চাউলের কোয়ালিটি অর্থাৎ মোটা, মাঝারি, সরু ও অতি সরু স্থির করিবার ভার কাহার উপর দেওয়া হইয়াছে; এবং

(খ) ধান ও চাউলকে অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট হইতে বাদ দেওয়া হইয়াছে কিনা?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) খাদ্য ও সরবরাহ বিভাগীয় এবং পুলিস বিভাগের বলবৎকরণ (এ্যাফোর্সমেন্ট) শাখার কর্মচারিগণ এ বিষয়ে তত্ত্বাবধান করিতেছেন।

(খ) না।

শ্রীকমলকান্তি গুহ : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ধান ও চালের কোয়ালিটি, অর্থাৎ মোটা, মাঝারি, সরু, মিহি, অতি সরু ইত্যাদি নির্ধারণ করবার ভার দেওয়া হয়েছে সাপ্লাই অ্যাণ্ড ফুড ডিপার্টমেন্ট এবং এনফোর্সমেন্ট পুলিসের উপর। এদের কি গুণাবলী আছে যার জন্য এদের উপর ভার দেওয়া হয়েছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : খাদ্য বিভাগের যেসব ইন্সপেক্টর আছেন, তাদের কোনটা মোটা, কোনটা মিহি, কোনটা মাঝারি, কোনটা সরু—সে সম্বন্ধে ধারণা আছে। কারণ, আমাদের একটা ডাইরেক্টরেট আছে। এনফোর্সমেন্ট বিভাগ অনেক সময় বুঝতে পারেন না, কোনটা সরু, কোনটা মোটা, কোনটা মাঝারি, কোনটা মিহি। তখন তারা খাদ্য বিভাগের লোককে ডাকেন এবং তাঁদের সাহায্যে মোটা, মাঝারি, সরু, মিহি নির্ধারণ করবার চেষ্টা করা হয়।

শ্রীসনৎকুমার রাহা : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে মোটা, মিহি, মাঝারি, সরু চালের কোয়ালিটি স্থির করবার জন্য যাদের উপর ভার দেওয়া হয়েছে তারা কি পশ্চিমবঙ্গের কমপ্লিট লিস্ট করেছে যে, কোনটা সরু, কোনটা মাঝারি, কোনটা মোটা? এর কমপ্লিট লিস্ট আছে কি না পশ্চিমবঙ্গ সরকারের কাছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : মাননীয় সদস্য একটা খুব সমীচীন প্রশ্ন এখানে তুলেছেন। সত্যি সত্যিই আমাদের পশ্চিমবাংলায় অনেক রকম চাল আছে। আমরা যাকে সরু বলি উড়িষ্যায় তাকে সরু বলে না। সম্প্রতি এ নিয়ে অনেক গোলযোগও সৃষ্টি হয়েছে এবং আমর

যেটাকে মাঝারি বলি অন্য প্রদেশে তাকে মাঝারি বলে না। বিশেষতঃ উড়িষ্যার সংগে আমাদের বিশেষ যোগাযোগ আছে। কালকেই উড়িষ্যার হোম অ্যান্ড সাপ্লাই মিনিস্টার আমার সংগে এক ঘন্টা ধরে আলোচনা করলেন বিভিন্ন চালের কোয়ালিটি সম্পর্কে এবং মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন যে, সমস্ত চাল আমরা তালিকাভুক্ত করেছি কি না, আমরা এটা হলপ করে বলতে পারি না সমস্তই আমাদের তালিকাভুক্ত করা হয়েছে। এমনকি এক এক জয়গায় এক এক রকম চালের এক এক রকম নাম আছে। তবে আমি এটা বলতে পারি, মোটামুটিভাবে আমরা তালিকাভুক্ত করেছি। তবে যদি জিজ্ঞাসা করেন সমস্তই আমরা তালিকাভুক্ত করেছি কি না, তা হলে আমি হ্যাঁ বা না—কোন জবাব এখন দিতে পারব না। মোটামুটি ভাবে আমাদের পশ্চিমবাংলায় যত রকম চাল আছে সমস্তই আমরা তালিকাভুক্ত করেছি। দিনাজপুরে যাকে মাঝারি বলা হয় এখানে তাকে সরু বলা হয়। এ নিয়েও ঝগড়া আছে এবং এ নিয়ে আমাদের কাছে অভিযোগও এসেছে। বাঁকুড়ায় যে জিনিসটাকে তারা মাঝারি বলে চব্বিশ-পরগণায় তাকে তারা সরু বলে। সেগুলি নিয়ে আমরা আলোচনা করে দেখছি।

Shri Sanat Kumar Raha:

মাঝারি, মোটা এবং সরু চালের কোয়ালিটি নির্ধারণের এই গণ্ডগোলের ফলে বাজারে বর্তমানে রাণীপশমকে মোটা এবং মাঝারি বলে বিক্রী করা হচ্ছে—এ সম্পর্কে অবহিত আছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি আগেই বলেছি এ সম্পর্কে অনেক অভিযোগ আছে—এই কথা কিছুদিন আগেই আমি বলেছিলাম যে, বাজারে এই নিয়ে তর্কবিতর্ক হচ্ছে—আমরা এ সম্পর্কে বিবেচনা করে দেখছি।

Shri Nikhil Das:

উনি বললেন পুলিস এনফোর্সমেন্ট এই ব্যাপারে তদন্ত করছে, ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট-এর লোকেরাও করছেন, তাহলে আমার প্রশ্ন হচ্ছে, প্রাইমারি রেসপন্সিবিলিটি কোন্ ডিপার্টমেন্ট-এর লোকের?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি মাননীয় সদস্যদের বলতে পারি, আমরা এই পর্যন্ত ধান-চালের কোয়ালিটি নিয়ে, মূল্য নিয়ে খুব বেশি অভিযোগ পাই নি সামান্য যা কিছু অভিযোগ সাধারণভাবে পেয়েছি বা সংবাদপত্রের মারফৎ খাদ্য বিভাগই ওয়াকিবহাল, সুতরাং তাদেরই কাছে আসতে হয় এই ব্যাপারের মীমাংসার জন্য, এবং এই বিষয়ে ইন্সপেকশন ডাইরেকটরেট বাছাই করে বিচার করে দেখছেন কোন চালটা কোন কোয়ালিটির।

Shri Nikhil Das:

এটা স্থির করবার ভার কার উপর দেওয়া হয়েছে? এনফোর্সমেন্ট না ফুড ডিপার্টমেন্ট?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা অত্যন্ত সোজা কথা, এই তো বললাম কোয়ালিটি নিয়ে কোন বিবাদ হলে খাদ্য বিভাগের লোকের কাছে আসতে হবে যাঁরা এই বিষয়ে জানেন, যাঁরা এই বিষয়টা শিখেছেন তাদেরই কাছে আসতে হবে। এনফোর্সমেন্ট-এর কাছে গিয়ে বলতে পারা যায়, মশাই, সরকার এই দাম নির্ধারণ করেছেন, কিন্তু এত দামে বিক্রী করছে, পুলিসের এনফোর্সমেন্ট-এর কাছে বলতে পারা যায় মোটা চালকে মাঝারি বলে বিক্রী করছে, সরু চাল বিক্রী করছে, তখন এনফোর্সমেন্টকেও খাদ্য বিভাগের কাছেই আসতে হবে, কারণ তাঁরাই এই বিষয়ে বিশেষজ্ঞ।

Shri Gopal Banerjee:

আমি জানতে চাচ্ছি, এই মোটা, মাঝারি, সরু এটা নির্ধারিত কোথায়, আড়তদারের কাছে, না মিলে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য একটা প্রশ্ন করেছিলেন এই সম্পর্কে,—সেটা বিবেচনা করে আমরা একটা তালিকা প্রস্তুত করেছি—তদনুসারে আমাদের যত হোলসেলার আছে আমরা তাঁদের বলে দিয়েছি অমুক অমুক কোয়ালিটির চালকে বলবে মাঝারি, অমুক অমুক মিহি, অমুক অমুককে সরু, এ বাদ দিয়ে যেগুলি সেগুলিকে বলবে মোটা—এটা নতুন কিছু নয়, বহুদিন থেকেই আমরা এটা প্রচার করেছি।

[1-30—1-40 p.m.]

শ্রীরমেন্দ্রনাথ দত্ত : গ্রামের হাটে এনফোর্সমেন্ট-এর লোকেরা এবং সিভিল সাপ্লাই-এর লোকেরা যায় না বলে ছোট ছোট হাটে সব সময় বলছে মোটা ধান ছাড়া হয় না এবং তার ফলে মোটা ধানের দাম ছাড়া আর কিছু তারা দেয় না। এর প্রতিকার কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : সংবাদ দিলে পুলিস যাবে এবং প্রতিকার করা হবে।

শ্রীশম্ভুগোপাল দাস : মন্ত্রিমহাশয় বলছেন, হয় এনফোর্সমেন্ট বিভাগ করবে বা সাপ্লাই বিভাগ করবে। আমার প্রশ্ন হচ্ছে পশ্চিমবঙ্গ-সরকারের তরফ থেকে এ ব্যাপারে কোন বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : যদি এনফোর্সমেন্ট বিভাগের কোন ব্যাপার থাকে যে, নির্ধারিত মূল্যে বিক্রি করছে না—তা হলে এনফোর্সমেন্ট বিভাগের যে লোক আছে তাঁরা নিশ্চয়ই যাবেন। কিন্তু সরু, মোটা এবং মাঝারির তারতম্য বিচার করবার কথা যদি ওঠে, তা হলে আমাদের খাদ্য বিভাগের লোকেরা যাবেন।

শ্রীশম্ভুগোপাল দাস : মুখ্যমন্ত্রী উত্তর এড়িয়ে যাচ্ছেন। আমার প্রশ্ন হচ্ছে, গ্রামাঞ্চলে বা সাব-ডিভিসনাল শহরে চালের কোয়ালিটি নিয়ে যখন গণ্ডগোল সুরু হয়—অর্থাৎ সরু, মোটা, মাঝারি এই নিয়ে যখন গণ্ডগোল সুরু হয়, তখন সেটা দেখবার জন্য সরকার কাকে নির্দেশ দিয়েছেন? এনফোর্সমেন্ট বিভাগকে—না সাপ্লাই বিভাগকে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : যদি আইনের ব্যতিক্রম হয়, তা হলে নিশ্চয়ই এনফোর্সমেন্ট বিভাগ করবে। কিন্তু যদি বিচার করতে হয় যে, কোন্‌টা মোটা, কোন্‌টা সরু, তা হলে এনফোর্সমেন্টকে আসতে হবে খাদ্য বিভাগের লোকের কাছে।

শ্রীঅবনীকুমার বসু : মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সমস্ত মফঃস্বলে ট্রেডিং সেন্টার রয়েছে, যেখানে চাল কেনাবেচা হয় সেখানে ইন্সপেক্টারদের উপর এবং এনফোর্সমেন্ট বিভাগের অফিসারদের উপর এ রকম কোন নির্দেশ দেওয়া আছে কি না যে, তাঁরা রেগুলারলি সেইসব জায়গার মূল্য তদারক করবেন?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : এটা ইনস্পেকশন ব্রাঞ্চ-এর নর্মাল ডিউটি, কাজেই নিশ্চয়ই তাঁরা করবেন এবং তা ছাড়া ট্রেডিং সেন্টারগুলির প্রতি নজর রাখবার জন্য তাঁদের স্পেশালী বলে দেওয়া হয়েছে।

শ্রীঅবনীকুমার বসু : মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন যে, একমাত্র ডিসট্রিক্ট হেডকোয়ার্টার ছাড়া জেলাতে এনফোর্সমেন্ট বিভাগের আর কোন অফিস নেই?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : না, থানায় থানায় আছে।

শ্রীঅনাদি দাস : যখন ইন্সপেক্টরদের উপর ভার দেওয়া হয়েছে, তখন খাদ্য বিভাগের কাছে এরকম কোন খবর আছ কি না যে, মোটা চালকে সরু চাল বলে বিক্রি করবার চেষ্টা হচ্ছে এবং নির্ধারিত মূল্যের বেশি মূল্যে বিক্রি করা হচ্ছে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : একটি কমপ্লেন পাওয়া গিয়েছিল, কিন্তু তার সংগে কোন স্যাম্পেল দেয় নি বলে তার প্রমাণ পাওয়া যায় নি।

শ্রীঅনাদি দাস : যে ইনস্পেকটাররা বাজারে বাজারে ঘোরেন, তাঁরা এ রকম রিপোর্ট দিয়েছেন কি না যে, কোন জায়গায় মোটা চালকে সরু চাল বলে বিক্রি করা হচ্ছে এবং নির্ধারিত মূল্যে পাওয়া যায় না?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : কেউ অভিযোগ না করলে কি করে জানাবেন? এরকম কোন রিপোর্ট আসে নি।

শ্রীকমলকান্তি গুহ : "ই" প্রশ্নে আছে, ধান-চালকে অ্যান্টি প্রফিটিয়ারিং এ্যাক্ট হতে বাদ দেওয়া হইয়াছে কি না? আপনি তার কি উত্তর দিলেন আমরা বুঝতে পারলাম না। সেটা জানাবেন কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : না।

শ্রীকমলকান্তি গুহ : অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট-এ যে কেসগুলো হয়, সেগুলো বেল-এবল—কি নন-বেলএবল?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় : আমি এখন বলতে পারব না।

শ্রীগোপাল বসু : আপনি বলেছেন, থানায় থানায় এনফোর্সমেন্ট-এর লোকেরা আছে। এটা একটু ভেবে বলবেন কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: প্রত্যেক থানায় থানায় না থাকতে পারে, কিন্তু ২-৩টি থানার উপর একজন চার্জে আছে।

শ্রীননী ভট্টাচার্য: মনেনীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, যখন সরু, মাঝারি, অতি সরু ঠিক করার ব্যাপারে বিরোধ জাগে, তখন কোন্‌টা সরু, কোন্‌টা মাঝারি তা সিভিল সাপ্লাই ঠিক ক'রে দেয়। আমার প্রশ্নটা খুব ক্যাটেগরিকেল। এই সরু, মাঝারি এবং অতি সরু এটা ঠিক করার ভার কার উপর দেওয়া হয়েছে এর উত্তর আমরা পাই নি, সব সময় এনফোর্সমেন্ট এবং খাদ্য বিভাগ করেন না সেজন্য আমার সাপ্লিমেন্টারি হচ্ছে পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় বিভিন্ন চালের বিভিন্ন নামাকরণ আছে সেজন্য অমুক অমুক চাল সরু, অমুক অমুক চাল মাঝারি, অমুক অমুক মোটা—এরকম একটা লিস্ট তৈরি ক'রে সরকারীভাবে ঘোষণা করার কথা চিন্তা করছেন কি না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: ইতিমধ্যেই নোটিফিকেশন করা হয়েছে, ঘোষণা করা হয়েছে, সব জায়গায় কাগজে বেরিয়েছে এবং আমাদের প্রত্যেক ইন্সপেক্‌টার, এনফোর্সমেন্ট ব্রাঞ্চের লোক —এমন কি ইউনিয়ন বোর্ড অঞ্চল পঞ্চায়েতকে জানানো হয়েছে, ব্লককে জানানো হয়েছে। কিন্তু যে কথা আপনি বললেন, ত র মধ্যে একটা কথা বললে সদস্য মহাশয়, যে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ বা খাদ্য বিভাগের লোক দুজনে মিলে সব সময় করে না যখন একথা বললেন, তখন বলছি যদি কোন অভিযোগ উপস্থিত হয়, তা হলে নিশ্চয়ই সেটা প্রথমে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ-এ যাবে। কোন আইন কেউ কন্ট্রাভিন করেছে কি না, এটার জন্য এনফোর্সমেন্ট ব্রাঞ্চে যাবে। শুধু খাদ্য বিভাগের লোকের সাহায্য কখন গ্রহণ করি? যখন বুঝতে পারি না কোন্‌টা সরু, কোন্‌টা মোটা।

শ্রীগোপাল বসু: উনি প্রথমে বললেন যে, থানায় থানায় এনফোর্সমেন্ট অফিসার আছেন, তারপর বললেন দু'-তিনটি থানায় একজন অফিসার আছেন। তিনি কে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: থানায় থানায় এনফোর্সমেন্ট অফিসার আছেন কি না—একথা জিজ্ঞাসা করায় উনি বলেছেন হ্যাঁ। তারপর পরিষ্কার ক'রে জিজ্ঞাসা করায় মাননীয় সদস্য অনেক জায়গায় একথা বলেছেন, দু'-তিনটি থানায় একজন করে এনফোর্সমেন্ট অফিসার আছেন।

শ্রীগোপাল বসু: এই যে এনফোর্সমেন্ট অফিসার আছেন, তার ডেজিগনেশন কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: ডিস্ট্রিক্ট এনফোর্সমেন্ট অফিসার আছেন, তা ছাড়া ইনস্পেক্টার, সাব-ইনস্পেক্টার অব পুলিস আছেন।

শ্রীগোপাল বসু: এ ছাড়া আর কোন অফিসার আছেন কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: সাব-ইনস্পেক্টার অব পুলিস, এনফোর্সমেন্ট আছেন।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ইনস্পেকশন করার জন্য খাদ্য বিভাগে কোন অতিরিক্ত ইনস্পেক্টার কিছু নিয়োগ করা হয়েছে কি না?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: নিয়োগ করার কথা চিন্তা করা হচ্ছে।

শ্রী[illegible] বসু: এই চিন্তার কাজ কত দিনে শেষ হবে?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: শীঘ্রই শেষ হবে।

[1-40—1-50 p.m.]

শ্রীহরেকৃষ্ণ কোনার: প্রাইস ফিক্সেশন-এর জন্য আপনারা একটা নোটিফিকেশন দিয়েছেন গভর্নমেন্ট থেকে তাতে কোনটা মোটা এবং সরু ইত্যাদি ঠিক করে তার উপর ধান এবং চালের দাম ঠিক ক'রে দিয়েছেন। এতে চব্বিশপরগনায় যে পাটনাই ধান তাতে আপনার যে নোটিফিকেশন করেছেন মিহি এবং খানিকটা করেছেন সুপারফাইন, কিন্তু ঐ মিহির মধ্যে কলমা, ঝিঙ্গে আছে সেটা নিশ্চয় আপনি জানেন, পাটনাইতে ১½ মণ ধানে এক মণ চাল হয়। সেখানে অন্য ধানের তুলনায় পাটনাই চাল বেশী হয়। অথচ আপনারা দাম যা করেছেন তাতে সাধারণ মিহি ধানের যা দাম তার সঙ্গে পড়তা এক রকম করেছেন। এই পাটনাইটা সম্বন্ধে একটু বিবেচনা করবেন কি? অর্থাৎ ২½ সের চাল যেখানে বেশী হয় সেখানে অন্য মিহির সঙ্গে একে এক করে দিয়েছেন, সেটার সেপারেট ক্যাটাগরি ধরেন নি যার ফলে ধানের দামের তুলনায় চালের দামটার পার্থক্য হয়ে যাচ্ছে।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মাননীয় সদস্য ঠিক কথাই বলেছেন যে এই রকম এনোমালিস অনেক আছে এবং এটা ঠিক যে কোন জায়গায় ৬০ সের ধানে ৪০ সের চাল হয়, কোন জায়গায় ৪৮ সের হয়। আমরা যখন মূল্য নির্ধারণ করেছিলাম তখন এক রকম সব করতে পারি নি। কোন কোন ক্ষেত্রে- মাননীয় সদস্য যে কথা বললেন—আমরা রিভাইস করার প্রয়োজনীয়তা অনুভব করছি এবং হয়ত রিভাইস করব।

শ্রীঅনাদি দাস: তিনি বললেন আমাদের ইনস্পেক্টর আছে, তাঁরা দোকানে দোকানে যান এবং দেখেন যে কোনটা সরু, মোটা ইত্যাদি, কিন্তু তাঁরা এসে ডিপার্টমেন্ট-এ রিপোর্ট করার কোন ব্যবস্থা আছে কিনা এ প্রশ্নের উত্তর দেন নি এবং বললেন যে বিরোধ না হলে কোন কেস করা হয় না। আমার প্রশ্ন হচ্ছে যে ডিপার্টমেন্ট-এ রিপোর্ট করার কোন ব্যবস্থা আছে কি না, যে কোন জায়গায় মোটাকে সরু বলা হচ্ছে, এবং ঠিক মতন দাম দেওয়া হচ্ছে না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এটা নিয়ে দুটো ব্যাপার আছে। একটা হচ্ছে যে আমাদের খাদ্য বিভাগের কর্মচারীদের একটা কাজ হচ্ছে যে, হাটে হাটে ঘুরে প্রত্যেক সপ্তাহে কোন শ্রেণীর ধান এবং চালের কি মূল্য তার রিপোর্ট করা। আর এনফোর্সমেন্ট-এর কাজ হচ্ছে ঘুরে ঘুরে দেখা যে কোথাও এই আইনের কোন রকম কনট্রাভেনশন হয়েছে কিনা। তবে আমরা মনে করি এই দুই দলের উপর আর একটা দল আছে—সেই দল হচ্ছে জনসাধারণ এবং তাঁরা যদি এ সম্বন্ধে সচেতন হন তাহলে এনফোর্সমেন্ট বিভাগ আরও ভালভাবে কাজ করতে পারেন এবং খাদ্য বিভাগের কর্মচারিগণ আরও সুষ্ঠুভাবে কাজ করতে পারবেন।

শ্রীঅনাদি দাস: আমার প্রশ্নটা এড়িয়ে যাওয়া হল। কথা ছিল রিপোর্ট করার ব্যবস্থা আছে কিনা? বিরোধ হলে এনফোর্সমেন্ট দেখেন, কিন্তু ইন্সপেক্টররা কি করবেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: ইন্সপেক্টররা আমাদের খাদ্য বিভাগের লোক। ইন্সপেক্টর, সাব-ইনস্পেক্টরদের প্রত্যেক সপ্তাহে আমাদের কেন্দ্রীয় কার্যালয়ে বিবরণী পাঠাতে হয়, তাঁর এলাকার কোন্ কোন্ হাটে কত ধানের দর, কত চা'লের দর—কোন্ কোন্ ধানের কত দর এবং কোয়ালিটি অনুসারে কোন্ কোন্ চা'লের প্রতি সপ্তাহে কত দর এগুলি তদারকী করার জন্য এবং দেখার জন্যও আমাদের একটা বিভাগ আছে। এনফোর্সমেন্ট-এর সংখ্যা এত নেই যে তারা প্রত্যেক গ্রামে গ্রামে গিয়ে ঘুরে ঘুরে প্রত্যেক কেনা বেচা লক্ষ্য করতে পারেন। তবে এনফোর্সমেন্ট-এর কাছে যদি কোন অভিযোগ আসে যে অমুক হাট বা বাজারে সরকারী নির্ধারিত মূল্য অপেক্ষা বেশী মূল্যে বিক্রি করছে, তখন তাঁরা সেখানে গিয়ে তদারকী করেন।

শ্রীসনৎকুমার রাহা: এনফোর্সমেন্ট থেকে এই রিপোর্ট এসেছে কিনা যে সারা বাংলাদেশে নিয়ন্ত্রিত দরে ঠিক মাঝারী, সরু বিক্রি হচ্ছে তার ব্যতিক্রম হচ্ছে না?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমাদের কাছে এই রকম রিপোর্ট এসেছে যে কোন কোন ক্ষেত্রে সন্দেহ হচ্ছে যে মোটা চালকে মাঝারি বলে চালাচ্ছে, মাঝারিকে সরু বলে চালাচ্ছেন, সরুকে মিহি বলে চালাবার চেষ্টা হচ্ছে এবং কোন কোন ক্ষেত্রে আমাদের সংবাদ হচ্ছে যে অ্যারোমেটিক যেটা সেটা পাওয়া যাচ্ছে না।

শ্রীসনৎকুমার রাহা: এ ক্ষেত্রে এনফোর্সমেন্ট-এর কাজ কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এনফোর্সমেন্ট বলছেন এই রকম কোন কাজ হয়ে থাকলে আমাদের কাছে কমপ্লেন কর, আমরা কেস করে দেব। একটা কেস হয়েছিল তারা প্রমাণ দিতে পারে নি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সরকারী নির্ধারিত ধান-চা'লের শ্রেণী বিভাগ, সেটা দেখবার জন্য মহকুমা ভিত্তিতে কোন কমিটি গঠন করেছে কিনা? না করে থাকলে এরূপ করবার কোন ইচ্ছা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

বিবেচনা করব।

Shri Joynal Abedin:

আমার কথা হল সরকারের নূতন খাদ্যনীতিতে যে ব্যবস্থা অবলম্বিত হয়েছে, তার সার্থক সুফল হওয়ার দরুন কি তাঁরা আন্দোলন করতে পারছেন না।

(নো রিপ্লাই।)

Chhit taluk of Cooch Behar district

***107.** (Admitted question No. *402.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধানঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় হলদিবাড়ি থানার শালবাড়ি, দহগ্রাম-খাগড়াবাড়ি, নটোকটকা, কোট ভাজিনী ছিট তালুকগুলি পশ্চিমবঙ্গ-সরকারের শাসনব্যবস্থার অধীন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয়, তবে ঐ সকল স্থানকে পশ্চিমবঙ্গ-সরকারের শাসনাধীনে আনার কি ব্যবস্থা হইতেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এটা সত্য যে ঐ এলাকায় পশ্চিমবঙ্গ সরকারের কোন শাসন চালু নেই, এবং ঐ এলাকায় ৪০ হাজার লোকের উপর পাকিস্তানের অত্যাচার চলেছে, নারী হরণ, নরহত্যা চলেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য ঠিক বলেছেন। ঐ সমস্ত ছিটমহলে এখনও যেতে হলে পাকিস্তানের মধ্য দিয়ে যেতে হয়। কাজেই সেখানে যাওয়া যায় না। সেখানে রাস্তাঘাট করা, নলকূপ বসান, এ সবের কোনটাই সেখানে পাঠাতে আমরা পারি না। সেখানে আমরা কোন পুলিস পাঠাতে পারি না। ২-১ বার হাঙ্গামা করে পাঠিয়েছি, কিন্তু এর জন্য পাসপোর্ট ও ভিসা নিতে হয়। যদি যেতে হয় তা হলে তার ব্যবস্থা করতে হয়। মাননীয় ত্রাণমন্ত্রী চেয়েছিলেন, তাকেও পাসপোর্ট ভিসার ব্যবস্থা করতে হচ্ছে। মাননীয় সদস্যগণ ঠিকই বলেছেন, এখানে শাসনকার্য চলে না।

Shri Amarendra Nath Ray Prodhan:

তা হলে এসব এলাকায় যেসব ভারতীয় রয়েছে তাদের নিশ্চয়ই নিয়ে আসার ব্যবস্থা করা হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এজন্য এসব ছিটমহল এক্সচেঞ্জ-এর ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ আমাদের ছিটমহল চলে যাবে পাকিস্তানে এবং পাকিস্তানের ছিটমহল চলে আসবে ভারতবর্ষে। তাতে যারা সেখান থেকে চলে আসবে তার ব্যবস্থা নিশ্চয়ই করা হবে।

Shri Amarendra Nath Roy Prodhan:

নেহরু-নুন চুক্তি অনুসারে মুখ্যমন্ত্রী যেটা বললেন সেটা ঠিকই। ১৯৫৮ সালে সেপ্টেম্বরে যে চুক্তি হয়েছিল যে, ভারতীয় ২৮ বর্গমাইল ছিটমহল বিনিময়ে পাকিস্তানের ১৮ বর্গমাইল ছিটমহল পাওয়া যাবে। কিন্তু ১৯৫৮ সালের পর আজ পর্যন্ত কার্যকরী হয়নি, কবে এটা হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

বলতে পারব না।

Dr. Kanai Lal Bhattacharya:

•মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, ঐসব ছিটমহল থেকে আমাদের বাঙলাদেশে যেসমস্ত রিফিউজি এসেছেন, এবং তারা ভারতবর্ষের এলাকার ভেতর দিয়ে এসেছেন, তাদের ভিসা অথবা মাইগ্রেশন সার্টিফিকেট নেই বলে গভর্নমেণ্ট-এর তরফ থেকে তাদের কোনরকম রেকগনিশন দেওয়া হচ্ছে না রিফিউজি বলে, যেহেতু তারা ভারতের একটা অংশের লোক বলে। এটা কি সত্য কারণ এ খবর 'আনন্দবাজারে' বেরিয়েছিল।

[1-50—2-00 p.m.

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন ঃ এটা ঠিক নয়। কারণ, শালবাড়ি থেকে কিছু কিছু লোক আসবে বলে আমরা সংবাদ পেয়েছি কয়েকদিন আগে। প্রায় সাতদিন আগে আমাদের ত্রাণ-মন্ত্রী মহোদয়া এই সংবাদ পেয়েছিলেন এবং পাবার পর তিনি আমার কাছে এসেছিলেন পরামর্শ নিতে যে এ বিষয় আমরা কি করব। আমি বলেছিলাম, অন্য রিফিউজিদের বেলায় যেমন ব্যবস্থা করছি এদের বেলাতেও সেই রকম ব্যবস্থাই করতে হবে। এর কারণ এই ছিটমহল-গুলি যখন পাকিস্তানে চলে গেল তখন যারা সেখান থেকে এখানে আসবে তাদের আমরা মনে করব পাকিস্তান থেকেই আসছে। কাজে কাজেই আমরা আশ্রয়প্রার্থীদের সম্বন্ধে যে ব্যবস্থা অবলম্বন করা হবে এদের সম্বন্ধেও সেই ব্যবস্থা করা হবে।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান ঃ যেসমস্ত লোক ছিটমহল থেকে উদ্বাস্তু হয়ে এখানে আসছে তাদের বেলায় কোচবিহারের জেলাশাসক বলেছেন যে, যেহেতু তারা ভারতীয় নাগরিক সেহেতু তাদের উদ্বাস্তু বলে ট্রিট করা যাবে না এবং দণ্ডকারণ্যেও পাঠানো যাবে না।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন ঃ না, না, আমি একটু আগেই বললাম যে যারা ছিটমহলগুলি থেকে চলে আসবে—যদিও এখন ঠিক ঠিকভাবে, বৈধভাবে অদলবদল হয়নি, কিন্তু এটা সত্যি যে, এইসমস্ত ছিটমহল পাকিস্তানে যাবে এবং পাকিস্তানের ছিটমহলগুলি আমাদের কাছে আসবে, তা যদি হয় এবং তা হলেই—কারণ এগ্রিমেন্ট হয়ে গিয়েছে—তারা আমাদের কাছে এলে অন্যান্য আশ্রয়প্রার্থীরা যেসব সুযোগসুবিধা পায়, তারাও তাই পাবে।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মুখ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিলেন তাতে এর মধ্যে একটা খুব গুরুত্বপূর্ণ নীতির প্রশ্ন থেকে গিয়েছে। ওঁকে যদি আমি ঠিক ফলো ক'রে থাকি, তা হলে উনি বলেছেন যে, এইসমস্ত জায়গা পাকিস্তানের সঙ্গে এক্সচেঞ্জ করা হচ্ছে, কতকগুলি জায়গা পাকিস্তানে যাবে এবং পাকিস্তানের কতকগুলি জায়গা আমাদের দেশের অঙ্গরাজ্য ব'লে

পরিগণিত হবে এবং সেই কনটেস্টে উনি বললেন যে, এই সমস্ত লোক যদি ভারতবর্ষে চ'লে আসে, তা হলে অন্যান্য রিফিউজিদের সংগে অ্যাট পার তাদের ট্রিট করা হবে। আমি বলছি এটা বিবেচনা করে আপনি দেখবেন যে, তারা কিন্তু অন্যান্য রিফিউজিদের পর্যায়ভুক্ত নন তাদের স্ট্যাটাসটা হচ্ছে অন্য রকম। তারা এখন পর্যন্ত ভারতবর্ষের নাগরিক, পশ্চিমবঙ্গের অধিবাসী। তারা এখনও ভারত সরকারের কর্তৃত্বাধীনে রয়েছে। তারা আপনাদের সিদ্ধান্তের ফলে পশ্চিমবঙ্গ থেকে, ভারতবর্ষ থেকে পাকিস্তানে চ'লে যাচ্ছে। সুতরাং তারা যদি ভারতবর্ষে আবার চ'লে আসে এই ছিটমহল থেকে তা হ'লে তাদের কেন ঐ পূর্ব-পাকিস্তান থেকে আগত উদ্বাস্তু, তাদের সংগে একভাবে ট্রিট করছেন? এরা আপনাদের পশ্চিমবঙ্গের অধিবাসী সুতরাং এদের আপনারা উদ্বাস্তু বলে ট্রিট করছেন কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এর দুটি দিক আছে। যেমন সেখান থেকে যাঁরা কৃষক জমিওয়ালা, তাঁরা যদি চলে আসেন এবং দণ্ডকারণ্যে যেতে চান, তা হলে তাঁরা ৭ একর জমি পাবেন, যাঁর ২ একর জমি আছে তিনিও ৭ একর জমি পাবেন, যাঁর ২০ একর জমি আছে তিনিও ৭ একর জমি পাবেন, যাঁর ২৫ একর জমি আছে তিনিও ৭ একর জমি পাবেন। আর যাঁর জমি নেই- ক্ষেতমজুর, কৃষিজীবী হিসাবেই কাজ করেন, তিনিও ৭ একর করে পাবেন। কাজে কাজেই মোটামুটিভাবে যদি আমরা ধরি, তা হলে পর বিশেষ কোন ক্ষতি হচ্ছে না, সকলেই জমি পাচ্ছেন যাঁরা কৃষিকাজ করেন, ক্ষেতমজুরি করেন। আর যাঁরা আর্টিজান, কারিগরি করেন তাঁরা চলে এলে পর তাঁদের সেইভাবেই পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। তবে আমি এইটুকু বলতে পারি, ছিটমহল থেকে যাঁরা চলে আসবেন—আমরা পশ্চিমবঙ্গ-সরকারের পক্ষ থেকে বলছি—আমরা চেষ্টা করব তাঁদের জন্য এখানে কোন ব্যবস্থা করতে পারি কি না। যেমন মাননীয় সদস্য বোধহয় জানেন যে, বেরুবাড়ি থেকে কত লোক আসবেন আমরা জানি না, আগে আমাদের এরকম একটা ভয় হয়েছিল যে, বেরুবাড়ি থেকে বোধহয় বহু লোক চলে আসবে, হাজার হাজার লোক, কিন্তু এখন আমরা যা শুনছি তাতে বেরুবাড়ি থেকে খুব বেশি সংখ্যক লোক চলে আসবে না। অবশ্য তার সবকিছু নির্ভর করছে লাইন টানার উপর। তাই আগে আমরা যতটা শঙ্কিত হয়েছিলাম, এখন আর ততটা শংকার কারণ নেই। কিন্তু বহুদিন আগে থাকতে, দু বৎসর নিশ্চয়ই, তিন বৎসরও হতে পারে, আমরা তাঁদের জন্য অনেক বাড়ি তৈরি করে রেখে দিয়েছি, তাঁদের আমরা জমিও দেব। কাজেই যাঁরা এই সমস্ত ছিটমহল থেকে আসবেন, তাঁদের যদিও কারও দণ্ডকারণ্যে যেতে আপত্তি না থাকে, তা হলে নিশ্চয়ই যাবেন। আর আমরা ওঁদের সম্বন্ধে যাতে একটু বিশেষ ব্যবস্থা হয় তার কথাও চিন্তা করছি। অবশ্য এখন কিছু বলতে পারি না। তাঁদের আমরা চেষ্টা করব যতদূর সম্ভব যাতে এখানে থাকেন।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, গত ৫-৭ দিনের মধ্যে যে ৫ হাজার রিফিউজি—তাঁদের রিফিউজি বলতে হবে—পাকিস্তানের ছিটমহল থেকে আসছে—তাদের কোচবিহারের জেলাশাসক রিফিউজি হিসাবে ট্রিট করেছিলেন? আমি যতদূর খবর পেয়েছি, তাদের রিফিউজি হিসাবে রেকগনিশন দেওয়া হচ্ছে না।

The Hon'ble Prafulla Chandra Sen:

৯০০ লোক এই পর্যন্ত এসেছে, আমাদের পুনর্বাসন দপ্তর থেকে কোচবিহারের ডেপুটি কমিশনারকে নির্দেশ দেওয়া হয়েছে, যাতে তাদের পুরাপুরি সাহায্য দেওয়া হয়।

Dr. Kanai Lal Bhattacharya:

কতদিন আগে এই ইনস্ট্রাকশন দেওয়া হয়েছে?

The Hon'ble Abha Maiti:

৪-৫ দিন আগে। তাদের একজন লীডার এসে জানায় ৫ হাজার পর্যন্ত লোক আসবে, কিন্তু তখনও তারা আসেনি—কাল সকাল পর্যন্ত আমরা খবর পেয়েছি ৮-৯ শত মত লোক এসেছে।

Shri Kashi Kanta Maitra:

আপনারা যখন সিদ্ধান্ত করেছেন এইসমস্ত ছিটমহলগুলি পাকিস্তানে হস্তান্তর করবেন তখন কেন পশ্চিমবঙ্গ-সরকারের তরফ থেকে আপনারা ঘোষণা করছেন না, এখন যাঁরা চলে আসতে চায় তারা এখনই চলে এস—পশ্চিমবঙ্গ-সরকার এইরকম ঘোষণা করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই ঘোষণার প্রয়োজন নাই, তাঁরা যদি থাকতে চান, সেখানে থাকতে পারেন, আর যদি কেউ আসতে চান আমরা বারণ করছি না।

Dr. Kanai Lal Bhattacharya:

এই এনক্লোভড এরিয়ার ৫ হাজার লোক পাসপোর্ট, ভিসা পাচ্ছে না ব'লে আসতে পারবেন না তাঁদের বে-আইনীভাবে লুকিয়ে-চুরিয়ে পাকিস্তান ক্রস করতে হচ্ছে, তাঁদের কি সরকার কোন এয়ার লিফ্‌ট দেবেন যাতে তাঁরা চলে আসতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি যতদূর শুনেছি, কোচবিহারের ডেপুটি কমিশনার এবং ইস্ট দিনাজপুরের ডেপুটি কমিশনার এ সম্বন্ধে আলোচনা করেছেন এবং তাঁরা নিজেরাই সিদ্ধান্ত করেছেন—আমাদের তরফ থেকে কোন বাধা দেওয়া হবে না।

Hindu migrants from East Pakistan

***108.** (Admitted question No. *445.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ববঙ্গে দাঙ্গা বন্ধ করিবার জন্য এবং সেখানকার সংখ্যালঘুদের নিরাপত্তা রক্ষা করিবার জন্য পশ্চিমবঙ্গ-সরকারের পক্ষ হইতে কেন্দ্রীয় সরকারের নিকট কোন সুপারিশ করা হইয়াছে কি,

(খ) এই হাঙ্গামার জন্য পূর্ববঙ্গ হইতে যে হিন্দু পরিবারগুলি চলিয়া আসিতে বাধ্য হইতেছেন তাঁহাদের মাইগ্রেশনের কড়াকড় হ্রাস করিবার ব্যবস্থা করা হইয়াছে কিনা এবং তাঁহাদের পশ্চিমবঙ্গ-সরকার রিফিউজি হিসাবে গণ্য করিয়া সকল সুযোগ-সুবিধা দিবেন কিনা; এবং

(গ) ১৯৬৩ সালের ডিসেম্বর মাস হইতে আজ পর্যন্ত পূর্ববঙ্গ হইতে কত হিন্দু পরিবার পশ্চিমবঙ্গে উদ্বাস্তু হইয়া আসিয়াছেন?

[2—2-10 p.m.]

দি অনারেবল শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ (ক) কেন্দ্রীয় সরকার এ বিষয়ে সম্যক অবহিত আছেন। পৃথকভাবে তাঁহাদের নিকট সুপারিশ করিবার কোন প্রয়োজনীয়তা নাই।

(খ) হ্যাঁ, মাইগ্রেশনের শর্তাবলী শিথিল করা হইয়াছে। পূর্ব পাকিস্তান হইতে আগত যেসকল নূতন উদ্বাস্তু দণ্ডকারণ্যে পুনর্বসতি গ্রহণে ইচ্ছুক তাঁহাদিগকে ভারত-সরকার তাঁহাদের নীতি অনুযায়ী সকল প্রকার সুযোগ-সুবিধা দিবেন।

(গ) ১৯-২-৬৪ তারিখ পর্যন্ত পূর্ব পাকিস্তান হইতে ২১,৫১৩ জন সংখ্যালঘু সম্প্রদায়ের লোক (বোধ হয় প্রবেশপত্র সহ অথবা বিনা প্রবেশপত্রে) পশ্চিমবঙ্গে প্রবেশ করিয়াছেন।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: পশ্চিমবঙ্গ-সরকারের মন্ত্রিমণ্ডলী এই যে পূর্ব বাঙলার দাঙ্গা—সে সম্বন্ধে একটা সুপারিশ করার প্রয়োজন মনে করেন কি—সংখ্যালঘু সম্প্রদায় যে কষ্ট পাচ্ছে তাদের জন্য?

দি অনারেবল শ্রীপ্রফুল্লচন্দ্র সেন: পশ্চিমবঙ্গ-সরকারের মন্ত্রিমণ্ডলী পূর্ব পাকিস্তান সরকারের সঙ্গে কোন আলোচনা করতে পারেন না। এইসমস্ত আলোচনা যদি করতে হয় তো ভারত-সরকারকে পাকিস্তান-সরকারের সঙ্গে আলোচনা করতে হবে।

Mr. Speaker: There is one held over question—question No. *3 from Shri Sanat Kumar Raha. The Hon'ble Minister-in-charge will please give a reply.

Martyr Kshudiram Basu

***3.** (Admitted question No. *99.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—দেশের স্বাধীনতা সংগ্রামের শহীদ ক্ষুদিরামের স্মৃতি রক্ষার বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: না।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: আমার অ্যাডমিটেড কোয়েশ্চেন নং ৫০০-র উত্তরটা লাইব্রেরি টেবিলে দেওয়া হয় নি, যদিও এই কোয়েশ্চেনটা আমার খুবই প্রয়োজন।

মিঃ স্পীকার: আমি সেক্রেটারিকে বলব ব্যবস্থা করার জন্য।

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Deep tubewells in Beldanga police-station

***109.** (Admitted question No. *462.)

শ্রীদেবশরণ ঘোষ: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সেচের জন্য "গভীর নলকূপ" পরিকল্পনা অনুযায়ী বেলডাঙ্গা থানায় (মুর্শিদাবাদ জেলা) যে কয়টি নলকূপ বসানোর কাজ শুরু হইয়াছিল, তাহার কাজ আপাতত স্থগিত রাখা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে-

(১) কি কারণে স্থগিত রাখা হইয়াছে; এবং

(২) উক্ত নলকূপগুলি বসানোর জন্য কোন্ কোম্পানিকে "কন্ট্রাক্ট" দেওয়া হইয়াছিল?

The Minister for Agriculture:

(ক) না।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) মেসার্স ইন্‌গ্রা নামক কোম্পানীকে কন্ট্রাক্ট দেওয়া হইয়াছিল।

Allegation of looting in R.C.P.I.'s office in Nadia

***110.** (Admitted question No. *466.)

শ্রীঅনাদি দাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন :—

(ক) বিধানসভার সদস্য শ্রীকানাই পালের বাসগৃহ এবং ভারতের বিপ্লবী কমিউনিস্ট পার্টির নদিয়া জেলা কমিটির অফিস লুঠ করা সম্পর্কে গত ৪ঠা জানুয়ারি ১৯৬৪ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী বলিয়াছিলেন যে, তিনি ওই ব্যাপারটি দেখিতে পারেন, সে সে সম্বন্ধে কোন তদন্ত হইয়াছেন কিনা ; এবং

(খ) তদন্ত হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ, বাসগৃহ লুঠের বিষয়টি তদন্ত করা হইয়াছে। ভারতের বিপ্লবী কমিউনিস্ট পার্টির নদিয়া জেলা কমিটির অফিস লুঠ করা সম্পর্কে কোন সংবাদ পাওয়া যায় নাই।

(খ) বাসগৃহ লুঠের পর্যাপ্ত সাক্ষ্যপ্রমাণের অভাবে ফাইন্যাল রিপোর্ট মামলাতে দেওয়া হইয়াছে।

Smuggling of rice

***111.** (Admitted question No. *488.)

শ্রীকাশীকান্ত মৈত্র: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গ থেকে ধান অধিক মূল্যে বিক্রয়ের জন্য বিহারে পাচার হচ্ছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Enquiry about the death of Bhudev Sen

***112.** (Admitted question No. *505.)

শ্রীঅশ্বিনী রায়: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ১০ই জানুয়ারি ১৯৬৪ তারিখে কলিকাতায় পুলিসের গুলী চালনার ফলে দীনবন্ধু এন্ড্রুজ কলেজের প্রথম বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীভূদেব সেন নিহত হয় ; এবং

(খ) ইহা সত্য হইলে, উক্ত ঘটনার কোনও তদন্তের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) এই বিষয়ে পুলিস রেগুলেশনস অনুসারে তদন্ত হইবে।

Recent disturbances in the State

***113.** (Admitted question No. *517.)

ডাঃ গোলাম ইয়াজদানী: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে পশ্চিম বাংলায় সাম্প্রতিক দাঙ্গা কোথায় প্রথম শুরু হয় এবং কলিকাতায় কবে তাহা ছড়াইয়া পড়ে;

(খ) এই দাঙ্গায় মফস্বলে মোট কতগুলি গ্রাম ভস্মীভূত হইয়াছে এবং কতজন নিহত হইয়াছে; এবং

(গ) এই দাঙ্গায় কলিকাতায় কতজন নিহত হয়?

The Minister for Home (Police):

(ক) প্রথমে চব্বিশপরগনা জেলার দমদম থানার অন্তর্গত ইনসানিটারী রোড ও আতা মহম্মদ রোডের সংযোগস্থলে ৬ই জানুয়ারি তারিখের এক হামলায় দুইজন লোক ছুরিকাহত হয়।

৮ই জানুয়ারিতে শিয়ালদহ এলাকায় একটি ফলের দোকানে সামান্য ক্ষতি হওয়ার কথা বাদ দিলে, ৯ই জানুয়ারি তারিখে কলিকাতায় প্রথম ঘটনা ঘটে, এবং ঐ তারিখে রফি আহমদ কিদোয়াই রোডে একটি ছাত্র শোভাযাত্রাকারীদের উপর আক্রমণ করা হয়।

(খ) কোন গ্রাম সম্পূর্ণ ভস্মীভূত হয় নাই যদিও অনেক গ্রামে অগ্নিসংযোগের ফলে বহু গৃহের অল্পাবিস্তর ক্ষতি হইয়াছে। মফঃস্বলে দাঙ্গায় নিহতের সংখ্যা ১৩৫।

(গ) ৮২ জন।

Refugees from East Pakistan

***114.** (Admitted question No. *621.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঢাকা, যশোহর, খুলনা প্রভৃতি পূর্ব পাকিস্তানের বিভিন্ন অঞ্চলে সাম্প্রতিক দাঙ্গার ফলে কত সংখ্যক পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু হিন্দু পশ্চিম বাংলায় আশ্রয়প্রার্থী হিসাবে আসিয়াছেন;

(খ) উক্ত হিন্দুদের সাহায্যকল্পে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(গ) গত এক বৎসরের মধ্যে কতসংখ্যক পাকিস্তানী মুসলমান বেআইনীভাবে পশ্চিম বাংলায় প্রবেশ করায় সরকার তাহাদের গ্রেপ্তার ও শাস্তিদানের কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Home (Political):

(ক) ১৯৬৪ সালের ১৯এ ফেব্রুয়ারি পর্যন্ত ২১,৫১৩ জন।

(খ) পশ্চিমবঙ্গ সীমান্তে আগত আশ্রয়প্রার্থী হিন্দুদের জন্য দুইটি গ্রহণকেন্দ্র খোলা হইয়াছে। তাঁহাদিগকে জীবনরক্ষার্থে নিয়মানুগ খয়রাতি সাহায্যদানের ব্যবস্থা করা হইয়াছে। এই সকল নূতন উদ্বাস্তুর মধ্যে যাঁহারা দণ্ডকারণ্যে যাইতে ইচ্ছুক তাঁহাদিগকে পুনর্বাসনের জন্য সেখানে পাঠাইবার ব্যবস্থা করা হইয়াছে।

(গ) গত ১৯৬৩ সালের ১লা জানুয়ারি হইতে ৩১এ ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে বে-আইনীভাবে প্রবেশ করার জন্য ৪,০৮৫ জন পাকিস্তানী মুসলমানকে গ্রেপ্তার করা হয়। তাহাদের বিরুদ্ধে আইনসম্মত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

Destruction of properties in recent communal disturbances

***115.** (Admitted question No. *664.) **Shri Ganesh Ghosh: Will the** Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) total value of properties looted or destroyed in Calcutta and in each district of West Bengal as a result of the recent communal disturbances in the State,

(b) how many houses in Calcutta and in each district have been destroyed due to the recent communal disturbances; and

(c) total value of looted properties recovered up till now?

The Minister for Home (Police): (a) Government have no information in the matter

(b) Statistics are being collected.

(c) Rs. 5,41,922 (approximately) up to the middle of February, 1964.

Deaths in recent disturbances

***116.** (Admitted question No. *667.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state total number of deaths as a result of (i) communal disturbances and (ii) police firing in each district including Calcutta during the last communal disturbances in this State?

The Minister for Home (Police): (i) and (ii) A statement is placed below.

Statement referred to in reply to starred question No. 116

Serial No.	Districts	Total number of death as a result of	
		Communal disturbances	Police firing
1	Calcutta	82	44
2.	24-Parganas	33	11
3	Nadia	17	[illegible]
4	Howrah	4	Nil
5	Sealdah G.R.P.	11	Nil
6.	Hooghly	7	Nil
7.	Burdwan	3	Nil

Families affected in recent disturbances

***117.** (Admitted question No. *670.) **Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) number of families affected by the recent communal disturbances in Calcutta and in each district of West Bengal;

(b) how many affected families in Calcutta and in each district of West Bengal have gone back to their old houses up till now; and

(c) what measures, if any, have been or are being taken by the Government for the safety and security of the families who have gone back or are going back to their old houses?

The Minister for Home (Police): (a) and (b) Accurate figures are not yet available.

(c) Police pickets under supervision of responsible officers have been posted at all strategic points. Besides this round-the-clock guarding, the areas are regularly patrolled by local police and wireless vans where possible.

Recent disturbances

***118.** (Admitted question No *674.) **Shri Khagendra Kumar Ray Chaudhury:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state how many villages in each district of West Bengal have been affected as a result of the recent communal disturbances?

The Minister for Home (Police): 26 villages in Nadia district and 265 villages in 24-Parganas district were affected

Recommendation of Debar Commission

***119.** (Admitted question No *712)

শ্রীনাথানিয়েল মুরমু : আদিবাসীকল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কি ধেবর কমিশনের সুপারিশ অনুযায়ী উপজাতিকল্যাণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয়, তবে মাননীয় মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) কি কারণে উক্ত সুপারিশ অনুযায়ী কার্য পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই; এবং

(২) কবে নাগাদ উক্ত সুপারিশ অনুযায়ী কার্যক্রম গৃহীত হইবে?

The Minister for Tribal Welfare:

ভারতের রাষ্ট্রপতি কর্তৃক ধেবর কমিশন গঠিত হইয়াছিল। এই কমিশন বহু সুপারিশ করিয়াছেন। এই সুপারিশগুলির মধ্যে অনেকগুলি সকল রাজ্যের পক্ষে প্রযোজ্য নয় এবং দেশের সকল অংশের উদ্দেশ্যে এই সুপারিশ করা হয় নাই। দিল্লীতে অনুষ্ঠিত সকল রাজ্যের আদিবাসী-মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীদের সভায় এই সুপারিশগুলি রূপায়ণের জন্য অবলম্বিত ব্যবস্থা সম্বন্ধে আলোচনা হয়। এই আলোচনার পরিপ্রেক্ষিতে এই সরকার সুপারিশগুলির মধ্যে অনেকগুলি রূপায়িত করিয়াছেন এবং কতকগুলি এখনও সরকারের বিবেচনাধীন রহিয়াছে। সুপারিশগুলি সংখ্যায় বহু ও বিভিন্ন বিষয় সম্পর্কিত। অতএব এই ব্যাপারে কিছু সময় প্রয়োজন হইবে।

এই প্রশ্ন ওঠে না।

Tractors

***120.** (Admitted question No. *308.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ছোট ছোট প্লটে চাষ করিবার উপযোগী ছোট ছোট **ট্রাক্টর এদেশে** আমদানি করা হইয়াছে;

(খ) সত্য হইলে (১) উহা কিভাবে পাওয়া যাইতে পারে, (২) উহার মূল্য কত এবং (৩) উহাতে কত জমি চাষ হইতে পারে; এবং

(গ) সরকার কি কিস্তিতে উহা কৃষকগণকে দিবেন?

The Minister for Agriculture:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) (ক)-এ প্রদত্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Recent disturbances in the State

***121.** (Admitted question No. *315.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৯ই।১০ই জানুয়ারি ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে যে দাঙ্গা-হাঙ্গামা এবং অগ্নিকাণ্ড শুরু হয় সেই সময় (জানুয়ারি দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহে) মোট কত ব্যক্তি আহত বা নিহত হইয়াছেন,

(খ) উক্ত আহত এবং নিহত ব্যক্তিদের কয়জন পুলিসের বা মিলিটারির গুলীতে বা লাঠিতে আহত এবং নিহত হইয়াছেন,

(গ) কয়টি ক্ষেত্রে এবং কোথায় কোথায় বেসরকারী তরফ হইতে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হইয়াছে বলিয়া সরকার অবগত আছেন?

The Minister for Home (Police):

(ক) আহত ৯০৩ জন এবং নিহত ২৭৪ জন

(খ) আহত ১৮৩ জন এবং নিহত ৫৭ জন

(গ) কলিকাতায় পাঁচটি ক্ষেত্রে এবং ২৪-পরগনা জেলায় দুইটি ক্ষেত্রে।

Complaint against military police

***122.** (Admitted question No. *364.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে সাম্প্রতিক দাঙ্গা নিবারণের জন্য যেসমস্ত সামরিক সৈন্য নিয়োগ করা হইয়াছিল তাহাদের বিরুদ্ধে জুলুম, দুর্নীতি এবং অপব্যবহারের কোনরূপ অভিযোগ পশ্চিমবঙ্গ-সরকার পাইয়াছেন কিনা?

The Minister for Home (Police):

হ্যাঁ, কতিপয় ক্ষেত্রে পাইয়াছেন।

Pak-Dahagram Chhit talook

***123.** (Admitted question No. *403.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—ইহা কি সত্য যে, কোচবিহার জেলার মেখলিগঞ্জ থানা এলাকা দ্বারা পরিবেষ্টিত পাক-ডাহাগ্রাম ছিট তালুকে পাক-শাসন অক্ষুণ্ণ আছে?

The Minister for Home (Political):

ডাহাগ্রাম একটি পাকিস্তানী ছিট তালুক। সংবিধানের নবম সংশোধনী আইনের ধারাসমূহ কার্যকরী না হওয়া পর্যন্ত এই ছিট তালুকের উপর পাকিস্তানী কর্তৃত্ব অক্ষুণ্ণ থাকিবে। কার্যতঃ এই স্থানে পাক-শাসন অক্ষুণ্ণ আছে কিনা সে সম্বন্ধে সরকারের কোন খবর নাই।

Black-marketing of rice

***124.** (Admitted question No. *491.)

শ্রীকাশীকান্ত মৈত্র: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) রাজ্যসরকারের ধানের ও চালের মূল্য নির্ধারণ করার পর এই রাজ্যে এক শ্রেণীর ব্যবসায়ী সরকারী নির্দেশ ভঙ্গ করিয়া বেশি দামে চাল বিক্রয় করিতেছেন, এ রকম অভিযোগ সম্পর্কে সরকার অবগত আছেন কি ; এবং

(খ) অবগত থাকিলে, এই প্রকাশ্য চোরাকারবার বন্ধ করার জন্য ও নির্দিষ্ট দামে চাল বিক্রির জন্য সরকার ও খাদ্য দপ্তর কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) এ বিষয়ে প্রমাণযোগ্য নির্দিষ্ট কোন অভিযোগ সরকারের গোচরে আসে নাই।

(খ) সরকারী নির্ধারিত মূল্যের অধিক মূল্যে ধান্য ও চাউল বিক্রয়ের ক্ষেত্রে আইনানুসারে যথাবিধি পন্থা গ্রহণ করিতে সংশ্লিষ্ট কর্মচারিগণকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Ar-Khisma Irrigation Project

***125.** (Admitted question No *500.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রানাঘাট থানায় (আর-খিসমা ইরিগেশন প্রোজেক্ট) কোন্ সালে করা হইয়াছিল ;

(খ) এই প্রোজেক্ট করিতে মোট কত টাকা ব্যয় হইয়াছে এবং এখনও প্রতি মাসে এই প্রোজেক্ট মেনটেন করিতে কত খরচ হইতেছে ;

(গ) এই প্রোজেক্টের জন্য চাষীদের নিকট হইতে মোট কত একর জমি দখল করা হইয়াছে ;

(ঘ) ইহা কি সত্য যে, এই প্রোজেক্ট প্রথম দিন হইতেই অকেজো হইয়া পড়িয়া আছে এবং আজ পর্যন্ত এই প্রোজেক্ট মারফত কোন জল সরবরাহ করা সম্ভব হয় নাই ; এবং

(ঙ) সত্য হইলে, এই প্রোজেক্ট কার্যকরী করার জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Agriculture:

(ক) উক্ত প্রোজেক্টের কাজ ১৯৫৪ সালে আরম্ভ হইয়াছিল।

(খ) ৫,০৭,৮৭৬ টাকা। এখন মেইনটেন্সে-এর জন্য প্রতি মাসে প্রায় ১,৫০০ টাকা খরচ হইতেছে।

(গ) ১০০.৯৮ একর।

(ঘ) টি সি এ প্রোগ্রাম-এ আমেরিকা হইতে প্রাপ্ত একটি পাম্প প্রথম হইতেই বিকল থাকাতে এবং মেন চ্যানেল স্ট্রাকচার-এর ডিজাইন অনুযায়ী দুইটি পাম্পই একযোগে চালাইবার কথা থাকাতে এ পর্যন্ত এই প্রোজেক্ট মারফত জল সরবরাহ করা সম্ভব হয় নাই। ১৯৫৯-৬০ সালে পাম্প দুইটিকে ট্রায়াল রান দিয়া অল্পক্ষণ চালানো হইয়াছিল, কিন্তু ইলেকট্রিক কেবল লাইন বিকল থাকাতে চালানো সম্ভবপর হয় নাই।

(ঙ) এই প্রোজেক্টের ইলেকট্রিক কেবল লাইন খারাপ হইয়া গিয়াছিল। উহা এখন সারানো হইতেছে এবং আশা করা যায় যে, কাজটি আগামী মার্চ মাসের ভিতর সম্পূর্ণ হইবে। ইহা ছাড়া প্রোজেক্টের জলসরবরাহ ব্যবস্থারও পরিবর্তন করিবার প্রয়োজন। উহার একাংশ আগামী জুন মাসের মাঝামাঝি নাগাদ সম্পূর্ণ হইতে পারে। ইহার ফলে আশা করা যায় যে, আগামী খারিফ চাষের সময় এই প্রোজেক্ট হইতে জলসরবরাহ করা সম্ভব হইবে।

Recent riot in Calcutta

***126.** (Admitted question No. *518.)

ডাঃ গোলাম ইয়াজদানী : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জানুয়ারি (১৯৬৪) সালের দাঙ্গার সূত্রপাত বৃহত্তর কলিকাতার কোন্ স্থান হইতে হয়; এবং

(খ) কয়দিন যাবত এই দাঙ্গা চলে এবং কবে উহার অবস্থা আয়ত্তাধীনে আসে?

The Minister for Home (Police):

(ক) দমদম থানার অন্তর্গত ইনস্যানিটারী রোড ও আতা মহম্মদ রেডের সংযোগস্থলে, গত ৬ই জানুয়ারী একটি হামলাতে প্রথম দুইজন লোক ছুরিকাহত হয়।

(খ) ১৭ই জানুয়ারীর পর দাঙ্গা সংক্রান্ত কোনও ঘটনা ঘটে নাই।

Recent riot in Calcutta

***127.** (Admitted question No. *625.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র : স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার সাম্প্রতিক দাঙ্গায় মোট হতাহতের সংখ্যা কত;

(খ) ঐ দাঙ্গায় কতজন হিন্দু হত ও আহত হইয়াছে এবং কতজন মুসলমান হত ও আহত হইয়াছে;

(গ) ঐ দাঙ্গার সময় পুলিসের গুলীতে কতজন হিন্দু ও কতজন মুসলমান হত ও আহত হইয়াছে;

(ঘ) ঐ দাঙ্গায় কোন্ কোন্ সম্প্রদায়ের কতজনের গৃহ ভস্মীভূত এবং গৃহ বা দোকানপাট লুণ্ঠিত হইয়াছে; এবং

(ঙ) ঐ দাঙ্গায় মোট ক্ষতির পরিমাণ কত?

The Minister for Home (Police):

(ক) মোট ৮২ জন হত এবং ৩৮৮ জন আহত হইয়াছে।

(খ) হিন্দুঃ হত—১৭ জন, মুসলমানঃ হত—৩১ জন এবং হিন্দুঃ আহত—১২১ জন; মুসলমানঃ আহত—২৬৪ জন।

(গ) হিন্দুঃ হত—২৪ জন; মুসলমানঃ হত ১০ জন এবং হিন্দুঃ আহত—৮৮ জন; মুসলমান আহত—৭৮ জন।

(ঘ) এবং (ঙ) তথ্য সংকলন করা হইতেছে।

Bifurcation of Murshidabad district

***128.** (Admitted question No. *636.)

শ্রীদেবশরণ ঘোষঃ কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইক্ষুচাষ ব্যাপারে মুর্শিদাবাদ জেলাকে ভাগীরথী নদী বরাবর এমন দুইটি জোন-এ (এলাকা) ভাগ করা হইয়াছে যাহার ফলে এক এলাকায় অবস্থিত ইক্ষুচাষীরা অন্য এলাকায় অবস্থিত "মিলে" ইক্ষু বিক্রয় করিতে পারিবে না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Agriculture:

(ক) হ্যাঁ।

(খ) এই রাজ্যের চিনির কল দুইটিতে ইক্ষুর সরবরাহ বৃদ্ধি এবং উহাদের উৎপাদনের নির্ধারিত লক্ষ্য অনুযায়ী প্রয়োজনীয় ইক্ষু সরবরাহের সুব্যবস্থাকল্পে মুর্শিদাবাদ জেলার ইক্ষু অঞ্চলকে ভাগীরথী বরাবর দুইটি সংরক্ষিত এলাকায় ভাগ করা হইয়াছে।

Arrests made during the recent communal disturbances

***129.** (Admitted question No. *665.) **Shri Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state how many arrests were made by the Government in connection with the recent communal disturbances in Calcutta and in each district of West Bengal (a) between 1st January, 1964, and 10th January, 1964, and (b) from the 11th January, 1964 to 11th February, 1964?

The Minister for Home (Police): (a) and (b) A statement is enclosed.

Statement referred to in reply to starred question No. 129

Statement showing the No. of persons arrested in connection with recent communal disturbances

District	Between 1st January, 1964 to 10th January, 1964	From 11th January, 1964 to 11th February, 1964
Burdwan . . .	32	501
Howrah	3	2,092
Midnapore	—	46
Howrah G.R P.	212	844
Hooghly	—	243
Sealdah G.R.P.	136	206
Murshidabad	—	122
Nadia	242	1,039
24-Parganas	855	4,351
Calcutta	129	3,580

Punitive tax

***130.** (Admitted question No. *319.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ-সরকার কি কলিকাতায় এবং পশ্চিম বাংলার কয়েকটি স্থানে "পিটুনি কর" ধার্য করিয়াছেন ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হাঁ" হয়, তবে কোন্ কোন্ অঞ্চলে কত টাকা করিয়া ট্যাক্স ধার্য করা হইয়াছে ?

The Minister for Home (Police):

(ক) চব্বিশপরগনা জেলার বনগাঁ, বাগদা, গাইঘাটা, বারাসত, হাবড়া, দেগঙ্গা, বসিরহাট, স্বরূপনগর, বাদুড়িয়া, বরানগর, বেলঘরিয়া, যাদবপুর, মহেশতলা ও সোনারপুর এই ১৪টি থানার এলাকাধীন অঞ্চল এবং নদীয়া জেলার তেহট্ট, চাকদা, রানাঘাট, হরিণঘাটা, কোতওয়ালী ও শান্তিপুর এই ৬টি থানার এলাকাধীন অঞ্চলকে ১৮৬১ সালের পুলিস অ্যাক্টের ১৫(১) ধারা অনুসারে বিপজ্জনক ও গোলযোগপূর্ণ অঞ্চল বলিয়া ঘোষণা করা হইয়াছিল, কিন্তু কোনও পিটুনি কর ধার্য করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Black-marketing of rice and paddy

***131.** (Admitted question No. *405.)

শ্রীসনৎকুমার রাহাঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাজারে সরকারী নির্দিষ্ট দর অপেক্ষা অধিক দামে ধান ও চাউল বিক্রীত হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, এই বিষয়ে সরকার কি ব্যবস্থা লইতেছেন যাহাতে নির্দিষ্ট মূল্যের মধ্যেই ধান ও চাউল পাওয়া যায় ?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) উক্ত সূত্রে এ প্রশ্ন উঠে না। তবে সরকার-নির্ধারিত মূল্যের অধিক মূল্যে ধান্য ও চাউল বিক্রয়ের ক্ষেত্রে আইনানুসারে যথাবিধি পন্থা গ্রহণ করিতে সংশ্লিষ্ট কর্মচারিগণকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Present Police Commissioner, Calcutta

***132.** (Admitted question No. *493.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) whether the appointment of Shri P. K. Sen as Commissioner of Police, Calcutta, in place of Shri S. M. Ghosh, former Commissioner of Police, has been made on a permanent basis or as a stop-gap arrangement;

(b) whether it is a fact that Shri S. M. Ghosh, former Police Commissioner, has tendered his resignation; and

(c) if so, what are the grounds of his resignation?

The Minister for Home (General Administration): (a) Shri P. K. Sen has been appointed to act as Commissioner of Police, Calcutta, vice Shri S. M. Ghosh on leave.

(b) No.

(c) Does not arise.

Recent Calcutta riot

***133.** (Admitted question No. *626.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার সাম্প্রতিক দাঙ্গার প্রধান প্রধান কারণ কি;

(খ) দাঙ্গা আরম্ভ হওয়ার পূর্বে সরকার সতর্কতামূলক কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন কিনা;

(গ) ব্যবস্থা অবলম্বন করিলে তাহা কি;

(ঘ) দাঙ্গার সময় এবং দাঙ্গার অব্যবহিত পরে কতসংখ্যক বেআইনী অস্ত্রশস্ত্র পুলিস উদ্ধার করিয়াছে;

(ঙ) এই বেআইনী অস্ত্রশস্ত্রের মধ্যে কোন্ সম্প্রদায়ের লোক হইতে কত পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করা হইয়াছে; এবং

(চ) দাঙ্গা দমনে সরকারের কত টাকা ব্যয়িত হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) এই বৎসর ৩রা জানুয়ারি পূর্ব পাকিস্তানের খুলনা ও যশোহর জেলায় ও অন্যান্য স্থানে তথাকার হিন্দু অধিবাসীদের উপর যে নৃশংস অত্যাচার ও আক্রমণ আরম্ভ হয় তাহারই পরিণতি হিসাবে কলিকাতায় সাম্প্রদায়িক দাঙ্গা বাধিয়া যায় বলিয়া অনুমান করা যাইতে পারে।

(খ) হ্যাঁ।

(গ) হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের লোকই যেসকল অঞ্চলে বসবাস করেন সেইসকল অঞ্চলে পুলিস পিকেট মোতায়েন রাখা হইয়াছিল। শহরে বিশেষ পুলিস প্রহরারও ব্যবস্থা করা হয়।

(ঘ) ৭টি বন্দুক, একটি স্টেনগান, ১টি রাইফেল, ৯টি রিভলবার, দুইটি পিস্তল, ২৪টি তলোয়ার, ছোরা ও বল্লম।

(ঙ) ৭টি তলোয়ার এবং ছোরা হিন্দুদের নিকট হইতে এবং ৪টি বন্দুক, ২টি পিস্তল, একটি রিভলবার এবং মোট ১৬টি তলোয়ার ছোরা এবং বল্লম মুসলমানদের নিকট হইতে পুলিস উদ্ধার করে।

(চ) এই তথ্য সংগ্রহ করা হইতেছে।

UNSTARRED QUESTION
(to which written answers were laid on the table)

Relief granted in Hooghly and Murshidabad districts

123. (Admitted question No. 4.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত পাঁচ বৎসরে (১৯৫৯-১৯৬৩) মহকুমাওয়ারী (১) হুগলী এবং (২) মুর্শিদাবাদে কি কি প্রকারের এবং কত টাকার রিলিফ সরকার দিয়াছেন?

The Minister for Relief:

জেলা সমাহর্তাদিগের নিকট হইতে সম্পূর্ণ সংবাদ না আসিয়া পৌঁছাইবার দরুন উত্তর দেওয়া সম্ভব হইল না।

Persons hanged in West Bengal from 1948 to 1963

124. (Admitted question No. 16.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৪৮ সাল হইতে ১৯৬৩ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে কত ব্যক্তির ফাঁসি হইয়াছে; এবং

(খ) তাঁহাদের কয়জন পুরুষ এবং কয়জন স্ত্রীলোক?

The Minister for Home (Jails):

(ক) ৩১ জন।

(খ) সকলেই পুরুষ।

Punitive Tax

125. (Admitted question No. 159.)

শ্রীসনৎকুমার রাহাঃ [illegible]গের মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করিয়া জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক দাঙ্গার জন্য কোন্ কোন্ এলাকায় পিটুনি কর ধার্য করা হইয়াছে; এবং

(খ) ঐ কর মকুব করার কথা সরকার বর্তমানে চিন্তা করিতেছেন কি?

The Minister for Home (Police):

(ক) নদিয়া জেলার ৬টি থানা এলাকা এবং চব্বিশপরগনা জেলার ১৪টি থানা এলাকা ১৮৬১ সালের পুলিস-অ্যাক্টের ১৫(১) ধারা অনুসারে বিপজ্জনক ও গোলযোগপূর্ণ অঞ্চল বলিয়া ঘোষিত হইয়াছিল কিন্তু কোথাও পিটুনি কর ধার্য করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Distribution of the seeds of Rabi Crop

126. (Admitted question No. 188.)

শ্রীসনৎকুমার রাহাঃ কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলায় রাজ্যসরকার ১৯৬৪ সালের জানুয়ারি মাসে রবি-শস্যের বীজ চাষীদিগকে দিয়াছেন, এবং

(খ) সত্য হইলে, ইহার পূর্বে কোন বীজ বিতরণ না করিবার কারণ কি?

The Minister of State for Agriculture:

(ক) হ্যাঁ।

(খ) সাধারণত যেসমস্ত অঞ্চলে স্বাভাবিক অবস্থা বর্তমান, সেখানে নবেম্বর ১৯৬৩ মধ্যেই রবিশস্যে বীজ বিতরণ সমাপ্ত হইয়াছিল (আন্ডার সিড স্যাচুরেশন স্কিম); কিন্তু বন্যাপীড়িত অঞ্চলগুলি হইতে জল নামিয়া গিয়া জমি চাষের উপযোগী হইতে বিলম্ব হইয়াছিল। উক্ত কারণে ডিসেম্বর ১৯৬৩ সালের শেষভাগে ও জানুয়ারি ১৯৬৪-তে স্থানীয় চাহিদা থাকায় কিছু কিছু উপযুক্ত রবিশস্য বীজ, ছোলা, বোরো ধান এবং পেঁয়াজের চারা বিতরণ করা হয় (আন্ডার স্টং পাইলিং স্কিম)।

Dobandhi and Naratha dams in police-station Pingla, district Midnapore

127. (Admitted question No. 204)

শ্রীঅনঙ্গমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনীপুর জেলার পিংলা থানার দোবাঁধি বাঁধ এবং নাড়াথা বাঁধের মধ্যে কিছু স্থান যাহা লক্ষ্মীপাড়ী গ্রামে অবস্থিত, ফাঁকা রহিয়াছে কেন;

(খ) সরকার কি অবগত আছেন যে, বর্ষার সময় ঐ ফাঁক দিয়া পিংলা থানার উঁচু অংশের জল ঐ থানার ৯নং অঞ্চলকে প্লাবিত করে, এবং

(গ) অবগত থাকিলে, উক্ত বন্যা নিবারণের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) প্রশ্নে উল্লিখিত স্থান উচ্চ হওয়ায় এবং উচ্চ আইল দ্বারা আবদ্ধ হওয়ায়, উপর হইতে জল ফাঁকের মধ্যে দিয়া ভিতরে প্রবেশ করিতে পারে না। এই জন্য প্রশ্নোক্ত স্থানে বাঁধের প্রয়োজনীয়তা না থাকায় উহা ফাঁকা রাখা হইয়াছে।

(খ) বর্ষা বা সাধারণ বন্যার সময় অঞ্চলটি প্লাবিত হয় না। তবে সর্বোচ্চ বন্যার সময় কিছু জল ভিতরে প্রবেশ করে।

(গ) দুইটি বাঁধের সংযোগকারী বাঁধ নির্মাণ বিবেচনাধীন আছে।

Tubewells in Murshidabad district

128. (Admitted question No. 186.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় কোন্ থানায় কয়টি পানীয় জলের নলকূপ চালু আছে এবং কয়টি রি-সিংকিং (পুনর্খনন) করিতে হইবে?

The Minister for Health:

এতৎসহ বিবরণী উপস্থাপিত হইল।

Statement referred to in reply to unstarred question No. 128.

District—Murshidabad

Water Supply Position in Rural Areas.

Name of subdivision	Name of thana	Existing water supply sources in working condition including those in progress	Resinking of derelict tubewells required to achieve the accepted target of one source for every 400 persons and at least one source for every village.
1	2	3	4
Sadar subdivision ..	Berhampore ..	525	2
	Beldanga ..	602	13
	Nowda ..	183	1
	Hariharpur	301	1
	Domkal ..	298	..
	Jalangi	108	1
Kandi subdivision ..	Kandi ..	308	..
	Khargram ..	311	4
	Bharatpur .	475	..
	Burwan ..	340	1
Jangipur subdivision ..	Raghunathganj	370	10
	Sagardighi .	380	6
	Suti ..	307	14
	Sawsarganj .	178	5
	Farakka .	160	4
Lalbagh subdivision ..	Murshidabad .	111	7
	Bhagabangola .	205	7
	Lalgola ..	162	12
	Nabagram ..	282	5
	Raninagore ..	304	3
	Jiaganj ..	54	4
	Total ..	5,964	100

Cases pending in Courts

129. (Admitted question No. 273.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন আদালতগুলিতে কোন্‌টিতে কত 'কেস' বর্তমানে বিচারাধীন আছে;

(খ) উক্ত কেসগুলির কয়টি পাঁচ বৎসর যাবৎ বিচারাধীন আছে; এবং

(গ) পশ্চিমবঙ্গে মামলা যাহাতে দ্রুত নিষ্পত্তি হয় তাহার জন্য গত এক বৎসরে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Judicial Department:

(ক), (খ) ও (গ) এ সম্বন্ধে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। যথা সত্বর সম্ভব এই প্রশ্নগুলির উত্তর দেওয়া হইবে।

Cattle purchase loan for Midnapore district

130. (Admitted question No. 303.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬০ সাল হইতে ১৯৬৩ সাল পর্যন্ত প্রতি বৎসর মেদিনীপুর জেলায় কোন্ থানাতে কতগুলি গরু ক্রয়ের জন্য কত টাকা ঋণ দেওয়া হইয়াছে,

(খ) উক্ত ঋণের টাকা যথাযথ কিস্তিতে আদায় হইতেছে কিনা; এবং

(গ) গরু ক্রয়ের জন্য যে টাকা দেওয়া হইয়া থাকে তাহা দ্বারা প্রকৃতই গরু ক্রয় হইয়াছে কিনা তাহা দেখিবার কোন ব্যবস্থা সরকারের আছে কি?

The Minister of State for Agriculture:

(ক) মেদিনীপুর জেলায় নিম্নলিখিতরূপ গোরু ক্রয় ঋণ দেওয়া হইয়াছে :

১৯৬০ সাল- ৩,০০,০০০ টাকা;

১৯৬১ সাল -২,৯৮,৩৮৫ টাকা;

১৯৬২ সাল--৩,৯৮,১৪৯ টাকা;

১৯৬৩ সাল--৩,৮৭,৩৭৫ টাকা।

থানা অনুযায়ী ঋণ গ্রহীতার হিসাব বর্তমানে সংগ্রহ করা হইতেছে পরে ইহা উপস্থাপিত করা হইবে।

(খ) হ্যাঁ, কিস্তিমত আদায় করা হইতেছে।

(গ) ঋণ গ্রহীতারা ঋণ গ্রহণ করিবার পর উক্ত টাকা বলদ ক্রয়ের জন্য খরচ করেন কিনা তাহার জন্য পৃথক কোন সংস্থা নাই, তবে ব্লক ডেভেলপমেন্ট অফিসারগণ প্রতি ক্ষেত্রেই ইউটিলিজেসন সার্টিফিকেট প্রদান করেন।

Women in the West Bengal Police

131. (Admitted question No. 274.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে পুলিস সার্ভিসে কতজন মহিলা আছেন;

(খ) তাহাদের মধ্যে কতজন গেজেটেড এবং কতজন নন-গেজেটেড; এবং

(গ) ঐ মহিলা অফিসারদের মধ্যে কতজন কোন্ কোন্ পদে আছেন?

The Minister for Home (Police):

(ক) ৬৪ জন।

(খ) গেজেটেড—১ জন।

নন-গেজেটেড—৬৩ জন।

(গ) ইন্সপেক্টর—১ জন।

সাব-ইন্সপেক্টর—১৩ জন।

অ্যাসিস্টান্ট সাব-ইন্সপেক্টর—৪০ জন।

কনস্টেবল—১০ জন।

Upgrading of High Schools in Midnapore district

132. (Admitted question No. 205.)

শ্রীঅনঙ্গমোহন দাস ঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার কোন্ কোন্ স্কুলকে হায়ার সেকেন্ডারী পর্যায়ে উন্নীত করা হইয়াছে এবং উহাদের কোন্ কোন্‌টিতে কি কি বিষয়ে ক্লাস খুলিবার অনুমতি দেওয়া হইয়াছে?

(খ) ঐ জেলায় কোন্ কোন্ হায়ার সেকেণ্ডারী স্কুলে এই বৎসর অতিরিক্ত বিষয়ে ক্লাস খুলিবার অনুমতি দেওয়া হইয়াছে?

The Minister for Education:

(ক) ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার নিম্নলিখিত স্কুলগুলিকে হায়ার সেকেন্ডারী পর্যায়ে উন্নীত করা হইয়াছে। যে যে বিষয়ে ক্লাস খুলিবার অনুমতি দেওয়া হইয়াছে তাহা প্রতিটি বিদ্যালয়ের পাশে পৃথকভাবে উল্লেখ করা হইল ঃ—

(১) আনন্দপুর হাই স্কুল, পোঃ আনন্দপুর—হিউম্যানিটিস।

(২) চৈপাট হাই স্কুল, পোঃ চৈপাট—হিউম্যানিটিস।

(৩) গোপালনগর বিহারীলাল বিদ্যাপীঠ, পোঃ দেহাটী—হিউম্যানিটিস ও বিজ্ঞান।

(৪) খেপুট হাই স্কুল, পোঃ খেপুট—হিউম্যানিটিস।

(৫) কুমাই হাই স্কুল, পোঃ নেড়াদেউল—হিউম্যানিটিস ও বিজ্ঞান।

(৬) খাজরা সতীশচন্দ্র মেমোরিয়াল হাই স্কুল, পোঃ কুসুমগ্রাম—হিউম্যানিটিস ও বিজ্ঞান।

(৭) লালগড় রাজ কে বিদ্যালয়, পোঃ লালগড—হিউম্যানিটিস।

(৮) নারায়ণগড় হাই স্কুল, পোঃ নারায়ণগড—হিউম্যানিটিস।

(৯) পূর্বচিলকা লালচাঁদ হাই স্কুল, পোঃ মহাড়োল—হিউম্যানিটিস ও বিজ্ঞান।

দ্রষ্টব্য ঃ ইহা ব্যতীত আটটি বিদ্যালয়ে হায়ার সেকেণ্ডারী পর্যায়ে উন্নয়নের বিষয় বিবেচনাধীন রহিয়াছে।

(খ) মেদিনীপুর জেলায় এই বৎসরে যে যে বিদ্যালয়গুলিকে অতিরিক্ত বিষয়ে ক্লাস খুলিবার অনুমতি দেওয়া হইয়াছে তাহা প্রতিটি বিদ্যালয়ের পাশে পৃথকভাবে দেওয়া হইল ঃ

(১) বাসুদেবপুর মহারাজ নন্দকুমার হাই স্কুল, পোঃ নন্দকুমার—বিজ্ঞান।

(২) বাসুদেবপুর বিদ্যাসাগর স্মৃতি বিদ্যালয়, পোঃ শঙ্করপুর—বিজ্ঞান।

(৩) বরমোহনপুর হাই স্কুল, পোঃ খাকুরদা—বিজ্ঞান।

(৪) বেলপাহাড়ী এস সি হাই স্কুল, পোঃ বেলপাহাড়ী—বিজ্ঞান।

(৫) ভিমেশ্বরী উচ্চ শিক্ষায়তন, পোঃ ভিমেশ্বরী—বিজ্ঞান।
(৬) চ্যাংড়াচক জগদীশ হাই স্কুল, পোঃ চ্যাংড়াচক—কৃষি।
(৭) চক্‌দীপা হাই স্কুল, পোঃ চক্‌দীপা—বিজ্ঞান।
(৮) চন্দনপুর আনন্দ ইন্সটিটিউশন, পোঃ পাণ্ডেটগড়—বিজ্ঞান।
(৯) দক্ষিণ কাশিমনগর হাই, পোঃ রাজারামপুর—বিজ্ঞান।
(১০) রাণীচক দেশপ্রাণ হাই, পোঃ রাণীচক—বিজ্ঞান।
(১১) ধুলিয়াপুর পল্লীশ্রী বাণী মন্দির, পোঃ ধুলিয়াপুর—বিজ্ঞান।
(১২) দিউলীয়া হীরারাম হাই, পোঃ পুলসীতা—বিজ্ঞান।
(১৩) গোকুলনগর গোবিন্দজীউ শিক্ষানিকেতন, পোঃ তেখালাবাজার—বিজ্ঞান।
(১৪) ঈশ্বরপুর বিপীন মেমোরিয়াল একাডেমী, পোঃ ঈশ্বরপুর—বিজ্ঞান।
(১৫) জাবদা বিদ্যাসাগর বিদ্যাপীঠ, পোঃ জাবদা—বিজ্ঞান।
(১৬) জারা হাই, পোঃ জারা—বিজ্ঞান।
(১৭) মনোহরপুর বান্ধব হাই, পোঃ ইলাশপুর—বিজ্ঞান।
(১৮) মংগলা একাডেমী, পোঃ মংগলামাড়ো—বিজ্ঞান।
(১৯) মানিকপাড়া হাই, পোঃ মানিকপাড়া—বিজ্ঞান।
(২০) নেতাজীনগর শ্রীপতী শিক্ষাসদন, পোঃ সন্ধীপুর—বিজ্ঞান।
(২১) পরাণচক শিক্ষানিকেতন, পোঃ খাঞ্জানচক—বিজ্ঞান।
(২২) পিংলা কৃষ্ণকামিনী ইন্সটিটিউশন, পোঃ পিংলা—বিজ্ঞান।
(২৩) রামপুর মানুয়া কে কে আই আর আর ইন্সটিটিউশন, পোঃ পলাশপাই—বিজ্ঞান।
(২৪) রামচন্দ্রপুর রইসুদ্দীন হাই, পোঃ রামচন্দ্রপুর—বাণিজ্য।
(২৫) খড়্গপুর সিলভার জুবিলী হাই, খড়্গপুর—বিজ্ঞান।
(২৬) শ্রীরামপুর এগ্রিকালচারাল হাই, পোঃ শ্রীরামপুর—বিজ্ঞান।
(২৭) রাধামোহনপুর বিবেকানন্দ হাই, পোঃ বাসদাপলাসী—বিজ্ঞান।
(২৮) সবং সারদামণি হাই, সবং—বিজ্ঞান।
(২৯) শ্রীবোরা হাই, পোঃ শ্রীবোরা—বিজ্ঞান।
(৩০) তমলুক হাই, পোঃ তমলুক—বাণিজ্য।

দ্রষ্টব্য: ইহা ব্যতীত আরও নয়টি বিদ্যালয়কে অতিরিক্ত বিষয়ে ক্লাস খুলিবার অনুমতি দেওয়ার বিষয় বিবেচনাধীন রহিয়াছে।

Strength of staff (gazetted and non-gazetted) in the Home (Police) Department

133. (Admitted question No 221.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৪৮ সালের ১লা জানুয়ারি পশ্চিমবঙ্গে পুলিশ বিভাগে কতজন কর্মী ছিলেন;

(খ) উক্ত কর্মীদের কতজন গেজেটেড এবং কতজন নন গেজেটেড; এবং

(গ) ১৯৬৪ সালের ১লা জানুয়ারি কতজন গেজেটেড এবং কতজন নন-গেজেটেড অফিসার পুলিশ বিভাগে ছিলেন?

The Minister for Home (Police):

(ক) ৩৫,৯৯০ জন।

(খ) গেজেটেড—১৫৬ জন।

নন-গেজেটেড—৩৫,৮৩৪* জন।

(গ) গেজেটেড—৮৬৩† জন।

নন-গেজেটেড—৫৬,৬৯৪ জন।

*এই সংখ্যার মধ্যে ৩৮৪ জন ইন্সপেক্টর আছে।

†এই সংখ্যার মধ্যে ৫৮৬ জন ইন্সপেক্টর আছে। ইন্সপেক্টরগণ পূর্বে গেজেটেড ছিলেন না, রে হইয়াছেন।

Number of handlooms and powerlooms in West Bengal

134. (Admitted question No 410.)

শ্রীসনৎকুমার রাহা: শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে হস্তচালিত ও যন্ত্রচালিত তাঁত, সূতীবস্ত্রের জন্য কত চালু আছে;

(খ) পশ্চিমবঙ্গে বর্তমানে হস্তচালিত রেশম তাঁত ও যন্ত্রচালিত রেশম তাঁত কত; এবং

(গ) হস্তচালিত তাঁতে ও যন্ত্রচালিত রেশম, তাঁত ও যন্ত্রচালিত রেশম তাঁত কত; এবং কত উৎপাদন হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) সূতীবস্ত্র ও তাঁত সংখ্যা

(১) হস্তচালিত—১৫৩,৬০৭টি (৩১এ অক্টোবর ১৯৬৩ পর্যন্ত)।

(২) যন্ত্রচালিত—

(অ) শক্তিচালিত তাঁত সমবায় সমিতিগুলির অধীনে ১,৩৪৩টি।

(আ) অন্যান্য সংস্থার অধীনে—৪,৮৫২টি।

(ই) স্বয়ংসম্পূর্ণ মিলে—৯,২৫৩টি।

মোট—১৫,৪৪৮টি।

(খ) রেশমবস্ত্র ও তাঁত সংখ্যা

(১) হস্তচালিত—৬,২৬০টি।

(২) যন্ত্রচালিত—৫৭টি।

(গ) উৎপাদন (কোটি মিটার)

(১) হস্তচালিত—

সূতীবস্ত্র—

১৯৬০-৬১—১৬·৯০।

১৯৬১-৬২—১৬·৯২।

১৯৬২-৬৩—১৬·৯৬।

রেশম বস্ত্র—

১৯৬০-৬১—জানা নাই।

১৯৬১-৬২—জানা নাই।

১৯৬২-৬৩—জানা নাই।

(২) যন্ত্রচালিত—

সূতীবস্ত্র—

(অ) সমবায়

১৯৬০-৬১—০·২৯।

১৯৬১-৬২—২·২৮।

১৯৬২-৬৩ ৩·২৯।

(আ) অন্যান্য

১৯৬১ ২·৯৫।

১৯৬২—৩·৭৪।

১৯৬৩ ১·৭০ (জুলাই ১৯৬৩)।

(ই) মিল

১৯৬১ ২৬·৭৩।

১৯৬২ ২৬·১৩।

১৯৬৩ ২৬·৪৫।

রেশম বস্ত্র—

১৯৬১—জানা নাই।

১৯৬২—জানা নাই।

১৯৬৩—জানা নাই।

Introduction of compulsory Primary Education in West Bengal

135. (Admitted question No. 416.)

শ্রীসনৎকুমার রাহা : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সহরাঞ্চলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বর্ষে হইতে চালু হইবে,

(খ) এই পরিকল্পনায় ১৯৬৭-৬৮ সালে ৬ হইতে ১১ বৎসর বয়স্ক ছাত্রছাত্রীর কত শতাংশকে প্রাথমিক শিক্ষার আওতায় আনার প্রস্তাব আছে, এবং

(গ) এই পরিকল্পনা সফল করিবার জন্য আরও কতগুলি স্কুল স্থাপনের প্রয়োজন হইবে?

The Minister for Education:

(ক), (খ) ও (গ) পশ্চিমবঙ্গের সহরাঞ্চলের মধ্যে কলিকাতা কর্পোরেশন এলাকায় ৫টি কনস্টিটিউয়েন্সিতে (পূর্বতন ৯নং ওয়ার্ডে) পূর্ব হইতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রচলিত আছে।

খড়দহ ও জঙ্গীপুর মিউনিসিপ্যালিটি স্ব স্ব এলাকায় সম্প্রতি বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করিয়াছেন। আসানসোল মিউনিসিপ্যালিটি আগামী এপ্রিল মাস হইতে উহা চালু করিবার ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

সহরাঞ্চলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আশু প্রবর্তনের উদ্দেশ্যে ওয়েস্ট বেঙ্গল আরবান প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, ১৯৬৩ পাশ করা হইয়াছে। এই আইনের ৩নং ধারা অনুসারে পৌর কর্তৃপক্ষ নিজ নিজ পৌরাঞ্চলে অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের উদ্দেশ্যে প্রকল্প প্রস্তুত করিয়া শিক্ষা বিভাগে দাখিল করিবেন। ঐ সকল প্রকল্প প্রস্তুত হইলে বাকি কত শতাংশ বালকবালিকাদিগকে প্রাথমিক শিক্ষার আওতায় আনা যাইতে পারিবে এবং কত নূতন স্কুল স্থাপনের প্রয়োজন তাহা নিরূপণ করা সম্ভব হইবে।

X-ray plants in Subdivisional Hospitals

136. (Admitted question No. 387.)

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ মহকুমা হাসপাতালে এক্স-রে প্ল্যান্ট চালু আছে,

(খ) বর্তমান বৎসরে কোন্ কোন্ মহকুমায় এক্স-রে প্ল্যান্ট বসাইবার প্রস্তাব আছে?

The Minister for Health:

(ক) (১) আসানসোল।

(২) রামপুরহাট।

(৩) বিষ্ণুপুর।

(৪) শিলিগুড়ি।

(৫) কার্শিয়াং।

(৬) শ্রীরামপুর।

(৭) চন্দ্রননগর।

(৮) কাঁথি।

(৯) বনগাঁও।

(খ) (১) কালনা।

(২) কাটোয়া।

(৩) বারাসত।

(৪) তমলুক।

(৫) উলুবেড়িয়া।

Pitched road to P. K. College, Contai

137. (Admitted question No. 784.)

শ্রীসুধীরচন্দ্র দাশঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কাঁথি ক্যানাল পাড়ের মোড় হইতে কাঁথি প্রভাতকুমার কলেজ পর্যন্ত রাস্তাটি পিচ করিবার পরিকল্পনা গৃহীত হইয়াছে কিনা; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, এজন্য কত টাকা মঞ্জুর হইয়াছে এবং কবে কার্য আরম্ভ হইবে?

The Minister for Public Works:

(ক) হ্যাঁ, ঐ কলেজের রাস্তাটি কংক্রীট দ্বারা পাকা করিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

(খ) ২৮,৭৫০ (আটাশ হাজার সাত শত পঞ্চাশ টাকা); মাসখানেকের মধ্যেই।

Improvement of the West Bengal Fire Services

138. (Admitted question No. 406.)

শ্রীসনৎকুমার রাহা : স্বায়ত্তশাসন এবং পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের দমকল বাহিনীর উন্নতি বিষয়ে রাজ্যসরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) ফায়ার সার্ভিস নিযুক্ত কর্মচারীদিগের বেতন, ভাতা, ছুটি বিষয়ে সরকার নূতনভাবে কোন বিবেচনা করিতেছেন কিনা?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) বেতন ও ছুটি বিষয়ে কিছু বিবেচনাধীন নাই তবে ভাতা সম্বন্ধে কিছু বিবেচনাধীন আছে।

Major Irrigation Project

139. (Admitted question No. 430.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিমবঙ্গে মেজর ইরিগেশন প্রোজেক্ট দ্বারা কত একর জমিতে সেচের জল দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে;

(খ) পশ্চিমবঙ্গের সমস্ত আবাদযোগ্য জমিতে সেচ দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) পরিকল্পনা থাকিলে তাহা কতদিনের মধ্যে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১২,৪৮,০০০ একর।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Establishment of a Technical School at Contai

140. (Admitted question No. 451.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কাঁথিতে কারিগরী বিদ্যালয় স্থাপনের জন্য কাঁথি শহরের পার্শ্ববর্তী অঞ্চলে জমি অনুসন্ধান করা হইতেছে; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, ইহার ফলাফল কি?

The Minister for Education:

(ক) কাঁথি শহরের সন্নিকটে কারিগরী বিদ্যালয় স্থাপনের জন্য জমি অনুসন্ধান করা হইতেছে না।

(খ) প্রশ্নটি উঠে না।

Opening of a Fire Station at Berhampore

141. (Admitted question No. 225.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় সদর শহর বহরমপুরে ফায়ার ব্রিগেড-এর কোন ইউনিট নাই; এবং

(খ) সত্য হইলে অবিলম্বে উহা সংস্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) এই রাজ্যে কয়েকটি অতিরিক্ত অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপনের একটি পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। তন্মধ্যে বহরমপুর শহর অন্যতম।

Meckliganj-Dhaprahat-Kuchilibari Road

142. (Admitted question No 389.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলার সীমান্ত বাস্তা মেখলীগঞ্জ-ধাপড়াহাট-কুচলিবাড়ি রাস্তাটি পাকা করার জন্য সরকার মঞ্জুর করিয়াছেন, এবং

(খ) সত্য হইলে ঐ রাস্তাটি পাকা করার জন্য কত টাকা ব্যয়িত হইবে এবং কত দিনের মধ্যে কাজ আরম্ভ হইবে?

The Minister for Public Works:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Members of the R. T. A. Board in Murshidabad district

143. (Admitted question No 481.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether any member of the Regional Transport Authority Board of Murshidabad district is continuing for last eight or nine years as a member; and

(b) principles of selection of members of Regional Transport Authority?

The Minister for Home (Transport): (a) No.

(b) Local persons considered fit by the Government are appointed to be non-official members of the Regional Transport Authority keeping in view the provisions of section 44 of the Motor Vehicles Act, 1939.

Travelling Allowance to Ministers

144. (Admitted question No. 215.)

শ্রী[illegible] রায় : অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ সালে উপ-নির্বাচনে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীগণ বর্ধমান, জলপাইগুড়ি এবং কোচবিহারে ভ্রমণ করার জন্য সরকারী তহবিল হইতে কোন ভ্রমণ ভাতা (টি এ বিল) গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) গ্রহণ করিয়া থাকিলে কে কত টাকা ঐ বাবদ গ্রহণ করিয়াছেন?

The Minister for Finance:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Provident Fund and gratuity benefits to the sweepers of Municipalities

145. (Admitted question No. 408.)

শ্রীসনৎকুমার রাহা: স্বায়ত্তশাসন এবং পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে পৌর সংস্থার মেথর ও হরিজন শ্রমিকদিগের জন্য প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটির ব্যবস্থা আছে কিনা?

The Minister for Local Self-Government and Panchayats.

হ্যাঁ।

Election of teacher-member of the District School Board, Birbhum

146. (Admitted question No. 442.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলা স্কুল বোর্ডের শিক্ষক প্রতিনিধি নির্বাচন করিতে বিলম্ব হওয়ার কারণ কি, এবং

(ক) কবে ঐ নির্বাচন হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Education:

(ক) মহামান্য হাইকোর্টের নির্দেশানুযায়ী পশ্চিমবঙ্গ রাজ্য প্রাথমিক শিক্ষক সমিতি ও বীরভূম জেলা প্রাথমিক শিক্ষক সমিতি সরকার কর্তৃক পুনরায় অনুমোদিত করিতে হইয়াছে।

(খ) ৮ই মার্চ ১৯৬৪ তারিখের মধ্যে বীরভূম জেলা স্কুল বোর্ডের শিক্ষক প্রতিনিধি নির্বাচন করিবার জন্য সরকারী প্রজ্ঞাপন বাহির হইয়াছে।

Establishment of a Health Centre at Basantia, police-station Contai

147. (Admitted question No. 452.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি থানার বসন্তিয়া স্বাস্থ্যকেন্দ্রের জন্য আবশ্যকীয় জমি ও টাকা সরকার পাইয়াছেন;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, কাহার নিকট হইতে কত টাকা ও কত জমি কোন্ তারিখে পাওয়া গিয়াছে; এবং

(গ) ঐ স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কি ব্যবস্থা হইতেছে?

The Minister for Health:

(ক) ও (খ) বসন্তিয়ায় একটি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র (অধুনা উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য মুকুন্দপুরের শ্রীভূপেন্দ্রনাথ দাশ মহাশয়ের নিকট হইতে ২১-৪-৫৩ তারিখে ৬,০০০ টাকা সরকার দান হিসাবে পাইয়াছেন কিন্তু তজ্জন্য কোন জমি পাওয়া যায় নাই।

(গ) ইতিমধ্যে কাঁথি থানার ২নং উন্নয়ন এলাকার সদর কার্যালয় বসন্তিয়ায় স্থাপিত হওয়ায় ঐখানে উপ-স্বাস্থ্য কেন্দ্রের পরিবর্তে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করিতে হইবে। এজন্য কুড়ি বিঘা জমি প্রয়োজন। এখনও ঐ জমি পাওয়া যায় নাই—সংগ্রহের চেষ্টা করা হইতেছে।

Waiting room in Berhampore Sadar Hospital

148. (Admitted question No. 477.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বহরমপুর সদর হাসপাতালের আউটডোর রোগীদের জন্য কোন বিশ্রাম কক্ষ নাই, এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Health:

(ক) সত্য নহে। হাসপাতালের বারান্দায় বসিবার ব্যবস্থা আছে।

(খ) প্রশ্ন উঠে না।

Adjournment Motion

Mr. Speaker: I have received a notice of Adjournment Motion from Shri Kamal Kanti Guha and Shri Amarendra Nath Roy Prodhan on the subject of Pakistani atrocities over Indian citizens in Cooch Behar district. I have refused my consent.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: Hon'ble Minister in charge of the Home (Police) Department will please make a statement on the police assault of a Medical Officer on C.I.T. Road on 13th February, 1964, called attention by Shri Birendra Narayan Ray, Shri Lakshmi Ranjan Josse, Shri Bejoy Kumar Banerjee, Shri Hrishikesh Halder, Dr Radhakrishna Singha and Shri Monoranjan Bakshi.

The Hon'ble Prafulla Chandra Sen: At about 9-30 p.m. on the 13th February, 1964, loud reports, three in succession, of bursting of crakers were heard at Bechulal Road, which is a minority pocket. Two of these crackers fell very close to a police picket which was being manned by the personnel of Bihar Military Police. On the day, there was a contingent of Bihar Military Police at Bechulal Road for the protection of the minority pocket. As a result of the explosion 2 out of 4 Bihar Military Police personnel of the picket received injuries. The loud report of the cracker attracted the notice of all persons in the area and it also made the Muslims rather panicky. At this the Bihar Military Police contingent, out of excitement, came out of their camp and along with the persons in the picket rushed towards the direction from which crackers appeared to have been hurled. On arrival at 67, C. I. T. Road the only person whom

they came across was seen hurring away clothed in a lungi and a coat. This person was taken to be one of the miscreants, and the Bihar Military Police personnel surrounded the person and three of them caught hold of him. In the meanwhile, Sub-Inspector Tarapada Dutta, Office-in-Charge of the Police Party at Bechulal Road, arrived on the spot and asked the Bihar Military Police personnel to let go the person, and this was done accordingly.

The person gave out his identity as Dr. Sunil Chandra Dutt, M.B., D.T.M., and explained his presence there Dr. Dutt was released then and there. He complained of being assaulted by the police personnel and also of being abused.

On enquiries being made, it appeared that some of the police personnel had caught hold of Dr. Dutt rather roughly, hurled abuses to all and sundry and had also brought their rifles at the firing position to threaten the people who had collected on the balconies nearabout. It also transpired on enquiry that these police personnel had indulged in these over-zealous activities in disregard of the orders of Sub-Inspector Tarapada Dutta and Havildar Mahendra Thakur of the Bihar Military Police who repeatedly told them categorically not to rush out in search of the miscreants after the bursting of bombs had taken place The medical certificate on the injuries of Capt. Dutt does not, however, indicate that the injuries were serious. It has simply been stated in the medical certificate that Capt. Dutt complained of pain on his body.

The entire Bihar Military Police contingent of this place has been replaced by the personnel of the Calcutta Armed Police The police personnel involved in this incident are being dealt with departmentally for their indisciplined conduct.

Mr. Speaker: I have received seven notices of Calling Attention on the following subjects:—

The first one is on the subject of consolidation of paddy lands owned by the same person in the same village by Shri Ananga Mohan Das; the second one on the subject of suspicious movement of the Deputy High Commissioner of Pakistan and his staff in connection with the last riot by Shri Ananga Mohan Das; the third one on the subject of Pak atrocities in the Indian enclave in Cooch Behar district by Shri Amarendra Nath Roy Prodhan and Shri Sunil Das Gupta; the fourth one on the subject of undesirable activities of the Pakistan Deputy High Commissioner in Calcutta by Shri Monoranjan Baksi, Shri Hrishikesh Haldar, Shri Bejoy Kumar Banerjee and Shri Birendra Narayan Ray; the fifth one on the subject of strike at the Bandel Thermal Plant from 17th February, 1964, by Shri Sambhu Charan Ghosh; the sixth one on the subject of precautionary measures in the National Shooting Championship started at the Salt Lake Reclamation Area by Sri Birendra Narayan Ray, Shri Hrishikesh Halder, Shri Mono Ranjan Baksi and Shri Bejoy Kumar Banerjee and the last one on the subject of Pak atrocities in the Indian enclave in Cooch Behar district by Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha I have selected the notice of Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha on the subject of Pak atrocities in the Indian enclave in Cooch Behar district. The Hon'ble Minister will please make a statement today or give a date for the same.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: It will be made day after tomorrow.

Report of Business Advisory Committee

.. **Mr. Speaker:** I beg to present the 17th report of the Business Advisory Committee which, at its meeting held on the 21st February, 1964, in my chamber considered the question of allocation of dates and time for disposal of the Voting on Demands for Grants for the financial year 1964-65 and recommended the time-table in respect thereof. Copy of the Time-table, as recommenled by the Committee, has been circulated to the members.

The Hon'ble Jagannath Kolay: Sir, I beg to move that the 17th report of the Business Advisory Committee, as presented on the 25th February, 1964, be agreed to by the House.

The motion was agreed to.

Second Report of the Committee on Estimates for 1963-64

12-10—2-20 p.m.]

Shri Baidyanath Banerjee: I beg to present the Second Report of the Committee on Estimates for 1963-64.

Point of Privilege

শ্রীঅপূর্বলাল মজুমদার: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী সম্পর্কে একটা নির্দিষ্ট গুরুতর অভিযোগ উত্থাপন করতে চাই এবং সেই অভিযোগে আপনার মাধ্যমে আমি দাবি করব যে, মুখ্যমন্ত্রী এই হাউসের যে সম্মান সেই সম্মান তিনি ক্ষুন্ন করেছেন এবং বিকৃত তথ্য এখানকার মাননীয় সদস্যদের কাছে প্রচার করে এই হাউসের অবমাননা করেছেন। আপনি হয়ত জানেন মিঃ স্পীকার, গত ১৭ তারিখে শ্রীমতী মমতা পালের উপর কয়েকজন পুলিস যে নির্মম ধর্ষণ করেছিল সেই ধর্ষণ সম্পর্কে এখানে অভিযোগ পেশ করেছিলাম কিন্তু

[Noise]

মিঃ স্পীকার: আপনি শ্রীমজুমদার, কি বলতে চাচ্ছেন বুঝতে পারলাম না, কি বলছেন, অন হোয়াট পয়েন্ট?

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমাকে বলতে দিন।

শ্রীজ্যোতি বসু: আপনি বললেন বুঝতে পাচ্ছি না, উনি শেষ না করলে কি করে বুঝবেন?

মিঃ স্পীকার: আমি শুনেছি, উনি বলেছেন আমার একটা অভিযোগ আছে। এখন অভিযোগ কোন্ রুলে? অভিযোগ বলতে তো অনেক কিছুই বুঝায়, বেসিসটা বললে বুঝতাম কার উপর আপনি এটেনশন ড্র করছেন।

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমি অসত্য কথা বলেছি উনি সেটা বলেছেন। আমি এটাই প্রমাণ করতে চাই তিনি যেকথা বলেছেন, তিনিই অসত্য বলেছেন আমাদের তরফ থেকে আমি অসত্য বলি নি। তিনি নির্লজ্জের মত পুলিসের অপকীর্তি ছোট করবার জন্য এই হাউসে যে অসত্য ভাষণ দিয়েছেন এবং আমার বিরুদ্ধে দোষারোপ করেছেন, সেকথা আমি বলতে চাই। আপনি জানেন গত ১৭ তারিখে একটি নাবালিকা বালিকার উপর যেভাবে পুলিস ধর্ষণ করেছে সে সম্বন্ধে সেই বালিকার স্বাক্ষরযুক্ত একটি বিবৃতি বিধানসভায় আমি পেশ করেছিলাম এবং আমি শুধু এই আবেদন জানিয়েছিলাম মুখ্যমন্ত্রীর কাছে যে, এত বড় নির্লজ্জের মত পাশবিক অত্যাচার এর কথা ধর্ষণের কথা যেখানে বলা হল সেখানে আপনি নিজে ব্যক্তিগতভাবে এনকোয়ারি

করে অপরাধী এবং দুষ্কৃতকারীদের শাস্তির ব্যবস্থা করুন। এই আবেদন আমি মাননীয় সদস্যদের তরফ থেকে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম। কিন্তু দুঃখের কথা, তার পরের দিন তিনি শুধু মুখ্যমন্ত্রী নন, পুলিস দপ্তরেরও মন্ত্রী, এখান থেকে পুলিস পাঠিয়ে ১৮ তারিখে সেই কয়া গ্রামের স্কুলের ছাত্রী ১৪ বৎসর বালিকার কাছ থেকে রিভলবার ঝুঁকিয়ে অন পয়েন্ট অফ রিভলবার চিঠি সই করে আনলেন [গোলমাল] মুখ্যমন্ত্রী যিনি পুলিস ডিপার্টমেন্টেরও মন্ত্রী, ব্যক্তিগতভাবে পুলিস পাঠিয়ে থানার ও সি-কে দিয়ে এবং অন্যান্য পুলিস দিয়ে সেই ১৪ বছরের বালিকাকে বাধ্য করেছেন, ক্লাস সিক্সের বালিকাকে বাধ্য করেছেন, অন পয়েন্ট অফ রিভলবার সই করতে, মিথ্যা কথা বলতে। এবং সেই মিথ্যা কথা এই বিধানসভায় এসে জোর গলায় এখানে পাঠ করে দিলেন এবং বললেন অপূর্ববাবু যা বলেছেন সেটা সত্য নয়। ঘটনা হল এই, আমি আপনার কাছে এটাও বলতে চাই যে সেই মেয়েটি আপনার কাছে এসেছে, তার বাবাও এসেছে এবং ঐখানে লবীতে বসে আছে, এখানেই উপস্থিত আছে। [তুমুল হট্টগোল]

এই মেয়েটি আজকে বিধানসভার কক্ষে আছে, সে ঐ ভিজিটার্স গেলারীতে আছে। সে আজকে আপনাদের কাছে এসেছে, আপনারা তার কাছ থেকে জেনে নিন যে তাকে ধর্ষণ করা হয়েছে কিনা এবং তা হলেই কে সত্য কে মিথ্যা তা প্রমাণিত হয়ে যায়।

Mr. Speaker:

আপনি যখন কিছু বলবেন, তখন

Please do not point your finger to any of the gallaries. I do not think you should do that

Shri Apurba Lal Majumdar:

মুখ্যমন্ত্রীর বিবৃতির পর আমি সেখানে গিয়েছিলাম এবং অত্যন্ত মর্মাহত হয়েছি সেই মেয়েটির কাছ থেকে—তার স্টেটমেন্ট-এ জানলাম যে, একজন পুলিস অফিসার সেই কয়া গ্রামে গিয়ে অন এ পয়েন্ট অফ রিভলবার তার বাপকে হত্যা করা হবে এই কথা বলে তার কাছ থেকে স্টেটমেন্ট নিয়ে আসা হয়েছে এবং সেই মিথ্যা স্টেটমেন্ট হাউসে বলে এখানকার লোকেদের বিভ্রান্ত করতে চেয়েছেন। সেই মেয়েটা তারপর লিখিতভাবে আমাদের কাছে জানিয়েছে যে ....

Mr. Speaker: I do not think this matter can be further raised on the floor of this House.

আর এ বিষয়ে স্টেটমেন্ট করবেন না।

Shri Apurba Lal Majumdar:

আমাদের অভিযোগ যে, সে আমাদের কাছে লিখে জানিয়েছিল যে পুলিস তার উপর পাশবিক অত্যাচার চালিয়েছিল এবং বিধানসভায় যে বিবরণ মুখ্যমন্ত্রী আমাদের জবাবে বলেছিলেন তাতে তিনি বলেছেন যে আমরা সেদিন মিথ্যা কথা বলেছিলাম।—[নয়েজ]

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, I want to know on which motion he is speaking.

[Noise]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনি ৫-৭ মিনিট ধরে অপূর্ববাবু যা বললেন সেটা শুনেছেন, আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন এর গুরুত্ব যা এখানে ও'রা এদিক থেকে বলছেন। এটা কোন রুলস বা মোসানের উপর প্রশ্ন নিয়ে তিনি এখানে আরম্ভ করলেন এই বলে যে হাউসের অবমাননা করে মুখ্যমন্ত্রী এখানে একটা অসত্য ভাষণ দিয়েছেন, আমি আপনার কাছে নিবেদন করছি সেটা

আপনি একটু ভেবে দেখবেন সেটা হচ্ছে সেদিন এসব কথা এখানে হয়ে গেছে। মুখ্যমন্ত্রী এক-জন পুলিস বা কাউকে পাঠিয়ে কি খবর পেয়েছেন জানি না, এই মেয়েটা কাল হাউস-এ এসেছিল এবং আমি তাকে কতকগুলি প্রশ্ন জিজ্ঞাসা করায়—তার বয়স ১৪ বৎসর—যে সমস্ত বিবৃতি সে দিয়েছে পাশবিক অত্যাচারের বিষয় এবং ২-৩ জন পুলিসের নামও সে করেছে। আমার কথা হচ্ছে, এ সমস্ত প্রিভিলেজ রুলস-এর কথা নয় মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন...........

[Noise.]

[2-20—2-50 p.m.]

মিঃ স্পীকার: উনি যখন পয়েন্ট রেইস করেছেন তখন আপনারা যদি সবাই ওঠেন তাহলে কি করে হবে?

শ্রীজ্যোতি বসু: আমি বলছিলাম অপূর্ববাবু যে কথা বলছিলেন, সেই প্রিভিলেজের উপর সেটা আমি আপনার সামনে পরিস্কার করছি।

[Noise.]

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: স্যার, আমি বলছিলাম......[হট্টগোল]

মিঃ স্পীকার: তিনি একটা প্রিভিলেজের পয়েন্ট তুলেছেন, তাঁকে আমি জিজ্ঞাসা করছি, তিনি বলেছেন আমি পয়েন্ট অফ প্রিভিলেজে বলছি।

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: জ্যোতিবাবু কোন্ পয়েন্টের উপর বলছেন—কোন্ পয়েন্ট অফ প্রিভিলেজ? [হট্টগোল]

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহোদয়, আপনি যদি শুনে থাকেন আমি এই কথাই বলতে শুরু করেছিলাম, অপূর্ববাবু যখন বলতে উঠেন তখন আপনার অনুমতি নিয়ে......[হট্টগোল] স্যার, ওঁরা যদি এইরকম হাউলিং করেন তাহলে কি করে বলবো

You cannot control them. You asked me a question and I was about to reply. I had not uttered one sentence and in the meantime these rowdies started.

[এই সময় বিধান সভা ২০ মিনিটের জন্য স্থগিত থাকে]

[After adjournment]

[2-50—3-30 p.m.]

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহাশয়, আপনি আমাকে বলবার জন্য যে অনুমতি দিয়েছিলেন তা কি উইথড্র করে নিলেন? আমি আপনার কাছে অনুমতি নিয়েই বলছিলাম, আমার ২ মিনিটের বেশি লাগবে না তারপর তাঁরা যত খুশি বলতে পারবেন।

Mr. Speaker: Mr. Basu, you cannot put your leg on that. I have drawn the attention of the honourable members many times on the floor of the House.

শ্রীজ্যোতি বসু: আপনি শুধু আমার পা তোলাটাই দেখলেন? আমার ঠ্যাং-এ ব্যথা হয়েছে বলে আমি ঐভাবে রেখেছিলাম। আপনাকে আপনার নুতন সেক্রেটারি কি বলছেন? আমি ওঁর চেয়ে অনেক দিন বেশি আছি, ওঁর কাছে আমাকে এটিকেট শিখতে হবে না। আমি দেখছি you are discussing with your Secretary. You have permitted me to speak and I must complete my speech.

[হট্টগোল]

শ্রীমতী সুধারাণী দত্ত : অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, আপনি যখন হাউস এ্যাডজোর্নড করে নিচে নেমে বাইরে চলে যাচ্ছিলেন তখন ওদিক থেকে একটা ডিম ছুঁড়ে মারা হয় এবং সেই ডিমটা আমার বুকে এসে লাগে। বিপক্ষ দলের বন্ধু শ্রীকমল গুহ মহাশয় ওটা মেরেছিলেন।

শ্রীজ্যোতি বসু: স্পীকার মহোদয়, আপনাকে উনি একটা ভাঙ্গা ডিম প্রেজেন্ট করলেন তারজন্য কি আমরা এখানে কথা বলতে পারবো না? (হট্টগোল)

দি অনারেবল বিজয় সিং নাহার : স্যার, লিডার অব দি অপজিশন কি এটা সাপোর্ট করছেন? এই যে বিরোধী পক্ষের একজন সদস্য ডিম ছুঁড়ে হাউসের মধ্যে এই রকমভাবে মিস বিহেব করলেন এর আগে বিচার হোক। তাঁদের মেয়েদের প্রতি অন্ততঃ একটু মর্যাদাবোধ থাকা উচিত।

(Loud noise and interruptions)

[At this stage the House was adjourned for half-an-hour.]

[After adjournment]

[3-30—3-40 p.m.]

শ্রীজ্যোতি বসু: মিঃ স্পীকার স্যার, যে কথাটা আমি বলতে চাচ্ছি .... .

Mr. Speaker: Are you speaking on a point of privilege?

শ্রীজ্যোতি বসু: সেইটাই তো আপনাকে বলছি—কথাটা শুনুন—আমি বলছি অপূর্ববাবু যে প্রিভিলেজের উপর বলছিলেন তা তিনি সম্পূর্ণ বলতে পারেন নি—ও'র বক্তৃতা। সেই প্রিভিলেজের উপরই আমি বলছি। এই কথাটা বলতে চেয়েছিলাম এবং সেইজন্যই দেড় ঘণ্টা সময় চলে গেল। এখন আপনাকে বলছি এই কথাটা যে মুখ্যমন্ত্রী এখান থেকে যখন একটা বিবৃতি দেওয়া হয়. .... (গোলমাল)

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্ত: অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ, স্যার—

Mr. Speaker: Mr. Basu has already said that he is speaking on a point of privilege.

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্ত: অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ, স্যার—(গোলমাল)

শ্রীমতী সুধারাণী দত্ত: (বলিতে উঠেন)

মিঃ স্পীকার: আপনি এখন বসুন—আপনার পয়েণ্ট অব প্রিভিলেজ-এর কথা শুনবো।

শ্রীমতী সুধারাণী দত্ত: মিঃ স্পীকার স্যার, আমার কথা হচ্ছে. .... (গোলমাল)

শ্রীজ্যোতি বসু : স্যার, আমি বলছিলাম যে, মমতা পাল নামে একটি মেয়ে সম্পর্কে এখানে একটা বিবৃতি দেওয়া হয়েছে এবং এ সম্পর্কে মুখ্যমন্ত্রীকে তদন্ত করতে বলা হয়েছে কিন্তু মুখ্যমন্ত্রী এখানে জবাব দেবার আগে পুলিস পাঠিয়ে সেই ছোট মেয়েটির কাছ থেকে একটা বিবৃতি নিয়ে এসেছেন। এবং সেই তথাকথিত বিবৃতি জোর করে লিখিয়ে নিয়ে এসেছেন। (শ্রীজহরলাল ব্যানার্জি : কোশ্চেন।) এতে কোশ্চেন-এর কিছু নেই—লিখিয়ে নিয়ে এসেছে। যা হোক, এখন কথা হ'ল যে, এখানে বিরোধী দলের একজন সদস্য একটা বিবৃতি দিয়েছেন এবং মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন। আমার কথা হচ্ছে সাধারণভাবে হলে যা করা উচিত সেটা কেন করতে পারলেন না? আমি মুখ্যমন্ত্রীকে বলি যে এর জন্য আমরাও দায়ী নই, ও'রাও দায়ী

।। কিন্তু এরকম বিশ্রী, কুৎসিত ঘটনা যদি হয়ে থাকে, তা হলে আমরা সকলে মিলে সেখানে য়ে অন দি স্পট এনকোয়ারী করতে পারি না কেন, মেডিকেল একজামিন করতে পারি না কেন, কোর্টে পাঠাব কিনা? সেখানে এখনও পুলিসের অত্যাচার চলছে। জোর করে বিবৃতি লিখিয়েছে—তার বাবার সংগে আমার কথা হয়েছে। এখন কথা হ'ল, এটা সত্য কি মিথ্যা তা যাচাই করে দেখা উচিত। তবে সবচেয়ে ভাল হত প্রফুল্লবাবু যদি এতে রাজী হতেন এবং সেখানে আর পুলিসের অত্যাচার হবে না, আর জোরজুলুম হবে না, এরকম একটা রিপোর্ট দিতে পারতেন। কিন্তু ঘটনা যদি সত্য হয়, তা হ'লে তো সাংঘাতিক অবস্থা। সেই মেয়েটি তিনজন পুলিসের নাম করেছে যে নামগুলো সে কথাবার্তার মধ্য দিয়ে শুনতে পেয়েছে। আচ্ছা, আমি না হয় মানলাম সব অসত্য কথা। কিন্তু একটা এনকোয়ারী করতে কি অসুবিধা আছে? কিন্তু তা যখন হবে না তখন প্রফুল্লবাবুকে আমি যেকথা বলেছিলাম তাতে তিনি রাজী হন নি। রাগ পড়লে রাজী হবেন কিনা জানি না, কিন্তু এখন রাজী হচ্ছেন না। যা হোক, এখন কথা হল যে, এরকম কথা হাউসে সহজে বিবৃত হয় না। তারপর, উনি একটা কথা বলবার চেষ্টা করেছেন যে, এটা নিয়ে অনেকে পার্টিবাজী করবার চেষ্টা করছেন। আমি জানি না এই অবস্থায় এরকম মানসিক অবস্থা কারুর আছে কিনা। আমার মনে হয় এরকম কেউ করতে পারেন না। আমি অবশ্য জানি না ও'দের পুলিসকে এরকম রেপ করবার জন্য কেউ সাহায্য করে কিনা। তা হ'লে ও'রা এত ব্যস্ত হচ্ছেন কেন? যা হোক, এখন কথা হ'ল যে এনকোয়ারী করতে আপনাদের অসুবিধা কি আছে? তবে তা যদি না করেন তাহলে আমি বলছি যে এটা প্রিভিলেজ কমিটির কাছে দিন। কারণ এখানে একজন মেম্বার একটি মেয়ের ছবি সহ, তার বিবৃতি সহ একটি বিবৃতি এখানে দিয়েছেন এবং মুখ্যমন্ত্রী এসে সেই একই মেয়ের কাছ থেকে একটা পাল্টা বিবৃতি এনে এখানে দিয়েছেন। অবশ্য ও'দের ক্ষমতা বেশি তাই পুলিসকে দিয়ে অন্য রকম বিবৃতি আনাতে পারেন। কিন্তু এতে মুখ্যমন্ত্রীর অবমাননা হ'তে পারে। উনি বলছেন তাঁরা সত্য কথা বলেন নি, কিন্তু আমি মনে করি হাউসের একজন মাননীয় সদস্যের অবমাননা হলে সমস্ত হাউসের অবমাননা হয়। কাজেই এটা নিয়ে আমরা প্রিভিলেজ কমিটিতে যেতে পারি। সেখানে গেলে এই সুবিধা হয় যে, এনকোয়ারী যদি নাও হয় তাহলে প্রিভিলেজ কমিটিতে বসে কোন বিবৃতি সত্য সেটা আমরা যাচাই করতে পারি, সেই পুলিস অফিসারকে ডেকে পাঠাতে পারি, অন্য মেম্বার যাঁরা এদিক থেকে বিবৃতি দিয়েছেন তাঁদের বিবৃতি নিতে পারি এবং মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি কোন পুলিস অফিসারকে তিনি পাঠিয়েছিলেন। শুধু তাই নয়, এটা সত্য কি মিথ্যা তার খানিকটা বার করতে পারি এবং আরও অনেক কিছু তদন্তের জন্য যা করা দরকার তা করতে পারি। কাজেই আমি আশা করি আপনি চিন্তা করে আমার কথা মেনে নেবেন। তা ছাড়া প্রিভিলেজ কমিটিতেও তো কংগ্রেসের মেজোরিটি আছে। তবে এটা মেজোরিটি বা মাইনরিটির ব্যাপার নয়—আসল কথা হচ্ছে এটা নিয়ে আমরা যদি প্রিভিলেজ কমিটিতে বসি তাহলে আলোচনা করতে পারি। যা হোক, সেই মেয়ে, তার বাবা এবং তার আত্মীয়স্বজন এখানে এসেছেন এবং বলেছেন যে, তাঁদের উপর পুলিসের অত্যাচার হচ্ছে এবং এই বিবৃতি তাঁরা ফরওয়ার্ড ব্লক-এর সদস্যের কাছে দিয়েছেন। আমার কথা হচ্ছে যে, এগুলি বন্ধ করতে হবে, না হলে তারা থাকবে কি ক'রে? পুলিসের বিরুদ্ধে অভিযোগ করলেই কি বাঙলাদেশে এ রকম ঘটনা ঘটবে? কাজেই আপনি বিচার বিবেচনা করে একটা কিছু করুন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন সিদ্ধান্তের আগে আমি দু-একটি কথা বলতে চাই। এখানে প্রিভিলেজ-এর প্রশ্নে যে সমস্ত কথা এতক্ষণ বলা হল তার দু'টো দিক আছে, যা নিয়ে আলোচনা হল। মাননীয় অপূর্বলাল মজুমদার মহাশয় যে চিঠির কথা উল্লেখ করলেন এবং এখানে দাখিল করলেন তার পাল্টা আর একটা চিঠি সেই মেয়েটিকে দিয়ে লিখিয়ে এখানে আমি উপস্থিত করেছিলাম এবং সেটা আপনার কাছে আমি দিয়েছি......

শ্রীজ্যোতি বসু : উনি আবার একটা পাল্টা দিয়েছেন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : জ্যোতিবাবু যখন বিবৃতি দিচ্ছিলেন আমি তখন একটি কথাও বলি নি। আমার বিবৃতির সময়ও আমি আশা করব, তিনি অনুগ্রহ করে আমার কথা শুনবেন—কেন না আমি তো কোন বাধা দিই নি। যে কথা বলেছিলাম, দু'টো বিষয়ের প্রতি আপনার দৃষ্টি

আকর্ষণ করছি। একটা হচ্ছে যে বিবৃতি মাননীয় অপূর্বলাল মজুমদার মহাশয় দিয়েছিলেন তাঁর উপর আমি কোন পুলিস পাঠাই নি। আমি শুধু বলেছিলাম, এই ঘটনাটি সত্য কিনা তার সত্যাসত্য নির্ধারণ করতে চাই। আমার কাছে আর একটি বিবৃতি এনে দেওয়া হ'ল সেই মেয়েটির হাতের লেখা, আমি মিলিয়ে দেখলাম একই রকম সই। সেই চিঠির বিষয় আমি উল্লেখ করেছিলাম। একটি বিষয় হ'ল এই। কিন্তু সব চেয়ে বড় বিষয় যেটা এবং মূল বিষয় যেটা, এ দল ও ওদলের, উভয় দলের পক্ষে অত্যন্ত গুরুতর বিষয় যেটা বিবেচনার সেটা কি? সেটা হচ্ছে যদি কোন মেয়েকে এই রকমভাবে রেপ করা হয়ে থাকে, সেটা অত্যন্ত জঘণ্য, সেটা কেউ সমর্থন করেন না। পুলিসই করুক আর যে-কোন লোকই করুক—কেউ তা সমর্থন করে না। এবং যদি করে থাকে তা হ'লে তার শাস্তি হওয়া উচিত, নিশ্চয়ই তদন্ত হওয়া উচিত। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার বিচার তো আপনি করতে পারেন না, আমি করতে পারি না, তার বিচার জ্যোতিবাবুও করতে পারেন না। জ্যোতিবাবু বলেছেন যে একটা যুক্ত কমিটি করা হোক, তাতে এ পক্ষের এবং ও পক্ষের দু' পক্ষেরই লোক থাকবে। তা হ'তে পারে না, সেটা সম্ভব নয়। সমস্ত বিষয়টা আদালতের হাতে তুলে দেওয়া উচিত। মূল যা নিয়ে দ্বন্দ্ব, বিতর্ক যে মেয়েটির তোলা ফটো নিয়ে এসেছেন, যার বাড়ীতে তিনি গেছেন, যাকে অন্য জায়গায় নিয়ে গেছেন ফটো তুলতে, তাকে নিয়ে আদালতে যান, আদালতে আশ্রয় চাইতে পারেন, সেখানে বিচার চাইতে পারেন, নিশ্চয়ই আদালতে বিচার চাইবেন। এই রকম......

[গোলমাল]

পেছনের দরজা দিয়ে বিচার চাইবার যে কোন প্রয়োজনীয়তা আছে তা আমি মনে করি না।

Mr. Speaker: Mr. Majumder, Mr. Basu has spoken already on the subject and we have heard the position as explained by the Hon'ble Chief Minister and I think there cannot be a debate over this matter.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আমার একটু সাবমিশন আছে।

শ্রীনিখিল দাস: আমাকে একটু বলতে দিন। অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার......

[নয়েজ]

আমার বক্তব্য আমাকে বলতে দিতে হবে। আপনি আমাকে অ্যালাও করেছেন।

Mr. Speaker: Hon'ble Members, I will give my decision on this point later on.

[3-40—3-50 p.m.]

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: প্রিভিলেজ সম্বন্ধে যে প্রশ্ন উত্থাপন হয়েছে তার বিচার আপনি নিশ্চয় করবেন সে বিষয়ে সন্দেহ নেই।

মিঃ স্পীকার: নিশ্চয়ই।

I will decide whether the matter will go to the Privilege Committee or not. Now, we close here, Shrimati Dutta.

[Noise.]

[শ্রীনিখিল দাস বলিতে উঠেন]

Mr. Speaker: The matter was moved by Shri Majumdar. The Leader of the opposition has spoken and the Leader of the House has also spoken. Now I feel that the subject is closed.

শ্রীনিখিল দাস : আমার একটা সাবমিশন আছে, আমাকে বলতে দিতে হবে।

শ্রীঅপূর্বলাল মজুমদার : আমার একটা সাবমিশন আছে যেটা আমি সবটা তখন বলতে পারি নি।

শ্রীনিখিল দাস : স্যার, আমি আপনার কাছে একটা কথা বলতে চাই যে অপূর্ববাবু যেকথা বলেছেন...

[নয়েজ]

Mr. Speaker: I have already informed the House about my decision.

শ্রীনিখিল দাস : আপনি তো আমাকে অ্যালাউ করেছেন।

Mr. Speaker: Mr. Das, the House has heard much on the subject, there cannot be a debate.

[নয়েজ]

শ্রীঅপূর্বলাল মজুমদার : আই অ্যাম অন মাই লেগস -সেই সময় লিডার অফ দি অপজিশন বসছিলেন বলে আমি বলতে পারি নি সব কথা। সেজন্য আমাকে তো শেষ করতে হবে।

মিঃ স্পীকার : উনি তো একটা প্রিভিলেজ-এর কথা বলেছেন—

on the same subject he has raised a point of privilege

[নয়েজ]

শ্রীনিখিল দাস : আমার বক্তব্য খুব সোজা, জ্যোতিবাবু যে পয়েন্ট এনেছেন বাংলাদেশের সমস্ত মানুষ তার সঙ্গে জড়িত আছে।

[নয়েজ]

Shri Apurba Lal Majumdar: We must have our say.

শ্রীনিখিল দাস : স্যার, আমি বলতে চাই যে, পয়েন্ট অফ প্রিভিলেজ মুভ করেছেন......

[নয়েজ]

[4-50—4-25 p.m.]

শ্রীননী ভট্টাচার্য : এইভাবে অ্যাসেম্বলী চলতে দেব না।

[হট্টগোল]

কি ভাল চান তো বসুন, বসতে হবে আপনাকে।

[হট্টগোল]

এইভাবে আপনারা একটা হিনিয়াস ক্রাইমকে চেপে যাবার চেষ্টা করলে চলবে না, চেপে যেতে আমরা দেবো না।

(এই সময় বিধানসভা ৩০ মিনিটের জন্য স্থগিত থাকে।)

After adjournment

[4-25—4-26 p.m.]

শ্রীনিখিল দাস : স্পীকার মহাশয়, আপনি আমাকে বলবার অনুমতি দিয়েছিলেন, আমাকে বলতে দিন......

[হট্টগোল]

শ্রীমতী সুধারাণী দত্ত : মাননীয় স্পীকার মহাশয়, আমাকে বলতে দিন। আমি বুঝতে পারছি না কেন বিরোধী দলের সদস্যরা আমাকে বলতে দিচ্ছেন না। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি বিরোধী দলের সদস্য যে দুর্নীতি ও কুকাজ করেছেন সেটাকে বোধ হয় ঢাকবার জন্যই এইভাবে বলতে দিচ্ছেন না। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি বিরোধী দলের সদস্য মাননীয় কমল গুহ মহাশয় এই ডিম ছুঁড়েছেন।

[হট্টগোল]

শ্রীনিখিল দাস : স্যার, আমাকে বলতে দিতে হবে......

[Loud noise and interruptions.]

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-26 p.m. till 1 p.m. on Wednesday, the 26th February, 1964, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 26th February, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State, and 204 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Egra-Ramnagore Road

***134.** (Admitted question No. *554.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার এগ্রা-রামনগর রাস্তাটির উন্নয়নের জন্য সরকার তৃতীয় পরিকল্পনাকালে কার্যারম্ভ করিবার সিদ্ধান্ত লইয়াছেন ;

(খ) এই রাস্তা নির্মাণের কাজ কবে আরম্ভ ও কবে শেষ হইবে ; এবং

(গ) উক্ত রাস্তার দেপাল হইতে বালসাই পর্যন্ত রামনগর থানার অংশটির কোন গতি পরিবর্তনের পরিকল্পনা সরকারের আছে কিনা এবং পরিকল্পনা থাকিলে তাহার রূপ কি?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ (ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় মালমসলা সংগ্রহ করার কাজ আরম্ভ হইয়াছে। প্রয়োজনীয় জমি দখল পাবার পর তিন বৎসরের মধ্যে কাজ শেষ হইয়া যাইবে বলিয়া আশা করা যায়।

(গ) হ্যাঁ, গতি পরিবর্তনের পরিকল্পনা আছে। দেপালের কিছু দক্ষিণে মাধবপুর হইতে বালিশাই পর্যন্ত বর্তমান রাস্তা পরিত্যাগ করিয়া নূতন রাস্তা রামনগর বাজারের নিকট মিলিত হইবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয় এক নম্বর প্রশ্নের যে জবাব দিলেন, তাতে আমার প্রশ্ন হচ্ছে এইজন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ আমার কাছে সেই হিসেব এখন নেই, নোটিস দিলে বলতে পারি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ কবে থেকে কাজ আরম্ভ করবেন বলে ঠিক করেছেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ মালমসলা সংগ্রহ সুরু হয়ে গেছে, ল্যান্ড অ্যাকুই-জিশন হয়ে গেলে রাস্তা তৈরির কাজ আরম্ভ হবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ রাস্তার কাজ কবে থেকে সুরু হবে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ যখন জমি পাওয়া যাবে তখন থেকে সুরু হবে।

দাস মহাপাত্র: আপনি বললেন মাধবপুর থেকে বালিশাই পর্যন্ত। আমার প্রশ্ন হচ্ছে, কোন কোন গ্রামের উপর দিয়ে রাস্তা যাবে বা এক্সিস্টিং রোডের উপর দিয়ে কতখানি যাবে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: কোন্ কোন্ গ্রামের উপর দিয়ে ডাইভারসন রোড যাবে সেটা নোটিস দিলে বলতে পারি। মোটের উপর কথা হল যে, এই ডাইভারসন রোড-এ মাধবপুর থেকে রামনগর পর্যন্ত রাস্তার দূরত্ব এক মাইল কমে যাবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: যেভাবে তদন্ত হচ্ছে তাতে বহু ফসল জমি নষ্ট হবার সম্ভাবনা আছে, কাজেই আমার প্রশ্ন হচ্ছে যে, গতি পরিবর্তনের পরিকল্পনা আছে কিনা? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, এক্সিস্টিং রোড রক্ষা করা হবে না, কয়েকজন লোকের সুবিধার জন্য রাস্তাটা করা হচ্ছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: কয়েকজন লোকের সুবিধার জন্য নয়, রাস্তা হচ্ছে জনসাধারণের সুবিধার জন্য। রাস্তার কিছুটা দূরত্ব কমিয়ে তৈরি হচ্ছে। কোন্ কোন্ গ্রামের উপর দিয়ে, কোন্ কোন্ মৌজার উপর দিয়ে রাস্তা যাবে এটা নোটিস দিলে বলতে পারি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: একটু সোজা করবার জন্য রাস্তাটা এক মাইল কি আধ মাইল কমবে তাতে আমি কিছু বলছি না। কিন্তু সরকারের যে তদন্ত হচ্ছে তাতে বহু জায়গা দখল করার চেষ্টা হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি এমন আশ্বাস দিতে পারেন, পুরাতন যে রাস্তা আছে সেটা রক্ষা করবার জন্য যদি দরকার হয় তার জন্য মাত্র এক আধ মাইলের মত জায়গা নেবেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: খুব বেশি নেওয়া হচ্ছে না, এক-আধ মাইলের উপর নয়, কোন্ কোন্ গ্রাম বা মৌজার উপর দিয়ে যাবে সেটা যদি জানতে হয়, তাহলে সেটা নোটিস না দিলে সম্ভব নয়।

শ্রীসুধীরচন্দ্র দাস: জমি ল্যান্ড অ্যাকুইজিশনের জন্য কি নোটিস দেওয়া হয়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: প্ল্যান রেডি করা হয়েছে, শীঘ্রই করা হবে।

শ্রীসুধীরচন্দ্র দাস: এই যে জমি নেবেন তাতে কত কৃষি জমি পড়েছে জানাবেন কি?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: নোটিশ দিলে বলতে পারব।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: পরিকল্পনায় মোট কত টাকা বরাদ্দ হয়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: জানা নাই, নোটিস দিলে বলতে পারি।

Toll Tax

***155.** (Admitted question No. *567.)

শ্রীকাশীকান্ত মৈত্র: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী নদীর উপর তিলপাড়া পুল ব্যতীত অন্য কোথাও এ রাজ্যে টোল ট্যাক্স আদায় করা হয় কিনা?

(খ) এই ট্যাক্স আদায় উঠাইয়া দিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা; এবং

(গ) ১৯৬২ ও ১৯৬৩ সালে এই পুলের উপর হইতে মোট কত টাকা টোল ট্যাক্স বাবত আদায় হইয়াছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) হ্যাঁ, কলিকাতার নিকট হুগলি নদীর উপর বিবেকানন্দ সেতুতে এবং পশ্চিম দিনাজপুর জেলার টাঙ্গন, পুনর্ভবা ও আত্রাই নদীগুলির উপরিস্থিত সেতুসমূহে এবং মুর্শিদাবাদ জেলার বালির ঘাটে ভাসমান সেতুর উপর টোল আদায় করা হয়।

(খ) মাত্র তিলপাড়া সেতুর টোল উঠাইয়া দিবার কথা সরকার বিবেচনা করিতেছেন।

(গ) তিলপাড়া সেতুতে টোল আদায়ের পরিমাণঃ

১৯৬১-১৯৬২ সালে মোট ৩০,১৮০ টাকা

১৯৬২-৬৩ সালে মোট ৩১,৭৪৮ টাকা

Shri Sudhir Chandra Das:

টোলের রেটটা কি নেওয়া হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এখানে অবশ্য প্রশ্ন করা হয়েছে, টোলের রেট কত ; যদিও এটা উল্লেখ নাই, তা সত্ত্বেও বলে দিচ্ছি যতটা পারা যায়।

On every cycle—6 nP.
On every bullock cart loaded—31 nP.
On every motor cycle—25 nP.
On every motor cycle with side car—31 nP.

On every bus unloaded with driver only—Re. 1.
On every bus loaded—Rs. 2.
On every lorry unloaded—Re. 1.
On every lorry loaded—Rs. 2.

On every car fitted with trailer—1.25 nP.
On every heavy tractor, scraper, Power Roller—Rs. 8.

On every concrete mixer compressor, grader, asphalt mixer, light tractor—Rs. 2.

On every other motor car—Re. 1.
On every animal—2 nP.
On every rickshaw—9 nP.
On every hackney carriage—37 nP.

[1-10—1-20 p.m.]

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ এই টোল ট্যাক্স কোন্ সাল থেকে চালু হয়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ নোটিস চাই।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ ১৯৬২ সালে কত টাকা আদায় হয়েছে এবং এটা আদায় করার জন্য কত টাকা খরচ হয়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ টোল কালেকশন ১৯৬১-৬২ সালে ৩০ হাজার ১৮০ টাকা এবং ১৯৬২-৬৩ সালে ৩১ হাজার ৭৪০ টাকা। এই কালেকশন ব্রীজের মেনটেন্যান্স-এর জন্য খরচ হয়েছে ১৯৬১-৬২ সালে ২ হাজার ১১ টাকা, ১৯৬২-৬৩ সালে ১ হাজার ৩১১ টাকা। আর টোল কালেকশন-এর ব্যয় হয়েছে ১৯৬১-৬২ সালে ১২ হাজার ২১৫ টাকা, এবং ১৯৬২-৬৩ সালে ১২ হাজার ২৭০ টাকা।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: রাজ্যের অন্য কোথায় এই টোল ট্যাক্স আদায় হয়, এই কোয়েশ্চেন-এর উত্তরে তিনি বিবেকানন্দ ব্রীজের কথা বলেছেন। আমি জিজ্ঞাসা করছি, কিভাবে এই টোল ট্যাক্স আদায় হয় এবং বিবেকানন্দ ব্রীজে আর কতদিন এই ট্যাক্স আদায় হবে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: টোল ট্যাক্স আমাদের পশ্চিম বাংলা সরকারের রেভিনিউর অন্তর্গত। আমাদের যেসমস্ত রাস্তা ন্যাশনাল হাইওয়েজ-এ যেসমস্ত ব্রীজ তার উপর টোল ট্যাক্স আদায় করা হয় না, সেন্ট্রাল রোড ফান্ড যেসব বড় বড় পুল করে তার উপর টোল ট্যাক্স নেওয়া হয় না। স্টেট হাইওয়েজ-এ বড় বড় পুল যেগুলি আমরা তৈরি করেছি, সেগুলির উপর টোল-ট্যাক্স আমরা নিতে চাই না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: বিবেকানন্দ ব্রীজের উপর যে টোল ট্যাক্স নিয়েছেন, এটা আর কতকাল ধরে নেবেন? কারণ ব্রীজের জন্য যা খরচ হয়েছে তার চেয়ে বেশি ট্যাক্স তো নেওয়া হয়ে গেছে।

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: বিবেকানন্দ ব্রীজ লোন করে করা হয়েছিল, সেই লোনের টাকা এখনও শোধ হয় নি।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: কবে শোধ হবে এবং আর কত টাকা বাকী আছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: এই প্রশ্নের উপর এই সাপ্লিমেন্টারি ওঠে না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: স্যার, একটা প্রশ্ন করলে সেটা সাপ্লিমেন্টারি ওঠে কিনা, সেটার বিচার উনি কেন করবেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: প্রশ্ন ওঠে না বলে আপনার দৃষ্টি আকর্ষণ করেন।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: বিবেকানন্দ ব্রীজে যে টোল আদায় হয় আমি জানতে চাই যে, বিবেকানন্দ ব্রীজ তৈরি হতে যে খরচ হয়েছে এবং এতদিন ধরে যে টাকা আদায় হয়েছে টোল বাবত তা আর কতদিন ধরে দিতে হবে?

মিঃ স্পীকার: এই কোয়েশ্চেন-এর জন্য, মিঃ ব্যানার্জি সেপারেট নোটিশ-এর দরকার আছে—এটার ডিটেলস থাকতে পারে না, যে কোয়েশ্চেন আপনি পুট করছেন।

শ্রীরাধাকৃষ্ণ সিংহ: তিলপাড়া ব্যারেজটা ময়ূরাক্ষীর অরিজিন্যাল স্কীম-এর ভেতর কিনা জানতে চাই? কাল আপনি বললেন যে, এক্সপ্রেস হাইওয়েটা ক্যানাডা ড্যামের মধ্যে পড়েছে।

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: তিলপাড়া ব্যারেজ যখন করা হয় তখন ব্রীজ করা হয়েছে ব্যারেজের উপরে। আমাদের রোড ডিপার্টমেন্ট থেকে টাকা দেওয়া হয়েছিল ইরিগেশন ডিপার্টমেন্টকে ব্রীজ করবার জন্য।

ডাঃ রাধানাথ চট্টরাজ: একটা গরু পার হতে টাকা লাগে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: ২ নঃ পঃ।

Dr. Radhanath Chattoraj:

গরুর গাড়ি সহ মানুষ কত লাগে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

গরুরগাড়িসহ মানুষ ৩১ নয়া পয়সা।

Shri Sanat Kumar Raha:

প্যাসেঞ্জার বাস কত লাগে এবং পার প্যাসেঞ্জার টোল কালেকশন থাকে না, বাসের উপর থাকে। বাসের পার ইউনিট থাকবে না পার প্যাসেঞ্জার থাকবে।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

পার ইউনিট প্যাসেঞ্জার সমেত ধরতে হবে।

Shri Sanat Kumar Raha:

আমাদের মুর্শিদাবাদে যে ব্রীজ আছে প্রত্যেক প্যাসেঞ্জারকে যেতে আসতে দু আনা পয়সা দিতে হয় এবং সেটা কি নিয়মে টোল কালেকশন হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এখানে যে কোয়েশ্চেন আছে তা তিলপাড়া ব্যারেজের উপর, এর বেশি বলতে পারব না। এ বিষয়ে প্রশ্ন করলে জানিয়ে দেব।

Shri Sanat Kumar Raha:

খ-এর উত্তরে মন্ত্রিমহাশয় বললেন, বিবেচনা করছি। টোল উঠিয়ে দেবার ব্যবস্থার—টোল কালেকশন না করা এটা হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যা বলছেন, তাতে আছে পুলের উপর দিয়ে প্রতিটি জিনিস, যাতায়াতের জন্য টোল কালেকশন দিতে হয়।

Shri Sanat Kumar Raha:

সে ট্যাক্স উঠিয়ে দেবার কথা সরকার বিবেচনা করছেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি বলে দিয়েছি, তিলপাড়ায় টোল তুলে দেবার কথা বিবেচনা করা হচ্ছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে ট্যাক্স বসিয়েছেন, এর নির্দিষ্ট বা শেষ তারিখ কবে, কত বৎসর ধরে এটা আদায় হবে? এর তো টাইম লিমিট থাকা দরকার। সে টাইম লিমিট কত দিনের?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা সরকারের রেভিনিউর উপর নির্ভর করে, এতে রেভিনিউ আদায় হয়, এর টাইম লিমিট কিছু নেই।

Shri Kashi Kanta Maitra:

স্টেট গভর্নমেন্ট পলিসি হচ্ছে, স্টেট গভর্নমেন্ট-এর ওয়ের উপর যদি কোন ব্রীজ হয় যাতে কালভার্ট থাকছে, তাতে টোল ট্যাক্স আদায় করা হয়, কিন্তু ন্যাশনাল হাইওয়ের উপর যদি ব্রীজ থাকে, তা হলে আদায় করে না, আর একটা কথা জিজ্ঞাসা করছি, টোল ট্যাক্স যখন বিভিন্ন জায়গায় ইমপোজ করেন, তা কি উদ্দেশ্য নিয়ে করেন? যাতায়াতের খরচ না আদায় হওয়া পর্যন্ত চালিয়ে যাবেন বা টিল ইটারনিটি আপনাদের ইচ্ছামত টাকা পূরণ হলেও চালিয়ে যাবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সরকারের রাজস্ব আদায়ের সুবিধার জন্য হয়, সেতু নির্মাণে কত টাকা খরচ হয়েছে, তা না উঠা পর্যন্ত হবে না এটা ঠিক নয়।

Shri Kashi Kanta Maitra:
যে বিবৃতি দিলেন যে উঠিয়ে দেবার কথা বিবেচনা করছেন, যখন সরকার কোন ব্রীজের জন্য, তার রাজস্ব আদায়ের জন্য ট্যাক্স করেন, এই যদি অবজেক্টিভ হয়, তা হলে রি-কন্সিডারেশন-এর কথা আসে না বা ট্যাক্স উইথড্রয়াল প্রশ্নও আসে না, তা হলে পুনর্বিবেচনা করছেন এর মানে কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
আমরা সেতুগুলির উপর থেকে রাজস্ব আদায়ের জন্য এরূপ করে থাকি কিন্তু ছেড়েও দি, এমন অনেক সেতু আছে যে সেতুর উপর ট্যাক্স কম আদায় হচ্ছে, আদায় করতে যে খরচ হয় তাতে সামান্য লাভ থাকে, সেখানে ছেড়ে দেবার প্রশ্ন আসে, জনসাধারণকে কষ্ট দিয়ে লাভ কি?

Shri Kashi Kanta Maitra:
আপনারা তিলপাড়া ব্যারেজ করেছেন। ব্যারেজের উদ্দেশ্য হচ্ছে সংশ্লিষ্ট এলাকার ডেভেলপমেন্ট করা, তা এই রকম করে যদি টোল ট্যাক্স ৩ টাকা করে গরুর গাড়ি—মানুষ-এর পিছনে আদায় করেন তা হলে এর দ্বারা আপনাদের পার্শ্ববর্তী এলাকার যে উন্নতি করা ডেভেলপমেন্ট করার অবজেক্ট সেটা ফ্রাসটেটেড হয়ে গেল না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:
মোটেই তা হচ্ছে না আমাদের পশ্চিমবাংলায় ব্রীজ নির্মাণে প্রচুর টাকা ব্যয় হয়, যেমন ব্যয় করছি তেমনি রাজস্ব আদায়ের ব্যবস্থা হচ্ছে তা না হলে এত টাকা খরচ কেমন করে হবে? রাজস্ব আদায়ের ব্যবস্থার জন্য বড় বড় সেতুর নির্মাণ করে সে সেতুর উপর টোল বসাবার আমাদের রীতি আছে। কিন্তু যদি দেখা যায়, টোল বসিয়ে লাভ হচ্ছে না সেখানে বিবেচনা চলতে পারে না এবং সে সেতুর উপর টোল বাদ দিতে পারলে ভাল। যাতে সেতুর ডেভেলপমেন্ট-এর কোন ক্ষতি না হয়, এবং অন্য এরিয়ায় যে রাস্তা করছি তার ক্ষতি যাতে না হয়।

[1-20—1-30 p.m.]

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: আপনি বলেছেন যে, ট্যাক্স উঠিয়ে দেবার কথা চিন্তা করছেন। কতদিন ধরে চিন্তা করছেন এবং এই চিন্তার শেষে তার ফলাফল কি হয়েছে জানতে পারি কি?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: তারিখ বলতে পারি না। কিছুদিন থেকে চিন্তা করছি, এ নিয়ে আলোচনা চলছে, বিবেচনা চলছে।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: কতদিন থেকে বিবেচনা করছেন বলতে পারেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: না, বলতে পারি না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পশ্চিমবঙ্গের সমস্ত হাই-ওয়েজ এবং ব্রীজের উপর কি টোল আছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: আমি পূর্বেই বলেছি যে, সমস্ত ব্রীজের উপর টোল নেই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: যদি না থাকে, তা হলে এটা যে বৈষম্যমূলক ব্যাপার হচ্ছে এটা কি স্বীকার করেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: আমি পূর্বেই বলেছি, আমার উত্তরগুলি বোধহয় শোনেন নি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমি শুনেছি। আমি বলতে চাই, একটা অঞ্চলের লোককে যদি ট্যাক্স দিতে হয় আর একটা অঞ্চলের লোককে যদি ট্যাক্স দিতে না হয়, তা হলে অন্য অঞ্চলের লোকদের প্রতি কি অবিচার করা হচ্ছে না?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ আমি পূর্বেই বলেছি, যেসব রাস্তা স্টেট ফান্ড থেকে হয়, সেই রাস্তার উপর আমরা ট্যাক্স বসিয়েছি—যদি বড় সেতু হয়। কিন্তু কোন রাস্তা যদি ভারত সরকারের টাকায় নির্মিত হয়, সেখানে আমরা ট্যাক্স বসাই না। কিন্তু যেখানে পশ্চিম-বঙ্গ-সরকারের টাকায় সেতু নির্মিত হয়েছে আমরা শুধু সেখানে ট্যাক্স বসাই।

শ্রীগোপাল বসুঃ বালী ব্রীজটা কার টাকায় হয়েছে বলতে পারেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ বালী ব্রীজ পশ্চিমবঙ্গ সরকারের টাকায় হয়েছে, বঙ্গভঙ্গের আগে তৈরি হয়েছিল।

শ্রীগোপাল বসুঃ পশ্চিমবঙ্গের টাকায় কি করে হল?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আগে বাংলা সরকার ছিল। ভারত স্বাধীন হবার পূর্বে সেটা হয়েছিল, পশ্চিমবঙ্গ সরকার তখন সৃষ্টি হয় নি। এটা বাংলা সরকারের টাকায় হয়েছিল।

শ্রীঅনাদি দাসঃ আপনি বলেছেন যে, আমাদের নিজস্ব কারণে আমাদের খরচ বেশি হলে আমরা ট্যাক্স আদায় করি। যে কোন কারণেই আদায় করুন না কেন, এক জায়গায় যদি আদায় করেন আর অন্যান্য অঞ্চলে যদি আদায় না করেন তা হলে বিভিন্ন জনসাধারণের উপর বিভিন্ন ব্যবহার করা হচ্ছে না কি?

[নো রিপ্লাই]

Spirit for common use

***136.** (Admitted question No. *602.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) what is the basis on which the Government distributes spirit for common use of the public; and

(b) who are entitled to get it for sale to the public?

The Hon'ble Iswar Das Jalan: (a) Ordinary denatured spirit, commonly known as Methylated spirit, is generally used for domestic and other [illegible] honourable member refers to that. In reply I should say that Government does not procure nor does the Government directly distribute the same. Since the beginning of the scarcity in alcohol, however, the administration has been helping the procurement of alcohol by the licenced [illegible], and arranging through them a regulated distribution of the available alcohol amongst the bona fide consumers. After meeting, according to priority, the demands of the essential services like hospitals, educational and research institutions, defence installations and pharmaceutical industry and other organised licenced industries, large, medium and small, the balance available as ordinary denatured spirit is being distributed partly through certain existing associations of Chemists and Druggists and Cabinet Makers and party through the licenced retailers for the unlicenced buyers, including the domestic consumers.

(b) Licenced retail vendors are authorised to sell ordinary denatured spirit to the unlicenced members of the public. The licence itself does not, however, guarantee supply of spirit to the retail vendor. He has to procure it from the licensed wholesaler out of whatever balance is left with such wholesaler for free sale after meeting the demands of the licensed industrial or other priority consumers.

Shri Sanat Kumar Raha: Will the Hon'ble Minister be pleased to state what amount of spirit is necessary for West Bengal at present?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

Shri Sanat Kumar Raha: Will the Hon'ble Minister be pleased to state whether Government is thinking in terms of importing spirit from other State?

The Hon'ble Iswar Das Jalan: Government gives license for importing spirit from other States, but it does import directly.

Shri Sanat Kumar Raha: Will the Hon'ble Minister be pleased to state if Government is considering the question of introducing rationing in distribution of spirit?

The Hon'ble Iswar Das Jalan: No.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state who fixes up the priorities in the State?

The Hon'ble Iswar Das Jalan: There are wholesalers and I have already explained that priorities are given to hospitals, educational and research institutions and certain categories of defence installations 100 per cent. supply is given to them on the basis of consumption of 1962 It is only the cabinet-makers and paint-varnishers who are given a small supply

Shri Abani Kumar Basu: What is the total requirements of spirit in this State?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: What is the total amount of shortage in this State?

The Hon'ble Iswar Das Jalan: At present, with respect to 90 per cent. of consumers we supply full, but with respect to 10 per cent we are in shortage.

Shri Birendra Narayan Ray:

আপনি বলেছেন, প্রায়োরিটি দেওয়া হয়েছে, তা হলে other essential things গুলি কি?

The Hon'ble Iswar Das Jalan: There are many minor things which are essential

Shri Birendra Narayan Ray:

সেগুলি কি? আদার থিংস কি বলুন?

The Hon'ble Iswar Das Jalan: I am sorry I cannot give you details.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state ·hat is the total available quantity of supply in the State?

The Hon'ble Iswar Das Jalan: I cannot supply for figure without otice.

Shri Balai Lal Das Mahapatra:

আপনি কি জানেন যে, মদের অভাবে মাতালরা স্পিরিট খায় এবং তার ফলে ব্ল্যাকমার্কেটিং হচ্ছে?

The Hon'ble Iswar Das Jalan: Yes, to a certain extent it is true that methylated spirit is taken by these people to prepare alcoho

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Will the Hon'ble Minister please give us a list of the chemists who are authorised to distribute it?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

Shri Birendra Narayan Ray:

আপনি কি জানেন, স্পিরিট খেয়ে হাওড়ায় ২২ জন লোক মারা গিয়েছে?

The Hon'ble Iswar Das Jalan: Not the spirit we supply but something else

Wooden bridge at South Khangrachawk

***137.** (Admitted question No. *741.)

শ্রীঅনঙ্গমোহন দাশ: সমষ্টি-উন্নয়ন ও সম্প্রসারণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ময়না উন্নয়ন ব্লক কর্তৃক উক্ত থানায় পাতিখা খালের নিকট দক্ষিণ চংরাচকে একটি কাঠের পুল প্রস্তুত করা হইয়াছে,

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়ঃ

(১) উক্ত পুলটি কবে প্রস্তুত হইয়াছে এবং উহাতে কত টাকা খরচ হইয়াছে,

(২) উক্ত পুলটি দুই পার্শ্বের বাঁধ হইতে কত উচ্চ এবং দুই পার্শ্বের বাঁধ হইতে উক্ত পুল ব্যবহারের জন্য মাটি দিয়া যোগ করা হইয়াছে কিনা; এবং

(৩) উক্ত পুল প্রস্তুতের জন্য কন্ট্রাক্টরকে কোন্ তারিখে কাজ আরম্ভ করিতে বলা হয়, কবে উহা শেষ হয় এবং কবে উহার প্রস্তুতের সম্পূর্ণ টাকা দেওয়া হয়?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত পুলটির নির্মাণকার্য ২৯-৩-৬৩ তারিখে শেষ হইয়াছে এবং উহাতে টাকা ১,২৩৭·৭০ নঃ পঃ খরচ হইয়াছে।

(২) উক্ত পুলটি পূর্বদিকের বাঁধ হইতে ৬ ফুট উচ্চ এবং পশ্চিমদিকের বাঁধ হইতে ৪ ফুট ৬ ইঞ্চি উচ্চ। উক্ত পুলটি ব্যবহারের জন্য দুই পার্শ্বে মাটি দিয়া যোগ করা হইয়াছিল। কিন্তু গত বর্ষায় সেই মাটি ধুইয়া গিয়াছে। বর্তমানে দুইদিকে বাঁশের সিঁড়ি দ্বারা যোগ করা হইয়াছে।

(৩) উক্ত পুলটি কন্ট্রাক্টর দ্বারা তৈয়ারি হয় নাই, বেনিফিসিয়ারি কমিটি দ্বারা প্রস্তুত হইয়াছে। ১৩-৩-৬৩ তারিখে কাজ আরম্ভ করিতে বলা হয়। ২৯-৩-৬৩ তারিখে উহা শেষ হয়। ৩১-৩-৬৩ তারিখে সম্পূর্ণ টাকা দেওয়া হয়।

[1-30—1-40 p.m.]

শ্রীঅনঙ্গমোহন দাস: আপনি বললেন, খালটির উপর যে ওভারব্রীজ আছে এবং সেখানে যে বাঁধ আছে তার একদিকে ৪ ফুট এবং অন্যদিক ৬ ফুট উঁচু। আমার প্রশ্ন হচ্ছে, সেখানে মাটি দেওয়া হয়েছে কিনা, সেটা খোঁজ নিয়েছেন কিনা এবং পুলের দুইপাশে যে জায়গা নেই সেটা খোঁজ নেবেন কিনা?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: আমি খোঁজ নেব এবং বিধানসভার অধিবেশন শেষ হলেই ওখানে যাব।

শ্রীঅনঙ্গমোহন দাস: এইভাবে আর একটা পুল ওখানে তৈরি হয়েছে এবং সেই পুলের অবস্থাও এইরূপ। যেখানে বেসিন এরিয়ায় খাল গভীর সেখানে পুল তৈরি করে, সেই পুল যদি ব্যবহার ক: ' না পারে, তা হলে পুলের জন্য অর্থব্যয় করা নিরর্থক হয়।

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: আপনি অন্য পুল সম্বন্ধে নোটিস দেন নি—নোটিস দিলে তদন্ত করব।

শ্রীসুধীরচন্দ্র দাস: পুল হবার পর পুলের উপর দিয়ে লোক পারাপার হয় কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: আমার খবর হচ্ছে পারাপার হয় এবং যেখানে মাটি ছিল সেখানে বাঁশের সিঁড়ি করে দেওয়া হয়েছে।

শ্রীদেবশরণ ঘোষ: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এরূপ অবস্থা হলে তদন্তের জন্য সব জায়গায় যান কিনা?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়: দরকার হলে নিশ্চয়ই যাই।

Illicit liquor

***138.** (Admitted question No. *746.)

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আবগারীবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ১৯৬৪ সালের ফেব্রুয়ারি মাসের ১ম এবং ২য় সপ্তাহে হাওড়া শহর এবং শহরতলী অঞ্চলে বিষাক্ত চোলাই মদ পান করার জন্য কিছুসংখ্যক লোক অসুস্থ হয়েছিল এবং কিছুসংখ্যক মৃত্যুমুখে পতিত হয়;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ সম্পর্কে কতজনকে গ্রেপ্তার করা হয়েছে; এবং

(২) বে-আইনী চোলাই মদ তৈরি করা বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Iswar Das Jalan:

(ক) হ্যাঁ, অনুরূপ সন্দেহ করা হইয়াছে বটে, কিন্তু পাকস্থলীয় উদ্গীর্ণ পদার্থের উপর বিশেষজ্ঞের অভিমত এখনও জানা যায় নাই।

(খ) (১) এই সম্পর্কে স্থানীয় পুলিস অনুসন্ধান চালাইতেছেন। জানা গিয়াছে তাঁহারা সন্দেহমূলে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করিতে চান, কিন্তু উভয় ব্যক্তিই বর্তমানে নিখোঁজ।

(খ) (২) এই অঞ্চলে আরও বেশি হানা দিবার জন্য রাজ্যসরকার ইতিমধ্যেই অন্তঃশুল্ক কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করিয়াছেন।

অন্তঃশুল্ক বাহিনীর ব্যবহারের জন্য রাজ্যসরকার কয়েকখানি নূতন মোটরগাড়ি কিনিবারও অনুমতি প্রদান করিয়াছেন। কেন্দ্রীয় সরকারের ছাড়পত্র না পাওয়ায় সবগুলি গাড়ি এখনও পাওয়া যায় নাই। ঐ গাড়িগুলি পাইলে এই অঞ্চলে আরও ব্যাপকভাবে হানা দেওয়া সম্ভব হইবে। আবগারি অপরাধের সাজা আরও কঠোর করিবার জন্য রাজ্যসরকার আবগারি আইন সংশোধনের বিষয়ও বিবেচনা করিতেছেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় সমস্ত প্রশ্নটা পড়লেন না। উপরে টেবেল-এ যে জবাব রয়েছে, তাতে দেখছি, শেষের তিন লাইন উনি পড়লেন না। অন্য কোন মন্ত্রী যদি পড়ে দিতেন তাহলে ভাল হত। যা হোক, আমার প্রশ্ন হচ্ছে কতজন লোক অসুস্থ হয়েছিল এবং কতজন লোক মারা গিয়েছে?

The Hon'ble Iswar Das Jalan: The figures are 18 and 15 deaths.

Dr. Kanai Lal Bhattacharya:
কতজন লোক অসুস্থ হয়েছিল?

The Hon'ble Iswar Das Jalan: There are seven more persons suffering from similar complaints at the Howrah General Hospital.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: এই যে রিপোর্ট দিলেন, এটা কি হাসপাতাল থেকে পেয়েছেন, না প্রাইভেট সোর্স-এর রিপোর্ট মধ্যে ইনক্লুড করছেন? দিজ ডেথস্ আর ওনলি ইন দি হসপিটাল কিনা সেটা জানতে চাই।

The Hon'ble Iswar Das Jalan: We received our report from the Excise Department.

Dr. Kanai Lal Bhattacharya: Whether the 18 deaths occurred only in the hospital or that figure includes deaths which occurred in private houses?

The Hon'ble Iswar Das Jalan: The total number of deaths was 18 of which 15 took place at the Howrah General Hospital and the remaining outside the hospital.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: আমি শেষের দিকে বলেছিলাম, বে-আইনী চোলাই মদ বন্ধ করবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন—তার তো কোন উত্তর দিলেন না? যা হোক, আমার প্রশ্ন হচ্ছে এটা যে বন্ধ হচ্ছে না তার একমাত্র কারণ কি এই যে, এক্সাইজ ডিউটি হেভি? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, মদের উপর থেকে এটা বন্ধ করবেন কিনা?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: দ্যাট ইজ এ ম্যাটার অব পলিসি।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: এই পলিসি চেঞ্জ করবার কথা সরকার ভাবছেন কিনা সেটা জানাবেন কি?

The Hon'ble Iswar Das Jalan: I cannot explain matters of policy in answer to questions.

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে, পশ্চিম বাংলায় বে-আইনী চোলাই মদের কারবার হচ্ছে, সেটা সব থেকে বড় এবং ফলাও কারবার?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: বড় কি ছোট আমি জানি না, কিন্তু আছে।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ সরকারের কি এই ফলাও কারবারে অর্থ নিয়োগ করার পরিকল্পনা আছে?

[উত্তর নাই]

শ্রীঅনাদি দাসঃ এই রকম যে চোলাই কারবার হচ্ছে, পুলিশ জেনেও সেই সব কারবারে হস্তক্ষেপ করে নাই কেন?

The Hon'ble Iswar Das Jalan: Not to my knowledge.

শ্রীনেপালচন্দ্র রায়ঃ এই যে চোলাই মদ তা যখন ধরা পড়ে তখন অতি সামান্য জরিমানা বা শাস্তি হয়, তার জন্য উৎসাহিত হয় চোলাই করবার জন্য, এটার জন্য হেভি পানিশমেন্ট দেওয়া উচিত, দু-চার হাজার টাকা জরিমানা করা উচিত, তা হলেই চোলাই মদ বন্ধ হয়ে যাবে। এ সম্বন্ধে কোন কিছু বিবেচনা করছেন কি?

দি অনারেবল ঈশ্বরদাস জালানঃ হ্যাঁ।

শ্রীগোপাল বসুঃ পুলিসের সহযোগিতায় চোলাই মদের কারবার চলে একথা জানেন কি মন্ত্রিমহাশয়?

দি অনারেবল ঈশ্বরদাস জালানঃ আমি জানি না।

শ্রীদেবীপ্রসাদ বসুঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, এই চোলাই মদের ব্যাপারে পুলিস যখন ঘাঁটিতে যায়, তখন দৃঢ়পদক্ষেপে ঢুকে এবং বেরিয়ে আসে তখন টলতে টলতে বেরিয়ে আসে?

The Hon'ble Iswar Das Jalan: Not to my knowledge.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Sir, may I know what has the Excise Department got to do with the death report?

The Hon'ble Iswar Das Jalan: A question has attracted the public attention that so many deaths have occurred as a result of liquor being taken. Naturally the Excise Department takes notice of it, and it has to find out what the facts are.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Why should the Excise Department do that? It is the Police Department which will collect information.

The Hon'ble Iswar Das Jalan: Excise Department will also have information from whichever source is available.

Shri A. H. Besterwitch: Is it a fact that the Excise Department issues permits to the illicit liquor sellers?

The Hon'ble Iswar Das Jalan: No. The moment we issue permits that ceases to be an illicit liquor.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister kindly make an enquiry regarding this matter and, if possible, punish the officers concerned.

The Hon'ble Iswar Das Jalan: What enquiry shall I make? The moment we give permit, he becomes a legally authorised seller of liquor.

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি যে, এক্সাইজ ডিপার্টমেন্টের যে সমস্ত সিপাই এবং অফিসার আছেন যাঁরা নাকি চোলাই মদ ধরতে যায়, তাদের সংগে ফায়ার আর্মস থাকে না এবং তার জন্যই হাওড়ায় একজন মারা গেছে এবং শিলিগুড়িতেও এমনি মারা গেছে। তার জন্য তাদের ফায়ার আর্মস অ্যালাউ করবার কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Iswar Das Jalan: Distribution of firearms cannot be made - that requires other things to be considered. They can take the assistance of the Police in such cases if necessary.

শ্রীনেপালচন্দ্র রায়ঃ আপনি কি জানেন, একজন সাব-ইন্সপেক্টর অব এক্সাইজ যে মাইনে পান, পুলিসের সাব-ইন্সপেক্টরও সে মাইনে পান, ইনিও সরকারী কর্মচারী, উনিও সরকারী কর্মচারী, একেও সার্চ করতে হয় ওঁকেও সার্চ করতে হয়, তাহলে এ কেন ফায়ার আর্মস পাবে না এবং কেনই বা তারা জীবন বিপন্ন করতে যাবে যদি তাদের ফায়ার আর্মস না দেন?

The Hon'ble Iswar Das Jalan: Our policy is not to give them fire-arms. In case of necessity they can take the assistance of the police. If in future it transpires that it is necessary, Government will certainly consider it.

[1-40—1-50 p.m.]

শ্রীনেপালচন্দ্র রায়ঃ এক্সাইজ ডিপার্টমেন্ট-এ যেসমস্ত সুপিরিয়র অফিসার, মানে ওভার দি র‍্যাংক অফ সাব-ইন্সপেক্টর মানে ইন্সপেক্টর যাদের গেজেটেড র‍্যাংক সেই সমস্ত লোকেদের কাছে ফায়ার আর্মস দেবেন কি? কারণ আপনি বললেন যে, পুলিসের সাহায্য নিয়ে ধরতে পারে, কিন্তু থানায় যে মুহূর্তে খবর পাবে অমনি চোলাই মদের ভাটিতে আগে থেকে খবর নিয়ে আসবে যার জন্য ধরার কোন উপায় নেই।

The Hon'ble Iswar Das Jalan: These are all conjectures of the Hon'ble member.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has just now said that when they get permit it becomes legalised. I want to know from the Hon'ble Minister whether permit and the license for selling country liquor are one and the same thing?

The Hon'ble Iswar Das Jalan: I don't understand the difference. License and permit are same thing.

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ এক্সাইজ ডিপার্টমেন্ট-এর প্রয়োজন বলে পুলিশ ডিপার্টমেন্ট-এর হেল্প নিতে পারবে। কিন্তু আপনি কি জানেন যে, এক্সাইজ ডিপার্টমেন্টের পুলিশ ডিপার্টমেন্ট-এর মধ্যে কো-অপারেশন না থাকার জন্য বহুক্ষেত্রে অপরাধী ধরা পড়ে নাই?

দি অনারেবল ঈশ্বরদাস জালানঃ নো।

শ্রীভদ্রবাহাদুর হামালঃ আপনি কি জানেন যে, চোলাই মদ যেখানে যেখানে করে সেখানে এক্সাইজ ডিপার্টমেন্টের অফিসারদের, একটা হিস্যা আছে?

The Hon'ble Iswar Das Jalan: I don't think. But if the Hon'ble member gives confirmed reports we shall make enquiry.

Tolls on the Tilpara bridge

***139.** (Admitted question No. *568.)

শ্রীকাশীকান্ত মৈত্র: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সদর ও রামপুরহাট মহকুমার সহিত যোগাযোগের জন্য ময়ূরাক্ষী নদীর উপর তিলপাড়া পুল ব্যতীত পশ্চিমবঙ্গ সরকারের অন্য কোন পাকা রাস্তা আছে কি ;

(খ) পুলের উপর দিয়া কি কি জিনিস পারাপারের জন্য কত টোল ট্যাক্স দিতে হয় ; এবং

(গ) বীরভূম জেলায় অজয় প্রভৃতি পুলের উপর কোন টোল ট্যাক্স আদায় করা হয় কিনা?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: (ক) না।

(খ) একটি তালিকা পেশ করা হইল।

(গ) না।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. 139

Schedule of tolls on the Tilpara Bridge over Mayurakshi river in Birbhum district

1.	On every cycle	..	0.06 nP.
2.	On every bullock cart loaded	...	0.31 nP.
3.	On every motor cycle	...	0.25 nP.
4.	On every motor cycle with side car	...	0.31 nP.
5.	On every bus-unloaded with driver only	...	1.00 nP.
6.	On every bus-loaded	...	2.00 nP.
7.	On every lorry-unloaded	...	1.00 nP.
8.	On every lorry-loaded	...	2.00 nP.
9.	On every car fitted with trailor	...	1.25 nP.
10.	On every Heavy Tractor Scraper Power Roller	...	3.00 nP.
11.	On every Concrete Mixer, Compressor-Grader, Asphalt Mixer, Light Tractor	...	2.00 nP.
12.	On every other motor car	...	1.00 nP.
13.	On every animal	...	0.02 nP.
14.	On every rickshaw	...	0.09 nP.
15.	On every hackney	...	0.37 nP.

Mayna Development Block

***140.** (Admitted question No. *742.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সমষ্টি-উন্নয়ন ও সম্প্রসারণ কার্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২-৬৩ সালে মেদিনীপুর জেলায় ময়না উন্নয়ন ব্লকের কয়টি মিটিং কোন্ কোন্ তারিখে হইয়াছিল ;

(খ) উক্ত ব্লক কর্তৃক উক্ত সনে কয়টি ক্লাব এবং লাইব্রেরীকে কত টাকা করিয়া সাহায্য দেওয়া হইয়াছিল ; এবং

(গ) কি নিয়মে উক্ত সাহায্য নির্ধারণ করা হইয়াছিল?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

(ক) ১৯৬২-৬৩ সালে ময়না ব্লকে ব্লক উন্নয়ন সমিতির মোট চারিটি অধিবেশন হয়। অধিবেশনের তারিখ ২৪-১০-৬২, ২৪-১১-৬২, ১২-১-৬৩ ও ২২-২-৬৩।

(খ) ১৯৬২-৬৩ সালে ময়না ব্লকের অন্তর্গত ৩৫টি ক্লাব ও লাইব্রেরীকে প্রতি ক্ষেত্রে ২৫ টাকা হইতে ৫০ টাকা পর্যন্ত হিসাবে মোট ১,১০০ টাকা অনুদানরূপে দেওয়া হইয়াছে।

(গ) বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত অবেদনপত্রগুলি সম্বন্ধে অনুসন্ধান করিবার পর যোগ্যরূপে বিবেচিত প্রতিষ্ঠানগুলিকে প্রথমে ব্লকের শিক্ষা বিষয়ক উপ-সমিতি ও তাহার পর ব্লক উন্নয়ন সমিতির অনুমোদন লইয়া প্রচলিত সরকার-অনুমোদিত নিয়ম ও সর্ত অনুসারে এই অনুদান মঞ্জুর করা হইয়াছে।

শ্রীঅনংগমোহন দাসঃ ব্লকের মিটিংগুলোর ব্যাপারে এমন কোন নির্দেশ দেওয়া হবে কি, যে অ্যাসেম্বলি চলাকালীন ব্লকের মিটিং যাতে না হয়? কারণ এমন অনেক সময় দেখা যায় যে, অ্যাসেম্বলি চলাকালীন ব্লকের মিটিং হলে এম-এল-এ এবং এম-পি-রা যেতে পারেন না এইরকম অভিযোগ পেয়েছেন কিনা?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ অ্যাসেম্বলির মিটিং-এর সময় ব্লকের মিটিং ডাকা উচিত নয়, তা আগেই বলে দেওয়া হয়েছে।

শ্রীঅনংগমোহন দাসঃ এই যে তারিখগুলো দেওয়া হয়েছে, তাতে দেখবেন যে ঠিক অ্যাসেম্বলির সময় ডাকা হয়েছে। আপনি নির্দেশ দেওয়া সত্বেও কি কারণে ব্লক এর মিটিং ডাকা হয়েছে এটা অনুসন্ধান করবেন কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আমি খোঁজ করে দেখব এবং তাদের নির্দেশ দেব।

শ্রীঅনংগমোহন দাসঃ এই যে ব্লকের মিটিং হয় সেজন্য ডিউ নোটিস প্রত্যেক মেম্বারকে দেওয়া হয় কি? আমি বলছি যে, এ পর্যন্ত ব্লকের কোন নোটিস আসে নি, সে বিষয়ে দেখবেন কি?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ ডিউ নোটিস যাতে দেয় সেটা দেখব।

শ্রীশিরোমণি প্রসাদঃ আপনার নির্দেশ দেওয়া সত্বেও নথাতি ব্লকের ২৪ তারিখে কেন মিটিং ডাকা হয়েছিল?

দি অনারেবল স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ দেখব।

Shri Shiromani Prasad:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, নির্দেশ দেওয়া সত্বেও নলহাটি ব্লকে গত ২৪এ তারিখে মিটিং ডাকা হয়েছে কিনা?

(No Reply.)

Shri Ananga Mohan Das:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এরূপ কোন রুল আছে কিনা এবং এ ব্যাপারে তিনি খোঁজ করেছেন কিনা? এ ছাড়া আমার কাছে অভিযোগ করা হয়েছে ক্লাব-এর ঘর নেই, কিছু নেই, হঠাৎ সাহায্যের জন্য দরখাস্ত করলে এবং তদন্ত না করে তাদের সাহায্য দেওয়া হয়েছে, এরূপ অভিযোগের তদন্ত করবেন কি?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

যদি তাদের বাড়ি নাও থাকে, বাড়িভাড়া করে থাকলে দেওয়া যেতে পারে, এ ছাড়া আমি অনেকগুলো ব্লক ডেভেলপমেন্ট কমিটি মিটিংএ অ্যাটেন্ড করি এবং দেখি ব্লক ডেভেলপমেন্ট কমিটি থেকে টাকা অ্যালটমেন্ট হয়। যা হোক এ বিষয়ে তদন্ত করে দেখব।

Mr. Speaker: Now, held-over questions.

Construction of certain bridges

*63. (Admitted question No. *311.) **Shri Susil Kumar Das Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) when the construction of the following bridges had started—

(1) Tallah Bridge on B. T. Road

(2) Majherhat Bridge on Diamond Harbour Road, and

(3) Mahananda Bridge at Maldaha;

(b) how far the work of each of the bridges has progressed; and

(c) when the work of each of the above bridges is expected to be completed?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(a) (i) Tallah Bridge—15th January, 1963

(ii) Majerhat Bridge—8th January, 1962.

(iii) Mahananda Bridge—November, 1962

(b)(i) Tallah Bridge—nearly 70 per cent

(ii) Majerhat Bridge—nearly 70 per cent

(iii) Mahananda Bridge-Foundation (Wells)—Five wells out of six have been completed; one well is in progress

Piers—3 piers have been completed and 2 piers are nearing completion Staging for Super-structure is also in progress

(c)(i) Tallah Bridge—By June-July, 1964

(ii) Majerhat Bridge—By June-July, 1964.

(iii) Mahananda Bridge—Before the monsoon of 1964.

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, টালা ব্রীজ কমপ্লিট করবার- প্রোবেবল ডেট কবে ৫ বৎসরে না, ১৯৬৫ না ১৯৬৬ তে শেষ করবার কথা ছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

২ বৎসর থেকে ৩ বৎসর সময় লাগে। সে জায়গায় ১½ বৎসর লাগছে।

Shri Nepal Chandra Roy:

আপনি বলেছেন ২½ বৎসর ৩ বৎসর সময় লাগে। সে জায়গায় ১½ বৎসর লাগছে, ব্রীজটা স্টার্ট হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি আগেই বলেছি ১৯৬৩ সালের ১৫ই জানুয়ারী।

Shri Jiban Krishna Dey:

টালা রাঁচে কত টাকা খরচ হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

৪৩ লক্ষ ১৪ হাজার ১ শত টাকা।

Shri Jiban Krishna Dey:

মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, জানুয়ারির ফার্স্ট উইক-এ আর সি পিলার ভেঙ্গে চুরমার হয়ে গেছে [illegible] ভেঙ্গে মাটি [illegible] মিশিয়ে দেওয়া হয়েছে ঐ টালা বক্স-এ যে গ্যাপ হয়েছে ঐ ১, ২ ৩নং যেটা আর সি পিলার [illegible] ভেঙ্গে চুরমার হয়ে গেছে ও [illegible] ঢোকিয়ে দেওয়া হচ্ছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Shri Jiban Krishna Dey:

এই যে [illegible] দেওয়া হচ্ছে তার ডেপ্‌থ কত মাটিতে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

[illegible] না। এরূপ ইনফরমেশন দিতে হলে, নোটিস চাই?

Shri Jiban Krishna Dey:

স্পেসিফিকেশন [illegible]?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

স্পেসিফিকেশন [illegible]

Shri Jiban Krishna Dey:

এটা কি [illegible] পুরানো প্লিন্থ-এর উপরে করা হচ্ছিল।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Shri Jiban Krishna Dey:

আমি [illegible] চলুন, দেখাব কারণ এটা [illegible] পুরানো প্লিন্থ [illegible] নূতন করা হচ্ছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নূতনের সঙ্গে পুরানো আলাদা, আপনার প্রশ্ন কি তা বলুন।

[1-50—2 p.m.]

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি পুরানো যে ফাউন্ডেশন—উনি শুধু একলা দেখছেন না, আমি, দেখছি রোজ রোজ—পুরানো ফাউন্ডেশনকে কভার করে সিমেন্ট কংক্রিট করে বড় করা হয়েছে এবং তলায় এখনও খুঁজলে পুরানো ইটের গাঁথনি পাওয়া যাবে। উনি যে কথা বলতে চাচ্ছেন, আমিও সে কথা জানতে চাচ্ছি, তার উপরে ভিত করে রীজ করা হচ্ছে কিনা?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্তঃ আপনি আমাকে নূতন করে নোটিস দেবেন, আমি এটা জেনে আপনাকে বলব। এই কোয়েশ্চেনের উপর এই সাপ্লিমেন্টারি আসে না। কোথায় কি হচ্ছে না হচ্ছে, এ ডিটেলস্ আমার পক্ষে দেওয়া সম্ভব নয়।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ আমি জানতে চাচ্ছি, আপনি তদন্ত করে এটা জানাবেন কিনা? আমি ব্রীজের যে অ্যাপ্রোচটা সেখান থেকে, মানে তলা দিয়ে রেল যায় সেটা নয়, দুই দিকের অ্যাপ্রোচ হচ্ছে। নূতন গাঁথুনি না করে পুরানো গাঁথুনির উপর কংক্রিট করে চলে যাচ্ছে।

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ ব্রীজের অ্যাপ্রোচে হতে পারে। এটা হওয়া স্বাভাবিক, এতে ব্রীজের কোন ক্ষতি হয় না।

শ্রীগণেশ ঘোষঃ আচ্ছা, এই ৪৩ লক্ষ টাকার কত টাকা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট দিচ্ছেন, কত টাকা রেলওয়ে দিচ্ছেন, আর কত টাকা কর্পোরেশন দিচ্ছেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্তঃ স্টেট গভর্নমেন্ট দিচ্ছেন ১৮,৮৪,৩৫২ টাকা, রেলওয়ে দিচ্ছেন ১২,২০,৫১২ টাকা, ক্যালকাটা কর্পোরেশন দিচ্ছেন ৬,২৮,১১৮ টাকা, আর ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট দিচ্ছেন ৬,২৮,১১৮ টাকা।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ মাঝেরহাট ব্রীজ যেটা বলছেন, জুন-জুলাই মাসে কমপ্লিট হবে সেই ব্রীজের জন্য মোট কত টাকা বরাদ্দ ছিল এবং কত টাকা খরচা হবে বলে মনে করছেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্তঃ মোট বরাদ্দ ছিল ৪৭,৭০,০০০ টাকা। স্টেট গভর্নমেন্ট তার মধ্যে ১৬,৭৮,০০০ টাকা, পোর্ট অথরিটির হচ্ছে ২৪,৫৬,০০০ টাকা, রেলওয়ের হচ্ছে ৬,২৪,০০০ টাকা। আর এই ব্রীজ কমপ্লিট হতে কত টাকা খরচ হবে তা ব্রীজটা কমপ্লিট না হলে বলতে পারি না।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ আচ্ছা, ঐ পুরাতন ব্রীজ যেটা ছিল, এই ব্রীজটা কমপ্লিট হয়ে গেলে, এটা থাকবে না ভেঙ্গে ফেলা হবে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্তঃ ভেঙ্গে ফেলে দেওয়া হবে, আপাততঃ তাই ঠিক আছে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ আমার প্রশ্ন হচ্ছে, আপনি টালা ব্রীজ আর মাঝেরহাট ব্রীজ ১৯৬৩ সালে ভাঙ্গা হয়েছে কনস্ট্রাকশনের জন্য বলেছেন। আমার কথা আপনি কি জানেন, সেই সঙ্গে টালিগঞ্জ আর রেলওয়ে ব্রীজ বালিগঞ্জ ভাঙ্গা হচ্ছে? সমস্ত ব্রীজ একই সঙ্গে ভাঙ্গা হল কেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্তঃ প্রয়োজন হয়ে পড়েছিল বলেই ভাঙ্গা হচ্ছে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ সমস্ত ব্রীজই কি একসঙ্গে খারাপ হয়ে গেল?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাসগুপ্তঃ টালা ব্রীজ কনডেমড্ ব্রীজ ছিল, কনডেমড্ ব্রীজ তাড়াতাড়ি করবার প্রয়োজন হয়েছিল বলে করা হয়েছে। মাঝেরহাট ব্রীজ যে অবস্থায় ছিল তাতে যানবাহন চলাচলের ভয়ানক ব্যাঘাত হচ্ছিল বলে সেটা নূতন করে চওড়া করার প্রয়োজন হয়ে পড়েছিল। আর আপনি আর একটা বলেছেন টালিগঞ্জ ব্রীজ, টালিগঞ্জ ব্রীজের কথা আপনি জানেন অনেকদিন ধরে রেলওয়ের সঙ্গে কথাবার্তা চলছিল, সেটা রেলওয়ে ব্রীজ, রেলওয়ে সেই ব্রীজ করছে।

Shri Sushil Kumar Das Gupta:

আপনি বলেছেন, আড়াই বৎসর, তিন বৎসর লাগে, তা হলে কন্ট্রাক্টরদের কন্ট্রাক্ট পরিষ্কার করে দেবার জন্য ব্যবস্থা করেছেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Shri Jiban Krishna Dey:

এই ব্রীজগুলি কি একই কন্ট্রাক্টর করছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

দুইটা ব্রীজ একজন কন্ট্রাক্টর করছেন।

Shri Jiban Krishna Dey:

তাঁদের নাম কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

শালিমার টার প্রোডাক্টস, আর চ্যাটার্জি ব্রাদার্স।

Shri Jiban Krishna Dey:

কাজ চেক-আপ করার কি ব্যবস্থা, কিছু স্ট্যান্ডিং ব্যবস্থা আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সেখানে আমাদের ইঞ্জিনীয়ার্সরা আছেন।

Shri Jiban Krishna Dey:

কোন্ র‍্যাংকের?

The Hon'ble Khagendra Nath Das Gupta: Executive Engineer, Supdt. Engineer, Chief Engineer, overseer সবই আছেন।

Shri Nimai Chand Murmu:

মালদহের মহানন্দা ব্রীজের জন্য কি অর্থ মঞ্জুর করা হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

৩০ লক্ষ ২৯ হাজার ২০০ টাকা পাশ করা হয়েছে।

Shri Nimai Chand Murmu:

কাকে কন্ট্রাক্ট দেওয়া হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আগেই তো বলেছি যে চ্যাটার্জী ব্রাদার্স।

Air-conditioning of the officers' chambers

***64.** (Admitted question No. *316.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: গত ৫ই সেপ্টেম্বর ১৯৬৩ তারিখে প্রদত্ত অ-তারকিত ৭০৬নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১২৪৭) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া পূর্তবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ অফিসারের কাজের সুবিধার জন্য তাঁহাদের ঘর শীতাতপনিয়ন্ত্রিত করা হইয়াছে; এবং

(খ) প্রত্যেক কক্ষের জন্য কত টাকা ব্যয় হইয়াছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

(ক) পূর্বের অতারকিত ১২৪৭ নং অ্যাডমিটিড প্রশ্নে উল্লিখিত সময়ে অর্থাৎ ১৯৬২ সালের নভেম্বর হইতে ১৯৬৩ সালের জুলাই মাসের মধ্যে কলিকাতায় প্রেসিডেন্সি ডিভিসনের ভুক্তিপতি, চুঁচুড়ায় বর্ধমান ডিভিসনের ভুক্তিপতি এবং শিলিগুড়িতে জলপাইগুড়ি ডিভিসনের ভুক্তিপতি অফিস ঘরসমূহ কাজের সুবিধার জন্য শীতাতপনিয়ন্ত্রিত করা হইয়াছে।

(খ) প্রত্যেক কক্ষের জন্য নিম্নলিখিত অর্থ ব্যয় হইয়াছেঃ

প্রেসিডেন্সি ডিভিসন ভুক্তিপতির কক্ষ—৮,৭৭৯ টাকা

বর্ধমান ডিভিসন ভুক্তিপতির কক্ষ ৬,৯৭০ টাকা

জলপাইগুড়ি ডিভিসন ভুক্তিপতির কক্ষ ৭,৯১২ টাকা

Shri Birendra Narayan Ray:

ভেরুরী অবস্থার জন্য হাসপাতালে জলসরবরাহ করতে পারেন না সংবাদপত্রগুলো বন্ধ করেছিলেন, এমতাবস্থায় কন্ডিসনিং-এর জন্য এত টাকা খরচ করলেন কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই প্রশ্ন উঠে না।

Shri Birendra Narayan Ray:

পয়েন্ট অফ অর্ডার, স্যার মন্ত্রিমহাশয় এভাবে প্রশ্নের জবাব এড়িয়ে কি করে চলবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমরা প্রয়োজন অনুভব করেছি বলে করেছি।

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Berhampore Block Development Office

65. (Admitted question No. *369.)

শ্রীসনৎকুমার রাহাঃ সমষ্টি উন্নয়ন ও সম্প্রসারণ কার্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর ব্লক ডেভেলপমেন্ট অফিস কোথায় অবস্থিত;

(খ) কোন্ কোন্ থানা লইয়া এবং কোন্ কোন্ ইউনিয়ন লইয়া এই ব্লক গঠিত;

(গ) এই ব্লকের এলাকার ক্ষেত্র কত বর্গমাইল বিস্তৃত; এবং

(ঘ) এই ব্লকের স্টেজ ওয়ান কর্মসূচি শুরু হইয়াছে কিনা?

The Minister of State for Community Development and Extension Services:

(ক) চুয়াপুর গ্রামে অবস্থিত।

(খ) বহরমপুর থানা এবং ঐ থানার সমস্ত ইউনিয়ন লইয়া বহরমপুর ব্লক গঠিত।

(গ) ১২৫·৭ বর্গ মাইল।

(ঘ) না, তবে ১৯৬৪ সালের ১লা এপ্রিল হইতে এই ব্লকের স্টেজ ওয়ান পর্যায় শুরু হইবার প্রস্তাব আছে।

District Magistrate, Nadia

*66. (Admitted question No. *426.) **Dr. Kanai Lal Bhattacharya:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that the Assistant Sessions Judge and the Subordinate Judge of Krishnagar occupied a suite of the Krishnagar Circuit House in the first week of January last;

(b) that the District Magistrate, Nadia, locked up that suite in the Circuit House on 22nd January, 1964, in the absence of the Assistant Sessions Judge who was then engaged in trying a sessions case;

(c) that this action of the District Magistrate, Nadia, was in disregard of the recommendation of the High Court and the order of the Board of Revenue, conveyed to him earlier than 22nd January, 1964, according permission to the Assistant Sessions Judge to continue in occupation of the Circuit House till the end of January;

(d) that the Assistant Sessions Judge had to adjourn the sessions case and leave Krishnagar for want of shelter by such action of the District Magistrate;

(e) that the District Magistrate broke open the bedroom of the Assistant Sessions Judge in the Circuit House and removed his personal effects elsewhere in the absence and without the consent of the Assistant Sessions Judge;

(f) that the District Magistrate refused to restore possession to the Assistant Sessions Judge on 30th January, 1964, in disregard of another order of the Board of Revenue of 28th January, 1964; and

(g) what action has been or is being taken against the District Magistrate for such repeated disobedient of Government orders?

The Minister for Judicial and Legislative: No information can be given on the facts as all these facts are now sub judice before the Calcutta High Court.

House allowance for the Gram Sevaks

*67. (Admitted question No. *455.)

শ্রীদেবশরণ ঘোষঃ সমষ্টি-উন্নয়ন ও সম্প্রসারণ কার্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী মালপত্র রাখার জন্য গ্রামসেবকদের মাসিক ৫ টাকা করিয়া 'হাউস অ্যালাউন্স' দেওয়া হইয়া থাকে, এবং

(খ) সত্য হইলে উক্ত মালপত্র কি গ্রামসেবকেরা নিজ দায়িত্বেই রাখেন?

The Minister of State for Community Development and Extension Services:

(ক) ও (খ) 'হাউস এলাউন্স' নামে কিছু নাই, তবে যে সকল গ্রামসেবককে ক্যাম্পে থাকিতে হয় তাঁহাদিগকে মাসিক পাঁচ টাকা হিসাবে 'ক্যাম্প এলাউন্স' দেওয়া হয়। উক্ত ক্যাম্পেই গ্রামসেবক সরকারী মালপত্র যেমন কৃষি সার ইত্যাদি নিজ দায়িত্বে রাখেন।

UNSTARRED QUESTIOES
(to which written answers were laid on the table)

Co-operative Societies for Ivory Industry and Printing in Murshidabad district

149. (Admitted question No. 41.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গত তিন বৎসরে (১) হাতীর দাঁতের শিল্প (আইভরি) ও (২) মুদ্রণের (প্রিন্টিং) জন্য কয়টি সমবায় সমিতি রেজিস্ট্রীভুক্ত হইয়াছে; এবং

(খ) উক্ত সমিতিগুলির নাম কি?

The Minister for Co-operation:

(ক) মুর্শিদাবাদ জেলায় (১) হাতীর দাঁতের শিল্পের (আইভরি) জন্য আজ পর্যন্ত কোন সমবায় সমিতি রেজিস্ট্রীভুক্ত হয় নাই, তবে (২) মুদ্রণের (প্রিন্টিং) জন্য একটি মাত্র সমবায় সমিতি বিগত ২৪এ মে, ১৯৬৩ তারিখে রেজিস্ট্রীভুক্ত হইয়াছে।

(খ) উক্ত মুদ্রণ সমিতিটির নাম সিগ্‌নাস্ প্রিন্টিং কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

Distribution of rice as C. R.

150. (Admitted question No. 158.)

শ্রীসনৎকুমার রাহাঃ ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খয়রাতি সাহায্য হিসাবে গম ভিন্ন চাউল দিবার ব্যবস্থা আছে কিনা;

(খ) ব্যবস্থা থাকিলে, কোন ক্ষেত্রে উহা দেওয়া হয়;

(গ) খয়রাতি সাহায্য হিসাবে প্রদত্ত গম বা আটার সহিত অবশ্য প্রয়োজনীয় আনুষঙ্গিক ব্যয় সংকুলানের জন্য আর্থিক সাহায্য দেওয়া হয় কিনা; এবং

(ঘ) যদি (গ) এর উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই প্রকার আর্থিক সাহায্য কোন্ কোন্ জেলায় দেওয়া হয়?

The Minister for Relief:

(ক) ও (খ) সাধারণত গম কিংবা আটায় খয়রাতি সাহায্য দেওয়া হয় গম বা আটা না থাকিলে খয়রাতি সাহায্য হিসাবে চাউল দেওয়া হইয়া থাকে।

(গ) ও (ঘ) গম বা আটায় খয়রাতি সাহায্য দেওয়া হইলে আহার্য প্রস্তুতের নিমিত্ত অবশ্য প্রয়োজনীয় আনুষঙ্গিক ব্যয় সংকুলানের জন্য আর্থিক সাহায্য দিবার ব্যবস্থা আছে।

পুরুলিয়া, চব্বিশপরগনা, মেদিনীপুর, হুগলি ও মুর্শিদাবাদ জেলায় এই সাহায্য দেওয়া হইতেছে। অন্যান্য জেলাতেও ইহা দেবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

Sinking and re-sinking of tubewells in West Bengal during 1962-63 and 1963-64

151. (Admitted question No. 187.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত ১৯৬২-৬৩ সালে ও ১৯৬৩-৬৪ সালের জানুয়ারি পর্যন্ত দুই বৎসরে কয়টি পানীয় জলের নলকূপ বসিয়াছে এবং কয়টি পুনর্খনন করা হইয়াছে; এবং

(খ) উক্ত দুই বৎসরে কয়টি কোন্ জেলায় নূতন খনন ও কয়টি পুনর্খননের সংখ্যা রাজ্য-সরকার কর্তৃক বরাদ্দ ছিল?

The Minister for Health:

(ক) স্বাস্থ্য বিভাগের পল্লী অঞ্চলে জলসরবরাহ প্রকল্প (রুরাল ওয়াটার সাপ্লাই স্কিম)-এর মাধ্যমে স্থাপিত জল উৎসগুলির সংখ্যা—

১৯৬২-৬৩ সালে—১,৮৮৭,

১৯৬৩-৬৪ সালে—১,১৬৮।

উপরি-উক্ত জল উৎসগুলি ১৯৬২-৬৩ সালের পূর্বেকার বরাদ্দকৃত অসমাপ্ত কাজ এবং ইহাদের মধ্যে কতগুলি নূতন স্থাপন ও কতগুলি পুনস্থাপন করা হইয়াছে তাহার বিস্তারিত বিবরণ স্থানীয় কর্তৃপক্ষের নিকট হইতে এখনও পাওয়া যায় নাই।

(খ) ১৯৬২-৬৩ সালে পল্লী অঞ্চলে জল উৎস স্থাপনের কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই। ১৯৬৩-৬৪ সালের জন্য বরাদ্দকৃত জল উৎসগুলির সংখ্যা এতৎসংলগ্ন বিবরণীতে বর্ণিত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 151.

Rural Water Supply and Sanitation Programme of 1963-64.

Serial No.	District	New sinking	Resinking
1.	Howrah	24	36
2.	Hooghly	24	36
3.	Burdwan	40	60
4.	Birbhum	20	30
5.	Bankura	15 well	..
6.	Midnapore	144	216
7.	Purulia	30 well	..
8.	24-Parganas	116	174
9.	Nadia	20	30
10.	Murshidabad	48	72
11.	West Dinajpur	32	45
12.	Jalpaiguri	17	25
13.	Cooch Behar	13	19
14.	Darjeeling	4 well	..
	Total ..	516 + well 49 =565	770

Meeting of the Relief Committee of Mayna police-station

152. (Admitted question No. 200.)

শ্রীঅনংগমোহন দাশঃ ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ সালে মেদিনীপুর জেলার ময়না থানায় রিলিফ কমিটির নিয়মিত মিটিং না হওয়া সম্পর্কে ও রিলিফ কমিটির সদস্যগণের বিনা অনুমতিতে রিলিফ ও লোন ইত্যাদি বণ্টন সম্পর্কে গত বৎসর তমলুকের এস ডি ও মহাশয় উক্ত এলাকার বিভিন্ন রিলিফ কমিটির সদস্যদের নিকট হইতে কোন অভিযোগ পাইয়াছেন কি ;

(খ) অভিযোগ পাইয়া থাকিলে এ বিষয়ে কী ব্যবস্থা অবলম্বিত হইয়াছে ; এবং

(গ) উক্ত থানার প্রতি অঞ্চলে ১৯৬৩ সালের কোন্ কোন্ মাসে কত লোককে ড্রাই ডোল দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) একটি বিবরণী এতদ্‌সহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 152

বিবরণী

মাসের নাম

অঞ্চলের নাম	জানুয়ারী	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগষ্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
১	৭০০	৭০০	৭০০	৭০০	৭০০	১,১০০	১,৭১৪	১,৭১৪	১,৭১৪	১,৭১৪	১,০০০	১,৭৯২
২	১৪৮	২৯৬	২৯৬	৩৯৮	৫০০	৬৯৫	৮১৪	৮১৪	৪১৪	৪১৪	১,৪৮২	৪৪৪
৩	৩৭৬	৩৭৬	৩৭৬	৩৭৬	৩৭৬	৫৯৪	১,০০০	১,০০০	১,০৫০	১,০০০	১,৭৫০	১,০৫০
৪	৪৯৬	৪৯৮	৪৯৯	৫০২	৩০২	৮২০	১,০১৯	১,২১৮	১,২১৮	১,২১৮	২,০২৬	১,২১৪
৫	.	৩৫০	৩৫০	৩৫০	৩৭০	৫১০	৭০৬	৭০৬	৯৮০	৯৮১	১,৬৩২	৯৮০
৬	৪০০	৪০০	৪০০	৪০০	৪০১	৬৭১১/২	৭১১	৮০৪	১,০৬৩	১,০৬৩	১,৭৬৬	১,০৬০
৭	৩১৮	৩১৮	৩১৮	৩১৮	৩১৮	৬১২	৬১২	৬১২	৯৬৮	৯৬৮	১,৬০৪	৯৬০
৮	৫৫৪	৫৫৪	৫৫৪	৫৫৪	৫৫৪	৮০১	১,০৫২	১,০৫২	১,৪৪১	১,৪৪২	১,৭০৭	১,৪৪০
৯	..	১২	৪৭৬	৪৮৮	৪৮৮	৬০৯	৭৩০	৭৩০	১,৫১০	১,৫১০	২,৫৫৬	১,৪১৬

Cultivation of Ganja in Murshidabad district

153. (Admitted question No. 211.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সমবায়ের মাধ্যমে গাঁজার চাষ শুরু হইয়াছিল কি; এবং

(খ) শুরু হইয়া থাকিলে বর্তমানে ঐ সমবায় সমিতি কর্তৃক গাঁজা উৎপন্ন হইতেছে কিনা?

The Minister for Co-operation

(ক) হ্যাঁ।

(খ) যদিও উক্ত সমিতি ৪ঠা নবেম্বর, ১৯৬৩ তারিখে লিকুইডিশনে গিয়াছে বর্তমান বৎসরে উক্ত সমিতি লাইসেন্স না লইয়াই ২২ বিঘা জমিতে গাঁজার চাষ করিয়াছিল।

Nabagram Co-operative Society, Murshidabad

154. (Admitted question No. 219.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ গত ৩রা এপ্রিল, ১৯৬৩ তারিখে প্রদত্ত অতিরিক্ত ৬০৬ নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১১৮৬) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নবগ্রাম থানায় অবস্থিত নবগ্রাম কো-অপারেটিভ সোসাইটি ঋণের টাকা চুক্তিমত শোধ করিয়াছে কিনা;

(খ) শোধ করিয়া না থাকিলে সরকারী অর্থ আদায় করিবার জন্য সমিতিটিকে সরকার এখন লিকুইডিশনে দেওয়ার ব্যবস্থা করিতেছেন কি; এবং

(গ) বর্তমান বৎসরে উক্ত সোসাইটি কত লাভ বা লোকসান করিয়াছে?

The Minister for Co-operation:

(ক) না।

(খ) সমিতিটিকে লিকুইডেশনে দেওয়ার ব্যবস্থা করা হইতেছে।

(গ) ১৯৬২-৬৩ সালে ৫৭২ টাকা লোকসান করিয়াছে।

"Annuity" to the Sebayats

155. (Admitted question No. 220.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ সালে দেবোত্তর সম্পত্তির 'অ্যানুইটি' হিসাবে মোট কত টাকা সেবাইতদের দেওয়া হইয়াছে;

(খ) সেবাইতগণ 'অ্যানুইটির' টাকা যথাযথভাবে দেবতার সেবায় খরচ করেন কিনা সে সম্বন্ধে লক্ষ্য রাখিবার কোন ব্যবস্থা সরকারের আছে কিনা;

(গ) ব্যবস্থা থাকিলে, তাহা কি; এবং

(ঘ) কোন ব্যবস্থা না থাকিলে তাহার কারণ কি?

The Minister for Land and Land Revenue:

(ক) ১৯৬২-৬৩ আর্থিক বৎসরে মোট ১৬,৩৬,৪৯৭ টাকা 'অ্যানুইটি' হিসাবে প্রদত্ত হইয়াছে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) বর্তমানে এইরূপ কোন বিধান আইনে নাই। এই বিষয়ে আইন প্রণয়নের প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে।

Issue of certificate for payment of loan

156. (Admitted question No. 275.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানায় এ বৎসর ফসল না হওয়ায় জনসাধারণের অশেষ দুর্গতি হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে ঐ অঞ্চলে সরকার কর্তৃক ঋণ আদায়ের সার্টিফিকেট-এর নোটিস জারী বর্তমানে স্থগিত রাখিবার প্রস্তাব আছে কি?

The Minister for Land and Land Revenue:

(ক) ও (খ) নবগ্রাম থানায় এই বৎসর ফসলের এমন কিছু ক্ষতিসাধন হয় না যাহার জন্য বকেয়া ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট জারী স্থগিত রাখা উচিত হইবে।

Repair and reconstruction of the ex-zamindary bundh in Burdwan district

157. (Admitted question No. 284.)

শ্রীঅশ্বিনী রায়: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অজয় নদের বন্যা নিরোধের জন্য বর্ধমান জেলার আউসগ্রাম ও মঙ্গলকোট থানার পুটুরী ও লাখুরিয়া পর্যন্ত দক্ষিণ তীরবর্তী প্রাক্তন জমিদারী বাঁধটির সংস্কার ও পুনর্গঠনের কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে তাহা কবে কার্যকরী করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ, মঙ্গলকোট ও আউসগ্রাম থানায় পুরুটা (পুরুটী নয়) হইতে লাখুরিয়া পর্যন্ত অজয় নদের দক্ষিণ তীরস্থ প্রাক্তন জমিদারী বাঁধ পুনর্গঠনের একটি প্রকল্প বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এ সম্পর্কে এখন কিছু বলা সম্ভব নয়।

Loss and damages of the Calcutta book-sellers and publishers

158. (Admitted question No. 286.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) whether the Government have any information about the total loss and damages of the Calcutta book-sellers and publishers owing to the arson and looting during the recent disturbances in January, 1964;

(b) if so, the total amount of loss and damages of each concern; and

(c) whether the Government have any proposal for paying any relief to these concerns?

The Minister for Relief: (a) There is yet no information about total loss and damages sustained by the book-sellers and publishers in Calcutta.

(b) Does not arise.

(c) The matter is under consideration of Government.

Bhatar-Banpas Bamunpara and Balgona-Kosigram Roads in Burdwan district

159. (Admitted question No. 287.)

শ্রীঅশ্বিনী রায়ঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে বর্ধমান জেলায় ভাতার থানায়—

(১) ভাতার হইতে বনপাস বামুনপাড়া হইয়া,

(২) বলগোনা হইতে কোশীগ্রাম রাস্তা উন্নয়নের কোন প্রকল্প আছে কি না ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কবে কার্যকরী হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) (১) ও (২) না।

(খ) প্রশ্ন উঠে না।

Licence to Husking Mills

160. (Admitted question No. 292.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্তমানে হাস্কিং মিলগুলির লাইসেন্স দেওয়া বন্ধ আছে;

(খ) পুরাতন হাস্কিং মিলের ক্রেতাকে কি লাইসেন্সের জন্য নূতন করিয়া দরখাস্ত করিতে হয় এবং উক্ত পুরাতন মিলের জন্য যে লাইসেন্স মঞ্জুর ছিল তাহা কি বাতিল বলিয়া গণ্য হয়; এবং

(গ) যদি পুরাতন হাস্কিং মিলের লাইসেন্স বাতিল না হয়, তবে উক্ত পুরাতন হাস্কিং মিল-এর মালিক উক্ত লাইসেন্সের বলে নূতন হাস্কিং মিল বসাইতে পারেন কি না?

The Minister for Food and Supplies:

(ক) না। তবে যে সকল নূতন মিল ৩১এ ডিসেম্বর, ১৯৫৯-এর মধ্যে স্থাপিত হয় নাই কিংবা যে সকল মিলের স্থাপনের কাজ পর্যাপ্তভাবে অগ্রসর হয় নাই তাহাদের লাইসেন্স দেওয়া হয় না।

(খ) যদি কোন ব্যক্তি লাইসেন্স প্রাপ্ত পুরাতন মিল স্থাপিত অবস্থায় স্বত্ব সহ ক্রয় করেন, তাহাকে নূতন লাইসেন্সের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে। পুরাতন মালিকের পুরাতন লাইসেন্সটি অবৈধ হইয়া যাইবে এবং উহা সমর্পণ করিতে হইবে।

লাইসেন্সধারীদের কলের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি না করিয়া, পুরাতন কল বদলাইবার আইনগত অধিকার আছে। কিন্তু এই সকল ক্ষেত্রে পুরাতন কলের ক্রেতাদের লাইসেন্স পাইবার অধিকার নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Extension of the Central Jail, Berhampore

161. (Admitted question No. 344.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) to whom the contracts for extension of the Central Jail, Berhampore, was given; and

(b) the rate at which the contract was given?

The Minister for Public Works: (a) (1) Shri Madhusudhan Dutta, (2) Messrs. United Engineers and Co.

(b) Fifteen per cent. above the Circle Schedule of rates.

Cold Storage at Berhampore

162. (Admitted question No. 360.) **Shri Sanat Kumar Raha:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state whether there is any Cold Storage (Warehouse) at Berhampore?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Ministe be pleased to state—

(i) when this Cold Storage was installed; and

(ii) the name of the owner of this Cold Storage?

The Minister of State for Agriculture: (a) There is no Cold Storage or Warehouse in Berhampore town proper. There is, however, one Warehouse at Cossimbazar set up in January, 1961, by the State Warehousing Corporation.

(b) Does not arise.

Assessment list of the Berhampore Municipality

163. (Admitted question No. 418.)

শ্রীসনৎকুমার রাহা: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েৎ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বহরমপুর পৌর সংস্থার অ্যাসেসমেন্ট বাতিল করিয়া নূতন করিয়া অ্যাসেসমেন্ট করার ব্যবস্থা হইয়াছে, এবং

(খ) সত্য হইলে অ্যাসেসমেন্ট বাতিল করার কারণ কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) পৌরকরনির্ধারকের কর নির্ধারণে ত্রুটি-বিচ্যুতি এবং রিভিউ কমিটির কাজের গলদ।

Tribal Welfare Schemes in the districts of Birbhum, Bankura, etc.

164. (Admitted question No. 433.) **Shri Bhakti Bhusan Mandal:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state if it is a fact that grants for tribal welfare water supply scheme and housing scheme and waste land reclamation scheme were reduced due to emergency in the districts of Birbhum, Bankura and Purulia and Midnapore.

The Minister of State for Tribal Welfare: Not only for these four districts, but for whole State the plan budget provision for the year 1963-64 on these heads was reduced due to emergency in the country.

T.A. and D.A. drawn by the Ministers in 1963

165. (Admitted question No. 22.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালের জুলাই মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের (১) মন্ত্রী, (২) রাষ্ট্র মন্ত্রী, এবং (৩) উপ-মন্ত্রী কত টাকা টি এ এবং ডি এ বাবদ সরকারী তহবিল হইতে গ্রহণ করিয়াছেন; এবং

(খ) ঐ সালের জানুয়ারী মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত কাহার জন্য কত টাকার (১) ইলেকট্রিক বিল, (২) পেট্রোল বিল, এবং (৩) টেলিফোনের বিল সরকারী তহবিল হইতে দেওয়া হইয়াছে?

The Minister for Finance (Audit):

(ক)	টি এ	ডি এ
(১) মন্ত্রী	১০,০১৮·৫০	৪,১২৫·৫০
(২) রাষ্ট্র মন্ত্রী	৬,২৭৪·৮৫	৩,১৫১·২৫
(৩) উপমন্ত্রী	৩,২১৯·৩০	২,১৩৭·৫০

(খ) ১২-২-৬৪ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদের ভিত্তিতে একটি বিবরণ নিম্নে পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 165

Electric bill

			Rs.
1.	Shri P. C. Sen	...	3,050.19
2.	Shri K. N. Das Gupta	...	1,645.64
3.	Shri F. Rahaman	...	1,290.91

N.B.—Electricity charges for these Ministers are paid by Government as they occupy Government quarters.

Petrol bill

Ministers—

			Rs.
1.	Shri P. C. Sen	...	6,352.22
2.	Shri S. D. Banerjee	...	8,786.76
3.	Shri K. N. Das Gupta	...	4,241.96
4.	Shri I. D. Jalan	...	3,688.32
5.	Shri S. M. Fazlur Rahaman	...	8,746.58
6.	Shrimati P. Mukhopadhyay	...	4,464.90
7.	Shrimati A. Maity	...	2,862.62

Petrol bill

Ministers—			Rs.
8.	Shri B. S. Nahar	...	2,257.46
9.	Shri S. K. Mukherjee	...	4,567.40
10.	Shri S. Bhattacharjee	...	3,321.00
11.	Shri Rai H. N. Chowdhury	...	606.80
12.	Late Dr. J. R. Dhar	...	471.50
13.	Shri A. K. Mukherjee	...	2,515.76
Ministers of State—			
14.	Dr. P. K. Guha	...	12.30
15.	Shri T. Wangdi	...	4.10
16.	Shri C. C. Mahanti	...	325.92
Deputy Ministers—			
17.	Sm. Maya Banerjee	...	233.86
18.	Late Radha Rani Mahatab	...	110.00

Telephone Charges

Ministers—			Rs.
1.	Shri P. C. Sen, Chief Minister	...	2,000.82 (B) (A sum of Rs. 2,319.87 as office Trunk Call Charges is outstanding for the period and will be settled shortly).
2.	Shri K. N. Das Gupta, Public Works Department Minister	...	3,798.34 (B)
3.	Shri S. Banerji, former Finance Minister	...	2,678.52 (B)
4.	Shri I. D. Jalan, Judicial Minister	...	3,135.10 (B)
5.	Shri A. K. Mukherjee, former Irrigation and Waterways Minister	...	733.20 (A)
6.	Shri Rai Harendra Nath Choudhuri, Education Minister		441.85 (A)
7.	Shri T. K. Ghose, Minister, Commerce and Industries Department	...	861.25 (A)
8.	Shrimati Purabi Mukherjee, Health Minister	...	438.40 (A)
9.	Shri Shyamadas Bhattacharjee, Minister, Land and Land Revenue Department	...	1,346.86 (B)
10.	Shri J. Kolay, Minister, Parliamentary Affairs	...	1,729.62 (B)
11.	Shri S. Mukherji, Minister, Finance Department		935.13 (A)

Telephone Charges

Ministers—

		Rs.	
12.	Shrimati Abha Maity, Minister, Refugee Relief and Rehabilitation Department ...	1,070.35	(A)
13.	Shri S. M. Fazlur Rahaman, Minister, Animal Husbandry and Veterinary Services ...	384.60	(A)
14.	Shri B. Nahar, Minister Labour Department ...	1,567.00	(B)

State Ministers—

1.	Shri S. M. Misra, Minister of State, Education and Panchayat Department ...	555.10	(A)
2.	Shri T. Wangdi, Minister of State, Co-operation and Tribal Welfare Deptrtment ...	447.10	(A)
3.	Shri S. Banerjee, Minister of State, Agriculture and Cimmunity Development and Extension Service Department ...	268.00	(A)
4.	Shri C. C. Mohanti, former Minister of State, Food Department ...	1,141.00	(B)
5.	Shri C. Roy, former Minister of State, Co-operation Department ...	882.86	(A)
6.	Shri A. Naskar, Minister of State, Excise, Home (Police) and Home (Defence) Departments ...	674.27	(A)
7.	Shri A. Ghose, former Minister of State, Home (Transport) Department ...	1,605.35	(B)
8.	Shri B. Sen, former Minister of State Public Works Department ...	1,118.45	(B)
9.	Shri P. K. Guha, former Minister of State, Labour Department ...	760.05	(B)
10.	Shri P. R. Thakur, former Minister of State, Tribal Welfare Department ...	232.70	(A)
11.	Dr. S. R. Chatterjee, former Minister of State, Health Department ...	800.86	(B)

Deputy Ministers—

1.	Shri S. K. M. Meerza, former Deputy Minister, Public Works Department ...	1,076.76	(B)
2.	Shri Z. Haque, former Deputy Minister, Local Self-Government and Panchayat Department ...	172.25	(A)
3.	Shri T. P. Roy, former Deputy Minister, Irrigation and Waterways Department ...	160.00	(A)
4.	Shrimati Maya Banerjee, former Deputy Minister, Education Department ...	197.60	(A)
5.	Late Radharani Mahatab, former Deputy Minister, Home (Social Welfare) Department ...	1,023.35	(A)

Telephone charges

Deputy Ministers—	**Rs.**	
6. Shri K. L. Das, former Deputy Minister, Land and Land Revenue Department ...	444.10	(B)
7. Shrimati Sakila Khatun, former Deputy Minister, Refugee Relief and Rehabilitation Department ...	276.80	(A)
8. Shri J. Abedin, former Deputy Minister, Health Department ...	527.70	(B)
9. Shri M. P. Chatterji, former Deputy Minister, Education Department ...	854.45	(A)
10. M. N. Dakua, former Deputy Minister, Commerce and Industries Department ..	1,168.70	(B)

N.B.—(A) Only in respect of trunk call charges and rent charges of the office telephones.

(B) Includes also residential telephone charges.

Tour of Ministers

166. (Admitted question No. 77.)

শ্রীমনোরঞ্জন বক্সী: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী, রাষ্ট্র মন্ত্রী ও তৎকালীন উপ-মন্ত্রিগণ গত ১৯৬৩ সালের ১লা জানুয়ারি হইতে ১৯৬৪ সালের ১লা জানুয়ারি পর্যন্ত সরকারী কার্যে কে কত মাইল আকাশপথে, স্থলপথে ও জলপথে ভ্রমণ করিয়াছেন;

(খ) সরকারী কি কার্য উপলক্ষে উক্ত ভ্রমণ করা হয়; এবং

(গ) এই ভ্রমণ বাবদ সরকারী ব্যয়ের পরিমাণ কত?

The Minister for Finance:

(ক) নিম্নে একটি বিবরণী পেশ করা হইল।

(খ) নানা সরকারী কার্য উপলক্ষে ও জনহিতার্থে সফর করিয়াছেন।

(গ) 'ক' প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

Statement referred to in reply to clauses (ka) and (ga) of unstarred question No. 166

A statement prepared on the basis of the records available is furnished below:

Names.	Distance (in miles) covered by			Amount drawn.
		Land		
	Air.	Rail.	Road.	Rs.
Ministers—				
Shri P. C. Sen (Chief Minister) ..	6,483	709	..	2,996·50
Shri K. N. Das Gupta	10,984	2,808	..	5,723·75
Shri I. D. Jalan	1,411	837	64	1,380·01
Shri Rai H. N. Chaudhuri ..	..	5,600	..	933·55
Shri T. K. Ghlsh	..	..	..	Nil
Shrimati P. Mukhopadhyay ..	2,280	1,903	..	1, 346·7

Names		Distance covered (in miles) by			Amount drawn.
			Land		
		Air	Rail	Road	
Ministers—					Rs.
Shri S. Bhattacharyya	..	3,280	3,203	46	3,208·3
Shri J. Kolay	..	558	..	168	417·7
Shri S. K. Mukherjee	..	6,947	1,693	..	3,864·8
Shrimati A. Maity	..	1,666	1,133	..	1,073 5
Shri S. M. F. Rahaman	..	7,448	2,804	138	4,294·9
Shri B. S. Nahar	..	837	1,856	..	861·00
Shri A. K. Mukherji	..	7,098	837	..	3,416·50
Shri S. D. Banerji	..	10,710	1,000	2	5,169·19
Dr. J. R. Dhar	..	..	..	..	..
				Total ..	34,686·57
Ministers of State—					
Shri S. M. Mistra	..	1,640	7,792	522	3,538 05
Shri T. Wangdi	..	8,336	..	250	4,940·85
Shri S. Bandopadhyay	..	3,838	478	328	2,642·38
Shri A. S. Naskar	..	..	3,812	951	1,464·97
Shri C. C. Mohanty	..	..	3,641	132	2,168 95
Shri C. R. Roy	..	558	3,500	548	2,433·65
Shri A. Ghosh	..	..	..	..	Nil
Shri B. C. Sen	..	1,674	144	4	864·35
Dr. P. K. Guha	..	4,658	2,100	62	3,488·59
Dr. S. R. Chattopadhyay	..	558	..	..	238·50
Shri P. R. Thakur	..	558	3,980	24	2,315·17
				Total	24,095·46
Deputy Ministers—					
Shri S. K. A. Meerza	..	558	1,220	16	949 51
Shri Md. Z. Haque	..	558	1,920	1,096	1,789·10
Shrimati M. Banerjee	..	..	218	..	79·76
Shri T. P. Roy	..	..	7,366	2,361	3,855·79
Late R. Mahatab	..	..	219	10	114 50
Shri K. L. Das	..	558	1,694	384	1,254·84
Shri Z. Abedin	..	..	1,902	..	847·38
Shrimati S. Khatun	..	..	808	..	301·55
Shri M. P. Chatterji	..	..	9,099	122	3,528·26
Shri M. N. Dakua	..	3,300	482	591	2,044·12
				Total ..	14,764·81
			Grand Total	..	**73,546·84**

Relief Committee meeting in Pingla police-station, Midnapore

167. (Admitted question No. 198.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার পিংলা থানার ৭নং ইউনিয়নে গত ১৯৬৩ সালে ইউনিয়ন রিলিফ কমিটির কয়টি মিটিং হইয়াছে এবং উহা কোন্ কোন্ মাসে হইয়াছিল?

The Minister for Relief:

১৯৬৩ সালে পিংলা থানার ৭ নং ইউনিয়ন রিলিফ কমিটির কোন মিটিং হয় নাই।

Punitive Tax in Calcutta and industrial suburbs

168. (Admitted question No. 249.)

[illegible] দাসঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্তমানে কলিকাতা ও শিল্পাঞ্চলের কোন্ কোন্ এলাকায় কত টাকা পিটুনি ট্যাক্স ধার্যের ব্যবস্থা করা হইয়াছে।

The Minister for Home (Police):

নদীয়া জেলার ছয়টি থানা এলাকা এবং ২৪-পরগনা জেলার ১৪টি থানা এলাকা ১৮৬১ সালের ১৫(১) ধারা অনুসারে বিপজ্জনক ও গোলযোগপূর্ণ অঞ্চল বলিয়া ঘোষিত হইয়াছিল। কিন্তু কোথাও পিটুনী কর ধার্য করা হয় নাই।

Number of crimes under Kanksha, Ausgram, etc., police-stations, Burdwan

169. (Admitted question No. 82.)

শ্রীমনোরঞ্জন বক্সীঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাঁকসা, আউশগ্রাম, গলসী এবং ভাতার থানায় গত ১৯৬৩ সালের ১লা জানুয়ারি হইতে ১৯৬৪ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত (১) ডাকাতি, (২) চুরি, (৩) পকেটমার, (৪) নারীধর্ষণ, (৫) খুন, (৬) আত্মহত্যার সংখ্যা কত;

(খ) উক্ত সময়ে কতগুলি ক্ষেত্রে এবং কোন্ অপরাধে কতজনের শাস্তি এবং কতগুলি মামলা চলিতেছে; এবং

(গ) কতগুলি ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র অথবা বোমা ব্যবহার করার সংবাদ সরকার অবগত আছেন?

The Minister for Home (Police):

(ক), (খ) ও (গ) এতদ্সম্পর্কে ৪টি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clauses (ka), (kha) and (ga) of unstarred question No. 169.

বিবরণী নং ১ (ইং ১-১-৬০ হইতে ৩১-১-৬৪ পর্য্যন্ত)

থানা কাঁকসা, বর্দ্ধমান।

১ কি প্রকারের অপরাধ	২ অপরাধের সংখ্যা	৩ কতগুলি ক্ষেত্রে শাস্তি হইয়াছে।	৪ কতজনের শাস্তি হইয়াছে।	৫ কতগুলি মামলা চলিতেছে।	৬ কতগুলি ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হইয়াছে।	৭ কতগুলি ক্ষেত্রে বোমা ব্যবহার করিয়াছে।	৮ মন্তব্য।
ডাকাতি	৪	..	..	১	..	২	
চুরি	৯১	..	..	১৮	..	..	
পকেটমার	..	..	..	..	..	..	
নারীধর্ষণ	..	..	..	..	..	..	
খুন	..	..	..	..	..	..	
আত্মহত্যা	৩	..	..	..	..	..	

বিবরণী নং ২ (ইং ১-১-৬৩ হইতে ৩১-১-৬৪ পর্য্যন্ত)

থানা আউশগ্রাম, বর্দ্ধমান।

১ কি প্রকারের অপরাধ	২ অপরাধের সংখ্যা	৩ কতগুলি ক্ষেত্রে শাস্তি হইয়াছে।	৪ কতজনের শাস্তি হইয়াছে।	৫ কতগুলি মামলা চলিতেছে।	৬ কতগুলি ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র ব্যবহার করিয়াছে।	৭ কতগুলি ক্ষেত্রে বোমা ব্যবহার করিয়াছে।	৮ মন্তব্য।
ডাকাতি	[illegible]	..	..	২	..	..	
চুরি	৭৪	৩	৫	১৪	..	..	
পকেটমার	..	..	..	..	..	..	..
নারীধর্ষণ	..	..	..	..	..	..	..
খুন	..	..	..	..	..	..	
আত্মহত্যা	৯	..	..	..	..	..	

বিবরণী নং ৩ (ইং ১-১-৬৩ হইতে ৩১-১-৬৪ পর্য্যন্ত)

থানা কলসী, বর্দ্ধমান

১	২	৩	৪	৫	৬	৭	৮
কি প্রকারের অপরাধ	অপরাধের সংখ্যা	কতগুলি ক্ষেত্রে শাস্তি হইয়াছে।	কতজনের শাস্তি হইয়াছে।	কতগুলি মামলা চলিতেছে।	কতগুলি ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হইয়াছে।	কতগুলি ক্ষেত্রে বোমা ব্যবহার করিয়াছে।	মন্তব্য
ডাকাতি	১	..	..	..	..	..	..
চুরি	১৪২	৫	৫	১২	..	..	..
পকেটমার	..	..	..	..	..	..	..
নারীধর্ষণ	২	..	..	..	..	..	
খুন	১	..	..	..	..	..	..
আত্মহত্যা	৫	.	..	..	..	..	

বিবরণী নং ৪ (ইং ১-১-৬০ হইতে ৩১-১-৬৪ পর্য্যন্ত)

থানা ভাতার, বর্দ্ধমান।

১	২	৩	৪	৫	৬	৭	৮
কি প্রকারের অপরাধ	অপরাধের সংখ্যা	কতগুলি ক্ষেত্রে শাস্তি হইয়াছে।	কতজনের শাস্তি হইয়াছে।	কতগুলি মামলা চলিতেছে।	কতগুলি ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হইয়াছে।	কতগুলি ক্ষেত্রে বোমা ব্যবহার করিয়াছে।	মন্তব্য।
ডাকাতি	৪	..	..	১	..	১	
চুরি	৮৬	৪	৪	১৩	..	.	
পকেটমার	..	..	..	..	..	..	
নারীধর্ষণ	..	..	..	..	..	..	
খুন	২	..	..	..	..	..	
আত্মহত্যা	৩৫	..	..	..	..	..	

Electrification of Satui, Rangamati, Chandpara and Radharghat Union i Murshidabad

170. (Admitted question No. 345.)

শ্রীসনৎকুমার রাহা: শিল্প ও বাণিজ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি মুর্শিদাবাদ জেলার সাটুই, রাঙ্গামাটী, চাঁদপাড়া ও রাধারঘাট ইউনিয়ন এলাকায় বৈদ্যুতি শক্তি সরবরাহের জন্য রাজ্যসরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Commerce and Industries:

না।

Persons employed through the Employment Exchanges

171. (Admitted question No. 313.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: শ্রম বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরে কোন্ বৎসর কত ব্যক্তিকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকুরী দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত পাঁচ বৎসরে কোন্ বৎসর কোন্ এক্সচেঞ্জে কত নাম তালিকাভুক্ত ছিল?

The Minister for Labour:

(ক) ও (খ) কর্মসংস্থান কেন্দ্র হিসাবে পরিসংখ্যান নিম্ন তালিকায় দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 171.

TABLE A

Name of Exchanges.	1959. Place-ments.	1959. Live Register.	1960. Place-ments.	1960. Live Register.	1961. Place-ments.	1961. Live Register.	1962. Place-ments.	1962. Live Register.	1963. Place-ments.	1963. Live Register.	
Calcutta ..	3,590	62,147	2,227	43,850	1,843	51,775	1,972	61,067	2,577	73,532	
Kidderpore ..	3,185	37,706	3,139	47,434	4,993	51,809	5,529	65,577	6,348	73,951	
Howrah ..	462	11,442	542	21,413	1,405	20,340	2,752	27,370	3,778	28,790	
Barrackpore ..	1,117	13,108	1,076	24,699	1,529	39,101	2,442	61,392	2,425	73,551	
Asansol ..	2,222	11,102	2,613	18,856	2,631	22,086	3,100	19,034	3,074	18,314	
Darjeeling ..	325	2,137	454	2,902	568	2,313	694	2,087	539	3,347	
North Calcutta ..	376	18,363	1,930	52,762	2,100	42,846	2,868	54,362	3,638	64,107	
Durgapur ..	1,040	9,597	1,260	13,758	1,254	11,726	2,703	14,298	1,616	18,985	
Serampore ..	419	4,750	266	11,720	422	15,375	997	17,721	1,391	17,722	
Kharagpore ..	654	6,778	514	9,904	773	11,558	747	14,624	987	16,896	
Burdwan ..	64	2,039	128	2,908	359	4,636	897	8,149	2,471	9,694	
South Calcutta ..	203	10,016	84	4,605	219	7,279	176	8,294	330	7,864	
Siliguri ..	320	9,370	288	8,357	900	5,220	519	7,049	983	7,255	
Purulia	82	10,174	186	5,510	182	5,196	282	4,439	730	5,063	
Kalyani	616	8,481	70	14,169	483	13,092	638	21,825	449	27,750	
Malda	59	2,846	345	4,861	497	5,437	256	7,624	1,951	12,305	
Berhampore ..	*	*	*	*	78	3,741	333	5,678	356	10,245	opened in 1961.
Cooch Behar ..	*	*	*	*	68	5,350	339	5,562	402	8,267	opened in 1961.
Suri	*	*	*	*	*	*	145	4,214	2,062	7,228	opened in 1962.
Bankura ..	*	*	*	*	*	*	*	*	..	3,974	opened in 1963.
Raniganj ..	..	162	284	569	1,454	4,084	2,583	4,721	4,170	6,735	
Sitarampore ..	*	*	*	*	*	*	106	2,570	1,065	7,345	opened in 1962.
Tribeni	*	*	*	*	*	*	200	18,346	625	15,486	opened in 1962.
U.. E. Bureau, Calcutta.	*	*	1	858	7	417	13	481	29	131	opened in 1960.
S. E. Section ..	428	4,263	588	4,259	1,255	4,910	860	2,761	250	1,954	
Total ..	**15,162**	**224,481**	**15,995**	**293,394**	**23,020**	**328,291**	**31,151**	**439,245**	**42,246**	**520,491**	

Transfer of pachai shop from Gorabazar, Berhampore

172. (Admitted question No. 362.)

শ্রীসনৎকুমার রাহা: আবগারী বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর শহরের গোরাবাজার ওয়ার্ডের রাজসাহী কলোনীর অধিবাসিগদের নিকট হইতে গৃহস্থ পল্লীর মধ্যে অবস্থিত মদের ভাটি সরাইবার জন্য কোন আবেদন সম্প্রতি সরকার পাইয়াছেন কিনা; এবং

(খ) আবেদন পাইয়া থাকিলে, এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

Minister-in-charge, Excise:

(খ) অন্তঃশুল্ক বিভাগ বা অন্তশুল্ক অধিকার এরূপ কোন আবেদন পান নাই। তবে অনুসন্ধান করিয়া জানা গিয়াছে যে বহরমপুর অন্তঃশুল্কে অফিস অনুরূপ আবেদন সবেমাত্র পাইয়াছে।

(খ) নির্দিষ্ট নিয়মানুযায়ী ইহা জেলা এক্সাইজ লাইসেন্সিং বোর্ডের সুপারিশের জন্য উপস্থাপিত করা হইবে।

Health Centres in the districts of Birbhum, Bankura, Burdwan and Murshidabad

173. (Admitted question No. 432.) **Shri Bakti Bhusan Mandal:** Will the Hon'ble Minister-in-charge of Health Department be pleased to state—

(a) what are the thana-wise health centres (subsidiary) in the districts of Birbhum, Burdwan, Bankura and Murshidabad; and

(b) how many thana health centres are there in the districts of Birbhum, Burdwan, Bankura and Murshidabad?

The Minister for Health: (a) A statement showing thana-wise distribution of subsidiary health centres functioning in these districts is laid on the Library Table.

(b) Thana health centres have been redesignated as primary health centres. The figures are as below:

Birbhum—13.

Burdwan—16.

Bankura—12.

Murshidabad—12.

Calling attention to matters of urgent public importance

[2—2-10 p.m.]

Mr. Speaker: I have received three notices of matters for calling attention on the following subjects:—

(i) non-availability of text books of primary schools—from Shri Ananga Mohan Das;

(ii) Police lathi charge at Ranaghat town on the 23rd February, 1964—from Shri Gour Chandra Kundu; and

(iii) arrest of a mistress of Subhashchandra Girls' School, Dhubulia—from Shri Birendra Narayan Ray and Shri Lakshmi Ranjan Josse.

I have selected the notice of Shri Gour Chandra Kundu on the subject of Police lathi charge at Ranaghat town on the 23rd February, 1964. The Hon'ble Minister-in-charge will please make a statement today or give a date on which the statement will be made.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: The statement will be made on Monday next.

শ্রীনিখিল দাস: মিঃ স্পীকার, স্যার, কালকে যে পয়েন্ট অফ প্রিভিলেজের কথা হয়েছিল তাতে আমি বলছি যে আমাদের একজন মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার কয়েক দিন আগে পুলিশের বিরুদ্ধে একটা ঘোরতর চার্জ এনেছিল। মুখ্যমন্ত্রী তিনি বললেন যে সেটা অসত্য এবং মাননীয় সদস্য যে চার্জ এনেছিলেন তাঁকে তিনি মিথ্যাবাদী প্রতিপন্ন করার চেষ্টা করেছেন এবং কালকে মাননীয় সদস্য এখানে বললেন যে জোর করে পুলিশ পাঠিয়ে রিভালবার দেখিয়ে ঐ স্টেটমেন্ট আনা হয়েছে এবং এই পুলিশ দপ্তর হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রীর দপ্তর। এই যদি অবস্থা হয়, মিঃ স্পীকার, স্যার, যে বাইরের ঘটনাগুলি আমরা এখানে জানানো এবং জানাবার পর যে কমেন্টসগুলি করবো মুখ্যমন্ত্রী নিজের ক্ষমতায় পুলিশ পাঠিয়ে অন্য স্টেটমেন্ট আনবেন তাহলে এ্যাসেম্বলীতে আমাদের বক্তব্য বলার অর্থ কি? এবং এইভাবে আমাদের অধিকার কেড়ে মুখ্যমন্ত্রী নিজে তাঁর হস্তক্ষেপ করেছেন। সেই ব্যাপারে জ্যোতিবাবু যে পয়েন্ট অফ প্রিভিলেজ-এর প্রশ্ন তুলেছেন অপূর্ববাবু যে পয়েন্ট অব প্রিভিলেজ-এর প্রশ্ন তুলেছেন সেই পয়েন্ট অফ প্রিভিলেজ-কে আমি সাপোর্ট করছি। দ্বিতীয় কথা হচ্ছে যে মেয়েটির সঙ্গে আমরা আলাপ করেছি সেটা ছোট মেয়ে। এখন সে গ্রামে যেতে পারছে না। মেয়েটি গ্রামে গেলে পর পুলিশ অফিসার, থানা অফিসার তার প্রতি তার বাড়ীর প্রতি অত্যাচার করছে। সে এখানে ওখানে ঘুরে বেড়াচ্ছে। তাই আমি এই হাউসে দাবী করবো যে মুখ্যমন্ত্রীর কাছ থেকে যেন সে এবং তার বাপ বাড়ীতে গিয়ে থাকতে পারে সে গ্যারাণ্টি এখানে দিতে হবে। পুলিশের বিরুদ্ধে কমপ্লেন করলে কেউ বাড়ীতে থাকতে পারবে না এটা কি অরাজকের রাজত্বে আমরা বাস করছি। এর উত্তর আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা চাই তাঁকে জবাব দিতে হবে।

শ্রীকাশীকান্ত মৈত্র: স্যার, আমি একটা নীতিগত প্রশ্ন তুলতে চাই।

শ্রীশঙ্করদাস ব্যানার্জী: স্যার, আই ওয়াণ্ট টু পয়েন্ট আউট ওয়ান থিং।

শ্রীকাশীকান্ত মৈত্র: স্যার, আমি যখন বলছিলাম তখন শঙ্করদাসবাবুর এরকমভাবে ইণ্টারাপ্ট করা উচিত নয়। যাহোক, আমি একটা নীতিগত প্রশ্ন তুলতে চাই এবং সেটা হচ্ছে মুখ্যমন্ত্রী এখানে একটা কথার সত্যতা এবং অসত্যতা সম্বন্ধে একটা বিবৃতি দিয়েছেন এবং তারপর এই হাউসের আর একজন মাননীয় সদস্য তার পাল্টা জবাব দিয়েছেন। যে নাবালিকাকে কেন্দ্র করে

এই কুৎসিত ঘটনা ঘটেছে সে সম্বন্ধে তিনি বলেছেন যে, জোর করে বিবৃতি আদায় করা হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী যখন হাউসের নেতা তখন আমি তাঁর কাছে অনুরোধ করে বলছি যে, পার্লামেণ্টারী ডেমোক্রেসীর দু-একটি যে মূল নীতি আছে সে সম্বন্ধে তিনি যেন অবহিত হন এবং আমরাও যেন অবহিত হই। তিনি আমার কথা যেন অন্যভাবে না নেন, কিন্তু এই একটি ঘটনাকে কেন্দ্র করে যে অভিযোগ এসেছে তাতে তাঁর সমগ্র মন্ত্রিসভাকে পদত্যাগ করতে হতে পারে। স্যার, বিলেতের প্রফুমো স্ক্যানডাল-এর ঘটনা আপনি জানেন যে, সে বিষয়ে তদন্ত করবার জন্য আন্দোলন হয়েছিল। প্রফুমো নিজে বলেছিলেন এটা সম্পূর্ণ মিথ্যা কথা এবং প্রাইম মিনিস্টার ম্যাকমিলান বলেছিলেন এটা রিউমার-এর কোন ভিত্তি নেই। কিন্তু ইতিহাসে দেখা গেল সেটা সত্য নয় এবং তার ফলে প্রফুমো এবং ম্যাকমিলানকে চলে যেতে হোল। আমাদের মুখ্যমন্ত্রী বলছেন এই মহিলা আদালতে বিচার চাইতে পারেন। স্যার, একজন আইনজীবী হিসেবে আমি শংকরবাবুকে বলছি যে, এই প্রশ্নটির দুটি দিক আছে। একটি দিক হচ্ছে ক্রিমিন্যাল কোর্টে প্রসিকিউসন-এর দিক এবং সেখানে তার অ্যাকুইটাল হতে পারে, কনভিকসন হতে পারে। আর একটি হচ্ছে ডিপার্টমেণ্টাল প্রুভ। কিন্তু একটা লোক যদি কোন পুলিশ অফিসারের বিরুদ্ধে অভিযোগ আনে এবং তার ফলে তাকে আদালতে যেতে বাধ্য করেন তাহলে সেটা কেমন কথা? সে তো অত্যন্ত এক্সপেনসিভ এবং রিস্কও যথেষ্ট আছে। কিন্তু সরকারের দিক থেকে যে নীতির প্রশ্ন রয়েছে তাতে আমার বক্তব্য হচ্ছে মরালিটি যেখানে ইনভল্বড, সোস্যাল এথিক্স যেখানে ইনভল্বড, রিলিজিয়ন যেখানে ইনভল্বড সেখানে রাজ্যের মুখ্যমন্ত্রীর ওকথা বললে চলবে না। এ সম্বন্ধে একটা তদন্ত করা উচিত। স্যার, প্রফুমো স্ক্যানডাল সম্বন্ধে ঐতিহাসিক খ্যাতি সম্পন্ন মানুষ লর্ড ডেনিং যেকথা বলেছেন সেকথা আমি ইতিহাসের একজন ছাত্র হিসেবে এবং বিধানসভার সদস্য হিসেবে মুখ্যমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই। লর্ড ডেনিং তাঁর ঐতিহাসিক রিপোর্টে বলেছেন,

With expediency rather than morality as a guide, it could often be thought "right" to tell a lie (indeed, this has sometimes been sanctioned even by religion). But the demands of truth are absolute both in religion and morality. The law, therefore, ought to uphold this principle.

সুতরাং আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করছি যে, এই যে কথা বলা হয়েছে তার সত্যতা উদ্ঘাটন করা হোক। কিন্তু তা না করে সরকার যদি অ্যারোগ্যাণ্ট অ্যাটিচুড নেন, রিক্যালসিট্রাণ্ট অ্যাটিচুড নেন তাহলে সর্বনাশা পরিণতি হবে। স্যার, আমি পার্লামেণ্টারী গণতন্ত্রের তরফ থেকে দাবী করছি এই নাবালিকাকে যে রকম কুৎসিতভাবে অবমাননা করা হয়েছে সেটা সমস্ত জাতির অবমাননা এবং এটা সত্য বলে প্রমাণিত হলে এর ভিত্তিতে সরকারের পদত্যাগ করা উচিত। কাজেই আমার বক্তব্য হচ্ছে এ সম্বন্ধে তদন্ত করতে হবে এবং প্রিভিলেজ কমিটিতে পাঠাতে হবে। স্যার, আপনি এর দ্বারা বাংলাদেশে একটা নূতন নজির স্থাপন করুন একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-10—2-20 p.m.]

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ আমি প্রিভিলেজের প্রশ্ন উত্থাপন করছি।

মিঃ স্পীকারঃ কাল প্রিভিলেজ মোশন সম্বন্ধে তো বলেছেন।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ আমি সমস্ত বলতে পারি নি, শেষ করতে পারি নি, আমি ইণ্টারাপ্টেড হয়েছিলাম।

মিঃ স্পীকারঃ আপনি পুরো বলেছেন

supported by many Honourable Members. Yesterday, I said that, I would give my decision later on. Today, I have allowed some of the Honourable Members—Mr. Das and Mr. Maitra to say something as they desired. I think the matter should rest here until I give my decision.

শ্রীঅপূর্বলাল মজুমদার: আমি শেষ করতে পারি নি, পাঁচ মিনিট সময় আমাকে দিতে হবে। আমি যখন বলেছিলাম আমি বাধাপ্রাপ্ত হয়েছিলাম। আমাকে বলার চান্স দিতে হবে, আমি মনে করি আমার বলার দরকার, আমার প্রেসটিজ ইনভল্‌ভড। মিঃ স্পীকার, স্যর, আমি সেদিন আমার যে বক্তব্য পেশ করেছিলাম তাতে লিগ্যাল সাইডে আমি কোন কথা বলছি না। সেই মেয়েটির কেস বিচার হোক বা না হোক সে সম্বন্ধে আমি আমার বক্তব্য বলছি না।

[তুমুল গোলমাল এবং হট্টগোল]

Mr. Speaker:

শুনুন মিঃ মজুমদার, আমার কথা শুনুন, পয়েন্ট হচ্ছে কাল আপনার বলা শেষ হয়েছিল, আপনি যখন বলছেন শেষ করেন নি,

Very well I can allow you barely two minutes' time to deal in a nut-shell now without any elaboration. I don't know whether you had finished or not, but I was under the impression that you had finished, and it was never said that you had not finished. Anyway, I will not shut any Honourable Member to put his point here, but that should be within two minutes. Let us go in a formal way.

শ্রীঅপূর্বলাল মজুমদার: মাননীয় স্পীকার মহোদয়, আমি সে মেয়েটির কেস আইনের বিচারে লিগ্যাল সাইডে কি হবে না হবে কোন কথা বলতে চাই না, আমি একটা বিষয়ে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখতে চাচ্ছি। যে প্রশ্ন তুলছি আপনার কাছে সেটা হল-আমি একটা এনকোয়ারী করে একটি বক্তব্য পেশ করেছি মেয়েটির তরফ থেকে, আমাদের মুখ্যমন্ত্রী ঠিক তার কণ্ট্রাডিক্টরী একটা স্টেটমেণ্ট করলেন, আমি যে ভাষণ দিয়েছি তা সম্পূর্ণ অসত্য এবং এই কথা বলে তিনি এখানে একটা ডকুমেণ্ট প্লেস করেছিলেন তার সাপোর্টে। সেজন্য আমি দেখছি আমার বক্তব্যের সঙ্গে কমপ্লিটলি কণ্ট্রাডিক্ট করে তিনি আমাকে হেয় প্রতিপন্ন করেছিলেন এবং আমার যে প্রিভিলেজ তা ক্ষুণ্ণ হয়েছে এবং এখানে ফল্‌স অ্যাণ্ড ফ্যাব্রিকেটেড ডকুমেণ্ট প্লেস করে হাউসকে বিভ্রান্ত করেছিলেন, জনসাধারণকে বিভ্রান্ত করেছিলেন এবং আমার যে রাজনীতিক সত্তা আমার প্রিভিলেজ তা হ্যাম্পার করেছিলেন। সেজন্য এটা আমি প্রিভিলেজ কমিটিতে প্লেস করতে চাচ্ছি। উনি আমার বক্তব্য যেভাবে কণ্ট্রাডিক্ট করলেন তাতে এটা আমার নিজের উপর একটা বিরাট স্লার বলে মনে করি এবং আমার যে প্রিভিলেজ আছে যা গুরুত্বপূর্ণ সেটা তিনি ভঙ্গ করেছেন আমাদের হাউসকে অসম্মান করেছেন। সেজন্য সমস্ত জিনিষটা প্রিভিলেজ কমিটিতে প্লেস করবার জন্য আমি আবেদন জানাচ্ছি, এবং আশা করছি এটা প্রিভিলেজ কমিটিতে দেবেন।

মিঃ স্পীকার: আমার ডিসিশন যদি হয় প্রিভিলেজ কমিটিতে পাঠাবার জন্য তাহলে সমস্তই প্রিভিলেজ কমিটিতে যাবে, সমস্ত বক্তব্যই সেখানে যাবে

It need not be added.

Now. Mr. Banerji.

Shri Sankardas Banerji: Mr. Speaker, Sir, I gave a notice yesterday regarding contempt of this House. I am very sorry that I have to move this motion because I have great respect for every Member of this House and I have no doubt that every Hon'ble Member of this House wants to uphold the dignity of this House. The subject-matter of the motion is molestation of Shrimati Sudha Rani Dutta, an Hon'ble Member of the Assembly by Shri Kamal Kanti Guha, another Hon'ble Member of the Assembly on Tuesday, February 25, 1964, by throwing an egg which hit her and thereby

committed contempt of this Assembly. Sir, I have chosen the word 'molestation' because that is the appropriate word found in May's Parliamentary Practice. May be, the fact may not be known to some of the Members, they give it a different meaning. But I do hope that if they refer to May, they will find the appropriate meaning of the word. Sir, the thing is this...

Shri Jamini Bhusan Saha:

তিনি মোলেস্টেশন ব্যাখ্যা ইংরেজীতে দিলেন। আমরা এবার বাংলা—

Mr. Speaker:

আপনি এইভাবে যদি বাধা দেন তাহলে কি করে উনি তাঁর বক্তব্য বলবেন?

You must not disturb. Do you not want that the Privilege Motion be not moved?

[Noise]

Shri Sankardas Banerji: The rules of the House are in English, the ruling of the Speaker are given in English, the Parliamentary Practice is in English and I shall also proceed in English. When Shri Kashi Kanta Maitra speaks in English, there is no protest. But when I speak in English, there must be protest Mr. Speaker, Sir, I seek protection of the House in this matter. The simple point that I raise before the House today is that Shri Kamal Kanti Guha in fact had thrown an egg yesterday on an Hon'ble Member of this House. The one question that can be asked is that the Hon'ble Speaker has not noticed it and does that make any difference? The other question that can be asked is that if the molestation has not taken place inside the Chamber of this House, but anywhere in the precincts of this House, can proceedings be taken against him? Sir, the precedents are far too numerous to cite. If you look into May's Parliamentary Practice—I draw your attention to the 16th Edition of May's Parliamentary Practice, page 121 - molestation of members while in execution of their duties. It is a breach of privilege to molest a member of either House while attending such House or when going to or coming from it. That clearly indicates that the molestation need not take place in the Chamber of the House. So long it takes place within the precincts of the building or when a Member is going to the House or leaving the House, if such molestation takes place, it is a breach of privilege. The Commons on 12th April, 1733 and the Lords on 17th May, 1765, resolved, "That the assaulting, insulting or menacing any Member of this House, in his coming to or going from the House or upon the account of his behaviour in Parliament is an high infringement of the privilege of this House, a most outrageous and dangerous violation of the rights of Parliament and an high crime and misdemeanous." Quite apart from what May lays down in the text book, I wish to place before you, Sir, certain precedents I do not wish to take too much of your time, but I shall just place one or two precedents. This is from the House of Commons proceedings—Journal of the House of Commons, page 355.

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: Which year?

Shri Sankardas Banerji: This is of the year 1688-93. This is the original volume. The date is 25th March, 1690. This authority is still good authority as it is quoted in the latest May's Parliamentary Practice. "Then the House took into examination the quarrel between Sir Thomas Mompesson

and Mr. Okeden. Mr. Okeden complained that Sir Thomas Mompesson had assaulted him in the lobby belonging to this House, and that Mr. Pyper and Colonel Trelawny, Members of the House, and the Sergeant at Arms, and the Door-keepers could give an account thereof. Whereupon, Mr. Pyper and Colonel Trelawny did give the House an account of what they had to say touching the said matter; and it was resolved that the Sergeant and Officers without Doors be examined touching the same; and the Sergeant was examined, and also one of the Door-keepers was called in, and, at the Bar, examined accordingly And Colonel Trelawny informing the House that he had heard Mr. Ash, another Member of the House, say that he knew something touching the assault, and acquainting the House therewith; it was also resolved that Mr. Ash be now desired to give an account of what he knows of the matter, and he did give an account accordingly. Whereupon there being some difference between Colonel Trelawny and Mr. Ash, upon their evidence, in relating of the matter, and the House fearing some inconveniences might, by reason thereof, ensure between them, it is resolved that Colonel Trelawny and Mr. Ash do not take notice of what was said between each other, upon their evidence, touching the said matter, and the House required the same of them, and enjoined them to pass their honours to the House that they would not, which they did respectively do, accordingly. After which, Sir Thomas Mompesson asked the pardon of the House and then he and Mr. Okeden withdrew."

Sir, there was a quarrel, some evidence was taken, Sir Thomas Mompesson in the proper spirit readily offered apology which was accepted by the House. Sir, your jurisdiction is to take not of all offences committed whether it is in the chamber or in the garden or in the lobby or in the corridor. You can take note of them. The charge is there; there is nothing to hide and seek.

Sir, it is alleged that Shri Kamal Kanti Guha threw an egg which hit Shrimati Sudha Rani Dutta inside this Chamber I do not know whether you noticed it or you did not notice it. I also do not know whether you are the best judge to decide this matter But, Sir, if, in fact, an egg was thrown by an Honourable Member which hit Shrimati Sudha Rani Dutta, it is gross contempt not of Shrimati Sudha Rani Dutta alone but it is a gross contempt of the House also. If you think, Sir, that the charge is correct, then you should take steps against the offender. If, on the other hand, there is preponderance of evidence in favour of the other side, certainly you will decide accordingly.

Sir, before I resume my seat, I wish to draw your attention to certain rules. Rule 225 deals with time for raising question of privilege. Rule 226 is regarding notice of question of privilege. Then Rules 227 deals with procedure on notice: "If the Speaker is satisfied that there is a *prima facie* case that a breach of privilege has been committed and that the matter is being raised at the earliest opportunity, he may allow the Member to raise the matter as a question of privilege." Sir, I am saying that we have made out a *prima facie* case. Sir, the next rule—Rule 228—says: "On a motion being made for the purpose, the House may consider the matter and come to a decision or may refer it to the Committee of Privileges." Sir, it will be for you to decide whether the House will come to a decision here and now after taking evidence of the members who have seen it or if you consider that it should not be for the House to do so, you may refer the matter to the Committee of Privileges. But there is a provision which enables the House to come to a decision here and now.

Mr. Speaker: The only reference you have given refers to 1690. You said that you will give me other references.

Shri Sankardas Banerji: I took this reference from the footnote of May's Parliamentary Practice. If you will kindly look up the footnote at page 121, you will find the authority. The next one that I gave refers to 1824-25 Journal of the House of Commons—it is in the Fifth Year of George IV—1824—and the relevant case you will find at page 483—Gourlay's case.

Mr. Speaker: Have you got any other case?

Shri Sankardas Banerji: There is a very recent authority where the offender was not an Honourable Member of the House but a gentleman from the Press Gallery.

Mr. Speaker: That is a different thing.

Shri Sankardas Banerji: But that is applicable here because the offence was committed in the precincts of the House and the case is reported in the Journal of the House of Commons, 1946-47 at page 55. At page 54, you will find that the following report was made to Mr. Speaker regarding a member of the Press Gallery: "In accordance with your instructions I have investigated the facts in connection with the disturbance in the precincts of the House of which complaint was made this evening by the Honourable Member for the County of Warwick. I have received reports on the matter and have to report that a disturbance undoubtedly occurred in the precincts, but the evidence appears to be conflicting......"

Mr. Speaker: You need not go through it.

Shri Sankardas Banerji: But here you will find the attitude of the Press which is commendable, if I may say so. The gentleman concerned wrote this:

"Sir,

I beg your leave and indulgence to express to you, and through you to the House of Commons, my profound regret that I should have been involved in an affair within the precincts with a Member of your Honourable House. I deeply regret my part in what occurred and ask you to believe, Sir, that no disrespect was ever intended to you or the dignity of the Commons either individually or collectively.

I hope, Sir, that you will be generous enough to extend to me your leniency and forgiveness. During eight years as a member of the Press Gallery I have never been hitherto involved in any untoward incident; and I trust that you will believe me when I say that I shall never allow it to occur again......"

I repeat my sincere regrets to you, Sir, and to the House of Commons, the dignity of which I had within my limited sphere, diligently sought to preserve."

[2-30—2-40 p.m.]

The only other thing that I would like to tell you is this. Many Honourable Members have made enquiries. They have told me—I was also present in the precincts in the latter part—that they have seen the egg being thrown by Shri Kamal Kanti Guha. It is on that footing that I place the case, and I say that a *prima facie* case has been made out.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শঙ্করদাসবাবু এই যে প্রিভিলেজ মোশন মুভ করেছেন, তিনি অনেক আইনের নজীর দিলেন কিন্তু কথা হচ্ছে ঘটনাটা যেভাবে তাঁরা বিবৃত করলেন ঘটনাটা সেটা নয়। প্রথম কথা হচ্ছে আমাদের ফরোয়ার্ড ব্লক বেঞ্চ থেকে শ্রীকমল গুহ ডিম ছুঁড়ে মারেন নি।

[হট্টগোল]

দ্বিতীয় কথা হচ্ছে, মিঃ স্পীকার, স্যার, আজকে চীফ মিনিস্টারের পক্ষ থেকে যে ন্যক্কারজনক কাজ করা হয়েছে এবং যে কাজকে আমরা ধিক্কার দিচ্ছি এবং যে কাজের জন্য তাঁর পদত্যাগ করা উচিত সেই কাজকে প্রিভিলেজ কমিটিতে পাঠাবার জন্য আমরা যে আপীল করেছি সেই আপীলকে চাপা দেবার জন্য. ...

[হট্টগোল]

আজকে কংগ্রেস বেঞ্চ থেকে একটা ঘটনাকে ঘটিয়ে দেওয়া হয়েছে এবং নিজেরা এইভাবে এই ঘটনার পর এখন আমাদের ফরোয়ার্ড ব্লকের তরফ থেকে যে কমল গুহ এই কংগ্রেসের বিরুদ্ধে সব চেয়ে তীব্র প্রতিবাদ করেন তাঁর বিরুদ্ধে এই ধরণের একটা প্রিভিলেজ মোশান আনা হয়েছে। আমি আমাদের বেঞ্চ থেকে এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এই জন্য যে এই ঘটনা যে শুধু ঘটেনি তাই নয়, আপনিও দেখেন নি এবং কেউই দেখেন নি।

[হট্টগোল]

দি অনারেবল আভা মাইতি: আমরা দেখেছি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, যিনি এই প্রিভিলেজ মোশন এনেছেন এবং যে ঘটনাকে কেন্দ্র করে এই প্রিভিলেজ মোশন এসেছে, তিনি সেই ঘটনাটা নিজে চোখে দেখেন নি, তখন তিনি হাউসে ছিলেন না।

[হট্টগোল]

এই প্রিভিলেজ মোশনটা যিনি এনেছেন তিনি নিজে দেখেন নি, তাঁকে জনকতক বলেছেন। আমি শ্রীমতি সুধারাণী দত্তকে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেছেন, আমি দেখিনি।

শ্রীমতী সুধারাণী দত্ত: না, আমি একথা বলি নি, আপনি ভুল বুঝেছেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: এবং তখন তিনি স্পীকারের দিকে তাকিয়ে ছিলেন।

[(গোলমাল)--মিথ্যা কথা, মিথ্যা কথা... ..]

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মিথ্যা কথা কে বলছে সে জানা আছে। মিঃ স্পীকার, স্যার, শঙ্করবাবু জনকতক লোকের কাছ থেকে শুনে একজন মাননীয় সদস্যের বিরুদ্ধে এইভাবে মিথ্যা অভিযোগ এনেছেন। সেইজন্য এটা আমি আপনার কাছে বলছি যে, এটা প্রিভিলেজ কমিটিতে যেতে পারে না, কারণ এটা সর্বৈব অসত্য।

Shri Sankardas Banerji: It does not matter whether one was present in the House or not, when I came I saw her body full of egg.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আর একটা হচ্ছে শঙ্করবাবু যে মলেস্টেশন-এর কথা উল্লেখ করেছেন তার আমি অত্যন্ত তীব্র প্রতিবাদ জানাচ্ছি। মলেস্টেশন মানে হচ্ছে—অন্ততঃ ক্রিমিনাল প্রসিডিওর কোডের মানে হচ্ছে আউটরেজ অফ মডেস্টি। কাজেই এটা একজন মেম্বারের বিরুদ্ধে বলা এটা অত্যন্ত আপত্তিজনক, ন্যক্কারজনক। এর জন্য আমি এর তীব্র আপত্তি জানাচ্ছি।

শ্রীমতী সুধারাণী দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পার্সোন্যাল এক্সপ্লানেশন দিতে উঠেছি। আমাদের মাননীয় বন্ধু ডাঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয়, তিনি যে বললেন যে আমি এটা অস্বীকার করেছি যে, শ্রীকমল ছোঁড়েন নি—এটা উনি হয়তো ভুল শুনেছেন। এইভাবে কুকীর্তি করে হাউসে এই রকম সিন ক্রিয়েট করবেন এটা আমি আশা করি নি। কারণ আমি ভেবেছিলাম...

[হট্টগোল]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করেছিলাম যে কালকে এই জিনিসটা শেষ হয়ে যাবে। কিন্তু ও'রা আমাকে কালকে কিছুতেই বলতে দিলেন না। কালকে বললে এটা ভাল হোত। কারণ যেভাবে ও'রা এটাকে তৈরী করলেন—যেভাবে আজ সাজিয়ে নিয়ে এসেছেন সেটার সুযোগ ওঁরা পেতেন না। আপনার মত গুণী-জ্ঞানী লোকের মুখে এটা আমি আশা করি নি। অত্যন্ত দুঃখের ও লজ্জার কথা যে, যে ভীষণভাবে আমাকে আক্রমণ করা হয়েছে এটা সকলেই দেখেছেন—কিন্তু আপনাদের জিনিষটা ঢাকা দেবার জন্য এই রকম বলা খুব ভাল হয় নি। এটা আপনাদের সম্পূর্ণ সাজানো। আমি আশা করেছিলাম যে এর জন্য আপনারা আপত্তি করবেন—আপনারা দাঁড়িয়ে ক্ষমা চাইবেন। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হলাম যে কমল গুহ আমাকে যেভাবে আক্রমণ করেছিল—যে ভীষণভাবে তাতে আনন্দবাজার পত্রিকা লিখেছে যে আমি স্তব্ধ হয়ে বসে থাকি—কিন্তু আমি তখন স্তব্ধ হই নি। আমার বুকে ভীষণভাবে আঘাত লেগেছিল যার জন্য আমার মাথা ঘুরে গিয়েছিল এবং সেইজন্য আমি চুপ করে বসে ছিলাম। এবং আপনিও তখন বলেছিলেন যে হাউসের বাইরে গিয়ে কাপড় ছেড়ে আসুন। কিন্তু আমার তখন উঠবার শক্তি ছিল না—বুকে লাগার জন্য মাথা ঘুরে গিয়েছিল। আমি আশা করেছিলাম যে অন্ততঃ আপনারা এখানে বলবেন যে এই ডিম পড়া খুবই লজ্জার কথা। কিন্তু এটাকে আপনারা সম্পূর্ণ অস্বীকার করে গেলেন। সেজন্য আমি অত্যন্ত দুঃখিত হলাম। এটা আপনারা সম্পূর্ণ অসত্য বলে ধামাচাপা দিলেন।

শ্রীজ্যোতি বসুঃ আমি প্রথমে এই যে মোসন আনা হয়েছে—এখানে উনি এনেছেন—আমি ২২৮টা আপনাকে পড়ে শুনাই—সেখানে লেখা আছে—

On the motion being made for the purpose, the House may consider the matter and come to a decision or may refer it to the Committee of Privileges.

এটা যদি হয় তাহলে এখানে আমরা এই ঘটনাকে আলোচনা করে একটা সিদ্ধান্ত গ্রহণ করতে পারি। আমার মতে এটাই সব থেকে ভাল—কেন না সেটাতে আমি পরে আসছি—এতে আপনারও ক্ষমতা আছে—

Notwithstanding anything contained in these rules the Speaker may refer any question of privilege to the Committee of Privileges for examination, investigation or report.

এই দুটোই করা যায়। ইউজুয়ালি অবশ্য পরেরটা হয়—কারণ এতদিন আমরা দেখেছি এখানে। যা হোক আমার কথা হচ্ছে এটা একটা এমন ঘটনা—একটা এমন জিনিষ যে এটা অদ্ভুত বলা চলে।

[2-40—2-50 p.m.]

উনি হাউস অফ কমনস সিক্সটিন এইটি-র কথা বলেছেন। এতে তার প্রয়োজন হয় না, কারণ, আমরা সকলেই জানি আমাদের দেশেও এরকম জিনিস হয়েছে। আমি আমার নিজের ক্ষেত্রে জানি, স্বাধীনতার আগে মুসলিম লীগ গভর্নমেণ্ট যখন আমাদের এখানে ছিল, তখন ডেপুটি কমিশনার অফ পুলিস সামসুদোহা বলে একজন ছিলেন। আমি হাউসে ঢোকা মাত্র আমার উপর অ্যাসল্ট করলেন, মোলেস্টেসন-এর কথা উনি যেটা বললেন, সেটা করলেন। এটা হবার সঙ্গে সঙ্গে কিরণশংকর রায় কংগ্রেসের যিনি লিডার ছিলেন, তিনি এখানে প্রশ্ন তুললেন। ধীরেন

মুখার্জী এখানকার মেম্বার ছিলেন. তিনি আমার সঙ্গে ছিলেন বলে সমস্ত ঘটনা দেখেছিলেন। কিরণশঙ্করবাবু যখন প্রশ্ন তুললেন. তখন চীফ মিনিস্টার সুরাবর্দী হাউস অ্যাডজোর্ন করে দিলেন এবং তারপর আমরা সকলে বাইরে যাই। সুরাবর্দীর সাহস ছিল তাই সেদিন এমন জিনিস হয়েছিল. যা কখনও হয় নি। তারপর, তিনি ডেপুটি কমিশনারকে ডাকলেন পুলিস কমিশনার তখন ইংরেজ ছিল. তাঁকে ডাকলেন. চীফ সেক্রেটারী তখন ইংরেজ ছিল, তাঁকে ডাকলেন। তাঁরা রাজী হচ্ছিল না, কিন্তু সুরাবর্দী তাঁদের বাধ্য করলেন আমার কাছে এসে অ্যাপোলোজাইস করতে। সৌভাগ্যবশত কংগ্রেস তখন অপজিশন-এ ছিল বলে তারা সমর্থন করলেন যে এই জিনিস কখনও হতে পারে না। আমাদের হাউসের এরিয়ার মধ্যেই এই জিনিস হয়েছিল। স্যার, এখানে যদি কেউ মোলেস্টেড হয়, তাহলে আপনি জজ এবং নিয়ম আছে যে, এই ও প্রিসিডিংসনের মধ্যে পুলিস কাউকে আরেস্ট করতে পারে না। যাহোক এখন আসল কথা হচ্ছে কানাইবাবু যেকথা বলছিলেন। কালকে আমরা এই কথা বলছিলাম, কিন্তু আপনি হাউস অ্যাডজোর্ন করে চলে গেলেন এবং আমরাও চলে গেলাম। তখন আমরা কিছুই জানি না যে, কার গায়ে ডিম লেগেছে। আধ ঘণ্টা পর আমরা যখন হাউসে ফিরে এলাম তখন কংগ্রেসের অনেক সদস্য আমাকে বললেন যে. এরকম কান্ড হয়েছে এবং আমিও দেখলাম শ্রীমতী সুধারাণী দত্তের গায়ে ডিমের দাগ লেগে রয়েছে। উনি কালকে বলতে চেয়েছিলেন, কিন্তু আমি বলেছিলাম যে আমি বলার পর আপনি বলবেন। যাহোক, আমার মনে হয় এ ব্যাপারে কোন কনফিউসন থাকতে পারে না যে, এই জিনিস যে করেছে তার অ্যাপোলোজাইস করা উচিত।

মিঃ স্পীকার: দ্যাট ইজ অলওয়েজ এক্সপেকটেড।

শ্রীজ্যোতি বসু: আমরা সকলেই এইজন্য দুঃখিত, এটা কখনও হওয়া উচিত নয়—কারুর ক্ষেত্রে এরকম হওয়া উচিত নয় এবং বিশেষকরে একজন মহিলার ক্ষেত্রে যখন এই জিনিস হয়েছে তখন আমরা আরও দুঃখিত। তবে ফ্যাক্টস ডিসপুটেড এবং আপনিও প্রিভিলেজ কমিটিতে পাঠাবেন কিনা জানি না। শঙ্করদাসবাবু ডিমের দাগ দেখেন নি আমরাও শুনেছি, উনিও শুনেছেন। কানাইবাবু তাঁদের পক্ষ থেকে বলেছেন এবং যাঁর নামে এলিগেসন তিনিও তাঁর কথা বলেছেন। কাজেই আমি মনে করি তদন্ত করে কিছু লাভ হবে না। প্রিভিলেজ নিয়ে যদি কথা ওঠে তাহলে মেজোরিটি এবং মাইনরিটির রিপোর্ট হবে, সেটা এখানে আবার আসবে, আবার তা নিয়ে আলোচনা হবে। এবারে একটা পচা ডিমের ব্যাপার, এখানে জুতো মারামারি পর্যন্ত হয়ে গেছে। তখন কিন্তু আমরা কেউ নতশিরে বলতাম না আমরা উচ্চশিরেই বলতাম যে, আমাদের এদিক থেকে জুতো পড়েছে এবং তার জন্য আমাদের যদি চিরকালের জন্য অ্যাসেম্বলী থেকে বার করে দিত, প্যানিশমেণ্ট দিত, তাহলে আমরা চলে যেতাম। কারণ, সেটা ছিল অন্য ব্যাপার - অনেক লোক গুলীতে মরেছিল। কিন্তু এ ব্যাপারটা ডিসপুটেড - অর্থাৎ যাঁর নাম বলা হচ্ছে তিনি বলছেন আমি করি নি। যাহোক, আমি পার্টিগতভাবে এটা মেনে নেব যে, এটা অবাঞ্ছিত জিনিস, এই জিনিস কখনও হওয়া উচিত নয়। তবে, প্রিভিলেজ কমিটিতে গিয়ে আলোচনা করে কোন লাভ হবে না কারণ, সেটা করলে আবার এখানে তিক্ততা হবে। কাজেই আমি মনে করি আলোচনা করে এটা এখানেই শেষ করে দিন।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয় মাননীয় শঙ্করদাসবাবু যে প্রিভিলেজ নিয়ে এসেছেন সে সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই।

[নয়েজ]

কাল অবশ্য বহু দুঃখের ঘটনা ঘটে গিয়েছে। কাল যখন চীফ মিনিস্টারের সত্য গোপন করবার ব্যাপার নিয়ে বহু কিছু ঘটে তখন এখানে ভীড় ছিল, আপনি তখন হাউস অ্যাডজোর্ন করে চলে গিয়েছিলেন, বাইরেও ভীড় ছিল। আমি ঘটনাক্রমে এখানেই ছিলাম, মাননীয়া পূরবী মুখোপাধ্যায়ের সঙ্গে এ নিয়েই কথাবার্তা হচ্ছিল। সেই সময় মাননীয়া সুধারাণী দত্ত মহোদয়া দেখালেন একটি ডিম এসে পড়ল, কে ছুড়ল তিনি দেখেন নি। যাই হোক, শঙ্করবাবুও বলছেন

তিনিও দেখেন নি, আমি সে প্রশ্নের ভিতর যাচ্ছি না। একটি ডিম এসে পড়েছে, যে-কোন জায়গা থেকেই পড়েছে। এখানে যাঁর সম্বন্ধে অভিযোগ করা হচ্ছে তিনি যে পার্টির সদস্য, সেই পার্টির নেতৃস্থানীয় ব্যক্তি এটা অস্বীকার করছেন। আমি মনে করি এরকম ঘটনা অনেক কিছু অতীতে ঘটেছে, মাননীয় জ্যোতি বসু মহাশয়ও উল্লেখ করছেন। অতি সম্প্রতি মাননীয় শঙ্করদাসবাবু কাউন্সিলের লবীতে যতীনবাবুকে মারতে উঠেছিলেন, তারপর ক্ষমা-টমা চাওয়া হয়ে গিয়েছে। সুতরাং সেরকম ধরনের নজির আছে।

[এ ভয়েসঃ—তিনি ত দাগী আসামী]

[নয়েজ]

দাগী আসামী, আমি এসব বলতে চাচ্ছি না, এরকম নজির আজ পর্যন্ত হয়েছে। যেখানে জানা যাচ্ছে না কে মারল, কে ছুড়ল, অন্তত আমি দেখিনি, সেখানে এই অবস্থায় আমার মনে হয় এই হাউসে সেই রকম এনকোয়ারী করে যদি লোক না পাওয়া যায় হোল-হাউসে তাহলে—এবং এটা ঠিক যে, অপোজিশনেরই বলুন আর ওপক্ষেরই বলুন, কোন রকমেই ডিম ছুড়ে কাউকে এসল্ট করতে কি অপমান করতে কেউ চান নি, এবং কালও এ ধরনের ঘটনা কেউ চান নি, অতএব আমি মনে করি কে ছুড়েছে না ছুড়েছে এটা যদি জানতে না পারা যায় তাহলে সকলে মিলে আমরা দুঃখ প্রকাশ করতে পারি এবং এটা এখানেই শেষ হওয়া উচিত এবং প্রিভিলেজ কমিটিতে যাওয়া উচিত নয় এ ব্যাপারে।

[2-50—3 p.m.]

Shri Sankardas Banerji: Sir, I want to say something here. Three times my name has been dragged in on an incident which took place in the Council. I had the courage of conviction immediately to go back to own my offence and apologise. I think the member on the other side should have the moral courage to stand up and admit his offence.

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ স্যার, শঙ্করদাসবাবু যদি মনে করেন যে, এইরকম নাটকীয়-ভাবে বলে তিনি আমাদের দোষী সাব্যস্ত করবেন তাহলে তিনি এটাতে ভুল করেছেন। তবে এটুকুন আমি বলতে পারি যে, মাননীয়া সদস্যা শ্রীমতী সুধারাণী দত্তের গায়ে যে ডিম লেগেছে এরজন্য আমরা দুঃখিত এবং এটা হওয়া উচিত নয়। কিন্তু, তার মানে এই নয় যে, আমাদের দ্বারা এই কাজ হয়েছে, এবং সেটা যদি তাঁরা বলেন, তা হলে অন্যায় করবেন।

Mr. Speaker: This matter has been sufficiently discussed. I have heard all the Honourable Members, and I will give my reply later on. Let us now go to the general discussion on the budget.

শ্রীঅনাদি দাসঃ স্যার, আমি নূতন কথা বলছি। এখন যেখানে কথা হচ্ছে যে মুখ্যমন্ত্রীর এই বক্তব্য।

[নয়েজ]

এই যুক্তির কোন কারণ নেই। দ্বিতীয়তঃ, এটা যদি এখানে থেকেই যায় তাহলে যেখানে একদিকে কমলবাবু রয়েছেন, সেখান থেকে ওদিকে এতদূর তিনি রয়েছেন যে, তাতে এটা ফ্লোর-এর উপর দিয়ে যেতে হলে—আমরা সবাই দেখতে পেতাম।

[নয়েজ]

মিঃ স্পীকারঃ এগুলি সব পরের কথা—এ বিষয়ে অনেক কথা হয়েছে।

The Hon'ble Iswar Das Jalan: Mr. Speaker, Sir, may I make a submission with regard to this matter, which has been raised. It is a matter of grave importance. There is no denying of the fact that an egg was thrown. The egg has not come without previous planning, and it has been thrown upon an Honourable Member of this House who happens to be a lady entitled to our respect. There is no doubt whatsoever that we have got to preserve the dignity of this House and this is an instance in which we should leave our party affiliations and rise to the occasion not only to preserve the honour and dignity of this House, but to preserve the honour and dignity of our womenfolk. Now, the fact is that this thing has happened in this House, and because it is an egg which has been thrown into this House there is no doubt whatsoever that it is a pre-planned affair. So far as the person who has done it, either ht is a Member of this House or he is one of the visitors in this House. So far as the Members of this House are concerned, certainly every Member of this House will expect, if any person has committed this indiscretion it is his first and paramount duty to apologise to this House and to the lady concerned. If there is no member who is prepared to accept responsiblity for this outrageous affair, certainly the House has to decide this question either on the floor of the House or has to refer it to the Committee of Privileges.

Sir, when he lady concerned herself charges a particular Member with having done so, this thing cannot be brushed aside in the light-hearted manner in which it is sought to be done.

Now, Sir, I would refer to rule: "On a motion being made ...."

Shri Jyoti Basu: That has already been read out.

The Hon'ble Iswar Das Jalan: What I want to say is that the moment a motion has been made, the House is in seizin of it and it is for the House to decide whether the House will decide it here and now or whether it will be referred to the Committee of Privileges. It is not a matter for the discretion of the Speaker at all. Rule 230 does not cover this case at all. Rule 230 says: "Notwithstanding anything contained in these rules the Speaker may refer any question of privilege to the Committee of Privileges........." But when a motion has been made, tehere is a specific provision in the rules that it is in the custody of the House and it is not for the Speaker to decide as to whether this House will decide it or it will be referred to the Committee of Privileges.

Sir, I still implore the Members of this House, as I have said before, to consider that there is no doubt whatsoever that somebody here has done it. Whoever he may be, he should have the courage to acknowledge his guilt. Thereby, in a way, we shall increase the dignity of the House itself. But if that is not forthcoming, this matter must be debated here and now. Of course to the Committee of Privileges, it can do so.

Sir, in this connection, I would like to refer to rule 229 also. It runs thus: "A motion on a matter of privilege arising during the sitting of the House shall be entitled to immediate precedence over all other business."

Therefore, Sir, what I implore you to consider is that it is for the House to come to a conclusion here and now as to whether they want to refer the matter to the Committee of Privileges or they want to decide it on the floor of the House.

শ্রীজ্যোতি বসু: মাননীয় স্পীকার, স্যার, এটার সম্পূর্ণ ভুল ব্যাখ্যা উনি করলেন, রুল ২২৮ নম্বর আছে। ২৩০, এবং ২৩১-এতে পরিষ্কার লেখা আছে; আমি পড়ে শোনাচ্ছি না উনি

স্ট্যান্ডিং এনিথিং কনটেইন্ড ইন দিজ রুলস, এটা করতে পারেন আপনি যদি অনুমতি দেন তাহলে। আমি আগেই বলেছি রুল ২২৮-এ হাউসে হতে পারে, আমার মতে ও'রা যদি চান এটা যে, এই ভাবে হবে, তাহলে হোক, এখানেই হয়ে যাক আমার তাতে আপত্তি নেই। এই কাদা ছোঁড়াছুঁড়ি হয়ে যাক। কিন্তু রুলস-এর ঠিক ইন্টারপ্রিটেশন নয় যে, প্রত্যেক বারই হাউসে, এভাবে হবে। স্পীকার যদি মনে করেন, তাহলে নট উইথস্ট্যান্ডিং এনিথিং কনটেইন্ড ইন দিজ রুলস আপনি ইচ্ছা করলে বলতে পারেন না এখানে হবে না, আমি ফর এনকোয়ারী অ্যান্ড রিপোর্ট, প্রিভিলেজ কমিটিতে দেবো।

Mr. Speaker: Mr. Jalan, I think you are labouring under some misapprehension. In the notice which I have received, the Honourable Member has sought my permission to raise a question of privilege. No motion is there. Only the context of the subject-matter of the motion has been given. I have given my decision—I have given my leave to raise it in the House.

The Hon'ble Iswar Das Jalan: I bow down to your decision......... . .

Mr. Speaker: There is no motion before me. You please look into the notice and then go through the rules.

Now, let us take up the general discussion on the budget.

শ্রীবীরেন্দ্রনাথ মৈত্র: স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, এখানে আমরা কাল থেকে আশা করেছিলাম যে, জ্যোতিবাবু এই ব্যাপার নিয়ে ঠকাবার চেষ্টা করবেন না। এখানে অনেকে সন্দেহ প্রকাশ করেছেন, এবং আমি এটুকু বলতে চাচ্ছি, আমরা কালকে এখানে এ বেঞ্চে বসেছিলাম, এবং যখন এই হাউস বন্ধ হয়, আপনি তখনও নেমে যান নি, স্টেপ ডাউন করেছিলেন যখন, ঠিক সে সময় কমলবাবু ওখান থেকে ডিমটা ছুঁড়েছিলেন, আমরা সকলে দেখেছি এবং দেখে আমাদের বাইরের অনেক লোক ছিল, অনেকে দেখেছে। আমরা অনেকেই দেখেছি। সকলের সমক্ষে ফেলেছেন, এবং ঐ ডিম নিয়ে পালিয়ে গেছেন, এমন ঘটনাও জানি।

[Loud noise and interruptions]

শ্রীঅপূর্বলাল মজুমদার: স্যার, আপনি এ ব্যাপারে রুলিং দিন। উনি আবার বলতে উঠলেন কেন?

মিঃ স্পীকার: আমি সমস্ত কাগজপত্র দেখে বলবো, আই হ্যাভ অ্যালাউড হিম টু স্পীক।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র: আমাদের এখানে অনেকে দেখেছেন, স্বচক্ষে দেখেছেন এবং ডিমও পাওয়া গেছে দেখেছি, নামও আমি জানি।

Point of Privilege

[3—3-10 p.m.]

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: স্যার, আমার একটা পয়েন্ট অফ প্রিভিলেজ আছে। সেটা হচ্ছে কালকে যখন ঐ ব্যাপারটা নিয়ে হট্টগোল হচ্ছিল তখন, আমরা এটা জানি যে এখানকার মাইক ব্যবহার করার অনুমতি দেবার মালিক হচ্ছেন আপনি, হাউস কিভাবে চলবে. কিন্তু আমি লক্ষ্য করে দেখলাম যখন গন্ডগোলটা হচ্ছিল, অন্য সদস্যরা যখন কথা বলছিলেন, তখন সব মাইকগুলি বন্ধ ছিল। সমস্ত বন্ধ ছিল, আমরাও চিৎকার করছিলাম, তাঁরাও চিৎকার করছিলেন। কিন্তু ইতিমধ্যে বিজয় সিং নাহার মহাশয় লাফিয়ে উঠলেন ওখান থেকে। আমরা দেখলাম তখন তাঁর মাইক বাজছিল না কিন্তু তিনি ঐদিকে হাতটা তুলে মাইক মাইক বললেন সঙ্গে সঙ্গে

তাঁর মাইকটি বেজে উঠলো। আমি নিজে লক্ষ্য করেছি। কিন্তু এই রকমভাবে ডাইরেক্ট করার বিশেষ অধিকার তাঁর নেই।

[হট্টগোল]

আমাকে বলতে দিতে হবে, আমি পরিষ্কার করে বলছি, এত গণ্ডগোল করে লাভ হবে না। আমার আরো দুটি কথা আছে। বিজয় সিং নাহার মহাশয় হুকুম করতেই হাত পা নেড়ে, ওখান থেকে মাইকটা বাজলো। তারপরে মিঃ দত্ত যখন বলতে উঠলেন তখন দেখলাম মাইকটা বাজলো; কিন্তু শ্রীনিখিল দাস যখন বলতে উঠলেন তখন তাঁর মাইকটা বাজলো না। তারপরে ঐখান থেকে জগাই-মাধাই যখন উঠলো তখন দেখা গেল মাইকটা আবার বাজলো। সুতরাং এই হাউসের অর্ডার রাখার দায়িত্ব আপনার। এই রকম স্পেশাল প্রিভিলেজ তাঁরা ভোগ করছেন কেন সে সম্পর্কে আপনার রুলিং আমি চাই।

Mr. Speaker:

আমি এনকোয়ারী করবো।

General Discussion on the Budget for 1964-65

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার, স্যার, এই উত্তেজিত হাউসে বাজেট আলোচনা করতে আমি একটু আশঙ্কিত হচ্ছি। আমি আলোচনা আরম্ভ করার আগে একটা ছোট্ট ভূমিকা করতে চাই। ভূমিকাটা হচ্ছে—আমাদের এই হাউসে একটা বিদ্রূপ গত ১ বৎসর ধরে খুব পরিস্ফুট হয়ে উঠেছে। কথাটা হচ্ছে, গত বাজেট অধিবেশনের কিম্বা তার আগে বেশ মনে আছে যে, লোকসভার আলোচনায় জনসংঘ, স্বতন্ত্র পার্টি এবং আমাদের এই হাউসের শংকরাবাবুর মতো লোকেরা জোটনিরপেক্ষ নীতির বিরুদ্ধে বলে তার থেকে ভারতবর্ষকে ছাড়িয়ে নিয়ে ইঙ্গ-মার্কিন যুদ্ধ জোটে জড়িয়ে দিতে চেয়েছিলেন এবং পাকিস্তানের সঙ্গে যুক্ত ফ্রন্ট করতে বলেছিলেন। বিদ্রূপটা হল, কাশ্মীর প্রশ্নে পাকিস্তান এবং ইঙ্গ-মার্কিন জোট ভারতবর্ষকে থাপ্পড় মেরে দিয়েছে আজকে আমি এই কথা জিজ্ঞাসা করতে পারি কি লোকসভায় জনসংঘ এবং স্বতন্ত্র পার্টি এবং শ্রীশংকর এখন কোথায় মুখ লুকাবেন এবং কাশ্মীর প্রশ্নে ইঙ্গ-মার্কিন জোট এবং পাকিস্তানের সঙ্গে যুক্তফ্রন্ট করতে বলবেন কি না। সঙ্গে সঙ্গে আরো একটা বিদ্রূপও ফুটে উঠেছে এই হাউসে, আমার বেশ মনে আছে, যখন সীমান্ত সংঘর্ষ আরম্ভ হল তখন প্রতাপবাবু, প্রফুল্লবাবু, প্রমুখ ব্যক্তি সরবে কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছিলেন এবং কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে প্ররোচনা ও ইন্ধন জোগাবার চেষ্টা করেছিলেন। এবার সাম্প্রদায়িক দাঙ্গার ব্যাপারে প্রফুল্লবাবু এবং প্রতাপবাবু এখানে যে বক্তৃতা করলেন তাতে তাঁরা উভয়েই বলেছেন যে, সংখ্যালঘুদের ব্যাপারে কমিউনিস্ট পার্টির সঙ্গে তাঁদের খুব মতৈক্য আছে। এটাই বিদ্রূপ। কিন্তু এটা জোটনিরপেক্ষ নীতির সমর্থনে কমিউনিস্ট পার্টির মতেরই ভিণ্ডিকেশন সেদিন জ্যোতিবাবু উপহাসিত হয়েছিলেন। আজকে কমিউনিস্ট পার্টির মত ভিণ্ডিকেটেড হয়েছে। এই কথা বলে আমি কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীকৃষ্ণমাচারী যে অর্থনৈতিক সমীক্ষা দিয়েছেন সে সম্পর্কে একটা কথা বলতে চাই, তিনি সেই সমীক্ষায় বলেছেন এবারে ২৬০০ কোটি টাকার বৈদেশিক ঋণ শোধ করবার সময় এসেছে। এটা শুনে আমার মনে খুব আশংকা হল, এবং আজকের খবরের কাগজেই যা দেখলাম তাতে বুঝছি এই আশংকা অমূলক নয়—আজকের খবরের কাগজে দেখা গেল রাষ্ট্রক্ষেত্রে বৈদেশিক সেক্টার এবং প্রাইভেট সেক্টার এই স্থান দুটো.........

[3-10—3-20 p.m.]

যে রাষ্ট্রীয় সেকটারেতে বৈদেশিক প্রাইভেট ক্যাপিটেল তাকে স্থান দেওয়া হবে। যে রাষ্ট্রীয় সেক্টার আমাদের ১৯৫৬ সালের ইণ্ডাষ্ট্রিয়াল পলিসি অনুযায়ী ভারতের যে একটা প্রগতিশীল দিক যে রাষ্ট্রীয় সেকটারকে ভারী শিল্প এবং যন্ত্রনির্মাণ শিল্প গড়ে তুলে ভারতবর্ষকে শিল্পের

ভিত্তিতে আত্মনির্ভর করতে পারবে বলে আমরা আশা করি এবং যে আত্মনির্ভরশীলতা সাম্রাজ্যবাদের পথ থেকে আমাদের অর্থনৈতিক স্বাধীনতা দেবে সেটা আমরা বিশ্বাস করি এবং যে শিল্পের বনিয়াদ রচিত হলে ভবিষ্যতের সমাজতন্ত্রের ভিত্তি রচিত হবে আমরা মনে করি এই নূতন উক্ত মূলধন বিনিয়োগের যে আহ্বান কেন্দ্রীয় সরকারের তরফ থেকে দেওয়া হচ্ছে আমরা মনে করি সাম্রাজ্যবাদের একটা আপোষ মীমাংসা সেখানে যেন চলছে। আমাদের কংগ্রেস দল ওদের ভেতরে সাম্রাজ্যবাদ সম্পর্কে যে দোদুল্যমানতা আছে তার প্রকাশ কখনও কখনও হয়। আমরা চাই যে অন্ততঃ এই ভারী শিল্প এবং যন্ত্র নির্মাণ শিল্প রাষ্ট্র সেকটারে গড়ে উঠছে সরকারী সমস্ত শিল্পক্ষেত্র নব দখল নিতে সুরু করেছে সেই রাষ্ট্র সেক্টারকে প্রাইভেট মনোপলির ভিতর দিয়ে আক্রমণ করা উচিত সরকারের। এই যে নূতন নীতির ইঙ্গিত যে করা হয়েছে যা আজকে খবরের কাগজে পাওয়া গেছে সেই সম্পর্কে তীব্র আপত্তি আমি না জানিয়ে পাচ্ছি না। এই আলোচনা আসলে লোকসভা--কিন্তু তা হলেও এই সম্পর্কে আপত্তি আমি রাজ্য বিধানসভাতেও জানাচ্ছি। আমাদের প্রদেশের বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথম যে সংখ্যালঘু সমস্যা আজকে সকলের চিন্তাকে ছেয়ে আছে--পশ্চিমবঙ্গের ক্ষতিগ্রস্ত সংখ্যালঘু এবং পূর্ববঙ্গের যে বিরাট উদ্বাস্তু এখানে আসিছে এবং আসতে চাইছেন--আমি বাজেটে খোঁজ করে তাদের সম্পর্কে কোনও ইঙ্গিত বা ইসারা দেখতে পেলাম না। এটা দেশের এক বিরাট সংখ্যা একথা বলছে, যে এদের সম্পর্কে কি ব্যবস্থা হবে। আর একটি কথা--মুখ্যমন্ত্রী তাঁর রাজ্যপালের ভাষণে নিজেকে নিজে সার্টিফিকেট দিয়েছেন। দাঙ্গার পরে তিনি এই সার্টিফিকেট নিজেই নিয়েছেন যে আমরা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি--ধর্মনিরপেক্ষ আমাদের রাষ্ট্র এটা আমরা প্রমাণ করেছি। আমি বলি যদি তিনি জানাতেন যে পূর্ববঙ্গের যে অগণিত নরনারী যারা মাইগ্রেট করতে পারছে না সেখানে বাধা আছে--ইণ্টারন্যাশনাল রেডক্রশ ইত্যাদি সংস্থা বা অন্য কোন ব্যবস্থা মারফৎ তাদের মাইগ্রেশনটাকে ঠিক কোন কথা যদি বলতেন তাহলে ঐ সার্টিফিকেট থেকে অনেক বেশী উপকার হাত। আরপর বাজেটের ব্যাপারটি একটি ছলনার মত মনে হয়েছে সেটা হচ্ছে আমাদের ফিন্যান্স মিনিস্টার তিনি এমন ভাব দেখিয়েছেন যে এই রাজ্যে ধনীদের উপরেতে ট্যাক্সের ভীষণ বাড়াবাড়ি, অর্থাৎ ভুবনেশ্বর হবার পর দেখা গেল ভুবনেশ্বর সেখানে তার আশে পাশে ধনীদের উপর ভীষণ ট্যাক্স মাথা পিছু ট্যাক্স যেখানে শতকরা ১৫ টাকা মাত্র। সেখানে জনকল্যাণমূলক খাতে মাথাপিছু ১৭·০০--এই কথা বলে তিনি দেখাতে চেয়েছেন যে ধনীদের উপর ট্যাক্সের ভীষণ বাড়াবাড়ি। জনকল্যাণ খাতে আমরা ভুবনেশ্বরের সুখে যাত্রা সুরু করেছি।

শিল্পের কাজ ভাল করে নিরীক্ষণ করে দেখলে দেখা যাবে যে পশ্চিমবাংলার ক্ষেত্রে এগুলি হচ্ছে নিতান্ত ছলনাপূর্ণ। তারপর, কৃষির কথা যদি ধরেন তাহলে দেখবেন সেখানেও নিম্নগতির ফলন--অর্থাৎ ফলনের গতি কেবলই নিম্নমুখী। শিল্পের ক্ষেত্রে গত ৩ বৎসর আমরা সর্বভারতীয় উৎপাদনের গড়ের নীচে আছি। তারপর, নিরক্ষরতা দূরীকরণের ব্যাপারেও আমরা গত ১০ বছর ধরে পিছিয়ে রয়েছি। শুধু তাই নয়, আয় বৃদ্ধির ক্ষেত্রেও দেখছি আমরা মাথাপিছু আয়ের ক্ষেত্রে সর্বভারতীয় হারের নীচে রয়েছি। তারপর, যে সমবায় সমিতিকে বলা হচ্ছে এরা সমাজতন্ত্র গড়বে এবং গ্রামাঞ্চলে এটা একটা মূল নীতি সেই সমবায় সমিতির এবং পঞ্চায়েত পারফরমেন্স হচ্ছে অদ্ভুত। সমিতির সংখ্যা এবং সভ্য সংখ্যা দুটিই কমছে। জিনিসপত্রের দাম কমাবার জন্য যখন সমবায় সমিতিকে অ্যাডভান্স দেওয়া হচ্ছে তখন সভ্য সংখ্যার এই রিপোর্ট ফল লজ্জাজনক। তারপর, বেকার সমস্যা সম্বন্ধে দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রকান্ড পারফরমেন্স দেওয়া হয়েছে। কিন্তু এ সম্পর্কে গত বছর অগাষ্ট মাসে কর্ম সংস্থান কমিটি যখন মিট করেছিল তখন তাঁরা বলেছেন শুধু যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কম হয়েছিল তা নয়, তৃতীয় পরিকল্পনায় যত কর্মসংস্থান হবার কথা ছিল তার চেয়ে কম হয়েছে। লোহা, ইস্পাত, সার, কাগজ শিল্প এবং অন্যান্য শিল্পে কর্মসংস্থান কম হয়েছে এবং ঐ কর্মসংস্থান কমিটি গত বছর অগাষ্ট মাসে বৈঠক করে হিসেব করে বলেছেন যে, শতকরা ২৫ ভাগও হবে না। বাংলাদেশে কর্মসংস্থানের যে হার সেটা সর্বভারতীয় হারের প্রায় শতকরা ৪ ভাগ নীচে, কাজেই বাংলাদেশের অবস্থা যে খুব ভয়াবহ সেটা সহজেই বোধগম্য হয়। তারপর, খাদ্যের ব্যাপারে দেখছি মুনাফাখোরী চলছে। গত বছর পি সি সেন দম্ভ করে বলেছিলেন খাদ্যের ব্যাপারে অবাধ বাণিজ্য চলবে। কিন্তু তিনি কিছুই করলেন না এবং তার

ফলে জনসাধারণের দুর্দশা যে কি রকম ভাবে হয়েছে সেটা সকলেই দেখেছেন। খাদ্যের বড় বড় পাইকাররা দুবার গভর্নমেন্টকে ঠকিয়েছে—একবার পশ্চিমবাংলাকে চালের ব্যাপারে এবং আর একবার উত্তর ভারতকে গমের ব্যাপারে ঠকিয়েছে এ'দের এই ঠকানোর ভেতর দিয়ে যে লেসন বা শিক্ষা সেটা হচ্ছে স্টেট ট্রেডিং। কিন্তু আমাদের পি সি সেন সেই শিক্ষা নেবেন না। স্যার, ব্যাংক-এর জাতীয়করণ যদি না হয় তাহলে ব্যাঙ্ক প্রায় ১০০ কোটি টাকা খাদ্য স্টক করবার জন্য অ্যাডভান্স দিয়ে থাকে এবং এই রকমভাবে অ্যাডভান্স দিয়ে তারা ব্যক্তিগত পুঁজি এবং একচেটিয়া পুঁজিবাদীদের দিকে যায় এবং তাদেরই সাহায্য করে। ১৫০০ কোটি টাকার আমানত যা ব্যবহার হচ্ছে সেটা জনসাধারণের স্বার্থে নয়, মুষ্টিমেয় পুঁজিপতির স্বার্থে, ৭।৮টি রাঘববোয়াল পুঁজিপতির স্বার্থে। খাদ্যের ব্যাপারে এঁরা মুনাফাখোরদের নেকনজরে দেখেন। স্যার, খাদ্যের ব্যাপারে লক্ষ্য করলে দেখা যাবে শুধু পশ্চিম বাংলায় যে সমস্ত ব্যাংক আছে তারা গত দু' বছরে অ্যাডভান্স-এর পরিমাণ ৭৬ কোটি টাকা বাড়িয়েছে। এই ক্রেডিট এক্সপ্যানসন-এর মারফত মূল্য বৃদ্ধি হয়েছে এবং তার ফলে জনসাধারণের দুর্দশা বৃদ্ধি হচ্ছে।

[3-20—3-30 p.m.]

পর্যবেক্ষণ করলে দেখা যাবে সর্বভারতীয় ক্ষেত্রের চেয়ে অনেক বেশী পারফরমেন্স রিফ্লেক্ট করছে। কংগ্রেসের যে বিঘোষিত নীতি সে এ নীতি নয়, বরং স্বতন্ত্র পার্টির আর্থিক নীতিই এখানে প্রতিফলিত হচ্ছে, তার একটা ছদ্মবেশ, আড়াল, ছলনা করেছেন এবং মাথা পিছু ট্যাক্স অধিক জনকল্যাণ খাতে ব্যয়বরাদ্দ দেখিয়ে ছলনার সৃষ্টি করেছেন। এখন কথা হচ্ছে আমি খুব আশা করেছিলাম যে পশ্চিমবঙ্গের কংগ্রেসের ভিতর কোন প্রগতির মোড় ফেরার ইঙ্গিত পাওয়া যাবে। বিবাদ পশ্চিমবঙ্গে যদি কিছু হয় সে হচ্ছে পদ নিয়ে, বিবাদ হচ্ছে দক্ষিণ পন্থীর সঙ্গে দক্ষিণ পন্থীর, তাতে প্রগতিশীল পথের ইসারা পাওয়া যাচ্ছে না, না প্রতাপবাবুর মধ্যে না অন্য কারুর মধ্যে। কাজে কাজেই এখানে যে জিনিষ হতে পারত যে জিনিষ আমরা চাই, যে জিনিষ ভারতবর্ষের জনগণের স্বার্থের অনুকূল আমাদের দেশে যা দেখতে পাচ্ছি, যেভাবে বিভিন্ন পরিকল্পনা চলেছে, সেই চলার মধ্য দিয়ে দেখতে পাচ্ছি যে মহলানবীশ কমিটি যে রিপোর্ট প্রকাশ করেছেন তার ভিতর থেকে কয়েকটি জিনিষ আপনার কাছে রাখতে চাই। সেটা হচ্ছে যে সব কথা এখানে বলা হয়েছে সেকথা নয়। কিন্তু জাতীয় আয়ের সম্বন্ধে সম্পত্তি থেকে আয়ের পরিমাণ ১৯৫০-৫১ সালে ২১·১ পারসেন্ট থেকে ১৯৫৭-৫৮ সালে বেড়ে সেটা ২৪·৫ পারসেন্ট হয়েছিল, একটা অ্যাডভান্সড কাণ্ট্রির ক্যাপিটালিজম্‌কেও অনেক ছাড়িয়ে গেছে। আর একটা দেখি প্রথম ৫ বছরে প্রাইভেট ক্যাপিটেল বিনিয়োগ হয়েছিল ২৩২ কোটি টাকা, দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার ৫ বছরে হয়েছে ৭০০ কোটি টাকা। এখন এ জিনিষটা আন্ডারলাইন করছি। এই যে বিশেষ নীতি এটা একচেটিয়া পুঁজিবাদী নীতি, এ নীতি জনকল্যাণ নীতি নয় এটা জনকল্যাণের সম্পূর্ণ বিরোধী। এ নীতির পাল্টা যে নীতি আমি সেকথা বলছি না, সমাজতন্ত্র-এর প্ল্যান করেন আপনারা, একথা আমি উল্লেখ না করে পাচ্ছি না যে আপনাদের অন্ততঃ এটা করতে হবে অপুঁজিবাদী পথে ভারতবর্ষকে এগিয়ে নিয়ে যেতে হবে। পুঁজিবাদ থেকে অপুঁজিবাদের দিকে নিয়ে যেতে হবে, যার একটা অঙ্গ হচ্ছে স্টক এক্সচেঞ্জ যার একটা অংশ হচ্ছে প্রাইভেট ব্যাংক। এর স্টক এক্সচেঞ্জ মারফৎ স্পেকুলেশন করা হয় এবং যার একটা হাতিয়ার হচ্ছে ম্যানেজিং সিস্টেম, সেই মারফৎ চলতে আপনারা দেবেন না জনগণের অপরিসীম দুঃখ-দুর্দশার সৃষ্টি করে, যার এক দিকে বেকারী অন্য দিকে শ্রমিক শোষণ। একটা জিনিষ দেখুন ১৯৪৯ সালে নিত্যপ্রয়োজনীয় ৫৫টি জিনিষের মধ্যে ১২টির উপর এক্সাইজ ডিউটি হয়েছে। মনে করবেন না যে ধনী এবং দরিদ্রের উপর সকলের উপরই বেড়েছে। তা নয়। ধনীদের ব্যবহার্য বিলাস দ্রব্যের উপর ১৯৪৮-৪৯ সালে ছিল শতকরা ৫২ ভাগ সেটা কমে ১৯৫৯-৬০-এ হয়েছে শতকরা ২৬ ভাগ। আর শ্রমিকদের উপর সেই করের বোঝা ১৯৫৬ থেকে ১৯৬২ সালের মধ্যে ৪৮ শতাংশ বেড়ে হয়েছে ৭০ শতাংশ অর্থাৎ লাভের পিছনে খেসারত দিয়েছেন গরীব লোকেরা এবং শ্রমিকরা। আর দেখুন যেখানে উৎপাদন বেড়েছে ৪৫·৩ সমস্ত শিল্পে সেখানে শুধু মাত্র কয়লা খনির শ্রমিক ছাড়া শ্রমিকদের রিয়েল ইনকাম আসল মজুরী কমে গিয়েছে।

এর ভিত্তিতে এ আই টি ইউ সি একটা আন্দোলন সৃষ্টি করেছেন, যার দাবী হচ্ছে ব্যাঙ্ক এব তৈল শিল্প এখুনি জাতীয়করণ কর। কৃষকের স্বার্থে আশু কিছু রিফর্ম দাও এবং তার সঙ্গে সঙ্গে যেটা চাওয়া হয়েছে সেটা হচ্ছে শ্রমিকদের মজুরী, মাগগীভাতা ও বোনাস নির্ধারণ কর এই দাবীর ভিত্তিতে এ আই টি ইউ সি আন্দোলন সুরু করেছে যে আন্দোলনের এক ধাপ হচ্ছে বাকী ধাপ চলবে। এই আন্দোলন হচ্ছে আমাদের বর্তমান লোকের কাছে আশার কথা। কেন না শ্রমিকশ্রেণী তারা এই প্রগতিশীল আন্দোলনের মধ্যে দিয়ে আমাদের এখানকার শাষকপার্টি কংগ্রেস দলের মধ্যে যাঁরা প্রগতিশীল তাঁদের বিবেক উদ্বুদ্ধ করছে, তাঁদের জনকল্যাণের দিকে প্রবৃত্ত করছে। এই কথা বলার সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই এই প্রদেশে সরকারি শ্রমনীতির চূড়ান্ত ব্যর্থতার জন্য গত ২ মাস হয়ে গেছে, ২ বার স্ট্রাইকের কোন মীমাংসা হয়নি শ্রম আইনে এমন কোন পিনাল সেকশান নেই যেমন পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট—প্রয়োজন ন দিলে শ্রমিকদের হউল আপ করা যাবে না। তেমনি ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টস-এ কনসিলি য়েশন অফিসারদের পাপেট করে রেখেছেন। মালিকদের সমন করলে তাদের খাতা নিয়ে আনতে বাধ্য করতে পারেন না। কাজেই শ্রম আইনে কোন পিনাল সেকশন নেই—আইন ভঙ্গকারী, চুক্তি ভঙ্গকারী বঙ্গেশ্বরী, ঢাকেশ্বরীর মত মিল হুইমসিক্যালী সমস্ত আইন ভঙ্গ করে চলেছে তাদের হাউল আপ করা হয়নি। সরকারী শিল্পনীতিতে দেখুন স্টেট এন্টারপ্রাইজ সব চেয়ে বেশী মিসম্যানেজড, মন্ত্রিমহাশয় যে স্টেট এন্টারপ্রাইজ চালাচ্ছেন তাতে তিনি চান যে চেম্বার অফ কমার্স-এর সঙ্গে পরামর্শ করে প্রাইভেট সেক্টর-এর গৌরব বাড়ুক এবং স্টেট সেক্টর-এর অগৌরব হোক। এইভাবে তিনি চলছেন এবং রেট অফ গ্রোথ অফ ইন্ডাসট্রিজ যা হচ্ছে ত ইন্ডিয়ান অ্যাভারেজ-এর নীচে। এখানে একটা মিলের কথা আমি উল্লেখ করব। বঙ্গেশ্বরী কটন মিলস-এর অডিটরস, রে অ্যান্ড রে, যে অডিটর রিপোর্ট বের করেছেন যে ১১ লক্ষ টাক গরমিল হয়েছে। কিন্তু সেখানে সেই মিলকে সরকার হাতে নেবার কোন চেষ্টা করছেন না সম্পূর্ণভাবে স্টেটকে ফাঁকি দেয়, ডিউটিজ, ট্যাক্সেস-এর শেয়ারহোল্ডারদের ফাঁকি দেয়, ওয়ার্কারদের ফাঁকি দেয়; অথচ এই রকম একটা মিলকে তাঁরা অনায়াসে কন্টিনিউ করতে দিচ্ছেন। আমি যখন গাড়ী করে কোলকাতায় আসছিলাম তখন দেখলাম যে হস্তচালিত তাঁত শিল্পীদের মিছিল এবং ভাবলামও বোধ হয় মিছিল। কিন্তু পরে শুনলাম নাইন। ৩ দিন ধরে তারা সুতো বিতরণ কেন্দ্রের বাহিরে দাঁড়িয়ে আছে। শুনেছি ৫০ হাজার টাকু সম্বলিত একটা মিহি সুতোর কারখানা কল্যাণীতে হয়েছে। তাদের পারফরমেন্স কি জানি না; কিন্তু ৩ দিন ধরে দূর দূর গ্রাম থেকে এসে তাঁতীরা দাঁড়িয়ে থাকে—সুতো পায় না। এই জিনিষ হচ্ছে আসল কথা, সত্য কথা। কাজেই এই সমস্তের মূল কারণ খুঁজতে হবে। পশ্চিমবাংলায় যে প্রতিক্রিয়াশীল নীতি পশ্চিমবঙ্গের মন্ত্রিসভা অবলম্বন করে চলেছেন তাতে শুধু বিরোধী পক্ষ থেকে নয়, কংগ্রেস পক্ষ থেকেও প্রতিবাদ ওঠা দরকার যাতে জনসাধারণ আশার কথা বুঝতে পারবেন। এই প্রতিবাদের মধ্য দিয়ে হাউসের বিভিন্ন দিকের প্রতিবাদের মধ্য দিয়ে তার কোন প্রতিকার সম্ভব হয়ত হতে পারে।

শ্রীঅনাদি দাস: মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, আমার এই রিপোর্ট পড়ে মনে হচ্ছে একটা ফার্ম-এর ম্যানেজিং ডাইরেক্টর যেমন অ্যানুয়েল রিপোর্ট তৈরী করেন এবং পেশ করেন ঠিক সেই রকম ভাবে মনে হচ্ছে যে তাঁরা যে টাকা নিয়োগ করেছেন তাতে এত টাকা লাভ করেছেন, এত ইন্ডাস্ট্রিজ বাড়াচ্ছেন। কিন্তু সেখানে যারা কনজিউমার, উৎপাদক, লেবার তাদের কথা পরোক্ষ মাত্র, লাভটাই প্রথম। এর ফলে বাংলাদেশের যে প্রধান সমস্যাগুলি সেই সমস্যাগুলি ধরা পড়েনি, উপযুক্ত মত গুরুত্ব পাইনি এবং তার সমাধানের কোন ইঙ্গিত নেই। বাংলাদেশে সমস্যা যদি কিছু থাকে তাহলে সেই সমস্যা হল অসংখ্য লোক বেকার হয়ে আছে, তাদের কাজ দিতে হবে, আর যারা বেকার নয় সাকার হয়ে আছে, কাজে আছে তাদের কাছে উপযুক্ত মূল্যে উপযুক্ত পরিমাণ জিনিষ পৌঁছে দিতে হবে। এই দু'টির দিকে লক্ষ্য রেখে বাকী সমস্তগুলো ধাপে ধাপে আসতে পারে তার জন্য প্রাইস কন্ট্রোল, প্রাইস পলিসি ঠিক করে সরকার, তারপর অতিলোভ রোধ করার জন্য উৎপাদন বৃদ্ধি করা দরকার—কৃষিতে এবং শিল্পে কিন্তু এই লাইট-এ বেকার সমস্যার সমাধান করতে হবে, সমস্ত জিনিষ সস্তা দরে যারা বেকার নয় তাদের কাছে পৌঁছে দিতে হবে। অথচ এইভাবে জিনিষটা উপস্থাপিত করা হয়নি।

[3-30—3-40 p.m.]

এর কারণ আমরা পরিষ্কার বুঝতে পারি, কারণ যাদের হাতে এর ব্যবস্থা—সে ব্যবস্থা যারা করবে, তিনি কংগ্রেসের সভ্য হোন বা না হোন, কংগ্রেসে মন্ত্রীত্ব হোক বা না হোক তারাই আসলে দেশপ্রেমিক, দেশের সেবক, দেশের দরদী বলে পরিচিত হবেন। দেশের মানুষকে তাদের দেখতে পারছে। গত কয়েক বৎসর ধরে এ সমস্যাগুলির কোন সমাধান হয় নি। যখন সমাধান হয় নি তখন নিশ্চয়ই ভাবতে হবে কি কারণে সমাধান হয় না, কোথায় গিয়ে আটকাচ্ছে, কোন পথে গেলে এর সমাধান হতে পারে। তার জন্য যদি কোন পরিবর্তন সমাজের করতে হয় সে পরিবর্তন করতে গিয়ে কারুর গায়ে লাগুক বা না লাগুক, দরিদ্র ব্যক্তিদের তরফ থেকে, জনসাধারণের তরফ থেকে এই কথা বলতে পারি যে, যদি সমাজের কোন পরিবর্তন হয় সে পরিবর্তন জনসাধারণকে কোন প্রকারেই খারাপের দিকে নিয়ে যাবে না, তাদের হারাবার তো একটা জিনিষই আছে যে তার বেকারী অবস্থা দূর হওয়া, তার হারাবার তো একমাত্র জিনিষ আছে যে তার ক্ষুন্নিবৃত্তি। আর হারাবার কি আছে? যারা সমাজে সুখে বাস করছে তাদের সুখের কোন পরিবর্তন এলে তাদের মুসকিল হবে। লোকেরা এর পরিবর্তন চায় না, এবং সেজন্য এর পরিবর্তন করা হয়নি। আমি সমস্যাগুলি আপনার কাছে রাখতে চাই। যে বেকার অবস্থাটা দেখুন। অনেক সভ্য জানেন গত ১৯৫৮ সাল থেকে ১৯৬৩ সাল এই পাঁচ বৎসর বেকার অবস্থা কি হয়েছে? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাদের নাম লেখা হয়, শুধু তাদের কথা নয়, অনেক লোক আছে যারা নাম লেখায়, আবার এমন অনেক লোক আছে যারা নাম লেখায় না। ১৯৫৮ সালে যেখানে ২ কোটি ১৪ লক্ষ ৯১৬ ছিল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লেখান আজকে ১৯৬৩ সালে ডিসেম্বর মাসে সেটা হয়েছে ৫ কোটি ৩০ লক্ষ ৪৯১, ১৯৬২ সালে ছিল ডিসেম্বর মাসে ৪ কোটি ৩৯ লক্ষ। সেটা এক বৎসরেই ৪ কোটি ৩৯ লক্ষব জায়গায়ই ৫ কোটি ৩০ লক্ষ, প্রায় ৯০ লক্ষ বেকার বেড়েছে। এখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর ১ বৎসরের রিপোর্ট সম্পর্কে কোন আলোচনা নেই। উৎপাদন বেড়েছে এই কথা গর্ব করে বলবার চেষ্টা করেছেন কিন্তু ১৯৪৮-৪৯ সাল থেকে তাদের ২১ পারসেন্ট উৎপাদন বেড়েছে। কিন্তু দেখতে পাচ্ছি ১৯৫৩-৫৪ সালের যদি হিসাব নেওয়া যায় যে ,১৯৫৩ থেকে ১৯৬৩ এই ১০ বৎসরে আমরা নীট লাভ করেছি। এই কৃষির শতকরা ৬০ ভাগ উৎপাদন কমেছে এই ১০ বৎসরে। কেন কমলো তার উত্তর এই বাজেটে নেই। মাঝে মাঝে সরকারের আওতার বাহিরে আলোচনা হয় কিন্তু সে আলোচনা ধাপ্পার জন্য হয় সেটা বুঝতে পারি, এই উৎপাদন কমেছে, অন্যদিকে আবাদযোগ্য জমির পরিমাণ বেড়েছে, সর্বভারতীয় ক্ষেত্রে ১০ বৎসরে শতকরা ৩ ভাগ আবাদযোগ্য জমি বেড়েছে, এবং এটা পশ্চিমবাংলাতেও বেড়েছে। আজ কোটি কোটি টাকা খরচ হচ্ছে নানা ব্যাপারে পরিকল্পনা হচ্ছে, এবং তার ফলে, অমরা এদিকে শতকরা ৬০ ভাগ উৎপাদন কম পাচ্ছি! আসলে যে জায়গায় মানুষগুলি আছে সে মানুষগুলির দিকে যদি তাকান না হয় তাহলে উৎপাদন বাড়াতে পারে না। এঁরা সেই মানুষগুলির দিকে তাকান ছাড়া আর সব কাজ করতে চান, বা রাজি আছেন। শিল্পে তাঁরা মালিকের লাভের দিকে চেয়ে দেখছেন। আমি কয়েকটা হিসাব আপনার মাধ্যমে রাখছি, গত ১৯৫০ সাল হতে ১৯৬১ এই ১১ বৎসরে সর্বভারতীয় কৃষি পণ্যের মূল্য বেড়েছে মাত্র শতকরা ১৩, আর চাষী যা কেনে শিল্পজাত দ্রব্য, তার মূল্য বেড়েছে ১০ বৎসরে শতকরা ২৭। এইভাবে শিল্পকে দিয়ে, শিল্পের মালিককে দিয়ে কেবল কৃষককে শোষণ করবার ব্যবস্থা করা হয়েছে; আর কিছু করা হয় নি। যদি ১৯৬০-৬১ সালের হিসাব দেখা যায় তাহলে দেখা যাবে যে কৃষিজাত পণ্যের হ্রাস হয়েছে ৩·১৬; অন্যদিকে চাল, লোহা প্রভৃতি জিনিষের দাম বেড়েছে ২·৮৫, চামড়া ৭·১০, সুতা ৩·৩। এইভাবে চাষী যা কিনে তার দাম বাড়ছে, কিন্তু তারা যা বিক্রী করে তার দাম সেই অনুপাতে বাড়ছে না বা তারা তা পাচ্ছে না। ক্যাপিটাল ফরমেশান একমাত্র লক্ষ্য। ইউনিয়ন মিনিস্টার মিসেস লক্ষ্মী মেনন পার্লামেণ্টে বলেছেন এগ্রিকালচার-এর যে ইনকাম তা গত দুই বৎসর ১·৪ পারসেন্ট কমেছে। তিনি অবশ্য স্বীকার করেছেন ইণ্ডাস্ট্রিতে গত ২০ বৎসর ৯·৫ পারসেণ্ট বেড়েছে। আজকে পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় একটা মারাত্মক কথার উল্লেখ করেছেন যা দেশের পক্ষে অত্যান্ত বিপজ্জনক। সেই সঙ্গে আমি আরেকটা কথা জানাতে চাই, খবরের কাগজে দেখা গেল প্রাইভেট ইণ্ডাস্ট্রিতে এতদিন যাঁরা প্রাইভেট ক্যাপিটেল এমালগেমেশন রাখতে পারত, এখন পাবলিক সেকটার প্রাইভেট যাঁরা

ক্যাপিটেল রাখতে পারবে, অর্থাৎ দালালী করে, এখানে প্রতিক্রিয়াশীলতার চক্রান্ত তৈরী করে তাদের জোটবাঁধার চেষ্টা এই হচ্ছে উদ্দেশ্য। একদিকে পাকিস্তানকে উস্কানি দিয়ে, অন্যদিকে ভারত মহাসাগরে সশস্ত্র বহর পাঠিয়ে তাঁরা যাতে আরো ভালভাবে দেশের অভ্যন্তরে ঢুকতে পারে তার ব্যবস্থা করা হচ্ছে। বলা হয়, কনসেনট্রেশন অফ ক্যাপিটেল কমাতে হবে। এই সম্পর্কে আমি বলতে চাই গত দশ বৎসর টোটাল ইনভেস্টমেন্ট হয়েছে ৪ হাজার ৯০০ লক্ষ ৯০০ শত কোটি, অর্থাৎ ২৫ পারসেন্ট প্রাইভেট ক্যাপিটেল বেড়েছে। আরো দেখুন স্যার, প্রাইভেট সেক্টার-এর শক্তি খর্ব করবার জন্য কোন চেষ্টা করা হয় নি। আজকে প্রাইভেট সেক্টার থেকে ৮০ পারসেন্ট এই ভাবে প্রাইভেট সেক্টারকে বাড়াবার চেষ্টা করা হচ্ছে। এই বাজেটে দেখছি, টাকা দেওয়া হচ্ছে, নতুন যে ইনভেস্টমেন্ট করা হচ্ছে ১৫ কোটি টাকা, তার মধ্যে কেন্দ্রীয় সরকার দেবেন ৬৩৭ কোটি টাকা আর সাধারণ ব্যাঙ্ক দেবে ৭৩৩ কোটি। এইভাবে প্রাইভেট ক্যাপিটেল-এর শক্তিবৃদ্ধির ব্যবস্থা করা হচ্ছে। আরো একটা মারাত্মক কথা, আজকে কয়লা ব্যবসা একটা সংকটের ভুবে এসে গিয়েছে। ইকনমিক রিভিউ-তে বলছে

"This was mainly due to the tempo of industrial production having slowed down.

কয়লার ব্যবহার কমে যাচ্ছে। আজকে সব জায়গায় ব্যাংকরাপ্টসি।

Shri Jyoti Basu:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় ৪।৫ শত মহিলা যারা জয়ায় কাজ করেন, কটেজ ইন্ডাস্ট্রী বিভাগে কাজ করেন, জয়ায় স্ট্রাইক চলছে ২ মাসের উপর, আজ পর্যন্ত মীমাংসা হল না তারা সবই বেকার বসে আছে। তাঁরা ১৪৪ ধারার বাইরে ডেপুটেশন-এ এসেছেন, তাঁরা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চান, একটা মেমোরেন্ডাম দিতে চান, তার একটা ব্যবস্থা যাতে হয়, তবে এ ব্যাপারে কিছু করা যাবে কি না এদিকে আমি আপনার মারফত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, লেবার মিনিস্টার তো এখানে নাই।

The Hon'ble Jagannath Kolay:

চীফ মিনিস্টার এখন কাউন্সীল এ আছেন, পরে এসে তিনি এ সম্বন্ধে বলবেন।

[3-40—3-50 p.m.]

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্থান মাহাত্ম্য বলে একটা কথা আছে, আজকে পাঁচুবাবুর ভাষণ শুনতে শুনতে সেই কথাই মনে হচ্ছে। চতুর ইংরাজ যখন এই বিধানসভা ভবন তৈরী করেছিল তখন এই রকম গোলাকৃতি করেছিল সেই জনাই এখানে যত গন্ডগোল হয়। অথচ তাদের যে পার্লামেন্ট ভবন সেটা দেখবেন চৌকো কেন না তারা খুব চৌকোশ লোক। মাননীয় পাঁচুবাবু বললেন যে জ্যোতিবাবুর একটি উক্তি আমি সমর্থন করেছি। কেন করবো না? জ্যোতিবাবু যদি ভাল কথা বলেন, পাঁচুবাবু যদি ভাল কথা বলেন নিশ্চয়ই আমরা সমর্থন করবো এবং পাকিস্তানের ব্যাপারে গঠনমূলক কথা যদি জ্যোতিবাবু কিম্বা অন্য কোন বাবু বলেন ত সেটা আমরা স্বীকার করে নিতে মোটেই লজ্জা পাই না। তবে মাননীয় পাঁচুবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই যে ঐ ধরণের কথা শুধু জ্যোতিবাবুই নয় অতুলাবাবু অনেক আগেই বলেছেন এবং তার উদ্ধৃতি যুগবাণী কাগজে উল্লেখ করেছে এবং তাকে সমালোচনা করা হয়েছে। আমি ভদ্রতার খাতিরে যেহেতু মাননীয় জ্যোতিবাবু এখানে তা উল্লেখ করেছেন আমি সেটা স্বীকার করে নিয়েছি এবং তাঁকে সে কৃতিত্ব দিয়েছি, আবার দেবো যদি তিনি ভাল কথা বলেন। এখন আজকে যে সমস্ত বিষয় নিয়ে আমরা আলোচনা করছি সেটা হচ্ছে যে আমাদের বাজেট কিরকম অবস্থায় হওয়া দরকার। কোন এক বৎসরের বাজেটকে আলাদা করে দেখা যায় না। সমস্ত দেশের অর্থনৈতিক

অবস্থার পরিপ্রেক্ষিতে, সমস্ত দেশের আন্তর্জাতিক এবং অভ্যন্তরীণ অবস্থার পরিপ্রেক্ষিতে এই বাজেটকে বিচার করতে হয়। কিন্তু এখানেও দেখছি সেই গোলের প্রভাব রয়েছে। যখন মাননীয় হরেকৃষ্ণ মহাশয় সেদিন বাজেট সম্পর্কে সমালোচনা করবার জন্য উঠেছিলেন, তিনি অনেক [illegible] কথা বলেছিলেন। আমি [illegible] অনেক প্রশংসা করেছি এখনও প্রকাশ্যে তাঁকে প্রশংসা করছি অনেকগুলো ভাল কথা [illegible] বলে। কিন্তু তিনি [illegible] প্রতি [illegible] এই [illegible] এই সমস্ত কথা [illegible] গিয়েছেন। কিন্তু ঘূর্ণাক্ষরেও তিনি ভাবেন নি [illegible] উল্লেখ করেন [illegible] যে [illegible] আমাদের দেশে এই যে দুরবস্থা [illegible] একটা বড় কারণ হচ্ছে চীনা কমিউনিস্টদের [illegible] সেকথা তিনি ঘূণাক্ষরেও [illegible] যে [illegible] যে সম্পাদকীয় বেরিয়েছিল [illegible] ১৯ [illegible] সালে [illegible] প্রকা[illegible]হেন,

'China and India have already suffered big and absolutely unjustified losses from the military clashes Suffice it to say that lately military spendings in India have grown almost four-fold They weigh heavily on the shoulders of the working people Additional taxes and levies have been imposed on the population' ...

কাজেই আজকে এই বর্ধিত দুরবস্থা যদি আমাদের দেশে কিছু হয়ে থাকে তার জন্যে ঐ চীনা কমিউনিস্টরাই দায়ী সেকথা একবারও উল্লেখ করলেন না মাননীয় হরেকৃষ্ণবাবু এবং পাঁচুবাবু। এবং তিনি বললেন গত বৎসর যখন এই নিয়ে আলাপ আলোচনা হয়েছিল [illegible] আগের বৎসর তখন আমি চীনা কমিউনিস্টদের সম্পর্কে এবং [illegible] চীনপন্থী যারা আছে, চীনা পন্থী যারা আছে, এদের বিরুদ্ধে দেশদ্রোহীর বিশেষণ [illegible] করেছিলাম। নিশ্চয়ই এখনও বলবো যে [illegible] দিনে আমাদের দেশের [illegible] দেশ[illegible] বিশেষণ [illegible] নেই। [illegible] পাঁচুবাবু, যদি [illegible] চীনা [illegible] এই কথাটি [illegible] কমিউনিস্ট পার্টির [illegible] নিয়ে [illegible] এবং [illegible] নেই [illegible] তিনি [illegible] নিতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা [illegible] যে [illegible] হয়েছে, [illegible] যে [illegible] ছিল, [illegible] তা [illegible] অর্থনীতি গড়ে উঠেছে। [illegible] ভুলনা [illegible] বসা গরুর গাড়ীর মত, তাকে নিয়ে যদি জেট প্লেনের উড়বার [illegible] করা যায় [illegible] সফল হবে না হতে পারে না। আমরাও দেখেছি যে চীনেও [illegible] চেষ্টা হয়েছিল, বৃহৎ উল্লম্ফন করেছিল, এখন তারা পশ্চাদপসরণ করছে গ্রেট লিপ ফরোয়ার্ড হয়ে গিয়েছিল গ্রেট লিপ ব্যাকওয়ার্ড। এটা আমরা দেখতে পাচ্ছি। সেইজন্য আজকে [illegible] অর্থনীতি বিপর্যস্ত হয়ে পড়ার দরুণ [illegible] সেই এক্সপ্যানশন বা সম্প্রসারণ [illegible] উপর [illegible] বেশী জোর দিয়েছে।

আমরা অনেক সমালোচনা শুনেছি—মৌলিকভাবে আমরা স্বীকার করে নিয়েছি গণতান্ত্রিক সমাজবাদের মধ্য দিয়ে আমরা দেশের পরিবর্তন আমরা করবো। এ নিয়ে অনেকেই ব্যঙ্গ বিদ্রূপ করেছেন—পাঁচুবাবু আজকে সেই কথা উল্লেখ করেছেন দক্ষিণ [illegible] দক্ষিণ পন্থীর ঝগড়া ইত্যাদি বলেছেন। একথা [illegible] সমাজবাদের [illegible] আদর্শ আমরা রেখেছি সমাজবাদের আদর্শ [illegible] লক্ষ্যে আমরা এখনও পৌঁছোতে পারি নি। ইকনমিক রিভিউতে যে সমস্ত কথা বলা আছে তাকে কি অস্বীকার করা যায়? প্রাইভেট ক্যাপিটেল কত বাড়ছে এইটা তিনি দেখালেন—যদি দেখাতেন যে স্টেটের যে ক্যাপিটেল রয়েছে তা কি হারে বেড়ে যাচ্ছে—তাহলে আমি তাঁর ন্যায়নিষ্ঠার প্রশংসা করতাম। এই বইটি রয়েছে তার ৩২ পাতায় দেখছি

"The rate of growth of company capital: it was 5.7 per cent. in 1961-62, rose to 21.2 in 1962-63. The rate was not same in both private and public sector companies. While public companies showed rise of about 24 per cent. in their Paid-up Capital in 1962-63, private companies recorded rise of only 13.7 per cent."

আজকে হচ্ছে এই অবস্থা। আমরা যখন সেই অর্থনীতি গ্রহণ করে নিয়েছি—তাতে প্রাইভেট এবং স্টেট ক্যাপিটেল এই দুটোই থাকবেই। এতে লজ্জার কি আছে। ও'রা যে চীন রাশিয়া ইত্যাদির কথা বলেন—তারা যখন মিশ্র অর্থনীতি গ্রহণ করেছিল—তারা দুটোই রাখতে চেষ্টা করেছিল। আমি একটি উদ্ধৃতি আপনার কাছে দিতে চাই—সেটা স্বয়ং চৌ-এন লাইয়ের উদ্ধৃতি যে কথা ওঁরা বেদবাক্য বলে স্বীকার করে নেন—সেটা হচ্ছে চৌ-এন লাই যখন ১৯৫৪ সালে ২৩ সেপ্টেম্বর তারিখে ঐ পিকিং ফার্স্ট ন্যাশনাল পিপ্লস কংগ্রেসের রিপোর্ট দিয়েছিলেন সেখানকার অর্থনীতি সম্পর্কে অবশ্য অনেক কথা বলেছিলেন—সেখান থেকে আমি একটি বা দুটি উদ্ধৃতি আপনার সামনে উপস্থিত করতে চাই—তিনি বলছেন কি করে প্রাইভেট ক্যাপিটেল-কে শেষ পর্যন্ত সোস্যালিজম করা যায়—তিনি বলছেন

"In the past few years we have already transformed a major section of capitalist industries into various forms of State Capitalist Enterprises. Judging from the trend of events the transformation of capitalist industries will be brought about chiefly through joint State and privately owned enterprises, the advanced form of State capitalism. Of great importance too is the inintermediate form of State capitalism in which the State places orders with privately owned enterprises for manufacturing and processing and marketing of their products. The importance of this lies in the fact that this form prepares the ground for joint operation by both State and private capital."

কাজেই আজকে যদি মিশ্র অর্থনীতির মধ্যে ঐ প্রাইভেট ক্যাপিটেলকে দেশের কাজে লাগাই এবং সেটা স্বদেশী ক্যাপিটেলই হোক আর বিদেশী ক্যাপিটেল হোক সেটা যদি আমরা দেশের উন্নয়ন কাজে লাগাই তাতে এই কমিউনিস্টদের কি বলবার আছে তা আমরা বুঝতে পারি না। এই মাত্র শোনা গেল বিদেশী মূলধন সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আমাদের ভারতবর্ষ বিদেশী মূলধন নিচ্ছে—আমেরিকার কাছ থেকে নিচ্ছে, আবার রাশিয়াও এখানে কলকারখানা করায় সাহায্য করছে—আরও আমরা অনেকের কাছ থেকে নিচ্ছি। আমরা নিজেদের দেশকে উন্নত করবার চেষ্টা করছি এই কারণে আমাদের বিদেশের কাছ থেকে মূলধন নিতে হচ্ছে। কারণ দেশে যদি মূলধন না ঠিক মত সৃষ্টি হয়—তা সৃষ্টি করতে গেলে আমাদের সঞ্চয় বাড়াতে হবে। কি করে সঞ্চয় বাড়াবো? এ'রাই তো বলছেন দেশের মানুষ দুবেলা খেতে পায় না—তাহলে সেই দেশের মানুষ কতটা সহ্য করতে পারবে—তাতে কি দেশের উন্নয়ন করা যাবে? সেই জন্য বিদেশ থেকে মূল ধন নিতে হয় এবং আমরা নিয়েছি। চীনও সোবিয়েট রাশিয়ার কাছ থেকে বহু কোটি টাকা ধার করেছে। চেকোশ্লোভাকিয়া প্রভৃতি অনেক দেশ থেকে সে ধার করেছে। কিন্তু এখন যা অবস্থা সেখানে বহু কোটি টাকার যন্ত্রপাতিও না'কি ধার করেছে।

[3-50—4 p.m.]

তাই নিয়ে আজকে গণ্ডগোল বেধেছে এবং চীন ও রাশিয়ার মধ্যে মুখ দেখাদেখি বন্ধ হবার উপক্রম হয়েছে। কাজেই বিদেশ থেকে মূলধন নেওয়া অন্যায় নয়। তবে এটাও আমরা স্বীকার করি যে বিদেশী মূলধন আসার দরুণ যদি সেইসব বিদেশী রাষ্ট্রগুলি আমাদের সমাজ ব্যবস্থাকে দাবিয়ে রাখার চেষ্টা করেন, আমাদের উপর সাম্রাজ্যবাদ প্রসার করবার চেষ্টা করে, এগুলি আমাদের বন্ধ করতে হবে এবং এই ব্যাপারে কমিউনিস্ট পার্টির সঙ্গে আমি একমত। যাহোক, এবারে আমি একটি উদাহরণ দিয়ে দেখাব যে আমরা ঠিক পথে চলেছি। ইংলন্ড এবং আমেরিকান সাম্রাজ্যবাদী শক্তিগুলি ভারতবর্ষকে অর্থ দিয়ে, নানা রকম কল কারখানা দিয়ে সাহায্য করেছে। কিন্তু যেহেতু আমরা গণতন্ত্র এবং সমাজবাদ গ্রহণ করেছি এবং বলিষ্ঠভাবে এগিয়ে যাচ্ছি সেহেতু এইসব সাম্রাজ্যবাদী শক্তিগুলি ভারতবর্ষকে বিশ্বাস করতে পারছে না এবং পাকিস্তানের সঙ্গে সহযোগিতা করে ভারতবর্ষকে দুর্বল করছে। কিন্তু আমাদের ভারতবর্ষের নেতারা সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে গিয়ে সমাজবাদ প্রতিষ্ঠিত করছেন। তবে শুধু এ'রাই নয়, চীনও সেই রকম পাকিস্তানকে দিয়ে ভারতবর্ষকে মারবার চেষ্টা করছে। অতএব আমাদের

াস্তা ঠিকই আছে। কিন্তু প্রশ্ন হচ্ছে সেই রাস্তায় যেতে গিয়ে আমরা ঠিকভাবে কাজ করছি কিনা? আমরা এখানে স্বীকার করছি এবং কেন্দ্রে কংগ্রেসের যাঁরা নেতৃস্থানীয় লোক রয়েছেন—অর্থাৎ দিল্লীতে যাঁরা রয়েছেন সেই সমস্ত জ্ঞানীগুণী লোকেরা সকলেই চিন্তা করেছেন যে, আমাদের এই রাস্তা ঠিক থাকলেও আমাদের অগ্রগতির মূলে অনেক ত্রুটি-বিচ্যুতি রয়েছে। তবে আশার কথা যে, আমরা এগুলি ধীরে ধীরে দূর করে লক্ষ্যে পৌঁছাতে পারব। তাতে অবশ্য সময় লাগবে। আমাদের যে সমস্ত সরকারী প্রতিষ্ঠান গড়ে উঠেছে, যে সমস্ত সরকারী সংস্থা গড়ে উঠেছে তাতে যে ত্রুটি-বিচ্যুতি আছে তার কারণ হচ্ছে আমাদের অভিজ্ঞতা কম। স্যার, চৌ-এন লাইও একই কথা বলেছেন। তিনি বলেছেন,

"Transformation of capital industry and commerce is a process involving both struggle and attention. To make a good job of it we need to accumulate more experience."

আমাদের এই ১৫ বছরে যে অভিজ্ঞতা হয়েছে সেটা কি এতই পর্যাপ্ত যে, এই সমস্ত ইণ্ডাস্ট্রিগুলোকে আমরা রাতারাতি গড়ে তুলব এবং রাতারাতি সমস্ত কাজ করে ফেলব? ইংলণ্ডও সেটা করতে পারেনি। ইংলণ্ডে যখন ন্যাসনালাইজড ইণ্ডাস্ট্রি হয়েছে তখন তাঁরা সম্পূর্ণ সফল করতে পারেন নি। আমার কাছে একটা বই রয়েছে লেসনস্ অফ পাবলিক এণ্টারপ্রাইস্, এটি লিখেছেন মাইকেল স্যাংক্স। তিনি বলেছেন ইংলণ্ডে যে সমস্ত পাবলিক এণ্টারপ্রাইস হয়েছে সেগুলি ঠিকভাবে চলছে না এবং তার মধ্যে অনেক ত্রুটি-বিচ্যুতি রয়েছে। আমি একটি উদ্ধৃতি শোনাচ্ছি,

"The nationalised industries themselves have been expected to do mutually contradictory things and their leaders have been given far too little guidance on how they should conduct themselves and what they should aim for. This air of improvization, this lack of any detailed guidance on the role of nationalised industries in a predominently privately owned economy, has done immense harm. It has led to loss of public money. It has weakened the morale and initiative inside the nationalised industries."

তাহলে দেখুন যাঁরা আমাদের চেয়ে রাজ্য শাসনের ব্যাপারে বহুদিনের অভিজ্ঞ সেই ইংরেজ, যাঁরা নানাভাবে ব্যবসা-বাণিজ্য করছে সেই ইংরেজ নিজেদের দেশে ন্যাসনালাইজড ইণ্ডাস্ট্রি চালাতে গিয়ে নিজেদের ত্রুটি-বিচ্যুতির কথা অকুণ্ঠভাবে স্বীকার করছে।

কাজেই আমি বলি এখানে যে ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি অভিজ্ঞতার সঙ্গে সঙ্গে নিশ্চয়ই আমরা দূর করবো এবং সেই আশা নিয়ে আমাদের অগ্রসর হতে হবে। বাস্তবিক আজকের দিনে ভাববার কথা হচ্ছে সব থেকে বেশি এই যে আমাদের দেশে বেকার সমস্যা রয়েছে যার কথা অনেকে বলেছেন, তার জন্য আমাদর নিশ্চয়ই চিন্তা করতে হবে কিভাবে কর্ম সংস্থান বাড়াতে পারি। এ সম্বন্ধে আমাদের বন্ধু অনাদি দাস মহাশয় বলেছেন এই বেকার সমস্যা সমাধান হচ্ছে না তার কারণ হচ্ছে পুঁজিবাদী রাষ্ট্র, সেজন্যই বেকার সমস্যার সমাধান হচ্ছে না। তিনি আর সি পি আই-এর মেম্বার, জানি না তিনি চৌ-এন লাইয়ের ভক্ত কি না, আমি তাঁর কথা উল্লেখ করলে নিশ্চয়ই তিনি আপত্তি করবেন না, সেই রিপোর্টের মধ্যে তিনি বলেছেন সেই একই কথা পুরানো দিনের কথা- সিভিয়ার

unemployment inherited from Old China

আমাদের দেশেও সেই অবস্থা বলতে পারি। তার পর তিনি বলেছেন

However, since our country's production has yet to be developed and since it has a large population, unemployment will remain a problem for a comparatively long period and we shall continue the policy which has proved effective for the past few years to solve this problem step by step."

আপনি এখানে লক্ষ্য করুন তিনিও সেই লার্জ পপুলেশনের কথা উল্লেখ করেছেন, আমরা যখন জনসংখ্যার কথা বলি তখন ও পক্ষ থেকে হাসাহাসি সুরু হয়ে যায়, যখন আমরা ইংরেজ শাসনের

কথা বলি তখন ও পক্ষ থেকে হাসাহাসি সুরু হয়ে যায়। যখন আমরা বলি ধীরে ধীরে বেকার সমস্যা দূর হবে, স্টেপ বাই স্টেপ দূর হবে তখন ও পক্ষ থেকে হাসাহাসি সুরু হয়ে যায়। তাই আমি বলি আমাদের যে ত্রুটি-বিচ্যুতি আছে তার জন্য হতাশার কোন কারণ নেই। বিপ্লবের কথা বার বার শোনান হয় কিন্তু ইতিহাসের ছাত্র হিসাবে আমি এটা বলতে পারি, বিপ্লব কখনও হতাশার মধ্য দিয়ে সম্ভব হতে পারে না, মানুষকে বলিষ্ঠ আদর্শ নিয়ে অগ্রসর হতে হবে, তবে বিপ্লব সৃষ্টি হতে পারে, যে পথে আমরা অগ্রসর হয়েছি, যে পথ আমরা বেছে নিয়েছি, তাতে আমরা সফল হব। ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি আমাদের দূর করতে হবে. আমরা যে লক্ষ্যে পৌঁছুতে পারিনি তার জন্য আমাদের লজ্জার কোন কিছু নাই। কমিউনিস্টরা বলছেন তাঁরা কমিউনিজমের রাস্তায় চলেছেন। ক্রুশ্চেভ সাহেব রোড টু কমিউনিজম্ বলে যে বই লিখেছেন তাতেও তিনি বলেছেন যে কমিউনিজমের রাস্তায় তাঁরা চলেছেন এবং সেই রাস্তা নিয়ে তাঁরা মারামারি করছেন, সেখানে দক্ষিণ পন্থীর সঙ্গে দক্ষিণ পন্থীর মারামারি নয়, কমিউনিজমে কমিউনিজমে মারামারি সুরু হয়ে গেছে। কবে যে তাঁরা কমিউনিজমে পৌঁছুতে পারবেন তা ঠিক করে বলতে পাচ্ছেন না, ১৯৮০ সালেও হতে পারে আবার দু হাজার খৃষ্টাব্দেও হতে পারে তেমনি আমরা যে পথ বেছে নিয়েছি, লক্ষ্য আমরা যা সামনে রেখেছি তাতে অগ্রসর হতে গিয়ে হয়ত হোচট খেতে পারি, ভুল ভ্রান্তি হতে পারে কিন্তু যদি আমাদের লক্ষ্যে আমরা স্থির থাকি তাহলে নিশ্চয়ই আমরা সেই লক্ষ্যে পৌঁছুতে পারবো। সেদিক দিয়ে দেখলে আমাদের সামনে যে বাজেট উপস্থিত হয়েছে তাকে আমরা সমর্থন করি।

শ্রীঅপূর্বলাল মজুমদারঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বাজেটের যে প্রতিক্রিয়াশীল নগ্ন চেহারা আমরা দেখলাম ঠিক তেমনি বিভিন্ন জায়গায় সাম্প্রতিককালে সরকার তরফ থেকে যে ধরনের নগ্ন চেহারা আমরা দেখেছি সে দুইটি এক সঙ্গে মিল খেয়ে যায়। আমি আপনার মাধ্যমে, সাম্প্রতিক কালে যে সমস্ত ঘটনা ঘটেছে তা আমাদের চোখের সামনে এসেছে, বিস্তৃত অঞ্চলে আমি ঘুরে নিজে দেখেছি, শুনেছি, আমি তাদের কতকগুলি কাহিনী আপনার মাধ্যমে অন্যান্য সদস্যদের গোচরে আনতে চাই। ডেপুটি স্পীকার মহাশয়, আমি কয়েকদিন ধরে বাগদা বনগাঁ অঞ্চলে, গাইঘাটা অঞ্চলে, ইত্যাদি অঞ্চলে ঘুরে দেখেছি। দেখেছি যে এই সমস্ত জায়গায় যাঁরা বিশিষ্ট লোক বলে নিজেদের পরিচয় দেন এবং কংগ্রেস এর সাথে সংশ্লিষ্ট রয়েছেন তাঁরা কিভাবে দাঙ্গার সুযোগ নিয়ে নিরীহ মানুষদের উপর অত্যাচারের বন্যা চালিয়েছে। আমি আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয় হাউসে এখানে উত্থাপন করেছিলাম গাইঘাট কয়া গ্রামের একটি কাহিনী এবং সেই কাহিনী যখন সদস্যদের কাছে উত্থাপন করছিলাম আপনার মাধ্যমে তখন অত্যন্ত মর্মবেদনা নিয়ে লক্ষ্য করলাম যে এ বিষয়ে কোন তদন্ত না করে মুখ্যমন্ত্রী মহাশয় নিজে দাঁড়িয়ে বললেন- আমি অনুসন্ধান করে দেখেছি এগুলি সম্পূর্ণ অসত্য।

[4—4-10 p.m.]

অত্যন্ত মর্মবেদনা নিয়ে আমি যোগাযোগ করে দেখলাম যে মুখ্যমন্ত্রী নিজে ওখান থেকে পুলিশ পাঠিয়েছেন যারা সেখানে গিয়ে ছোট্ট কিশোরী মেয়ের উপর ভয় দেখিয়ে, তার বৃদ্ধ চাষী পিতাকে ভয় দেখিয়ে তার কাছ থেকে অসত্য কথা জোর করে অন এ পয়েন্ট অফ মেম্বার লিখিয়েছেন। এটা অত্যন্ত গুরুতর বিষয় বলে আমি অত্যন্ত জোরের সঙ্গে অত্যন্ত মর্মবেদনা নিয়ে আমি আপনার কাছে উত্থাপন করলাম। কিন্তু বাংলাদেশের মুখ্যমন্ত্রীর কাছে যে ধরনের উত্তর পেলাম তাতে সমস্ত পশ্চিমবাংলার নারী সমাজ, সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন সাধারণ মানুষ অত্যন্ত মর্মাহত হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি গিয়ে দেখলাম সেখানে আবার নূতন করে সন্ত্রাসের রাজত্ব চলছে। সেখানকার কয়া গ্রামকে আই বি সি আই ডি-র লোকেরা ঘিরে রেখেছে—তাদের সঙ্গে যোগাযোগ করার কোন উপায় নেই। বাহিরে থেকে যাঁরা তাদের সঙ্গে দেখা করতে যাবেন তাঁদের পথ রুদ্ধ এবং শুনেছি পশ্চিমবাংলার অন্যতম জননায়ক শ্রীসৌমেন ঠাকুর ওখানে যাবার চেষ্টা করেছিলেন, তাঁর পথেও বাধা সৃষ্টি করেছিল। আমারও উপায় ছিল না আবার সেখানে গিয়ে নূতন করে অনুসন্ধান করা। কিন্তু আই বি সি আই ডি-র বেড়াজাল দিয়ে সেই গ্রামকে ঘেরার ফলে প্রকৃত তথ্য যোগাড় করার পথে সেদিন বাধা সৃষ্টি

হয়েছিল। যাই হোক, সেখানকার সাধারণ মানুষ সেদিন এগিয়ে এসে সেই পুলিশ বেড়াজাল ভঙ্গ করে সেই মেয়েটি ও তার বৃদ্ধ পিতাকে কোলকাতায় নিয়ে এসেছিল। তারপর আমরা আশা করলাম যে এই ঘটনার পর যে সাইন্ড স্টেটমেন্ট আমি এখানে পেশ করলাম তাতে মুখ্যমন্ত্রী হয়ত জানেন এবং আইন সম্পর্কে যার সামান্য জ্ঞান আছে তিনিও জানেন যে যদি কোন ভিকটিম গার্ল কোন স্টেটমেণ্ট করে নিজের দায়িত্বে তাহলে সঙ্গে সঙ্গে সেই স্টেটমেণ্ট একটা এফ আই আর-এ পরিণত হয় এবং একটা পুলিশ কেস-এ রূপান্তরিত হয় কিন্তু সেই সাইন্ড স্টেটমেন্ট থাকা সত্ত্বেও তাকে অসত্য বলে উড়িয়ে দিয়ে যে হীন এবং পৈশাচিক কাজ কয়েকজন কনস্টেবল করেছেন সেটাকে পরোক্ষ সমর্থন জানিয়ে সেই ক্রাইম-কে চাপা দেবার একটা চক্রান্ত চলছিল। সেজন্য আমি তার বিরুদ্ধে এখানে প্রতিবাদ করেছিলাম এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। স্যার, সেই বৃদ্ধ পিতা এবং তাঁর নাবালিকা কন্যা এখানে এসেছেন এবং তাঁরা অত্যন্ত ব্যথিত হৃদয়ে সরকারের কাছে ন্যায্য বিচার প্রার্থনা করেছিলেন। সেই বিচার জানি না তাঁরা করবেন কি না অন্ততঃ এটুকু লক্ষ্য করছি যে মানবতার দৃষ্টিভঙ্গী নিয়ে এদিকে লক্ষ্য করা উচিত ছিল, কিন্তু সরকারের তরফ থেকে তাঁরা উদাসীনতার সঙ্গে মানবতাহীন এবং বিবেক-হীনতার সঙ্গে এ বিষয়ে বিচার বিশ্লেষণ করে সম্পূর্ণভাবে তাঁরা এড়িয়ে গেলেন এবং ন্যায্য বিচারের জন্য একটা বালিকার কণ্ঠস্বরকে তাঁরা রুদ্ধ করলেন এই বিধানসভার কক্ষের মধ্যে তাদের বক্তব্যের মধ্য দিয়ে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একজন মাননীয় সদস্য বলেছেন যে অন্যান্য দেশের ঘটনায় যেখানে মুখ্যমন্ত্রী এতবড় একটা পৈশাচিক ব্যাপারকে চেপে দেবার চেষ্টা করছিলেন, অসত্য ভাষণের মধ্য দিয়ে যে ব্যথা বেদনা চেপে দেবার চেষ্টা করছিলেন অন্য জায়গা হলে -প্রফুমো ব্যালারের উদাহরণ এখানে উত্থাপন করে বলেছেন অন্ততঃ নিজেকে ক্লিন রাখার জন্য, গণতান্ত্রিক মর্যাদা প্রতিষ্ঠা করার জন্য হাউসে মিসলেড করেছেন এই সত্য কথাকে স্বীকার করে না নিয়ে তাতে তাঁর এখান থেকে সরে যাওয়া উচিত ছিল। কিন্তু সেই মরালিটি আমরা আশা করিনি। অর্থাৎ সরকারের কাছ থেকে অতখানি মরালিটি, অতখানি সৎসাহস, গণতান্ত্রিক ঐতিহ্য, অতখানি মহত্ব প্রকাশ করা আমরা আশা করি নি। যাই হোক, সেটা ইতিহাসের পাতায় অন্ততঃ লেখা থাকবে। স্যার, আমি আপনার কাছে আরও একটা ঘটনা উল্লেখ করছি, সেটা হল বাগদা থানা সম্পর্কে। আমি কয়েকদিন আগে বাগদা থানা গিয়েছিলাম এবং সেখানকার কয়েকটি গ্রাম আমি ঘুরে দেখেছি। বিশেষ করে যে কয়েকটা গ্রামে আমি গিয়েছিলাম এবং সেখানকার নরনারীদের সঙ্গে আমি মেশবার সুযোগ পেয়েছি সে সমস্ত গ্রাম হল বলিদাপুর, রানীহাটি, স্কুদা, অটলঘাটা, সিন্দ্রানী, কুমারখালি, পারকৃষ্ণচন্দ্রপুর, ঘাটপাতিলা ইত্যাদি। সেই সমস্ত গ্রামের আবালবৃদ্ধ বিভিন্ন জনসাধারণ নরনারী যারা হাতের ক্ষতচিহ্ন নিয়ে আমার কাছে চোখের জল ফেলে বেদনার কথা জানিয়েছে তাদের প্রতি আমি দেখেছি কিভাবে অমানুষিক সন্ত্রাসের রাজ এই পর্যন্ত বাগদা থানা এলাকায় চলছে।

অথচ অবাক এখানে বসে কেমন নীতিগত ভাবে সুন্দর বক্তৃতা দিয়ে চালিয়ে যাচ্ছেন। এখানে বসে শান্তি শৃঙ্খলার কথা বলছেন। গ্রামে যে সন্ত্রাসের রাজত্ব চলেছে গ্রামের সাধারণ মানুষের উপর যে নির্যাতন এবং জুলুম চলেছে তা বন্ধ করবার কোন প্রচেষ্টা আমি দেখিনি। আমি দেখেছি সেই বালিদাপুকুর গ্রামে কারণ তার কথাই আমার বিশেষ করে মনে পড়ে। সেই মালিদাপুকুর গ্রামের সংখ্যালঘু সম্প্রদায়ের যে মানুষ রয়েছে, তাদের রক্ষা করবার জন্য সেখানে নিরীহ সংখ্যাগুরু সম্প্রদায়ের মানুষকে কি কঠোরভাবে তাদের বাঁচিয়েছে সমস্ত ক্ষয়ক্ষতির হাত থেকে। আমি সে গ্রামে পৌঁছবার সঙ্গে সঙ্গে মালিদাপুকুর গ্রামের মুসলমানরা আমার কাছে লিখিতভাবে দরখাস্ত দিলেন, ১০ জন মুসলমান- ওখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ—যারা ছিলেন তারা হলেন আকছার আলী মণ্ডল, বেলেডাঙ্গা বজলে, রহমান মন্ডল, মোঃ মেনাজুদ্দিন মণ্ডল, মোঃ আজ্বর রহমান মন্ডল, কেরামতআলী মন্ডল, রশনআলী মণ্ডল, দেদারবক্স তরফদার, নইমুদ্দিন মণ্ডল চেরামুদ্দিন মণ্ডল। তারা লিখে জানালেন আমার কাছে যে আমাদের এরা আশ্রয় দিয়েছে, এবং তারা সেটা লিখিতভাবে দিলেন এই কথা যে, ঐ মালিদাপুকুর গ্রামের উপেন্দ্রনাথ সমাজদার, তিনি তাঁর বাড়ীতে দাঙ্গার সময় আশ্রয় গ্রহণ করেছিলেন এবং আমাদের মালপত্র তাঁর কাছে তুলে দিয়েছি, দাঙ্গাহাঙ্গামার শেষ হয়ে গেলে পরে সমস্ত মালপত্র পাঠিয়ে দিয়েছে, এবং তা না হলে আমাদের জীবন এবং সম্পত্তি রক্ষা হত না এই কথা লিখিতভাবে আমার

কাছে দিয়েছেন। ঐ বালিদাপুকুর গ্রামের যে পাশের গ্রাম বালিদাপুকুর সেখানের ১০ জন মুসলমানও বলেছে। কিন্তু দুঃখের, বেদনার এবং লজ্জার কথা যে যারা আশ্রয় দিল সেই উপেন্দ্রনাথ সমাজদারের বাড়ীতে ঢুকে তার উপর পুলিশ নির্মম নির্যাতন চালিয়েছে। শুধু তাই নয়, এই উপেন্দ্রনাথ সমাজদার যিনি আশ্রয় দিয়েছিলেন মুসলমানদের তাঁরা লিখেও দিয়েছেন সে সব কথা তার বাড়ী থেকে ৩০০ মণ ধান এবং অন্যান্য জিনিষপত্র, মহিষের গাড়ী, ১,৪০০ টাকা, সোনার আংটি, ঘড়ি, পাটবীজ—এই সমস্ত সম্পত্তি লুঠ করে নিয়ে গেলে আমাদের জানান। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, পুলিসকে সিজার লিস্ট করতে হয় যদি কোন জায়গা থেকে মাল ধরে নিতে হয়, ক্রিমিন্যাল প্রসিডিওর কোড-এ একথা বলে যে, তাদের একটা সিজার লিস্ট তৈরী করতে হবে এবং ঐ সিজার লিস্ট-এর একটা কপি ঐ মালিকের হাতে দিতে হয়। কিন্তু এখানে কোন সিজার লিস্ট তৈরী করার প্রশ্নই নেই। পুলিস লুণ্ঠন করে নিয়ে গেছে। কোথায় মাল নিয়ে গেছে তার কোন চিহ্ন নেই। আমি সেখানকার স্থানীয় মুসলমানদের কাছ থেকে আরও চিঠি পেয়েছি যে, দ্বিজবর মণ্ডল বিশ্বাস বলে এক ভদ্রলোক তিনি সেখানে মুসলমানদের আশ্রয় দিয়েছিলেন, বোধ হয় কংগ্রেস সরকার সেই অপরাধে তার বাড়ী আক্রমণ করে পুলিস দিয়ে তার সমস্ত সম্পত্তি তছনছ করে। তার গোলার ধান এবং অন্যান্য ফসল সেখান থেকে কেড়ে নিয়ে গেছে। এই যদি হয় সেখানকার সংখ্যালঘু সম্প্রদায় মুসলমানদের আশ্রয় দিলে—যে মুসলমানরা বলে আমাদের জীবন এরা ছাড়া রক্ষা হ'ত না, সেই সমস্ত পরিবারকে বেছে বেছে এইভাবে নিষ্ঠুর প্রহার করে তার সম্পত্তিকে লুণ্ঠন করার কি অধিকার আছে—এই প্রশ্ন জানতে চাই। মুখ্যমন্ত্রীর কাছ থেকে। এই প্রশ্ন করি মাননীয় সদস্যদের কাছে যে এর উত্তর দিন। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, তাদের কাছ থেকে যে সমস্ত অভিযোগপত্র পেয়েছি সে অভিযোগপত্র এখানে উত্থাপন করবার উপায় নেই, কিন্তু সেখানকার ৮ জন মহিলা লিখিতভাবে দিয়েছেন—সেই বালিদাপুকুর গ্রামের যে কিভাবে তারা নির্যাতিত এবং নিগৃহীত হয়েছে। আমি দেখেছি রানীহাটি গ্রামের সেখানকার মুসলমানরা তাদের গায়ের ক্ষত চিহ্ন নিয়ে চোখের জল নিয়ে আমাদের কাছে এসেছেন। সে গ্রামে যত মুসলমান সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত লোক ছিলেন তাদের বাড়ীঘর ক্ষতিগ্রস্থ হয় নি। দাঙ্গার সময় বুক দিয়ে রক্ষা করেছে, তাদের সব আশ্রয় দিয়েছে। কিন্তু সেই রানীহাটি গ্রামের উপর সংখ্যাগুরুর উপর নির্মম অত্যাচারের কাহিনী আমাদের কাছে লিখিতভাবে সংখ্যালঘু এবং সংখ্যাগুরু সম্প্রদায়ের মানুষ আমাদের কাছে দিয়েছে। সেখানে আঁতুড়ে যে মা আছে—যিনি ৬।৭ দিন আগে সন্তানের মাতা হয়েছেন, সেই আঁতুড় ঘরে ঢুকে নির্মমভাবে, নিষ্ঠুরভাবে প্রহার করেছেন, এবং তার গায়ে আজও সে ক্ষতচিহ্ন রয়েছে। ৮০ বৎসরের শোভা পাণ্ডে—যার উপর নির্মম, নিষ্ঠুর অত্যাচার হয়েছে। তিনি আজ নড়তে পারেন না। দেখেছি লাইসেন্স করা রেডিও তার সে মালিক, তার কাছ থেকে তা ছিনিয়ে নেওয়া হয়েছে, কোন রকম রিসিপ্ট দেওয়া হয় নি। আজও সে সমস্ত গ্রামে কাঁগা অঞ্চলে আমি দেখেছি নির্মম, নিষ্ঠুর অত্যাচারের চিহ্নগুলি জেগে আছে, মানুষের গায়ে ক্ষতচিহ্ন জাগ্রত অবস্থায় রয়েছে। আমি তাই মুখ্যমন্ত্রীকে—যিনি পুলিস মন্ত্রীও বটে, তাঁকে এই নির্মম, নিষ্ঠুর অত্যাচারের প্রতিবাদ করছি।

[4-10—4-20 p.m.]

এবং একথা আমি বলতে চাই এখানে যে, সংখ্যালঘুদের আমাদের বাঁচাতে হবে একথা ঠিক এবং আমরা জীবন দিয়ে তাদের রক্ষা করবো, যে গণতান্ত্রিক অধিকার তাদের আছে, আর্টিকল ১৪ অফ দি কনস্টিটিউশন-এ যে সমস্ত নাগরিকদের যে অধিকার আছে সেই অধিকার নিয়ে তাদের বাঁচাতে হবে, সকলের আগে আমরা জানি যে তাদের রক্ষা করতে হবে কিন্তু যারা রক্ষা করতে যায়, শান্তির সেনা যারা এই হাঙ্গামার সময় যারা সুস্থ সবল দেহে, সুস্থ মস্তিষ্কে বিবেক নিয়ে এগিয়ে এসে তাদের রক্ষা করেছিল দাঙ্গার হাত থেকে তাদের উপর এই নির্মম, নিষ্ঠুর এবং পৈশাচিক অত্যাচারের যে কলঙ্ক লেপন করেছেন সারা দেশবাসী সেইজন্য আমি ধিক্কার জানাই এই কংগ্রেস সরকারকে এবং যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেটের মধ্যেও সেই একই প্রতিক্রিয়াশীল চেহারা, জনস্বার্থ-বিরোধী যে চেহারা তার জন্যই আমার বাজেটের বিরুদ্ধে এই বক্তব্য।

শ্রীদেবেন্দ্রনাথ মাহাতো: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের এই ১৯৬৫-৬৫ সালের ব্যয়বরাদ্দের সমর্থনে দু'-চারটি কথা বলতে চাই। বর্তমানে যে বাজেট আমাদের বিধানসভায় পেশ হয়েছে তা আশাব্যঞ্জক এবং আমাদের ভবিষ্যতে যে অগ্রগতির পথে যাচ্ছে তার একটা সূচনা আমরা এই বাজেট থেকে দেখতে পাই। আজ আমরা যদি দেখি, ১৯৪৮-৪৯-এ যখন আমাদের এই পশ্চিম বাংলার রেভিনিউ-এর আয় ছিল ৩২ কোটি তখন আমাদের খরচা হয়েছিল রেভিনিউ থেকে ২৯ কোটি এবং এখন ১৯৬৪-৬৫ সালে রেভিনিউ থেকে আয় হচ্ছে ১৩৬ কোটি, খরচ হচ্ছে ১৩০ কোটি। কাজেই আমাদের এই পশ্চিম বাংলায়, আপনি জানেন স্যার, এখনি আমাদের মাননীয় সদস্য বললেন, অপূর্বলালবাবু যে, দেশে আমাদের বহুরকম সমস্যা আছে, যে সমস্যা আজ স্বাধীনতার পর থেকেই পশ্চিমবঙ্গ সরকারকে, রিফিউজি থেকে আরম্ভ করে রায়ট এবং খাদ্য আন্দোলন, বহু আন্দোলনের সম্মুখীন হয়ে, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে যেখানে এই রকম বহু সমস্যা, তার সম্মুখীন হয়ে, মাননীয় বিধানচন্দ্র রায় মহাশয় এখন আর নেই, তাঁর নেতৃত্বে এবং বর্তমানে আমাদের যিনি মুখ্যমন্ত্রী রয়েছেন তাঁর নেতৃত্বে এবং এই কংগ্রেস সরকারের বলিষ্ট শাসনে তবু আজ আমাদের এই সরকার জনকল্যাণের কাজে অগ্রগতির পথে চলেছেন। কে কি লাভ করেছেন আমাদের সরকার সে সম্বন্ধে আমি দু'-চারটা কথা বলি। আমার নিজের কথা নয়, এখানে বাজেটে আমরা দেখতে পাই, প্ল্যানিং কমিশনের রিপোর্ট অনুসারে, এ্যানেকশিয়ার ২-তে বলেছে যে, "বেঙ্গল পারফর্মেন্স ইজ দি বেস্ট"। কেন? না, কস্ট অব পার্সেন্টেজ সমস্ত ইন্ডিয়ায় যত স্টেট আছে সেই সমস্ত স্টেটের খরচের তুলনা করলে দেখা যাচ্ছে যে, বাংলা দেশের যে স্টেটমেন্ট, যে দিয়েছেন উনি ১৯৬০-৬১-র যা খরচা ছিল, স্টেটস অ্যান্ড ইউনিয়ন টেরিটোরি আউট-লে—২৫০, তার পার্সেন্টেজ হচ্ছে ৬৮·৭, অ্যাট পার্সেন্টেজ কলাম ২, কাজেই সমস্ত ভারতবর্ষে যত স্টেট আছে তার থেকে তুলনা করে দেখলে তাতে দেখা যাচ্ছে যে, প্ল্যানিং কমিশনের রিপোর্ট অনুসারে দি অ্যাচিভমেন্ট অব দি ওয়েস্ট বেঙ্গল ইজ দি বেস্ট। তারপর বলি কেন এটা আশাব্যঞ্জক। এটা আশাব্যঞ্জক এই কারণে, আমরা এই বাজেটের মধ্যে দেখতে পাই যে, সরকার আমাদের এই সরকারী কর্মচারী যাদের বেতন ৩০০ টাকা পর্যন্ত তাদের ডি-এ দেবার প্রস্তাব করেছেন। ১৫০ টাকা পর্যন্ত যাদের বেতন তাদের ৫ টাকা, আর ৩০০ টাকা পর্যন্ত যাদের তাদের ১০ টাকা। হয়ত বিরোধীপক্ষ এবং আমরাও চিন্তা করেছি যে, এটা কম, তবু এইটুকু দেওয়াতেও গভর্নমেন্টের যে কত টাকা খরচ হচ্ছে তার হিসাবটা দেখলেই আমরা বুঝতে পারি। কথা হচ্ছে, দেখুন যে ৫ টাকা করে দেওয়া হচ্ছে শিক্ষকদের, গভর্নমেন্ট এডেড স্কুল টিচার্স, প্রাইমারি অ্যান্ড সেকেণ্ডারি স্কুলস, তার জন্যই আড়াই কোটি টাকা এবং শুধু তাই নয়, আবার যারা গভর্নমেন্ট এমপ্লয়ীজ আছে, তাদের চিকিৎসার জন্য যারা কম বেতনের সরকারী কর্মচারী তাদের বাড়িত অসুখ-বিসুখ হলে ভয়ঙ্কর বিপদে পড়ে তারা, তাদের জন্য আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে টাকা বরাদ্দ করেছেন এবং তাদের ছেলেমেয়েদের চিকিৎসার জন্য যে টাকা বরাদ্দ করেছেন সে তো কম নয়, প্রায় দেড় কোটি টাকার মত। আমরা হয়ত বলছি যে, মাত্র ৫ টাকা, কিন্তু সমস্ত টিচারসকে দিতে গেলে আড়াই কোটি টাকা খরচা হবে বাস্তবিক আরও বেশি হওয়া উচিত ছিল। কিন্তু তাও যে সরকার এই সামান্য অর্থের মধ্যে আর এইরকম সমস্যাসঙ্কুল প্রদেশের সমস্ত সমস্যার সমাধান করতে করতে এদিকটাও যে মনে রেখেছেন, তার জন্য তাঁদের আমরা ধন্যবাদ না দিয়ে থাকতে পারি না।

তিনি সরকারী কর্মচারীদের সন্তানদের জন্য পেনসন-এর কথাও চিন্তা করছেন, এটা সমীচীন হয়েছে বলে মনে করি। অনেক টেম্পোরারি চাকরিওয়ালা আছেন, তাঁরা পেনসন পান না। আমাদের অর্থমন্ত্রী এদিকেও লক্ষ্য রেখেছেন এবং বাজেটে তাঁদের জন্য ব্যবস্থা করেছেন। ন্যাক্সেশন সম্বন্ধে বলতে গেলে, ইকনমিক রিভিউ এই বইটা পড়লে দেখা যায়, এবং তার মধ্যে যেসমস্ত স্ট্যাটিসটিকস আছে তা থেকে দেখা যায় যে, আমাদের সরকার জনকল্যাণমূলক কাজের দিকেই বেশি নজর দিয়েছেন। এই বইয়ের পেজ যদি দেখি তাহলে দেখব যে, আমাদের পশ্চিমবঙ্গে নেশন বিল্ডিং কাজের জন্য পাবলিক বেনিফিট-এর জন্য খরচ অন্যান্য অনেক স্টেটের চেয়ে অনেক বেশি, আমাদের ওয়েস্ট বেঙ্গল-এ পার ক্যাপিটা যে টেনেশন হয় তার থেকে খরচ করা হয় অনেক বেশি। এটা আমাদের গর্বের কথা। শুধু তাই নয়, এগ্রিকালচার-এর

দিকে যদি আমরা তাকাই তাহলে আমরা দেখব, আজকে আমাদের পশ্চিমবঙ্গে কৃষিসমস্যা একটা বিরাট সমস্যা, আমাদের পশ্চিমবঙ্গের অভাব-অনটন অনেক বেশি, যাতে করে কৃষি-উৎপাদন বৃদ্ধি পায়, তার জন্য আমাদের সরকার সিড সাপ্লাই করছেন, ম্যানিওর দিচ্ছেন, এবং আজকে আমাদের পশ্চিমবঙ্গে ফলন পূর্বাপেক্ষা বেড়েছে বটে, এবং এই বিষয়ে আমাদের নিরাশ হবার কোন কারণ নাই, কিন্তু একটা কথা আমি এখানে বলব যে, আমাদের যতটা উন্নতি হওয়া উচিত ছিল ঠিক ততটা হয় নি, আরও হওয়া উচিত ছিল। আমাদের গভর্নমেন্ট মেসিনারি যেভাবে চালনা করা হয় তার জন্য অনেক সময় আননেসেসারি ডিলে হওয়ার জন্য অনেক ক্ষেত্রে পাবলিক ডেভেলপমেন্ট ওয়ার্ক সুচারুভাবে সম্পন্ন হতে পারে না। বিভিন্ন ডিপার্টমেন্ট-এর মধ্যে কো-অর্ডিনেশন-এর অভাবে অনেক সময় কাজ ব্যাহত হয়। কাজ করতে গিয়ে অফিসারদের অনেক সময় বাস্তবে অসুবিধার সম্মুখীন হতে হয়। যেসমস্ত অফিসার স্পেশ্যালি ডেপুটেড ফর ডেভেলপমেন্ট ওয়ার্ক, যেমন বি-ডি-ও, তাদের কাছে আমরা অনেক সময় শুনি আমরা এই কাজে উপযুক্ত নই। আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারির সংস্কার সাধনের প্রয়োজনীয়তার প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[4-20—4-30 p.m.]

Shri Shambhu Gopal Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকে নিয়ে দুদিন আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার আলোচনা চলেছে। সেই আলোচনায় এসে—একটা কথা রাখতে চাচ্ছি যে দেশের ইতিহাস কখনও খুব জোরে কথা বলে আবার কখনও নিচু স্বরে কথা বলে। বাংলা দেশের অর্থনৈতিক প্রগতির যে ইতিহাস যেটা কংগ্রেস পক্ষ থেকে বলা হয়—সেই ইতিহাস জোরে কোন কথা বলতে পারছে না। তার প্রমাণ, আমাদের সামনে যেসমস্ত বই এবং দলিলপত্র রাখা হয়েছে। সরকারপক্ষ থেকে বলা হয়ে থাকে যে, দেশের প্রগতির জন্য অনেক কর্মকাণ্ড তারা করছেন। হয়ত তাদের দিক থেকে এটা ঠিক—কিন্তু সঙ্গে সঙ্গে তারা যখন সমাজতন্ত্রের কথা উল্লেখ করে এবং মাঝে মাঝে সোভিয়েট দেশের মত প্রগতির কথার সঙ্গে এখানকার তুলনা করতে চান তখনই ব্যাপারটা অত্যন্ত হাস্যকর হয়। আবার শুনেছিলাম সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠনের কথা—আবার ভুবনেশ্বরে শুনলাম গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা। এটা এমন একটি জিনিস যে, যারা পৃথিবীতে অসমাজতন্ত্রী তাদের কথা নাকি এখানে বলতে হয় হিটলারকেও একদিন সমাজতন্ত্রের কথা বলতে হয়েছিল এবং যারা গণতন্ত্রের [illegible] প্রহরী তাঁরাও এটা মানেন। আমাদের দেশের অর্থনৈতিক অবস্থার কথা বলার আগে আমি একটি ব্যাপারের দিকে সরকারপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে চাই আপনার মাধ্যমে। যে বই দেওয়া হয়েছে সেখানে আমাদের সীমান্তের কথা আছে এবং বর্ডার প্রবলেম নিয়ে যে অবস্থায় আমরা বাস করছি সে সম্পর্কেও বলা হয়েছে। সেখানে আমরা দেখি যে এই প্রহরায় ব্যাপারে সরকারের ঔদাসীন্য। যে বর্ডার পোস্টগুলো আছে তার যে গুরুত্ব আমরা এড়িয়ে যাচ্ছি। আমরা যে পয়সা বর্ডারের জন্য খরচ করি, তা অত্যন্তই কম যেখানে তিন কোটি টাকা খরচ হয়ে থাকে—রাজস্থানে ৪০০ মাইলের জন্য যেখানে ৯০ লক্ষ টাকা খরচ হয়ে থাকে—পশ্চিম বাংলায় সেখানে ১৩৫৯ মাইলের ব্যয় হয় মাত্র ১ কোটি ২৫ লক্ষ টাকা—খরচ হয়ে থাকে—আলোচনা প্রসঙ্গে সরকারকে অনুরোধ করব এইদিকে—এই যে ঔদাসীন্য তার দিকে তাঁরা যেন লক্ষ্য রাখেন। তার পর অর্থমন্ত্রী মহাশয় আর কিছু করুন আর নাই করুন—অন্ততঃপক্ষে একটা স্বীকৃতি এই বাজেট পড়ে তিন পাতার মাঝখানে রেখেছে—এটা বলা যেতে পারে যে তিনি কাঁদুনি গেয়েছেন—একথা সবাই জানেন যে, আমাদের দেশে পার ক্যাপিটা যা ইনকাম তাতে আমরা লক্ষ্যে পৌঁছাতে পারি নি। এই কথা এই বাজেট বইয়ের মাঝখানে স্বীকৃত আছে।

জনসংখ্যার দোহাই দেওয়া হয়েছে কিন্তু সেই দোহাই দিয়ে সব সমস্যা ঢাকা যায় না। এ বিষয়ে অর্থমন্ত্রী একটা ইংরেজী কথা বলেছেন যে, দিস্ হ্যাজ বিন মেইনলী ডিউ টু এ সেট-ব্যাক ইন এগ্রিকালচারাল প্রোডাকশন। অর্থাৎ এগ্রিকালচারাল প্রোডাকশন-এর সেট-ব্যাক হয়েছে এই কাঁদুনি গাওয়া হয়েছে। স্যার, ১৯৬৪ সালের বাজেট যখন আলোচিত হচ্ছে তখন

আমরা অর্থমন্ত্রীর কাছ থেকে এই জিনিস দেখলাম এবং আমাদের কৃষির হার যে বছর বছর কমে যাচ্ছে সেকথাও আজ স্বীকৃত এই বাজেট বইয়ের মাঝখানেই দেখেছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের দেশের শতকরা ৮৩ জন মানুষ গ্রামের অধিবাসী এবং আমরা জানি ভারতবর্ষ একটা কৃষিপ্রধান দেশ। সরকারপক্ষ থেকে বলা হয়ে থাকে, কৃষির উপর আমাদের সর্বাধিক গুরুত্ব দিতে হবে। সরকারপক্ষ থেকে যদিও একথা বলা হয়ে থাকে কিন্তু আমরা দেখছি বাস্তবিকপক্ষে কৃষির উৎপাদন বাড়ানোর জন্য যেসমস্ত বৈজ্ঞানিক পন্থার কথা চিন্তা করা উচিত ছিল সেই সমস্ত বৈজ্ঞানিক পন্থার কথা চিন্তা করা হয় নি। সমাজতন্ত্র তো দূরের কথা, একটা ধনতান্ত্রিক দেশের সরকার কৃষির উন্নতির জন্য যেসমস্ত ব্যবস্থা অবলম্বন করে, আমরা তাও করি না বা করা হয় নি। আমেরিকার মত দেশে কৃষির উন্নতির জন্য যে সমস্ত পন্থা অবলম্বন করা হয়ে থাকে আমাদের দেশে তা করা হয় না। সেখানে বড় বড় জমিতে ছোট ছোট ট্রাক্টর লাগিয়ে কৃষির উন্নতি করার চেষ্টা হচ্ছে কিন্তু আমাদের দেশে তা করা হয় না। কৃষির উন্নতি করার কথা বললে তাঁরা বলেন, সরকার [illegible] থেকে বীজ দেওয়া হয় [illegible] দেওয়া হয় লোন দেওয়া হয় দানখয়রাতি করা হয়। [illegible] আমরা জানি, সরকার যদি একটা পলিসি ঠিক করে এবং প্রশাসন যদি ঠিকভাবে না হয় তা হলে কি ফল হবে? আমরা গ্রামাঞ্চলের লোকেরা জানি, গ্রামাঞ্চলে চাষীর কাছে বীজ যখন গিয়ে পৌঁছায়, তখন ফসল বিক্রি হয়ে গে[illegible] সার [illegible] গিয়ে পৌঁছায় তখন ফসল উঠে [illegible]ছে। এগ্রিকালচার-এর উন্নতির জন্য গ্রামের চাষীদের লোন দেওয় হয় একথা কাগজে কলমে [illegible]। শুধু তাই নয়, বাজেট [illegible]মেন্ট-এর মাঝখানে আমরা দেখছি গ্রামাঞ্চলে কৃষির উন্নতির [illegible] চাষীকে লোন দেওয়া হচ্ছে, ক্যাটেল পারচেজেস লোন [illegible] ল্যান্ড রিক্লামেশন লোন দেওয়া হচ্ছে ইত্যাদি, ইত্যাদি নানারকম লোন-এর কথা বলা হয়। কিন্তু বাস্তবক্ষেত্রের উপর দাঁড়িয়ে যদি খোলা চোখে সব বিচার করা যায়, তাহলে দেখা [illegible] সরকার যদিও কৃষির উন্নতির জন্য কিছু টাকা ব্যয় করেন কিন্তু সেটা গ্রামের চাষীর [illegible] লোনমারফৎ গিয়ে পৌঁছায় না। আমরা জানি বাংলা দেশের গ্রামাঞ্চলে যেসমস্ত ব্লক [illegible] যেসমস্ত প্রশাসনিক প্রতিষ্ঠানগুলো প্রতিষ্ঠিত হয়েছে, সেখানে [illegible] গ্রামের [illegible] সংখ্যক [illegible] শ্রেণী লোকের [illegible] কিছু সংখ্যক পয়সাওয়ালা লোকের হাতে এবং কিছু সংখ্যক [illegible]দের হাতে সেগুলো গিয়ে পৌঁছাচ্ছে। কিছুদিন আগে আমাদের গ্রামের একজন চাষীর সংগে দেখা হয়েছিল, তার দেড় বিঘা জমি আ[illegible] গ্রামসেবক [illegible] কিছু বোঝাচ্ছিলেন। চাষীটি বলল আমি ভালভাবে চাষ করলে [illegible] ধান পেতে পারি, তারপর আলু পেতে পারি, তারপর [illegible] বিক্রি করে [illegible] পেতে পারি এবং এইভাবে অনেক পয়সা জমি থেকে তুলতে পারি। কিন্তু চাষ করবার [illegible] চারশত টাকা ক্যাপিটাল দরকার। আমি তাঁকে বললাম, সরকার তো লোন দিচ্ছে। কিন্তু একথা কি বাস্তব সত্য নয় যে মাত্র দেড় বিঘা যার জমি আছে, তার জন্য [illegible]-এর ব্যবস্থা নেই? লোন-এর জন্য বেশি জমির প্রয়োজন হয়। বলদ কেনবার জন্য লোন দেওয়া হচ্ছে, কিন্তু একথা কি সত্য নয় যে, যার নয় বিঘার বেশি জমি নেই সে বলদ কেনবার লোন পাবে না? আমি জিজ্ঞাসা করি, বাংলাদেশে কয়জন চাষী আছে, যাদের নয় বিঘার উপর জমি আছে? স্যার, গ্রামাঞ্চলে এক শ্রেণীর স্বার্থান্বেষী লোক সৃষ্টি হয়েছে যাদের সংগে থানার দারোগা রয়েছে, ব্লক-এর লোকেরা রয়েছে এবং পঞ্চায়েতের প্রধানরা রয়েছে—এঁদের পকেটেই সব টাকা চলে যায়। যারা জলে ভিজে চাষ করে তাদের হাতে এইসব টাকা গিয়ে পৌঁছায় না। কাজে কাজেই দেখা যাচ্ছে, বাংলাদেশের বৃহৎ কৃষক সমাজ যারা গ্রামাঞ্চলে বাস করছে, তারা চাষ করবার উৎসাহ পায় না, এই দেশ ডেভেলপ করবার মত তাদের মন নেই এবং তারা হতাশার মধ্যেই থাকে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পার্লামেন্ট-এ একথা উঠেছিল

যে, আমাদের দেশের আর্থিক অবস্থা কোন্ পর্যায়ে গিয়ে পৌঁচেছে। আমাদের দেশের গ্রামে কৃষক যেমন বাস করে ঠিক তেমনি অকৃষক কিছু লোকও বাস করে। কিন্তু শৈলবাবু একথা কি অস্বীকার করবেন যে, কিছুদিন আগে রিজার্ভ ব্যাঙ্কের একটি সমীক্ষা রিপোর্ট বেরিয়েছিল?

[4-30—4-40 p.m.]

এবং মোট ৮০টি পরিবারের কাছ থেকে যে তথ্য সংগ্রহ করেছিল তা থেকে দেখা গিয়েছে, এক একটি কৃষক পরিবারের ঋণের পরিমাণ হল ৬৫৪ টাকা করে এবং অকৃষিজীবী যারা তাদের ঋণ হল ৭১৯ টাকা। সাম্প্রতিককালে ১৯৬১-৬২ সালে যে রিপোর্ট প্রকাশ পেয়েছে তাতে দেখতে পাচ্ছি, গ্রামাঞ্চলের মানুষের ঘাড়ে এইভাবে ঋণের বোঝা চেপে আছে। এই ঋণ শুধু সরকারের কাছ থেকেই নয়, বহু লোকের কাছ থেকেও প্রাইভেট ঋণ তারা করেছে এবং সমস্তই তাদের ঘাড়ে চেপে আছে। একদিকে তাদের ঋণের বোঝা, অপরদিকে কিভাবে তাদের দিন চলবে তার ঠিক নাই। চাষ করবার মত ক্যাপিটেল তাদের হাতে নাই এই হল তাদের অবস্থা। কাজেই তাদের কাছ থেকে বেশি ফসল আশা করা বৃথা মাত্র। সরকারের যে কর্মকাণ্ডের কথা শুনি দেশকে তাঁরা তৈরি করবেন, তাঁদের মাঝখানে যে দৈত্যের মত শক্তি লুকিয়ে আছে, অপরদিকে সেই ভয়ঙ্কর শক্তিকে মুক্ত করবার জন্য, গ্রামের সেই মানুষকে কোমরে জোর দেবার জন্য, তাদের চোখের সামনে আশার আলো ফুটিয়ে দেবার জন্য এমন কোন কথা নাই যা সরকার রাখতে পাচ্ছেন যাতে তারা নূতন করে যুগ গড়ার জন্য তৈরি হতে পারে। সঙ্গে সঙ্গে এও দেখছি, এক একটি কৃষক পরিবারের মাঝে যে লোক চাষ করে তাদের কেউ কেউ লেখাপড়াও সুরু করেছে এবং গ্রামাঞ্চলে ঐ কৃষক পরিবারের মাঝে বেকার এবং অর্ধ-বেকারের সংখ্যা ক্রমে বেড়ে যাচ্ছে। আমি জানি ভারতবর্ষের মত আণ্ডার ডেভেলপড কাণ্ট্রিতে গ্রামাঞ্চলে ডিসগাইসড বেকারের সংখ্যা অত্যন্ত বেশি। আমরা সমাজতন্ত্রের যে কথা শুনি জনসংখ্যার যে চেহারা দেখি তাতে যদি গ্রামের লোকের উন্নতি করতে হয়, কৃষকের যদি উন্নতি করতে হয়, তা হলে গ্রামে কুটিরশিল্প, মাঝারি ধরনের শিল্প প্রতিষ্ঠা দরকার। গ্রামের বেকার মানুষকে শ্রমিককে যদি শিল্পে নিযুক্ত করতে পারি যদি মানুষের এমপ্লয়মেণ্ট থাকে, তা হলে কৃষিতে তারা অধিক পয়সা দিতে পারবে এবং এভাবে বেশি ফসল বাড়ানো সম্ভব হবে। আমি যে জেলা থেকে এসেছি মুর্শিদাবাদ জেলা সেখানকার বিভিন্ন জায়গার খবর জানি যে, আমাদের সরকার এভাবে শিল্প প্রতিষ্ঠা করে রুরাল ইকনমিকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন না। তা ছাড়া আমরা সকলেই জানি, আমাদের সরকার কৃষির উন্নতির জন্য সমাজতন্ত্রের কথা বলে থাকেন, সমবায় ভিত্তিতে কৃষির কি যে অগ্রগতি হল সে সম্বন্ধে যে রিপোর্ট, সে রিপোর্ট এখনও আমাদের সামনে আসে নি। আমরা জানি ন্যায্য দরে কৃষককে দেওয়ার কথা যদিও নীতিগতভাবে স্বীকার করা হয়েছে, সে সম্বন্ধে কতদূর কি হল জানতে পারলাম না। বরং অন্যদিকে আমরা দেখছি চাষীরা তাদের ধান এবং অন্যান্য ফসল অল্প দামে বিক্রি করে দিচ্ছে, সরকারী অ্যাণ্টি প্রফিটিয়ারিং আইন থাকা সত্ত্বেও আর কিছুদিন পর এবং তার লক্ষণ এখনই প্রকাশ পাচ্ছে, বর্ষার পরে গ্রামে গ্রামে ধান-চাল অনেক বেশি দামে বিক্রি হতে সুরু করেছে তাদের ধানচাষীদের হাত থেকে চলে গেছে। আর কিছুদিন পরে যখন তারা থলে হাতে বাজারে যাবে তখন তাদের সেই গতবারের হয়ত ধান-চাল কিনতে হবে। তারপর হয়ত তারা গ্রামের ভূমিহীন চাষী, জোতদারদের বাড়ি যাবে, মহাজনদের বাড়ি যাবে টাকা নেবার জন্য। এই যখন দেশের আর্থিক দূরবস্থার চিত্র তখন আপনাদের সমাজতন্ত্র ঘোষণা করতে হলে নূতন করে চিন্তা করতে হবে, নইলে এই সমাজবাদের কথা বললে ইতিহাস সেটা ডাস্টবিনে নিক্ষেপ করে দেবে।

শ্রীবলাইদাস মহাপাত্র : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আমার সংক্ষিপ্ত সময়ের মধ্যে বাজেটের কয়েকটা কথা বলব। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জনস্বার্থবিরোধী বাজেট এখানে উপস্থিত করেছেন। এই বাজেট জনসাধারণকে শুধু হতাশ করে নি জনসাধারণের মধ্যে একটা আতঙ্কের সৃষ্টি করেছে। আমরা যদি গত ১৫-১৬ বছরের বাজেটের চেহারার দিকে লক্ষ্য করি তা হলে চারটে জিনিস আমরা বিশেষভাবে লক্ষ্য করি। আমরা প্রথমেই

দেখি, এই বাজেটের মধ্যে অধিকাংশ সময়েই তাঁর ঘাটতি বাজেট উপস্থিত করেছেন। দ্বিতীয় জিনিস আমরা দেখেছি দিনের পর দিন ঋণের বোঝা বেড়েই চলেছে। তৃতীয় জিনিস আমরা দেখি যে, বছরের পর বছর ট্যাক্স তাঁরা বাড়িয়েই চলেছেন। আর চতুর্থ জিনিস যেটা আমাদের চোখে পড়ে সেটা হচ্ছে জনকল্যাণ খাতে যে টাকা বরাদ্দ করা হয়, সেটা তাঁরা খরচ করতে পারেন না, বছরের শেষে তাঁরা টাকা সারেণ্ডার করেন—অর্থাৎ তাঁদের অপদার্থতার জন্য তারা টাকা সারেণ্ডার করতে বাধ্য হন এবং কোটি কোটি টাকা তাঁরা সারেণ্ডার করে দেন। এইভাবে আমরা দেখি যে, যেখানে জনস্বার্থের জন্য, জনকল্যাণের জন্য তাঁরা টাকা খরচ করতে পারেন না সেখানে পুলিসের খাতে তাঁদের টাকা বেড়েই চলে। কাজেই আমরা দেখছি ১৫।১৬ বছর কংগ্রেস শাসনের ইতিহাসে এই চারটে জিনিস হচ্ছে তাঁদের চারিত্রিক বৈশিষ্ট্য। এই বাজেটের মধ্যেও আমরা সেটা দেখতে পাই এবং সেদিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করেছি। আমি প্রথমে দেখাই যে, আমি এই ঘাটতি বাজেটের কথা কেন বললাম। ১৫ বছরের মধ্যে আপনারা দেখবেন অন্ততঃ ৫০ কোটি টাকা ঘাটতি হয়েছে। একে পরিবর্তন করার সরকারের কোনরকম ইচ্ছা নেই। ১৫ বছরের মাত্র ৬ বছর ও'রা উদ্বৃত্ত বাজেট এনেছিলেন। কিন্তু আমরা যদি হিসাব দেখি তাহলে দেখব যে, মোট ৩১ কোটি টাকা ঘাটতি হয়েছে। আজকে সরকারের এই যে ঘাটতি বাজেট উপস্থিত করবার যে মনোভাব সেটা পরিবর্তন হওয়া দরকার। জমা-খরচের সঙ্গে যদি সামঞ্জস্য না করতে পারেন তা হলে সেটা যেমন ব্যক্তির দিক থেকে নিন্দনীয়; তেমনি সরকারের বেলাতেও নিন্দনীয় ব্যাপার। তারপর আমি লোনের কথা বলছি। অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাক্যজালে আমাদের অনেকভাবে ভোলাবার চেষ্টা করেছেন। কিন্তু পশ্চিম বাংলায় মোট ঋণের পরিমাণ কত তা তিনি চেপে গেছেন। ১৯৬২ সালের মার্চ পর্যন্ত পশ্চিম বাংলায় ঋণের বোঝা কত সেটা আমি আপনার সামনে উপস্থিত করছি—৩৮২ কোটি ৯৭ লক্ষ টাকা। অবশ্য তারপরেও বহু কোটি টাকা করেছেন প্রায়—৪৮০ কোটি টাকা ঋণের বোঝা বাংলাদেশের উপর চাপানো হয়েছে। এই ঋণ কি করে শোধ করা হবে তা বুঝতে পারি না। এ'রা হয়ত বলবেন যে, আমরা যেমন ঋণ করছি তেমনি জনকল্যাণে আমরা খরচ করছি, মূলধনী ব্যয় করছি। আমরা জানি মূলধনী ব্যয় করছেন, কিন্তু সরকারের যেখানে হাত দিচ্ছেন সেখানেই লোকসান। এ বিষয়ে আমি একটি উদাহরণ দেব। এই কলকাতায় স্টেট ট্রান্সপোর্ট-এর দিকে লক্ষ্য করুন। ৮০৭ খানা বাস এখানে চলে। কিন্তু এই ৮০৭ খানা বাস চালিয়েও প্রায় প্রতি বছর লক্ষ লক্ষ টাকা লোকসান দেন। কাজেই সরকার যে দাবি করেন আমরা কৃষির জন্য খরচ করছি, শিল্পের জন্য টাকা মূলধনী ব্যয় করছি, নদী পরিকল্পনার জন্য বিদ্যুতের জন্য দিচ্ছি, কিন্তু লোকসানের হিসাব যদি দেখেন তা হলে ও'রা কি আয় করে যে ঋণ শোধ করে সেটাই আমার জিজ্ঞাস্য। ৮০৭ খানা বাস চালিয়ে ও'রা লোকসান দিচ্ছেন। কিন্তু আপনি বাহিরের দিকে লক্ষ রাখুন তা হলে দেখবেন যে, ব্যক্তিগত মালিকানায় যারা বাস চালান তাঁর অন্ততপক্ষে ৫০০ টাকা প্রতি বাস পিছু লাভ করেন, অথচ এ'রা শত শত বাস চালিয়ে লোকসান দিচ্ছেন। এইভাবে তাঁরা প্রতিটা কাজে লোকসান দিচ্ছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আত্মপ্রসাদ লাভ করেছেন যে, কিভাবে জনসাধারণ রাজস্ব খাতে আয়কর ফাঁকি দিচ্ছে। তাঁর বক্তব্য হচ্ছে ১৯৪৮ সাল থেকে ১৯৪৯ সালে যেখানে ৩২ কোটি টাকা দিয়েছেন রাজস্ব খাতে সেখানে ১৯৬৪-৬৫ সালে ১৩০ কোটি টাকা দিয়েছে। কিন্তু তিনি একথা বলেন নি যে, এই ট্যাক্স-এর বোঝা দিতে গিয়ে, খাজনা বৃদ্ধির জন্য টাকা দিতে গিয়ে কতজন উদ্বাস্তু হয়েছে, ভিটেমাটি ছেড়েছে, জীবিকা হারিয়ে রাস্তার ফুটপাথের ভিখিরী হয়েছে; কতজনের উপর সার্টিফিকেট জারী করা হয়েছে; কতজনের ঘর ক্রোক করে ঘটি-বাটি নীলাম করা হয়েছে সেসব তিনি বলেন নি। তিনি কেবল বলেছেন যে, জনসাধারণের অর্থ বেড়ে গিয়েছে, সেজন্য ১৩০ কোটি টাকা তারা রাজস্ব দিতে পারছে। কিন্তু

আজ এই যদি আমাদের রাজস্বের পরিমাণ হয় এবং এই যদি লোনের পরিমাণ হয় তা হলে তাঁরা দেবেন কোথা থেকে? কারণ রাজস্ব খাতে যেটা আয় সেটা আসল আয়, সেটার ভেতর দিয়ে ঋণ শোধ করার চেষ্টা করতে হবে। কিন্তু দেখছি ঋণ শোধ করার কোন সম্ভাবনা নেই। কাজেই এই সরকারকে যদি দেউলিয়া বলি, তা হলে কি অন্যায় করা হবে না?

[4-10—4-20 p.m.]

এই সরকারকে যদি দেউলিয়া সরকার বলি, তা হলে অন্যায় হবে না, আমি মনে করি এই সরকার দেউলিয়া সরকার। আর একটা কথা মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই যে, প্রতি গভর্নমেন্ট-এরই বাজেট রচনাকালে তার একটা নীতি থাকে, কিন্তু অর্থমন্ত্রী মহাশয়ের ভাষণে সে নীতি কিছু পাচ্ছি না। কি রকম বাজেট তা তিনি ঘোষণা করেন নি। এনারা বলেন, এনারা গণতন্ত্রে বিশ্বাসী, আবার কিছুদিন আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন গান্ধীবাদে বিশ্বাসী, কিন্তু আমি জিজ্ঞাসা করি, প্রত্যেক রাষ্ট্র তার নীতি অনুসারে বাজেট রচনা করে এবং তা থেকেই বুঝতে পারা যায়, যারা জংগীবাদী রাষ্ট্র তারা যুদ্ধের জন্য বাজেট রচনা করে, সমাজতান্ত্রিক রাষ্ট্রে মানুষের সুখ-সুবিধার জন্য বাজেট রচনা করে। আমি অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, তিনি বাজেট রচনাকালে বাংলাদেশের সাড়ে তিন কোটি মানুষের কথা চিন্তা করেছেন কিনা? তাদের যে মিনিমাম রিকোয়ারমেন্ট অর্থাৎ খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা, তার কি ব্যবস্থা করেছেন? আজকে যদি সে রাস্তার দিকে তাকাই তা হলে দেখব, লক্ষ লক্ষ বেকার অবস্থায় ঘুরে বেড়াচ্ছে শিক্ষিত বেকার, দক্ষ বেকার, তারা ঘুরে বেড়াচ্ছে। একটা কাজের জন্য তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ গিয়ে মাথা খুঁটে মরছে, কোটি কোটি লোককে কাজের জন্য এ অবস্থায় দেখছি। শিক্ষাক্ষেত্রে দেখছি শতকরা ৭৫ ভাগ নিরক্ষরতার অভিশাপে অভিশপ্ত। আজকে দেখছি বাংলাদেশে লক্ষ লক্ষ ভূমিহীন কৃষক একটুকরো ভূমির জন্য ঘুরে বেড়াচ্ছে। আজকে বাজেট রচনাকালে সেসব লোকের কথা ভাবেন নি। আজকে আপনারা সমাজতান্ত্রিক সমাজের কথা দাবি করছেন। একদিকে দেখা যায় সেখানে গভর্নর এর মাহিনা সাড়ে পাঁচ হাজার টাকা যেখানে এখানে যে লাল পাগড়ীওয়ালা চাপরাসী দাঁড়িয়ে আছে তার মাহিনা ৬০ টাকা। এই যে চতুর্থ শ্রেণীর কর্মচারী এরা মাহিনা পায় ৬০ টাকা মাত্র। তাদের পরিবার তারা কি করে পালন করবে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কি এটা বিচার করে দেখেছেন? তাঁরা না হয় জোর করে গান্ধীজীর নাম করেন এবং গান্ধীজীর কথা অর্থমন্ত্রী মহাশয়ও বলেছেন, তিনি বলেছেন সমাজের প্রত্যেক স্তরের মানুষকে সুস্থ্য এবং সবল করে তুলতে হবে। কিন্তু আজ তাঁরা আশ্রয় পাচ্ছে না এবং এই আশ্রয়ের অভাবে মারা যায়, তারা আজ অভাবে রোগে ভুগছে। মানুষ যে সুস্থ এবং সবল হতে পারে এর কোন ব্যবস্থা এ বাজেটের মধ্যে নেই। শেষে একটা কথা বলে শেষ করব। আজকে যাঁর হাতে অর্থ-দপ্তরের ভার দেওয়া হয়েছে সে অর্থ-দপ্তর জনসাধারণের স্বার্থে নিরাপদ কিনা? আমি জানি তিনি পঞ্চায়েত দপ্তরে অনেকদিন ছিলেন এবং অনেক অপকীর্তি করে এসেছেন, তাঁর সহযোগী ছিলেন পশ্চিম বাংলায় আমাদের ম্যাডাম নু—সেই আভা মাইতি তাঁর সহকর্মী হয়ে আজ বাংলাদেশের অনেক সর্বনাশ করেছেন এই পঞ্চায়েত আবহাওয়া এত বড় শক্তিশালী যে, গভর্নমেন্টও সেখানে বদলে দিতে পারে, মন্ত্রীদের যে কোন 'হ্যাঁ'-কে 'না' করতে পারে। আজকে পূর্তমন্ত্রী বলেছেন যে, আভা মাইতির ইচ্ছা অনুসারে এখানে রামনগর ২০ নং ব্লকে সেখানে নোটিফিকেশন হয়ে গেল। এই যেখানে মন্ত্রীদের অবস্থা সেখানে তার নিজস্ব ব্যক্তিত্ব নেই, স্থাবরতা নেই, যিনি অন্যের দ্বারা পরিচালিত হন, তাঁর কথা বলে সতর্ক করে দিচ্ছি। আজকে এই যদি অবস্থা ঘটে—সেই দক্ষিণ ভিয়েৎনামের দিকে লক্ষ্য রাখুন, সেখানে মাদাম নু-র অবস্থা কি হয়েছিল, সেখানে গভর্নমেন্ট-এর কিভাবে পতন হয়েছিল। আমি সেই সতর্কবাণীই উচ্চারণ করছি। আজকে অর্থমন্ত্রী শৈল মুখার্জি, তিনি যদি বাংলাদেশের স্বার্থে অর্থ-দপ্তর পরিচালিত না করেন, দলের স্বার্থে, নিজের স্বার্থে অর্থদপ্তর পরিচালিত করেন, তা হলে বাংলাদেশের শোচনীয় অবস্থা হবে, বাংলাদেশ ধ্বংস হয়ে যাবে, এবং তার জন্য যে বিপ্লবের আগুন জ্বলে উঠবে তাতে কংগ্রেস সরকার ধ্বংস হয়ে যাবে।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[5-5—5-15 p.m.]

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আমাদের ফিনান্স মিনিস্টার যে বাজেট পেশ করেছেন তার পরিপ্রেক্ষিতে আমি বলতে গিয়ে প্রথম আমার আজ সব চেয়ে বেশী করে মনে পড়ে স্বর্গতঃ মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের কথা। আমরা জানি যে তিনি বলেছিলেন যে তাঁর বিপ্লবী আত্মা পশ্চিমবঙ্গের জন্য তাঁর মৃত্যুর পর চিন্তা করবে। আমরা দেখলাম যে আজ ১৯৪৮ সাল থেকে আর আজ পর্যন্ত যে রেভিনিউ আমরা বেশী করতে সক্ষম হয়েছি বা যে টাকা আমরা বেশী পাচ্ছি তাতে আমরা কি করেছি? আমাদের আত্মতৃপ্তি হবার মত কি কাজ আমরা করেছি? আপনি জানেন যে গত ১৭ বৎসর যাবৎ আমরা পশ্চিমবঙ্গকে একটা দৃঢ় অর্থনীতির উপর ভিত্তি করবার চেষ্টা করেছি কিন্তু আজ দেখা যাচ্ছে যে আমাদের পশ্চিমবঙ্গ কোন দিকেই উন্নতি লাভ করতে পারেনি। প্রথম দেখুন, আজ দেখছি যে শিক্ষার জন্য ছেলেরা স্কুলে ভর্তি হতে পারছে না, স্বাস্থ্যে রোগীরা হাসপাতালে চিকিৎসা পায়না, কৃষিতে আজ চাষীরা তাদের উৎপাদন কমিয়ে দিচ্ছে, শিল্পে আজ বেকার সমস্যা। তা আমি বলি এই যদি আজকে আমাদের ওভার-অল ইনকাম হয়, পশ্চিমবঙ্গে আমরা কি লাভ করেছি? প্ল্যানিং কমিশন, তাঁরা বলেছেন যে আমাদের পশ্চিমবঙ্গ সব চেয়ে বেশী নাকি উন্নতি করেছে। আমি একটা কথা চিন্তা করতে বলি, যদি একটু চিন্তা করে দেখি হোয়েদার উই হ্যাব ফেল্ড অর উই আর সাকসিডিং. আজ শতকরা ৬০ জন চাষী আমাদের দেশে তারা আজকে ২০ টাকার ভিত্তিতে তাদের জীবনযাত্রা চালাতে হয়। আজকে এই গেল আমাদের ইকনমিক দিক। আজ আমরা দেখছি যে ঘরে ঘরে আমরা ডাক্তার ডাকছি, সেখানে লোকে খেতে পায়না একবেলা। আমরা জানি ১৯৩১ সালে করাচী কংগ্রেসে তাঁরা এই শপথ গ্রহণ করেছিলেন আমাদের এখন যাঁরা রাজ্য চালাচ্ছেন যে আমরা এই এক্সপ্লয়টেশন বন্ধ করবো। আবাদী কংগ্রেসে তাঁরা রিডেডিকেট করলেন যে, হ্যাঁ আমরা করবো। সেদিনও বললেন যে, হ্যাঁ আমরা মানুষকে তারা বড় লোকের কাছ থেকে যাতে এক্সপ্লয়েট না হয় তার ব্যবস্থা করবো। কিন্তু আমি বলছি আমাদের জহরলাল নেহেরু, তিনি বলেছেন যে আমাদের রাজত্বে

"... [illegible] ... have gradually become poorer. We have put ... number of plans and ... people continue to starve miserably and do not have houses to live."

আজ শিল্পের ক্ষেত্রে বলুন, কৃষির ক্ষেত্রে বলুন, সমস্ত দিক থেকে আমাদের যে ন্যাশানাল ওয়েলথ সেটা কিছু বেড়েছে সন্দেহ নেই, কিন্তু সেই ন্যাশনাল ওয়েল্থ ক্যাপিটালিস্টদের হাতে চলে গিয়েছে। আজকে দেশের ভিতর কৃষি ক্ষেত্রেই হোক বা শিল্পের ক্ষেত্রেই হোক যে ধান উৎপাদিত হচ্ছে তা সমস্তই গিয়ে তাদের হাতে কন্সেনট্রেটেড হচ্ছে। আপনারা ডেমক্র্যাটিক সোসিয়ালিজমের কথা বলছেন কিন্তু আজকে ধনী দরিদ্রের মধ্যে যে প্রভেদ, দি রিচ বিটুইন দি পুয়োর এ্যাণ্ড দি রিচ দিন দিনই বেড়ে যাচ্ছে। খাদ্য উৎপাদন সম্বন্ধে আমি একটা কথা বলবো। ও'রা বলছেন খাদ্য উৎপাদনের সহায়তার জন্য ও'রা উন্নত ধরণের বীজ, সার ও টাকা সমস্ত কিছুই দিচ্ছেন, কিন্তু তৎসত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি খাদ্য উৎপাদন দিনের পর দিন কমে যাচ্ছে। আসল কথা হচ্ছে ঠিক সময় মত যদি আমরা কৃষকদের কার্যে উন্নতি-বিধানের জন্য ঋণ এবং অন্যান্য সাজসরঞ্জামাদি দিয়ে সাহায্য করতে না পারি তাহলে যতই আমরা প্ল্যান করি না কেন আমাদের শিল্প উৎপাদনও ব্যাহত হবে। কারণ ভারতবর্ষের ইকনমি ইজ বেস্‌ড অন এগ্রিকালচার। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা বলবো যে খাদ্য উৎপাদনের দুটো দিক আছে, যেমন উৎকৃষ্ট ধান্য উৎপাদনের জন্য বীজ সরবরাহ করা তেমনি যাতে জমির ফসল নষ্ট না হতে পারে সেদিকেও লক্ষ্য রাখতে হবে। অজয় রিভারের বন্যায় প্রতি বৎসর বীরভূম ও বর্ধমান জেলায় বহু লক্ষ টাকার ধান নষ্ট হয়ে যায়। সেই জন্য আমি ফিনান্স মিনিস্টারকে বলবো অজয়কে যদি বাঁধবার ব্যবস্থা করা যায় তাহলে আমাদের খাদ্য উৎপাদনের অনেক সহায়তা হবে। আমরা জানি যে আজ ৭/৮ বৎসর ধরে জোনাল সিস্টেম তৈরী করা হয়েছে কিন্তু তা বিশেষভাবে কার্যকরী করা হচ্ছে না। ইলেকট্রিসিটি সম্বন্ধে আমি একটা কথা বলতে চাই। আমাদের স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং আজকে আমাদের পল্লীগ্রামের

বৈদ্যুতিকরণ অত্যন্ত হতাশাজনক এবং এই ডিসট্রেসিং পেস অব রুরাল ইলেকট্রিফিকেশন-এর জন্য আজকে আমাদের পল্লীগ্রামের কুটির শিল্প ব্যাহত হচ্ছে। আজকে ইলেকট্রিসিটি ব্যতীত কুটির শিল্পের পুনরুজ্জীবন সম্ভব নয়, আমি এই কথাটা মন্ত্রীমহাশয়কে চিন্তা করতে বলবো। শেষকালে আমি এই কথা বলতে চাই যদি সামগ্রিকভাবে দেশের সর্বাংগীন উন্নতির জন্য চেষ্টা না করেন তাহলে শুধু মুখের কথায় দেশকে রক্ষা করতে পারবেন না। আমি এই প্রসংগে ফ্রেঞ্চ রাজনীতিজ্ঞ ডি, টসকেভিল, ফ্রেঞ্চ রেভলিউশনের ৪৮ ঘণ্টা আগে ফ্রেঞ্চ চেম্বারে যে কথা বলেছিলেন সেই কথাই একটু স্মরণ করিয়ে দিতে চাই

It is not the mechanism of laws that produce great events, but the inner spirit of the Government.

[5-15—5-25 p.m.]

Shri Debi Prosad Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে উদ্দেশ্যবিহীন ও লক্ষ্যবিহীন বাজেট পেশ করা হয়েছে এই দেশে আমাদের কোন কোন সৎ সদস্য বিক্ষুব্ধ হয়েছেন, কেউ বা বিস্মিত হয়েছেন। আমি কিন্তু বিস্মিত হই নি, কারণ যেমন সরকার তেমনি তার অ্যাডমিনিস্ট্রেশন, আর তেমনি তার বাজেট হবে--সেটাই স্বাভাবিক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই মালগাড়ি সান্টিং দেখেছেন, লম্বা মালগাড়ির পিছনের একটা ওয়াগন কেটে নিয়ে ইঞ্জিন ঠেলা দিয়ে দেয়, সেটা কিছুদূর আপনি-আপনি চলতে থাকে। ১৯৪৭ সালে ১৫ই আগস্ট রাত্রি ১২ টার পর ব্রিটিশ অ্যাডমিনিস্ট্রেশন-এর মালগাড়ি থেকে আমাদের ঠেলা দিয়ে কেটে দেওয়া হয়েছে। আমাদের সেই মালগাড়িটা ১৯৬৪ সালে এসে আস্তে আস্তে থেমে গিয়েছে।

সেই মালগাড়িটা আস্তে আস্তে থেমে আসছে—এতো যন্ত্রণা--এতো কথাবর্তা শুনছেন সেটা ঐ অ্যাডমিনিস্ট্রেশনে ছেড়ে দেওয়া সান্ট করা চাকাটা।--সেটা চীৎকার করে চিরদিনের জন্য থেমে যাবে—থেমে যাচ্ছে- আর এটা তার চীৎকার। আপনারা বলবেন পাকিস্তানে কি হয়েছিল—পাকিস্তানে সান্ট করে একটা গাড়ী ছেড়ে দিয়েছিল, তবে তার গায়ে লেখা ছিল ডু নট..... সেই জন্য সেটাকে সেন্টোসিয়াটো ঐ আংটা দিয়ে টেনে টেনে নিয়ে যাবার চেষ্টা করছে। আর এটাকে ধাক্কা দিয়ে ছেড়ে দিয়েছিল বলে বলছে যে আমরা স্বাধীন। একদিন শিবনাথ শাস্ত্রী বঙ্কিমচন্দ্র সম্বন্ধে বলেছিলেন যে, প্রতিভা এমন জিনিস যে যাহা কিছুতে স্পর্শ করে তা উজ্জ্বল ও ভাস্মর করে। আমি ঐ শিবনাথবাবুর কাছে অ্যাপলজি চেয়ে বলতে চাই যে কংগ্রেস সরকার এমনই জিনিস যে যাহা কিছুকে স্পর্শ করে তাহাকে পঙ্গু অচল দুর্নীতিগ্রস্ত ইত্যাদি করে। কতকগুলো উদাহরণ দিচ্ছিঃ আমাদের অর্থমন্ত্রী মহাশয় সগৌরবে ঘোষণা করেছেন যে আমাদের ডি এ সরকারী কর্মচারীদের বাড়িয়ে দিয়েছি—১০ টাকা পাঁচ টাকা। ফল কি হয়েছে জানেন? আমি জানি এর ফলে হয়েছে এই যে টাকাটা যদি সত্যিকারের দেবার মত হোত তাহলেও হোত কিন্তু তা ঠিক দেওয়া হয় নি। কিন্তু তাতে ঐ কয়েকটা টাকা দিলে বেশী টাকা তারা নিয়ে নেবে। অর্থাৎ সি ডি এস উপর গিয়ে পড়েছে। ট্রেনে শুনেছি যে আরও বেশী টাকা দিয়ে যেতে হবে এটার ফলে। তারা এখন বলছে এটা আর দরকার নেই। এর পরে দেখুন ১৫।১৬ বছর রাজত্বের পরে অনেক কিছুই হয় নি—পাওয়া যায় নি--হচ্ছে হবে এই সব শুনতে পাওয়া যায়। কিন্তু পানীয় জল? এখানের প্রত্যেকটি সদস্য তিনি যদি গ্রাম বাংলা থেকে প্রতিনিধি হয়ে আসেন তাঁকে স্বীকার করতেই হবে যে ১৬ বছরের রাজত্বের ভিতরে পানীয় জলের একটা সুরাহা আজ পর্যন্ত হয় নি। এবারও তার কোন সুপরিকল্পিত পরিকল্পনা নেই। আর স্যার, যুদ্ধ—এই যুদ্ধ নিয়ে আপনি দেখতে পাবেন সেখানে সব সমাধি ক্ষেত্র হয়ে রয়েছে ; তেমনি গ্রামে যেখানেই যাবেন—গ্রামে একটা একটা করে অচল টিউবওয়েল প্রায়ই সমস্ত পল্লী গ্রামেই রয়েছে। যা দিয়ে জল উঠে না। এই বাজেটেও তার কোন ব্যবস্থা নেই। এটা পাই নি, কেন

পাই নি ত'র কোন জবাব এ'রা দিতে পারবেন না। বহু রান্নাঘর পুড়ে গেছে, এক ঘড়া জলও পায় নি তার জন্য। খালি দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখতে হয়েছে—তবে সান্ত্বনা এই সেটা কোন সাম্প্রদায়িক মনোবৃত্তি থেকে হয় নি।

কেন হয়নি তার কোন জবাব এ'রা দিতে পারেন নি। এই চৈত্রমাস সুরু হয়েছে, সমস্ত দেশের ভেতর আগুন লাগবে। সাম্প্রদায়িক আগুন ছাড়া রান্নাঘরের আগুনে কত ঘর পুড়েছে, কিন্তু এক ঘড়া জল কেউ পায়নি যার দ্বারা সেই আগুন নেবায়। দাঁড়িয়ে দাঁড়িয়ে সকলকে দেখতে হয়েছে। তবে সান্ত্বনা এই যে, সেটা কোন সাম্প্রদায়িক মনোবৃত্তি থেকে হয়নি। কিন্তু ফল হয়েছে একই—অর্থাৎ নিঃস্ব হয়েছে। তবুও এ'রা আজ পর্যন্ত তার জন্য কোন ব্যবস্থা করতে পারেন নি। তারপর, শিক্ষার দিকে আসুন। শংকরবাবু গতবার স্বীকার করেছিলেন শিক্ষিতের সংখ্যার দিক থেকে অর্থাৎ অক্ষর জ্ঞান সম্পন্ন লোকের দিক থেকে বাংলাদেশের স্থান ছিল দ্বিতীয়, কিন্তু স্বাধীনতা যত পেকে আসছে, দেশপ্রেম যত পদে পদে পাকতে পাকতে নামছে ততই বাংলাদেশ সেই দ্বিতীয় স্থান থেকে নেমে ষষ্ঠ স্থানে গিয়ে দাঁড়িয়েছে। শংকরবাবু একথা বলেছেন। কিন্তু তার হাত থেকে এবার মুক্তির কোন ব্যবস্থা আছে কি? নেই। শুধু নূতন সংকট দেখা দিয়েছে—গোদের উপর বিষফোড়া। অর্থাৎ সেকেন্ডারী বোর্ড অফ এডুকেশন এতদিন মাধ্যমিক শিক্ষকদের মাইনে দিতেন কিন্তু হঠাৎ সেটা রাতারাতি পাল্টে গিয়েছে এবং এখন ডি পি আই মাইনে দেবেন। তার ফল হয়েছে ঠেলাঠেলির ঘব, খোদা'য় রক্ষা কর। ও'রা বলছেন আমরা কিছুই জানি না, ডি পি আই দেবেন—আবার ডি পি আই বলছেন আমি জানি না, আমি এখনও টাকা পাই নি—ও'রা দেয় দেবে। এর ফলে বিগত তিন মাস থেকে গ্রান্ট-ইন-এড না পাবার ফলে মাধ্যমিক শিক্ষকরা তাঁদের বেতন পান নি। এই যখন অবস্থা তখন তাঁরা কিভাবে কংগ্রেস সরকারকে আশীর্বাদ করবেন? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শিক্ষা সম্বন্ধে আমি এই সামান্যতম নমুনা দিলাম, বাকীটা গ্রান্ট-ইন-এড যখন আসবে তখন আলোচনা করব। তারপর, বিচার সম্বন্ধে কিছু বলি। বিচাবের বাণী নীরবে নিভৃতে কাঁদে সেই আহ্বান এখনও চলছে। আমি একটা ঘটনা দিয়ে বিচারের কথা কিছু বলব। আমার এলাকায় আমি একটা শ্রমিক ইনিয়নের প্রেসিডেন্ট। ১৯৬০ সালের জুন মাসে কারখানাটি লকআউট হয় এবং মালিক পক্ষ পুলিসের সঙ্গে যোগসাজস করে কয়েকজন শ্রমিকের বিরুদ্ধে সঙ্গে সঙ্গে ১০৭ ধারার মোকদ্দমা আনেন। লকআউট হবার এক মাসের মধ্যে কনসোলিডেসন বসে গেছে এবং তার ফলে লকআউট উঠে যায় এবং শ্রমিকরাও কাজে যোগ দেয়। কিন্তু আশ্চর্যের বিষয় ১০৭ ধারার মোকদ্দমা চলতেই লাগল। সেই মামলায় যেসব শ্রমিকরা অভিযুক্ত তার মধ্যে কেউ পুলিস বিভাগে, কেউ সামরিক বিভাগে, কেউ ভিলাইতে, কেউ রাউরকেল্লায়, কেউ টাটায় চাকুরী নিয়েছে এবং কেউ কোলকাতায় কাঁচামাল, তরকারীর ব্যবসা করছে, কেউ ফেরী করছে। কিন্তু আজ ১৯৬৪ সালের ২৬শে ফেব্রুয়ারী, আজও সেই ১০৭ ধারার মোকদ্দমা চলছে। এর মধ্যে কেউ মরে গেছে, কারুর যক্ষ্মারোগ হয়েছে। কিন্তু আজও বলা হচ্ছে কেন এক বছর সৎভাবে বসবাস করবে না, মুচলেকা দেবে না তাহার উপযুক্ত কারণ দেখাও? এস ডি ও-র কাছে ডেপুটেশন-এ গিয়েছিলাম এবং বলেছিলাম এই ১০৭ ধারার মামলা এখনও সরকারী খরচে চালিয়ে নেবার কি মানে আছে? সব লোক কোথায় চলে গেছে, কেউ পরপারে চলে গেছে এবং সেই কারখানার বিরোধ ৪ বছর আগে মিটে গেছে। এস ডি ও বললেন, কি করব—এটা যে অ্যাডমিনিস্ট্রেশন, এটা এখন চলবে। আমি শ্রমিকদের ডেকে একথা বললাম, ভাই, মালগাড়ীর চাকা থেকে এসেছে, ক্যাচ ক্যাচ করে থেমে এসেছে, কিন্তু এটা যেদিন সম্পূর্ণ থেমে যাবে বা যেদিন ভাঙ্গা লোহার দরে বাংলাদেশের ইতিহাস, ভারতবর্ষের ইতিহাস বিক্রি করে দেবে বা আবর্জনার স্তূপে ফেলে দেবে সেইদিন এই মোকদ্দমার নিষ্পত্তি হবে। এই হোল বিচারের অবস্থা। এবারে আসুন ট্রান্সপোর্ট। আমি অল্প কয়েকদিন আগে আমার সহকর্মী এবং বিধানসভার মাননীয় সদস্য যামিনী সাহার সঙ্গে যাচ্ছিলাম। এখানে যারা উত্তরবঙ্গের মাননীয় সদস্য আছেন—যে কোন পক্ষের হোক—তারা সকলেই একবাক্যে স্বীকার করবেন যে এতবড় অপদার্থতার চেহারা আর কোথাও দেখা যায় নি। উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহণের শতকরা ৭৫ খানা বাস ব্রেক ডাউন হয়েছে এবং বাকী ৩০ খানা বাসকে ঘুরিয়ে ফিরিয়ে বিভিন্ন রুটে চালান হয়। আমি বাস-এ বসে বলছিলাম যে, এরকম হলে চলবে কি করে?

[5-25—5-35 p.m.]

আমি তখন বললাম বাস এরকম করে চলবে কি করে? তখন বাসের একজন কর্মী আমাকে বললেন দেখুন কলকাতার বাঘ মার্কা বাসের বাঘই লাফাতে পারে না তো হাতী মার্কা চলবে কি করে? উত্তরবঙ্গের রাষ্ট্রীয় পরিবহণ হাতী মার্কা আর কলকাতার বাস হচ্ছে বাঘ মার্কা। সেই বাঘই লাফাতে পারে না স্যার, এই হাতী মার্কা কোথা থেকে লাফাবে বলুন। আমি যখন বললাম আমাকে বিধানসভায় যেতে হবে, আমি সেখানে আপনাদের কথা বলবো, একটু তাড়াতাড়ি করুন, গাড়ী না চললে কি করে হবে? তখন সে ক্লীনারকে ডেকে বললে ওরে, ওরে দড়িটা বার করতো, দড়িটা দিয়ে কার্বোনেটারটাকে বাঁধ ভাল করে। এবং সত্যি কথা এই যে দড়ি দিয়ে সেই কার্বোনেটারটাকে বেঁধে তবে বাসটিকে চালিয়ে নিয়ে এল। এই হচ্ছে উত্তরবঙ্গের রাষ্ট্রীয় পরিবহণ ব্যবস্থা বাজেটে তাঁরা যার কথা কৃতিত্বের সঙ্গে বলেন। আর কলকাতার কথা সকলেই জানেন আমাদের এখানে এখানকার প্রাক্তন সদস্য ডাঃ হীরেন চ্যাটার্জি মহাশয়ের একটা পুরানো উক্তি সভাপতি মহাশয়, আপনাকে একটু স্মরণ করিয়ে দিই। তিনি এই রাষ্ট্রীয় পরিবহণ সম্বন্ধে বলেছিলেন, প্রথমে ঝুলন যাত্রা, তারপর যদিই বা অতি কষ্টে উত্তমকুমার হয়ে উঠা গেল, নামবার সময় ত্রৈলঙ্গ স্বামী। এই হল কলকাতার ট্রান্সপোর্ট। গতবার জিজ্ঞাসা করাতে ভিতরের খবর জানা গেছল এই যে পাঁচ ভাগের এক ভাগ গাড়ী এখানে বন্ধ হয়ে থাকে ডিসঅর্ডার হওয়ার জন্য এই দর্পে আবার এই বাজেট নিয়ে এসেছেন। এই ব্যাপার চরম হতাশাজনক বলে আমি মনে করি।

ত্রাণের ব্যাপারেও দেখুন, জানি না মানুষ এই ত্রাণ কোথা থেকে পাবে। এ দেশ থেকে শেষ অবধি একেবারে উপর স্থানে চলে যাবে, তখন ত্রাণ হবে কিনা জানি না। দুঃখ-দুর্দশার মানুষের আর শেষ নেই। ত্রাণের ব্যবস্থা যেখানে অপ্রতুল সেখানে এই দাঙ্গার সমস্যা একে আরও জড়িয়ে ফেলেছে। এবং দাঙ্গার সঙ্গে আজকে চীৎকার শুনছি ঘরে এবং বাইরে পাকিস্তানের চর চারিদিকে ঘোরাফেরা করছে। যদি একবার গা দিয়ে রশুনের গন্ধ বেরুল অমনি সে পাকিস্তানের চর। আমি সে রশুন খাই আর বাপের জন্মে কেউ খাক। ছাতা সারাতে আসে বহরমপুর থেকে সে পাকিস্তানের চর, ঠেলা গাড়ী ঠেলে সে পাকিস্তানের চর, সব পাকিস্তানের চর সেজন্য তাদের ধর, অমুক কর তমুক কর। কিন্তু আমি যদি সত্যিকারের পাকিস্তানের চর দেখিয়ে দিই তাহলে সে জিনিষটা তেতো লাগবে, ভাল লাগবে না এবং খবরের কাগজ আমাদের কথা চেপে দেবে সম্পূর্ণ। পাকিস্তানের চর কোথায় আছে আমি জানি। তারা এখানেই দেশপ্রেমের ভুরভুরি ফেটে বেড়িয়েছে। পাকিস্তানী চরদের বক্তব্য বেরিয়েছিল তাদের মুখ থেকে, তার অন্যতম হচ্ছে জেনারেল কারিয়াপ্পা এবং অপর কেউ কেউ হচ্ছে কলকাতার সংবাদপত্র। তারা এখানে দাঁড়িয়ে এক বছর আগে বলে গেছে বাংলাদেশের বুকে জয়েন্ট কম্যান্ড কর। পাকিস্তানের সঙ্গে আমাদের সামরিক যৌথ ব্যবস্থা কর, সব গুপ্ত রহস্য ভেঙ্গে দাও। এর চেয়ে জঘন্য ষড়যন্ত্র দেশকে বিকিয়ে দেবার আর কেউ কোন দিন পরিকল্পনা করতে পেরেছে? যেটা আয়ুবের দেশ-প্রেমিকরাই সেদিন কবে গেছে। এখানে আমাদের তখন দেশদ্রোহীর জায়গায় দাঁড় করাবার চেষ্টা করেছিলেন। আজকে দেশ তা বলে না। বিনয় চৌধুরী জানিয়ে দিয়েছে যে দেশ তা বলে না, সীমান্তের রায় বেরিয়ে গেছে। কিন্তু কথা হচ্ছে এখানে যারা সত্যিকারের গুপ্তচর তাদের এরা আড়াল করে রেখে দিচ্ছে। স্যার, আমরা দেখেছি খবরের কাগজে গত এক বছর আগে ব্যানার হেড লাইন দিয়ে বেরিয়েছে দুই নিঃস্বার্থ বন্ধু কে? বৃটেন আর আমেরিকা। আর ভারতের নিম্ন প্রদেশের বস্ত্রখণ্ড অপসারণ করতঃ তীব্র কষাঘাত করেছে। ইউ এন ও-তে রাষ্ট্রসংঘে দুই নিঃস্বার্থ বন্ধু। কতবার কাপড় দিয়ে ঢেকে মানে মানে খুঁড়িয়ে চলে যেতে হচ্ছে। দুই নিঃস্বার্থ বন্ধু! আমি যুগান্তর পত্রিকা থেকে দুই নিঃস্বার্থ বন্ধুর কথা একটু বলি যাদের পরামর্শে সেদিন জয়েন্ট কমাণ্ড করতে চেয়েছিলেন। যুগান্তরে ১০ই ফাল্গুনের এডিটরিয়াল দেখুন।

১০ই ফাল্গুন, রবিবারের যুগান্তরের এডিটরিয়াল-টা একবার দেখুন—'শ্রী চাগলা যে বিবৃতি দিয়াছেন তাতে কাশ্মীরের প্রসঙ্গে ইঙ্গ-মার্কিন নীতির বর্তমান পরিণতি সম্বন্ধে তিনি মোটেই তাহার মনোভাব গোপন করেন নি। তিনি বলেন ভারতবর্ষ নিরপেক্ষ দেশ, পক্ষান্তরে পাকিস্তান

হইল তাহাদের পৃষ্ঠপোষক সামরিক জোটের অন্তর্ভুক্ত। তাই বরাবরই পাকিস্তান সম্বন্ধে তাঁহাদের দয়ার মাত্রা একটু বেশী। তা সত্ত্বেও ঠিক সেইভাবে তাহারা পেছন হইতে অতর্কিত ছুরির আঘাতের চেষ্টা করিতেছেন। এটা কেউ আশংকা করে না। হায়ঃ চায়না, নিঃস্বার্থ বন্ধু তোমাকে পেছন দিক থেকে ছুরি মারেনি ভারতবর্ষ, নিম্ন প্রদেশে কষাঘাত করেছে—তার দাগ কেউ তুলতে পারে নি। কাজেই আজকে দেশপ্রেমিকদের অবস্থা বোঝা গেছে এবং কালকে যে হাত একের সংগে জয়েন্ট কমেন্ড করতে বলেছিল, আজকে সেই হাত এদের বাড়ছে আমাদের দেশের বুকের উপর বসে যাকে তাকে ধরে বলছে পাকিস্তানের চর, এখান থেকে তাড়িয়ে দাও। সেই হাত, সেই লোক সেই দেশপ্রেম সেই তার মিথ্যা মুখোস যদি ধরতে হয় তাহলে জাগ্রত জনতার তরফ থেকে যদি শাস্তি দিতে হয় তাহলে এদের দিতে হবে এবং ক্ষমাহীন ভাবে দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আর একটা জিনিষ দেখাতে চাই, সেটা হচ্ছে বিদ্যুৎ সরবরাহ। আজকে সমস্ত দেশে বিদ্যুতের ঘাটতি অপরিমেয় এবং তার চাহিদা পূরণ হয় নি। কিন্তু এর উপর একটা ইহুদী কোম্পানীকে বাংলাদেশের বুকের উপর দাঁড় করিয়ে রাখা হয়েছে যে ইহুদী কোম্পানী কদিন আগে এখান থেকে টাকা-পয়সা নিয়ে প্যালেস্টাইন-এ পালিয়ে যাবার চেষ্টা করেছিল। ঐ বি এন ইলিয়াম আজ অবাধ গতিতে বাংলাদেশের কৃষ্ণনগর, নবদ্বীপ, মেদিনীপুর এবং বাঁকুড়ার উপর তার শোষণের ব্যবস্থা কায়েম করে রেখেছে। আজও সে গভর্নমেন্টের কাছ থেকে, ডি ভি সি-র কাছ থেকে, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর কাছ থেকে সামান্য পয়সার কারেন্ট কিনে চড়া দামে বিক্রি করে লাভ করছে। অথচ তারা একটা লাইন ভেংগে গেলেও পালটায় না, একটা তার পালটায় না। এই ব্যাপারে মিউনিসি-প্যালিটির চেয়ারম্যানরা এমন কি কংগ্রেস পরিচালিতগুলিরও—অসহায় অবস্থায় তার দরজায় দরজায় ঘোরে। মিউনিসিপ্যালিটি বলে দিল আলো জ্বালিয়ে দিতে হবে, স্যাংশন করে দাও, তাতে ওরা বলে যে এখানে দরকার নেই, আমরা আলো দেব না। এই বি এন ইলিয়াসের ব্যাপার সম্বন্ধে কংগ্রেস মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানরা বার বার পশ্চিমবংগ সরকারকে, মন্ত্রিমণ্ডলীকে, সেক্রেটারীকে জানিয়ে তাঁরা ব্যর্থ হয়েছেন। আমি জানি না উন্নতির কি প্রচেষ্টা রয়েছে তাঁদের যার জন্য আজকে এই বি এন ইলিয়াস-কে হটিয়ে একে জাতীয়করণ করা হবে না এবং কেন সত্যিই উন্নতির ব্যবস্থা হবে না? কিন্তু এটা বাজেটের যে ভয়ংকর গাফিলতি সে বিষয়ে সন্দেহ নেই। এরপর জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে লোকের কি ধারণা বা কি বিশ্বাস সেই কথাই বলবো এবং তা শুনে অবাক হয়ে যাবেন। আমি সেদিন কৃষ্ণনগরের একটা থানায় বসে আছি। রেকর্ড কিপার রুম-এ এক মোক্তারের মুহুরী এসে রেকর্ড কিপারকে বকছিলেন যে আমি আর্জেন্ট সার্টিফাইড কপি নেবার জন্য আজ ৯ দিন হল দরখাস্ত করেছি, ৩ দিনের মধ্যে কপি দেবার কথা, আপনি এখনও দিলেন না, এতে রেকর্ড কিপার বললেন যে যান আমি দেব না, আপনি আমার বিরুদ্ধে কমপ্লেন করুন। মুহুরী মহাশয় বুড়ো মানুষ তিনি চশমাটি নাকের ডগায় নিয়ে এসে বললেন আপনার বিরুদ্ধে আমি কমপ্লেন করব আপনি ক্ষেপেছেন, কারণ আপনার বিরুদ্ধে কমপ্লেন করলে আপনার প্রোমোশন হয়ে যাবে। এখন লোকের ধারণা যে কোন সরকারী কর্মচারীর চরম অপদার্থতার বিরুদ্ধে যদি কেউ দরখাস্ত করেন অ্যাডমিনিস্ট্রেশন এমনই যে তার ফলে তার প্রোমোশন হয়ে যাবে। অর্থাৎ এটাই হচ্ছে এখন সাধারণ লোকের ধারণা। পুলিসের কথা যখন আসবে তখন অন্য কথা বলব।

[At this stage red light was lit]

মিঃ স্পীকারঃ আপনার টাইম ২৫ মিনিট, কিন্তু কিছুটা কাট করা হয়েছে টু গিভ এভ্রি মেম্বার এ চান্স আই উইল ট্রাই টু অ্যাকোমোডেট এভ্রি মেম্বার। সুতরাং আপনি মিনিট খানেকের মধ্যে শেষ করুন।

[5-35—5-45 p.m.]

Shri Debi Prosad Basu:

অনেকে বলেছেন পুলিস কমিশনারের বদলির কথা, পি কে সেন এসেছেন কেন ইত্যাদি, আমি বাহিরে শুনেছি স্যার, লোকে বলছেন শিক্ষা অধিকর্তা ডি এস সেন, পুলিস কমিশনার

পি কে সেন, মুখ্যমন্ত্রী হচ্ছেন প্রফুল্লচন্দ্র সেন, এ'রা সব বলছেন তবে কি এবার আবার সে রাজত্ব প্রতিষ্ঠা হতে চলেছে. আমি একথা বলে আজ থেকে ৭০০ বৎসর আগে বাংলাদেশে সেন রাজত্ব হয়েছিল নবদ্বীপে তা কি আবার হ'তে চলেছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপ জানেন চরম অপদার্থতা, দুর্নীতি ও গাফিলতি এবং অক্ষমতার ফলে সেই সেন রাজত্ব গদি ছে চলে যেতে বাধ্য হয়েছিল, সেই অদৃষ্টের পরিহাস হচ্ছে, আজকে এখানে সেন রাজত্ব প্রতিষ্ করবার কারণ যদি ঘটে থাকে তাহলে সেই নবদ্বীপের সন্তান এখানে এসে সেই সেন রাজা আজ সতর্ক করছে ওয়ার্নিং দিচ্ছে। আমরা নদীয়াবাসী বহুদিন বলেছিলাম যে বল্লাল সেনে ঢিবি খুঁড়ুন, সেন রাজত্বের যে ব্যর্থতার ইতিহাস, তার কিছু বল্লাল সেনের সে ঢিবি খুঁ পাওয়া যাবে। আমি পূর্তমন্ত্রী মহাশয়কে বারবার একথা বলেছিলাম, কিন্তু একজন দাশগু মন্ত্রী সেনগুপ্তের ব্যর্থতার কারণ খুঁড়তে রাজি নয়। আজ পর্যন্ত সে ব্যবস্থা করেন নি স্যার তাই আমি সেন রাজত্বকে সাবধান করে দিচ্ছি, তাঁরা সাবধান হ'ন জনসাধারণে ক্ষুব্ধ। তাদে বক্তব্য তারা চায় এই ময়লা বাজেট এই পুঁথিকে সংস্কার করতে, একে নূতনভাবে তৈরী না করা এ থাকবে না। রবীন্দ্রনাথ যেদিন ইটালীতে গিয়েছিলেন গিয়ে সাহিত্য সভায় বলেছিলেন

I had my rise in the East and shall have my set in the West

আমার ভয় হয় এমনভাবে এরা চলুন সেন ইতিহাস বলতে না পারে প্রফুল্ল সেন মন্ত্রিসভাকে প্রফুল্ল সেনকে লক্ষ্মণ সেনের সঙ্গে তুলনা করে এই কথা বলতে না হয়,

Like my great namesake I had my rise in the East and shall have my s in the West.

এই সতর্কতার ধ্বনী দিয়ে এই বাজেট যাতে পাশ না হয়, বাজেট দিয়ে যাতে সভ্যদের দরকা কাজ যাতে তৈরী করা হয় তার দাবী জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি মোক্তার: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশ কর্তৃক উত্থাপিত ১৯৬৪-৬৫ সালের বাজেটের বায় বরাদ্দ সমর্থন জানাতে উঠে আপনার মাধ্যে আমি কতকগুলি কথা বলতে চাই। কয়েকদিন ধরে এই বাজেট বিতর্কের উপর বিভিন্ন রক আলোচনা এবং সমালোচনা শোনবার অবকাশ হয়েছে। আমার একটা কথা মনে বার বার এসেছে যে এ পক্ষ সদস্যগণ বাদে ঐ পক্ষের যাঁরা আছেন তাঁরা বন্ধ করে একটা চক্ষু খুলে দিয়েও দেখবার মত অবকাশ পান নি। অর্থাৎ একটা চক্ষু বন্ধ করে রেখে বাজেট আলোচনার চেষ্ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জোরের সঙ্গে এই কথা বলা উচি বলে মনে করি যে, এই বাজেট একটি সুন্দর বাজেট। যে কোন খাতের কথা যদি ধরা যায় তাহলে দেখা যাবে। প্রথমেই আপনার মাধ্যমে আমি শিক্ষার বিষয় তুলে ধরতে চাই। আপনি দেখলে আশ্চর্য হবেন এই শিক্ষার উন্নতির বিষয় দেখে। গত কয়েকদিন আগে মুর্শিদাবাদ জেলার স্কু বোর্ডের সভাপতির সহিত একটা মিটিং-এ যাবার সুযোগ ঘটেছিল। আমি সেখানে গি তাঁকে একটি কথা জিজ্ঞাসা করায় জানতে পারলাম যে মুর্শিদাবাদ জেলায় যেখানে ৪০০ প্রাইমারি স্কুল ছিল আজকে সেটা সেখানে বেড়ে ১৬ শত প্রাইমারি স্কুল হয়েছে। মাননীয় বিরোধ পক্ষের সদস্যগণ কি একবারও ঘূণাক্ষরে এটা দেখবার সুযোগ পেলেন না যে ৪ শত স্কুলে জায়গায় ১৬ শত স্কুল হয়েছে—চারগুণ বেড়ে গেল। এই রকমভাবে প্রত্যেক জায়গায়, স্যা যদি কলেজের কথা বলেন তাহলে সেখানেও অনুরূপ আমরা দেখতে পাব। যদি ইউনিভার্সিটি কথা বলেন তাহলে অনুরূপ অবস্থাই আমরা দেখতে পাবো। যেখানে হয়ত তিনটি ইউনি ভার্সিটি ছিল আজকে তাকিয়ে দেখলে দেখতে পাবেন সেখানে অনেকগুলি ইউনিভার্সিটি হয়েছে। একটির জায়গায়, নর্থ বেঙ্গলে একটি, বর্ধমানে একটি, কল্যাণীতে একটি, এই রক ভাবে ৬টি ইউনিভার্সিটি আমাদের বাংলাদেশে তৈরী হয়েছে। আমরা এতক্ষণ যাবত এক শুনছিলাম যে বেকার সমস্যা সমাধানের জন্য কোন চেষ্টা করা হয় নি। বেকার সমস্যা আছে এটা অস্বীকার করবার কথা নয় কিন্তু একথাও ঠিক যে বেকার সমস্যা সমাধানের জন্যে, দেশকে অগ্রগতির দিকে নিয়ে যাবার জন্যে এতবড় যে দুর্গাপুর প্রজেক্ট তৈরী করা হল, দুর্গাপুরে কলকারখানা স্থাপিত হল, সেখানে যে বিদ্যুৎ পর্ষতের মারফত বিদ্যুৎ সরবরাহ করা হবে এ

সব বিরোধী পক্ষের অবলোকন করারও একটা সুযোগ ও সুবিধা আসে নাই। স্যার, আপনার মাধ্যমে আমি একথা বলতে চাই যে কৃষি ক্ষেত্রে এই বাংলা দেশে জনসংখ্যা অধিক হেতু, অত্যন্ত সমস্যা সংকুল বাংলায় মানুষ এত বেড়েছে, এই সরকারকে পূর্ব্বঙ্গ থেকে আগত ভাইবোনদের পুনর্বসতির অনেক রকম ব্যবস্থা করতে হয়েছে তথাপিও এই বাংলাদেশের মানুষ কোন জায়গাতে খাওয়ার অভাবে একটাও মরে নাই। এই বাংলাদেশের মানুষের কৃষি উন্নতি সাধনের জন্যে বাংলার সরকার যেমন একদিকে প্রচেষ্টা চালিয়েছেন খাদ্য উৎপাদনকে শক্তিশালী করবার জন্য ঠিক তেমনিভাবে দেখা যাচ্ছে আর একদিকে পাটের উৎপাদন আমাদের দেশে অনেক বেশী বেড়ে গিয়েছে। স্যার, আমাদের দেশে আলু, সেও আমাদের দেশের একটি খাদ্যদ্রব্যের বিষয়বস্তু এবং তার যে উন্নতি বিধান হয়েছে একথা আমরা ইতিপূর্বে শুনেছি এবং আজকে না বললেও আমরা এই হাউসের সকলেই জানি যে আলুর আমাদের দেশে প্রচুর পরিমাণে ফলন বেড়ে গিয়েছে। স্যার, পরিবহণের কথা, রাস্তাঘাটের কথা শুনেছিলাম। এই বাংলাদেশে যখন আমরা ১৯৪৭ সালে স্বাধীনতা পেলাম তখন, মাননীয় সদস্যগণ বা আমরা যারা বিভিন্ন জেলা থেকে এসেছি আমরা জানি, জেলা থেকে কখনও একটা থানার কোয়ার্টারে যেতে হলে রাস্তা পাওয়া যেত না, কিন্তু আজ সদর সহর থেকে মহকুমা সহরে বা থানা সহরে যাবার মত, আমার মনে হয় বাংলাদেশে এমন কোন জেলা নেই, যেখানে আজকে পিচের রাস্তা তৈরী হয় নি। এত বড় উন্নতি বিধান আমি মনে করি ১৭ বৎসরের মধ্যে করতে পেরে যদি থাকেন তাহলে বাংলাদেশের সরকারই করেছেন। কিন্তু, স্যার, ওঁদের যে ভূমিকা, এই বাজেটের ব্যয় বরাদ্দ সমালোচনা করবার জন্য যে ভূমিকা নিয়ে অবতীর্ণ হন, ড্রামার ভঙ্গীতে যেরকম ভাবে বলেন, একটিও ১০৭ ধারার কেস তাঁরা ডিসপোজ হতে দেখেন না, কিন্তু এই রকম হাজার হাজার কেস যে ডিসপোজ হয়ে যাচ্ছে সেদিকে তাঁরা দৃষ্টি দেবার সময় পান না। স্যার, আমি তাই বলি যে তাঁদের দৃষ্টিভঙ্গী পালটান উচিত এবং তাহলেই আমাদের দেশের নিশ্চয়ই উন্নতি হবে বলে আমি বিশ্বাস করি। এই বলেই আমি এই বাজেট ব্যয় বরাদ্দকে অভিনন্দন জানাচ্ছি।

[5-45—5-55 p.m.]

শ্রীগিরীশ মাহাত: মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রীর ভাসনে উন্নতির বহু বিষয় উল্লেখ করেছেন। কিন্তু উন্নতির বিশেষ কোন পরিচয় দেখাতে পারেন নি। বিশেষ করে জীবনের সবচেয়ে প্রয়োজনীয় দিক। যেমন কৃষি, অর্থমন্ত্রী দেখিয়েছেন কৃষির উন্নতি করতে পারেন নি। মানুষের যেগুলো বিশেষ প্রয়োজন সে হচ্ছে কৃষি। আজ দেশে দুর্ভিক্ষ হয়েছে মানুষ যেভাবে ভিক্ষার দিকে এগিয়ে যাচ্ছে তার কোন উন্নতি হচ্ছে না। মানুষের মানদন্ড আজ কত নীচে নেমে গেছে আমাদের ডান দিকের ভায়েরা বলছেন, যে কংগ্রেস সরকার কত উন্নতি করেছে উন্নতির প্রমাণ এই যে, কি রকম ভিখারী হচ্ছে, কি রকম দুর্ভিক্ষে মানুষ না খেয়ে মারা যাচ্ছে। তারা বলেছেন আমাদের সরকারের প্রগতি হচ্ছে। কি রকম প্রগতি হচ্ছে আপনারা দেখতে পারবেন মানুষের প্রতি কি রকম অত্যাচার হয়েছে। আপনারা সেদিন দেখলেন যে পুরুলিয়ার নেতা অতুল ঘোষের সহধর্মিনী প্রাক্তন এম এল এর উপর পুলিস অত্যাচার করেছে। আপনারা আরো দেখেছেন আগে ঘুষ ছিলো না, আজ শতকরা ৯৫ জন ঘুষ নিচ্ছে। হ্যাঁ প্রগতি বেড়েছে। আরো কি দেখেছেন কোটি কোটি মানুষকে শোষণ করার ভিত্তিতে মুষ্টিমেয় স্বার্থবাদী কায়েমদের তিন তলা চার তলা বেড়েছে। সত্যি প্রগতি বেড়েছে। এরকম ক্ষমতা একজন নয় এই বাংলার হাজার হাজার মা বোনেদের উপর পাশবিক অত্যাচার হচ্ছে, সরকার সেই পুলিশকে সহযোগিতা করছে। তিনি দেখাচ্ছেন পরিসংখ্যান আমরা বহুবার বলেছি এই পরিসংখ্যান সত্যি নয়। কি রিপোর্টের উপর পরিসংখ্যান হয়েছে। মমতা নিজে বলছে পাশবিক অত্যাচার করেছে। আর রিপোর্ট দিচ্ছে যে মিথ্যা কথা। এই হচ্ছে পরিসংখ্যান। আপনারা দেখেছেন যত যে পরিসংখ্যান দেখানো হচ্ছে সেটার কোন ভিত্তি নাই। আপনারা আলো দেখেছেন এই যে পরিকল্পনা এই পরিকল্পনার দ্বারা পশ্চিমবঙ্গের কখনো উন্নতি হতে পারে না এই পরিকল্পনা ভিত্তিহীন। এই পরিকল্পনার দ্বারা কখনো বাংলার উন্নতি হতে পারে না শুধু তাই নয় আপনারা আরো বলেছেন উন্নতির কথা আমাদের পুরুলিয়া জেলায় কৃষির কোন উন্নতি হয় নাই। সেখানে উন্নতির কোন রকম ব্যবস্থা করতে সরকার পারে নাই। সেচের কোন ব্যবস্থা নাই। তার জন্য বছরের পর

বছর দুর্ভিক্ষে লোক মারা যাচ্ছে। শুধু তাই নয় সেখানে আমাদের কৃষি করবার জন্য আমা দেখিয়ে দিয়েছি। কাজু বাদাম পুরুলিয়া জেলায় খুব হতে পারে, তার কোন ব্যবস্থা করতে পারে নাই। শুধু তাই নয় আমাদের বহু বড় বড় মাঠ রয়েছে সেই মাঠে বহু রকম জিনিষ উৎপন্ন হতে পারে কিন্তু এই সরকার কৃষির উন্নতির জন্য কোন চেষ্টা করে না। আমরা দেখেছি পুরুলিয়া জেলার শিল্প হতে পারে। বহু বড় বড় শিল্প রয়েছে। সেখানে সিমেন্ট হতে পারে চিনির শিল্প হতে পারে। কিন্তু সরকার তার কোন ব্যবস্থা অবলম্বন করে না। অথচ কোটি কোটি টাকা সরকার কিভাবে অপচয় করছে এদিকে আমাদের কতকগুলো পরিসংখ্যান দেখাচ্ছে যে আমরা খুব উন্নতি করেছি। সেখানে বহু কাঁচা মাল রয়েছে, কুটিরশিল্প আছে, লাক্ষা শিল্প ছিলো, সেই শিল্পকে ধ্বংস করে দেওয়া হয়েছে। সমবায়-এর কথা বলেছেন। সমবায় আমরা দেখেছি যে এর যারা পরিচালক তারা সরকারের দালাল, তারা সমবায়ের মেম্বারদের টাকাকে আত্মসাৎ করেছে, এবং সমবায়কে এইভাবে নষ্ট করে দিয়েছে। আমি আমার গ্রামে দেখেছি যারা সমবায়ের সেক্রেটারী তারা লোকের নাম দিয়ে টাকা তোলেন। আর তাদের নামে নোটিশ এসেছে। এই তো হচ্ছে সমবায়।

শহরের উন্নতি। আপনি দেখছেন বাজেটে শহরের উন্নতির কথা আছে কিন্তু আজ গ্রামের উন্নতির কোন ব্যবস্থা নাই। কোটি লোক আজ গ্রামে বাস করছে, সেই গ্রামের উন্নতির পরিকল্পনা এই বাজেটে নেই। শুধু তাই নয় গ্রামের মানুষকে আজ শোষণ করে বড় বড় শহরের পরিকল্পনা হচ্ছে। স্বাস্থ্যের কথা বলা হয়েছে। কিন্তু পুরুলিয়া জেলায় কুষ্ঠ রোগী বেশী, কিন্তু তার জন্য সরকার কোন ব্যবস্থা করে নি। টি বি দিন দিন বেড়ে যাচ্ছে, কিন্তু তার কোন ব্যবস্থা হয় নাই। এই যে সরকারী হাসপতাল রয়েছে তাতে হরিরলুটের খেল হচ্ছে। আমাকে একজন রোগী, চিঠি লিখেছে যে সে ২৫ মাইল দূরের রোগী দিনের পর দিন ঘুরে গেছে কিন্তু তাকে ভর্তি করা হয় নাই। হাসপাতালগুলো ঔষধ দিতে পারে না। এই তো হচ্ছে স্বাস্থ্যের অবস্থা। শুধু তাই নয় শিক্ষার জন্য আজ যে পুরুলিয়া জেলা উন্নত সেই শিক্ষার জন্য কোন ব্যবস্থা নাই।

সে ভর্তি হতে পারে নি—ঔষধ পায় নি। এই তো হোল স্বাস্থ্যের অবস্থা। শিক্ষার ব্যাপারেও পুরুলিয়া জেলার মত সহরে কোন ব্যবস্থা হচ্ছে না। শুধু তাই নয় আজ পুরুলিয়ার লোককে কাদা-জল খেতে হচ্ছে। সেখানে কোন পানীয় জলের ব্যবস্থা পর্যন্ত হয় নি। সেখানে দু-তিন মাইল দূর থেকে কাদাজল নিয়ে খেতে হয়। আজ পুরুলিয়া জেলার জন্য মাত্র ৩০টি পানীয় জলের ব্যবস্থা হয়েছে। সেই ৩০টি আবার ২০ ব্লকে ভাগ করা হয়েছে, মাত্র একটা কুয়া দেড়টা কুয়া ভাগে পড়েছে। এই হচ্ছে উন্নতি। তাই আমি বলছি যে ছাগলের দ্বারা চাষ করা যায় না। এ হতে পারে না—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Ranjit Kumar Ghosh Chowdhury:

অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে গত কয়েক দিন আলোচনায় আমরা দেখেছি যে ভারতবর্ষ তথা বাংলাদেশের সামনে একটা স্থায়ী সমস্যা হচ্ছে পাকিস্তান। এই স্থায়ী সমস্যা সমাধানের কথাও অনেকে চিন্তা করেছেন। আমরা দুটি কথা বাদ দিয়ে—একটি হচ্ছে লোক বিনিময়, আর একটি হচ্ছে যুদ্ধ—আমাদের আর একটি কথা চিন্তা করতে হবে। একটা সাজেসন হচ্ছে যে আমরা একটা প্রোপাগান্ডা করতে পারি কি না—টাকা বাজেটে ধার্য করে। আমাদের রেডিও মারফত যদি তুলনামূলকভাবে গত কয়েক বছরের ভারতবর্ষের প্রগতির উন্নতির কথা, শিক্ষা, শিল্প, তাদের সামনে গণতন্ত্রের কথা যদি তুলে ধরি তাহলে পাকিস্তানে একথা স্বীকৃত হবে যে তাদের ওখানে যে প্রগ্রেসিভ ফোর্স আছে তাদেরকে জানাতে পারি তাহলে এর একটা স্থায়ী সমাধান হবে। সুতরাং আমার মনে হয় যদি এটা আমরা করতে পারি তাহলে বোধ হয় আমরা স্থায়ী সমাধানের দিকে যেতে পারবো। এবং এইজন্য আমাদের যে অ্যাডভাইসরী কমিটি আছে সেখানে যদি আমাদের সরকার একটা কম্প্যাক বডি করে দেন এবং এই প্রোগ্রাম করার পর কি ফলাফল হচ্ছে সেদিকে তাঁরা নজর রাখেন তাহলে হতে পারে। এখানে একটি কথা বলা দরকার—এই বাজেটে আমরা নানা রকম কথা শুনছি। কিছুক্ষণ আগে যে বন্ধুত্বের কথা উঠলো—কারা

আমাদের বন্ধু। তাতে আমি বলি আমাদের সবাই-ই বন্ধু। আমার একটা প্রতিবাদ করার আছে। এখানে রাজ্যপালিকার ভাষণ প্রসঙ্গে তরুণকান্তি ঘোষ মহাশয় যে কথা বলেছিলেন আমি সেই কথার সঙ্গে বলছি যে. আমরা ছাড়া ভারতবর্ষের কোন উন্নতি হবে না। আজকে ওঁরা যে কথা বলছেন—বন্ধুত্বের কথা—আমেরিকান ব্লকের কথা। গত বিশ্বযুদ্ধের সময় জনযুদ্ধ বলে যখন ওনারা ঢেউ তুলেছিলেন তখন এঁরা কাদের বন্ধু ছিল। যখন পাকিস্তান চীন গাঁটছড়া বাঁধা হয়েছিল তখন তাঁরা কোন ভূমিকা নিয়েছেন? সুতরাং পাকিস্তান চর কারা? যখন চীনের সঙ্গে পাকিস্তানের গাঁটছড়া বাঁধা হয়েছে যাঁরা চীন দরদী আছেন তাঁরাও কি পাকিস্তানের দরদীর কাজ করছেন কি না? আমাদের দেশের উন্নতি হচ্ছে কি না এটা বুঝবো কি করে। যদি আমাদের ক্রয় ক্ষমতা বেড়ে থাকে যেটা যথেষ্ট বেড়েছে—যেমন একটি ডিম ছুঁড়ে ৪০ হাজার টাকা —একটি ডিম ছোঁড়াকে কেন্দ্র করে ৪০ হাজার টাকা নষ্ট হয়েছে। যখন আমরা এখানে সরকারের সমালোচনা করি তখন বিরোধী পক্ষের সদস্যদের স্মরণ রাখা কর্তব্য এই বিষয়ে। আজ যদি বাংলা স্বীকার করে নেয় ৪০ হাজার টাকা মূল্যের ডিম ক্রয় করা যেতে পারে তাহলে তাদের একথা বলবার অধিকার নেই যে দেশের উন্নতি হচ্ছে না। এটা বেড়েছে। মাননীয় স্পীকার যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত হয়েছে তার সমর্থনে আমি এই ক'টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-55—6-5 p.m.]

Shri Bejoy Kumar Roy:

মাননীয় স্পীকার মহাশয়, কয়েকদিন ধরে আমাদের এই হাউসের বহু সদস্য পূর্ববাংলার সংখ্যালঘুদের থেকে সুরু করে আমাদের দেশের জনসাধারণের দুঃখ-দুর্দশার কথা বলে এটাই প্রমাণ করেছেন যে, আমাদের সরকার আমাদের দেশের মানুষের ধনপ্রাণ রক্ষা এবং তাদের নিরাপত্তার কোন ব্যবস্থাই করতে পারেন নি। আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেট যদি ভাল করে পড়া যায় তাহলে একথাই প্রমাণিত হয় যে, জনসাধারণের জন্য উন্নয়নমূলক কাজে টাকা কমান হয়েছে এবং পুলিশ খাতে ক্রমান্বয়ে টাকা বাড়িয়ে চলেছেন। এতে অবশ্য আমাদের কোন আপত্তি ছিল না যদি আমরা বুঝতাম যে, এই পুলিশের দ্বারা আমাদের দেশের মানুষের শান্তি, শৃঙ্খলা, নিরাপত্তা এবং ধনপ্রাণ রক্ষা হবে। আজকে আপনারা পশ্চিমবাংলার সীমান্ত এলাকার দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন পাকিস্তান সংলগ্ন এলাকায় যারা বসবাস করে তারা দিনের পর দিন নিঃস্ব হয়ে যাচ্ছে এবং তাদের ধনপ্রাণ নষ্ট হচ্ছে। এ বিষয়ে আমি কয়েকটি উদাহরণ দেব। অন্ধকার পক্ষের শেষের ৭ দিন এবং জ্যোৎস্না পক্ষের প্রথম ৭ দিন সেখানকার লোকেরা কিভাবে যে দিন যাপন করে তার একটা নজীর আমি দিতে চাই। স্যার, বর্ডারবাসী হিসেবে আমি একজন ভুক্তভোগী এবং আমরা দেখি রাত্রের শেষের দিকে গ্রামের সমস্ত গরু হয়ত সাফ হয়ে গেল। এক-একটি লোক যার ৩০।৪০টি গরু ছিল, আজ তার ৫।৭টির বেশী গরু নেই। যার ৮।১০টি গরু ছিল তার গোবর ছড়া দেবার মত গরু নেই। আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়কে এনকোয়ারী করতে বলব যে, কুচবিহারের শিলকোচি, শিতাই থানা প্রভৃতি যে সমস্ত বর্ডার এলাকা আছে সেখানে এক-একটি গৃহস্থের যেখানে ৩০।৪০টি গরু ছিল আজকে সেখানে ৩।৪টি গৃহস্থ মিলে একটি হাল নেই। এর ফলে তারা মাথায় হাত দিয়ে বসে আছে, কারণ তারা আউস ধান আবাদ করতে পারছে না। আমি জিজ্ঞাসা করছি আমাদের বর্ডারে যে সমস্ত পুলিশ আছে, থানা আছে তারা কি একটা চোরও ধরতে পারছে না? স্যার, পাকিস্তানের চোরেরা যে দিনের পর দিন আমাদের এখান থেকে গরু নিয়ে যাচ্ছে তার মধ্যে পাকিস্তান সরকারের যে চক্রান্ত আছে যোগসাজস আছে তার একটা প্রমাণ আমি দিতে চাই।

আমরা দেখছি আমাদের ভারত সরকারের দারোগার সঙ্গে এসে অপর পারের দারোগা শলা-পরামর্শ করে, ওদের ডি সি আমাদের বর্ডারের এপারে ডি সি-র সঙ্গে মীট করে শলা-পরামর্শ করে। এটা এনকোয়ারী করুন রংপুর হাতিবাগানে দইখানা বাওতা ইউনিয়নে গরুর খামার করা হয়েছে। এর সঙ্গে পাকিস্তানে ইউনিয়ন বোর্ডের চেয়ারম্যান যুক্ত আছে, এই করে আমাদের

এখানকার গরু নিয়ে যায়। সেখানে হাজার হাজার গরু রাখে এবং পাকিস্তানের ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট প্রতি গরু ১০ টাকা করে নিয়ে সার্টিফিকেট দেয়, এইভাবে আমরা দেখছি আমাদের গরু চুরি হয়ে যায়। শীতাই থানায় ধুমের পাড়া গ্রামে বিলাস বর্মণ নামে একজনের গরু চুরি গেল কয়েক মাস পরে পাকিস্তানের একজন মুসলমান যে নাকি বর্ডারে হাল দিচ্ছিল সে হাল ছেড়ে দিয়ে গরুর উপর ঝাঁপিয়ে পড়ল এবং সেই গরুকে এখানে আনা হল, কিন্তু পাকিস্তান গোলমাল করবে ভেবে এখানকার গরুকে পাকিস্তানের হাতে দিয়ে দেওয়া হল। বিলাস বর্মণ পশ্চিমবঙ্গের আইনে এখানে মামলা দায়ের করল। পাকিস্তানের ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট এইভাবে হাজার হাজার গরু খামারে নিয়ে যাচ্ছে তা বর্ডারে গেলেই প্রমাণ হয়ে যায়। অথচ এই খাতে সরকার হাজার হাজার টাকা নিয়ে যাচ্ছেন। বর্ডারে এমন অবস্থা হয়েছে যে আজকে বর্ডারবাসীরা গরুর অভাবে বাস করতে পাচ্ছে না। গৃহস্থের চাষবাস পর্যন্ত করতে পাচ্ছে না, আপনারা দেখুন আমি যথাযথ বলছি কি না। আপনারা এত খরচ করছেন, আনুমানিক ১ কোটি ৫২ লক্ষ টাকা ব্যয়ে জলপাইগুড়িতে তিস্তার সেতু করতে খরচা করছেন, আনুমানিক ২৩ লক্ষ টাকা ব্যয়ে তেঁতুলিয়াতে ইছামতি সেতু করছেন আনুমানিক ১ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়ে ২৪-পরগনা এবং পশ্চিম দিনাজপুর জেলায় সীমান্ত ঘাঁটিগুলির সংযোজক রাস্তা করেছেন, কিন্তু সীমান্ত এলেকায় কিছু হচ্ছে না। সেখানে রাস্তাঘাটের অভাব, সেখানকার মনুষের জীবন নষ্ট হয়ে যাচ্ছে, তার একটা নজির তুলে ধরতে চাই। গত জানুয়ারী মাসে হলদী থানায় দাড়িপম্থী গ্রামে একজন মানুষ খুন হয়েছিল, ৮ ঘন্টা সে জীবিত ছিল, কিন্তু সেখানে রাস্তা না থাকায় লোকটাকে হাসপাতালে পেঁছুতে পারল না এবং রাস্তার অভাবে পুলিস সেখানে পেঁছুতে পারল না। শুধু তাই নয়, সীমান্ত এলেকায় খুন-জখম, ডাকাতি, রাহাজনি হচ্ছে, কিন্তু পুলিস সেখানে রাস্তার অভাবে পেঁছুতে পাচ্ছে না। অনেক জায়গায় পেঁছুতে পাচ্ছে না, আপনারা সেই রাস্তার ব্যবস্থা করছেন না। আমি আর একটা কথা বলি, আমাদের বিধান-সভায় যে আইন প্রণয়ন করা হয় সে আইন যাতে যথাযথ পালিত হয় সেদিকে তাদের দৃষ্টি নেই। আমাদের গত অধিবেশনে এই হাউসে ধান এবং চাউলের দাম বেঁধে দেওয়া হয়েছিল কিন্তু সে দরে কুচবিহার জেলায় ধান এবং চাউল পাওয়া যায় নি।

[6-5—6-15 p.m.]

শ্রীবৃন্দাবন গায়েন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বাজেট আলোচনাকালে বিরোধী পক্ষে সদস্যগণ যে সমস্ত অভিযোগ উত্থাপন করেছেন তাতে তাঁরা কেবল মাত্র বলেছেন যে এর মধ্যে কিছু নেই, দেশের কোন উন্নতি হয় নি। অর্থাৎ কি শিক্ষা খাতে, কি কৃষি খাতে, কি স্বাস্থ্য খাতে কোন দিক থেকে আমরা যদি বাজেট পর্যালোচনা করি তাহলে দেখব যে, দেশের কিছু হয় নি—কেউ বলছেন ঠেলা গাড়ীর মত পড়ে আছে, কেউ বলছেন যে টিউবওয়েল হয়েছে সেই টিউবওয়েল থেকে জল ওঠে না। আপনার মাধ্যমে এই কথা বলব যে বাজেট যদি ভালভাবে দেখি তাহলে কেবল যে আমাদের দেশে এই ১৭ বছরে কোন উন্নতি হয়েছে কি অবনতি হয়েছে। অর্থমন্ত্রী মহাশয় এতে দেশের প্রকৃত চিত্র তুলে ধরেছেন। তিনি ১৬ বছরে আমাদের দেশের কি কার্য করা হয়েছে সে কথা যেমন বলেছেন, তেমনি তিনি বলেছেন যে আমরা আরও কি করতে চাই। তাঁরা দেশের সামগ্রিক উন্নতি কিছু দেখেন নি। তিনি বলেছেন যে দেশের প্রতিটা মানুষ যাতে সুখে স্বচ্ছন্দে বাস করতে পারে তার জন্য আমরা চেষ্টা করছি। বিরোধী পক্ষের একজন মাননীয় সদস্য বলেছেন যে কৃষির মোটেই উন্নতি হচ্ছে না। কৃষিক্ষেত্রে সরকার যথেষ্ট পরিকল্পনা নিয়েছেন, তা সত্ত্বেও উন্নতি হচ্ছে না। আমি আপনার মাধ্যমে এই কথা বলব কৃষি ক্ষেত্র উন্নতি করার জন্য সরকার ব্যাপক পরিকল্পনা নিয়েছেন এবং বাজেট খাতে যদি দেখি তাহলে দেখব এ বছরে কৃষি খাতে সরকার গত বৎসরের তুলনায় অনেক বাড়িয়ে দিয়েছেন। গত বৎসর কৃষি খাতে ৫ কোটি ৬১ লক্ষ টাকা ছিল, কিন্তু এ বৎসরের ৯ কোটি ৭৪ লক্ষ টাকা কৃষি খাতে ব্যয়বরাদ্দ করা হয়েছে। অর্থমন্ত্রী মহাশয় জানেন গ্রামের বেশীর ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল। সেজন্য কৃষির যদি উন্নতি না করা যায় তাহলে দেশের উন্নতি হবে না। জাতীয় আয়ের একটা মোটা অংশ কৃষি থেকে আসে, সেজন্য কৃষির উপর তিনি যথেষ্ট জোর দিয়েছেন। এই প্রসঙ্গে আমি তাঁকে বলব যে গ্রামের লোকেদের উন্নতির দিকে যেমন তিনি

নজর দিয়েছেন তেমনি গ্রামের কৃষিকার্যে নিযুক্ত শ্রমিকরা বৎসরের ৬ মাস যে কাজ পায় না তারা যাতে অন্য সময় কাজ পায় সেজন্য গ্রামে কুটিরশিল্প যাতে আরও বেশী করে তৈরী হয় সেই ব্যবস্থা করার জন্য এই অনুরোধ তাঁকে আমি জানাব। সঙ্গে সঙ্গে অর্থমন্ত্রী মহাশয়কে একটা কথা বলব যে আমরা ২৪-পরগনা জেলায় ভাগের কথা বহুদিন থেকে শুনছি। ২৪-পরগনা জেলা থেকে আমরা যারা নির্বাচিত হয়েছি আমরা দেখেছি যে ২৪-পরগনা জেলা একটা মস্ত বড় জেলা এবং এই জেলায় প্রশাসনিক ক্ষেত্র ভালভাবে চালু করার জন্য এই জেলাকে ভাগ করার একটা পরিকল্পনা সরকার করেছেন। কিন্তু বর্তমান জরুরী অবস্থার জন্য এই ভাগ পিছিয়ে দেওয়া হয়েছে—এর ফলে ২৪-পরগনা জেলায় অনুন্নত এলাকায় যাঁরা বাস করেন বিশেষ করে সুন্দরবন এলাকায়, তাঁদের খুব দুর্দশার মধ্যে পড়তে হয়। যদি কোন সময়ে বন্যায় বাঁধ ভেঙ্গে যায় তাহলে আজ জেলা হেড কোয়ার্টার থেকে সেই সমস্ত জায়গায় দুর্গতদের সাহায্য করতে বহু সময় লাগে। সেজন্য তাঁকে বলব যে যাতে ২৪-পরগনা জেলাকে দু'-ভাগে ভাগ করে এই জেলার উন্নয়ন কার্যে সুবিধা হয় সেদিকে যেন নজর দেন, তা না হলে ২৪-পরগনা জেলার যে সমস্ত অনুন্নত জায়গা আছে সেই সমস্ত জায়গার লোকেদের দুর্দশা দূর হবে না। সেখানে রাস্তাঘাটের ভালভাবে উন্নত হয় নি, ফলে যে কোন কাজ করতে গেলে অনেক দেরী হয়। সেজন্য ২৪-পরগনা জেলাকে তাড়াতাড়ি ২ ভাগে ভাগ করার দিকে যেন তিনি বিশেষভাবে দৃষ্টি দেন এই অনুরোধ করব। এই কথা বলে আমি বাজেট সমর্থন করছি।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ স্যার, আমি কংগ্রেস সদস্যদের বক্তৃতা শুনলাম এবং শেষ পর্যায়ে যিনি বক্তৃতা করলেন তাঁর আগে যিনি বক্তৃতা করেছেন তিনি আমাদের ফরেন পলিশির উপর একটা এসটিমেশন দাঁড় করিয়েছেন। তিনি এটা বলেছেন যে শেষ পর্যন্ত সারা দুনিয়ায় আমাদের আর কেউ বন্ধু নেই, যারা ছিল তারা সব ছেড়ে চলে গেছে, এখন আমাদের দেশের ৪০ কোটি লোক ছাড়া আজ আর বাহিরের দিকে কারুর পানে তাকাবার নেই

what a wonderful estimatin of our foreign policy.

যদি এটাই হয়ে থাকে তাহলে আমাদের ফরেন পলিসি সম্বন্ধে একটু অবহিত হবেন, এর বেশী সময় নেই তাই এই প্রসঙ্গে আর আলোচনা করতে চাই না। বিশেষ করে শৈলবাবু যে বাজেট উপস্থিত করেছেন তাতে অনেক জায়গায় দাবী করার চেষ্টা করেছেন যে এটা একটা ডেভেলপিং ইকনমি যে ডেভেলপিং ইকনমির মধ্য দিয়ে আমাদের দেশে যে গ্রামীণ অগ্রগতি হচ্ছে, এটা তিনি শুধু এই চেম্বারের মধ্যে নয়, এমন কি কিছুকাল আগে রোটারী ক্লাবে তিনি বক্তৃতা প্রসঙ্গে এসব আলোচনা করেছেন এবং এই যে একখানা পুস্তিকা দি ইকনমিক রিভিউ সেই পুস্তিকাটা আমি পড়ে দেখতে অনুরোধ করি। এবং দেখলে এটা দেখবেন অনেক সময় তাঁরা এই কথা বলে থাকেন, এবং আজকে বলছি যে, তত্ত্ব এবং তথ্য আমাদের কাছে দিয়ে থাকেন তা বহুলাংশে যোগান স্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেন্ট এবং এটা একটা বোগাস ডিপার্টমেন্টে পরিণত হয়েছে। তা সত্ত্বেও যে সত্যতা আছে যদি তার মধ্যে থেকে বিড় করতে পারি তাহলে দেখবেন ডেভেলপিং ইকনমির একটা অদ্ভুত চিত্র বার হয়ে এসেছে। আমাদের কাছে বার বার ক্লেম করা হয়েছে যে আমরা অগ্রসর হচ্ছি। আমি শিল্পের ক্ষেত্রে একটা কথা বলে দিতে চাই। আমাদের পশ্চিমবাংলা এক সময় ছিল যখন শতকরা ৩৩ ভাগ শিল্প বাংলাদেশে ছিল। আর আজ আমরা কোন স্তরে গিয়ে দাঁড়িয়েছি? ক্রমশঃ পিছতে পিছতে আমরা মহারাষ্ট্রেরও অনেক নীচে দাঁড়িয়েছি। আমি অন্য বিশেষ কোন ইন্ডাষ্ট্রীর মধ্যে যাব না, কিন্তু তবু এই কথা জানাতে চাই যে, পশ্চিম বাংলার যে কোন জায়গায় বা যে কোন বাড়ীতে কেউ যদি প্রবেশ করেন, এবং প্রবেশ করে জিজ্ঞাসা করেন যে, তোমার ঘরে প্রধান সমস্যা কি, তাহলে তিনি বলবেন যে আমার ঘরে কমপক্ষে একজন ২ জন শক্ত সমর্থ মানুষ আছে যারা কাজ করতে চায়। দেশের সম্পদ তারা বাড়াতে চায়, এবং সাধারণভাবে দেশের মানুষের সঙ্গে যুক্ত হয়ে তারা সমাজ জীবনে অংশ গ্রহণ করতে চায়, এটাই হচ্ছে আমাদের দেশের সমস্যা। আজকে শৈলবাবুকে একটা ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই সমস্যা সংকুল পশ্চিম বাংলায় কৃষিকার্যের সম্ভাবনা আমাদের খুব বেশী নেই। সে কথা ও'রা এখানে বলেও দিয়েছেন। আবার শিল্প ক্ষেত্রে এগোচ্ছি একথা দাবী ও'রা করেছেন। ১৯২১ সালে বাংলাদেশে ৫ লক্ষ ১৬ হাজার লোক কাজ করতে এই ফ্যাক্টরী ওয়ার্কার এবং বোম্বে কাজ

করতো ৩ লক্ষ ৭২ হাজার, সেটা এখন চাকা ঘুরে গেছে, আজ ১৯৬২ সালের হিসাবে দেখছি যে পশ্চিম বাংলায় ৭ লক্ষ ২৩ হাজার কর্ম সংস্থানের মধ্যে এরা দাঁড়িয়েছে। অর্থাৎ ফ্যাক্টরী এমপ্লয়মেন্ট ৫ লক্ষ ১৬ হাজারের জায়গায় ৭ লক্ষ ২৩ হাজারে এসে দাঁড়িয়েছে। বোম্বের যেখানে ৩ লক্ষ ৭২ হাজার ছিল সেখানে ১১ লক্ষ ৩০ হাজারে গিয়ে দাঁড়িয়েছে ডেভেলপিং ইকনমি একটা চিত্র পশ্চিম বাংলায় তো বটেই—জিনিষটা আর একটু পরিষ্কার করার জন্য বলি যে, তখন বৃটিশ সাম্রাজ্যবাদের অধীনে সব ছিল, কিন্তু স্বাধীনতা প্রাপ্তির পর কি পলিসি নিতে হ'ল যাতে এ হল। ঐ ১৯৫১ সালে এবং ১৯৬১ সালের হিসাব এই হ'ল এবং সেটা শৈলবাবুকে উপহার দিচ্ছি।

[6-15—6-25 p.m.]

'৬১ সালে, বম্বেতে ছিল ৭ লক্ষ ৬৮ হাজার লোক ফ্যাকটরিতে কাজ করত। আমাদের '৫১ সালে ছিল ৬ লক্ষ ৫৫ হাজার। এবং সেটা '৬১ সালে এসে দাঁড়াল, বম্বেতে ১১ লক্ষ ৩০ হাজার আর আমাদের ৭ লক্ষ ২৩ হাজার। সুতরাং ডেভেলপিং ইকনমি যার একটা চিত্র নিশ্চয়ই এখানে পাবেন। আমাদের দেশের কর্মসংস্থান হচ্ছে কোন ফ্যাকটরিতে ও ইন্ডাস্ট্রি বিকাশ সাধন হচ্ছে তার এই একটা চিত্র সম্ভবতঃ আমাদের কংগ্রেস সদস্যরা ভাল করে পড়ে দেখছেন না, দেখেন নাই। আমি তার পরেতে প্রধানতঃ যেহেতু আন-এমপ্লয়মেন্ট সম্পর্কে আমার বক্তৃতা নিবদ্ধ রাখবো, এখানে বারংবার করে বলা হয়েছে ঐ বই-এর মধ্যেতে যে এই যে '৫৫ সাল থেকে '৬২ সাল, আমি আর একটা ফিগার দিচ্ছি যে আমাদের নাম্বার অফ ওয়ার্কার্স যা বাড়লো ৬ লক্ষ ৩৪ হাজার থেকে ৭ লক্ষ ৭১ হাজার, এটা ক্লেম করলেন তাঁরা যে আমাদের বেড়েছে, অর্থাৎ ১ লক্ষ ৩৭ হাজার এই সময়ের মধ্যে বেড়েছে। যখন টোটাল নাম্বার অফ রেজিস্টার্ড ফ্যাক্টরি পশ্চিমবাংলায় ক্লেম করা হচ্ছে শতকরা ৫৫ ভাগ বেড়েছে সেখানে এমপ্লয়মেন্টের ক্ষেত্রে আমরা দেখছি শতকরা ২২ ভাগের বেশী বাড়েনি। এবং অফিসিয়াল ফিগারস যা দেখা যাচ্ছে, যদি আপনারা একটু পুরানো দিকে দেখেন তাহলে আমি এই কথা বলতে চাচ্ছি যে গত ১৩ বৎসর ধরে যে পরিকল্পনা চলছে সেই পরিকল্পনার মধ্যে দিয়ে দুর্ভাগ্যক্রমে এই কথা আমাকে বলতে হচ্ছে যে পশ্চিমবঙ্গ বিশেষ করে সর্বনাশের সীমান্তে এসে দাঁড়িয়েছে। এই '৪৮ সাল থেকে যদি হিসাব ধরেন তাহলে সেটা আমাদের এমপ্লয়মেন্ট-এর পজিশনটা কোথায় এসে দাঁড়িয়েছে? ডাঃ বিধানচন্দ্র রায় '৫৬ সালের বক্তৃতাতে বলেছিলেন যে অন্যান্য রাজ্যেত যখন এমপ্লয়মেন্ট বাড়ছে পশ্চিম বাংলায় তখন এমপ্লয়মেন্ট কমছে। এবং সেই সময়েতে ৫৩ হাজার লোক পশ্চিমবাংলাতে ছাঁটাই ইত্যাদি হয়ে গিয়ে তাদের সংখ্যা কমে যায়। সুতরাং স্বাধীনতা প্রাপ্তির পর থেকে যদি ১ লক্ষ ২৭ হাজার আজ পর্যন্ত যে এমপ্লয়মেন্ট আপনার হয়েছে, যেটা আপনারা ক্লেম করছেন যে দিয়েছেন, তার থেকে যদি আপনি ৫৩ হাজার বাদ দেন তাহলে এই ১৪ বৎসরে আপনার এমপ্লয়মেন্ট-এর সংখ্যা প্রায় দাঁড়ায় ৯০ হাজার কি ৯৪ হাজারের মত। তার মানে বাৎসরিক আপনারা ৬॥ হাজারের মত এমপ্লয়মেন্ট-এর ব্যবস্থা গত ১৬ বৎসর ধরে করেছেন। তার পরেও বলবেন যে ডেভেলপিং ইকনমি? অথচ শক্ত সামর্থ মানুষ প্রত্যেক ঘরেতে আজ ঘুরে বেড়াচ্ছে কাজের জন্যে। বলছে যে আমার যতটুকু মেধা আছে, আমার যতটুকু শক্তি আছে তা আমি দেশের কাজে বিক্রি করতে চাই, বিলাতে চাই, তর বিনিময়ে সামান্য কাজ চাই, বেঁচে থাকতে চাই, আজকে তার কোন ব্যবস্থা নেই। তারপর আমি এই প্রসঙ্গে আরো দু'-একটি কথা বলতে চাচ্ছি যে কি গুরুতর সঙ্কটের সম্মুখে আমরা এসে হাজির হয়েছি। আজকে সারা ভারতবর্ষে—এও স্বীকার করেছেন তাঁরা —যেখানে ৩·৯ পারসেন্ট করে এমপ্লয়মেন্ট বাড়ছে, পশ্চিম বাংলায় ৩;৩ পারসেন্ট করে এমপ্লয়মেন্ট কমে গিয়েছে। পশ্চিমবঙ্গের বাস্তব চিত্র হচ্ছে এই সারা ভারতবর্ষে বাড়ছে আর আমার রাজ্যে এমপ্লয়মেন্ট কমছে। এবং এইদিক থেকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ফিগারটা যা তাঁরা দিয়েছেন সেটার দিকেও আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। ৩ লক্ষ তাঁরা বলেছেন, ৩ লক্ষ ২৮ হাজার থেকে গত ২ বৎসরের মধ্যেতে ৫ লক্ষ ২৮ হাজার তাঁদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে লোকে গিয়ে রেজিস্ট্রেশন দরখাস্ত করেছে চাকরী দাও বলে। মাত্র দু' বৎসরে ১ লক্ষ ৯০ হাজার লোক গিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে এন্ট্রী নাম লিখিয়েছে যে তারা বেকার। অর্থাৎ

বর্তমানে যদি এইটাই ধরে নিই, সরকারের ফিগার যদি ধরে নিই যে ৫ লক্ষ ৮০, হাজার লোক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে গিয়ে নাম লিখিয়েছে এটা হচ্ছে লাইভ রেজিস্টারের চেহারা। তাহলে আর একটি কথা একটু ঘুরিয়ে দেখে নিন যে কত লোক বেকার, তাও একটা সরকারী পদ্ধতিতে স্বীকার করা হয়েছে। সরকারী পদ্ধতিতে বলা হয় যে যত লোক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে গিয়ে নাম লেখায় তার অন্ততঃ চারগুণ লোক আছে যারা অ্যাকচুয়াল বেকার আমাদের দেশে ৫ লক্ষ ৮০ হাজার লোকের যদি লাইভ রেজিস্টারের মধ্যে নাম লেখান থাকে তাহলে সরকারের সাধারণ নীতি অনুযায়ী আমাদের পশ্চিম বাংলায় যে বেকার রয়েছে তার সংখ্যা গিয়ে দাঁড়াবে আপনার ২০ লক্ষ ৯০ হাজারের মত। আপনারা কন্ট্রাডিক্ট করতে পারেন এই অবস্থাটা? ২০ লক্ষ ৯০ হাজারের মত লোক পশ্চিম বাংলায় বেকার আর আপনি এখন থেকে পরিকল্পনার কথা শোনালেন। ১৩ বৎসর ধরে যে পরিকল্পনা একটা জায়গায় এসে দাঁড়িয়েছে তারপরে পশ্চিম-বাংলাতে ২০ লক্ষ ৯০ হাজার অর্থাৎ রাফলি ২১ লক্ষ লোক যারা চাকরীর বাজারে এসে ঘোরা ফেরা করছে, চাকরী চাইছে। এখানেই শেষ নয়, এখানে যদি শেষ হত তাহলে না হয় বুঝতাম ১৩ বৎসরেও হয় নি, একটা গতি আছে, একটা পদ্ধতি আছে, একদিন গিয়ে আমরা লক্ষ্যে পৌঁছাবো। আমাদের দেশে আন-এমপ্লয়মেন্ট, বেকারী বেড়ে যাচ্ছে, প্রতি বৎসর নূতন করে যারা হানা দেয় তাদের সংখ্যা আপনার বই থেকেই যা পাওয়া যায় বছরে ৩ লক্ষের উপর। সুতরাং পরিস্থিতি কি দাঁড়ায়? ১৬ বৎসরের মধ্যে লিভ রেজিস্টারে এমপ্লয়মেন্ট-এর ফিগার নিন, তাহলে দেখবেন অবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে। ইন্ডাস্ট্রিয়ালিজেশন-এর কথা বলবেন, লোকসংখ্যা বৃদ্ধির ফিগার নিন, দেখবেন কোন জায়গায় এসে দাঁড়িয়েছে। সমস্ত কিছুর ট্রেন্ড একদিকে। এত সব পরিকল্পনার মধ্যে দিয়েও আমাদের বাংলাদেশ বেকারীর অভিশাপের দিকেই চলেছে। এই ইকনমিক রিভিউ থেকেই একথা বলতে পারি এইভাবেই যদি চলতে থাকে তাহলে ১০ বৎসরে কেন, ১০০ বৎসরেও এই বেকার সমস্যা সমাধান করা সম্ভব নয়। কারণ, ইন্ডাস্ট্রিয়ালিজেশন-এর পেশ মন্থর হয়ে যাচ্ছে আর কিনা আপনি এখানে এসে বলবেন ডেভেলপিং ইকনমি এবং রোটারি ক্লাবে গিয়ে বক্তৃতা দিয়ে নানা রকম তথ্য পরিবেশন করে বেকার সমস্যার সমাধান হবে না। আপনি দেশের মানুষের সামনে উপস্থিত হন এবং তাদের বলুন এই হচ্ছে আজকে বাস্তব পরিস্থিতি। কিন্তু এই সব আপনি দেশের মানুষ থেকে কেন গোপন করে রাখছেন, কার স্বার্থে গোপন করছেন? সমগ্র দেশের কাছে তুলে ধরুন এবং নিজেরা যা পারেন তা করুন এবং বিরোধী দলের সদস্যরা যা বলেন তা দয়া করে শুনুন। দেশের লোকের কাছ থেকে পরামর্শ নিন। এই সব গোপন করে দেশের মানুষকে বলবেন না যে মানুষের ইনকাম বাড়ছে। যেখানে ২০।২১ লক্ষ লোক কাজ পায় না সেখানে আপনি বলছেন যে পার ক্যাপিটা ইনকাম বাড়ছে। আমি আপনার কাছে, স্যার, এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই সেটা হল, তাঁরা বলেছেন ১৯৫৬-৫৭ সাল থেকে '৫৯ সাল পর্যন্ত আমাদের ১৭ টাকা পার ক্যাপিটা ইনকাম বেড়েছে। আমি এইজন্য ওঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু স্যার, এইটাই সব সত্য কথা নয়, এর মধ্যে আর একটা সত্য নিহিত আছে। এই ১৭ টাকার মধ্যে কি কি জিনিষ লুকিয়ে আছে—কারেন্ট প্রাইস বেড়েছে কিন্তু তার মধ্যে আসল সত্যটা কি? সেখানে প্রথম কথা হচ্ছে, আমি আগেই বলেছি, এই ক্যালকুলেশনের মধ্যে আমাদের দেশের শতকরা ১২ আনা মানুষ যাদের নাকি দুই বেলা যাকে বলে ইংরাজীতে টু মিলস এ ডে সংগ্রহ করতে পারে না তারাও যেমন এই ক্যালকুলেশনের মধ্যে এসেছে তেমনি এর মধ্যে বিশিষ্ট বিশিষ্ট ধনী ব্যক্তিরা, টাটা, বিরলা, গোয়েঙ্কাকেও ধরা হয়েছে।

[6-25—6-35 p.m.]

সুতরাং হিসেবের যে গরমিল সেটা একটু খুলে বলুন তাতে অন্তত বোঝা যবে আমাদের দেশ কোন জায়গায় এসে দাঁড়িয়েছে। আর একটা কথা আছে যেটা ইকনমিক রিভিউ এবং বাজেট বক্তৃতার মধ্যে আছে সেটা হচ্ছে এই যে আমাদের দেশের শতকরা ২৭ ভাগ লোক—পাঁচ জন যেখানে একজন সংসারে রোজগার করে এবং ৪২ নয়া পয়সা হোল তাদের রোজগার। এই রকম লোক হচ্ছে আমাদের দেশে ৩৮ ভাগ লোক—যাদের রোজগার হচ্ছে ৮৪ নয়া পয়সা। এটা স্ট্যাটিসটিক্যাল ব্যুরো থেকে বেরিয়েছে। তাহলে পার ক্যাপিটা ইনকাম কি হয় এবং

এইগুলি যদি তার সংগে যুক্ত করে নেন তাহলে বোধ হয় বুঝতে পারবেন। অনেক লড়াই হয়ে গেল—তাতে যে তিন অনা কি ৪৯ নয়া পয়সা কি সাত আনা--একটা কথা বলেন যে মোটামুটি পাঁচ আনার মত পশ্চিমবাংলায়, তার থেকে কোন উন্নত স্তরে পাশ্চিমবাংলা নেই। আজকে একথাও দাবী করা হচ্ছে যে ২০০ টাকার নীচে (যেটা একনমিক রিভিউতে আছে) যেটা গোপন করা হচ্ছে যেটা জনসমক্ষে উদ্ঘাটন করে দেওয়া হয় না—সেটুকু আপনারা পড়েন না—তাতে সেটা বুঝা যায় না। এমন কি বক্তৃতাতেও। যে ২০০ টাকা পর্যন্ত যাতে রোজগার সেখানে বলছেন ১০৭৯—১২৪৭ পর্যন্ত রোজগারীদের অর্থাৎ ১৬৮ টাকা ছয় বছরে —আমি ধরে নিলাম শতকরা ১৫ টাকা আপনারা ফ্যাক্টরীর ওয়ার্কার্সদের থেকে নিলেন, কিন্তু এগুলি ধরে নেবার পর আর কয়েকটি কথা এর সংগে নিযুক্ত করে দিতে হয় তাতে আমি বলছি যে এই যে ইনক্রিজ যেটা হয়েছে—রেট অফ গ্রোথ সেটাকে কি তার সংগে পাশাপাশি মিলিয়েছেন? কোম্পানীগুলি কি হয়েছে? সেখানে ঠিক এই সময়ে দেখা যায়—বিশেষ করে ওয়েস্ট বেঙ্গল আপনাদের বইতে যা আছে যে ৫·৭ পারসেন্ট থেকে বেড়ে ২১·২ ১৯৬২-৬৩-তে এসে দাঁড়িয়েছে। অর্থাৎ কোন কোন ক্ষেত্রে ১৩·৭ ভাগ থেকে আরম্ভ করে যেটা হচ্ছে প্রাইভেট এবং শতকরা ২৪ ভাগ পর্যন্ত পার ক্যাপিটা বেড়েছে এটা, এলো কোথা থেকে? এই তিন চার বছরের মধ্যে প্রায় ২৪ ভাগ পর্যন্ত কোম্পানী ক্যাপিটাল বেড়ে গেছে—টাকাটা এলো কোথা থেকে? কোন জনসমাজকে লুট করার মধ্য দিয়ে এখানে এলো? এতে যে আমাদের জনসমাজের মধ্যে যে কি বিপুল প্রতারণা করা হচ্ছে সেটা জানতে পারা যাবে। সংগে সংগে দেখবেন ডিপজিট-গুলি। সেগুলো এই কয়েক বছরের মধ্যে ব্যাংক ডিপজিট ৫০ কোটি টাকা—অ্যাডভান্স দিয়েছেন ৭৭ কোটি টাকা, এই ব্যাঙ্করা শতকরা ১০ ভাগ নেট প্রফিট তারা করেছে। এই ব্ল্যাক গ্রাউন্ড তারা রেখে কাজ করে চলেছেন। আমি আর একটা জিনিস আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। এই ধনোৎপাদন ব্যাপারটা যাচ্ছে কোথায়? দেখুন পয়সা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে। যে লেবার এর মধ্যে আছে তার ফলটা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? যে শ্রম এর নিয়োগ করা হয়েছে যে লেবার এর মধ্যে আছে তার ফলটা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে—আমি এই বইটার কথাই বলছি। এক্স ফ্যাক্টরী ইন্ডাস্ট্রিয়াল আউট পুট হচ্ছে ৭৮৫ কোটি টাকা ভারতবর্ষের, এক্স ফ্যাক্টরীর ভ্যালু অফ ইন্ডাস্ট্রিয়াল আউট পুট ৭৮৫ কোটি টাকা—ওয়েস্ট বেঙ্গলের শেয়ার হচ্ছে এর মধ্যে শতকরা ২৫ ভাগ। এইভাবে ১৫০ কোটি টাকা এক্স ফ্যাক্টরীর

value of industrial production.

অর্থাৎ মাত্র এই সময়ের মধ্যে শতকরা ২৬·৬০ ভাগ বৃদ্ধি পেয়েছে।

অর্থাৎ এই সময়ের মধ্যে মাত্র শতকরা ২৬ পয়েন্ট ৭ ভাগ বৃদ্ধি হয়েছে। তাহলে আমরা দেখতে পাচ্ছি ফ্যাক্টরি প্রডাকশন-এর মধ্য দিয়ে, আউটপুট-এর মধ্য দিয়ে এই বিপুল পরিমাণ টাকা বৃদ্ধি হয়েছে এবং কোম্পানীর ক্যাপিটাল শতকরা ৮ ভাগ বেড়েছে। স্যার, প্রতি বছরই একথা আলোচনা করা হয় যে, বাংলাদেশে লোয়েস্ট ফ্যাক্টরি ওয়েজেস এবং একথাও স্বীকার করা হয়েছে যে, দিল্লী, বোম্বে, মাদ্রাজ, আসাম এবং বিহার থেকে কম। এথেকেই বুঝতে পারবেন যে পশ্চিম বাংলায় কি রকমভাবে লুঠতরাজ হচ্ছে। ব্যাঙ্ক-এর নেট প্রফিট বেড়েছে, ফ্যাক্টরি আউটপুট কোটি কোটি টাকা বেড়েছে, কিন্তু শ্রমিকদের মাইনে দিতে গেলেই নূতন চিত্র দেখা যায়। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা সবচেয়ে শিল্পপ্রধান, কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে এর চেয়ে যাদের শিল্প কম আছে তাদের চেয়ে এখানে ফ্যাক্টরি ওয়েজেস কম। এরপরও কি এই দাবী করবেন যে, স্বর্ণাক্ষরে লিখে রাখার মত পশ্চিমবাংলায় অনেক জিনিস হয়েছে? বাস্তব চিত্রের সংগে এর কোন মিল আছে কি? একদিকে আনএমপ্লয়মেন্ট এবং অন্যদিকে মুনাফার পাহাড়—তারপরও কি আপনারা বলবেন যে, আমরা বেশী ট্যাক্স বসাই নি, ফেরত দিয়েছি? এই ট্যাক্স-এর পরিমাণ যে কি সেটা কি হিসেব করেছেন? এবারে আমি ট্যাক্স-এর বিষয় যেটা দাবী করেছেন সে সম্বন্ধে কিছু বলব। আমাদের জনৈক বন্ধু বলেছেন পশ্চিমবাংলা শতকরা যে টাকা নেয় তার চেয়ে বেশী ফেরত দেয় এবং খুব গর্বের সংগে মহারাষ্ট্রের কথা বললেন। বাদ বাকীগুলির কথা তিনি বলেন নি—কিন্তু কি অসুবিধা ছিল সেগুলির কথা বলতে? যাহোক, পশ্চিমবাংলা ফেরত দেয় মাথাপিছু ৯ টাকা কয়েক নয়া পয়সা। বিহার যা নেয় তার থেকে

বেশী ফেরত দেয়—অর্থাৎ ৪ টাকা কয়েক নয়া পয়সা, মাদ্রাজও অনেক খরচ করে—৭ টাকা কয়েক নয়া পয়সা, গুজরাট যা নেয় তার থেকে অনেক বেশী দেয়, ইউ পি-ও অনেক বেশী দেয়—৪ টাকা কয়েক নয়া পয়সা। তিনি মহারাষ্ট্রের কথা বললেন, কিন্তু একথা বললেন না যে, ফ্যাক্টরি এমপ্লয়মেন্ট যেখানে ৩ লক্ষ ছিল সেটা এখন ১০ লক্ষে দাঁড়িয়েছে। আর পশ্চিমবাংলায় ১৯২১ সালে যেটা ৫ লক্ষ ছিল আজকে সেটা খোঁড়াতে খোঁড়াতে ৭ লক্ষে দাঁড়িয়েছে। এসব গোপন করেছেন। একতরফা চিত্র দিলে বাঁচার উপায় নেই এটা আমরা বহুবার বলেছি। স্যার, আমরা গোড়া থেকে বলছি সমগ্র তথ্য যেটা আছে সেটা পরিপূর্ণভাবে উপস্থিত করুন কারণ মাননীয় সদস্যেরা কেউ জানেন না যে, আমাদের দেশ কিভাবে রসাতলে যাচ্ছে। স্যার, ১৩ বছর আমাদের বাঁশী বাজাতে সব বাষ্প চলে গেল ফলে ইঞ্জিন চলছে না। বক্তৃতায় অনেক বড় বড় কথা বলা হচ্ছে, অনেক কাহিনী শোনান হচ্ছে, এখানে ওখানে জনসাধারণের মধ্যে খবরের কাগজের মাধ্যমে বক্তৃতার বাষ্প দিয়ে অনেক কথা বলা হচ্ছে, কিন্তু আসলে বাঁশী বাজাতে গিয়ে সব বাষ্প খরচ হয়ে যাচ্ছে এবং তার ফলে ইঞ্জিন চলছে না। এই সব তথ্য আপনার কাছে উপস্থিত করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6.35 p.m. till 1 p.m. on Thursday, the 27th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Thursday, the 27th February, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 3 Hon'ble Ministers, 3 Hon'ble Ministers of State and 178 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

দি অনারেবল আভা মাইতি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্টার্ড কোশ্চেন নাম্বার্স ১৪১, ১৪৬ অ্যান্ড ১৪৮, এই ৩টা কোশ্চেন পরের বারের জন্য মূলতুবী রাখার জন্য অনুরোধ করছি। কারণ এগুলো এখনও তৈরী হয় নি।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: এগুলি আর একবার ছাপিয়ে দেবেন।

The Hon'ble Jagannath Kolay: Admitted question No. 597 be held over for next week.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যেগুলি হেল্ড ওভার হল সেগুলির জবাব কবে দেবেন?

দি অনারেবল জগন্নাথ কোলে: নেক্সট উইক।

Mr. Speaker: These questions are held over for next rotational day.

Rehabilitation of riot-affected families in Calcutta

***143.** (Admitted question No. *624.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার সাম্প্রতিক দাঙ্গায় কতজন কোন্ সম্প্রদায়ের লোক উদ্বাস্তু হইয়াছেন;

(খ) সরকার ঐ সকল উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন এবং ইতিমধ্যে কতজনের পুনর্বাসনের ব্যবস্থা হইয়াছে; এবং

(গ) সরকার ঐ সকল উদ্বাস্তুদের কি কি বাবত কত টাকা সাহায্য প্রদানের ব্যবস্থা করিয়াছেন?

The Hon'ble Abha Maiti:

(ক) মোট ৮০,০০০ লোক উদ্বাস্তু হইয়াছেন। কোন্ সম্প্রদায়ের কতজন লোক উদ্বাস্তু হইয়াছেন তাহা বলা সম্ভব নহে।

(খ) সরকার দাঙ্গা বিধ্বস্ত ১২টি বস্তি এলাকায় বস্তি অপসারণ পরিকল্পনা অনুসারে বহুতল বিশিষ্ট অট্টালিকা নির্মাণের ব্যবস্থা করিতেছেন। অন্যান্য বস্তি এলাকা হইতে যাঁহারা বাস্তুচ্যুত হইয়াছেন তাঁহারা তাঁহাদের নিজ বাসস্থানে পুনর্বাসিত হইলে সরকার হইতে পরিবার পিছু ৪০০ টাকা পর্যন্ত গৃহনির্মাণের জন্য অনুদান পাইবেন; ইতিমধ্যে ৪৯,৪৪৬ জনের পুনর্বাসন হইয়াছে।

(গ) একটি বিবরণী এতদসহ উপস্থাপিত হইল।

*Statement referred to in reply to item (Ga) of the Assembly Question No.*624 by Shri Balai La Das Mahapatra, M. L. A.*

Item		Quantity/Amount	Money value
			Rs.
1.	Rice	1676.90 Qls.	97,830.34
2.	Dal	393.46 Qls.	30,044 6?
3.	Atta	156.40 Qls.	7,646.40
4.	Chola	91.14 Qls.	5,921.37
5.	Salt	45·68 Qls.	299.66
6.	Chira .. .	87 92 Qls	6,595·75
7.	Gur	58 60 Qls.	7,143 92
8.	Sugar	49 5 Qls.	6,390.92
9.	Milk Powder ..	8961 5 Lbs.	Not known
10.	Tarpaulins ..	4,116 Pcs.	1,58,466 00
11.	Blankets ..	32,563 Pcs.	1,28,298.22
12.	Puri	55 Mds. 8 Jhuries—20,000 pcs.	Not yet known.
13.	Curry	73 tins— 10 Mds.	Not yet known.
14.	Tandoori ..	17,00 Pcs.	Not yet known.
15.	Bun	920 Pcs.	101 20
16.	Bread	1830 Lbs.	823.50
17	Luchi	3 Jhuries.	Not yet known.
18.	Tents	62 Pcs.	8,646.52
19.	Tea	33 Kg.	264 00
20.	Biscuits ..	125 Kg.	500.00
21.	Dhuti	3,268 Pcs.	12,402.06
22.	Sari	3,245 Pcs.	13,576.14
23.	Shirts	1,159 Pcs.	2,318.00
24.	Frocks	939 Pcs.	1,878.00
25.	Jackets ..	43 Pcs.	430.00
26.	Sweater ..	29 Pcs.	406.00
27.	Muffler	13 Pcs.	78.00
28.	Luddu	5 Mds.	Not yet known.
29.	Children's Garments	10,170 Pcs.	20,340.00
30.	Pant ..	1,408 Pcs.	2,816.00
31.	Hundi ..	600 Pcs.	Not yet known.
32.	House Building grant		3,00,000
33.	For Pitching tent tarpaulin		80,000

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মন্ত্রিমহাশয় বললেন যে কোন সম্প্রদায়ের কতজন এতে ক্ষতিগ্রস্থ হয়েছে সে সম্বন্ধে হিসাব দেওয়া সম্ভব নয়। আমি জিজ্ঞাসা করছি যখন কোলকাতায় দাঙ্গা চলছিল সে সময় সরকারের তরফ থেকে যে হিসাব দেওয়া হয়েছিল সেই হিসাব ঠিক কিনা?

দি অনারেবল আভা মাইতি: রিলিফ যারা গ্রহণ করেন তাঁদের হিসাব আমার কাছে থাকে। কাউকে যখন রিলিফ দেওয়া হয় তখন সে কি ধর্মের লোক তা বিবেচনা করা হয় না এবং সেজন্য এ বিষয়ে কোন রেকর্ড করা হয় না।

শ্রীসুধীর দাস: উদ্বাস্তু অর্থ কি যে, যাঁরা দাঙ্গায় বিধ্বস্ত হয়েছেন, আশ্রয়হীন হয়েছেন তাঁরা না যাঁরা পাকিস্তানে চলে গেছেন সেই সংখ্যা ধরে ৮০ হাজার?

দি অনারেবল আভা মাইতি: কোলকাতা শহর থেকে কারা পাকিস্তানে গেছেন সে সংবাদ আমাদের নেই, কোলকাতা শহরে যাদের গৃহ ইত্যাদি ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের কথাই বলা হয়েছে।

Shri Kamal Kanti Guha:

৮০ হাজার লোকের কথা বলেছেন। ৮০ হাজার লোকের নাম রেকর্ড করা হয় নি, তাহলে কোন সম্প্রদায়ের কতজন উদ্বাস্তু জানাবেন?

The Hon'ble Abha Maiti:

আমি এই কথা বলতে চাই আমরা যখন কাউকে সাহায্য দিই, সাহায্য প্রার্থী হিসাবে দিই, আমরা তাদের কি ধর্ম তা দেখতে চাই না। তার প্রয়োজন আছে কিনা সেটাই দেখি, কিন্তু যদি কোন ধর্ম কি ইত্যাদি বলতে হয় তাহলে দীর্ঘসময় লাগবে।

Shrimati Biva Mitra:

মাননীয়া মন্ত্রী বললেন যে কিছু কিছু জমি আছে, সেখানের বাড়িঘর পুড়ে গেছে, ভেঙ্গে গেছে, উদ্বাস্তু হয়েছেন ঐ লোকেরা। তার উপর মাল্টি স্টরিড বিল্ডিং গভর্নমেন্ট থেকে হবে, আমি জিজ্ঞাসা করছি যারা সেখানে জমি নিয়ে বাড়ি করেছিল এবং যাদের বাড়ি ভেঙ্গে গেছে জমিটা লিজ-এর জমি, তাদের কি ব্যবস্থা হবে?

The Hon'ble Abha Maiti:

এই প্রশ্ন হাউসিং ডিপার্টমেন্ট-এর বিবেচনাধীন আছে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন ৪৯ হাজার কি তার কিছু উপর রিহ্যাবিলিটেইট করেছেন, কিভাবে রিহ্যাবিলিটেইট করেছেন জানাবেন কি?

The Hon'ble Abha Maiti:

এদের নিজ নিজ স্থানে ফিরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে এবং স্থায়ী বাসস্থান নির্মাণ করার প্রস্তুতির পথে বিভিন্ন জায়গায় টারপলিন টেন্ট ইত্যাদি রিলিফ দেওয়া হচ্ছে।

Shri Nani Bhattacharjee:

এদের কতজনকে হাউস বিল্ডিং গ্রান্ট ৪০০ টাকা করে দেওয়া হয়েছে?

The Hon'ble Abha Maiti:

কলকাতা শহরে ৩ লক্ষ বলেছিলাম কিন্তু কলকাতা শহরে হাউস বিল্ডিং গ্রান্ট-এর ব্যাপারে টেকনিক্যালিটি ইত্যাদি দেখা দিয়েছে। আমরা যে সমস্ত লোকেদের দেবো আমরা চাই না তারা পাক ন্যাশানাল হোক সে সমস্ত এনকোয়ারী করতে দীর্ঘ সময় লাগবে। কয়েকদিন আগে যে খবর পেয়েছি ৪৫ হাজার টাকা দিতে পেরেছি। ৩ লক্ষ টাকা ডাইরেক্টর অফ রিলিফকে দেওয়া হয়েছে।

Shri Nani Bhattacharjee:

কতজনকে দেওয়া হয়েছে?

The Hon'ble Abha Maiti:

এখন বলতে পারব না।

Shri Kanai Pal:

কলকাতা শহরে শান্তিপুরের বহু শালকরের শালের দোকান আছে, তারা ঐ উপজীবিকা ক খাচ্ছিল এবং তাদের অনেক দোকান লুঠ হয়েছে, কেউ কেউ নিহতও হয়েছে এরা যাতে পুনর ঐসব চালু করতে পারে তার কি ব্যবস্থা হয়েছে?

The Hon'ble Abha Maiti:

আমি পরিষ্কারভাবে জানতে চাই দোকানগুলি পরবর্তীকালে ভাড়া পেতে পারেন কিনা জান চাইছেন?

Shri Kanai Pal:

আমি জানতে চাই এদের দোকান সম্পর্কে যে দরখাস্ত হয়েছে সেসব দেখেছেন এবং বর্তম পর্যায়ে তদন্ত হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

যে দরখাস্ত হস্তগত হয়েছে সে সম্বন্ধে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট দেখছেন তাঁদে কাছ থেকে তদন্ত হবার পর যে সমস্ত লোক আবেদন করেছেন তাঁদের কথা বিবেচনা ক হবে।

[1-10—1-20 p.m.]

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সাহায্যের ব্যাপারে যাঁরা দরখা করেছেন তাঁদের অনেকের দোকান ভাঙ্গা অবস্থায় পড়ে রয়েছে এবং ভাঙ্গা জিনিসপত্র যা কি এখনও অবশিষ্ট রয়েছে, দিনের পর দিন সেইগুলি লোকে সরিয়ে নিয়ে যাচ্ছে এবং জ্বালান করে ব্যবহার করছে যার ফলে তাঁরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। পুলিশ কিম্বা সরকারী কর্তৃপক্ষ সে গুলি রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা করছেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: কোন জায়গায় জিনিসপত্র যেগুলি ঠিকভাবে আছে, ভেঙে চুরে না গিয়েছে, এমন জিনিসপত্র আমরা কোথায়ও দেখতে পাইনি। যদি মাননীয় সদস্য ঠিকা দিতে পারেন যে অমুক অমুক জায়গায় ঐ মাল বা জিনিসপত্র রয়েছে, ভগ্ন অবস্থায় নয়, ঠিক ভাবে আছে, নিশ্চয়ই পুলিশ প্রহরার ব্যবস্থা করবো।

শ্রীকানাই পাল: আমি আস্ত জিনিসের কথা বলি নি। আমি এই কথাই বলেছি যে যেসমস্ত জিনিস লুঠ হয়নি ভাঙ্গা অবস্থায় পড়ে আছে, সেইগুলি রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা হয়েছে কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি সেই কথাই বললাম। যদি এমন কোন সম্পত্তি থাকে যার রক্ষণাবেক্ষণের জন্য পুলিশ প্রহরা দরকার আমরা নিশ্চয়ই তার ব্যবস্থা করবো এবং ইতি মধ্যে আমরা ব্যবস্থা করেছিও। যদি এমন কোন স্থান মাননীয় সদস্যের জানা থাকে যেখানে পুলিশ প্রহরার ব্যবস্থা নেই সেখানে আমরা এই ব্যবস্থা করবো। আর যে সমস্ত মাল লুণ্ঠিত হয়েছিল তার অনেক মাল আমরা উদ্ধার করেছি এবং তা বর্তমানে লালবাজারে আছে। লোককে খবর দেওয়া হয়েছে মাল যদি চিনতে পারে তাহলে যেন বাছাই করে নিয়ে যায়। এমন কোন জায়গা আমার জানা নেই যেখানে পুলিশ প্রহরা নেই।

শ্রীনিখিল দাস: মাননীয় মন্ত্রিমহোদয়া বলেছেন যে ৫০ হাজার লোক রিহ্যাবিলিটেড হয়েছে। তারপর একটা অতিরিক্ত প্রশ্নের জবাবে বললেন যে ৪৫ হাজার টাকা দেওয়া হয়েছে। যদি ৪৫ হাজার টাকা দেওয়া হয় তাহলে ৪ শত টাকা করে হিসাব করলে দেখা যাবে, ১২ শতও হয়না, ১১ শতর মত হবে, বাকি ৪৯ হাজার যে রয়ে গেল তারা কিভাবে রিহ্যাবিলিটেড হবে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: সে কথা তিনি বলেন নি। তিনি বলেছেন এই কথা যে, পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে, পুনর্বাসন এখনও সম্পূর্ণ হয় নি। যতদিন পর্যন্ত তাদের বাড়ি তৈরী করে না দেওয়া হচ্ছে ততদিন পর্যন্ত আমরা বলতে পারি না যে পুনর্বাসন হয়েছে। তিনি সেই কথাই জোর দিয়ে বলেছেন যে তাদের নিজের স্থানে প্রত্যাবর্তনের ব্যবস্থা করা হয়েছে। টেন্ট দেওয়া হয়েছে, অথবা টারপলিন দেওয়া হয়েছে সে দিয়ে তাঁরা কোনরকমে বসবাস করছেন। আর ৩ লক্ষ টাকা মঞ্জুর করে দেওয়া হয়েছে ডাইরেক্টারের হাতে, সে থেকে ৪৫ হাজার টাকা ব্যয় হয়েছে, ধীরে ধীরে ব্যয় হবে। সকলেরই পুনর্বাসন হয়েছে একথা তিনি বলেন নি।

শ্রীনিখিল দাস: বাকি যে ৩০ হাজার লোক থাকলো—৮০ হাজারের মধ্যে ৫০ হাজার রিহ্যাবিলিটেশনের পথে, আর বাকি যে ৩০ হাজার তাদেরটা কি পথেও নেই, তাদের অবস্থাটা কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: তাঁদেরটা পথেও নেই সেকথা হচ্ছে না। যাঁরা ফিরে গিয়েছেন তাঁদেরই সবাইকে এখন আমরা টাকা দিতে পারছি না। একটা আইনঘটিত অসুবিধারও সৃষ্টি হয়েছে। সেই আইনঘটিত অসুবিধাগুলি যাতে আমরা দূর করতে পারি তার ব্যবস্থা করা হচ্ছে। মাননীয়া মন্ত্রী এই কথাই বলেছেন যাঁরা ফিরে গিয়েছেন তাঁদের আমরা টাকা দিতে আরম্ভ করেছি। হঠাৎ একটু আইনঘটিত অসুবিধা হবার জন্য স্থগিত আছে। তাড়াতাড়ি আমরা সেই সমস্ত অসুবিধা দূর করে সবারই যাতে ঘরবাড়ি তৈরী হয়, পুনর্বাসন হয় তার ব্যবস্থা করা হবে।

শ্রীনিখিল দাস: বাকি ৩০ হাজার কি এখনও ক্যাম্পে আছে?

দি অনারেবল আভা মাইতি: আমি এই কথাই বলতে চাইছি মাননীয় সদস্যকে বাকি যে লোকের কথা বলতে চাইছেন, আমি জানি আমরা খবর পেয়েছি যে কলকাতা শহরে আপনারা জানেন বহু অবাঙ্গালী মুসলমানরা ছিল, এই দাঙ্গার পরে বহু নিজের নিজের প্রদেশে বহু বাড়ি ফিরে গিয়েছেন। শুধু তাই নয়, এই পশ্চিমবাংলায় বিভিন্ন জেলাতে যেসমস্ত মুসলমানরা এখানে কাজ করতেন তাঁরা তাঁদের নিজের নিজের জায়গাতে গিয়েছেন। আপনাদের নিজেদের কনস্টিটিউয়েন্সিতে দেখবেন অনেক জায়গায় কলকাতা থেকে মুসলমানরা ফিরে গিয়েছেন। সেই সমস্তগুলি এর ভিতরে রয়েছে এটাই আমি বলতে চেয়েছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় মন্ত্রিমহোদয়া 'খ' প্রশ্নের জবাবে বলেছেন, দাঙ্গা বিধ্বস্ত ১২টি বস্তি এলাকায় বস্তি অপসারণ পরিকল্পনা অনুসারে বহুতলা বিশিষ্ট অট্টালিকা নির্মাণের ব্যবস্থা হয়েছে। কোন্ কোন্ বস্তিতে?

The Hon'ble Abha Maiti:

আমি নাম বলে দিচ্ছি,

"Thana Entally—Bustee at 2, Chatubabu Lane; Bustee at 1 Chatubabu Lane; Bibibagan Bustee—10, Bibibagan Lane and Bustee at Chingrighata Road area—6/2 Meher Ali Lane and 36, Chingrighata Road.

Thana Beniapukur—6/1-B, Dihi Serampore Road; 7/B, Dihi Serampore Road and 1 Rammohan Bera Lane; and 2/1, Rammohan Bera Lane and 2/2, Tiljala Road.

Thana Amherst Street—Patwarbagan Lane and Keshab Sen Street—16, Patwarbagan Lane.

Thana Beliaghata. Kajaritala Bustee—Narkeldanga Main Road—7/7, 7/9, 7/8, 7/1D, 7/10B, 7/10C, 7/10D, 7/10E, 7/10A; Chamru Singh Lane—2, 8C, 11/1, 12/4A, 12/3, 12/4.

Thana Beliaghata—Oriyagulee Bustee—Narkeldanga North Road—86/6, 86/7, 86/13, 86/14, 86/15, 86/16, 86/15/1, 86/19 to 86/24, 86/28, 86/29, 89/1 to 89/19, 92/1 to 92/4; Motilal Sen Lane 6/4 to 6/6.

Thana Beliaghata—Suraotalao Bustee—Narkeldanga North Road—41/1, 43/H/1 to 43/H/7, 44, 44/1.

Thana Beliaghata—Saheb Bagan Bustee—[illegible] Lane [illegible] Raja Rajnarain Street—1/1, 1/2, 1/4, 1/6, 1/7, 1/8, 1/9, 1/9/1, 1/5, 1/3, 1/2/2, 1/2/1; Canal West Road—17A, B, C, D, G, K, 17/1/1E, 17/2/H/3, 17/2/H/2

Shri Balai Lal Das Mahapatra:

আমি জানতে চাচ্ছি এই বস্তিগুলির মধ্যে কতগুলি হিন্দু আর কতগুলি মুসলমান বস্তি।

The Hon'ble Abha Maiti:

এখন সেই তথ্য আমার কাছে নাই।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয়া বলেছেন এদের পুনর্বাসনের জন্য ঘর তৈরি হবে বা হচ্ছে, যারা গৃহহীন হয়েছে তাদের দেওয়া হবে, আমার প্রশ্ন এই সমস্ত বাড়িগুলির মালিকানা কার হাতে থাকবে?

The Hon'ble Abha Maiti:

এই যে বাড়িগুলি তৈরী হবে তাতে নিশ্চয়ই সরকারী মালিকানা থাকবে।

The Hon'ble Prafulla Chandra Sen:

আপত্তি যাদের ছিল মালিকানা তাদেরই থাকবে। আমরা এই টাকা ঋণ হিসাবে দিচ্ছি না, গ্র্যান্ট হিসাবে দিচ্ছি।

The Hon'ble Abha Maiti:

মাল্টি-স্টরিড বিল্ডিং-এর মালিকানা সরকারের থাকবে।

Shrimati Santi Das:

যারা বর্তমান দাঙ্গার জন্য অর্থ নিয়ে চলে গিয়েছে তারপরও কি তাদের পুনর্বাসন দেওয়ার দায়িত্ব সরকারের হাতে থাকল?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি তাদের ছোটখাট কোন ব্যবসা থাকে তাহলে সরকার ২/৩ শত টাকা গ্র্যান্ট দিতে পারে, যে ২ লক্ষ টাকার কারবার করবে তাকে লোন দিতে পারি, গ্র্যান্ট দিতে পারি না।

শ্রীকানাই পাল: আমি এখনই ডিপার্টমেন্টের হেডের কাছ থেকে যে খবর নিয়ে এসেছি তাতে তিনি বললেন যে তদন্তের কাজ এখনও সুরু হয় নি, করা সম্ভব হয় নি। আমাদের অনেক অসুবিধার মধ্যে কাজ করতে হচ্ছে, ছোট জায়গা বসবার জায়গা নেই নূতন লোক নিয়ে আসা হয়েছে, এইসব ব্যাপারে কিছু জানে না, প্রথমত এইসব ব্যাপার নিয়ে যেখানেই যাওয়া হচ্ছে লোয়ার সার্কুলার রোড, কিংবা বেন্টিক স্ট্রীট কিংবা রাইটার্স বিল্ডিং কিংবা নিউ সেক্রেটারীয়েট এই সমস্ত জায়গায় গিয়ে শেষ পর্যন্ত খবর পেয়েছি এখনও তদন্ত কার্যে হাত দেওয়া সুরু হয় নি।

[1-20—1-30 p.m.]

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এই অতিরিক্ত প্রশ্ন কি আসে?

শ্রীকানাই পাল: আমার প্রশ্নটা হচ্ছে যেখানে বাড়ি নির্মাণের জন্য বস্তী নির্মাণের জন্য সাহায্য কিছু কিছু দেওয়া সুরু হয়েছে, সেখানে শালকরের শালের দোকানের তদন্তের ব্যাপারে এখন্ত পর্যন্ত সুরু হয় নি কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: শালকর কি গো-শালের হয়েছে তা জানি না, কিন্তু তদন্ত কার্য সুরু হয়েছে, শালকর সম্বন্ধে হয়ত না হতে পারে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: এই যে বারটি বহুতলা বিশিষ্ট বাড়ি তৈরি করা হচ্ছে এই অট্টালিকাগুলিতে কি হিন্দু-মুসলমান নির্বিশেষে থাকতে পারবে নাকি ক্ষুদ্র ক্ষুদ্র পাকিস্তান সৃষ্টি করা হবে?

দি অনারেবল আভা মাইতি: সমস্ত জায়গাতে যে ধর্মেরই লোক হোক না কেন যারা উদ্বাস্তু হয়েছে দাঙ্গায়, তারাই থাকতে পারবে, আলাদা আলাদা কোন স্থান করা হবে না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এমন অনেক পরিবার হয়ত আছে যেখানে ছোট ছোট ছেলেরা রয়েছে, পরিবারে কর্মক্ষম ব্যক্তি দাঙ্গায় নিহত হয়েছে, এইসব কেটেগরীর লোকদের পি এল ক্যাম্পে রাখবার ব্যবস্থা করবেন কি?

দি অনারেবল আভা মাইতি: সর্বাধিক কল্যাণ কিভাবে হতে পারে এই নিয়ে চিন্তা আমরা করছি, পরিকল্পনা তৈরী করছি।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি: মাননীয় মন্ত্রিমহোদয়া বলবেন কি, এই ৪০০ টাকা গ্র্যান্ট দিয়েছেন বস্তীর বাড়িওয়ালাদের, তাদের সকলকেই কি ৪০০ টাকা দিয়েছেন না কম দিয়েছেন?

দি অনারেবল আভা মাইতি: আমরা প্রথমে ২৬এ জানুয়ারী থেকে সকলকেই ৪০০ টাকা করে দিয়েছিলাম, কিন্তু কয়েকদিন পরে কিছু কাজ করার পর দেখলাম যেভাবে দিচ্ছি এক একটি হাট ওনারের হয়ত ১০/১২টি টেনান্ট ছিল এবং এক একটি ফ্যামিলিকে এক একটি টেনান্ট ধরে দিয়েছি এবং বাড়িওয়ালাকেও টাকা দিয়েছি, পরে দেখলাম আর ফ্যামিলি হিসাবে দেওয়া ঠিক হবে না, কারও হয়ত ঘর বড় ছিল, কারও হয়ত ছোট ছিল, কারও আংশিক বিধ্বস্ত হয়েছে, কারও হয়ত পুরো বিধ্বস্ত হয়েছে, কারও হয়ত এক রকমের মেটিরিয়েল, অন্য কারও হয়ত অন্য রকম মেটিরিয়েল এই সমস্ত তদন্ত করে যে মত প্রয়োজন মনে করছি সেইরকমই দেওয়া হচ্ছে।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি: ৪০০ টাকায় কিরকম ঘর হতে পারে, তার মেজারমেন্ট কি হতে পারে আইডিয়া আছে কি?

দি অনারেবল আভা মাইতি: সাধারণতঃ যেভাবের ঘরগুলি ছিল মোটামুটি সেই রকমেরই তৈরী হবে এটা চিন্তা করেই দেওয়া হয়েছে।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: এই যে বিল্ডিং-এর কথা বলছেন, এই বিল্ডিং যে ভূমির উপর তৈরী হবে সেইরকম কোন ভূমি এখন পর্যন্ত অ্যাকুয়ার করা হয়েছে কি?

দি অনারেবল আভা মাইতি: করার ব্যবস্থা হচ্ছে।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর উক্তির মধ্যে আমি ডিফারেন্স লক্ষ্য করছি। আমার প্রশ্নটা হচ্ছে আপনি এই হাউসে একটা পলিসি স্টেটমেন্ট অ্যানাউন্স করবেন

কিনা যেখানে মাল্টি স্টরিড বিল্ডিং করবেন, সমস্ত জমিটা রিকুইজিশন করবেন না অ্যাকুইজিশন করবেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এর মধ্যে কোন ভুল হয় নি, আমি শুনেছিলাম যাদের জমি নষ্ট হয়েছে তাদের বাড়ি দেওয়া হবে। মাল্টি স্টরিড বিল্ডিং হবে তার কথা আমি শুনি নি, ত্রাণমন্ত্রী বললেন মাল্টি স্টরিডের কথা, অতএব দুজন-এর বক্তব্যের মধ্যে কোন পার্থক্য নেই। যে মাল্টি স্টরিড বিল্ডিং হবে তার মালিক সরকার হবেন সেই জমি সরকারের, সরকার সেটা অ্যাকুয়ার করে নেবে, রিকুইজিশনের প্রশ্ন আসছে না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই মাল্টিস্টোরিড বিল্ডিংস কতদিনের মধ্যে কমপ্লিট হবে বলে সরকার স্থির করেছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: সেটা আমরা বলতে পারছি না ১০ মাস লাগতে পারে ১ বছরও লাগতে পারে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: সেই টারগেটটা ঠিক রেখেছেন কিনা—যে ১০ মাসের না ১২ মাসের মধ্যে হবে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: ১০-১১-১২ মাস অর্থাৎ ১ বছরই লাগবে।

শ্রীসুধীরচন্দ্র দাস: যে টাকাটা বরাদ্দ ছিল উদ্বাস্তুদের জন্য ব্যয় করবার জন্য ৩০ লক্ষ টাকা যেটা ব্যয় হয়ে গেছে সেটা কত?

দি অনারেবল আভা মাইতি: আমি তো বলেছি যে ৪৫ হাজার টাকা ডিসবার্স করতে পেরেছি আর নানা কারণে পারি নি।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: আপনি যে বললেন যে একুইজিসন করা হচ্ছে—কতটা পর্যন্ত কাজটা করা হয়েছে—মানে প্রসিড করা হয়েছে—জেনারেল নোটিশ দেওয়া হয়েছে—না সেকশন ১২-এ নোটিশ দেওয়া হয়েছে—এটা কি পোজিসনে আছে আমরা বুঝতে পারছি না?

দি অনারেবল আভা মাইতি: কি পোজিসনে আছে সেটা আমি বলতে পারবো না—কারা এটা হাউসিং ডিপার্টমেন্ট করছে তবে আমি এটা জানি যে নানা জায়গায় তারা মাপযোগ করছেন দেখাশুনা করছেন—এই ব্যাপারে এনকোয়ারীও করছেন।

শ্রীনিখিল দাস: এই মাল্টিস্টোরিডে থাকবে যারা তাদের কাছ থেকে ভাড়া নেওয়া হবে?

দি অনারেবল আভা মাইতি: হ্যাঁ, নেওয়া হবে।

শ্রীনিখিল দাস: তার রেট ঠিক হয়েছে—কত বাই কততে কত ভাড়া হবে?

দি অনারেবল আভা মাইতি: না ঠিক হয় নি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: দাঙ্গায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের জন্য কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

দি অনারেবল আভা মাইতি: আমরা বইয়ের জন্য কিছু কিছু গ্র্যান্ট দেবো বলে ঠিক করেছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: তার সম্বন্ধে কোন ব্যবস্থা হবে কি না?

দি অনারেবল আভা মাইতি: না তার সম্বন্ধে কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে না।

শ্রীসনৎকুমার রাহা: এই যে মাল্টিস্টোরিড হাউসেস তৈরী হবে, সেখানে উদ্বাস্তুরা অগ্রাধিকার পাবেন কি?

দি অনারেবল আভা মাইতি: যারা দাঙ্গায় ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁরা সবাই হিন্দু, মুসলমান, খৃস্টান, এ্যাঙ্গলো-ইণ্ডিয়ান সবাই পাবেন।

শ্রীসনৎকুমার রাহা: যারা এই ফ্ল্যাট নেবেন—তাদের ভাড়া দেবার ক্ষমতার উপর সরকারের নীতি কি? যারা ভাড়া দিতে পারবেন না?

দি অনারেবল আভা মাইতি: আমি তো বলেছি, বস্তী উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে এই বাড়িগুলি হচ্ছে, সুতরাং যারা ঐ বাড়িতে থাকবেন তাদের অবস্থা বিবেচনা করেই ভাড়া নির্ধারণ করা হবে।

শ্রীকানাই পাল: মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন আমাকে খোঁজ করে বললেন, পানের দোকান কি গোশালা এই সব কিছু বলতে পারি না কিন্তু আমি ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের এ্যাসিস্টেন্ট ডিরেক্টার অফ ইন্ডাস্ট্রি এন কে বিশ্বাস তিনি পরিষ্কারভাবে এখুনি আমাকে জানালেন যে এই দোকানগুলি সম্পর্কে এটা কাদের নিয়ে তদন্ত হয়, আজ পর্যন্ত কাজে হাত দেওয়া সম্ভব হয় নি, ইত্যাদি তিনি বললেন সেখানে আমি অনুরোধ করবো মন্ত্রিমহাশয়, যাতে তাড়াতাড়ি হয়ে শেষ হয়ে যায় তার ব্যবস্থা করুন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানতে পারি কি যে এর সঙ্গে এ প্রশ্ন আসে কিনা?

মিঃ স্পীকার: না এর সঙ্গে এটা আসে না।

শ্রীমনোরঞ্জন হাজরা: কলকাতার বাইরে দাঙ্গাবিধ্বস্ত অঞ্চলে এইরকম কোন পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল আভা মাইতি: এখানে যেটা আছে সেটাই থাকবে, মফঃস্বলে এই রকম কোন মাল্টিস্টোরেড বিল্ডিংস করার পরিকল্পনা নেই।

ডঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি: যে ১২টা বস্তী বেছে নেওয়া হয়েছে, সেখান থেকে বাড়িওয়ালার রিপ্রেজেণ্টেসন পেয়েছেন কি এই বলে যে আমাদের যদি লোন দেওয়া হয় তাহলে আমরা বাড়ি করতে পারি—যেসব পাকাবাড়ি হবে তার জন্য?

দি অনারেবল আভা মাইতি: এইরকম কোন দরখাস্ত আমি পাই নি।

Relief to the riot-affected families

***144.** (Admitted question No. *668.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(a) total amount of relief of each kind (including house building grant) given to the families who have been affected by the recent communal disturbances in Calcutta and each district of West Bengal;

(b) through which agency or agencies this relief has been or is being given; and

(c) which are the short term and long term schemes of the Government to rehabilitate the families displaced as a result of the recent communal disturbances in this State?

[1-30—1-40 p.m.]

The Hon'ble Abha Maiti: (a) A statement is laid on the Table.

(b) At the outset, relief was given in Calcutta through both official and non-official agencies. In the districts the District Officers organised the relief operations. Relief is now being given through official agencies everywhere.

(c) For rehabilitation of the displaced families, following schemes have been sanctioned: —

For riot-victims in Calcutta:

Long-term: Government have decided to construct multi-storeyed buildings on twelve bustees sites under the Slum Clearance Scheme. For rehabilitation of the people displaced from the bustees which have not been covered by the scheme for construction of multi-storeyed buildings, provision has been made for issue of house-building grants to the house-owners up to a limit of Rs. 400 per family, on condition that the tenants in such tenements are rehabilitated in their original places of residence on same terms as before.

Short-term: Tenants who were in occupation of the sites selected for construction of multi-storied building will be entitled to accommodation in the tenements under the Bustee-Rehousing Scheme released by the Calcutta Improvement Trust for the purpose, or in the temporary shelters which will be built for them by the Calcutta Improvement Trust/Housing Department of this Government and by the Army authorities. A large number of tent/tarpaulins has also been distributed to the displaced families for construction of temporary shelters by themselves and in such cases cash grant at the rate of Re. 1 per tent is given for pitching such tent/tarpaulin.

For riot-victims in the districts:

Long-term: The special scheme santioned for rehabilitation of the displaced families provides for issue of house-building grants up to Rs. 400 per family, after they have returned to their houses.

Short-term: Large number of tent and tarpaulins has been issued to the displaced families for providing temporary accommodation, pending reconstruction of their houses by Govt. assistance. C. I. Sheets have also been made available to some of the families. Govt. have also arranged for distribution of agricultural loans, agricultural implements, seeds, fodder, etc. for economic rehabilitation of the affected families.

Shri Nikhil Das:

আপনি 'বি'-র উত্তরে বললেন যে কিছু কিছু নন-অফিসিয়াল এজেন্সীর মাধ্যমে রিলিফ দিয়েছেন, সেগুলির নাম জানতে পারি কি?

দি অনারেবল আভা মাইতি: সমস্ত নাম আমার নেই, তবে কতকগুলি নাম আমার মনে আছে তা বলতে পারি--ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি, ভারত সেবক সমাজ, মুসলিম রিলিফ কমিটি, মফিজুল ইসলাম, তারপরেও অনেক ইন্ডিভিজুয়াল এম এল এ-এর থ্রু দিয়ে দিয়েছিলাম এবং স্থানীয় রিলিফ কমিটির মধ্যে দিয়ে দিয়েছিলাম—স্যালভেসন আর্মি, মাদার টেরেসা ইত্যাদি।

শ্রীনিখিল দাস: এই যে লোক্যাল এম এল এ-র মধ্যে দিয়ে দিয়েছেন তার মধ্যে কি অপজিসন এম এল এ কেউ আছেন, না সবই কংগ্রেস এম এল এ?

দি অনারেবল আভা মাইতি: মনসুর হাবিব।

শ্রীনিখিল দাস: এই যে অপোজিসন-এর মাধ্যমে দেওয়া হয়েছে তার মধ্যে পলিটিক্যাল পার্টি হিসাবে কংগ্রেস রিলিফ কমিটির মাধ্যমে দেওয়া হয়েছে কি?

দি অনারেবল আভা মাইতি: কোন টাকা কংগ্রেস রিলিফ কমিটির মাধ্যমে দেওয়া হয় নি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই ইন্ডিভিজুয়াল-এর মধ্যে সালাউদ্দিনের নাম আছে কি?

দি অনারেবল আভা মাইতি: যাঁরা দরখাস্ত করেছিলেন তাঁদেরই দিয়েছি।

Rehabilitation of Kurmitola and Bagdahar Camp refugees

***145.** (Admitted question No. *698.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কুর্মীটোলা ও বাগডহর ক্যাম্পের জন্য যে জমি দখলীকৃত আছে উহাতে মধ্যবিত্ত অকৃষিজীবী উদ্বাস্তুগণের পুনর্বাসনের কথা সরকার চিন্তা করিতেছেন কি; এবং

(খ) ঐসব স্থানে উদ্বাস্তু পুনর্বাসন করিয়া নূতন টাউনসিপ গঠন করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Hon'ble Abha Maiti:

(ক) কুর্মিটোলা ও বাগডহর পরিকল্পনাভুক্ত জমিতে অকৃষিজীবি ক্ষুদ্র পরিবারগুলির পুনর্বসতি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এ প্রশ্ন আপাতত উঠে না।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন অকৃষিজীবি উদ্বাস্তুগণ পুনর্বসতির কথা সরকারের বিবেচনাধীন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি এই বিবেচনাটা অন্ত ১ বৎসরের উপর আছে, কবে এই বিবেচনার ফলাফল পাওয়া যাবে?

The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্যগণ সকলেই জানেন যে, আমাদের অনেক পরিকল্পনাই কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয়, আমরা খুব আন্তরিকভাবে চেষ্টা করলেও সব সময় সফল হওয়া সম্ভব হয় না আমরা চেষ্টা করছি তাড়াতাড়ি এই পরিকল্পনা মঞ্জুর করাবার জন্য।

Shri Sailendra Nath Adhikary:

এই অকৃষিজীবিদের বিষয় বিবেচনাধীন আছে আবার 'খ'-এর উত্তরে বললেন এ প্রশ্ন আপাতত উঠে না, আমি প্রশ্ন করছি এই পরিকল্পনা করেন নি তাহলে যে অকৃষিজীবিদের লাইভলিহুড-এর জন্য যে ব্যবস্থা করা দরকার তার জন্য ইন্ডাস্ট্রিয়াল স্কীম-এর মাধ্যমে এটা ঠিক করবেন কিনা?

The Hon'ble Abha Maiti:

কোন টাউনসীপ করে যখন করবো তখন নিশ্চয়ই সেটা বিবেচনা করতে হবে।

Shri Sailendra Nath Adhikary:

এই যে কুর্মীটোলা ও বাগডগর ক্যাম্পে কতজন রিফিউজি এখনও আছে সেটা জানেন কি?

The Hon'ble Abha Maiti:

বর্তমানে সে সংখ্যা নেই।

Shri Sudhir Chandra Das:

এই যে অকৃষিজীবির কথা বললেন এর মোট সংখ্যা কত?

The Hon'ble Abha Maiti:

বর্তমানে সে সংখ্যা নেই।

Shri Sailendra Nath Adhikary:

এই যে উম্বাস্তুরা যারা ক্যাম্প-এ পড়ে আছে তারা প্রায় ৫/৭ বৎসর ধরে পড়ে আছে একলামেটাইজ এবং তারা সেখানে রেসিডিউ হয়ে গেছে সে কথা বিবেচনা করেন? এবং তারা যেহেতু জমির উপর নির্ভরশীল নয় সে কথা বিবেচনা করে, মন্ত্রিমহাশয় কি আশ্বাস দিতে পারেন যে এই সমস্ত ক্যাটেগরিতে যারা পড়ে আছে তাদের চেঞ্জ করবার সুযোগ সুবিধা দিতে পারেন?

The Hon'ble Abha Maiti:

বর্তমানে সে আশ্বাস দিতে পারি না।

Refugees of Murshidabad district

***147.** (Admitted question No. *604.)

শ্রীসনৎকুমার রাহা ঃ উম্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ববঙ্গে সাম্প্রতিক দাঙ্গাহাঙ্গামার জন্য কত লোক পূর্ব পাকিস্তান হইতে মুর্শিদাবাদে আসিয়াছে;

(খ) উক্ত উম্বাস্তু পরিবারবর্গের জন্য রিলিফ দেওয়া হইয়াছে কি না; এবং

(গ) এই সকল উম্বাস্তু পরিবারের পুনর্বাসনের কি ব্যবস্থা হইয়াছে?

The Hon'ble Abha Maiti:

(ক) ১৪-২-৬৪ তারিখ পর্যন্ত ৪৫৬ জন মুর্শিদাবাদে আসিয়াছেন।

(খ) হ্যাঁ, ইহাদিগকে খয়রাতি সাহায্য দেওয়া হইতেছে।

(গ) এই সকল উম্বাস্তুগণের মধ্যে যারা দন্ডকারণ্যে যাওয়ার ইচ্ছা প্রকাশ করেন তাহাদিগকে পুনর্বসতির জন্য ভারতসরকারের নির্দেশানুসারে দন্ডকারণ্যে পাঠান হইবে।

Shri Sanat Kumar Raha:

৪৫৬ জন এসেছেন, তারা সর্বপ্রথম কোন্ তারিখে আসেন, এবং কোন্ তারিখ থেকে রিলিফ দেওয়া হয়?

Tho Hon'ble Abha Maiti:

কবে আসে এবং কোন্ তারিখ থেকে রিলিফ আরম্ভ হয় জানতে হলে নোটিশ চাই।

Shri Sanat Kumar Raha:

ক'জন দন্ডকারণ্যে যাবার জন্য প্রস্তুত আছেন?

The Hon'ble Abha Maiti:

আমি ম্যাজিস্ট্রেটকে জিজ্ঞাসা করেছি এখনও পর্যন্ত কেউ দন্ডকারণ্যে যাবার ইচ্ছা প্রকাশ করে নি।

[1-40—1-50 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : যদি কেউ দণ্ডকারণ্যে যেতে না চায় এবং এখানেই থাকতে চায় এবং থাকার উপযোগী পরিবেশও আছে কেবল কিছুটা সাহায্যের দরকার সে ব্যাপারে সরকারের নীতিটা কি হবে?

দি অনারেবল আভা মাইতি: আমি কয়েকবার বলেছি এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীও পরিষ্কার করে বলেছেন যে যদি রিহ্যাবিলিটেশনের কোন সাহায্য পেতে হয় তাহলে বাংলাদেশের বাইরে যেতে হবে এবং ভারত সরকার তাদের সাহায্য করবেন।

শ্রীগোপাল ব্যানার্জী: যাঁরা দণ্ডকারণ্যে যেতে চান নি তাঁদের কি এখনও ডোল কণ্টিনিউ করা হচ্ছে?

দি অনারেবল আভা মাইতি: আপনারা সকলেই জানেন যে আজ পর্যন্ত বহু উদ্বাস্তু এসেছেন যাঁরা দণ্ডকারণ্যে যান নি, এবং আমাদের এখানে স্ট্যাণ্ডিং অর্ডার রয়েছে যদি সেইরকম দুঃস্থ বলে তাঁরা বলেন তাঁদের নিশ্চয়ই আমরা আমাদের যে সাহায্য সেই সাহায্য দেবো এখানে পশ্চিমবঙ্গ অধিবাসীদের আমরা যে ধরনের সাহায্য দিই।

শ্রীনিখিল দাস: এর আগে আর একদিন প্রশ্নের উত্তরে আমাদের মাননীয় মন্ত্রী বলেছিলেন যে, দু'দিন থেকে তিন দিন পর্যন্ত তাদের ডোল দেওয়া হয়, মুর্শিদাবাদের ব্যাপারে যা উনি বললেন, এখন কি সরকারের এই নীতিটা আমরা ধরে নেবো যে যতদিন তারা এইভাবে থাকবে ততদিন তাদের রিলিফ দেওয়া হবে?

দি অনারেবল আভা মাইতি: পশ্চিমবঙ্গের অধিবাসী হিসাবে যদি তাঁদের দেবার প্রয়োজন হয় নিশ্চয়ই দেওয়া হবে। আমি যেকথা বলছিলাম সেটা হচ্ছে এই যে যাঁরা দণ্ডকারণ্যে যাচ্ছেন তাঁরা ত এখানে বেশী দিন থাকছেন না, চলে যাচ্ছেন, তাঁদের স্পেশাল রেটেই আমরা দিচ্ছি, তাঁদের কথা আমি বলি নি। যাঁরা থেকে যাচ্ছেন পশ্চিমবঙ্গের অধিবাসী হিসাবে, অন্যান্য দুঃস্থ ব্যক্তিরা যে সাহায্য পান, যে বিবেচনা ও প্রত্যাশা আশা করেন সেই ধরনেরই পাবেন।

শ্রীগোপাল ব্যানার্জী: পশ্চিমবাংলায় যাঁরা থাকতে চান এবং পশ্চিমবাংলার বাইরে যাঁরা যেতে চান এ'দের রিলিফের রেট কি আলাদা?

দি অনারেবল আভা মাইতি: নিশ্চয়ই আলাদা। কারণ নূতন যাঁরা এসেছেন তাঁদের আমরা ১৮ টাকা এবং ৯ টাকা মাইনর যারা তাদের জন্য দিচ্ছি। আর আপনারা সকলেই জানেন পশ্চিমবাংলার কি রেট।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রী বললেন যে যাঁরা এসেছেন তাঁদের পশ্চিমবঙ্গের সাধারণ অধিবাসী হিসাবে যে ব্যবস্থা হওয়া দরকার ঠিক সেই ব্যবস্থাই করবেন। আমি মাননীয়া মন্ত্রিমহোদয়াকে জিজ্ঞাসা করছি যে তাহলে এ'দের কি আপনারা উদ্বাস্তু হিসাবে ট্রিট করবেন না এটা পরিষ্কার বলে দিচ্ছেন?

দি অনারেবল আভা মাইতি: আপাততঃ পরিষ্কার।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: তাহলে প্রশ্ন হচ্ছে এর আগে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় এখানে বলেছিলেন যে যাঁরা পূর্ববাংলার দাঙ্গা হাঙ্গামায় ভীত সন্ত্রস্ত হয়ে আসছে তাঁদের মাইগ্রেশন এবং সমস্ত কিছুর জন্য ব্যবস্থা করা আছে সেই কথা কি আমরা ঠিক বলে ধরে নিতে পারবো না।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: শুধুমাত্র একটি ব্যবস্থা করা নেই, পশ্চিমবঙ্গে পুনর্বাসন আর সব করা আছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: পুনর্বাসন বলতে কি আপনারা খাদ্যটাও বোঝেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: নিশ্চয়ই। খাদ্যের দাম যদি বাড়ে তাহলে আপনারাই বলবেন যে খাদ্যের দাম কেন বাড়লো। ২০ লক্ষ লোক যদি আসে তাহলে আপনারাই আন্দোলন করবেন। পশ্চিমবঙ্গে পুনর্বাসনের জন্য আমরা কোন ব্যবস্থা করবো না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: তাহলে পশ্চিমবঙ্গ সরকার পুনর্বাসনের ব্যাপারে তাঁদের দায়িত্ব অস্বীকার করছেন এবং পূর্ববঙ্গের মাইগ্রেশনের ব্যাপারটা একটা হোক্স এই কথা ধরে নিতে পারি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এর সঙ্গে মাইগ্রেশনের কোন সম্পর্ক নেই। পশ্চিমবঙ্গ সরকারের এটা দায়িত্ব নয়, সম্পূর্ণ এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব। কেন্দ্রীয় সরকার এই দায়িত্বটা জাতীয় দায়িত্ব বলে স্বীকার করেছেন এবং পশ্চিমবঙ্গ সরকারও জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও জানেন যে পশ্চিমবঙ্গে আর অধিক সংখ্যক লোকের পুনর্বাসনের আর কোন সম্ভাবনা নেই।

শ্রীকাশীকান্ত মৈত্র: মুখ্যমন্ত্রীর কাছে আমি জানতে চাচ্ছি পূর্ব পাকিস্তান থেকে এই যে লক্ষ লক্ষ মানুষ ভয়ে সন্ত্রস্ত হয়ে এখানে চলে আসছেন, ভারত সরকার কি আপনাদের কাছে এমন কোন এ্যাসিয়োরেন্স দিয়েছেন যে যত লোকই আসুক তাদের পুনর্বাসনের সমস্ত ব্যবস্থা করা হবে এবং কোন্ কোন্ রাজ্যে করা হয়েছে সে সম্বন্ধে কোন ব্লু প্রিন্ট আপনারা পেয়েছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: 'না না, এটা আমার দায়িত্ব নয়। মাননীয় সদস্যের এটা পরিষ্কার করে বোঝা উচিত যে পূর্ব পাকিস্তান থেকে যে সমস্ত আশ্রয়প্রার্থী ভাইবোনেরা আসছেন তাঁহের পুনর্বাসনের দায়িত্ব ১৬ আনা ভারত সরকারের এবং ভারত সরকার ঘোষণা করেছেন যে এই সমস্যা একটি জাতীয় সমস্যা।

শ্রীকাশীকান্ত মৈত্র: ভারত সরকারের দায়িত্ব এটা আপনারা এত দেরীতে বলছেন, মাননীয় অতুল্য ঘোষ বক্তৃতা করবার পর এই বাণীটা আপনার মুখ দিয়ে বের হচ্ছে এটাতে আমরা আশ্বস্ত হচ্ছি। কিন্তু আমি জিজ্ঞাসা করছি যে ভারত সরকার বলতে পশ্চিমবঙ্গ সরকারকে বাদ দিয়ে কি ভারত সরকার?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: পশ্চিমবঙ্গকে বাদ দিয়ে ভারত সরকার নয়। পুনর্বাসনের জন্য পশ্চিমবঙ্গ সরকার তাদের কোষ থেকে একটি পয়সাও খরচ করবেন না, অন্য কোন সরকারও খরচ করবেন না, সেখানে যা কিছু ব্যয় করা হবে সে ব্যয় ভারত সরকারকে করতে হবে, কাজে কাজেই এই দায়িত্ব ভারত সরকারের। পশ্চিমবঙ্গে যেখানে লোকসংখ্যা এত অধিক সেখানে আমরা ৩২ লক্ষ আশ্রয়প্রার্থীদের পুনর্বাসনের ব্যবস্থা করেছি, সবাইকে সম্পূর্ণভাবে করি নি মাননীয় সদস্যরা জানেন এবং পশ্চিমবঙ্গে আর অধিক সংখ্যক উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা সম্ভব নয়।

Shri Deb Saran Ghosh :

মুখ্যমন্ত্রী বলছেন কেন্দ্রীয় সরকারের দায়িত্ব এবং কেন্দ্রীয় সরকারের তহবিল থেকে খরচ হবে, আমি জানতে চাচ্ছি পুনর্বাসনের জায়গা বাংলাদেশে হবে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

পুনর্বাসনের জায়গা হবে না।

Shri Nepal Chandra Roy:

ছিটমহল থেকে যারা উদ্বাস্তু হয়েছে তাদের কি পশ্চিমবঙ্গে রাখা হবে না দণ্ডকারণ্যে পাঠান হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

তাদের কথা স্বতন্ত্র।

Shri Nepal Chandra Roy:

তাদের কোথায় রাখা হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ সম্পর্কে আমরা ভারত সরকারের সঙ্গে আলোচনা করছি।

Shri Kashi Kanta Maitra:

একটা প্রশ্নের উত্তরে এইমাত্র আপনি বললেন কেন্দ্রীয় সরকারের দায়িত্ব এবং কেন্দ্রীয় সরকার থেকে সমস্ত টাকা বুঝে পাবেন পূর্ব পাকিস্তান থেকে যাঁরা পশ্চিমবাংলায় আসবে তাদের সঙ্গে সঙ্গে বলতে হবে তোমরা এখানে স্থান পাবে না এই ধরনের কোন ইনস্ট্রাকসান এসেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

পূর্ব পাকিস্তান থেকে যদি কেউ পশ্চিমবাংলায় আসে তাহলে আমরা বাধা দেব না, হি ইজ ওয়েলকাম, কিন্তু তার পুনর্বাসনের কোন দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করবে না।

Shri Kamal Kanti Guha:

আমি জানতে চাচ্ছি পূর্ববঙ্গের যেসব ছাত্র এসেছে, যাদের বাপ-মা সেখানে নিহত হয়েছে তাদের পশ্চিমবঙ্গে পুনর্বাসনের ব্যবস্থা হবে কিনা।

The Hon'ble Prafulla Chandra Sen:

পশ্চিমবঙ্গ সরকার কিছু করতে পারে না, আমরা কোন দায়িত্ব নিতে পারি না।

Shri Kashi Kanta Maitra:

আমার যে প্রশ্ন সেটা হল, রিহ্যাবিলিটেশন এবং দুটো এস্‌পেক্ট আছে,

"The land on which they will be rehabilitated. The second aspect relates to finance. As far as I could understand it, the Hon'ble Chief Minister said that the Central Government is solely responsible so far as the financial burden is concerned. But our question is, did the Central Government make any stipulation to the State Government that the Central Government can take the entire financial responsibility of rehabilitating these incoming migrants only on condition that they won't ask for the rehabilitation in West Bengal.

The Hon'ble Prafulla Chandra Sen: This is a hypothetical question.

Shri Kashi Kanta Maitra:

প্রত্যেকটা প্রশ্ন যদি দিয়ে আরম্ভ হয়

It is not a hypothetical question. Every question starts with "if it is a fact". The Hon'ble Chief Minister cannot avoid answering such an important question.

মাননীয় সতীশ দাসগুপ্ত কতগুলি বিশেষ অঞ্চলের কথা বলেছেন সেখানে অন্ততঃ ১ লক্ষ উদ্বাস্তু বসান যেতে পারে।

The Hon'ble Prafulla Chandra Sen:

সতীশ দাশগুপ্ত মহাশয় আমাদের সকলেরই শ্রদ্ধেয় ব্যক্তি - তাঁর পুনর্বাসন সম্বন্ধে ধারণা একটু পুরানো। আমাদের পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ নয়, কয়েক কোটি লোক রয়েছে যাদের পুনর্বাসন দরকার। কাজে কাজেই নূতন করে পুনর্বাসনের প্রশ্ন উঠতে পারে না। সুন্দরবনে কয়েক লক্ষ ভূমিহীন কৃষক রয়েছে। সতীশ দাশগুপ্ত মহাশয়ের সঙ্গে আমার আলোচনা হয়েছে, তিনি লিখিত একটা স্কীম দিয়েছিলেন, আমি তাঁকে জানিয়েছি এটা সম্ভব নয়, এবং তিনি বুঝেছেন এটা সম্ভব নয়।

[1-50—2-00 p.m.]

শ্রীগোপাল ব্যানার্জী: জমি ছাড়া অন্য কোন পদ্ধতি কি পুনর্বাসন দিতে পশ্চিমবাংলা সরকার রাজী আছেন যদি কেন্দ্রীয় সরকার রাজী হন ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এটা কি স্যার, হাইপোথেটিক্যাল হল না ?

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: পূর্ব বাংলা থেকে প্রাণের দায়ে যারা এদেশে চলে আসতে বাধ্য হচ্ছে তারা সকলেই জানেন হিন্দু তাদের প্রতি আমাদের কর্তব্য হচ্ছে এখানে কিছু হবে না, সেন্টারে ছেড়ে দেব, এ ছাড়া তাদের প্রতি সরকারের আর কোন দায়িত্ব কি আছে ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: পূর্ববঙ্গ থেকে নিদারুণ অত্যাচারের দরুণ মর্মন্তুদ দুঃখের দরুন যারা চলে আসছে তাদের পুনর্বাসনের সম্পূর্ণ দায়িত্ব ষোল আনা দায়িত্ব কেন্দ্রীয় সরকারের কেন্দ্রীয় সরকার সে দায়িত্ব নিয়েছেন, কাজে কাজেই আমাদের কোন দায়িত্বের কোন প্রশ্নই উঠে না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: তাদের সম্বন্ধে আমাদের কি কিছু করার নেই দণ্ডকারণ্যের রাস্তা দেখিয়ে দেওয়া ছাড়া ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যেটুকু আমাদের কর্তব্য সেটুকু আমরা নিশ্চয়ই পালন করছি, পশ্চিমবঙ্গ সরকারের বহু কর্মচারী রয়েছে যারা তদারক করছে; তাদের পাঠিয়েছি, জিনিসপত্র দিচ্ছি, আমাদের কর্তব্য আমরা নিশ্চয়ই করবো, পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের পশ্চিম-বঙ্গ সরকারের নয়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: এখানে যথেষ্ট জায়গা আছে, তাদের এখানে পুনর্বাসন করা যায় একথা স্বীকার করেন কি ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যদি জায়গা থাকে তাহলে লক্ষ লক্ষ ভূমিহীন কৃষক যারা আমরা তাদের পুনর্বাসন আগে করবো।

শ্রীনেপালচন্দ্র রায়: পূর্ববাংলা থেকে যেসমস্ত ডাক্তার-উকীল-মোক্তার-টেকনিশিয়ান আসছে তাদের পুনর্বাসনের জন্য কি দণ্ডকারণ্যে যাবে না এখানে যে বার আছে, ফ্যাক্টরী আছে বা যেখানে ওকালতি বা মোক্তারী করতে পারে ব্যারিস্টারী করতে পারে, কলেজে ছাত্ররা পড়তে পারে তার ব্যবস্থা হবে ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যদি কেউ ব্যারিস্টার থাকে, উকীল থাকে, ডক্টর থাকে, শিক্ষক থাকে, অধ্যাপক থাকে এবং তাঁরা যদি কাজকর্ম করে খেতে পারেন তাতে আমাদের কিছু দায়িত্ব নেই, তবে যদি নেপালবাবু বলেন যে আমাকে রোগী যোগাড় করে দিতে মক্কেল যোগাড় করে দিতে হবে, তাহলে আমি বলবো আমি পারবো না।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় আমার কথা বুঝতে পারেন নি, আমি বলছি এইরকম যারা পেশাদারী লোক আসবেন তাদের দণ্ডকারণ্যে লাঙ্গল চষবার জন্য পাঠালে তাদের পক্ষে তা করা কি সম্ভব ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মাননীয় সদস্য জানেন এখানে প্রায় ২৯ হাজার লোক এসেছে সম্প্রতি দাঙ্গার দরুণ, তার মধ্যে প্রায় ৬ হাজার লোক দণ্ডকারণ্যে পাঠিয়েছি, আর বাকি যারা এসেছে তারা পুনর্বাসন চাচ্ছেনা তবে কেউ কেউ আমার কাছে চাকুরির জন্য এসেছে, দুজন ভদ্রলোক এসেছিলেন আমার কাছে তাঁরা অধ্যাপক, আমি বলেছি দেখুন কোথায় খালি আছে, আমি আপনাদের চাকুরি যোগাড় করে দিতে পারবো না।

শ্রীনিখিল দাস : আমার প্রশ্ন হচ্ছে—যারা পশ্চিমবাংলায় উকিল হিসাবে থাকে, যাঁরা মাস্টার হিসাবে থাকবেন বা যারা ব্যারিস্টারী করার জন্য পশ্চিমবাংলায় থাকছে তাদের মক্কেল বা ছাত্র জোগাড় করার কথা নয়—তাদের উদ্বাস্তু হিসাবে গণ্য করে তাদের লাইফ যাতে বিগিন করতে পারে সেই সাহায্য পশ্চিমবাংলা দেবেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে দরখাস্ত করবেন এবং কেন্দ্রীয় সরকার আমাদের কাছে তার জন্য টাকা পাঠান তাহলে আমরা তাঁকে নিশ্চয় সাহায্য করবো।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: যারা আসছে তাদের মধ্যে যারা নাবালক এবং যাদের গার্জেন নেই বা যেসব বিধবারা পালিয়ে আসছে তাদের জন্যও কি দণ্ডকারণ্যে ব্যবস্থা করেছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: পশ্চিমবঙ্গ সরকার কারও জন্য কোনও ব্যবস্থা করছেন না পূর্বেই বলেছি সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, কেন্দ্রীয় সরকার আমাদের উপর এই ভার দিয়েছেন যারা আসবে তাদের মধ্যে যারা পশ্চিমবঙ্গ ব্যতীত অন্য প্রদেশে পুনর্বাসনের জন্য যেতে চাইবে, অনুগ্রহ করে তাদের এত টাকা এত বাসন দিয়ে দিও ইত্যাদি আমরা তাই করছি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এগুলো কেন্দ্রীয় সরকারের টাকা থেকেই দেওয়া হচ্ছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: সমস্ত কেন্দ্র সরকারের খরচে দেওয়া, আমরা এখন খরচ করছি কিন্তু আদায় করে নোবো পাই পয়সা।

শ্রীকানাই পাল: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে যারা সাম্প্রদায়িক হাঙ্গামার ফলে চলে আসছেন তাদের অভিভাবক স্থানীয় কোন কোন লোক তারা পাকিস্তানে থেকে যাচ্ছেন আর বাকি সমস্ত ফ্যামেলী চলে আসার সঙ্গে সঙ্গে তাদের বলা হচ্ছে তোমরা দণ্ডকারণ্যে যাবে কিনা—যারা সময় চাচ্ছে যে আমাদের লোক আসবার সময় দেওয়া হোক তাদের দেওয়া হচ্ছে না—তাদের বঞ্চিত করা হচ্ছে এটা কি ঠিক?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি একটু আগেই বলেছি যে প্রায় ২৯ হাজার লোকদের মধ্যে ৬ হাজার আর কত লোক দণ্ডকারণ্যে গেছে বাকি লোক যাবে কিনা, বা কোথায় যাবেন আমি কোন খোঁজও নিচ্ছি না।

দি অনারেবল আভা মাইতি: আমরা যদি কোন স্টেশনে দেখি যে ফ্যামেলির অর্ধেক লোক এসেছে তখন আমরা তাদের রেখে দেই, তারপর যখন তারা মনস্থির করে বলে তখন আমরা পাঠিয়ে দিই।

ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী: মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে বিরোধীপক্ষকে ত্রাণ করার জন্য উদ্বাস্তুদের এখানে রাখা যায় না?

[উত্তর নাই]

শ্রীজীবনকৃষ্ণ দে : আমাদের এখান থেকে আসামে পাঠানো হচ্ছে না কেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আসামে কেউই যেতে চাইছে না, যদি কেউ যেতে চান তাহলে সরাসরি চলে যান।

শ্রীজীবনকৃষ্ণ দে: এমনও তো হতে পারে কুচবিহার সংলগ্ন জেলাতে এসে তারা যদি মনে করে আসামে পাঠালে ফেবারেবলি দেখা হয়..............

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : সে অনেক কিছুই হতে পারে—তবে এখনও এরকম কিছু হয় নি।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি : আমি জিজ্ঞাসা করছি যে এই তো বঙ্গ বিভাগ হোল, বাংলাদেশের মুখ্যমন্ত্রী হিসাবে এইরকম বাঙ্গালী উদ্বাস্তু যারা আসছেন তাদের চতুর্দিকে পাঠিয়ে দেওয়া তাতে বাংলাকে আরও ভাগাভাগী করার ব্যবস্থা নয় কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : আমি এখন যে কথা এখানে বলছি সেটা ভারতীয় হিসাবে, বাঙ্গালী হিসাবে নয়, কেন না, পশ্চিমবাংলায় যদি কেউ থাকতে চান নিজের দায়িত্বে থাকতে পারেন, আমরা তার পুনর্বাসনের ভার নিতে পারবো না। মাননীয় সদস্য আমার চেয়ে খুব বেশী জানেন যে পশ্চিমবাংলায় আর অধিক সংখ্যক স্থান পুনর্বাসনের জন্য নেই। কাজে কাজেই এইসব কথা বলে একটা ভাবাবেগের সৃষ্টি করবার প্রয়োজন নেই. এ সম্বন্ধে অনেক বার বলা হয়েছে। আমরা এইটুকু শুধু জানি ভারত সরকারকে আমরা বলেছি যে বিভিন্ন দেশে যাতে পুনর্বাসন হয় তার জন্য চেষ্টা করুন- অধ্যাপক, উকিল ইত্যাদি তালিকা পর্যন্ত তাঁরা চেয়েছেন আমরাও যে তালিকা করছি তাদের তাদের নাম দিচ্ছি।

Mr. Speaker: Question hour is over.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Suicide and murder cases in West Bengal during 1963

174. (Admitted question No. 29.)

শ্রী[illegible] রায় : স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালে পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতজন (১) আত্মহত্যা করিয়াছেন এবং (২) খুন হইয়াছেন ;

(খ) ঐ ব্যক্তিদের মধ্যে কতজন পুরুষ এবং কতজন নারী;

(গ) উক্ত খুনগুলির কয়টি ক্ষেত্রে অপরাধীর সাজা হইয়াছে এবং কয়টি ক্ষেত্রে মামলা চলিতেছে; এবং

(ঘ) কয়টি ক্ষেত্রে পুলিস খুনের কিনারা করিতে পারে নাই?

The Minister for Home (Police):

(ক) একটি তথ্য সম্বলিত বিবরণী সঙ্গে যুক্ত হইল।

(খ) পুরুষ—২,২১৬ জন।

নারী—১,৪৮৭ জন।

(গ) ৪৯টি ক্ষেত্রে অপরাধীর সাজা হইয়াছে এবং ১১২টি ক্ষেত্রে মামলা চলিতেছে।

(ঘ) ৫১টি ক্ষেত্রে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 174.

জেলার নাম।	খুনের সংখ্যা	আত্মহত্যার সংখ্যা
২৪-পরগণা	১২৫	৬৫৯
হুগলী	২৪	৩৬৯
মুর্শিদাবাদ	৩৭	২৪১
শিয়ালদহ, জি, আর, পি,	২	১১১
বাঁকুড়া	১৪	১৩১
হাওড়া	২৪	২২৮
বর্দ্ধমান	৫৭	২২৮
জলপাইগুড়ি	৫০	৭৮
বীরভূম	২০	৭৯
মেদিনীপুর	৩৩	১৬৬
নদীয়া	৩১	২৭৪
পশ্চিম দিনাজপুর	২৩	৯৮
মালদহ	১৩	৮৪
দার্জিলিং	১৮	৫২
কুচবিহার	৮	৭৩
হাওড়া, জি, আর, পি,	৫	১২৮
পুরুলিয়া	২০	৪৯
কলিকাতা	৩০	১১৭
মোট	৫৩৪	৩,১৪৩

Lalgola Fishermen's Co-operative Society

175. (Admitted question No. 54.)

শ্রীব[illegible] রায় : গত ৬ই অগাস্ট ১৯৬৩ তারিখে প্রদত্ত অ-তারকায়িত ২৮৭নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ৪৬৫) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত লালগোলা ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটির প্রাক্তন সম্পাদক কার্য-নির্বাহক সমিতির (১) জ্ঞাতসারে এবং (২) অজ্ঞাতসারে কত টাকা তছরূপ করেন; এবং

(খ) ১৯৫৮-৫৯ সালের পর হইতে বর্তমান সময় পর্যন্ত উক্ত সোসাইটি সম্বন্ধে আর কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি?

The Minister for Co-operation:

(ক) সমিতির প্রাক্তন সম্পাদক শ্রীপঞ্চানন সরকার বিভিন্ন সভ্যের নিকট হইতে লাইসেন্স ফি বাবত ১,৯৪৯ টাকা সংগ্রহ করিয়া সমিতির তহবিলে জমা দেন নাই। ঘটনাটি পরিচালক সমিতির জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে হইয়াছিল জানা যায় নাই।

(খ) হ্যাঁ।

Border incidents in Cooch Behar district

176. (Admitted question No. 391.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান : স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালে কোচবিহার জেলার কোন্ কোন্ স্থানে ও মোট কতবার পাকিস্তানীরা হামলা করিয়াছে;

(খ) এই ব্যাপারে কতজন ভারতীয় হত, আহত এবং অপহৃত হইয়াছে; এবং

(গ) এইসব হামলা প্রতিরোধের জন্য সরকার হইতে কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Home (Political):

(ক) ও (খ) নিম্নে প্রদত্ত বিবরণীতে যাবতীয় তথ্যাদি দেওয়া হইল।

(গ) সীমান্তে পাকিস্তানী হামলা প্রতিরোধের উদ্দেশ্যে আমাদের সীমান্ত রক্ষীবাহিনী শক্তি বৃদ্ধি করা হইয়াছে এবং সীমান্তে টহলদারী ব্যবস্থা জোরদার করা হইয়াছে। এতদ্ব্যতী প্রতি ঘটনার অব্যবহিত পরেই জেলা ও রাজ্যসরকার স্তরে পাক কর্তৃপক্ষের নিকট প্রতিব জ্ঞাপনপূর্বক এইজাতীয় বেআইনী কার্যকলাপ প্রতিরোধের দাবী করা হয়। তাহা ছাড় আমাদের জেলাশাসক সংশ্লিষ্ট পাক জেলাশাসকের সহিত প্রয়োজনমত বৈঠকে মিলিত হই সীমান্তে বেআইনী কার্যকলাপ নিবারণের পন্থাদি আলোচনা করিয়া থাকেন।

Statement referred to in reply to clauses (ka) and (kha)) of unstarred question No. 176

Particulars of border incidents in Cooch Behar district during the year 1963

Name of police-station	Place of incidents	Number of incidents	Number of Indian nationals		
			Killed	Injured	Kidnappe
Haldibari ..	.. Jharsingeswar ..	2	1	1	..
	Daripattani ..	1	..	1	..
	West Hemkumari	1	..	..	..
	Total ..	4	1	2	..
Dinhata ..	.. Kalmati ..	1	..	..	1
	Dighaltari ..	1	..	..	..
	Kumarganj ..	1	1	..	..
	Total ..	3	1	..	1
Mekliganj ..	.. Tistanadir Payasti	1	..	..	..
	Kikabari	2	..	..	..
	Phulkadabri Kashiabari	2	..	2	..
	Total ..	5	..	2	
Tufanganj ..	.. Balabhut ..	1	..	..	1
	Jhaukuthi ..	1	..	..	..
	Total ..	2	..	..	1
italkuchi ..	.. Mahishmuri ..	2	..	..	..
Mathabhanga	.. Satgram ..	1	..	..	..
	Chenakata ..	1	..	..	1
	Total ..	2	..	..	1
	Grand Total ..	18	2	4	3

Mayana-Paramanandapur-Pingla Road of Midnapore

177. (Admitted question No. 201.)

শ্রীঅনঙ্গমোহন দাস : পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না-পরমানন্দপুর-পিংলা রাস্তার ময়না থানা পর্যন্ত লিঙ্ক রাস্তাটির দৈর্ঘ্য কত;

(খ) উহা প্রস্তুতের জন্য কত টাকার এস্টিমেট হইয়াছে; এবং

(গ) উক্ত লিঙ্ক রাস্তাটি পুরাতন জেলা বোর্ড রাস্তা বরাবর প্রস্তুত না করিয়া নূতন করিয়া প্রস্তুতের কারণ কি?

The Minister for Public Works (Roads):

(ক) ৩,৬০৫ ফুট মাত্র।

(খ) ৮৫,০০০ টাকার।

(গ) বেশির ভাগ অংশের পুরাতন জেলাবোর্ডের রাস্তাটি অনুসরণ করা হইতেছে। পথ-রেখার উন্নতিকল্পে দুই-একটি স্থানে নূতনভাবে রাস্তা নির্মাণের প্রস্তাব করা হইয়াছে।

Poultry firms in West Bengal

178. (Admitted question No. 208.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ-সরকারের হাঁস-মুরগি এবং গরু-ছাগল প্রভৃতির খামার কয়টি এবং কোথায় কোথায় অবস্থিত; এবং

(খ) উক্ত খামারগুলি কোন্‌টি কোন্ সালে প্রতিষ্ঠিত হইয়াছিল এবং প্রতিষ্ঠা করিতে কোন্‌টিতে কত খরচ (ক্যাপিটাল লে-আউট) হইয়াছিল?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) ও (খ) ৩০টি।

অন্যান্য তথ্য এই সঙ্গে একটি বিবরণীতে দেওয়া হইল।

Statement referred to in reply to the unstarred question No. 178.

খামারের নাম এবং অবস্থান।	যে বৎসরে প্রতিষ্ঠিত হইয়াছিল।	প্রতিষ্ঠা করিতে খরচ। (ক্যাপিট্যাল লে আউট)
		টাকা
১। কেন্দ্রীয় গো-গবেষণা এবং প্রজনন কেন্দ্র, হরিণঘাটা	১৯৪৮	৮৩,৩৫,০০০
২। আঞ্চলিক শূকর প্রজনন কেন্দ্র এবং শূকর মাংস উৎপাদন কারখানা, হরিণঘাটা। ..	১৯৬১	১০,৫৮,০০০
৩। আঞ্চলিক হাঁস মুরগী খামার, হরিণঘাটা	১৯৬২	২,২১,৯০০
৪। মেষ প্রজনন উপকেন্দ্র, আলগড়া, দার্জিলিং	১৯৫৭	৩৭,৬০০

খামারের নাম এবং অবস্থান।	যে বৎসরে প্রতিষ্ঠিত হইয়াছিল।	প্রতিষ্ঠা করিতে খরচ। (ক্যাপিট্যাল আউট)
		টাকা
৫। গোপালন খামার, তুকি সীতারামপুর, বাঁকুড়া	১৯৬১	৯০,০০০
৬। রাষ্ট্রীয় মুরগী পালন খামার, মেদিনীপুর	১৯৪২	১,২৪,৪০০
৭। রাষ্ট্রীয় মুরগী পালন খামার, রাণাঘাট	১৯৪২	৬৫,৬০০
৮। রাষ্ট্রীয় মুরগী পালন খামার, টালিগঞ্জ	১৯৫৯	৩,৩৫,২০০
৯। রাষ্ট্রীয় মুরগী পালন খামার, দুর্গাপুর	১৯৬৩	৫,০০,০০০
১০। মুরগী পরিবর্দ্ধন কেন্দ্র, কালিম্পং	১৯৫৭	৬৪,১০০
১১। মুরগী পরিবর্দ্ধন কেন্দ্র, উত্তর বংগ, মোহিতনগর	১৯৫৭	৪৮,৬০০
১২। হাঁস মুরগী পরিবর্দ্ধন কেন্দ্র, গোবরডাঙ্গা	১৯৬২	৪,৫৭,৭০০
১৩। হাঁস পরিবর্দ্ধন ইউনিট, বর্দ্ধমান	১৯৫৭	৫৫,৫০০
১৪। হাঁস মুরগী সম্প্রসারণ কেন্দ্র, মেদিনীপুর	১৯৬৩	৯৪,৪০০
১৫। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, ময়নাগুড়ি	১৯৫৫	৪৫,২০০
১৬। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, মালদহ	১৯৫৫	৪৫,২০০
১৭। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, দুর্গাপুর	১৯৫৭	৪৫,২০০
১৮। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, ঝাড়গ্রাম	১৯৫৭	৪৫,২০০
১৯। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, বাঁকুড়া	১৯৫৭	৪৫,২০০
২০। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, পুরুলিয়া	১৯৫৭	৪৫,২০০
২১। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, বহরমপুর	১৯৫৭	৪৫,২০০
২২। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, সিউড়ী	১৯৫৯	৪০,৭০০
২৩। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, টালিগঞ্জ	১৯৫৯	৪০,৭০০
২৪। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, ফুলিয়া	১৯৫৯	৪০,৭০০
২৫। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, গোবরডাঙ্গা	১৯৬২	৪০,৭০০
২৬। মুরগী সম্প্রবারণ কেন্দ্র, বর্দ্ধমান বিশ্ব প্রাংগণ	১৯৬২	৪০,৭০০
২৭। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, কার্শিয়াং	১৯৬৩	৩২,৫০০
২৮। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, তারকেশ্বর বালিগড়ি	১৯৬২	৪০,৭০০
২৯। মুরগী সম্প্রসারণ কেন্দ্র, জনপট	[illegible]	৪০,৭০০
৩০। মুরগী সম্প্রসারণকেন্দ্র, বিষ্ণুপর	১৯৬২	৪০,৭০০

Attendance of the Ministers and the Officers to the meeting of Planning Commission

179. (Admitted question No. 237.) **Shri A. H. Besterwitch: Will the** Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the number of Ministers and Officers of State Government who attended the Planning Commission's meeting at New Delhi held in the 2nd week of December, 1963; and

(b) the amount spent for each of the Ministers and Officers for attending the meeting?

The Minister for Finance: (a) Ministers—3, Gazetted Officers—51, Non-Gazetted Officers—30.

(b) A statement is laid on the table.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 179.

Ministers and amount spent

(1) Chief Minister, West Bengal—Rs. 676.50.

(2) Minister-in-charge, Irrigation and Waterways Department—Not yet claimed.

(3) Minister-in-charge, Finance Department—Rs. 726.50.

Gazetted Officers and amount spent

(1) Secretary, Fisheries and A. H. and Veterinary Services Department —Not yet claimed.

(2) Assistant Secretary, Fisheries and A. H. and Veterinary Services Department—Rs. 297.55.

(3) Director of Fisheries—Rs. 338.00.

(4) Secretary, Commerce and Industries Department—Rs. 667.90.

(5) Additional Director of Industries (Training)—Rs. 427.70.

(6) Chief Electrical Engineer and Electrical Adviser to Government—Rs. 661.50.

(7) Joint Secretary, P. W. Department and ex-officio Joint Secretary, Housing Department—Rs. 668.00.

(8) Secretary, I. and W. Department—Rs. 673.90.

(9) Chief Engineer, West Bengal, Irrigation—Rs. 683.60.

(10) P.A. to Chief Engineer, Floods and Flood Control, I. and W. Directorate—Rs. 345.90.

(11) Secretary, Education Department—Rs. 706.25.

(12) Deputy Secretary, Education Department—Rs. 353.75.

(13) Secretary, T. W. Department—Rs. 605.74.

(14) Deputy Secretary, T. W. Department—Rs. 351.35.

(15) and (16) Adviser on Dairy Development and Animal Husbandry, West Bengal and Director of Veterinary Services, West Bengal—Rs. 959.70.

(17) Development Commissioner—Rs. 683.60.

(18) Joint Development Commissioner—Rs. 532.90.

(19) Deputy Secretary, Development Department—Rs. 528.70.

(20) Deputy Secretary, Co-operation and C. S. S. I. Departments—Rs. 351.00.

(21) Assistant Secretary, Co-operation Department—Not yet claimed.

(22) and (23) Registrar, Co-operative Societies, West Bengal and Deputy Registrar, Co-operative Societies, West Bengal—Rs. 656.00.

(24) Secretary, Finance Department—Rs. 633.25.

(25) Deputy Secretary, Finance Department—Rs. 636.50.

(26) Secretary, Labour Department—Rs. 510.55.

(27) Secretary, Agriculture Department—Rs. 524.25.

(28) Secretary, Health Department—Rs. 667.90.

(29) Deputy Secretary, C. D. and E.S. Department—Rs. 306.70.

(30) Deputy Secretary, C. and S. S. I. Department—Rs. 351.35.

(31) Deputy Secretary, Home (S. W.) Department—Rs. 358.25.

(32) Deputy Secretary, Labour Department—Rs. 351.35.

(33) Deputy Secretary, Agriculture Department—Rs. 338.25.

(34) Deputy Secretary, Agriculture Department—Rs. 341.75.

(35) Assistant Development Commissioner, C. D. and E. S. Department—Rs. 297.30.

(36) Assistant Secretary, Agriculture Department—Rs. 305.25.

(37) Registrar, Agriculture Department—Rs. 209.10.

(38) Joint Director of Health Services, West Bengal—Rs. 660.50.

(39) Joint Director of Industries (Sericulture)—Rs. 345.00.

(40) Secretary, Cottage and Small Scale Industries and Co-operative Departments—Not yet claimed.

(41) Chief Conservator of Forests, West Bengal—Rs. 652.00.

(42) Administrator and Chairman, Salt Lakes Reclamation and Development Board—Rs. 661.50.

(43) Assistant Secretary, Salt Lakes Reclamation and Development Board—Rs. 288.87.

(44) Director of Agriculture—Rs. 511.48.

(45) Additional Director of Agriculture—Rs. 347.98.

(46) Joint Director of Agriculture (R)—Rs. 311.48.

(47) Additional Director of Agriculture (M)—Rs. 335.98.

(48) Joint Director of Agriculture (Extension)—Rs. 321.98.

(49) Engineering Adviser, Agriculture Directorate—Rs. 402.80.

(50) Secretary, Development (D. I.) Department—Rs. 683.60.

(51) Director of Panchayat—Rs. 300.00.

Non-Gazetted Officers and amount spent

(1) Head Assistant, Fisheries Department—Rs. 200.00.

(2) 1 U.D. Assistant, Commerce and Industries Department—Rs. 288.75.

(3) One Jamadar to Secretary, Commerce and Industries Department—Rs. 99.35.

(4) One orderly to Additional Director of Industries (Training)—Rs. 97.00.

(5) One orderly to Chief Electrical Engineer and Electrical Adviser—Rs. 94.86.

(6) One Junior Head Assistant, Education Department—Rs. 325.10.

(7) One orderly peon, Education Department—Rs. 99.35.

(8) One Junior Head Assistant, A. H. and Veterinary Services Department—Rs. 299.05.

(9) Steno. to Deputy Secretary, Development Department—Rs. 288.20.

(10) One orderly to Deputy Secretary, Development Department—Rs. 99.35.

(11) One U.D. Assistant, Chief Minister's Secretariat—Rs. 277.45.

(12) One U.D. Assistant, Tribal Welfare Department—Rs. 297.30.

(13) One U.D. Assistant, Health Department—Rs. 289.45.

(14) One P.A. to Secretary, Agriculture Department—Rs. 278.35.

(15) One P.A. under Development Department—Rs. 288.15.

(16) One P.A. to Education Secretary—Rs. 325.25.

(17) One P.A. to Chief Minister, West Bengal—Rs. 279.45.

(18) One P.A. to Labour Secretary—Rs. 299.05.

(19) and (20) Two orderlies under Chief Minister's Secretariat—Rs. 187.90.

(21) One orderly under Finance Department—Rs. 104.75.

(22) One orderly under Finance Department—Rs. 104.80.

(23) One orderly under Home (S.W.) Department—Rs. 99.35.

(24) One orderly under A. H. Veterinary Services Department—Rs. 96.65.

(25) One orderly under Health Department—Rs. 99.35.

(26) One orderly under Chief Minister's Secretariat—Rs. 107.45.

(27) One orderly under Panchayat Department—Rs. 97.10.

(28) One Jamadar under Labour Department—Rs. 96.65.

(29) One Jamadar under C. D. and E. S. Department—Rs. 99.35.

(30) One U. D. Assistant, Health Directorate—Not yet claimed.

Price of rice in Calcutta during January 1964

180. (Admitted question No. 285.)

শ্রীঅশ্বিনী রায় : খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ১০ই জানুয়ারি হইতে ২৬এ জানুয়ারি পর্যন্ত কলিকাতা ও শহরতলীতে নির্ধারিত দর অপেক্ষা অধিক দরে চাউল বিক্রয়ের জন্য কোন বিক্রেতা ধরা পড়িয়াছে কিনা;

(খ) ধরা পড়িয়া থাকিলে—

(১) ধৃত ব্যক্তিদের সংখ্যা কত; এবং

(২) তাহাদের কি শাস্তি দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) (১) ও (২) এ প্রশ্ন উঠে না।

Re-construction of Bhagirathi Bridge at Berhampore

181. (Admitted question No. 310.) **Dr. Susil Kumar Das Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the present position of repair and reconstruction of Bhagarathi Bridge at Berhampore which was damaged last year; and

(b) when the bridge will be completed?

The Minister for Public Works: (a) The work of breaking and removing the portion which fell down last year is still in progress.

(b) It is likely to be completed before the monsoon of 1965.

Road Development Plan in Midnapore

182. (Admitted question No. 383.)

শ্রীসুধীরচন্দ্র দাস : পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কাঁথি ক্যানেল পাড়ের মোড় হইতে কংগ্রেস কার্যালয় এবং সরকারী গুদাম পর্যন্ত রাস্তাটি পিচ করিবার পরিকল্পনা গৃহীত হইয়াছে কিনা;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে, ঐ রাস্তা পিচ করিবার জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) কবে ঐ কার্য আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) এই রাস্তা পিচ করিবার জন্য ২৫,১৮৩ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(গ) এই মাসের শেষে নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়।

Bidhanchandra Pathakendra, Murshidabad

183. (Admitted question No. 353.)

শ্রীসনৎকুমার রাহা : শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুরে ডাক্তার বিধানচন্দ্র পাঠকেন্দ্র পরিচালনার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কোন আর্থিক সাহায্য করেন কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে বার্ষিক কি পরিমাণ অর্থসাহায্য করা হয়;

(গ) এই পাঠকেন্দ্র পরিচালনা সমিতি কিভাবে গঠিত হইয়াছে এবং তাহার সদস্যগণের নাম কি; এবং

(ঘ) এই পাঠকেন্দ্রের উদ্দেশ্য কি?

The Minister for Education:

(ক) না। এই কেন্দ্রের যাবতীয় ব্যয়ভার কলিকাতার নিউ ওয়েস্ট বেঙ্গল ওয়েলফেয়ার বোর্ড, ৩নং রানী হর্ষমুখী রোড, কলিকাতা-২, বহন করেন।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) এই পাঠকেন্দ্র পরিচালনার জন্য নিউ ওয়েস্ট বেঙ্গল ওয়েলফেয়ার বোর্ড একটি স্থানীয় কমিটি গঠন করিয়া দিয়াছেন। উক্ত কমিটির বর্তমান সদস্যবৃন্দ :—

(১) শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, চেয়ারম্যান, নিউ ওয়েস্ট বেঙ্গল ওয়েলফেয়ার বোর্ড (পদাধিকার বলে)।

(২) মুর্শিদাবাদ জেলা সমাহর্তা (পদাধিকারবলে)।

(৩) শ্রীশম্ভুনাথ মল্লিক, সহকারী সম্পাদক, নিউ ওয়েস্ট বেঙ্গল ওয়েলফেয়ার বোর্ড (পদাধিকারবলে)।

(৪) শ্রীদুর্গাপদ সিংহ, জিয়াগঞ্জ।

(৫) শ্রীমদনমোহন সিংহ, কান্দী।

(৬) শ্রীকমল বন্দ্যোপাধ্যায়, বহরমপুর (স্থানীয় কমিটির সম্পাদক)।

(ঘ) দরিদ্র ও মধ্যবিত্ত সম্প্রদায়ের স্থানীয় কলেজের মেধাবী ছাত্রদের জন্য অনার্স বিষয়ের পুস্তক পাঠের সুযোগ প্রদান এবং মাত্র কলেজের ছাত্রছাত্রীদের জন্য পাঠাকেন্দ্রের সুযোগ প্রদান।

Allegation against the Headmaster of Jitpur Pal Institution, Murshidabad

184. (Admitted question No. 473.)

শ্রীসনৎকুমার রাহা : শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জিতপুর পাল ইনস্টিটিউশনের প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ করিয়া কোন আবেদন শিক্ষামন্ত্রীর নিকট সম্প্রতি আসিয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে কি কি অভিযোগ করা হইয়াছে; এবং

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Education:

(ক) প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) (১) প্রধান শিক্ষক শ্রীপরিমলকৃষ্ণ রায় একজন সাধারণ বি এ, বি টি। একটি একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসাবে কাজ করিবার যোগ্যতা তাঁহার নাই।

তিনি বিদ্যালয়টি সঠিকভাবে পরিচালনা করিতে অক্ষম। তাঁহার কার্যকালে বিদ্যালয়ের পাশের হার কমিয়া যাইতেছে।

বিদ্যালয়ের হিসাবপত্র ঠিকভাবে রাখা হয় না এবং প্রভিডেন্ট ফান্ডের টাকা ঠিক সময়ে ডাকঘরে জমা দেওয়া হয় না, ইত্যাদি।

(২) একজন উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রধান শিক্ষক নিয়োগ করিবার জন্য বিদ্যালয়ের পরিচালক সমিতিকে নির্দেশ দানের জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট সুপারিশ পাঠানো হইয়াছে।

Convictions under Defence of India Rules

185. (Admitted question No. 334.) **Shri Gour Chandra Kundu:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) how many persons have been convicted by Lower Courts under section 41(5) of the Defence of India Rules in the years of 1962 and 1963 and in the months of January and February 1964 and how many persons have been acquitted by Lower Courts during the said period;

(b) in how many of the said cases convictions have been set aside by the Sessions Court and the Hon'ble High Court;

(c) whether Government of West Bengal considers the desirability of withdrawing all the cases under section 41(5) of the Defence of India Rules excepting those cases instituted against the black-marketeers, etc.; and

(d) whether the Government of West Bengal is considering the proposal for a general release of all the Communist prisoners convicted under section 41(5) of the Defence of India Rules?

The Minister for Home (Political): (a) Convicted—

1962—Nil.

1963—77.

1964 (January and till 11th of February)—8.

Acquitted—

1962—Nil.

1963—109.

1964 (January and till 11th February)—21.

(b) Conviction against 14 persons were set aside by the Sessions Court.

(c) and (d) No.

Ship-building Programme in West Bengal

186. (Admitted question No. 363.)

শ্রীসনৎকুমার রাহা : বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জাহাজ নির্মাণের কারখানা স্থাপনের জন্য কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের আছে কিনা ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কোথায় উক্ত কারখানা কোথায় স্থাপন করা হইবে?

The Minister for Commerce and Industries:

(ক) জাহাজ নির্মাণের কারখানা স্থাপনের জন্য কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের প্রকল্পভুক্ত নাই।

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

Sports Council in West Bengal

187. (Admitted question No. 324.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ স্পোর্টস্ কাউন্সিল গঠিত হইবার পর হইতে আজ পর্যন্ত উক্ত কাউন্সিল পশ্চিমবঙ্গে স্পোর্টস্-এর জন্য কি কি উন্নতি করিয়াছেন বা উন্নতি করিবার সুপারিশ করিয়াছেন ;

(খ) উক্ত কাউন্সিল মারফত স্পোর্টস্-এর জন্য পশ্চিমবঙ্গে কোনও টাকা বিলি হইয়াছে কি; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কত টাকা এ পর্যন্ত বিলি হইয়াছে?

The Minister for Education:

(ক) পশ্চিমবঙ্গ স্পোর্টস্ কাউন্সিল মাত্র কিছুদিন পূর্বে গঠিত হইয়াছে। তাঁহারা নিজেদের কার্যের নিয়মাবলী প্রস্তুত করিয়া সরকারের অনুমোদনের জন্য পাঠাইয়াছেন এবং কয়েকটি সংস্থার জন্য অর্থ মঞ্জুরীর সুপারিশ করিয়াছেন।

(খ) না, কোন টাকা এখনও বিলি হয় নাই।

(গ) এই প্রশ্ন উঠে না।

Births and Deaths in West Bengal during the last five years

188. (Admitted question No. 314.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে গত পাঁচ বৎসরে কত লোক (১) মারা গিয়াছেন এবং (২) জন্মগ্রহণ করিয়াছেন?

The Minister for Health:

প্রাপ্ত পরিসংখ্যান অনুযায়ী—

বৎসর	জন্ম সংখ্যা	মৃত্যু সংখ্যা
১৯৫৯	৭৩১,১১৯	২৩৬,৯৯৩
১৯৬০	৬৫৩,১৪১	২৫৭,৫২৬
১৯৬১	৬৫৫,৩৩৮	২৩৩,১৮৫
১৯৬২	৬৭৩,৫৫৫	২৩৭,৭৫৯
১৯৬৩	(জেলাসমূহ হইতে পরিসংখ্যান এখনও পর্যন্ত পাওয়া যায় নাই)	

Acquisition of lands for Farakka Barrage Project

189. (Admitted question No. 487.)

শ্রীসনৎকুমার রাহা: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টের জন্য সরকারকে কত জমি দখল করিতে হইয়াছে;

(খ) উক্ত জমি দখল করিবার জন্য কত কৃষক ও জমির মালিককে উচ্ছেদ করিতে হইয়াছে; এবং

(গ) যাহাদের উচ্ছেদ করা হইয়াছে তাহাদের ক্ষতিপূরণ ও পুনর্বাসনের ব্যবস্থা হইয়াছে কি না?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৫-২-৬৪ তারিখ পর্যন্ত মোট ২,৪৩০·৮৯৫ একর জমির দখল লওয়া হইয়াছে।

(খ) মোট ২৯৬টি পরিবারকে (কৃষক ও জমির মালিক) উচ্ছেদ করিতে হইয়াছে।

(গ) উক্ত ২৯৬টি পরিবারকে ক্ষতিপূরণ ও গৃহনির্মাণ করিবার জন্য উপযুক্ত পরিমাণ জমি সরকারের শর্তসাপেক্ষে দেওয়া হইয়াছে।

Labour strike during 1963-64

190. (Admitted question No. 535.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) গত ১৯৬৩ সালে এবং (২) ১৯৬৪ সালের জানুয়ারি মাসে কয়টি প্রতিষ্ঠানে শ্রমিক ধর্মঘট হওয়ার সংবাদ সরকার অবগত আছেন; এবং

(খ) ঐ ধর্মঘটগুলিতে কত শ্রমিক যোগ দিয়াছিলেন?

The Minister for Labour:

(ক) (১) ১৯৬৩ সালে ১৩৯টি প্রতিষ্ঠানে এবং (২) ১৯৬৪ সালের জানুয়ারি মাসে ১৮টি প্রতিষ্ঠানে ধর্মঘটের সংবাদ পাওয়া গিয়াছে।

(খ) ১৯৬৩ সালে ৬০,১৩৪ জন শ্রমিক এবং ১৯৬৪ সালে জানুয়ারি মাসে ১১,০১৭ জন শ্রমিক ধর্মঘটে যোগ দিয়াছিলেন।

Expansion of Diamond Harbour Road

191. (Admitted question No. 552.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) about the progress, if any, made towards the widening of the Diamond Harbour Road within the South Suburban municipality; and

(b) whether the Government has any scheme for the rehabilitation of shop-keepers, small business men and the like, who will be affected by the proposed undertaking?

The Minister for Public Works: (a) Proceedings for acquisition of land for the purpose are in process.

(b) No.

Scheme for changes in the Administrative set-up in the Co-operation Department

192. (Admitted question No. 546.) **Shri Aswini Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) whether in view of the recommendations of the Vaikuntha Mehta Committee, the Government have any scheme for changes in the Administrative set-up in the Co-operation Department; and

(b) if so, details of such scheme and the possible date for its implementation of the said scheme?

The Minister for Co-operation: (a) The recommendations of the Vaikuntha Mehta Committee, received recently, are under examination.

(b) No scheme based on the above recommendations has yet been finalised. No date can, therefore, be given at this stage for its implementation.

Homes for children in West Bengal

193. (Admitted question No. 385.)

শ্রীসুধীরচন্দ্র দাশ: স্বরাষ্ট্র (সমাজকল্যাণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অনাথ বালক-বালিকাদের জন্য পশ্চিমবঙ্গে মোট কতগুলি হোম কোথায় কোথায় আছে;

(খ) ঐ হোমগুলিতে বর্তমানে কত অনাথ বালক-বালিকা আছে ; এবং

(গ) ঐ হোমগুলির জন্য ১৯৬২-৬৩ সালে মোট কত টাকা সরকার খরচ করিয়াছেন?

The Minister for Home (Social Welfare):

(ক) সমাজকল্যাণ বিভাগের অধীনে অনাথ বালক-বালিকাদের জন্য কোন হোম নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Bagmari bridge on Dhulian-Farakka Road

194. (Admitted question No. 343.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধুলিয়ান-ফরাক্কা রোডে বাগমারী ব্রীজ কবে নির্মিত হয় এবং উহার জন্য কত টাকা ব্যয় হয় ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত ব্রীজের অবস্থা অত্যন্ত খারাপ ; এবং

(গ) এই ব্রীজটি নির্মাণের জন্য কোন্ কন্ট্রাক্টরকে কি রেটে কন্ট্রাক্ট দেওয়া হয়?

The Minister for Public Works:

(ক) সেতুটি ১৯৬৩ সালের অক্টোবর মাসের প্রথম সপ্তাহে যানবাহন চলাচলের জন্য খুলিয়া দেওয়া হয় এবং উহা নির্মাণ করিতে ৬,৬৪,০০০ টাকা ব্যয় হয়।

(খ) না ; সেতুটির বর্তমান অবস্থা ভালই ;

(গ) সেতুটির প্রাক্-কলনের ৫ পারসেন্ট বেশী রেটে চন্দ্র ইঞ্জিনীয়ার্স (ইন্ডিয়া) লিমিটেডকে কন্ট্রাক্ট দেওয়া হয়।

Lift Irrigation Scheme near South Main Canal in Mayurakshi Project

195. (Admitted question No. 443.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী পরিকল্পনায় সাউথ মেন ক্যানেল হইতে সাহাপুর (দুবরাজপুর থানা)-র নিকট কোন লিফট ইরিগেশন করার স্কীম আছে কি ;

(খ) পরিকল্পনা থাকিলে কতদিনে উক্ত স্কীম কার্যে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায় এবং

(গ) উক্ত পরিকল্পনায় কোথায় কোথায় লিফট ইরিগেশন করার স্কীম আছে?

The Minister of State for Agriculture:

(ক) হ্যাঁ।

(খ) স্কীমটি বর্তমানে পরীক্ষাধীন আছে। সন্তোষজনক সম্ভাবনা থাকিলে ইহা কার্যে রূপায়িত করা হইবে।

(গ) বর্তমানে কেবল দুবরাজপুর থানার সাহাপুর গ্রামের নিকট একটি লিফট ইরিগেশন স্কীম করার কথা আছে।

Lands within Bharatpur Block Office

196. (Admitted question No. 184.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভরতপুর ব্লক অফিসের সীমানার মধ্যবর্তী দাগ নং ৬৯৫২, ৬৯৫৩, ৭৫৮৮, ৭৬২৮, ৭৫৮৫, ৭৫৮৭ জমি, জে এল নং ৬৫—এই জমি সরকারে ন্যস্ত আছে কি না ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে—

(১) ঐ জমিতে আবাদ হয় কি না ; এবং

(২) কে উক্ত জমি বন্দোবস্ত লইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ৭৫৮৮ নং দাগ ব্যতিরেকে অবশিষ্ট দাগগ্‌লি ভূমি গ্রহণ আইনের বিধান অন্‌যায়ী সরকার উন্নয়নবিভাগের জন্য দখল করিয়াছেন।

(খ) (১) উন্নয়নবিভাগের স্থানীয় কর্মচারীরা তাঁহাদের কোয়ার্টার সংলগ্ন জমিতে তরি-তরকারীর চাষ করিয়া থাকেন।

(২) প্রশ্ন উঠে না।

Protection of gher and bunds of rivers in West Bengal

197. (Admitted question No. 320.)

শ্রী[illegible]নারায়ণ রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপ্‌র্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিল অঞ্চলের ঘেরগ্‌লির এবং নদীর বাঁধের রক্ষণাবেক্ষণ এবং মেরামতের দায়িত্ব কোন্ কোন্ অফিস বা অফিসারের উপর আছে ;

(খ) গত পাঁচ বৎসরে ম্‌র্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় এর্‌প কত টাকার এবং কয়টি কাজ হইয়াছে ; এবং

(গ) উক্ত মহকুমার খড়গ্রাম থানার বালিয়া অঞ্চলের বড় মহারাজার ঘেরের স্ল্‌ইস গেট নির্মাণের ঠিকাদার নিয়োগ সম্বন্ধে সরকার কোন অভিযোগ পাইয়াছেন কি ?

The Minister for Land and Land Revenue:

(ক) চব্বিশ-পরগনা ব্যতীত পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার জমিদারী বাঁধগ্‌লির রক্ষণাবেক্ষণ ও মেরামতের দায়িত্ব রাজস্ব ও সেচ উভয় বিভাগের উপর ন্যস্ত। কারিগরি বিদ্যা প্রয়্‌ক্ত মেরামত-কার্যাদি সেচবিভাগের মাধ্যমে সমাধা হয় এবং অন্যান্য কার্যাদি রাজস্ববিভাগের মাধ্যমে সমাধা হয়। ২৪-পরগনা জেলার বাঁধগ্‌লি সম্প্‌র্ণত সেচবিভাগের রক্ষণাবেক্ষণাধীনে আছে। জমিদারী বাঁধ ছাড়া অন্য বাঁধের রক্ষণাবেক্ষণ ও মেরামতের দায়িত্ব সেচবিভাগের।

(খ) ১৪৭টি কাজ হইয়াছে এবং ৩৪,৮৬,৭৮৯ টাকা খরচ হইয়াছে।

(গ) না।

Arrear money of Pakistan and West Bengal

198. (Admitted question No. 288.)

শ্রীঅনঙ্গমোহন দাশ: অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপ্‌র্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৪৭ সালে দেশবিভাগের ফলে পশ্চিমবঙ্গের পাকিস্তানের নিকট কত টাকা পাওনা ছিল এবং পশ্চিমবঙ্গের নিকট পাকিস্তানেরই বা কত টাকা পাওয়া ছিল;

(খ) উক্ত টাকার মধ্যে পশ্চিমবঙ্গ এ যাবৎ কত টাকা পাইয়াছে বা পশ্চিমবঙ্গকে কত টাকা দিতে হইয়াছে ; এবং

(গ) পাকিস্তানের নিকট বাকি টাকা পাওয়ার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Finance:

(ক) পশ্চিমবঙ্গ ও প্‌র্ব-পাকিস্তানের দেনাপাওনার পরিমাণ সম্পর্কে এখনও কোন চ্‌ড়ান্ত সিম্ধান্ত হয় নাই। বিষয়টি পাক-ভারত দেনাপাওনা সামগ্রিক প্রশ্নের অন্তর্ভুক্ত হইয়া উভয় দেশের কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ও (গ) দেনাপাওনার বিষয়ে চ্‌ড়ান্ত সিম্ধান্ত না হওয়া পর্যন্ত পশ্চিমবঙ্গ ও প্‌র্ব-পাকিস্তানের মধ্যে টাকা আদানপ্রদানের ব্যবস্থা সম্ভবপর নহে।

Districtwise expenditure for the Home Guards

199. (Admitted question No. 214.)

শ্রীব[illegible]ণ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কোন্ জেলায় হোম গার্ডের জন্য কত খরচ হইয়াছে ; এবং

(খ) কি কি বাবতে উক্ত খরচ হয় ?

The Minister for Home (Police):

জেলার নাম ও খরচের পরিমাণ

টাকা

(ক) কলিকাতা—২,০৭,৮২২·২১
কোচবিহার—৬০,৮৫৫·০০
জলপাইগুড়ি—৪৭,৭৯৫·০০
দার্জিলিং—১,৫১,৫৭৬·০০
নদিয়া—১৩,২১০·৮০
পুরুলিয়া—২,৭৯৪·০০
২৪-পরগনা—৩৫,৫৯০·০০
পশ্চিম দিনাজপুর—৪,২৪১·৫০
বর্ধমান—১৫,৫২৩·১৯
বাঁকুড়া—৪,২৩৭·২২
বীরভূম—৬,০৪৭·৩৭
মালদহ—১০,১৩০·০০
মুর্শিদাবাদ—৮,৪২৪·৪৪
মেদিনীপুর—২৯,১৭৪·৬৩
হাওড়া—২৩,৭৭২·০০
হুগলি—১৯,৬৩৭·৩৯

মোট—৬,৪০,৮৩০·৭৫

(খ) বেতনভুক কর্মচারীদের বেতন ও ভাতা, পাথেয় এবং বাড়িভাড়া, হোমগার্ডদের ভাতা, পাথেয় ও পোশাক-পরিচ্ছদ এবং বিবিধ উপনিমিত্ত (কনটিনজেন্সিস) ব্যয়, যথা—ইলেকট্রিক ও টেলিফোন বিল, প্যারেড সংক্রান্ত ব্যয়, অফিসের বিবিধ ব্যয়, মোটরগাড়ি ক্রয় প্রভৃতি বাবত উক্ত খরচ হয়।

Bus routes in Midnapore district

200. (Admitted question No. 326.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি বাস-রুট আছে ;

(খ) ঐ বাস রুটগুলির রাস্তার পরিমাণ কত ;

(গ) উক্ত কোন্ রুট-এ কতগুলি বাস চালু আছে;

(ঘ) ঐ সমস্ত রুটের ভাড়ার হার একই কিনা; এবং

(ঙ) ঐ সকল রুটের বাসের শ্রেণীবিভাগের (যথা—১ম, ২য় ও ৩য় শ্রেণী) তুলিয়া দিবার কোন প্রস্তাব আছে কিনা ?

The Minister for Home (Transport):

(ক) ১৬টি।

(খ) ২,৯৩৯ মাইল।

(গ) মোট ৩০৭টি বাস আছে। উহার বিবরণ তালিকায় দ্রষ্টব্য।

(ঘ) হ্যাঁ, ভাড়ার হার একই রূপ। প্রতি কিলোমিটারে ভাড়া—

পিচ এবং কংক্রিট রাস্তায়—২¾ নয়া পয়সা।

ভাল মেরামতি রাস্তায়—৩¼ নয়া পয়সা।

খারাপ মেরামতি রাস্তায়—৪½ নয়া পয়সা।

কাঁচা মেরামতি রাস্তায়—৫¾ নয়া পয়সা।

(ঙ) বাসে এরূপ কোন শ্রেণীবিভাগ নাই।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 200

রুট ও বাসের সংখ্যা

১। কাঁথি-মেদিনীপুর ভায়া নারায়ণগড়—১০
২। কাঁথি-মেদিনীপুর ভায়া কেশিয়াড়ী—৪
৩। কাঁথি-খড়্গপুর—১০
৪। কাঁথি-বেলদা—১৯
৫। কাঁথি-কালীনগর—১১
৬। কাঁথি-দেউলিহাট—৫
৭। কাঁথি-দীঘা—৩
৮। কাঁথি-ভগবানপুর—৩
৯। বেলদা-ভগবানপুর—২
১০। ভগবানপুর-নরঘাট—১
১১। ভগবানপুর-কালীনগর ভায়া বাজকুল—১
১২। কাঁথি-রসুলপুর—৩
১৩। মঙ্গলামাড়ো-নরঘাট—১
১৪। কালীনগর-নরঘাট—৮
১৫। কাঁথি-কামারদা—১
১৬। এগরা-খড়্গপুর—১
১৭। কাঁথি-জলেশ্বর ভায়া সোলপাট্টা—১
১৮। কাঁথি-সোলপাট্টা—১
১৯। গোমুণ্ডা-দাঁতন ভায়া বেলদা—১
২০। মেদিনীপুর-দাঁতন ভায়া নারায়ণগড়—১
২১। মেদিনীপুর-সোনাকনিয়া ভায়া কেশিয়াড়ী দাঁতন—২
২২। মেদিনীপুর-লোয়াদা—২
২৩। মেদিনীপুর-মাড়োতলা—১
২৪। মেদিনীপুর-তমলুক—৫

রুট ও বাসের সংখ্যা

২৫। মেদিনীপুর-গড়বেতা—৫
২৬। মেদিনীপুর-গড়বেতা ভায়া কেশপুর, রসকুণ্ডু—১
২৭। মেদিনীপুর-আনন্দপুর—৩
২৮। মেদিনীপুর-লালগড়—৩
২৯। মেদিনীপুর-ঝাড়গ্রাম ভায়া খড়্গপুর—২
৩০। মেদিনীপুর-ঝাড়গ্রাম খেড়ুয়া—২
৩১। মেদিনীপুর-খড়্গপুর—১০
৩২। খড়্গপুর-বিষ্ণুপুর—৩
৩৩। মেদিনীপুর-চন্দ্রকোণা ভায়া কুঁয়াপুর, কেশপুর—২
৩৪। মেদিনীপুর-নাড়াজোল ভায়া কেশপুর—৩
৩৫। মেদিনীপুর-কেঁশিয়াড়ী—১
৩৬। মেদিনীপুর-বেলদা ভায়া কেঁশিয়াড়ী—১
৩৭। মেদিনীপুর-হিজলী—১
৩৮। মেদিনীপুর-ঘাটাল—১০
৩৯। মেদিনীপুর-সবং—৭
৪০। বালিচক-লোয়াদা—১
৪১। লোয়াদা-মোহাড়—১
৪২। দাঁতন-মঙ্গলামাড়ো—১
৪৩। মেদিনীপুর-হুমগড় ভায়া গড়বেতা—১
৪৪। মেদিনীপুর-হুমগড় ভায়া চন্দ্রকোণা রোড—১
৪৫। মেদিনীপুর-সারেঙ্গা ভায়া পিড়াকাটা—১
৪৬। গড়বেতা রেলস্টেশন-খড়কুশমা—১
৪৭। বালিচক-সবং—২
৪৮। চন্দ্রকোণা রোড-সিজুয়াঘাট—১
৪৯। গড়বেতা-সারেঙ্গা—৩
৫০। মেদিনীপুর-রামগড় ভায়া ভীমপুর—১
৫১। বালিচক-জলচক—২
৫২। তমলুক-নরঘাট—১০
৫৩। তমলুক-পাঁশকুড়া—২৬
৫৪। তমলুক-তেরপোখয়া—৯
৫৫। তমলুক-সুতাহাটা—১১
৫৬। পাঁশকুড়া-সুতাহাটা—২
৫৭। তমলুক-কোলাঘাট—২
৫৮। পাঁশকুড়া স্টেশন (কোলাঘাট)—১
৫৯। পাঁশকুড়া স্টেশন-নরঘাট—৪
৬০। তমলুক-শ্রীরামপুর—৪
৬১। তমলুক-পুরসাঘাট—১

রুট ও বাসের সংখ্যা

৬২। তেরপেখিয়া-নন্দীগ্রাম—২
৬৩। কুকড়াহাটি-বালুরঘাটা—২
৬৪। ঘাটাল-চন্দ্রকোণা রোড—৪
৬৫। ঘাটাল-রামজীবনপুর—২
৬৬। ঘাটাল-ইরফানা ভায়া উদয়গঞ্জ—১
৬৭। ঘাটাল-চন্দ্রকোণা টাউন—১
৬৮। ঘাটাল-গোপীগঞ্জ—১
৬৯। ঘাটাল-বিষ্ণুপুর ভায়া রসকুণ্ডু—২
৭০। ঘাটাল-খড়্গপুর—২
৭১। চন্দ্রকোণা রোড-ফুলবেড়িয়াঘাট—২
৭২। রামজীবনপুর-চন্দ্রকোণা রোড ভায়া ক্ষীরপাই—
৭৩। ঝাড়গ্রাম-রোহিণী—১
৭৪। ঝাড়গ্রাম-বেলপাহাড়ী—৫
৭৫। ঝাড়গ্রাম-চাকুলিয়া—১
৭৬। ঝাড়গ্রাম-দ্বারিশোলা ভায়া কেকো—২
৭৭। ঝাড়গ্রাম-কুলটিকরি—২
৭৮। ঝাড়গ্রাম-হারদা ভায়া বীণপুর—১
৭৯। ঝাড়গ্রাম-খড়্গপুর—২
৮০। কেকো-দ্বারিশোল ভায়া সর্ডিহা—১
৮১। ঝাড়গ্রাম-কুঠীঘাট—৩
৮২। ঝাড়গ্রাম-রোগড়া—২
৮৩। গিধনী-চিলকিগড় ভায়া শিলদা ও বেলপাহাড়ী—১
৮৪। গোপীবল্লভপুর-নয়াগ্রাম—১
৮৫। বেলদা-দীঘা—২
৮৬। খড়্গপুর-দীঘা—৩
৮৭। ঝাড়গ্রাম-বেলিয়াবেড়া ভায়া কেকো—১
৮৮। তেরপেখিয়া-কুকড়াহাটী—১
৮৯। ঘাটাল-সাবেঙ্গা—১
৯০। গোমুণ্ডা-মেদিনীপুর—১
৯১। ঘাটাল-পাঁশকুড়া—১০
৯২। মেদিনীপুর-ভসরাঘাট—২
৯৩। তমলুক-গেঁওখালি—১
৯৪। মেদিনীপুর-জলচক—২
৯৫। মেদিনীপুর-বাটাগ্রাম—১
৯৬। খড়্গপুর-বালেশ্বর—১

মোট—৩০৭

Sinking of wells in Haldibari, Cooch Behar

201. (Admitted question No. 404.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ উন্নয়নবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলার হলদিবাড়ী থানায় ১৯৬২ সালে যে কূপগুলি খননের প্রস্তাব উন্নয়ন সংস্থা কর্তৃক মঞ্জুরীকৃত হইয়াছিল, তাহা অদ্যাবধি নির্মিত হয় নাই ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে—

(১) এতদিনের মধ্যেও কূপ না হওয়ার কারণ কি, এবং

(২) আগামী কতদিনের মধ্যে উক্ত কূপগুলির নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Development:

(ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) প্রয়োজনীয় সিমেন্ট না পাওয়ার জন্য কূপগুলি খনন করা সম্ভব হয় নাই। ১৯৬২-৬৩ সালে কোচবিহার জেলা উন্নয়ন সংস্থার কোন বৈঠক ১১ই ফেব্রুয়ারি, ১৯৬৩ তারিখের পূর্বে অনুষ্ঠিত হইতে পারে নাই। সেজন্য যথেষ্ট সময় উক্ত বৎসরে না থাকায় উক্ত কূপ খনন প্রকল্পগুলি ১৯৬২-৬৩ সালে রূপায়িত হইতে পারে নাই।

(২) বর্তমান বৎসরে উক্ত কূপগুলি খনন করিবার জন্য অনুমোদিত হইয়াছে। কূপ খনন প্রকল্পগুলির উদ্যোক্তাদের নিকট হইতে মোট ব্যয়ের প্রয়োজনীয় অংশ যদি যথাসময়ে পাওয়া যায় এবং প্রয়োজনীয় সিমেন্ট পাওয়া গেলে উক্ত প্রকল্পগুলি চলতি বৎসরে রূপায়িত করা যাইবে বলিয়া আশা করা যায়।

Nominated members of R. T. A., Murshidabad

202. (Admitted question No. 411.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৪ সাল হইতে একই ব্যক্তি সরকার মনোনীত হইয়া মুর্শিদাবাদ জেলার আর টি এ-এর সভ্য হইয়া আছেন ;

(খ) সত্য হইলে (১) ঐ ব্যক্তির নাম কি, এবং (২) একই ব্যক্তিকে দীর্ঘকাল সভ্য করিয়া রাখার কারণ কি ?

The Minister for Home (Transport):

(ক) সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Rural Manpower Scheme in West Bengal

203. (Admitted question No. 413.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(a) the total amount of money allotted for the Rural Manpower Scheme during 1962-63; and

(b) what percentage of the total allotment has been spent?

The Minister for Development: (a) Rs. 7,260 lakhs.

(b) 42 per cent.

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Garbeta Rehabilitation Scheme

***149.** (Admitted question No. *780.)

শ্রীগোপাল ব্যানার্জি: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গড়বেতা পুনর্বাসন পরিকল্পনার উদ্বাস্তুদের কি কি সাহায্য পুনর্বাসনের জন্য দিবার ব্যবস্থা ছিল;

(খ) ঐ সকল সাহায্য দেওয়া হইয়াছে কি না; এবং

(গ) ঐ সকল উদ্বাস্তুদের মধ্যে কতজন পুনর্বাসন সাহায্য পাইয়া প্রতিষ্ঠিত হইতে পারিয়াছেন;

The Minister for Refugee, Relief and Rehabilitation:

(ক) পুনর্বাসন ক্ষেত্রে পেঁছাইবার পর নিম্নলিখিত সাহায্যের ব্যবস্থা ছিল:—

প্রথম তিনবছর

(১) বৎসরের চার মাস ভরণপোষণের জন্য পরিবার প্রতি ৫০ টাকা করিয়া আর্থিক সাহায্য।

(২) বৎসরের দুই মাস ক্ষেতে ধান, শীমল বা সাবুই চাষের কাজের জন্য "সর্বনিম্ন মজুরী আইন" অনুসারে দেয় মজুরী।

(৩) বৎসরের ছয়মাসের জন্য উৎপন্ন পণ্যের আনুপাতিক অংশ।

(৪) ভূমি উন্নয়ন, কর্ষণ প্রভৃতি যাবতীয় কর্মের ব্যয় বহন।

(৫) পানীয় জলের ব্যবস্থা।

চতুর্থ বছর

(১) পরিবার প্রতি ৫০০ টাকা করিয়া গৃহনির্মাণ ঋণ।

(২) দেড় মাস ভরণপোষণের জন্য পরিবার প্রতি ৫০ টাকা করিয়া আর্থিক সাহায্য।

(৩) ঢেঁকি তৈরী করিবার জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্য।

(খ) হ্যাঁ।

(গ) অন্যূন সাড়ে ছয় শতাধিক পরিবার।

Anchal Relief Committees at Mahalandi and Gokarna

***150.** (Admitted question No. *607.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালে মুর্শিদাবাদ জেলার মহলন্দী অঞ্চল ও গোকর্ণ অঞ্চল রিলিফ কমিটির কয়টি করিয়া মিটিং হয়;

(খ) উক্ত মিটিংএ স্থানীয় বিধানসভার সদস্যকে আমন্ত্রণ করা হয় কি না; এবং

(গ) অঞ্চল রিলিফ কমিটিগুলিতে স্থানীয় এম এল এ-গণের যোগদানের অধিকার সরকার কোন তারিখ হইতে দিয়াছেন?

The Minister for Relief:

(ক) মহলন্দী অঞ্চল রিলিফ কমিটি—১২টি মিটিং; গোকর্ণ অঞ্চল রিলিফ কমিটি—৬টি মিটিং।

(খ) মহলন্দী অঞ্চল রিলিফ কমিটির ৩টি অধিবেশনে স্থানীয় বিধানসভার সদস্যকে আমন্ত্রণ জানানো হইয়াছিল। কিন্তু গোকর্ণ অঞ্চল রিলিফ কমিটির অধিবেশনে অঞ্চল রিলিফ কমিটির অধ্যক্ষ অর্থাৎ অঞ্চল প্রধানের অনবধানতাবশতঃ স্থানীয় বিধানসভার সদস্যকে আমন্ত্রণ জানানো হয় নাই।

(গ) ২৯-১২-৬২ হইতে।

[2—2-10 p.m.]

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Home (Political) Department will please make a statement on the subject of inhuman oppression on the residents of Indian enclaves by Pakistanis. Attention was called by Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: With reference to the Calling Attention notice tabled by the Hon'ble members, Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha regarding inhuman oppression on the residence of Indian enclaves, Salbari, Kajaldighi, Nataktoka, Dahala Khagrabari by Pakistanis, I rise to make the following statement:

Reports of harassment of the Indian residents of these enclaves surrounded by Pak territory in Dinajpur district of East Pakistan by Pak nationals and police, have been received by this Government. It has been reported, that Hindus living in these Indian enclaves are subjected to continued persecution, their houses set on fire or being forcibly occupied. The persecution of the Hindus in these chits and consequent influx of the Hindus from these areas to the Indian mainland in the neighbouring districts of Jalpaiguri and Cooch Behar has already been taken up by this Government with the Government of Pakistan. At the State level, two protests have been lodged with the East Pakistan Government. Deputy Commissioner, Cooch Behar, has also taken it up with his counterpart, the Deputy Commissioner, Dinajpur. The Government of India have been kept fully informed of all the developments.

Reports so far received indicate that about 1,200 Hindus, mostly Santals, have already come over to the districts of Jalpaiguri and Cooch Behar.

A meeting was held between District Officers of Cooch Behar and Dinajpur on 21-2-64 and matters relating to torture and harassment of Indian nationals living in the Indian enclaves by Pakistan were discussed. It may be added in this connection that due to persistent refusal by the Government of East Pakistan to grant transit facilities to West Bengal officials to visit these enclaves, except regular passports and/visas, it has been difficult to maintain effective contact over these enclaves. As the Hon'ble members are aware, in terms of the Constitution (9th Amendment) Act, enclaves will be exchanged between India and Pakistan.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: আমাদের এখানে যে পাকিস্তান এনক্লেইভ আছে তাতে পাকিস্তান পুলিশ এলাউ করা হয় কেন? হলদিবাড়ি, মেখলিগঞ্জ এলাকায় যে পাকিস্তান এনক্লেইভগুলি আছে সেখানে পাকিস্তান পুলিশ রেগুলার এসে তারা ট্যাক্স কালেক্ট করে নেয়। এ বিষয়ে তাদের এ্যালাউ করা হয় কেন যখন আমাদের এনক্লেইভ-এ তারা আমাদের এ্যালাউ করে না?

Mr. Spaker: I have received four notices of calling attention on the following subjects:

(1) Recent attacks of hooligans on taxi drivers in Calcutta—from Shri Birendra Narayan Ray, Shri Lakshmi Ranjan Josse, Shri Hrishikesh Halder, Shri Monoranjan Baksi, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Halder and Shri Radhakrishna Singha.

(2) Exchange of fire between Pakistani Rifles and the Indian border forces at Piasbari, district Malda—from Shri Birendra Kumar Maitra and Shri Santi Gopal Sen.

(3) Non-availability of rice at Government fixed prices—from Shri Bejoy Pal.

(4) Recent assessment of rates on Asansol Municipality—from Shri Bejoy Pal.

I have selected the notice of Shri Birendra Narayan Ray, Shri Lakshmi Ranjan Josse, Shri Hrishikesh Halder, Shri Monoranjan Baksi, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar and Shri Radhakrishna Singha on the subject of recent attacks of hooligans on taxi drivers in Calcutta. Hon'ble Minister-in-charge may please make a statement on the subject, or give a date on which the statement will be made.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: A statement will be made on Tuesday next.

Strike in Howrah Municipality

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার স্যার, আমাদের এখানে এল এস জি মিনিস্টার-এর প্রতি ও হাউসের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ায় আজ বিগত ৬ দিন ধরে ধাঙ্গড় ও মেথর ধর্মঘট হচ্ছে। হাওড়ায় ৭ লক্ষ লোক বাস করে এবং সেখানে প্রায় ২৩ হাজার খাটা পায়খানা আছে। সেখানে তাঁরা চেষ্টা করছেন ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সকে দিয়ে—যারা চিরদিন ধর্মঘট ভেঙ্গে এসেছে, আজ তাদের দিয়ে রাস্তা পরিষ্কার করাচ্ছেন। কিন্তু এণ্টায়ার হাওড়া ইজ স্ট্রাইকিং, স্বাস্থ্য সম্পূর্ণরূপে নষ্ট হচ্ছে, আমি জিজ্ঞাসা করি কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা এবং এই যে ধর্মঘট হচ্ছে এ সম্বন্ধে মিমাংসা করবার কোন চেষ্টা করবেন কিনা?

Shri Anadi Das:

স্যার, আমি দু-একটা কথা বলতে চাই, ইতিমধ্যে এই স্ট্রাইককে ভাঙ্গবার জন্য কিরকম চেষ্টা চলেছে তার দু-একটা উদাহরণ দিচ্ছি, বেহারী বলে একজন সাব ওয়ার্ড নং ৬, নাম্বার ৫৩ তাঁকে খুঁজে পাওয়া যাচ্ছে না, এবং ইতিমধ্যে যা হবার সব হয়ে গেল, এই ভাবে হোলি গানিজিম করা হচ্ছে।

Mr. Speaker:

এই পয়েন্ট-এর উপর বলে কোন লাভ নেই, এগুলি কোশ্চেন-এ পুট করুন বা কলিং অ্যাটেনশনে দিতে পারেন

There are various other ways to put these particular questions to which the Hon'ble Minister will answer.

The Hon'ble S. M. Fazlur Rahaman:

আমি যা ইতিমধ্যে শুনলাম এবং খবরের কাগজে যা দেখেছি একটা গোলমাল সুরু হয়েছে, তারা স্ট্রাইক নোটিশ দেবার যদি চেষ্টা করে আমাদের যদি গোচরীভূত হয়, তাহলে সে বিষয়ে কিছু করণীয় থাকে, কিন্তু আগে যদি স্ট্রাইক শুরু হয়ে যায়, তাহলে লেবার ডিপার্টমেন্ট-এর আওতায় এসে যায়। তাই আমি তাঁদেরও বলছি এবং আমিও লেবার মিনিস্টার-এর গোচরে এনে কিছু করণীয় আছে কিনা দেখবো, তদন্ত করবো।

Non-availability of "Kishalaya"

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আজকে আমাদের ছেলেরা বই পড়তে পারছে না এবং কিশলয় এর ব্যাপারেও আরম্ভ হয়ে গেছে, কিশলয় পাওয়া যাচ্ছে না, আবার দেখুন "পিকক রিডার" তাও ছেলেরা পাচ্ছে না। মফঃস্বল স্কুলগুলি টাকা জমা দিয়েও পাচ্ছে না।

Mr. Speaker: Mr. Adhikary, you cannot raise a matter like this, you should have informed me beforehand.

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আপনি দেখুন তারা বই পাচ্ছে না এবং যে 'কিশলয়' পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকার থেকে বেরিয়ে আমাদের সামনে আসছে তা দেখে মনে হচ্ছে এ ঠিক উলটো বুঝলি রামের মত, ব্যাপারটা হচ্ছে প্রথমে বাঁ দিক থেকে সুরু হয়েছে, এবং উর্দুর মত ডান দিক থেকে পড়া সুরু হয়েছে। এই হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা অধিকর্তা। এরপরও যদি মাস্টার মহাশয়রা লাইন দিয়ে বই নিতে যাচ্ছেন—লাইন দেবার পর বললেন আর কিশলয় পাবেন না, ইতিহাস নিয়ে যান। স্যার, আমাদের ছেলেমেয়েদের পড়তে অসুবিধা হচ্ছে সে সম্বন্ধে সরকারী নীতি কি এবং আমাদের ছেলেমেয়েরা পড়তে পারবে কিনা, সেটা জানবার অধিকার আছে এবং পশ্চিমবঙ্গ শিক্ষা অধিকর্তা এ ধরনের বই ছাপাচ্ছেন কেন?

[2-10—2-20 p.m.]

General discussion on the budget for 1964-65

Shri Niranjan Sen Gupta:

মাননীয় স্পীকার মহোদয়, এই বাজেট-এর সাধারণ আলোচনায় আমাদের তরফ থেকে বিভিন্ন বক্তৃতা বাজেটের বিভিন্ন দিক দেখিয়ে অনেক আলোচনা করেছেন, আমি শুধু একটি বক্তব্য আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই। আমি বাস্তুহারাদের সমস্যা সম্পর্কেই বলবো। আপনারা জানেন গত কয়েক বৎসর ধরে সরকার এবং সরকারী দল আমাদের গালাগালি দিয়েছেন এই বলে যে আমরা নাকি বাস্তুহারা সমস্যাটাকে রাজনৈতিক আবর্তে এনে ফেলেছি, বিভিন্ন সময় আমাদের দিকে তাকিয়ে ও'রা এই ইঙ্গিত করেছেন। কিন্তু আজকে আমি এই কথাই রাখবো সাম্প্রতিককালে আমরা দেখেছি যে অতুল্যবাবু বিভিন্ন সময়ে তিনি বিভিন্ন বক্তৃতায় বাস্তুহারাদের সম্বন্ধে যেসমস্ত কথা তুলেছেন তার মধ্যে কি রাজনীতির কোন জিনিস নাই বা এটা কি ভোটের জন্য বা অন্য কিছুর জন্য করা হয়েছে এটাই আমি জানতে চাই। এই সম্পর্কে আমি আর একটা কথা রাখতে চাই যে সম্প্রতি পশ্চিমবঙ্গ কংগ্রেস কমিটির প্রস্তাবে এই কথা বলা হয়েছে যে ৩২ লক্ষ বাস্তুহারাদের পুনর্বাসনের সমস্যার সমাধান হয় নি, এটা মাত্র দুইদিন আগে খবরের কাগজে প্রকাশিত হয়েছে। সুতরাং অতুল্যবাবুর বিবৃতিতে এবং কংগ্রেস কমিটির স্বীকৃতিতে এই কথাই কি বোঝা যাচ্ছে না যে বাস্তুহারাদের সমস্যার এখনও সমাধান হয় নি? আজ বাংলাদেশের মানুষ বাস্তুহারা সমস্যার কিভাবে সমাধান হবে এবং সুষ্ঠুভাবে হবে কিনা সেদিকেই চেয়ে আছে। এতদিন ধরে আমরা এই হাউসে এবং বাইরে বাস্তুহারা পুনর্বাসন সম্পর্কে যে সমস্ত কথা বলে এসেছি সেগুলো আজকে সত্য বলে প্রমাণ হচ্ছে এবং কংগ্রেস এবং সরকারী দলের তরফ থেকে এতদিন এই জিনিস চেপে দিয়ে বলেছেন যে এই সমস্যার অনেকটা সমাধান হয়ে গিয়েছে। আজকে সেটা অসত্য বলে প্রমাণিত হল। আপনারা জানেন দুই বৎসর আগে কেন্দ্রীয় সরকার একটা কথা বলেছিলেন

The problems of the refugees have been solved and the residuary problems remain.

আজকে কংগ্রেসের প্রস্তাব এবং অতুল্যবাবুর এই যে বক্তৃতা এই দুটি মিলিয়ে কি এটাই প্রমাণিত হয় যে

The problems of the refugees have been solved and the residuary problems remain.

আপনারা জানেন এই হাউসেই দুই বৎসর আগে আমরা এর প্রতিবাদ করেছিলাম এবং কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তর কেন তুলে দেওয়া হচ্ছে সে সম্বন্ধেও আমরা আমাদের প্রতিবাদ জানিয়েছিলাম এবং দুঃখের বিষয় এই কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তর তুলে দেবার ব্যাপারে আমাদের পশ্চিমবঙ্গ সরকারেরও সম্মতি নেওয়া হয়েছিল। সুতরাং আজকে যখন বাস্তুহারা সমস্যা সমানভাবেই আমাদের সামনে রয়েছে তখন রেসিডিউয়ারি প্রবলেমের কথা বলে তাকে এইভাবে এড়িয়ে গেলে চলবে না, এটা মস্ত বড় কথা। আমাদের যে ইকনমিক রিভিউ বইটা দেওয়া হয়েছে সেই বইতে এই কথা আছে যে বাংলাদেশে আজকে এক দশমাংশ লোক বাস্তুহারা। আমি অবশ্য বলবো এই সংখ্যা ঠিক নয়, কারণ অনেক বেশী লোক আজকে বাস্তুহারা। শুধু সমস্যাকে চাপা দেবার জন্যই এই কথা বলা হয়েছে। সরকার বলছেন ৩২ লক্ষ, আমাদের হিসাব ৫০ লক্ষ বাস্তুহারা এই পশ্চিমবঙ্গে এসেছে। সুতরাং এই যে তথ্য পরিবেশন করেছেন ও'রা ইকনমিক রিভিউতে সেটা ঠিক নয়। আমি আরো দু-একটি কথা আপনাদের সামনে রাখছি ১৯৫৬ সালে যে সার্ভে করা হয়েছিল এবং তার ফলাফল ইকনমিক রিভিউতে লেখা হয়েছিল সেটা হচ্ছে এই

Staggering fact that their per capita income did not exceed 50 per cent. of the national per capita income of Rs. 24 per month.

অর্থাৎ ৫০ পার্সেণ্ট অফ রুপিস ২৪ পার মান্থ তাদের ইনকাম এটা স্বীকৃত হয়েছে। সুতরাং বাস্তুহারা সমস্যা সমাধান হয়েছে বলে যে ও'রা ভাবছেন এবং তার সমর্থনে বার বার যে জিনিস আমাদের এখানে সরকারের তরফ থেকে উপস্থাপিত করা হয়েছে সেটা খুবই অন্যায় এবং অসত্য। এত বড় সমস্যা, লক্ষ লক্ষ মানুষ আজকে এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে আজকে আমার মনে হয় যে এটা আমাদের সরকারের প্রথম ও প্রধান জাতীয় কর্তব্য এই বাস্তুহারা সমস্যার সমাধান করা। সেই রিপোর্টে আরো বেরিয়েছে যে

30 per cent. of the hospital beds in the State were occupied by the displaced persons who formed only 10 per cent. of the total population.

এবং ইকনমিক রিভিউতে একথা বলা হয়েছে যে

This is an index of the over-crowding, insanitary housing and malnutrition.

সুতরাং সরকারী রিপোর্টেই এই সমস্ত তথ্য স্বীকৃত হচ্ছে যে বাস্তুহারাদের ম্যাল নিউট্রিশন, ওভার ক্রাউডিং এবং ইনস্যানিটির কণ্ডিশনের মধ্যে থাকতে হচ্ছে—ইকনমিক রিভিউতে সেই কথাই তুলে ধরা হয়েছে। সুতরাং আজকে আমাদের জোর করে একথা বলা দরকার যে বাস্তুহারাদের সমস্যা এড়িয়ে গিয়ে সারা দেশের উন্নতির চেষ্টা করা পণ্ডশ্রমই হবে মাত্র কারণ, এই সমস্ত লক্ষ লক্ষ লোককে এড়িয়ে গিয়ে বাংলাদেশের কোনরকম উন্নতি হতে পারে না। এখন এই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে আমি কয়েকটি ব্যাপারে বিশেষ করে বলবো, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন দুই বৎসর আগে এখানে ঘোষণা করা হয়েছে যে বাংলাদেশে কোন ক্যাম্প নেই এবং ক্যাম্প তুলে দেওয়া হয়েছে। কিন্তু আমি বলছি বাস্তবিকই সেটা কি সত্যি, আমি বলছি বাংলাদেশে এখনও ১০ হাজার পরিবার ক্যাম্পে আছে, এদের উপর যতই নির্যাতন করা হোক না কেন, এটা বাস্তব সত্য যে আজও ১০ হাজার রেফিউজি পরিবার ক্যাম্পে আছে।

[2-20—2-30 p.m.]

এ'দের সম্পর্কে সরকারের যে অভিমত সেটা অত্যন্ত আশ্চর্যজনক। এ'রা চেয়েছিল আমাদের ক্যাটিগরি পরিবর্তন করে রাখার ব্যবস্থা করা হোক, আমরা ক্যাটিগরি পরিবর্তিত হয়ে থাকতে চাই, বাংলাদেশের মাটিতে থাকতে চাই। আজকে মাননীয় পি সি সেন জোর করে একথা বলছেন যে, আমরা যাদের জন্য ঠিক করছি তাদের বাদ দিয়ে আর কাউকে বাংলাদেশে রাখব না।

কিন্তু বাংলাদেশের জনমত তা নয়। বাংলাদেশের জনমত হচ্ছে বাংলাদেশের ক্যাম্প-এ যারা নির্যাতিত হয়ে আছে তাদের বাংলাদেশের ভেতর রাখা হোক, ক্যাটিগরি চেঞ্জ করে বাংলাদেশের অভ্যন্তরে রাখা হোক। আমরা ইউ সি আর সি এবং অন্যান্য বাস্তুহারা সংগঠনের তরফ থেকে একথা বলেছি এবং আজকে আবার বলছি তাদের দাবী সরকার যদি না মানেন তাহলে ভবিষ্যতে নিশ্চয়ই এর জন্য সরকারকে পস্তাতে হবে। ক্যাম্পের কথার পর আমি হেড়োভাঙ্গার কথা বলতে চাই। হেড়োভাঙ্গা স্কীমের ফল কি হয়েছে তা সকলেই জানেন। সরকার লক্ষ লক্ষ টাকা নষ্ট করেছেন এই হেড়োভাঙ্গা স্কীম-এ। (শ্রীনেপালচন্দ্র রায়ঃ—চুরী করে মাঠ করেছে) এই দেখুন, কংগ্রেসের তরফ থেকেও বলা হচ্ছে যে, চুরী করেছে। যাহোক, সেখানে আড়াই হাজার পরিবারকে নিয়ে যাবার কথা ছিল, কিন্তু সেই পরিকল্পনা কখনও তুলে ধরা হয় নি। আজকে জায়গার অভাব বলছেন, কিন্তু হেড়োভাঙ্গায় জায়গা পড়ে আছে। তাহলে বাস্তুহারাদের সেখানে কেন পুনর্বাসন দেওয়া হয় নি? আমি ১৯৬২ সালের উৎপল কমিটির রিপোর্টের কথা বলছি। সেই কমিটির রিপোর্টে বলা হয়েছে যে, বাংলাদেশের বিভিন্ন স্থানে জায়গা আছে। কাজেই সরকার যদি এখন বলেন একজন বাস্তুহারাকেও বাংলাদেশে রাখব না তাহলে আমি বলব সরকারের এই গায়ের জোর বাংলাদেশে চলবে না এবং বাংলাদেশের মানুষ আপনাদের ক্ষমা করবে না। তারপর, দুর্গাপুরের নিকটবর্তী গোপালপুর ক্যাম্প ছিল সরকার সেটা তুলে দিয়েছেন। একটু আগে বলছিলাম ইকনমিক রিহ্যাবিলিটেসন সরকার করেন নি। স্যার, দুর্গাপুর একটা বিরাট শিল্পাঞ্চল এবং বাংলাদেশের ভারী শিল্পের একটা শ্রেষ্ঠ স্থান। তার পাশে যে ক্যাম্প ছিল সেটা তুলে দেওয়া হয়েছে এবং অজুহাত দেখাচ্ছেন যে সেটা মিলিটারীর জায়গা। আজকে এত বছরের মধ্যে সেখানে কোন মিলিটারীর পাত্তা মেলে নি, অথচ বলা হচ্ছে সেটা মিলিটারীর জায়গা এবং ক্যাম্প তুলে দেওয়া হয়েছে। আমরা বলেছিলাম দুর্গাপুরে রেখে ইকনমিক রিহ্যাবিলিটেসন করা যায় কিনা তার প্রতি দৃষ্টি দিন। কিন্তু সেটা হয় নি। এঁরা বাস্তুহারাদের নিয়ে ছিনিমিনি খেলছেন এবং তার ফলে প্রত্যেকটি বাস্তুহারা এঁদের হাতে নিগৃহীত হচ্ছে। তারপর, বাংলাদেশে যেসমস্ত সরকারী এবং বেসরকারী কলোনী আছে সেখানে সমস্ত বাস্তুহারারা যে পপারাইজড হয়ে গেছে সেকথা কি সরকার অস্বীকার করতে পারেন? সরকারী রিপোর্টেই একথা আছে। সেখানে শতকরা ৮০ ভাগ লোক আজকে হা-অন্ন, হা-অন্ন বলে চীৎকার করছে তাদের কোনরকম ইকনমিক রিহ্যাবিলিটেসন হয় নি। স্যার, এক একটি বাস্তুহারা পরিবারকে এক খণ্ড জমি দেওয়া হয়েছে এবং সেখানে বাড়িঘর করবার জন্য লোন দেওয়া হয়েছে কিন্তু লোন-এর টাকা আদায় করতে গিয়ে তাদের যে কত পরিশ্রম করতে হয়, কত টাকা খরচ করতে হয় সেটা বাংলাদেশের লোকের কাছে আজ স্পষ্ট হয়ে উঠেছে। সেই এক খণ্ড জমি দিয়ে তাকে বলা হচ্ছে, তোমাকে রিহ্যাবিলিটেট করা হোল। অবশ্য পরবর্তীকালে সরকারের তরফ থেকে বলা হয়েছে যে, সমস্ত রিহ্যাবিলিটেসন হয় নি'

আমি বলছি সরকারী এবং বেসরকারী ক্যাম্প-এর যে অবস্থা তা আপনি জানেন, আজকে এই সমস্যাকে এতদিন ধরে জীইয়ে রেখে হাত সাফাই করে এখন বলছেন যে কেন্দ্রীয় সরকার সব করবে। আমি জানি না যাদের হাত দিয়ে করা হয়েছিল আজকে তাদের কেন পুনর্বাসন করেন নি। এখানে মাননীয় পুনর্বাসন মন্ত্রী নেই, আমি তাঁকে বলেছিলাম উপস্থিত থাকতে, এটার আমি জবাব চাই। বারে বারে আমি স্কোয়ার্টার্স কলোনীর কথা বলি, আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি সেখানে স্কোয়ার্টার্স কলোনীতে ভর্তি। আপনি জানেন এই স্কোয়ার্টার্স কলোনীগুলি উদ্বাস্তুদের পরিশ্রমে মেহনতে তৈরী হয়েছে। এত বছর হয়ে গেল এখনও তা রেগুলারাইজ হলো না, এই কলোনীগুলি রেগুলারাইজ করা হোক। আমি ১৯৫২ সালে যে প্রশ্ন করেছিলাম সেটা আবার ১৯৬৪ সালে জিজ্ঞাসা করছি। সেটা হল এই জবরদখল কলোনীগুলির কতজন পরিবারকে জমির মালিকানা দেওয়া হয়েছে? যে প্রশ্ন আমি ১২ বছর আগে করেছিলাম আজকে আবার সে প্রশ্ন করছি। আমি যতদূর জানি, আমাদের যে হিসাব তাতে একটি পরিবারকেও এখনও জমির মালিকানা দেওয়া হয় নি, সমস্ত ঘটনা তারা এড়িয়ে গেছেন। এদের কোন পরিকল্পনা নেই কোন হৃদয় নেই। হৃদয়হীন মানুষের মত এঁরা ব্যবহার করছেন। সমস্ত জিনিষটা দেখুন। আমাদের মাননীয় ফিনান্স মিনিস্টার বলেছিলেন এটা একটা ইকনমিকেলী ডেভেলপড্ বাজেট কিন্তু হচ্ছে কি? লক্ষ লক্ষ লোক আজকে ক্ষুধার তাড়নায় ভবঘুরে সেজে বাংলাদেশের পথে ঘাটে ঘুরে বেড়াচ্ছে, এই যারা

বাস্তুহারা তাদের সমস্যার সমাধান করতে পাচ্ছেন না, কোন বলিষ্ঠ পন্থা দিতে পাচ্ছেন না কেন না কোন পরিকল্পনা নেই এটাই আজকে আমাদের বুঝতে হবে। স্কোয়ার্টার্স কলোনী সম্বন্ধে একটা কথা বলা দরকার সেটা বহুবার এই হাউসে বলেছি। সেটা হচ্ছে আজকে ১৬/১৭ বছর ধরে এদের জবরদখল করা জমিগুলির কোন বিধিব্যবস্থা করেন নি। এই যে ১২ বছর ধরে না করার দায়িত্ব এটা সরকারের। এক দিকে লক্ষ লক্ষ টাকা কমপেনসেসন মানি কনসিডারেশন মানি তাদের ঘাড়ে ঝুলছে, সরকারের তরফ থেকে কোন উচ্চ-বাচ্য নেই। পূর্ববঙ্গ থেকে নিঃস্ব হয়ে যারা এসেছে সেই লক্ষ লক্ষ লোক বলছে এই যে লক্ষ লক্ষ টাকার ঋণ এর জন্য আমরা দায়ী নই। সরকার আমাদের পুনর্বাসন দেন নি। ১৯৫৪ সালে বাড়ী দেবেন বলেছিলেন, আজকে ১৯৬৪ সাল, আজকেও সেই বাড়ী দেন নি। অথচ কমপিটেন্ট অথরিটির রায়ে লক্ষ লক্ষ টাকা এদের ঘাড়ে চাপান হচ্ছে এবং উৎখাতের খড়্গ এদের উপর ঝুলছে. এরা শুধু ৯ বছর ধরে বস্তীতে আছে, এই অবস্থায় তাদের ঘাড়ে কনসিডারেশন মানি কমপেনসেসন মানি ঝুলছে—তারা শীঘ্রই অ্যাভিকটেড হয়ে যাবে, সরকারের তরফ থেকে কোন ব্যবস্থা করা হল না। ভাগরেন্ট ক্যাম্পে দু হাজার পরিবার আছে তাদের অতি মর্মান্তিক অবস্থা. তাদের পুনর্বাসনের কোন পরিকল্পনা এই সরকারের নেই. বাজেটে যা দেখান হয়েছে সেদিকে কোন কিছু খুঁজে পেলাম না। বাস্তুহারা সমস্যা কিভাবে সমাধান হবে? তারপর আর এক ধরণের বাস্তুহারা আছে আপনারা সকলেই জানেন পূর্ববঙ্গ থেকে তারা এসে রাস্তার আশপাশে দোকান পাট করে কোন রকমে দিন গুজরান করছে। আমাদের এই অ্যাসেমব্লীতে একটা বিল পাশ করা হয়েছে যে তাদের তুলে দিতে হবে। অথচ তাদের কিভাবে উন্নতির ব্যবস্থা হবে ইকনমিক রিহ্যাবিলিটেশন-এর কি ভিত্তি হবে তার কোন ব্যবস্থা সরকারের বাজেটে নেই। পাটনাতে শ্রীযুত অতুল্যবাবু বলেছিলেন

It is our sacred duty and obligation to look after them.

স্টেটসম্যান কাগজে অতুল্যবাবুর বক্তৃতা দেখেছিলাম, তিনি বলেছেন

It is our sacred duty and obligation to look after them.

[2-30—2-40 p.m.]

বিভিন্ন বাস্তুহারাদের সম্বন্ধে যা বললাম এটা কি তার বাস্তব চিত্র? এটা কি সেক্রেড ডিউটি বলে নেওয়া হচ্ছে? এটা কি তাদের দিকে তাকানোর দৃষ্টি? আজকে এই সরকার এত বৎসর ধরে রাজত্ব চালাচ্ছেন—কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার নিজেরাই খাওয়া-খাই করছেন, নিজেরা এ ওর ঘাড়ে দোষ চাপাচ্ছেন, ও এর ঘাড়ে দোষ চাপাচ্ছেন এবং তার দ্বারা নিজেরা আলগা হতে চাচ্ছেন। কিন্তু দেশের মানুষ কি তা দেখে ভুলবেন? আমার মনে হয় দেশের মানুষ তা ভুলবে না। কারণ তারা এতদিন অনেক অপেক্ষা করেছেন। বহুবার এই বিধানসভায় বাস্তুহারা সমস্যা নিয়ে আলোচনা হয়েছে, কিন্তু কোনদিন তাঁরা কর্ণপাত করেন নি। অনেক সাজেসান দেওয়া হয়েছে, কিন্তু নিজেদের খেয়ালে তাঁরা চলছেন এবং খেয়ালে চলে যখন তরী ডুবতে যাচ্ছে তখন এ ওর ঘাড়ে দোষ চাপাচ্ছেন। আজকে তাই আপনার মাধ্যমে এই সমস্যাগুলো হাউস-এর কাছে রাখছি এবং সদস্যরা দয়া করে চিন্তা করে দেখবেন যে বাস্তুহারা সমস্যা কিভাবে এ'রা সমাধান করছেন। এই সমস্যার সমাধান না হলে পশ্চিমবাংলার ইকনমি, পশ্চিমবাংলার মানুষ কোন রকমে বাঁচতে পারে না। আমরা এতদিন দেখেছি এই সরকার পশ্চিমবাংলার লোককে খেপিয়ে তুলেছেন বাস্তুহারাদের বিরুদ্ধে। তাঁরা বলেছেন এরা আসলে তোমরা জমি পাবে না ইত্যাদি। কিন্তু আপনার মনে আছে যখন দেশ বিভাগ হয়েছিল তখন কংগ্রেস তরফ থেকে বলা হয়েছিল তোমরা ওপার থেকে এপারে এলে তোমাদের আমরা বুকে তুলে নেব। কিন্তু আজ সেই বুকে নেবার নমুনা হচ্ছে যে আজকে তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে—গৃহহীন, অন্নহীন ভিখারীর দল। আজ কংগ্রেস সরকারকে এর জবাবদিহি করতে হবে—যদি না করেন তাহলে ইতিহাসে একথা লিখিত থাকবে যে বাস্তুহারারা এই সরকার কর্তৃক নিগৃহীত হয়েছে। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলব বাজেট এস্টিমেসান-এ মোট ৪ কোটি ৮৮ লক্ষ ৯৮ হাজার টাকা ধার দিয়েছে বিভিন্ন খাতে বাস্তুহারাদের

জন্য। এর মধ্যে থেকে একটি খাত আমি মেনসান করছি—সব খাত মেনসান করার মত সময় আমার নেই। লোনস্ অ্যান্ড অ্যাডভান্স খাতে ৫৭ লক্ষ ৭ হাজার টাকা রেখেছেন। লোনস অ্যান্ড অ্যাডভান্স-এর আমি আপনার কাছে যা হিসাব রাখলাম যে ৯ হাজার বাস্তুচ্যুত রিফিউজি আছে সেই সংখ্যক অন্য ধরনের রিফিউজিও আছে। এইভাবে বিভিন্ন ধরণের রিফিউজি লোনস অ্যান্ড অ্যাডভান্স-এর ৫৭ লক্ষ টাকা কিভাবে কত টাকা একটা পরিবারের ল্যান্ড পারচেজ, হাউস বিল্ডিং ইত্যাদিতে লাগে তার জন্য কি আপনাদের এস্টিমেশন? এই এস্টিমেটস দিয়ে বহু হাজার রিফিউজি রিহ্যাবিলিটেশন যদি করতে চান তাহলে ঐ রকম সরকারী কলোনীর মত হবে। অর্থাৎ আপনারা এক খণ্ড জমি হয়ত দিতে পারেন এবং তারপর বলবেন এই জমি নিয়েই চলে যাও। কিন্তু তাদের জন্য জীবিকার কোন ব্যবস্থা করবেন না, শিল্প গড়বেন না। আপনারা বরাবরই এমনভাবে জিনিষটার সমাধান করতে চাইছেন যার গোড়ায় কাঁচা এবং গোড়ায় মাটি না দিয়ে গাছ উপড়ে পড়ে গেছে। এই অবস্থা বাস্তুহারা জীবনে এসে পড়েছে।

এই সম্বন্ধে আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে মুসলমান বাস্তুহারাদের কথা। আমি সে কথা বলতে গিয়ে আমি সে সব মুসলমান ভায়েদের কথা বলবো যারা বাস্তুচ্যুত হয়ে গেছে। এর আগেও এই কথা বিধানসভায় বলা হয়েছে, যেসব মুসলমান ভায়েদের বাস্তু নেওয়া হয়েছে তার দাম পর্যন্ত দেওয়া হয় নি গত ১০।১৫ বৎসর ধরে এভাবে আছে। এবং নূতন যারা দাঙ্গা-হাঙ্গামায় গৃহচ্যুত হয়েছে তারা পুনর্বাসনের জন্য ঘুরে বেড়াচ্ছে, তাদের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা করা হয় নি। আজকে অনেক কথাই বলা হয়েছে এবং আমাদের মন্ত্রী মহাশয়ও বললেন। আমি একটা ঘটনা জানি, আমার কাছে ২ দিন আগে একদল মুসলমান এসেছিলেন, তাঁরা বললেন যে, একটা বাড়ীতে ৫০ জন আছে। এবং তারা বললো তাদের সব বাড়ী পুড়ে গেছে। সে সমস্ত লোক আর তাদের বস্তিতে বাস করতে পারে না। তাদের পুনর্বাসনের জন্য আপনারা ৪০০ টাকা দেবেন না, ২০০ টাকা দেবেন সে সব খোঁজ আপনারা নিচ্ছেন, কিন্তু কবে যে দেবেন তার ঠিক নেই। আজকে সে বাস্তুচ্যুত মুসলমানরা এদিক ওদিক ঘুরে বেড়াচ্ছে। শুধু এই দাঙ্গা হাঙ্গামায় নয় ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত যে সমস্ত মুসলমানরা ঘুরে বেড়াচ্ছেন তাদের সম্পর্কে কোন ব্যবস্থা করেন নি। আজকে এই কথা স্পষ্ট করে বলছি, প্রত্যেকের এটা বোঝা উচিত। এবং এই সম্পর্কে শেষ কথা যেটা বলব সেটা হচ্ছে দণ্ডকারণ্যের কথা। দণ্ডকারণ্যে সবাইকে দেবেন এটা খুব ভাল কথা, কিন্তু আপনারা যদি কাগজ পড়েন তাহলে দেখবেন কিছুদিন আগে স্টেটসম্যান-এ ছিল দণ্ডকারণ্য ইজ অ্যাট ক্রস রোডস। সেখানে ১৯৪৯ সাল থেকে তারা ৬ হাজার ৩০০ এগ্রিকালচারাল ফ্যামিলিকে মাত্র জায়গা দিয়েছেন অথচ পরিকল্পনা ছিল ৩৫ হাজার ফ্যামিলিকে সেখানে নেবেন। কিন্তু তা তাঁরা নিতে পারেন নি। দ্বিতীয়তঃ কর্তৃপক্ষের ভিতরে ঝগড়া ঝাঁটি চলেছে ইণ্ডাস্ট্রি-র যেসব জিনিষ হতে পারে তার কোন চেষ্টা নেই। ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হচ্ছে না, ওরা সেখানে এগ্রিকালচারাল ফ্যামিলি রাখার ব্যবস্থা করবেন। গতকালের যুগান্তরে দেখলাম মানা ক্যাম্পে কি অবস্থা চলেছে। মানা ক্যাম্পে যাদের নিয়ে যাওয়া হচ্ছে তাদের যে রাখা হচ্ছে তার কোন ভাল ব্যবস্থা নেই। এবং প্রয়োজনের তুলনায় কিছু নেই বললেই চলে, সুতরাং আজকে এখানে নিউ মাইগ্রেন্টস যেখানে দিচ্ছেন, তাদের সেখানে গিয়ে কি হবে তার খোঁজ-খবর নেন না। আমি বলব আপনাদের সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গী থাকা উচিত, এবং তাই আমার সাজেসান হচ্ছে যে আপনারা নূতন করে সার্ভে করার জন্য একটা কমিটি করুন, তাতে অপজিশন পার্টি-র লোক রাখুন। আমরা বলছি আমরা সহযোগিতা করবো, সেই কমিটিতে ইউ সি আর সি এবং অন্যান্য বাস্তুহারা অর্গানিজেশন-এর সদস্য রাখুন। সকলে মিলে নূতনভাবে সমস্যাটাকে আলোচনা করে দেখি কিভাবে বাস্তুহারাদের সমস্যা কি করা যেতে পারে। আপনারা যদি আমাদের সহযোগিতা নিতে অস্বীকার করেন তাহলে বুঝবো আপনারা বাস্তুহারা সমস্যার সমাধান করতে চান না, তাহলে বুঝবো বাস্তুহারাদের নিয়ে আপনারা ছিনিমিনি খেলছেন এবং আমরা বুঝবো বাস্তুহারাদের বাংলাদেশ থেকে তাড়িয়ে দিয়ে আপনারা পথ পরিষ্কার করবার চেষ্টা করছেন। কিন্তু বাংলাদেশের প্রগতিশীল মানুষ কোন দিনই এই নীতি সমর্থন করবে না। এবং একথা আরো বলি আপনারা যদি এ সমস্যা চাপা দিতে চান তাহলে ইতিহাস আপনাদের উপর ভেঙ্গে পড়বে এবং সে ইতিহাসের কাছে আপনারা শিক্ষা পাবেন।

[2-40—2-50 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে আমি আগুন নিয়ে খেলবো, আমি অন্য দিক ফিরে তাকাব না। অর্থাৎ ফায়ার ব্রিগেড সম্বন্ধে কিছু বলবো। মন্ত্রিমহাশয় এখন হাউসে উপস্থিত নেই, তাঁর শোনা উচিত ছিল। কারণ একটু আগে তিনি হাউসে বলেছেন যে স্ট্রাইকের নোটিস দেবার আগে যদি আমাকে জানান হয় তাহলে সমস্যা সমাধান হবার একটা ব্যবস্থা থাকে। স্যার, স্ট্রাইক নোটিস দেবার ৩ মাস আগে এ সমস্ত মন্ত্রিমহাশয়কে জানিয়েছিলাম। শৈলবাবু পেছনে বসে আছেন তিনি তখন মন্ত্রী ছিলেন।

এই এল এস জি ডিপার্টমেন্ট। তিনি অনেক দেবার কথা বলেছেন, লিখেও দিয়েছেন। কিন্তু আমরা পাচ্ছি না। আর পাবোও না—যতক্ষণ পর্যন্ত স্ট্রাইক না করা হবে। আমরা জানি যে এই সরকারের কাছ থেকে যদি কিছু আদায় করতে হয় তা জোর করে আদায় না করলে হবে না। আমি জানি এই ফায়ার ব্রিগেড পারসোন্যালরা যেভাবে গত রায়টের সময় কাজ করেছে নিজেদের জীবন বিপদাপন্ন করে, আগুনে ঝাঁপিয়ে পড়ে মানুষের সম্পত্তি বাঁচিয়েছে—কিন্তু তার ফল কি তারা পেয়েছে? এক কাপ চাও তাদের যা ন্যায্য প্রাপ্য আট আনা করে যে তারা চা-পান পায় সেটাও পায় নি। সে টাকা খরচ দেখানো হয়েছে কিন্তু পারসোন্যালরা এক কাপ চাও কিংবা একটা বিস্কুট পান নি। আমাদের ফজলুর রহমন সাহেব শুনেছি যে তিনি নাকি ফায়ার স্টেশনে গিয়েছিলেন এবং পারসোন্যালদের জিজ্ঞাসা করেছিলেন যে ওহে তোমাদের খাবার দাবারের ব্যবস্থা করেছে তো? কারণ ২৪ ঘন্টা তারা ডিউটি দিচ্ছে, তারা একটা আগুন থেকে আর একটা আগুনে ঝাঁপিয়ে পড়ছে—তাই তাঁদের জিজ্ঞাসা করেছিলেন যে তোমাদের খাবার-দাবারের ব্যবস্থা হয়েছে তো? পারসোন্যালরা বলেছে না আমাদের কিছুই খাবারের ব্যবস্থা হয় নি। কিন্তু উপরওয়ালা কর্তারা বলছে যে হ্যাঁ তাদের চোব্য-চোষ্য-লেহ্য-পেয় দেওয়া হচ্ছে—মানে একেবারে সারা কলকাতা সহরকে খাইয়ে দেওয়া হচ্ছে। এই যে চুরি এই চুরির বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি। কিছুদিন আগে আপনি হয়তো ভুলে যান নি যে দুর্গাপুর সম্বন্ধে আমি বলেছিলাম—তখন অনেকে হেসেছিলেন, কিন্তু আজকে সেই দুর্গাপুরের কর্মকর্তাকে সরাতে হোল। আমি স্যার, এই হাউসে এখানে অনেক পুরানো বন্ধু আছেন আর আমিও অনেক দিনের পুরানো, গণতন্ত্র সুরু হওয়ার সঙ্গে সঙ্গে আমি এখানে এসেছি—আর যাই নি, হয়তো লাইফ মেম্বার হতে হবে। কিন্তু স্যার, আমি বলে যাচ্ছি যে যদি এইভাবে করাপসনকে আপনারা প্রশ্রয় দেবার চেষ্টা করেন তাহলে দেশের মানুষের অবস্থা অত্যন্ত জটিল হয়ে পড়বে। অনেকে হয়তো ভাববেন যে আমি সরকারের ক্রিটিসিজম করছি—হ্যাঁ করছি, আমাকে গণতন্ত্র সেই অধিকার দিয়েছে যে সরকারের যেখানে ভুলত্রুটি সেটা নিশ্চয়ই, ধরিয়ে দেবো—এই ধরিয়ে দেবার দায়িত্ব আমার আছে এবং আমি তাই করেছি। আমি কতকগুলি মজার কথা, কতকগুলি করাপসন-এর কথা আমি তুলে ধরছি। একজন স্টেসন অফিসারের লেখা চিঠি আমার হস্তগত হয়েছে—দু'টি চিঠি, এই অরিজিন্যাল, এই একখানা—এই আর একখানা (চিঠি দু'টি দেখাইয়া) এবং এটা যে খামে এসেছে সেটাও আমার কাছে এসেছে। জলপাইগুড়ির স্টেশন অফিসার লিখছে মিস্টার সিং, তিনি লিখছেন এখানকার একজন ডিভিসন্যাল উপরস্থ কর্মকর্তাকে যে স্যার, আমার যাতে ট্রান্সফার না হয়, আমি গত ১০ বছর থেকে জলপাইগুড়িতে আছি মৌরসি সর্ত করে নিয়েছি। আর যেন আমার ট্রান্সফার না হয়। তার জন্য আপনাকে কি দক্ষিণা দিতে হবে এবং তার উপরওয়ালা লোকের কি দক্ষিণা দিতে হবে। ভদ্রলোক যে কথাগুলি কত টাকা—তা আমি একটু পড়ে দিচ্ছি স্যার, ভদ্রলোক ইংরাজীও জানেন না। স্টেশন অফিসার একটা রেসপনসিবল লোক, সারা একটা ডিস্ট্রিক্ট-এর চার্জ রয়েছে তাঁর হাতে, তাঁকে রিপোর্ট দিতে হয় আইন সম্বন্ধে, তাঁকে সমস্ত বিষয় তম্বির তাগাদা করতে হয়, কিন্তু ইংরাজী ভাষা সম্বন্ধে তাঁর কোন জ্ঞান নেই। যাহোক যেটুকু লিখেছে তার দু'-একটি ছত্র আমি পড়ে দিচ্ছি। এখানে অরিজিন্যালটা আছে—কিন্তু তা থেকে আমি পড়তে পারবো না তার নকল করে নিয়ে এসেছি তাই। ডিভিসন্যাল অফিসারকে লিখছে

As regards your goods, that is in any day reaching to you by Monday night either by hand to hand or by M.O. and you must not think for that

at least. Whatever medium of sending the goods may be, but you will get your goods before going to bed on the night of Monday, dated 23rd December, 1963, without fail at your Headquarters quarter.

গ্ডস পেঁাছাচ্ছে হ্যান্ড টু হ্যান্ড অর বাই এম ও, মানে মনিঅর্ডার তাহলে বুঝুন......অ্যান্ড প্লিজ কনট্যাক্ট হিম অন মাই পার্ট, এই স্যার নজীর। আমি এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টকে বলবো যে তাঁরা যেন এই রকম দুর্নীতিপরায়ণ দুটি অফিসার যিনি নাকি ঘুষ দিচ্ছেন এবং যিনি ঘুষ খাচ্ছেন......।

আর একটা চিঠিতে লেখা রয়েছে, ডাইরেক্টার মহাশয়কে ঘুষ দেবার কথা বলছে, প্লিজ কনট্যাক্ট হিম—হিম মানে ডাইরেক্টার, স্যার, আর একটি হল

Please tell him my troubles. I think he can help me if he seriously stands for. I shall spend what amount you will suggest for him for the help to me to cancel my transfer order. Please ask him what amounts he wants from me to cancel my transfer order for a period of 6 months further.

এই গেল অবস্থা। আমাদের ফজলুর রহমান সাহেব অত্যন্ত সৎ লোক, তাঁর চোখে ধুলো দিয়ে যাবে এটা আমরা কখনই সহ্য করবো না। আর একটা মজা দেখুন, স্যার, সরকারী বাড়ী, ফায়ার স্টেশন, সেখানে ডাইরেক্টার এবং ডিভিশন্যাল অফিসারের নাম লেখা হয়েছে, ট্যাবলেট লেখা হয়েছে সবকারী বাড়ীতে—আমি ফটো তুলে নিয়ে এসেছি মিঃ চ্যাটার্জি আর এম কে ঘোষ, এ'রা ডাইরেক্টার এবং ডিভিশন্যাল অফিসার থাকাকালীন এই বাড়ী তৈরী হয়েছে। একি, স্যার, পৈত্রিক সম্পত্তি? আমি কি এই অ্যাসেম্বলী লিখে দিতে পারি যে নেপালবাবু এখানে মেম্বার ছিলেন? আপনি স্যার, ডেপুটি স্পীকার, আপনি কি ঐ ট্যাবলেট এই সরকারের বাড়ীতে লিখে দিতে পারেন? এই সব বে-আইনী কাজগুলি আমাদের বন্ধ করতে হবে, আমাদের চোখ বুজে থাকলে চলবে না। আর একটা স্যার, যেটা আমাদের ন্যাশনাল লস হবে অর্থাৎ এই যে রায়টের সময় লক্ষ লক্ষ টাকার সম্পত্তি যেগুলো নষ্ট হয়েছে বা হয়নি, কিছু হয়েছে কিছু হয়নি, কিন্তু ইন্স্যুরেন্স কোম্পানীকে পুরো টাকাটাই দিতে হবে। কার ভিত্তিতে? এই ফায়ার সার্ভিসের রিপোর্টের ভিত্তিতে। আর নাম করে বলছি, নিউ ইন্ডিয়া রাবার ওয়ার্কস, যার ৪৬ হাজার টাকা --স্যার, নিয়ম হল যেখানে যখন ফায়ার হবে সেখানে আগে অফিসার যাবেন এবং তিনি রিপোর্ট দেবেন কি কি নষ্ট হয়েছে। সেই রিপোর্টের উপর ভিত্তি করে এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট তদন্ত করবেন এবং এই রিপোর্টের উপর নির্ভর করে ইন্স্যুরেন্স কোম্পানী টাকা দেবেন—এই রকম একটা নয়, কয়েক শত ঘটনা ঘটেছে, আমি কয়েকটি তার একজাম্পল দিতে চাই যাতে আমাদের ন্যাশনাল লস না হয়। কি মজা হয়েছে দেখুন, যিনি স্টেশন অফিসার তিনি লিখলেন ৪৬ হাজার টাকা এই কোম্পানীর লস হয়েছে, কিন্তু দেখা গেল পরবর্তী কালে ৪॥ লক্ষ টাকা এই ইন্স্যুরেন্স কোম্পানীকে বলা হল—ফায়ার সার্ভিসেস যিনি সর্বময় কর্তা তিনি বললেন, ওহে, তুমি চাপতো, তুমি চেপে যাও, ৪৬ হাজার টাকা একটা টাকা না কি? দাঁড়াও কিছু বখরাবাজী করে নিই—৪॥ লক্ষ টাকা ইন্স্যুরেন্স কোম্পানীকে লিখে দেওয়া হল এই ক্ষতি হয়েছে। আমি মন্ত্রি-মহাশয়কে বলবো, এই রকম একটা ঘটনা নয়, যখনি কোন ফায়ার হয়েছে এরা আগে হিস্যা চেয়েছে, আগে টাকা দাও পরে বাড়ী রক্ষা করবো। এই রকম ঘটনা হয়েছে, ন্যাক্কারজনক ঘটনা।

[2-50—3 p.m.]

যারা আমাদের ইউনিয়নের সদস্য তারা আমাদের বলেছেন, আমাদের লজ্জা হয়েছে। মানুষ বিপন্ন হয়েছে, উদ্বাস্তু হয়েছে, আর একদল দুর্বৃত্ত আমাদের বাধাদান করছে, সেই সময় আমরা দেখতে পাচ্ছি যে বড় কর্তারা লেনদেনের ব্যবস্থা করছেন। অত্যন্ত লজ্জার কথা, স্যার, আমি বলবো এটা আমাদের জাতীয় অবমাননাকর জিনিষ হয়েছে—মানুষের গলা টিপে, মাইনোরিটি ভায়েরা দিয়েছে, দেয় নি তা নয়, না দিয়ে ত কাজ হয় না। ফজলুর রহমান সাহেব আমার সঙ্গে গিয়ে এক একটি করে দেখে আসুন কোথায় এই সমস্ত দুর্নীতি রয়েছে। সেইজন্য আমি বলবো এই ব্যাপারে ফায়ার সার্ভিসের রেকমেন্ডেশনগুলো দেখে নিন যা নাকি উপরওয়ালা বড় কর্তারা সব করেছেন, সাব-অফিসার এটা করতে পারে না, নূতন গ্র্যাজুয়েট হয়ে সাব-অফিসার হিসাবে

টকে এই রেকমেণ্ডেশন করতে পারে না, তার ক্ষমতা নেই, রাইট নেই এই রিপোর্ট দেবার। তাহলেই, স্যার, আপনি বুঝতে পারছেন কোথায় যোগসাজস রয়েছে। স্যার, আমার টাইম শেষ হয়ে গিয়েছে, আমি স্যার, অনেক কাগজপত্র নিয়ে এসেছিলাম কিন্তু সকলকেই ত বলতে দিতে হবে। সেইজন্য আমি বলছি এই ফায়ার সার্ভিসকে ঢেলে সাজাতে হবে, গভর্নমেন্ট অব ইণ্ডিয়া অনেক টাকা দিয়েছেন, আরো দেবেন। আমি ফজলুর রহমান সাহবকে অনুরোধ করবো—যতদিন এই ডাইরেক্টার থাকবেন আপনার কিছু করবার ক্ষমতা নেই, আপনি একে অপসারণ করবার জন্য ইনভেস্টিগেশন করুন। ডাঃ বিধানচন্দ্র রায় যখন আবেদন জানিয়েছিলেন মানুষের কাছে তখন গরীব ফায়ার সার্ভিসের লোকেরা ৬ শত টাকা আসাম রিলিফ ফাণ্ডে তুলে দিয়েছিল, আজো সেই টাকা ডাইরেক্টার সাহেব সেই ফাণ্ডে দেন নি, বলে কিনা এই টাকা ব্যাংকে জমা আছে। কার নামে? নিজের নামে। অন্য কারো নামে নয়, আপনার আমার কারো নামে নয়। আমি স্পেসিফিক চার্জ দিচ্ছি ৬ শত টাকা আসাম রিলিফ ফাণ্ডে দেওয়া হয়েছিল, কিন্তু এই টাকার হিসাব নেই। কম্বল দেওয়া হয়েছে পার্সোন্যালদের জন্য যারা ইমার্জেন্সির টাইমে ওখানে ছিলেন। এটা, স্যার, আমি গভর্নমেন্টের সুবিধার জন্যই বলছি, আমি হেলদি ক্রিটিসিজম করছি, কোথায় গলদ আমি দেখিয়ে দিচ্ছি।

(এই সময় লাল বাতি জ্বলিয়া উঠিল।)

স্যার, আপনি এখনি লাল বাতি জ্বালিয়ে দিলেন, আমার এখনও অনেক কিছু বলার আছে......

মিঃ ডেপুটি স্পীকার ঃ বলুন।

শ্রীনেপালচন্দ্র রায় ঃ স্যার, যারা হিমালয়ের পাদদেশে কাজ করতে গিয়েছিল সেই দার্জিলিং, কার্শিয়াং-এ, সিভিল ডিফেন্স থেকে তাদের গরম কোট এবং কম্বল দুখানা করে দেবার কথা কিন্তু ফায়ার সার্ভিসের লোক যারা সেই অঞ্চলে রয়েছে তারা এসব পায়নি। এমন অবস্থা যে তাদের যে ড্রেস দেওয়া হয় সে ড্রেসেরও কোন ব্যবস্থা নেই। সরকারী পয়সা ঠিকাদার মেরে দিচ্ছে, ড্রেস দেবে না, তাদের টিফিনের পয়সা মেরে দিচ্ছে আমরা অনেক বড় বড় কথা বলি, এই কি তার পরিণাম, এই কি তার পরিচয়? স্যার, সরকার দায়ী নয়, সরকারী কর্মচারী এর জন্য দায়ী। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো আপনি ভাল করে একটু দেখুন। একটা সাজেশন দিয়েই আমি শেষ করছি। আগে অনেক বন্ধু বলেছেন আমাদের এখানে উদ্বাস্তুদের আনা দরকার।

মিঃ ডেপুটি স্পীকার ঃ এর মধ্যে আবার ওকথা কেন?

শ্রীনেপালচন্দ্র রায় ঃ আমি অল্পের মধ্যেই শেষ করে দিচ্ছি, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আমাদের এখানে জায়গা নেই, এটা খুব সত্যি কথা যে জায়গা নেই। কিন্তু, স্যার, আমার বাড়ী পূর্ব বাংলায়, আমার আত্মীয়স্বজন সেখানেই রয়েছেন, তাঁরা যদি কেউ এখানে আসেন আমি কি তাঁদের একথা বলবো যে তোমরা দণ্ডকারণ্যে চলে যাও। তাঁরা আমার আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব, আমার পক্ষে একথা কি করে বলা সম্ভব? আমার সাজেশন, আশা করি মুখ্যমন্ত্রী ঘরে বসে শুনছেন, না হয় অন্য মন্ত্রিমহাশয়রা তাঁকে এটা খবর দেবেন—যে, আজকে বাংলায় এবং আসামে কয়েক লক্ষ পাকিস্তানী ইনফিলট্রেটেড হয়েছে, এই ইনফিলট্রেশন বন্ধ করে আমরা অন্ততঃ ২০ লক্ষ উদ্বাস্তুকে আসাম এবং বাংলা দেশে রাখতে পারি। আমি বলছি একটা কথা, যদি ভারতবর্ষের মুসলমানদের আমরা রাখতে চাই তাহলে কিন্তু আমাদের একটা নীতি নিতে হবে, ভারতবর্ষে মুসলমানরা বাস করুক এটা সকলেই চায়, আমাদের সংবিধানেও চায়, তাহলে পাকিস্তানী এজেন্টদের এদেশ থেকে সরাতে হবে যাতে করে মুসলমানরা শান্তিতে এখানে বসবাস করতে পারে। আর তা না হলে প্রতি দিনই পাকিস্তানী এজেন্টরা তাদের উস্কানী দেবে, দাঙ্গা বাধাবে, তাদের শুধু একথা বললেই চলবে না যে তোমরা থাকো, আমরা তোমাদের পাশে গৌরাঙ্গ হয়ে নাচবো। পাকিস্তানী চরদের এই দেশ থেকে তাড়াতে হবে, তাদের তাড়িয়ে যে কয়েকজন রিফিউজিকে আমরা রিহ্যাবিলিটেড করতে পারি আমরা এটা করবো, কারণ এটা আমাদের মনের কথা জানাচ্ছি, পূর্ববাংলার মানুষ হিসাবে জানাচ্ছি। আমরা জানি এদেশে জায়গা নেই, তবুও আমরা যে কয়েকজনকে পারি আমরা পুনর্বাসনের ব্যবস্থা করবো এটাই নীতি হওয়া উচিত।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় এখানে নেই, কিন্তু আমরা আশা করেছিলাম বাজেটের সাধারণ আলোচনা তিনি শুনবেন এবং আমাদের যা বক্তব্য সে সম্বন্ধে জবাব দেবার চেষ্টা করবেন। যা হোক, বাজেট পেশ করতে গিয়ে অর্থমন্ত্রী মহাশয় প্রথমে বলেছেন তিনি নাকি পশ্চিমবাংলার অর্থনীতিতে স্থিতিশীলতা এনেছেন এবং দেউলিয়া অর্থনীতি যেটা ছিল সেটা নাকি আস্তে আস্তে স্থিতিশীল হচ্ছে। কিন্তু দেশের অর্থনৈতিক অবস্থা কিংবা সাধারণ মানুষ সেকথা বলে না। তাঁরা অবশ্য পেছনের দিকে চার্ট এবং টেবল দিয়ে দেখাবার চেষ্টা করেছেন যে, কিভাবে পশ্চিমবাংলার রাজস্ব আয় এবং ব্যয় আস্তে আস্তে বেড়েছে। আমাদের রাজস্ব আয় এবং ব্যয় বাড়লেও দেশের অর্থনৈতিক অবস্থা যে ভাল হয়নি সেটা বিচার করতে হবে এবং তার অনেকগুলি কারণ আছে। সবচেয়ে বড় জিনিস হচ্ছে উৎপাদন বৃদ্ধি এবং তার সঙ্গে সঙ্গে দেশের সাধারণ মানুষের আয় বৃদ্ধি এই দুটোকে যদি বিচার করা যায় তাহলে দেখা যাবে আমাদের দেশে বিগত কয়েক বৎসরে সর্বক্ষেত্রে উৎপাদন হ্রাস হয়েছে। ১৯৬০-৬১ সালে কৃষি উৎপাদনের সূচক ছিল ১৩১ পয়েন্ট ৮৩, ১৯৬১-৬২ সালে তা থেকে নেমে হয়েছে ১৩০ পয়েন্ট ১ এবং ১৯৬২-৬৩ সালে তা থেকে আরও নেমে হয়েছে ১২১ পয়েন্ট জিরো সিক্স। অর্থাৎ দেখা যাচ্ছে ক্রমশঃ ক্রমশঃ নামছে। মন্ত্রিমহাশয় হয়ত বলবেন এবং আমরাও বাজেট থেকে দেখতে পাচ্ছি যে, পশ্চিমবঙ্গ সরকার বছরের পর বছর কৃষি ক্ষেত্রে ব্যয় বাড়িয়ে চলেছেন। অর্থাৎ দেখা যাচ্ছে ১৯৬১-৬২ সালে ৪ কোটি ৩২ লক্ষ টাকা খরচ করেছেন, ১৯৬২-৬৩ সালে ৪ কোটি ৭১ লক্ষ টাকা খরচ করেছেন, ১৯৬৩-৬৪ সালে ৫ কোটি ৪ লক্ষ টাকা খরচ করেছেন, রিভাইজড বাজেটে ৭ কোটি ৮৬ লক্ষ টাকা এবং এবারের বাজেটে ১০ কোটি ৩০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। অথচ আমরা দেখছি কৃষি উৎপাদন আমাদের দেশে ক্রমশঃ ক্রমশঃ কমে যাচ্ছে। তারপর, শিল্পের উৎপাদনও হ্রাস পেয়েছে। তৃতীয় পরিকল্পনায় সমগ্র ভারতবর্ষ সম্পর্কে বলা হয়েছিল যে, শিল্পের উৎপাদন প্রতি বছর ১১ পারসেন্ট বাড়বে। কিন্তু বেড়েছে প্রথম দু' বছরে সাড়ে ছয় পারসেন্ট এবং ৮ পারসেন্ট। তারপর, কাপড়ের উৎপাদনও পশ্চিমবাংলায় কমছে। ১৯৬২ সালের জানুয়ারী- জুলাই সেটা ছিল ১৫৮ পয়েন্ট ৮ মিলিয়ন মিটার ১৯৬৩ সালে সেটা হয়েছে ১৫৩ মিলিয়ন মিটার। অর্থাৎ এক্ষেত্রেও কমছে। তারপর, পাটের উৎপাদন কমছে এবং পাকিস্তানের কাছে ভারতবর্ষ, যে কোণঠাসা হচ্ছে সেটা সকলেই জানেন। চা-ও কমছে- ১৯৬১ সালে ছিল ৮৬ মিলিয়ন কিলোগ্রাম এবং ১৯৬২ সালে হয়েছে ৮৪ মিলিয়ন কিলোগ্রাম। তারপর, কয়লার চাহিদা যে কমছে সেটা তাঁর বক্তৃতার ভেতর দিয়ে এবং যে হিসেব দিয়েছেন তার ভেতর দিয়ে বলেছেন। কাজেই দেখা যাচ্ছে শিল্প প্রসারে ভাটা পড়ছে। এই গেল উৎপাদন হ্রাস, এবারে জাতীয় আয় সম্বন্ধে কিছু বলব। জাতীয় আয় সম্বন্ধে তৃতীয় পরিকল্পনায় বলা হয়েছিল যে, প্রতি বছরে ৫ পারসেন্ট বাড়বে। কিন্তু আমরা দেখেছি সেই জায়গায় প্রথম দু' বছরে প্রতি বছর বেড়েছে মাত্র আড়াই পারসেন্ট। তারপর মূল্যবৃদ্ধির ফলে জিনিসপত্রের দাম আস্তে আস্তে কিভাবে বেড়েছে এবং তার ফলে দেশের অর্থনৈতিক অবস্থা কি হয়েছে সেটা সকলেই বুঝতে পারছেন। নিত্য ব্যবহার্য জিনিষের দামের ক্ষেত্রে সর্বভারতীয় দ্রব্য মূল্যের সূচক যেখানে ১৯৬৩ সালের জানুয়ারী মাসে ছিল ১২৫ পয়েন্ট ৮, ১৯৬৪ সালে সেটা হয়েছে ১৩৫ পয়েন্ট ৭। কোলকাতার সূচক ১৯৬২ সালের আগস্ট মাসে যেখানে ছিল ১৩০, ১৯৬৩ সালের আগস্ট মাসে সেটা হয়েছে ১৩৬।

[3—3-10 p.m.]

জীবনযাত্রার ব্যয় বেড়েছে। যেখানে কলকাতায় ১৯৬০-৬১ সালে ছিল ১১২·৪, ১৯৬১-৬২ সালে হয়েছে ১১৬, ১৯৬২-৬৩ সালে হয়েছে ১২২ এবং ক্রমেই বেড়ে যাচ্ছে, ১৯৬৩ সালে হয়েছে ১৩০। বেকার সমস্যা আমাদের দেশের সমাধান করতে পাচ্ছেন না। এই সমস্যা ক্রমশঃই বেড়ে চলেছে। এ থেকে দেখা যাচ্ছে ১৯৬২ সালের তুলনায় ১৯৬৩ সালে প্রায় ১৮·৫ পারসেন্ট বেড়েছে বেকারের সংখ্যা সর্বভারতীয় ক্ষেত্রে। শিক্ষিত বেকারের সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে। সারা ভারতবর্ষে ৮০ লক্ষ শিক্ষিত বেকারের সংখ্যা ছিল সেটা বেড়ে ১৯৬১ সালে হয়েছে ১ কোটি

৬০ লক্ষ। এই সামগ্রিক চিত্র যদি তুলতে পারা যায় তাহলে বলতে পারা যায় কোন জায়গায় আজকে আমাদের অর্থনৈতিক অবস্থা গিয়ে দাঁড়িয়েছে। দেশের আর্থিক অবস্থা যদি ভাল হত তাহলে সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা বেড়ে চলত না। কিন্তু বাজেট স্পীচ দিতে গিয়ে যে চিত্র মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তুলে ধরতে চেষ্টা করেছেন তাতে পশ্চিমবঙ্গের অর্থনীতি ক্রমশঃ স্থিতিশীলতার দিকে যাচ্ছে এবং ক্রমশঃ ভালর দিকে এগিয়ে চলেছে। এটা অসত্য ভাষণ কাজেই সত্যিকার দেশের যে চিত্র সেটা যদি তুলে ধরতেন এবং তার কি সমাধান সেটা যদি বলতেন তাহলে ভাল হত। বাজেটে মাননীয় মন্ত্রিমহাশয় আয়-ব্যয়ের যে হিসাব দিয়েছেন, তা থেকে আমি একটা পয়েণ্ট তুলে ধরতে চেষ্টা করবো আপনার সামনে। সেটা হচ্ছে বিগত বছর প্রায় ৮ কোটি টাকা ট্যাক্স সাধারণ মানুষের উপর বসান হয়েছিল, সেটা যে কতখানি অযৌক্তিক সেটা আমি আপনার সামনে তুলে ধরতে চেষ্টা করবো। বিগত বছর যখন বাজেট পেশ করা হয়েছিল তখন বলা হয়েছিল রাজস্ব খাতে আদায় হবে ১১৭ কোটি টাকা কিন্তু আজকে আমাদের রিভাইজড্ বাজেটে বলা হয়েছে ১২৮ কোটি ৮৪ লক্ষ টাকা। এই যে ৮ কোটির মত ট্যাক্স করেছেন এটা করা প্রয়োজন ছিল কি না। রাজস্ব ব্যয় হবে বলেছিলেন গত বাজেটের সময় ১০৯ কোটি টাকা সংশোধনী বাজেটে বলেছেন ১২০ কোটি ৮০ লক্ষ টাকা, অথচ উদ্বৃত্ত দাঁড়াচ্ছে রাজস্ব খাতে প্রায় ৭ কোটি ৮০ লক্ষ টাকার মত। রাজস্ব খাতে এত উদ্বৃত্ত হল ব্যয় করতে পারলেন না, সমাজ কল্যাণের জন্য দেশের সামগ্রিক উন্নতির জন্য ব্যয় করতে পারলেন না, অথবা আপনাদের কোন দূরদৃষ্টি ছিল না। আপনারা কোন রকম পরিকল্পনা না করেই ট্যাক্স করেন, ট্যাক্স করতে হয় তাই ট্যাক্স করে দিলেন, রাজস্ব খাতে এবং সরকারী মূলধনী খাতে যা দেখছি তাতে সাধারণ মানুষের পকেট কাটার দরকার ছিল না। আজকে মন্ত্রিমহাশয় বাজেট পেশ করতে গিয়ে দেখলেন সর্বসাকুল্যে আড়াই কোটি টাকার মত ঘাটতি পড়ছে এবং ২ কোটি টাকা সরকারী কর্মচারীদের জন্য মাগ্‌গী ভাতা বাবদ ব্যয় হবে, এই সাড়ে চার কোটি টাকা ঘাটতি পূরণের জন্য কোন ব্যবস্থা করেন নি। তিনি বলেছেন কর বসাবো না। আমি জিজ্ঞাসা করি এই টাকা আসবে কোথা থেকে? সেটা সাধারণ মানুষের পকেট থেকেই আসবে, এটাতো ট্যাক্স-এরই সামিল। আপনি ট্যাক্স বসাবেন না বলেছেন কিন্তু যে বাজেট পেশ করেছেন তাতে তা মনে হয় না।

আমার মনে হয় বিগত বৎসরে ট্যাক্স বসান সম্বন্ধে যেমন কোন নীতি ছিল না, এবছরও ঠিক সেরকম কোন নীতি তাঁরা স্থির করতে পারেন নি। আসল কথা, বাজেট তৈরী করার সময় যে দূরদৃষ্টি থাকার প্রয়োজন ছিল তার যথেষ্ট অভাব রয়েছে যার ফলে এইসব হচ্ছে। এর দ্বার যে নীতি অবলম্বন করছেন সেই নীতির পরিবর্তন দরকার। কংগ্রেস পার্টি বলেন সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গড়বেন। ভুবনেশ্বরে প্রস্তাব নেওয়া হয়েছে সমাজতন্ত্রের। আমি তাঁকে জিজ্ঞাসা করছি এই বাজেটের মধ্যে সমাজতান্ত্রিক ধাঁচ কোন জায়গায় প্রতিফলিত হয়েছে? কোন বড় বড় ইন্ডাস্ট্রি তাঁরা বলছেন যে আমরা রাষ্ট্রীয়করণ করব? কোন জায়গায় বলা হয়েছে যে দরিদ্রদের জন্য উন্নতির বন্দোবস্ত করব? ধনী এবং দরিদ্রদের মধ্যে বৈষম্য হ্রাস করার কোন রকম ব্যবস্থা এর মধ্যে আছে? অথচ তাঁরা সমাজতন্ত্রের বড় বড় কথা বলেন যে সমাজতান্ত্রিক ধাঁচে তাঁরা সমাজ গঠন করবেন। কিন্তু এই বাজেটের মধ্য দিয়ে আমরা এমন কিছু দেখতে পাচ্ছি না যার দ্বারা বলতে পারা যেতে পারে যে কংগ্রেস সমাজতন্ত্রের নীতি গ্রহণ করেছেন। স্যার, এ সম্বন্ধে আমি কয়েকটা সাজেশন দিয়ে আমার বক্তব্য শেষ করব। সেই সাজেশনগুলি হচ্ছে এই যে, প্রথমে পশ্চিমবাংলার সাধারণ মানুষের উপর অত্যন্ত করের বোঝা যা আছে তার কিছু লাঘব করা প্রয়োজন। সত্যিই যদি সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট ঢেলে সাজতে হয় তাহলে সেদিকে দৃষ্টি দিতে হবে এবং সাধারণ মানুষের উপর করের যে বোঝা তা লাঘব করতে হবে কিন্তু অপর পক্ষে অর্থের যদি সংকুলান করতে হয় তাহলে অন্য দিকে দৃষ্টি দিতে হবে। সে দৃষ্টি দিতে হবে ইনকাম ট্যাক্স এবং সেন্ট্রাল একসাইজ ডিউটি, যাতে পশ্চিমবাংলায় শেয়ার কম পড়ে সেটা বাড়ানোর জন্য কেন্দ্রীয় সরকারকে বলতে হবে। এ ছাড়া আমাদের দেশে বড় বড় যে সমস্ত ইন্ডাস্ট্রী আছে যেমন কলকাতা ইলিকট্রিক কোম্পানী, ট্রামওয়ে এইগুলি জাতীয়করণ করতে হবে এবং পশ্চিমবাংলায় যে সমস্ত বিদেশী মূলধন রয়েছে তা বাজেয়াপ্ত করতে হবে। এসব যতদিন আমরা তা না করতে পারব ততদিন পর্যন্ত সমাজতান্ত্রিক সমাজ গড়বার পরিকল্পনা সফল হতে পারবে না।

Dr. Maitreyee Bose: Sir, I rise to support the budget provisions presented to the House by the Minister-in-charge of the Finance Department of the Government of West Bengal. I beg the House to bear with my English speech because budget is a subject which is difficult to deal with in Bengali in an unadulterated and chaste form, though our Minister has made a brave attempt with some degree of success. I attribute this to our hybrid education where we do not learnt to speak either chaste Bengali or chaste English.

I had hoped that this year's budget would have some reference to Bhubaneswar. The first point of the Bhubaneswar resolution reads thus: "There should be limitation on insomes, specially inherited wealth and urban property to private hands, a more effective direction of the means of credit through financial institutions, and the taking over by the State or Co-operative of the processing and marketing of agricultural produce, specially paddy. The next most important point made out in the resolution is that "the Government should place itself in a position more effectively than is the case now to direct the means of credit and investible resources of the country along the line of national priorities and our social purposes."

[3-10—3-20 p.m.]

Further, it said: At present shall entrepreneurs and new-comers are placed under a serious disadvantage in respect of availability of financial resources. The resolution goes on saying in connection with the credit to the farmer: The credit-worthiness should depend on the capacity for production and not necessarily on the ownership of asset I am quoting these things to refresh the memory of the members. The third important point is the stress that has been laid on the public sector. The resolution assigns to this sector a strategic and important role in the field of trade and industry. Of course, the term "public sector" is sometimes misleading because most of the work done by that sector is often done by contractors. I can quote many instances where a public sector organisation does almost everything through contractors except administration. In the Finance Minister's budget statement, there is no indication that these sentiments have been taken into consideration nor that any application of these points has been made.

Sir, when our present Finance Minister used to sit in the Speaker's Chair, I once had occasion to mention the peculiar role that Managing Agencies play in the economy of this unfortunate country. He pulled me up by saying that Managing Agencies were a Central subject and could not be discussed in a State Legislature. I am gratified to notice now that as Finance Minister he has departed from the attitude of keeping watertight compartments between the State and the Centre though, of course, he has not mentioned the Managing Agencies. Still I welcome this attitude because Bengal is indivisibly a part of India.

Sir, at page 2 of the statement, the Hon'ble Finance Minister deals with the disappointing figures of agricultural production in the State. But lower down he mentions tea and coal on an all-India basis. Specially for coal, he mentions production figures of the private sector *vis-a-vis* the public sector. I do not know of any public sector organisation in the coal industry in West Bengal. If I am ignorant of facts, I would welcome any information so that I may stand corrected. It is public knowledge that the West Bengal Government opposed the operation of the National Coal Development Corporation within the limits of the State and filed a suit in the High Court against the Union Government, and, having lost the

suit in the High Court, appealed to the Supreme Court, where again the State lost. N.C.D.C.—the short title for the Corporation is creditably financing in other States of India whereas in West Bengal we have lost six valuable years. Only now there is some talk of N.C.D.C. functioning in this State that too with certain questionable reservation.

Sir, our large population has been the target of all manner of people, specially the economists and politicians. I sincerely admit that it would have been much more comfortable for everybody concerned had our women been less fertile and our land much more so.

But since the undeniable fact is that we have a large population, our planning should take the line of treating the huge manpower as our asset and not solely as a liability. However much we may plan our families, the result will be felt only after a generation so far as employment position is concerned. Therefore, at present we cannot depend on family planning for giving immediate relief. Since we claim to be a welfare State, any increase under the head of Famine Relief only shows the futility of our planning at the implementation level. On page 5 of the statement under discussion there is mention of an increase by Rs. 2 crores and 91 lakhs under the head "Famine Relief"—nothing can be further from my mind than to suggest a cut; in fact, if necessary, the Grant should be increased. I only consider it a great pity that famine relief should be necessary in this year of grace 1964-65. This necessity could have been obviated if it was fully realised that an unemployed man costs a society more than an employed one in any State—more so in a welfare State. This is because an unemployed man only consumes, however pitiably small that consumption may be, but does not produce anything at all. When a man is thrown out of work, he harms the society more than he harms himself. A worker is a cog in a wheel; when he is out of work the cog breaks thus hampering the smoothness of the running of the wheel. Without smooth running of the wheel, the society flounders and famine relief becomes inevitable in the modern world in a politically independent country. Otherwise, it is difficult to attend an international gathering like the U.N.O., or F.A.O. or I.L.O. I regret to note that the serious question of unemployment, under-employment, and above all, diminishing potentiality of employment, has not been highlighted in the Budget, thus denying the concept of "right to work" for the huge population of the country.

At every level, rapid industralisation of the country is being urged as a remedy for all evils and for diminishing the pressure on land. This is, no doubt, vitally important. Formation and preservation of capital is the most urgent need of the day. But we must decide without loss of any valuable time how to utilise the capital formed and preserved by the blood and sweat of our peasants and workers. Should we modernise and rationalise by importing all the super-modern machinery which the highly industrialised countries, be it U.S.A. or Czechoslovakia, are trying to sell to us Modern machineries are spectacular no doubt but we must stop to assess how much we can utilise them, i.e. the percentage of utilisation in relation to its capacity. The next question is, can we repair them in time and keep them in good functioning order without the help of the exporting country. The third question is, to how many months are we refusing food by import of such machinery? The fourth question is the most relevant—who is eating the cream out of the benefit conferred on society by the greater production through the use of these machineries? Surely, I do not advocate the method used by the Pharaohs for building the Egyptian pyramids, but there must be something between the Automation and the methods used by the Egyptian Pharaohs. Therefore, a

word or even a vague indication of this middle path would be very welcomed in the reply to the debate by our Finance Minister.

Jute industry has been treated as the favourite spoilt child of the West Bengal Government for its foreign exchange earning capacity. But should the jute growers of this unfortunate State be never given a share of the immense wealth the jute kings earn by exploiting the growers' unbearable toil and ever-increasing hunger?

[3-20—3-30 p.m.]

Could we not protect the jute cultivators by giving them a properly enforced statutory floor price? It is high time that we did so. Moreover, because the margin of profit earned by the exporting gunny and hessian is colossal, no appreciable internal market through diversification of production has been allowed to grow by the Indian Jute Mills Association. On this subject also a reply from the Finance Minister would be highly appreciated.

In conclusion may I point out that a better future can come mainly through—

(1) nationalisation of banks,

(2) elimination of middlemen not excluding managing agencies, and

(3) giving proper respect to our huge population and not treating them as undiluted nuisance as it is done at present. We must realise that you, Sir, and I and others present here also form a part of that despised over-population. Let us do all we can to check the population but in the meantime since we cannot engineer a general massacre, let us form an employment oriented policy for rapid industrialisation and not import machinery which cannot be fully maintained and utilised and which will only increase the misery of the common man and concentrate more wealth in fewer hands totally nullifying the Bhubaneswar spirit. Rural Industrialisaion Schemes cannot bear fruit unless this policy is followed.

With these words, Sir, I lend my support to the Budget Statement and earnestly hope for a better future.

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার, স্যার, আমার বক্তব্য হচ্ছে এই যে এই সভায় মাননীয়া সদস্যা ডাঃ মৈত্রেয়ী বসু যে কথা বলেছেন সে সম্পর্কে আমি কিছু না বলে থাকতে পারছি না। তিনি বলেছেন এইবার বাংলাভাষায় বাজেট উপস্থাপিত করবার জন্য কিছুটা অসুবিধা হয়েছে, অর্থনৈতিক টার্মস ও পরিসংখ্যান নাকি ঠিকমত উপস্থিত করা হয় নি। কিন্তু আমরা খুব খুশী হয়েছি, এই বিধানসভায় বাংলাভাষায় সব কিছু পরিচালিত হবে এই আশা আমরা বহুদিনই করে এসেছি এবং এই বছরই প্রথম বাজেট বাংলা ভাষায় উপস্থাপিত করা হয়েছে এটা আশার কথা। প্রথম দিকে কিছুটা অসুবিধা হবে সন্দেহ নেই কিন্তু সেই সমস্ত অসুবিধা দূর করবার জন্য যখন উপযুক্ত পরিভাষা সৃষ্টি হবে তখন আমরা দেখবো যে আমাদের আইনসভার সমস্ত কিছুই আমরা বাংলাভাষায় পরিচালনা করতে পারছি। এবারে আমি বাজেট আলোচনায় যাচ্ছি. প্রথমেই লক্ষ্য করছি যে এই বাজেটে গ্রামীন অর্থনীতি সম্পর্কে খুব বেশী লক্ষ্য দেওয়া হয় নি এবং গ্রামীন অর্থনীতিকে সামগ্রিকভাবে পর্যবেক্ষণ করার কোন লক্ষণও আমরা এই বাজেটে দেখতে পাচ্ছি না। গত ১৫ বৎসর ধরেই আমরা দেখে আসছি যে গতানুগতিক পন্থায় বাজেট এখানে পেশ করা হয়, একই পদ্ধতিতে এই বাজেট পাশ করিয়ে নেওয়া হয়। বাস্তবিকপক্ষে

আজকে গ্রামাঞ্চলে কিভাবে আমাদের পরিকল্পনাসমূহ রূপায়িত হচ্ছে তার কোন পরিচয় এই বাজেটের মধ্যে পাই বলে আমরা মনে করতে পারি না। এই কারণে আজকে আমাদের গ্রামের অর্থনীতি পুনরুজ্জীবিত হওয়া দূরে থাক সেগুলো আজ ক্রমান্বয়ে ধ্বংসের মুখে চলে যাচ্ছে। গত ১৫ বৎসরে এই কংগ্রেস শাসনে এইসব পরিকল্পনাই ব্যর্থ হয়েছে, এর একমাত্র কারণ হচ্ছে এই যে এরা যেসমস্ত বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন সবই হয়েছে একতরফা। যখন যা পরিকল্পনা নিয়েছেন সব পরিকল্পনার মধ্যে এই একই দোষ রয়ে গিয়েছে। সামগ্রিক একটা পরিকল্পনা থাকা দরকার—আজকে কৃষিক্ষেত্রে যে বেকার রয়েছে এবং শিল্পের বিভিন্ন ক্ষেত্রে যে বেকার রয়েছে এবং কিভাবে দেশের শিল্পায়ন করলে পর দেশের সামগ্রিক উন্নতি হতে পারে তার কোন চিহ্ন এই বাজেটে নাই। কি কৃষির ক্ষেত্রে, কি শিল্পের ক্ষেত্রে একটা কম্প্রিহেনসিভ ও কনসোলিডেটেড থিংকিং-এর অভাব আজকে আমরা সর্বক্ষেত্রে তীব্রভাবে অনুভব করছি। আমরা বার বার বলেছি এবং আবার এবার বলি যে ভূমি সংস্কার এবং গ্রামীণ অর্থনীতির আমূল সংস্কার না করা হলে ও'রা যতই কেন না পরিকল্পনা করুন বাস্তব অবস্থাকে পাল্টান যাবে না। সাম্রাজ্যবাদী ইংরাজের শাসনকালে ফ্লাউড কমিশন যে কথা বলেছিলেন সেই কথার সারবর্তা আমরা এখনও উপলব্ধি করতে পারি। ফ্লাউড কমিশন বলেছিলেন বাংলাদেশের গ্রামের চাষীদের ঋণ মকুব করতে হবে। অবিভক্ত বাংলায় এই ঋণের পরিমাণ ছিল ৮০ কোটি টাকা, আর বিভক্ত বাংলায় আজকে সেই ঋণের পরিমাণ ১২০ কোটি টাকায় এসে পে'ীছেছে এই তথ্য আমাদের সকলের জানা আছে। এই ১২০ কোটি টাকা ঋণের বোঝা নিয়ে চাষীরা কি করে ফসল উৎপাদন বৃদ্ধি করবে বুঝি না। সরকার সময় সময় ব্যবসায়ীদের ঋণ দিয়ে থাকেন সত্য কথা, কিন্তু তার সঙ্গে কৃষি উন্নয়নের কি যোগাযোগ রয়েছে আমরা জানি না। আমরা বার বার বলেছি যে কৃষি ঋণ ব্যাপকভাবে দিতে হবে, বকেয়া ঋণ মকুব করতে হবে এবং আমাদের যা জমি আছে সেই জমিতে ইনটেনসিভ কাল্টিভিশনের যে পদ্ধতি তা চালু করতে হবে। তবে ইনটেনসিভ কাল্টিভেশনের পদ্ধতি অবলম্বন করলেও লক্ষ লক্ষ চাষী বেকার থেকে যাবে। একটা হিসাবে দেখতে পাচ্ছি বাংলাদেশে ৩২ লক্ষ কৃষিজীবী, তার মধ্যে ৯ লক্ষ লোকের ৫ একর করে জমি আছে, ৮ লক্ষ পরিবারের ২ একর পর্যন্ত জমি আছে এবং ৭ লক্ষ পরিবারের কোন জমিজমা নেই। এই ৭ লক্ষ ভাগচাষী। এইভাবে চাষীদের মধ্যে বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে যার ফলে আমরা বরাবর বলে এসেছি যে ভূমি সংস্কারের সঙ্গে সঙ্গে শিল্পে ব্যবস্থা করতে হবে বিশেষ করে কুটির শিল্পে এবং সম্ভব মত দেশের ভিতর বড় শিল্পও তাড়াতাড়ি গড়ে তুলতে হবে। এইভাবে একটা কনসোলিডেটেড প্ল্যানিং-এর মাধ্যমে শিল্প উন্নয়ন এবং কৃষি উন্নয়ন অর্থাৎ ইনটেনসিভ কাল্টিভিশনের ব্যবস্থা যদি রাখা যায় তাহলে আমরা তাড়াতাড়ি আমাদের লক্ষ্যের দিকে এগিয়ে যেতে পারবো। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এছাড়া অন্য দিকে আমরা দেখছি যেটা সবচেয়ে সর্বনাশা ব্যাপার বাজেটে সেই বিষয়ের কোন উল্লেখ নেই, সেটা হল এই যে সম্প্রতি আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীনন্দ বলেছেন আজকে আমাদের প্রশাসনিক যন্ত্রের শতকরা ৫ ভাগ দুর্নীতি রয়েছে। তিনি আরো বলেছেন তিনি এক বৎসরের মধ্যে এই দুর্নীতি দূর করবেন। কেন্দ্রীয় সরকার যেখানে পরিষ্কারভাবে বলছেন এবং দুর্নীতি দূর করবার জন্য একটা পন্থা বের করেছেন বাংলাদেশের বাজেটেও আমরা আশা করেছিলাম দুর্নীতি দূর করবার জন্য একটা নীতির কথা, একটা কর্মপন্থার কথা তাঁরা ঘোষণা করবেন। কোটি কোটি টাকা এই দুর্নীতির ফাঁক দিয়ে তলিয়ে যাচ্ছে......

[3-30—3-40 p.m.]

কোটি কোটি টাকা ঢালুন না কেন তাতে চোরাকারবারীরা, দুর্নীতিবাজ অফিসাররা তাদের পকেট ভরবে, বিলাস ব্যসনে তাদের কুৎসিত কামনা চরিতার্থ করবে। বাংলাদেশের চাষী, গরীব এবং মধ্যবিত্তের বুকের রক্ত জল করে যে টাকা রাজকোশে জমা হয়েছে সেই টাকা লুটপাট করে তারা শেষ করে দেবে, দেশের মানুষের মঙ্গলের জন্য আপনারা সেই টাকা খরচ করতে সক্ষম হবেন না। আমরা আশা করেছিলাম ভুবনেশ্বর কংগ্রেসে যে সমাজবাদের ভিত্তির কথা ঘোষণা করেছিলেন এবং সেখানে স্বরাষ্ট্রমন্ত্রী নন্দ দুর্নীতি সম্পর্কে যে সুস্পষ্ট কথা বলেছিলেন সেটা দূর করবার জন্য আপনারা কর্মপন্থা গ্রহণ করবেন। কিন্তু আমরা যাঁরা বামপন্থী এবং ডান পন্থী আছি এবং এছাড়া দেশ সম্বন্ধে যাঁরা অল্প বিস্তর চিন্তা করেন তাঁরা তা লক্ষ্য করে নি

যে, দুর্নীতি দূর করা সম্পর্কে আপনারা কোন বলিষ্ঠ কর্মপন্থা গ্রহণ করেছেন। পশ্চিমবাংলা থেকে নির্বাচিত হয়ে যে সমস্ত প্রতিনিধি সেখানে প্রতিনিধিত্ব করেছিলেন তাঁরা দুর্নীতি সম্পর্কে কোন কথা বলেন নি। নন্দজী এক বছরের মধ্যে দুর্নীতিমুক্ত করবেন বলেছেন, কিন্তু তার জন্য কি কর্মপন্থা গৃহীত হয়েছে ? ভুবনেশ্বরে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার কাঠামো তৈরী করবেন বলেছেন, কিন্তু সেখানে নন্দ এবং কংগ্রেসের অন্যান্য হোমরাচোমরা নেতারা দুর্নীতি সম্বন্ধে কোন কর্মপন্থার কথা বলেন নি। কাজেই সোজা কথা বলতে চাই যে, যতই ভালভাবে করুন না কেন, শৈলবাবু যতই তথ্য দিন না কেন কিছুই হবে না। কাজেই আমরা মনে করি ভোটের জোরে দেশ শাসনের যে অধিকার আপনারা পেয়েছেন সেই অধিকার ভোগ করবার কোন অধিকার আপনাদের নেই। আপনারা ব্যক্তিগতভাবে এবং দলগতভাবে গদী পেয়েছেন, কিন্তু ভুলে যান যে দেশ সেবার জন্য আপনারা এসেছেন। সালাউদ্দীন এবং সিরাজুদ্দীনের দল আপনাদের চারিপাশে ঘোরে, হাজার হাজার টাকা চুরী করে এবং তাদের বিরুদ্ধে হাজার হাজার অভিযোগ উপস্থিত হলেও আপনারা কিছু করতে পারেন না। তাই আমি শেষ কথা বলছি যদি ভালভাবে কাজ করতে চান তাহলে সর্বপ্রথমে দুর্নীতি উৎসাদন করবার জন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে। আপনারা এ্যালোকেসন অফ ফান্ড এবং গ্র্যান্ট-ইন-এইড পাশ করে, বক্তৃতা দিয়ে বাজেট পাশ করতে পারেন, কিন্তু তাতে দেশের লোকের মঙ্গল হবে না। বামপন্থীরা চীৎকার করে বললে তাঁদের নস্যাৎ করতে পারেন, কিন্তু তাতে ফল কিছু হবে না। দেশে সম্পদ থাকতে, পরিকল্পনা থাকতে, টাকা থাকতে দেশের অবস্থা খারাপ হবে এটা ভাবতে লজ্জা লাগে। এবারে পার্লামেন্ট-এ ভারতবর্ষের মানুষের দৈনিক আয় তিন আনা কি সাত আনা তা নিয়ে আলোচনা হয় এবং ম্যাঞ্চেস্টার গার্ডিয়ান সেই খবর সারা পৃথিবীতে ছড়িয়ে দেয়। স্যার, স্বাধীনতার ১৫ বছর পর আমাদের লোকসভায় বিতর্কের বিষয় হচ্ছে আমাদের আয় ৩ আনা না ৭ আনা। যাহোক, পশ্চিমবাংলার অবস্থাও ঐ একই রকম চলছে কাজেই আমি এই বাজেটের বিরোধীতা করছি এবং আপনার মাধ্যমে কংগ্রেসের লোক যাঁরা ঐপাশে বসে আছেন তাঁদের চিন্তা করতে বলছি। তাঁরাও দেখছি এবারে মুখ খুলেছেন—মৈত্রেয়ী বসু, নেপাল রায় এবারে মুখ খুলেছেন। তবে তাঁরা যদি আরও জোরে চেপে ধরেন তাহলে দুর্নীতিমুক্ত না করতে পারলেও একটা কিছু কর্মপন্থা গ্রহণ করাতে পারবেন বলে আশা করি।

Shri Gakul Behari Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৬৪-৬৫ সালের যে বাজেট পেশ করেছেন সেটা মোটের উপর সন্তোষজনক এবং আমাদের অর্থনীতি যে সবল এবং সুস্থ পথে চলেছে সেটা তাঁর বাজেট ভাষণ থেকে প্রমাণিত হয়। আমরা দেখতে পাচ্ছি ১৯৪৮-৪৯ সালে যেখানে রাজস্ব আয় ছিল ৩২ কোটি টাকা সেখানে ১৯৬৪-৬৫ সালে সেটা বেড়ে ১৩৬ কোটি টাকা। এটা খুবই সুলক্ষণ। তারপর, আমাদের যেসব উন্নত কর্ম প্রচেষ্টা চলছে এবং বাজেটে তার যে ফিরিস্তি আছে সেটাও সুদূরপ্রসারী। তবে এসব সত্ত্বেও যে দুটি জিনিস আমাদের অর্থনীতিকে অনেকটা অক্ষম এবং পঙ্গু করছে সেই দুটি জিনিস আপনার মাধ্যমে আমি উপস্থিত করতে চাই।

একটা হচ্ছে আমাদের দেশে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি। গত ১৯৫১ থেকে ১৯৬১ সাল এই ১০ বছরের মধ্যে আমরা দেখতে পাচ্ছি ৩৩ শতাংশ লোক পশ্চিমবঙ্গে বৃদ্ধি পেয়েছে। যেখানে ১৯৫১ সালে ২ কোটি ৬৩ লক্ষ লোক ছিল আজ সেখানে সাড়ে তিন কোটি লোক হয়েছে। এটাই আমাদের অর্থনীতিকে পঙ্গু করছে। আমি মনে করি যে আমাদের অর্থনীতিকে সবল করতে গেলে ফ্যামিলি প্ল্যানিং, পরিবার নিয়ন্ত্রণ পরিকল্পনা অত্যন্ত আবশ্যক। একজন মাননীয় সদস্য বলেছেন বড়ই দুঃখের বিষয় পশ্চিমবঙ্গে পূর্ববঙ্গ হতে আগত লোকদের পুনর্বাসন দিতে হবে। সমস্ত ভারতবর্ষে যেখানে গত ১০ শতকে বৃদ্ধি পেয়েছে শতকরা ২১ ভাগ আমাদের পশ্চিমবঙ্গে বৃদ্ধি পেয়েছে শতকরা ৩৩ ভাগ। এটা ভাববার বিষয়, এটা লাইট হার্টেডলী উড়িয়ে দেবার বিষয় নয়। আমি বলি আমাদের সরকার যেন পরিবার নিয়ন্ত্রণের দিকে বিশেষ নজর দেন।

আর একটা জিনিস যেটা আমাদের অর্থনৈতিক অক্ষম এবং পঙ্গু করছে সেটা হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধি, এই দ্রব্যমূল্য বৃদ্ধির বহু কারণ আছে। তার মধ্যে আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন

যেহেতু আমাদের ধান চাল উৎপাদন কমেছে, সেই কারণে আমাদের দ্রব্যমূল্য বাড়ছে। সেজন্য গত দু বছরে যেখানে আমাদের জাতীয় আয় বৃদ্ধি হওয়া উচিত ছিল ৫ পার্সেন্ট আজকে সেটা হয়েছে ২.৫ পার্সেন্ট, এই মূল্যের স্থিতিশীলতার দিকে আমাদের বিশেষভাবে নজর দিতে হবে সে বিষয়ে সন্দেহ নাই। তারপর আর একটা বিষয়ে আমাদের গুরুত্ব দেওয়া দরকার বলে মনে করি। যখন দ্রব্যমূল্য বৃদ্ধির উপরই অন্যান্য জিনিসের মূল্য নির্ভর করে তখন সেচের ব্যবস্থার জন্য আমাদের বিশেষভাবে চেষ্টা করা দরকার সে বিষয়ে সন্দেহ নাই। সেচের বড় বড় পরিকল্পনা আছে আবার ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনাও আছে। আমার মনে হয় একটা সময় নির্দিষ্ট করে ১০-১২ বছর কি এই সময়ের মধ্যে যাতে আমাদের সেচের এমন ব্যবস্থা হয় যাতে কৃষি জমিতে জলের কোন অভাব না থাকে, এবং তার জন্য যদি বিশেষ কোন কর ধার্য করতে হয় তাও করা আবশ্যক। কেন না তার উপর আমাদের সমস্ত জিনিস নির্ভর করে। আর একটা জিনিস আমি মনে করি করা দরকার। সেটা হচ্ছে ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প করা এবং তাতে বিদ্যুৎ সরবরাহ করা। আমরা অনেক ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠা করতে পারি, যেমন সাবানের কারবার, যেমন প্লাস্টিকের কারবার, এ্যালুমিনিয়মের জিনিস, লৌহ নির্মিত জিনিস এই সমস্ত শিল্প যদি গ্রামে প্রসার করতে হয় তাহলে আজকাল তড়িৎ শক্তির বিশেষ আবশ্যক।

[3-40—3-50 p.m.]

আমাদের এস্টিমেট কমিটি তাঁদের দ্বিতীয় রিপোর্ট দিয়েছেন। তাতে তাঁরা দুঃখ প্রকাশ করেছেন যে আমাদের বিদ্যুৎ শক্তি বৃদ্ধির পরিকল্পনা আছে তা বিশেষ কাজ হচ্ছে না এবং তাঁরা সেখানে বলছেন যে গ্রামে বিদ্যুৎশক্তি যাতে শীঘ্র প্রচলিত হয় সে বিষয়ে লক্ষ্য রাখা দরকার। আমার মনে হয় কৃষি জমির জন্য যেমন জলসেচের আবশ্যক তেমনি গ্রামে গ্রামে ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প প্রসারের জন্য তড়িৎ শক্তির আবশ্যক। গণতান্ত্রিক সমাজতান্ত্রিক বিষয় নিয়ে বিরোধীদল অনেক উপহাস করেছেন এবং কংগ্রেসী সমাজতন্ত্র বলে ব্যঙ্গ করেছেন। সমাজতন্ত্রের কি আদর্শ তাঁদের সামনে আছে আমি জানি না, যদি রাশিয়া কিম্বা চায়নার সমাজতন্ত্র তাঁদের সম্মুখে থাকে তাহলে আমি একথা বিশেষভাবে বলতে চাই যে আমরা গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা বলছি তাতে আমরা গণতন্ত্রের উপর বিশেষভাবে জোর দিচ্ছি। এই কারণে যে, আজ গোপনীয় নয় যে রাশিয়ায় লোকের বাক স্বাধীনতা না পাবার জন্য কি দুর্গতি হয়েছে এবং আজকে মিঃ ক্রুশেভ এ বিষয়ে কিছু সজাগ হয়েছেন বলে আমার মনে হয় এবং আস্তে আস্তে বাক্ স্বাধীনতা তুলবার চেষ্টা হচ্ছে। আজকে মিঃ ক্রুশেভ মুক্তকণ্ঠে স্বীকার করেছেন যে তাঁরা কৃষি ব্যবস্থার উন্নতি করতে পারেন নি এবং আজ তাঁদের গম সংগ্রহীত করতে হচ্ছে আমেরিকার কাছ থেকে। আমি অবশ্য কমিউনিস্ট রাশিয়ার নিন্দা করছি না—আমার বন্ধুদের এ বিষয়ে আতঙ্কিত হবার কারণ নেই। রাশিয়া আমাদের পরম বন্ধু। আমি একথা বলতে চাই যে গণতন্ত্রের দিকে লক্ষ্য না রেখে যদি একনায়কত্ব আনা হয়, জোর করে সমতা আনা হয় তাহলে তা-যে স্বার্থক হবে না সে বিষয়ে চীনের নিদর্শন আমাদের সামনে রয়েছে। সেজন্য আমরা একটু মন্থরগতিতে অগ্রসর হচ্ছি, কিন্তু সেটা মঙ্গলের জন্যই হবে।

Shri Jamini Bhusan Saha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের বাজেটে নূতন একটা জিনিস দেখলাম তা হল রবীন্দ্রনাথের কবিতা নিবেদন করে শৈলবাবু বাজেট বক্তৃতা শেষ করেছেন। রবীন্দ্রনাথের কাব্য প্রতিভা এমনই গঙ্গাজলের মত পবিত্র তিনি তাই ভেবে কাব্যের ২।১টা কলি তুলে দিয়ে বাজেটের পচা কলা, নৈবেদ্য অপবিত্র একটু গঙ্গা জল ছিটিয়ে দিয়ে ব্যবহার করবার চেষ্টা করছেন ও এ ধোঁকাবাজিটা আমাদের কাছে টিঁকিয়ে রাখবার চেষ্টা করেছেন কিন্তু আসলে তা পারেন নি। এই বাজেট দেউলিয়াপনা কতখানি, এটা শুধু আজকে নয়, এটা ক্রমাগত ১৫।১৬ বৎসর ধরে দেখে আসছি। এটা আমাদের কথা নয়। প্রথম, দ্বিতীয় ও ৩নং পরিকল্পনায় আমরা প্রশংসা শুনে আসছি, আমরা শুনছি যে আমরা গণতান্ত্রিক সাম্রাজ্যবাদ কায়েম করছি। কিন্তু তাদের এই কথা হাটে-হাঁড়ি ভেঙ্গে দিয়েছেন একজন প্রবীণ কংগ্রেস সদস্য। গত ২৪এ ফেব্রুয়ারী তারিখে তিনি রাজ্যসভার প্ল্যানিং-এর উপর যে ভাষণ দিয়েছেন তাতে তিনি এই কথা বলেছেন এই যে প্ল্যানিং-এ

গ্রামের গরীবের অর্থে আমরা দেশের পুঁজিপতিরা শক্তিশালী হচ্ছি, কৃষিতে যে টাকা ঢালা হচ্ছে তা সম্পূর্ণ আন প্রডাকটিভ। এটা কোন কমিউনিস্টদের কথা নয়, এটা প্রবীণ সদস্য কে সান্তানাম এম পি তিনি গত ২৪এ ফেব্রুয়ারী তারিখে তার ভাষণে এই কথা বলেছেন, এতে সংবাদপত্র জগতে অনেকে আশ্চর্য হয়ে গেছেন যে কি করে এই কথা বললেন। অর্থাৎ আজকে যে বাজেট পেশ করেছেন সে বাজেট সম্পূর্ণ পুঁজিপতিবাদকে শক্তিশালী করার দিকে লক্ষ্য রেখে করা হয়েছে পুঁজিপতি রাষ্ট্র তারা সব সময় চেষ্টা করেন অঙ্ক দিয়ে প্রচার কার্য করবার, যে সমাজের কতটা অগ্রসর হল না হল। ঠিক তেমনি শৈলবাবু বাজেট পেশ করার সময় বৃথা বোঝাবার চেষ্টা করেছেন যে, ৩২ কোটি টাকা থেকে ১৩৬ কোটি টাকা রাজস্ব আদায় বৃদ্ধি পেয়েছে। ১৯৪৮ সাল থেকে আজ ১৯৬৪ সাল এ পর্যন্ত। কিন্তু প্রচ্ছন্ন ভাবে লুকিয়ে রেখেছেন যে এই রাজস্বের মধ্যে ৬০ কোটি টাকার আবগারী ট্যাক্স ও সেল ট্যাক্স যা নাকি জনসাধারণকে অপ্রত্যক্ষভাবে দিতে হয়, সে ট্যাক্স-এর মধ্যে রয়েছে এবং সে ট্যাক্স-এর কথা চাপা দেবার চেষ্টা করেছেন। ১৯৪৮ সাল হতে আজকে ১৯৬৪ সাল এত বৎসরের মধ্যে মুদ্রাস্ফীতি হয়েছে প্রচুর, ১৯৪৮ সালে যা ছিল টাকার মূল্য আজকে মুদ্রাস্ফীতিতে তা বেড়েছে তা তিনি গোপন করবার চেষ্টা করেছেন ধোঁকা দেবার চেষ্টা করেছেন, যে বাংলাদেশের অর্থনীতি অগ্রসর হচ্ছে, কিন্তু, আসলে এ বলে ধোঁকা দেওয়া যাবে না। এই জন্য টার্মস অফ মানি বিষয়ে বলেছেন। কিন্তু প্রকৃত ঘটনা কি কানাইবাবু আগেই তা বলে গেছেন। কৃষি উৎপাদন বাড়ে নি, কয়লা বাড়ে নি, চা উৎপাদন বাড়ে নি, কাপড়ের ভাল কাজ হচ্ছে না। জাতীয় আয় বৃদ্ধির যে হার তা কমেছে। ৫ পার্সেণ্ট যেখানে বাড়ার কথা সেখানে আড়াই পার্সেণ্ট বেড়েছে এবং মাথাপিছু শতকরা ০·৩ পার্সেণ্ট কমেছে।

[3-50—4-20 p.m.]

এবং শিল্পে বৃদ্ধি প্রয়োজনের তুলনায় বাড়ে নি। এখন এই হোল এক উল্টো চরিত্র। এটা আসল চরিত্র নয়। এটা কেন হয়? কালকে মাননীয় সদস্য শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্র আমাদের হরেকৃষ্ণ কোনার মহাশয়কে সমালোচনা করতে গিয়ে দুটি দিক দেখবার চেষ্টা করেছেন। প্রথম একটা হোল এই যে আমরা বলতে চাই যে যে রাষ্ট্র পুঁজিবাদী রাষ্ট্র, আমরা জানি এই বুর্জো ডেভেলপমেণ্ট পুঁজিবাদের বিকাশ সেই বিকাশ আজকে করতে পারে না। তার শেষ ফ্রান্সের বিপ্লবের পর থেকে যারা কোনদিন গণতান্ত্রিক বিপ্লব বুর্জো শ্রেণী কোনদিন বিপ্লব সফল করতে পারে নি। এখানে দেখছি যে এই যে পুঁজিবাদের দিকে যে আমাদের রাষ্ট্র চলেছে তার প্রথম কথা হোল যে গণতন্ত্রের মূল কথা হোল জমিদারী উচ্ছেদ এবং বিদেশী মূলধন উচ্ছেদ ; তার কিছুই হয় নি। তিনি আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যে বিদেশী পুঁজি প্রত্যেক দেশে নয়—প্রত্যেক ডেভেলপমেণ্ট কাণ্ট্রি তারা বিদেশী পুঁজি নিচ্ছে—এতে আমাদের ভাববার কারণ কি এবং চীন তো সোভিয়েটের কাছ থেকে নিয়েছে—আমরা এখন নিচ্ছি তাতে আপনাদের গাত্রদাহ কেন? কিন্তু আসলটাকে সম্পূর্ণভাবে ঢেকে দিয়েছেন। বিদেশী পুঁজি ভারতবর্ষে প্রবেশ করছে এবং ক্রমশ বাড়ার দিকে। আর একটা একটা আসছে স্টেট সেক্টার—অর্থাৎ বিদেশী সাহায্য। আমাদের দেশে বিদেশী পুঁজি ব্যক্তিগত ক্ষেত্রে আসছে—এখানে খাটিয়ে সাধারণ মানুষের কাছ থেকে যে মুনাফা লুটে নিচ্ছে এবং তাতে তারা একটা অংশ দেশে পাঠিয়ে দেয় আর একটা অংশে এখানে তারা বেশ আরাম করছে। যার জন্য আমেরিকান ক্যাপিটাল পশ্চিম জার্মানীতে খাটিয়ে তারা পায় ১০ পার্সেণ্ট আর ভারতবর্ষ সেখানে পাচ্ছে ২০ পার্সেণ্ট। এটা কাদের রক্ত—আজকে জনসাধারণের উপর এই যে শোষণ ক্রমান্বয়ে দিনের পর দিন বাড়ছে কিনা দেখুন। অপর দিকে আমরা দেখেছি যে স্টেট সেক্টরে—এটা যদি কথা হোত যে চীন এবং সোভিয়েট দেশের সঙ্গে তুলনা করি এবং স্টেট সেক্টরে যদি এটা হোত তাহলে আমরা ১০ পার্সেণ্ট আমাদের যে টোট্যাল ইনভেস্টমেণ্ট আমরা পেতে পারতাম। প্রথম পরিকল্পনায় আমাদের বিদেশী পুঁজি ছিল ১০ পার্সেণ্ট আর দ্বিতীয় পরিকল্পনায় হোল ২০ পার্সেণ্ট, টোট্যাল যে ইনভেস্টমেণ্ট, তৃতীয় পরিকল্পনায় এসে দাঁড়ালো ৪০ পার্সেণ্ট। অর্থাৎ কিনা আজকে আমাদের দেশ যে অর্থনৈতিক স্বাধীনতার কথা বলছে সেটা ক্রমান্বয়ে বিদেশী মূলধনের উপর চলে যাচ্ছে। আমরা যদি দেখতাম ফার্স্ট প্ল্যানের পরে যদি আমরা দেখতাম সেখানে ফাইভ পার্সেণ্ট কমেছে, তাহলে সে ক্ষেত্রে সেটা যদি ৩ পার্সেণ্টে

পরিণত হোত তাহলে আমরা বলতাম ইকনমিকে আমাদের দেশ নিজের পায়ে দাঁড়াচ্ছে। তা হচ্ছে না। সাম্রাজ্যবাদ আমেরিকার আর ব্রিটিশের কাছে আমাদের মাথা হেঁট হচ্ছে। এতে তারা বলছেন কাশ্মীরের ব্যাপারে আমরা তাদের স্বীকার করছি না—এতো আমাদের মধ্যে নেই এবং আমার কথা হচ্ছে এই যে ভারত মহাসাগরে সপ্তম নৌবহরের উপস্থিতি সম্পর্কে ভারতবর্ষে যে প্রতিবাদ ওঠা উচিত ছিল, সাউথ-ইস্ট এশিয়ার জনসাধারণের মধ্যে যে বিক্ষোভ উঠেছিল, তা ওঠে নি তাই আজ ভারতবর্ষের সম্মান নীচু হয়ে গিয়েছে, আমরা তেমনভাবে প্রতিবাদ করতে পারি নাই। সুতরাং কালকে প্রতাপবাবু যে কথা বলেছেন সেই প্রসঙ্গে বলতে গিয়ে আমি এইটুকুই শুধু বলতে চাই যে বাংলাদেশের অর্থনীতির সঙ্গে রাজনীতির স্ট্রীং আছে সে কথা ভুললে চলবে না। আমাদের দেশে যে অর্থনীতি গড়ে উঠেছে তার সঙ্গে রাজনীতি ওতঃপ্রোতভাবে জড়িত। ২৪এ ফেব্রুয়ারী তারিখে তিনি বলেছেন আমাদের দেশে যে পুঁজিবাদী রাষ্ট্রের কাঠামো রয়েছে তার মধ্যে দিয়ে আমাদের বেকার সমস্যার সমাধানের দিকে স্টেপ বাই স্টেপ এগিয়ে যেতে হবে এবং এই স্টেপ বাই স্টেপ এগিয়ে যাওয়ার নমুনা হচ্ছে এই প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে যেখানে বেকারের সংখ্যা ছিল ৫০ লক্ষ, স্টেপ বাই স্টেপ এগিয়ে গিয়ে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেই সংখ্যা এসে দাঁড়িয়েছে ৯০ লক্ষে। এইভাবে ওঁরা স্টেপ বাই স্টেপ বেকার সমস্যার সমাধান করছেন। সুতরাং এক দিকে বেকারের সংখ্যা দিন দিন বাড়ছে, দিনের পর দিন জিনিসপত্রের দাম বাড়ছে এবং শিল্পায়নের ক্ষেত্রেও আমরা এইভাবে আজকে সমস্ত দিক দিয়ে পিছিয়ে পড়ে যাচ্ছি। যতক্ষণ পর্যন্ত না এই সামন্ততন্ত্র আমরা উচ্ছেদ করতে পারছি ততদিন কৃষিক্ষেত্রে কোন অগ্রগতি হতে পারে না, যতক্ষণ পর্যন্ত না বিদেশী পুঁজি বাজেয়াপ্ত না করতে পারছি এবং সাম্রাজ্যবাদী যে সমস্ত দেশের পুঁজি আমাদের দেশে আজ পর্যন্ত অব্যাহত রয়েছে সেই পুঁজি এবং সেই বৈদেশিক শাসন যতদিন না আমরা দূর করতে পারছি ততদিন আমাদের দেশে স্বাধীনভাবে শিল্প পত্তন ও শিল্প উৎপাদন হতে পারে না, দেশের বেকার সমস্যার সমাধান হতে পারে না। এইভাবে স্টেপ বাই স্টেপ উন্নতির দিকে আমরা যাচ্ছি আপনি জানেন, স্যার, ভুতের পা পিছনের দিকে চলে, আমাদেরও উন্নতির দিকে সেইরকম চলা। অর্থাৎ স্টেপ বাই স্টেপ আমাদের অধোগতি হচ্ছে। আজকে তাই আমার কথা হচ্ছে আমাদের এই গণতান্ত্রিক সমাজবাদী ব্যবস্থায় ট্যাক্সে কথাটাই যদি আমরা প্রথমে ধরি তাহলে বাংলাদেশের অবস্থাটা কি আমরা দেখতে পাই। বাংলাদেশের অবস্থাটা হল এই যে, ইকনমিক রিভিউ থেকেই আমি দেখছি আমরা ট্যাক্স দিই ১৬·২, আর উপকার পাই ১৭·৬। বিহার দেয় ১৩·২ আর উপকার পায় ১২·০। মাদ্রাজ দেয় ১৪ পার্সেণ্ট আর উপকার পায় ২১। উত্তরপ্রদেশ দেয় ৯ আর উপকার পায় ১৩। এই যে আমরা বাংলাদেশে ১৫ টাকা দিই এটাও আসলে সত্য কথা নয়, ১৫ টাকার চেয়ে অনেক বেশী আমরা দিই, এখানে সেণ্ট্রাল ট্যাক্সের কথা ধরা হয় নি, ওটা ধরলে দাঁড়ায় প্রায় তিন গুণ। তাহলে আমাদের মাথা পিছু ৪৫ টাকা ট্যাক্স দিতে হয় এবং তার রিটার্ন আমরা পাই ১৭ টাকা। তাহলে মোট কথা দাঁড়াচ্ছে এই, এই পুঁজিবাদী রাষ্ট্রে অন্যান্য প্রদেশের চেয়েও যে টাকা আমরা বেশী দিচ্ছি তার রিটার্ন আমরা পাচ্ছি না। সুতরাং সেদিক থেকে এই বাজেটকে গণতন্ত্রসম্মত সমাজবাদী বাজেট বলে গর্ব করার কিছু নেই। মাননীয় স্পীকার মহাশয়, এই গণতান্ত্রিক সমাজবাদী রাষ্ট্রের দু-একটি কথা বলেই আমি আমার কথা শেষ করছি যে, গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় কৃষক বিনামূল্যে জমি পায় না যেখানে বেকার সমস্যা দিন দিন বেড়ে যায়, যেখানে জাতীয় আয় বাড়ে না, যেখানে মুনাফাখোরেরা লুটপাট করে খায় যেখানে জিনিসপত্রের দাম দিনের পর দিন বেড়ে যায় সাধারণ মানুষের নাগালের বাইরে সেই গণতান্ত্রিক সমাজবাদ যে একটা ধাপ্পা মাত্র সেই কথা মানুষের বুঝতে আর আজকে বাকি নেই এবং এইরকম সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থার বুলি আউড়িয়ে মানুষকে আর ভোলান যাবে না। আমি মনে করি এই বাজেট পুঁজিবাদী বাজেট এবং এই বাজেট আমাদের রাষ্ট্রের কল্যাণের জন্য নয় এবং পুঁজিবাদী রাষ্ট্রের যে ফল তা আমাদের ভোগ করতেই হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment.]

[4-20—4-30 p.m.]

Shri Hrishikesh Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি এই কারণে যে আমাদের দেশে স্বাধীনতার পরে বিভিন্ন বিষয়ে যে উন্নতি হয়েছে সে সম্পর্কে বাংলাদেশের জনসাধারণ আজকে অবগত আছেন। লোকসংখ্যা বৃদ্ধির জন্য আজকে প্রত্যেক অঞ্চলে কিছু কিছু সমস্যা বৃদ্ধি হয়েছে সেকথা ঠিক এবং আমাদের দেশে আজকে আরো উন্নতির প্রয়োজন রয়েছে, আমাদের আরো অগ্রগতি হওয়া প্রয়োজন। বিরোধী পক্ষ থেকে এইরকম সমালোচনা করা হয়েছে যে, পরিকল্পনা জনগণের মধ্যে কোন উৎসাহের সৃষ্টি করে নি। বিরোধী পক্ষের বন্ধুগণ সকলেই এই কথা বলছেন যে আজকে মানুষের মধ্যে একটা নৈরাশ্যের সৃষ্টি হয়েছে এবং ও'রা বাজেটের সমস্ত দিকেই অবনতির লক্ষণ দেখতে পাচ্ছেন। আজকে যদি জনসাধারণের মতামত নির্ধারণ করবার জন্য কোন উপায় অবলম্বন করা যেতো তাহলে তাঁরা দেখতে পেতেন যে সত্যিকারের আমাদের অগ্রগতি ব্যাহত হয় নি বরং আরো বেশী অগ্রগতির সম্ভাবনা দেখা দেবে বাংলাদেশের জনসাধারণের মধ্যে। আজকে আমাদের দেশের অগ্রগতির জন্য যেসমস্ত বিশেষ বিশেষ পরিকল্পনা আমরা এই বাজেটে দেখতে পাচ্ছি তাতে সমস্ত বাংলাদেশের গ্রামে গ্রামে সমাজতন্ত্র প্রতিষ্ঠার পথ সুগম করবে এবং প্রত্যেক মানুষকে সমান সুযোগ-সুবিধা দেবার জন্য আমাদের বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের প্রচেষ্টাও চলছে। যাতে প্রত্যেক শ্রেণীর মানুষ সমান সুযোগ সুবিধা লাভ করতে পারে সেদিকেই লক্ষ্য রাখা হয়েছে।

আমাদের গ্রামে যেসব গ্রাম সেবক তৈরী করা হয়েছে তাঁদের উপর যে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার প্রগতি নির্ভর করছে সেটা সরকারের অবহিত হতে হবে। স্বাধীনতার পর বাংলাদেশে সরকারের লক্ষ্যণীয় বিষয় হচ্ছে অর্থনৈতিক পরিকল্পনার মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়ন যদিও পরিকল্পনা করা হয়েছে এবং কোন কোন জায়গায় সামগ্রিকভাবে উন্নতি হয়েছে, কিন্তু সুদূর পল্লীগ্রামের ক্ষেত্রে অনেক জায়গায় অবহেলা দেখা যাচ্ছে। আমি মনে করি এই সমস্ত অবহেলা কারণ ব্যাপকভাবে অনুসন্ধান করা উচিত। স্যার, পল্লী উন্নয়ন আমরা করছি, কিন্তু বাংলাদেশের দূরবর্তী এমন অনেক অঞ্চল আছে যেখানে আমাদের চোখ পড়ে না এবং এই অবহেলার ফলে সেখানকার মানুষ আমাদের এই অগ্রগতি উপলব্ধি করতে পারে না। সেইজন্যই আপনার মাধ্যমে সরকারের কাছে বলছি যে, একটা অনুসন্ধান কমিটি করা হোক। সমগ্র অঞ্চলে পরিকল্পনার মাধ্যমে উন্নতির যে চেষ্টা করা হচ্ছে তাতে আমার বক্তব্য হচ্ছে যে অঞ্চলে যে যে সমস্যা আছে সেগুলি অবহেলা না করে তার প্রতি যেন দৃষ্টি দেওয়া হয় এবং সেই কমিটি অনুসন্ধান করে যে রিপোর্ট দেবেন তাকে ভিত্তি করে সেখানকার অবহেলিত সমস্যাগুলি সমাধান করবার জন্য যেন অগ্রাধিকার দেওয়া হয়। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই এগ্রা থানায় ৫০ হাজার কৃষক পরিবার এক দুর্গত অঞ্চল দুবদা, বেসিনে বাস করে। সেখানে জলনিকাশ ব্যবস্থা, ক্যানেল ব্যবস্থা অত্যন্ত খারাপ হয়ে রয়েছে, খালগুলো হাজা, মজা হয়ে রয়েছে এবং প্রতি বছরই ফসল নষ্ট হয়ে যাচ্ছে। বর্তমান বছরে যদিও কিছু ফসল হয়েছে, কিন্তু কৃষকদের মধ্যে নৈরাশ্য রয়েছে। এই নৈরাশ্য দূর করতে হবে। তারপর, ঘাটুয়া, বর্তানা, নেগুয়া, কুদি, আখগ্যারা, জুকি প্রভৃতি অঞ্চলে যে সমস্ত ক্যানেল রয়েছে সেগুলি সব হাজা মজা হয়ে রয়েছে, জল নিকাশ হচ্ছে না এবং তার ফলে সেখানে ফসলহীন হচ্ছে। চারিদিকে হাহাকার এবং দেড় লক্ষ লোকের সর্বহারা ভাব। তারা ফসল তৈরী করে সেই ফসলের অধিকারী হতে পারছে না, কাজেই এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, আমাদের কাঁথী মহকুমায় ১০ লক্ষ লোকের বাস, কিন্তু একটি মাত্র কলেজ আছে। আমাদের বহু প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে, মাধ্যমিক বিদ্যালয়ও অনেক বেড়েছে, কিন্তু উচ্চশিক্ষার ক্ষেত্রে ১০ লক্ষ লোকের জন্য একটিমাত্র কলেজ—কাঁথী কলেজ। এগ্রার সমস্ত বিশিষ্ট নেতৃবর্গ এবং সরকারী কর্মচারীদের প্রচেষ্টায় এগ্রা কলেজ স্থাপন করবার চেষ্টা চলছে—জমি নেওয়া হয়েছে এবং টাকাকড়িও প্রচুর সংগৃহীত হয়েছে। কাজেই এই কলেজটি যাতে স্থাপিত হয়

তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, আমাদের বিভিন্ন বিষয়ে অনগ্রসরতা রয়েছে এবং জলাভাব বা দৈবদুর্বিপাক কৃষকদের সর্বস্বান্ত হচ্ছে। কাজেই আমি মনে করি কৃষকদের জন্য বীমা পরিচালনার ব্যবস্থা করতে পারলে এবং ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে বীমা পরিচালনা ব্যবস্থা করতে পারলে সরকারের উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়িত হবে। আজকে যে নৈরাশ্যের ভাব সৃষ্টি হয়েছে তার সুযোগ বামপন্থীরা নিচ্ছেন। তাঁদের আলোচনা শুনলে মনে হয় তাঁরা প্রত্যেকেই নেতা হয়েছেন। মফঃস্বলের সকল শ্রেণীর লোক অবহেলিত সমস্যাগুলির সমাধানের কথা বলছেন। এ বিষয়ে সরকারের অবিলম্বে সচেষ্ট হওয়া প্রয়োজন।

[4-30—4-40 p.m.]

Shri Badri Prasad Poddar: Mr. Speaker, Sir, to my mind the speech made and the budget presented by the Finance Minister provided an optimistic call for hectic activities in the next year for achieving better results. This is particularly significant and timely because of the uncanny feelings of stress and strain all round. I would congratulate the Finance Minister, Mr. Mukherjee, for his very realistic and candid observation that "slogans and loudspeakers urging greater and greater efforts on behalf of the State have their limitations".

He has rightly focussed the magnitude of the task before us all in the State, projecting an investment requirement of Rs. 2,015 crores at 1955-56 prices during the decade 1961 to 1971. This means that to meet the hydro-headed problems of the State, this order of investment is necessary during the Third and the Fourth Plan periods. In such an order of investment, the State Government would be required to increase its own investment from Rs. 68 crores in the First Plan, Rs. 148 crores in the Second, and an expected Rs. 320 crores in the Third to Rs. 700 crores in the Fourth Plan. This will have to be in addition to a projected Central Government's direct investment in West Bengal of the order of Rs. 638 crores and a private sector investment of well over Rs. 800 crores or so. We, in this House, must take serious note of the order of efforts that will be necessary, and I share the optimism of the Finance Minister that resources may not be the major problem, if we can all put our shoulders to the wheel without frictional wastages of ideology and "ism".

In this context, Sir, I cannot help commenting that, to my knowledge, there has not been as yet any effort in the State to estimate the share that West Bengal has been able to obtain in the aggregate private sector investment during he period of the first two Plans or what may be the possible investment during the current Plan. I am told that Maharashtra could attract 19 per cent. of the aggregate private sector investment of roughly Rs. 3,300 crores, i.e., Rs. 627 crores and the State will be attracting 20 per cent. of the projected private sector investment of Rs. 4,100 crores, i.e., Rs. 820 crores during the current Plan. We are breaking our nerves and fighting with the Planning Commission to increase the size of the State Plan from Rs. 250 crores to as nearly as possible to our original estimate of Rs. 341 crores. Have we, Sir, shown equal concern for attracting sizeable portion of the private sector investment of Rs. 4,100 crores? It is said that industries and business attract business. Why then West Bengal could not or cannot attract some 15 per cent. to 20 per cent. of this projected investment which can bring Rs. 600 to Rs. 700 crores of investment in the State? We must remember here that even now West Bengal accounts for roughly 22 per cent. to 23 per cent. of the aggregate industrial output of the country and in some industries the percentage will exceed 75 to 80. This position certainly does not warrant our lagging behind the other industrial areas like Maharashtra and Madras which have attracted

larger proportion of private capital and larger flow of assistance from the financial institutions like the ICICI/or IFC or SIC's. Lesser number of industrial licenses, relative sliding down in the share of company capital or inter-State trade need more realistic probe by us here and by our State Government. Through you, Sir, I would appeal to all sections of my colleagues in the House to seriously ponder over the one sentence that I have quoted from Mr. Mukherjee's speech that may really provide a clue to a more realistic understanding of the situation.

Sir, I am all out to support the public sector programmes in the State, whether of the State Government or of the Central Government. In fact, I would join the Finance Minister in asking for establishment of a few public sector enterprises in Durgapur, Haldia and other places. Of the total of 160 Government companies in 1962-63, with a paid-up capital of Rs. 786 crores, West Bengal had only 8 in number with a paid-up capital of Rs. 20.53 crores as against Maharashtra with 15 and Rs. 35 crores, Madras with 4 and Rs. 84 crores, and Mysore with 14 and Rs. 43 crores. But I would like to stress that most of the public sector enterprises are capital-intensive and cannot be expected to meet the serious unemployment problem unless such enterprises generate and invigorate thousands of other medium and smaller enterprises.

I am glad that the Government have decided to set up an Advisory Organisation with representatives of Government and the Industry for constantly reviewing the industrial prospects of this State. It is stated in the Economic Review that the organisation should "considerably help private enterprise in this State in the matter of removal of various difficulties that are being experienced at present in respect of setting up of new industries and maintenance and expansion of existing industries". I would pray for godspeed to this organisation. Let it not go the way of some such similar bodies that were formed before. In the order of things that we have, the State Government has to play a vital role in the promotion of new industries by the enterprises, and if our State organisations cannot function, as speedily as their counterparts in other States, we cannot expect to have more of industries here. I would pine for more effective coordination and collaboration between our State Government and the business enterprises in the State. This has to be based on greater understanding.

Sir, I have spoken of a bold Budget. By totalling up the figures from the Budget papers, and the White Book, I find that Shri Mukherjee has projected a Plan investment of roughly Rs. 77 crores in the Fourth Plan besides Rs. 12 crores on Centrally sponsored schemes. The magnitude of organisational gearing-up that would be necessary will be clear if we remember that the investment of the Plan programmes was Rs. 39 crores in 1961-62 and Rs. 50.40 crores in the next year. The Revised Budget for the current year estimates an investment of Rs. 70.60 crores. The performance in spending may be relatively better than in other States as has been referred to by the Finance Minister. It may be 64.7 per cent. of Rs. 250 crores, i.e. the original Plan investment approved by the Planning Commission, but if we refer to the State Plan provision of Rs. 293 crores, as mentioned in the White Book, it will be seen that the expenditure would work out to 55 per cent. in the first three years, even if we assume that the revised figures for the current year prove true. As against such an expenditure performance, 26 per cent. of the total is proposed to be spent in the fourth year. In fact, I may mention that in agricultural programmes, the aggregate expenditure of three years would be Rs. 15.48 crores and the Budget figure for the next year is Rs. 15.85 crores. The expenditure on certain other items like roads, village and small industries, housing and technical education are proposed to be very much pushed up during the

fourth year. For small industries, the Budget provides for Rs. 1.78 crores as against the Revised Estimate for roughly half of that amount for the current year. The expenditure on housing is proposed to be pushed up to Rs. 2.56 crores against an expenditure of Rs. 1.61 crores in 1962-63 and Rs. 1.69 crores in the current year. On technical education shown under the Industries head, the expenditure is proposed to be pushed up to Rs. 27 lakhs in the fourth year as against Rs. 14.8 lakhs in the current year and Rs. 4.95 lakhs in 1962-63.

I would suggest that there should be continuous and careful watch on the progress made almost every month to bring a new sense of urgency and purpose in us all.

We are certainly grateful to the Finance Minister for referring to the problems of greater Calcutta which he has rightly characterised as "staggering". Though belated, we are expecting soon the completion of the Calcutta-Dum Dum super-highway and would like to have it in another year at the maximum. I would like to have a clarification for the absence of any provision of expenditure in the next year's Budget on this account. We should continue our programme for Durgapur express way and I may tell you, Sir, that the road up to only Adisaptagram will not be able to solve our problem of the developing traffic between Calcutta and Durgapur. There seems to be no provision for sub-ways on some of the Calcutta streets and in Dalhousie Square. I am sorry that it is not appreciated that the traffic congestion is not a problem of the number of motor vehicles but of changes in our road alignments and traffic arrangements. Our problem is to move the people from the roads as quickly as possible.

Housing is another item which perhaps calls for still greater emphasis. The completion of only some 3,032 tenements in four years ending 1964-65 or of 2,335 houses and flats under the low income group housing will not be able to make any dent into the acute housing problem. In this context, I make no apology to reiterate that there should be a Master Plan for Greater Calcutta area indicating at least the road alignments and buildings frontage, etc. What I would like to stress, Sir, is that the problems that we are facing in matters of traffic, sewerage, etc. in some of the congested areas in the city will be repeated in the suburb areas because of the ways in which the houses are coming up in an unplanned manner at present.

[4-40—4-50 p.m.]

I think that certain rules can be definitely framed in regard to the construction and road alignments for the suburban areas to which, those who construct houses there, may be required to conform. I do not find also any provision for even initiating the Town Planning Organisation although I find a mention of it in the papers circulated.

In this perspective, Sir, I would plead for larger allocations for middle and low income groups housing beyond Rs. 43 lakhs provided in the budget. For slum clearance, the scheme to provide housing for 794 families of slum dwellers cannot be taken as encouraging if we remember that nearly 25 per cent. of the Calcutta population live in the bustees. I know the interest of our Finance Minister in improving the conditions of housing. I would request him to take effective steps to meet this problem in a big way. I am a confident believer that while house construction by private sector must be encouraged by recognition of this activity as an industry for the purpose of taxation and financial assistance, we cannot avoid vertical growth of houses in the city and the construction of 2, 3 or 4 storied houses should be discouraged, I strongly feel that the eastern belt of Calcutta should be

developed as a new township. In this context, Sir, permit me also to mention the need for thinking of the removal of the Alipore and Presidency Jails to the suburbs which may be 8 to 10 miles away from the city. We can have jails with better amenities by new construction and the city land that will be released by such removal may bring a few crores of rupees, I think which will be more than required for new constructions of the jails. But we shall get quite large areas in the city which may be utilised for housing purposes.

I am sure that everyone in the House would join with the Finance Minister in urging for a more sympathetic consideration of the Central Government in rendering financial assistance to this State. As the Economic Survey of West Bengal correctly mentions, Calcutta and West Bengal are not only vital to the economy of the country as a whole but also have become strategic. Even to low income group at the expenditure level up to Rs. 100 per month, the incidence of State tax is Rs. 3.15 and that of Central taxes is Rs. 7.36 in Calcutta. It is but natural that the Centre must come to the assistance of the State Government in strengthening the economic base of this city and of the State.

Sir, we are determined to develop and consolidate our democracy combined with social justice. This obviously involves balancing of contradictory claims, and the point of emphasis must be changed at different phases of our development. There are obviously numerous claims on the available resources and we shall have to proceed on a selective basis, and to quote the Finance Minister, the more basic things should receive our attention. Although I had invited your attention to some of the aspects of the budget for rethinking, I feel that the Finance Minister has secured a balance between rival claims.

Thank you.

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি সঙ্গীতজ্ঞ নই, সঙ্গীত জানলে কবিগুরু রবীন্দ্রনাথের গাণের লাইন কটি গাইতাম, তবে কলি কটি বলতে পারি মাননীয় অর্থমন্ত্রী এবং ট্রেজারী ও দলের জন্য "অনেক কথা যাও যে বলি কোন কথা না বলি, তোমার ভাষা বোঝার আশা দিয়েছি জলাঞ্জলি",—এই বাজেট যখন তিনি রেখেছেন এবং বক্তৃতা দিয়েছেন এবং অনেক কথা বলে গেছেন, কিন্তু আসল কোন কথা বলেন নি এবং ও'কে এবং ও'র দলকে বোঝার আশা জলাঞ্জলি দিয়েছে। আমি বলতে চাই যে, বাজেট উনি রেখেছেন তাকে বলা যেতে পারে

It is a speak water and drink wine policy.

লোককে বলব খাও জল আর নিজেরা খাব মদ এই যে স্পীক ওয়াটার অ্যান্ড ড্রিঙ্ক ওয়াইন পলিসি এই ডাবল স্ট্যান্ডার্ড অফ মরালিটির কথা উনি বাজেটে রেখেছেন, দুঃখের কথা যে, রাজ্যের অর্থমন্ত্রী হয়ে সত্যকারের বাস্তব চিত্র তুলে ধরেন নি। শুধু কতকগুলি শব্দ ব্যবহার করেছেন, ও তা দিয়ে রঙ্গীন ফানুস উড়িয়ে দিয়ে ডিফাইন করবার চেষ্টা করেছেন। তাঁরা গণতান্ত্রিক সমাজবাদের কথা বলছেন। গণতান্ত্রিক সমাজবাদ কোথায় প্রতিপালিত হচ্ছে জানি না। তবে এটুকু বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কে যে, ১৯৪৭ সালে ক্ষমতা হস্তান্তর হবার পর, ভারতবর্ষের প্রধানমন্ত্রী যে বক্তৃতা করেছিলেন, আজকে এই হাউসে তার আলোচনা করছি। তিনি ১৬ই অগাস্ট বলেছিলেন

Our long subjection and the World War and its aftermoth have made us inherit an accumulation of vital problems, and today our people lack food, clothing and our necessaries and we are caught in a spiral of inflation and rising prices.

He wished to solve these problems wisely so that the burden on the masses may grow less and their standard of living may go up." In his message to the Press, he said, "Whither do we go and what shall be our endeavour to bring freedom and equal opportunities to the common man, to the peasants and workers of India to fight and end poverty and ignorance and disease." Even one year later he said, "The only war that we want to fight with all our might is the war against poverty, and all its unhappy brood."

এই ১৭ বছর কেটে যাবার পর আমরা দেখছি দেশে খাদ্য নেই প্রত্যেকটা ব্যাপারে আমরা শুনছি ঘাটতি এবং মুখ্যমন্ত্রী গতকালই বললেন প্রশ্নের উত্তরে যে দাম বাঁধার ব্যাপার জনতার উপর তিনি ছেড়ে দিচ্ছেন। অর্থাৎ তিনি বলছেন এই টেরামাইসিনের যুগে, ক্লোরোমাইসিনের যুগে লাকট্রোমাইসিন ছাড়া আর কিছু বলবো না। আমি অর্থমন্ত্রীকে বলতে চাই এটা তিনি বিশ্বাস করেন তাহলে ভারতবর্ষে এবং বাংলাদেশে দারুন বিপর্যয় এসে যাবে। এখানে যে পার্টিবাজী সুরু করেছেন তাতে এই গণতন্ত্র দেখলে ফ্যাসিজিমের পথে নিয়ে যাবে। আমরা দেখছি চালের দাম বাড়লো—অন্যান্য জিনিসের দাম বাড়লো—মাছের দাম বাড়লো—কিন্তু কিছু চাল আর আটা জোগাড় করবার জন্য ফেয়ার প্রাইস সপে গিয়ে মানুষ দাঁড়ালো। এই কলকাতাতে আমরা দেখছি গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীমে আমরা দেখেছি সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানে আমাদের আশা ছিল যে ৬ হাজার মণ দুধ আমরা প্রতি দিন করবো। আমরা দেখছি তৃতীয় পরিকল্পনার তৃতীয় বছর হয়ে গেল ৪ কোটি ৬৬ লক্ষ টাকার জায়গায় ৩ কোটি ২ লক্ষ টাকা অর্থাৎ টু থার্ড অফ দি মানি হ্যাজ অলরেডি বিন স্পেন্ড কিন্তু টার্গেটের ৬০ পার্সেন্ট আমরা পেয়েছি। এর চেয়ে দুঃখের আর কি হতে পারে? মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা এই বাজেটেই স্বীকারোক্তি পাচ্ছি যে কৃষির ব্যাপারে সরকার ব্যর্থ হয়েছে। এই বিধানসভায় বার বার একটা কথা বলা হচ্ছে জনসংখ্যা বাড়ছে। কিন্তু অর্থমন্ত্রীকে এই মাধ্যমে জানাতে চাই, বিশেষ করে কংগ্রেস দলের কাছে যে আপনারা এটা বিবেচনা করে দেখবেন। আপনারা বলছেন পপুলেসন বেড়ে যাচ্ছে অতএব দেশে উন্নতির আশা বন্ধ হয়ে যাচ্ছে। কিন্তু পৃথিবীর অন্যতম বিখ্যাত অর্থনীতিবিদ প্রফেসার কলিং ক্লার্কে তাঁর নাম অধ্যক্ষ মহাশয় নিশ্চয়ই জানবেন অন্তত ফিনান্স ডিপার্টমেন্ট-এর যে সমস্ত তথ্য অফিসাররা আছেন তাঁরা তাঁর নাম শুনেছেন যে এটা হচ্ছে একটা মিস, কেন না ভারতবর্ষের উচিত হচ্ছে পৃথিবীর অন্তত দুটো দেশের নজীর টানা উচিত। একটি হচ্ছে ইটালী, আর একটি হচ্ছে ডেনমার্ক। ইটালীতে যে কাল্টিভেটেড ল্যান্ড আছে তাতে যে পরিমাণ লোক কাজ করে ভারতবর্ষেও ঠিক সেইসংখ্যক লোক কাজ করে। কিন্তু ইটালীতে আমরা দেখছি যে প্রডাকশন ডবল। আর ডেনমার্কের বেলায় তিনি বলছেন যে সেখানে একই জমিতে যে মানুষ কাজ করছে তার সংখ্যা অর্ধেক—কিন্তু ডেনমার্কের জনসংখ্যা কম হওয়া সত্ত্বেও সেখানে দেখা যাচ্ছে পাঁচগুণ বেশী প্রডাকসন হচ্ছে। আমি এই দুটো দৃষ্টান্ত রাখলাম এবং প্রফেসার কলিং ক্লার্ক বলছেন যদি ঐ দুটি দেশের এক্সপেরিমেন্ট ভারতবর্ষ গ্রহণ করতো তাহলে ভারতবর্ষের অর্থনৈতিক এবং কৃষিক্ষেত্রে একটা বিপর্যয় আসতো। এই যে জনসংখ্যা বাড়ছে তাতে যে কলেরায় হাজার হাজার মানুষ মরে যাচ্ছে—তারা চোখের সামনে দেখছেন যে ম্যালথুসিয়ান থিওরি কিভাবে ফলপ্রসূ হচ্ছে তা দেখছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে জনসংখ্যা যদি বেড়ে যায় তার কি কোন সলিউসন নেই। নিশ্চয়ই সলিউসন আছে। সেটা হচ্ছে কৃষিক্ষেত্রে যদি আমরা ব্যাপক উন্নতি আনতে পারি। কিন্তু আমরা ব্যর্থ হয়েছি। ব্যর্থ হয়েছি এই জন্য যে কৃষি বিভাগে যে নানারকম অফিসার রয়েছে তারা চরম অপদার্থতার পরিচয় দিয়েছেন।

[4-50—5 p.m.]

আমরা জানি যেখানে জয়েন্ট ডাইরেক্টার ৮ জন, এ্যাডিশন্যাল ডাইরেক্টার ২ জন, ডাইরেক্টার ১ জন তারপরে সুপারিন্টেন্ডেন্ট এবং বহু এগ্রিকালচারাল অফিসার আছেন এবং এ্যাগ্রিনমিস্ট আছেন এবং বহু সয়েল কেমিস্ট আছেন এবং অন্যান্য এক্সপার্টস আছেন কিন্তু তবু কৃষিক্ষেত্রে দারুন বিপর্যয় এবং এর কারণ হচ্ছে যে তাদের যদি ঝাঁটার কাঠি দিয়ে যদি সেখানে বসিয়ে দেওয়া যেতে পারতো তাহলে তারা সেই কাজই করতে পারতো। সুতরাং আজকে সেই সমস্ত

লোককে যাঁদের আপনি কৃষি বিভাগে বসিয়েছেন তাঁদের দিয়ে কোন কাজ হবে না। স্যার, আজিজ্বল হক তাঁর ম্যান বিহাইন্ড দি প্লাউ, বইতে যে কথা বলেছেন আমি মাননীয় অর্থ-মন্ত্রীকে এবং প্রত্যেক সদস্যকে এই কথা বিনয়ের সংগে বলছি যে এই বই-এর পাতাগুলি একটু উল্টে দেখবেন যে, ম্যান বিহাইন্ড প্লাউ বইতে তিনি যে কথা বলেছেন তার প্রত্যেকটি কথা আজকের দিনেও বর্ণে বর্ণে মিলে যাবে। আজকে যে এইসমস্ত পঞ্চবার্ষিকী পরিকল্পনা আপনারা করছেন, কার জন্য করছেন? মহালানোবিশ কমিটির বিবৃতিতে আপনাদের সব কথা ফাঁস হয়ে গিয়েছে। কয়েক দিন আগে আমাদের কংগ্রেস পক্ষীয় একজন বন্ধু আমাকে বলছিলেন আমাদের কিরকম উন্নতি হয়েছে একবার দেখুন, ১৯২১ সালে যেখানে পার ক্যাপিটা ইনকাম ছিল ৪৯-র উপর, ইংরাজের সময়ে, আজকে আমাদের সেখানে পার ক্যাপিটা ইনকাম হয়েছে ১১৬। আজকে আমি শুধু তাঁদের এই কথাই বলবো এই সমস্ত ফিগার দিয়ে আজকে তাঁরা যেন বড়াই করবার চেষ্টা না করেন। এখানে একটা জিনিষ ওঁরা বার বার অস্বীকার করছেন—জিনিসপত্রের দাম বেড়ে চলেছে, দ্রব্যমূল্যের বৃদ্ধি রোধ ওঁরা কিছুতেই করতে পারছেন না, আজকে তাহলে দেশের অবস্থাটা কি? আজকে আমরা দেখছি মোটা কাপড়ের কলে প্রডাকশন হয় না অন্য দিকে রেয়নের কাপড় তৈরী হচ্ছে, একদিকে নিত্য প্রয়োজনীয় জিনিস তৈরী হচ্ছে না অন্য দিকে এয়ার কণ্ডিশনিং হয়ে যাচ্ছে -এই যে ডিসটর্শন অফ ইনকাম প্যাটার্ন এর থেকেই ডিসটর্শন অফ প্রডাকশন সিস্টেম চলে আসছে এবং এইভাবে সোস্যালিজিম আজকে এর থেকেই ডিসটর্শন অফ সিস্টেম হয়ে যাচ্ছে--এই যে ডিসটর্শন অফ ইনকাম প্যাটার্ন এর ক্যারিকেচারে পরিণত হতে চলেছে। আর একটা কথা এই প্রসংগে বলতে চাই যদি আপনি অর্থনীতিতে আজকে বিপ্লব আনতে চান তাহলে গ্র্যান্ড মাদার অফ অল ইন্ডাস্ট্রিজ ইজ এগ্রি-কালচার সেইখানে আগে বিপ্লব আনুন এবং সেই বিপ্লব আনতে গেলে সর্বাগ্রে দরকার আপনাদের ঐ কৃষি দপ্তর ঢেলে সাজা। আজকে গ্রামে গ্রামে যেসমস্ত অফিসারস রয়েছেন, ঐ যে আপনাদের ব্লক ডেভালপমেণ্ট অফিসারস, দে আর এ্যাকচুয়ালি ব্লকিং ডেভালপমেণ্ট, দে আর ব্লকস টু প্রগ্রেস, গরীব কৃষকের ঘাড়ের উপর দিয়ে ওঁরা চড়ে বেড়াচ্ছেন। আজকে আমি এই অর্থমন্ত্রীকে বলবো আপনি অন্তত গ্রামে যেসমস্ত কমিটি আছে সেই সমস্ত কমিটি কৃষকদের নিয়ে গঠন করুন, তার মধ্যে কৃষকদের নিয়ে আসুন এবং একজনের বেশী সরকারী অফিসার রাখবেন না এবং কৃষকদের বক্তব্য শুনুন এবং বেবি ট্রাক্টর যদি না চালু করতে পারেন তাহলে কখনই কৃষির উন্নতির সম্ভব হবে না এবং আমরা এটা আজ বেশ ভাল করেই বুঝতে পেরেছি যদি সায়েণ্টিফিক কালটিভেশন করতে হয় তাহলে বেবি ট্রাক্টর ইন্ট্রোডিউস না করলে হবে না। আজকে প্রত্যেক রাষ্ট্রে এবং বাংলাদেশে ফার্টিলাইজার ফ্যাক্টরি করতে হবে এবং এই হাউসে মুখ্যমন্ত্রী যখন গত বৎসর ফাইন্যান্স পোর্টফলিও নিয়ে যখন অফিসিয়েট করছিলেন তখন আমি তাঁকে বলেছিলাম যে ডেফিসিট এরিয়াতে কিরকম বিরাট দামে এই সমস্ত ফার্টিলাইজার বিক্রি হচ্ছে। মুখ্যমন্ত্রীরা শুধু হেসে উড়িয়ে দিলে চলবে না এবং অর্থমন্ত্রীকেও আমি বলবো তিনি যেন এই বিষয়ে সত্বর অবহিত হন। তারপরে প্রশ্ন হচ্ছে এই যে এষ্টিমেটস কমিটির সদস্য এই নিয়ে একটা বিরাট পরিহাস চলছে। যখন আমরা এখানে নূতন সভা হয়ে আসি ১৯৬২ সালে তখন ডাঃ বিধানচন্দ্র রায় অর্থমন্ত্রী রূপে বলেছিলেন তাঁর এক ভাষণে যে বাংলা-এষ্টিমেটস কমিটির রিপোর্ট থেকে জানি ৫০টি ইরিগেশন টিউব-ওয়েলও এনার্জাইসড হল না। দুই বৎসর হয়ে গেল। আমি জানতে চাই কেন আপনারা এইভাবে লোকের সংগে তঞ্চকতা করছেন, মানুষকে কেন এইভাবে ধোকা দিচ্ছেন? আমি এই প্রসংগে বৈদ্যনাথবাবুকে অভিনন্দন জানাচ্ছি তিনি এই বিষয়টি এই হাউসে উত্থাপন করে এষ্টিমেটস কমিটির চেয়ার-ম্যানের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। ১৮ লক্ষ বেকার বাংলাদেশে রয়েছে এবং আজকে এই বিরাট বেকার সমস্যা সমাধানের জন্যে সর্বাগ্রে দরকার আন-এমপ্লয়মেণ্ট ইন্সিওরেন্স। এই আন-এমপ্লয়মেণ্ট ইন্সিওরেন্স যদি না করতে পারেন তাহলে বেকার সমস্যা সমাধানের ব্যাপারে সরকারের কোন দায়িত্ব নাই, বা থাকে না। যতদিন না সরকারের উপরে চাপ পড়বে এবং প্রত্যেকটা বেকার মানুষকে সরকার চাকরী দিতে বাধ্য না হবেন এবং এই আন-এমপ্লয়মেণ্ট ইন্সিওরেন্স চালু করবেন ততদিন তাঁরা এই সমস্যা সমাধান করতে পারবেন না। তারপরে প্রশ্ন হচ্ছে উদ্বাস্তুদের সম্পর্কে আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিনয়ের সংগে আবেদনের সংগে বলছি অর্থমন্ত্রী মহাশয়কে ১৭ বৎসর চলে গিয়েছে, আর কতদিন এদের আপনারা উদ্বাস্তু বলে

আখ্যাত করবেন? আপনারা দণ্ডকারণ্যের কথা বলছেন, দণ্ডকারণ্যের কথা আমরা জানি, এইভ বাংলাদেশের সর্বনাশ আপনারা করবেন না। বাংলাদেশে যেসমস্ত অকৃষিজীবী পরিবার অ এবং যে সমস্ত শিল্পে তারা নিযুক্ত ছিল তাদের আজকে চাকরী দেবার জন্য স্মল ইণ্ডাস্ট্রি গ তুলুন এবং স্মল ইণ্ডাস্ট্রি গড়ে তুলে তাদের কাজ দেবার চেষ্টা করুন। সোস্যালিজম মা এই নয় যে একজন লোকের হাতে প্রচুর টাকা জমবে, মাত্র কয়েক জন লোক প্রচুর প্রাচুর্যের ম থাকবে বাকী সমস্ত শুকিয়ে মরে যাবে, সোস্যালিজম মানে এই নয় যে একদিকে শক্তি কেন্দ্রীভূ হবে এবং অন্য দিকে শুকিয়ে মরবে। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই আজ একটা বিরাট ষড়যন্ত্র চলছে আমাদের এই বাংলাদেশের মধ্যে কলকাতাতে নিয়ে। এই কলকাতা বাংলাদেশের বাইরে নিয়ে যাবার জন্য চেষ্টা চলছে। অর্থমন্ত্রীর কাছে আমি এই নিবেদ করবো এই যে কলকাতাকে স্বতন্ত্র করে নিয়ে যাবার চেষ্টা চলছে এটা রুখে দাঁড়ান। এই ক বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Lakshmi Ranjan Josse: Mr. Speaker, Sir, at the outset I woul congratulate the Finance Minister for the brief budget statement that h has brought out this year. The same budget statement last year covere 69 pages; this year he has done it in 29 pages. Some paper has been saved, and a penny saved is a penny gained. I think this economy will be introduced in all other branches of administration. This, I think, is only a gesture, and our Finance Minister will economise expenditure which is sometimes talked of as scandalous, in other branches of administration.

Coming to the budget itself, I very much regret to observe that there is no provision made for any revolutionary reform in the sphere of education or economy of the land. The economy of the country has been in a stagnant way for years and years, and if we do not at this stage do something revolutionery, to catch the imagination of our young generation, revolution will be upon us. This has been the practice in all civilised countries; when the population is restive the administration give them something for the young people to think over. That is not here in the budget; there is nothing in it either in the economic sphere or in the educational sphere. In the economic sphere, there has been talk of so many industries, but the real backbone of the economy of the country is the small-scale industries as is amply evidenced by the economy in Japan. I have seen one or two small-scale industries in my own constituency. Houses are there, land is there, the Contractor gets his money, but no implementation. I would cite the instance of a small-scale industry, the hand-made paper industry, in Kalimpong. It has been in existence for two and a half years, but it has not produced one ounce of paper.

[5—5-10 p.m.]

Sir, it has employed not more than one man and he is the man who has gone there as Special Officer. The same remark applies to tannery also. Sir, this is the condition in my small backward constituency. I think the same applies to other constituencies as well. So long as we do not encourage setting up—not only setting up but implementing a particular scheme and producing things and thereby giving employment to as many people as possible, there will be no improvement in the lot of the people. Sir, small-scale industries have potential for labour, as Dr. Maitreyee Bose said some time back. We are rationalising machineries in the industry. That means we are bringing in machineries which cut down labour and this is just the other way about. In our country, we want machineries that will give scope for more labour. But by having only big industries, what have we achieved? This is the burden of the song that I am hearing every

day in this Assembly. In spite of industrialisation, in spite of the conversion of Durgapur and Asansol into the Ruhr of Bengal, the unemployment figures are mounting up every year. This is because the small scale industries, the ancillary industries have been neglected.

Now, coming to the educational sphere, we find nothing has been done. Formerly, we used to curse the Britishers for giving us the form of education which was not going to build up the nation. But, what have we done since we have taken over the reins of administration ourselves? The form of education is the same. All kinds of Bills and amendments come to this House, but I have not seen one Bill for reforming the educational system of the country. I suggest that education should be overhauled and reoriented with emphasis on the employment prospects. The aptitude test is a thing that should be introduced in the Seventh and Eighth forms in the school and then the student should be canalised to vocational training—each up to his own aptitude. Then only we would have really solved partially the unemployment problem. Only by opening new schools, new colleges and new Universities, we do not solve the problem—we rather aggravate the situation. Sir, unemployment to the educated is very closely linked up with the law and order situation of the country. That is my observation. I may be wrong. But that has been proved by what we saw in Calcutta only the other day. Therefore, vocational training is the thing that is urgently necessary. Sir, before vocational training can come—to make it more scientific—the aptitude test should be introduced. Of course, it is a stupendous task. But even if it is a stupendous task, should we not make an effort to face it? If we are baffled by the size of the problem, how can we solve it? So, let us make a beginning, sooner rather than later.

Then, Sir, another feature in this year's budget is the grant of dearness allowance to the Government employees. It is just a token of the sympathy shown by the Government to its employees. But there is nothing much in it. It is ridiculously low and it is not rational. I would suggest than it should be made rational by working it out on a percentage basis—10 per cent. to those getting up to Rs. 100, then 7 per cent from Rs. 101 to Rs. 200 and 5 per cent. from Rs. 201 to Rs. 300.

Now, coming to the land reforms, I take it as synonymous with increased taxation either by increasing the taxes or by revising the classification of lands but what good is the taxation when we have to spend 62 per cent on the collection of the tax. Many people in the urban areas run away with the idea that the farmers are getting much more than what they were getting for their produce, but they forget that the ratio of rise in the price of their product is the same as that of rise in the prices of their purchases. Therefore, they are just where they were. To tax them more would be cruel.

The revenue could be collected by setting up a machinery and plugging the loopholes in the machinery for collection of the sales tax. Sales tax has gone up but that was due to the increase in the rate of the tax on luxury goods, but considering the vast volume of trade in the city and the State the collection is not in proportion.

[At this stage the honourable member, having reached his time limit, resumed his seat.]

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন, আমি তার সমর্থনে উঠে দাঁড়িয়েছি। আগামী সালের যে বাজেট তিনি পেশ করেছেন তাতে দেখতে পাচ্ছি এক দিকে রেভিনিউ সাইডে ৫·৬১ কোটি টাকা, সেই সঙ্গে আউটসাইড দি রেভিনিউ এ্যাকাউন্ট ডেফিসিট হচ্ছে ৮·১৯ কোটি টাকা। আমি আরও

দেখছি এ ছাড়া তিনি কিছু কিছু অতিরিক্ত ব্যয় করবেন বলে স্থির করেছেন, তা এই ব্যয় বরাদ্দের মধ্যে ধরা হয় নি। তিনি সরকারী কর্মচারীদের মেডিকেল রিলিফ দেবার ব্যবস্থা করেছেন এবং শিক্ষক এবং সরকারী কর্মচারীদের ডি এ দেবার ব্যবস্থা করবেন স্থির করেছেন, তাতে আমি নেট রেজাল্ট দেখতে পাচ্ছি আউটসাইড দি রেভিনিউ এ্যাকাউণ্ট ওভার অল ডেফিসিট হচ্ছে ৪·৫৭ কোটি টাকা। আমি দেখছি এক দিকে রাজস্বের আয় বেড়েছে, অন্য দিকে রাজস্ব-এর ব্যয়ের পরিমাণও বৃদ্ধি পেয়েছে, এবং প্রায় সমান তালেই চলছে বলেই মনে হয়। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলি এটা সুষ্ঠুভাবে হয়েছে কিনা তিনি যেন এটা চিন্তা করে দেখেন। কোন জায়গায় ব্যয় সঙ্কোচের উপায় আছে কি না এটা তিনি নিশ্চয়ই চিন্তা করে দেখবেন। আমি গতকাল স্টেটসম্যান কাগজের রিপোর্টে দেখলাম কস্ট অফ কালেকশন যেখানে বনবিভাগে ১০০ নয়া পয়সা আদায় করে, কস্ট অফ কলেকশনের ব্যয় সেখানে ৯০·৩ নয়া পয়সা। ভূমি রাজস্ব বিভাগে কস্ট অফ কালেকশন হচ্ছে ৬২ ৮ নয়া পয়সা, কাজে কাজেই যদি রাজস্বের ব্যয় আয়ের সঙ্গে সমান তালে চলে সেটা বন্ধ করার উপায় আছে কিনা সেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুসন্ধান করে দেখতে বলি। এটা যদি কস্ট অফ এক্সপেন্ডিচারে বাড়ত তাতে আমাদের আপত্তির কোন কারণ ছিল না।

আর একটা কথা জানাতে চাই। ঘাটতি পূরণের জন্য, এই যে ৪ কোটি ৪৭ লক্ষ টাকা ওভার অল ডেফিসিট রইল সেটা শেষ পর্যন্ত কিভাবে পূরণ হবে সে সম্বন্ধে আমাদের মাননীয় অর্থ-মন্ত্রী কোন ইঙ্গিত দেন নি তাঁর ভাষণে। তিনি যদি বলতেন এই ঘাটতি পূরণের জন্য আবার কর ধার্য করবেন বা অন্য কোন অ্যাডিশনাল রিসোর্স সৃষ্টি করবেন সে সম্বন্ধে ইঙ্গিত দিলে আমাদের বুঝতে সুবিধা হত। আমি এখানে সবিনয়ে নিবেদন করবো বাংলাদেশের আর্থিক অবস্থা আপনি জানেন, বাংলাদেশে ইনকাম ট্যাক্স হচ্ছে হাইয়েস্ট, কাজে কাজেই এখানে নূতন করভার সম্বন্ধে তিনি যেন চিন্তা না করেন।

[5-10—5-20 p.m.]

আমি এই প্রসঙ্গে একটা জিনিষ বলতে চাই যে সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির কথা তিনি ঘোষণা করেছেন ৩০০ টাকা বেতন স্তরের সমস্ত কর্মচারীদের ৫ টাকা থেকে ১০ টাকা। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জানেন যে ১৯৬১ সালে যখন পে কমিটি তাঁরা এই রেকমেন্ডেশন দিয়েছিলেন সেই সময় আমরা দেখতে পাই তাঁরা বলেছিলেন যে যদি

Substantial increase in the cost of living index and if that increase continued for a substantial period of time, then the question of dearness allowance will be considered at the appropriate time.

যাহোক এটা সুখবর যে এতদিন পরে সে জিনিষ তাঁরা চিন্তা করেছেন। কিন্তু আমরা কি এখন দেখতে পাই? আমরা দেখতে পাই যে ১৯৬১ সালে যেখানে সূচক ছিল ১১৪ ৯ সেখানে ১৯৬৩ সালে সূচক দাঁড়িয়েছে ১৩৮, কাজেই এখন ৫।১০ টাকা দেওয়া অত্যন্ত ইনএডিকেট বলে আমরা মনে করি। আজকে ৭২ হাজার চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী আছে আমাদের এই রাজ্যে। তাদের অন্ততঃ ১০।১৫ টাকা যদি বস্তীতেই বাড়ীভাড়া দিতে হয় তাহলে তাদের সংসারযাত্রা নির্বাহ কি অবস্থায় হয় সেটা আপনাকে চিন্তা করতে বলব। এই প্রসঙ্গে বলতে চাই যে ডি এ আরও বেশী কিছু বৃদ্ধি করার দরকার আছে এবং শিক্ষার দিক থেকে মাধ্যমিক শিক্ষা, কলেজীয় শিক্ষা অবৈতনিক নিশ্চয় করা উচিত। আর একটা জিনিষ বলব সেটা হচ্ছে রেভিনিউ স্ট্রাকচার-এ আমরা দেখতে পাচ্ছি রাজস্ব আয়ের শতকরা ৮৪ পারসেন্ট ট্যাক্স রেভিনিউ এবং নন-ট্যাক্স রেভিনিউ ১৫ পারসেণ্ট রাজস্ব আয় বৃদ্ধির সঙ্গে সঙ্গে নন-ট্যাক্স রেভিনিউ যদি সমান তালে এগিয়ে চলত আনুপাতিকভাবে তাহলে আমাদের মনে কোন আশঙ্কা থাকত না। বাংলাদেশের অর্থনীতি যেভাবে চলছে তাতে আপনি জানেন যে আমরা একটা অদ্ভুত প্যারাডক্স-এর মধ্যে বাস করছি। বাংলাদেশে একদিকে দেখতে পাই বিরাট শিল্পোন্নয়ন ঘটেছে, অপর দিকে দেখতে পাই চরম দুর্দশার মধ্যে বাংলাদেশের লক্ষ লক্ষ কৃষি পরিবার বাস করছে। আমরা একথা জানতে পেরেছি মুষ্টিমেয় লোকের হাতে ধনসম্পদ কনসেনট্রেটেড হচ্ছে এবং এই যে

কনসেনট্রেশন অফ ওয়েলথ ইন কিউয়ার হ্যান্ডস যে সেটা নিশ্চয় ভাঙ্গা দরকার। আমি এই প্রসঙ্গে মহলানবীশ কমিটির রিপোর্ট যেটা ফিফ্‌টিনথ ফেব্রুয়ারী-র স্টেটসম্যান কাগজে ছেপেছিল সেখান থেকে একটু বলছি—

As regards the bottom 10 per cent. compared to the top 10 per cent. there has been a decline of 10 per cent in the level of consumption expenditure while in the top level the same has considerably improved not only in food but also in other amenities.

স্যার, আজকে শুধু জাতীয় সম্পদ সৃষ্টি করলে হবে না, জাতীয় সম্পদের সুষ্ঠু পুনর্বণ্টন হলে আমরা তবেই সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাব। আজ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যদি এগিয়ে লক্ষ্য দেন তাহলে আমরা নিশ্চয় সুখী হব এবং বাংলাদেশের মানুষ তাঁকে অভিনন্দিত করবে। কর্মসংস্থানের দিকে দেখলে আমরা দেখব যে নন্দজী সেন্ট্রাল কমিটি অফ এমপ্লয়মেন্ট-এর একটা মিটিং-এ তিনি স্বীকার করেছেন যে আমাদের দেশে নন-এগ্রিকালচারাল সেক্টার-এ এমপ্লয়মেন্ট যেভাবে বাড়ছে সেটা দেখতে পাচ্ছি অরিজিন্যাল টারগেট ৫০ পারসেন্ট এবং এই-ভাবে যদি এগিয়ে চলে তাহলে আমাদের প্ল্যান পিরিয়ড-এর শেষ পর্যন্ত গিয়ে দাঁড়াবে ২৫ পারসেন্ট, এ বিষয়ে পশ্চিমবঙ্গের অবস্থা আরও ভয়াবহ। আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষে যেখানে এমপ্লয়মেণ্ট পজিশন বাড়ছে, বাংলাদেশে সে জিনিষটা কমে যাচ্ছে। বাংলাদেশে ১৯৫১ সালে ছিল ৩৪·৫, ১৯৬১ সালে ৩৩ ২, সারা ভারতবর্ষে ১৯৫১ সালে ছিল ৩৯ ১ পারসেন্ট, ১৯৬১ সালে সেখানে গিয়ে দাঁড়িয়েছে ৪৩ পারসেন্ট অবশ্য এখনে পপুলেশন এক্সপ্লোসান-এর কথা নিশ্চয়ই ধরবো বা কনসিডার করবো, আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষে পপুলেশন বেড়েছে ২১ পারসেন্ট, সেখানে বাংলাদেশে জনসংখ্যা বেড়েছে ৩৩ পারসেন্ট স্যার, আমাদের এখানে মাঝে মাঝে শুনতে পাই যে, দেশ পুঁজিপতির দিকে এগিয়ে যাচ্ছে, আমাদের বিরোধী দলের যামিনী-বাবু এসব বলনেন। আমাদের ভারতের পার্লামেণ্ট এ ১৯৫৬ সালে রেজোলিউসান নিয়েছিল ইন্ডাস্ট্রিয়াল পলিসি রেজোলিউসন, তাতে করে স্বীকার করেছিল যে প্রাইভেট সেকটার এবং পাবলিক সেকটার পাশ পাশি ভাবে থাকবে কিছুদিনের জন্য ভারতবর্ষের উন্নতির জন্য এবং কল্যাণের জন্য ও পাবলিক সেকটার আস্তে আস্তে নিজেকে এক্সপ্যান্ড করবে। একটা চিত্র আমি উপস্থিত করতে চাই। ১৯৫০-৫১ সালে সেখানে প্রাইভেট সেক্টার এ ছিল ১৯৯ কোটি টাকা, পাবলিক ক্যাপিটাল এমপ্লয়েড ছিল ৩৯০ কোটি টাকা। ১৯৫৯ ৬০ সালে এই জিনিষটা পাবলিক সেক্টার-এ এসে দাঁড়িয়েছে ১ হাজার ২৯ কোটি টাকা, এবং প্রাইভেট সেক্টার-এ এসে দাঁড়িয়েছে ৭৭৫ কোটি টাকা, সেখানে পাবলিক সেকটর এ অতিরিক্ত মূলধন বিনিয়োগ হল ৮০০ কোটি টাকা, পাবলিক সেক্টার-এ হল ৩৮৫ কোটি টাকা, স্যার, এ থেকে কি চিত্র দেখতে পাচ্ছি, আমরা দেখতে পাচ্ছি ইন্ডাস্ট্রিয়াল পলিসি রেজোলিউসান অনুসারে পাবলিক সেকটর ক্রমশঃ এক্সপ্যান্ড করছে, প্রাইভেট সেক্টার ক্রমশঃ কমিয়ে আনবার চেষ্টা করছে। এজন্য কতকগুলি শিল্পের ক্ষেত্র আছে যেখানে প্রাইভেট সেকটর আরো কিছুদিন থাকার প্রয়োজন আছে। স্যার, শিল্প উন্নয়ন সম্বন্ধে আমি কয়েকটা কথা বলতে চাই, আমাদের শিল্পের প্যাটার্নকে চেঞ্জ করতে হবে। আজকে শুধু ক্যাপিটাল ইনসেনটিভ ইন্ডাস্ট্রি করলে চলবে না আজকে এমন ইন্ডাস্ট্রির দিকে লক্ষ্য রাখা উচিত, যে ইন্ডাস্ট্রিগুলি হবে লেবার ইনসেনটিভ। আমি আমার বক্তব্য শেষ করার পূর্বে আমি এই কথা বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে দাবী পেশ করেছেন, কেন্দ্রীয় সরকারের কাছে যে ৩২৭ কোটি টাকা মিনিমাম প্ল্যান আউটলে হওয়া উচিত ছিল, বাংলাদেশের অর্থনীতিকে পুনঃপ্রতিষ্ঠ করতে গেলে নিশ্চয়ই তা করা উচিত এবং এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই যে বাংলাদেশ কেন্দ্রের কাছ থেকে এ বিষয়ে সুবিচার পায় নি। থার্ড ফাইন্যান্স কমিশন-এর রিপোর্ট থেকে দেখতে পাই যে, সেখানে ইনকাম ট্যাক্স ১৯৫৮-৫৯ সালে ছিল ১৩৭ কোটি টাকা, সেটা ১৯৬০-৬১ সালে দাঁড়িয়েছে ৭৪·৭ কোটি টাকা, সেখানে কোম্পনী ট্যাক্স দেয়—করপোরেশন ট্যাক্স সে টাকা বেড়ে গেছে। আজকে পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার সুবিচারে দেখছেন না। আমি এ বিষয়ে নিশ্চয়ই দাবী করবো আমাদের জনগণের পক্ষ থেকে যে কেন্দ্রীয় সরকারের কাছে মাননীয় অর্থমন্ত্রী সুদৃঢ়ভাবে দাবী পেশ করুন।

[5-20—5-30 p.m.]

Shri Kamal Kanti Guha:

মাননীয় চেয়ারম্যান, স্যার, বাজেটের সাধারণ আলোচনা আজ গত কয়েকদিন ধরে হচ্ছে। এই আলোচনা প্রসঙ্গে সমাজতন্ত্রের কথা, গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা এখানে আলোচনা হয়েছে। কিন্তু মূল কথাটায় একটু অগ্রসর হওয়া দরকার। অনেকে বলেছেন কংগ্রেসের গণতান্ত্রিক সমাজতন্ত্র স্বার্থক হচ্ছে না, যেহেতু সমাজতন্ত্রের যে মৌলিক নীতি তা অনুসরণ করা হয় নি। কিন্তু এ সম্বন্ধে আমার একটা কথা বলবো বলে উপলব্ধি করছি এবং মনে করছি সেটাকে সমাজতন্ত্র বলুন আর গণতান্ত্রিক সমাজতন্ত্র বলুন, তার মৌলিক নীতি হচ্ছে জাতীয়তা বোধ।

সেই জাতীয়তা বোধ আজকে তার দলের পক্ষে অভাব হচ্ছে বলে দেশের উন্নতি ব্যাহত হচ্ছে --দেশের দুঃখ-দারিদ্র্য অভাব-লাঞ্ছনা দেশে বেড়ে চলেছে বলে মনে করছি। স্যার, অত্যন্ত দুঃখের কথা যে আজকে যখন আমাদের দেশ বৈদেশিক আক্রমণের সম্ভাবনার মুখে দাঁড়িয়ে রয়েছে আজকে আমাদের দেশ থেকে ইমারজেন্সি উঠে যায় নি সেই সময় আমাদের অর্থমন্ত্রী আমাদের দেশের লোককে কিভাবে বিভ্রান্ত করছেন তা এই বাজেটই তার দৃষ্টান্ত। তাঁর মুখবন্ধে বলেছেন, চীনা সৈন্যরা পশ্চাদপসরণ করিলেও এখন আমাদের ভয়ের কারণ বিদ্যমান—কিন্তু তিনি একথা কি করে বললেন যে সৈন্যদল পশ্চাদপসরণ করেছে। আজও আমরা জানি ভারতের উত্তর সীমান্তে হিমালয়ে হাজার হাজার বর্গমাইল এলাকা চৈনিক সৈন্যরা অধিকার করে আছে। অথচ তিনি দেশবাসীকে তাঁর এই বইয়ের মাধ্যমে বুঝিয়ে দিচ্ছেন যে আমাদের আক্রমণকারী সৈন্যদল পশ্চাদপসরণ করে গেছে- এটা ঠিক নয়। যে কথা আমি আগে বলেছিলাম জাতীয়তা-বোধের অভাব থাকলে হয় না -দেশের মানুষকে বিভ্রান্ত করবার সুযোগ আসে, অবশ্য সেটা বক্তৃতার মাধ্যমে দেখতে পাওয়া যাচ্ছে। তার পর আর একটি কথা হচ্ছে বর্তমান রাজনৈতিক অর্থনৈতিক রাষ্ট্রনৈতিক পটভূমিকার উপর আমরা দাঁড়িয়ে আছি সেই পটভূমিকা হচ্ছে সাম্প্রদায়িক দাঙ্গা এবং পূর্ব পাকিস্তানে সংখ্যালঘুদের উপর সেখানকার সরকারের—তাদের গুণ্ডাদের নির্মম অত্যাচার। সেই প্রসঙ্গে যখন বার বার বলা হয়েছে যে পশ্চিমবঙ্গে পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুদের আশ্রয় দেওয়া হবে কি না। তখন দেখেছি, কি ক্ষমাহীন নিষ্ঠুরতার চতুর্য- আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় অন্যান্য মন্ত্রীরা বার বার বলেছেন যে এই পশ্চিমবঙ্গে তাদের ঠাঁই দেওয়া হবে না। আমরাও স্বীকার করি যে লক্ষ লক্ষ উদ্বাস্তু আজ পশ্চিমবঙ্গে স্থান দেওয়া সম্ভব নয়, কিন্তু আমরা একটি প্রশ্ন তুলেছি সেটা এড়িয়ে যাওয়া হচ্ছে- যেমন বহু ছাত্র এসেছে যাদের বাপ-মা নিহত হয়েছে, আত্মীয় কেউ নেই বহু কুলবধুরা এসেছেন, বিধবা আছে যাদের স্বামী নিহত হয়েছে, তাদের কোথায় আশ্রয় দেওয়া হবে তারা কোথায় থাকবেন ? সেটা জানতে চাই। মনে করি এই পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে তারা সাহায্য পান, তাহলে তাদের যেসব আত্মীয়-স্বজন এখানে আছে তাদের সাহায্য দ্বারা তাদের জীবনকে আবার সুপ্রতিষ্ঠিত করতে পারেন। কিন্তু যদি বিচ্ছিন্ন হয়ে দূর-দূরান্তরে অন্যান্য রাজ্যে যদি তাদের ছিটিয়ে দেওয়া হয় যেখানে শুধু কিছু অর্থ সাহায্য পাবে—আর কিছুই পাবে না- তাদের অবস্থা তাহলে কি হবে? ছেলেদেরও ঐ বোম্বে ইত্যাদি জায়গায় গিয়ে যারা ক্লাস এইট ইত্যাদিতে পড়ে, সেদিকটাও ভেবে দেখতে হবে। যদি অকৃষিজীবী একটি পরিবারকে এবং কৃষিজীবী পরিবারকে অন্য জায়গায় পুনর্বাসন করুন আমাদের কোন আপত্তি নেই। কিন্তু যারা সহায় সম্বল হীন, যারা অনাথ যারা শিশু বিধবা যাদের কেউ নেই তাদের এখানে যে আত্মীয়-স্বজন আছে তাদের কাছে দিয়ে তাদের আর্থিক সাহায্য করুন যাতে পুনর্বাসনের ব্যবস্থা হয়। একটু মানবতার দিক দিয়ে বিচার করা হচ্ছে না- এটা লজ্জার, দুঃখের কথা। মিঃ চেয়ারম্যান, আমাদের অর্থমন্ত্রী বলেছেন যে আমরা কোন বাড়তি ট্যাক্স ধরবো না। আমাদের কংগ্রেসী সদস্যরা আত্মপ্রসাদ লাভ করেছেন কিন্তু তিনি একটি জায়গায় বলেছেন যে ভূমিরাজস্ব খাতে এক কোটি টাকা পাওয়া যাবে, অর্থাৎ আমরা বুঝতে পারছি যে আগামী কয়েক দিনের মধ্যেই কৃষকদের খাজনা বৃদ্ধি হয়ে যাবে, কিন্তু কৃষকদের আজ অবস্থা কি? গ্রামীন বাংলার কথা চিন্তা করে দেখতে হবে—ফসলের ন্যায্য মূল্য তারা পাচ্ছে না।

পাট, তামাকের দর নেই অন্য দিকে তাদের প্রয়োজনীয় জিনিষ যেগুলি না হলে সংসার অচল হয়ে যায় সেই সব জিনিষ তাদের দুই গুণ তিন গুণ দরে কিনতে হচ্ছে। এই অবস্থায় মড়ার উপর খাঁড়ার ঘায়ের মত রাজস্ব বৃদ্ধি করতে যাচ্ছেন। ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত আছেন, তিনি জানেন কৃষকদের উপর সার্টিফিকেট জারী হচ্ছে ট্যাক্স আদায় করবার জন্যে, নোটিশ দিয়ে খাজনা আদায় করা হচ্ছে এবং কৃষকদের জিনিষপত্র বিক্রি করে দিতে হচ্ছে রাজস্ব মিটিয়ে দেবার জন্য। এটা থেকে কি প্রমাণিত হচ্ছে? সমস্ত বাংলাদেশের মেরুদণ্ডস্বরূপ যে কৃষককে বলা যায় সেই কৃষককেই ধ্বংস করবার একটা বিরাট ষড়যন্ত্র তাঁরা চালিয়েছেন। মিঃ চেয়ারম্যান, স্যার, তাঁর বিশাল বক্তৃতার মধ্যে তিনি শিক্ষার কথা বলেছেন, তিনি বিভিন্ন উন্নয়ন পরিকল্পনার কথা বলেছেন, সমষ্টি উন্নয়ন পরিকল্পনার কথা বলেছেন এবং গ্রামের উন্নতির কথাও বলেছেন, এইগুলি যে কিরকম ভাঁওতাপূর্ণ তার প্রমাণ আমি দিতে চাই। কিছুদিন আগে কুচবিহারের ডিস্ট্রিক্ট ডেভেলপমেণ্ট কমিটির মিটিং হয়ে গেল সেই মিটিং-এ ডেপুটি কমিশনার আমাদের কাছে একটা রিপোর্ট রেখেছিলেন। গত বৎসর আমরা যে ৪০ হাজার টাকা পানীয় জলের জন্য বরাদ্দ করেছিলাম ডিস্ট্রিক্ট ডেভেলপমেণ্ট কাউন্সিল থেকে সেই বরাদ্দকৃত টাকা কাজে লাগে নি। কেন লাগে নি? সিমেণ্টের অভাবে। কোন ব্যবস্থা নেই, সুচিন্তিত পরিকল্পনা নেই সরকার টাকা স্যাংশন করলেন পানীয় জলের জন্য কুচবিহার জেলায় ৪০ হাজার টাকা মঞ্জুর করলেন আমরা তখন ভেবেছিলাম আমাদের কুচবিহার জেলায় যে পানীয় জলের অভাব আছে সেটা দূর হবে। কিন্তু ডেপুটি কমিশনার আমাদের জানালেন সিমেণ্ট যোগাড় করা যায় নি। এই রকম যদি অবস্থা চলতে থাকে তাহলে দেশের কোন উন্নতি হতে পারে না। বাজেট বইতে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার কথা থাকতে পারে তার হিসাব দেখে দেশের মানুষ বিভ্রান্ত হতে পারে, শৈলবাবুর ভাঁওতাবাজীতে মানুষ বিভ্রান্ত হতে পারে কিন্তু প্রকৃত কাজ কিছুই হয় না। উনি শিক্ষার কথা বলেছেন কিন্তু আমাদের উত্তর বাংলায় শিক্ষার উন্নতির একটি কথাও এই বাজেট বইতে কোথায়ও নেই। আমরা বার বার বলেছি আমাদের উত্তর বাংলায় একটা মেডিকেল কলেজ করা হোক। ওঁরা আমাদের আশ্বাস দিয়েছেন বার বার যে মেডিকেল কলেজ হবে, কিন্তু শৈলবাবুর বক্তৃতার কোন জায়গায় সেই কথা নেই। তারপর, স্যার, সরকারী কর্মচারীদের জন্য তিনি যে মহার্ঘ ভাতার স্থির করেছেন তা দেখলে মাথা নত হয়ে যায়। সরকারী কর্মচারীদের মধ্যে যাঁদের বেতন ১৫০ টাকা পর্যন্ত তাঁদের জন্য ৫ টাকা আর ১৫০ থেকে ৩০০ টাকা পর্যন্ত যাঁদের বেতন তাঁদের ১০ টাকা। চমৎকার! এইত গণতান্ত্রিক সমাজবাদী সমাজ ব্যবস্থা। গরীবের জন্য তাঁদের কত দরদ তারই প্রমাণ হচ্ছে এটা। যাঁরা অল্প মাইনে পান তাঁদের ছেলেরা স্কুলের বেতন দিতে পারে না অসুখ হলে যাঁরা একটু ঔষধ কিনে দিতে পারে না, চিকিৎসা করাতে পারে না, তাঁদের তিনি দিলেন দয়া করে ৫ টাকা আর যারা বেশী মাইনে পান তাদের দিলেন ১০ টাকা এই হচ্ছে ওঁদের গণতন্ত্রের নমুনা। আমরা দেখছি এই মহার্ঘ ভাতার ব্যাপারে কেন্দ্রীয় সরকার হাজার টাকা মাইনেওয়ালা সরকারী চাকুরিয়াদের মহার্ঘ ভাতা দেবার কথা বিবেচনা করছেন। আমি অতদূর যেতে চাই না, আমরা বলি ৫০০ টাকা পর্যন্ত নির্দিষ্ট করুন, ৩০০ টাকা অবধি ৩০ টাকা আর ৩০০ থেকে ৫০০ টাকা অবধি ১৫ টাকা করুন তাহলে কিছুটা সুবিধা হবে এবং এই দ্রব্যমূল্যের বাজারে নিম্নবর্গীয় সরকারী কর্মচারীদের কিছুটা সুবিধা হবে। এই যদি না করতে পারেন তাহলে আপনাদের মন্ত্রী হবার কোন যোগ্যতা নেই এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

Shri Daya Ram Beri: अध्यक्ष महोदय, हमारे फाइनेन्स मिनिस्टर श्री शैल कुमार मुखर्जी ने जो बजट उपस्थित किया है, मैं उनका समर्थन करता हूं। अगर ठीक तरह से उसके मुताबिक काम हुआ तो बंगाल का बहुत बड़ा कल्याण होने वाला है। हमारे वाम-पन्थी भाई जो यहां हैं; उन्होंने कभी भी किसी भी राज्यपाल के भाषणकी सराहना नहीं की है। कभी भी किसी मुख्य मंत्री या फाइनेन्सेस मिनिस्टर या लेबर मिनिस्टर की तारीफ नहीं की। जब भी आवाज निकली, तभी यह निकली कि अपदार्थ और देश के दुश्मन और देश का सर्वनाश करदेने वाला। मालूम होता है कि देश की भलाई करने का ठीका इन लोगों ने ही ले रखा है। और कांग्रेस के जो लोग यहां पर हैं, वे देश के दुश्मन हैं, ठीक तौर से काम नहीं करते हैं।

सारी दुनियां के लोग यहां पर आये और सभी देशों के लोगों ने हमारे देश के कल-कारखानों की, हमारे रेलों के बढने का, हमारी सडकों का, हमारे अस्पतालों का, हमारी शिक्षा का निरीक्षण कर इस बातकी घोषणा की कि भारतवर्ष ने थोडे माल में जो उन्नति की है, वह उन्नति असम्भव उन्नति है। यद्यपि जो कुछ उन्नति हुई है, उसमे कांग्रेस सरकार या कांग्रेस मैन कोई भी सन्तुष्ट नही है। हम चाहते है कि भारतवर्ष जो दो सौ वर्षों से उन्नति की दौड में पीछे छूट गया था, उसे वह सब राष्ट्रों के साथ कदम से कदम मिलाकर चले। लेकिन जब मै देखता हूँ कि अपने को पापुलर कहने वाले लोग, अपने को महान् कहने वाले लोग हमेशा इस बात का प्रचार करते है कि हमारे मुल्क की कोई प्रगति नही रही है। हमारा मुल्क बिल्कुल आगे नही बढ रहा है जिनके हाथ मे राज-सत्ता है वही लोग रूपया खा ले रहे हैं। बराबर धमकी देते है कि इसका फल मिल जायगा। तो बडा दुख होता है।

इस तरह के व्याख्यान सुन-सुन कर कान पक गए। सचमुच यदि आप भक्त हैं तो बडे कामों को करके देश-वासियों की सेवा करें। सिवाय कांग्रेस की आलोचना और कांग्रेस सरकार की आलोचना के आपलोगों ने किस क्षेत्र मे क्या काम किया है, यह दुनिया को मालूम है। दुनिया को मालूम है कि आपलोगों ने किसानों का भला नहीं किया है। लोग नही जानते कि आपलोगो ने मजदूरों का क्या भला किया है। लोग नही जानते कि शिक्षा के संबंध में आपलोगो ने कौन सा बडा काम किया है?

छोटी-छोटी सीमा दिया जब अंग्रेजी-राज्य था जब हमारा राज्य नही था तो उनमे कांग्रेस ने हर जगह बडे-बडे आन्दोलनों को चलाया। खेतीहरों को शिक्षा दी, उन्नत खेती करने को बताया। आपलोगो ने छिद्रान्वेषण और अपने को बहुत बडा देखने के अलावा और कोई बात नहीं की है। कांग्रेस पार्टी ने जो कहा है अभी तक वह चीज उसने कर दिया। स्वराज्य के बाद हमने जमीन्दारी विनाश कर देने को कहा था और जमीन्दारी का विनाश कर दिया गया। हमने कहा था कि राज्यों का खात्मा कर देंगे और ६ सौ स्टेटों का खात्मा कर दिया गया। हमने कहा था कि हम मजदूरों की हालत को बदल देंगे और इसके लिए आज तक बहुत से वेज बोर्ड हो चुके है और बहुत से वेज बोर्ड बनने जा रहे है। देखने वाले से देखें, तब मालूम होगा कि हमने क्या क्या कर दिया है? अगर आखे बन्द करके देखेंगे तो क्या मालूम होगा? हो, इसमें सन्देह नही कि कुछ त्रुटियां है। हम त्रुटियां मंजूर करते है। त्रुटियां मंजूर करना हमारा काम है।

हम देखते है कि मुल्क के अन्दर घूस खोरी आज बहुत है। घूसखोरी एक प्राब्लम हो गया है। आज कोई ऐसा डिपार्टमेन्ट नही है, जहा पर घूसखोरी नहो। मै अपने मिनिस्टरों से कहूंगा, कि सर, एक प्रलाप है हिन्दी मे-वह यह है कि "घोडा अडा क्यों? पान सडा क्यों? उसका जवाब है फेरा नही गया। तो आपलोग अपने अपने महकमे को ठीक तौर से देखें। अफसरों के मातहत घूसखोरी चल रही है, उस अफसर से जवाब तलब करें। अगर वह अफसर नाकाबिल होतो उसे हटा दे। जरा भी अगर घूसखोरी हमारे मुल्क मे रही तो कोई भी काम चलने वाला नही है। देश का जन-साधारण सुखी नहीं होगा। अभी तक कोई प्रयत्न घूसखोरी बन्द करने का-मुकम्मल प्रयत्न यहा नहीं किया गया। अध्यक्ष महोदय, अब मै आप के मार्फत अपने मंत्रियो को कहूंगा कि वे हर डिपार्टमेन्ट के अन्दर इस बात का प्रबल प्रयत्न करें कि घूसखोरी समूल नष्ट हो। नन्दाजी ने दो वर्ष के अन्दर घूसखोरी बन्द करने का वादा किया है, और काम भी शुरू कर दिया है। आपलोग भी यहा कमेटी करके शुरू कर दे। जब अंग्रेजी राज्य यहा पर कायम था तो एक मजिस्ट्रेट जो उपर बैठता था, तो हाथ फैलाकर उसका पेशकार घूस मांगता था। आज भी हमारे राज्य मे वही नीति जारी है। इसका समूल नाश करना होगा तभी जनता का कल्याण होगा।

जनसंख्या की वृद्धि की बात पर हंसते है। किन्तु सचमुच जनसख्या की वृद्धि आज सारे संसार के लिए एक जटिल समस्या हो रही है। अगर इसको रोकने का अच्छी तरह से प्रचार नही किया गया जनसंख्या को रोका नही गया तो सारे संसार के अन्दर एक महान् संकट उपस्थित होगा इसके लिए कोई ठीक उपाय सोचना होगा। यह हसने की बात नही है। हमारे विरोधी भाई कहते है कि जनसख्या की बात कांग्रेसवाले करते है। लेकिन हम जानते हैं कि जिस तरह से हमारे यहा जनसंख्या बढती चली जा रही है अगर उसका निरोध नही हुआ अगर उसको नही रोका गया तो एक वर्गमील में एक हजार आदमी हो जायगे। फिर जगह नहीं मिलेगी। तो इस समस्या को हंसकर नही उडाया जा सकता मखौल में नहीं उडाया जा सकता।

रिफ्यूजी प्राब्लम आज जो है. वह प्रबल रूपमें सारे हिन्दुस्तान में है। इसलिए इसे बन्द करना होगा। वह अमल में बंगाल का सवाल नही है। अभी हमारे देश के सभी प्रान्त इस समस्या के समाधान की चेष्टा कर रहे है। कोई बोलता है कि हम अपने यहा ५ हजार फेमिली रखेंगे. कोई बोलता है १० हजार. कोई बोलता है. २० हजार फेमिली बसाने का काम करूंगे। किन्तु बहुत से लोगों का ख्याल है कि यहीं रखा जाय। जिस तरह से अभी तक रिफ्यूजी समस्या का काम हुआ है और जिस तरह से राजनैतिक खेल खेला गया है. वह निन्दनीय है और वह तरीका ठीक नही है। हर वाम पन्थी पार्टी को अलग-अलग यूनिटें है उसके अन्दर कम्युनिष्ट यूनिट है. फार्वर्ड ब्लाक यूनिट है। सभी को इस खेल को अब छोड कर सच्चे मन से सोचना चाहिए। ताकि हिन्दुस्तान से रिफ्यूजी समस्या खत्म हो जाय। अगर आज जैसे बंगला भाषी रिफ्यूजी है. कल हिन्दी-भाषी रिफ्यूजी हो जाय अथवा मद्रासी भाई रिफ्यूजी हो जाय तो भारत कैसे रहेगा? इसलिए हमे प्रान्तीयता के चक्कर में नही पडना चाहिए। हमे भारत के अन्दर भारतीयता का प्रचार करना चाहिए और हम सबको सच्चा भारतीय बनना चाहिए।

दण्डकारण्य मे अभी जो उन्नति हो रही है उसे जो लोग देखकर आये है. तारीफ करते है। दण्दकारण्य की बडी उन्नति हो रही है। यहा पर जबकि जगह नही है. जबकि हमारे पास इतना अधिक रुपया नही है. तब हमारे चीफ मिनिस्टर ने ठीक ही कहा कि यहा जगह नही है और हमारी केन्द्रिय गवर्नमेन्ट समस्त सुविधा रिफ्यूजियो को देने को तैयार है तो कोई अपराध उन्होंने नही किया है। रिफ्यूजियों को दण्डकारण्य जाना ही चाहिए।

इन शब्दो के साथ जो बजट उपस्थित किया गया है, मै उसका पूर्ण रूप से हृदय में समर्थन करता हू।

[5-40—5-50 p.m.]

Shri Gopal Basu:

স্যার, আমি বাজেট বরাদ্দের বিরোধিতা করতে গিয়ে আমি শুধু একটি বিষয়ে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। আমি তাদের কথাই বলবো যারা যুদ্ধে, দাঙ্গায়, বন্যায়, ভূমিকম্পে ত্রাণকার্য বিষয়ে অগ্রাধিকার দিয়ে নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে মানুষকে বাঁচবার কাজে এগিয়ে যায়। এর আগে একজন মাননীয় সদস্য তাঁদের কথা বলে গেছেন। আমি ফায়ার ব্রিগেড-এর কর্মচারী-দের কথাই বলছি। কিন্তু ওয়াল হ্যাজ টু সাইডস, দেওয়ালের দুটি দিক আছে। একটি দিক হল দুর্নীতি, সে কথা উনি বলেছেন। আমি আর একটি দিকের কথা বলি। সে দিকটা হল লেলিহান অগ্নিশিখাকে উপেক্ষা করে জীবনের মায়া ত্যাগ করে মানুষের জীবনকে ধ্বংসের পথ থেকে রক্ষা করবার জন্য যারা এগিয়ে ছুটে যায় আমি তাদের কথাই বলবো। আপনি স্যার, মুতুফাদি বিকানীর হাউসের কথা জানেন। সেখানে যেমন দুর্নীতিপরায়ণ অফিসার আছেন ঠিক তেমনি অফিসারও আছেন যিনি বিকানীর হাউসের মুতুফাদে প্রাণ দিয়েছেন জেমস সাহেব-এর মত অফিসারও আছেন, যারা আসামে ত্রাণকার্যের জন্য ৬০০ টাকা তুলে দিয়েছেন, আবার টাকা মেরে দিয়েছে সে রকম কর্মচারীও আছে, আবার এমন কর্মচারীও আছে যারা ত্রাণকার্যে নিজের জীবন বিপন্ন করে, নিজেদের সামান্য মাইনে ও ভাতা থেকে একটা অংশ সংগ্রহ করে ৬০০ টাকা দিয়ে প্রাণ দিয়ে, জীবন দিয়ে মানুষের সেবা করে। আমরা জানি বিগত দাঙ্গার কয়েকটি দিন তারা বিনিদ্র রজনী যাপন করে অতন্দ্র প্রহরীর মত দেশের ইজ্জত, সম্ভ্রম, সেকুলার স্টেট-এর সমস্ত মান-সম্ভ্রম বাঁচাবার জন্য সমস্ত রকম আত্মত্যাগ করেছে এবং দেশের সম্ভ্রমকে উর্দ্ধে তুলে ধরেছে, এই রকম গুটিকয়েক কর্মচারীর কথাই বলবো। সংখ্যায় তারা বেশী নয়। দু' হাজার তাদের সংখ্যা। কিন্তু যারা এত করে তারা পায় কি? এরা কাজ করে চলেছে কিন্তু কাজের নমুনা কি জানেন? মিঃ চেয়ারম্যান, তারা কি অবস্থায় কাজ করে? দৈনিক ১২ ঘণ্টা এবং সপ্তাহে ৮৪ ঘণ্টা তাঁরা কাজ করে। এখানে ফজলুর রহমান সাহেব নেই, আমি তাঁকে জিজ্ঞাসা করবো বাংলাদেশের কোন্ বেসরকারী সংস্থার কর্মচারী ১২ ঘণ্টা কাজ করে এবং সপ্তাহে ৮৪ ঘণ্টা কাজ করে? ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এ, সপ এসটাবলিসমেণ্ট-এ কোন কর্মচারী এত ঘণ্টা কাজ করে দেখাতে পারেন? অথচ আইন তাঁরা করে বেসরকারী সংঘটনের জন্য, আইন করেছেন ৮ ঘণ্টার বেশী কাজে খাটাতে পারবেন না। কিন্তু নিজেরা যা মুখে বলেন, প্রয়োগ করার বেলা অন্য রকম করেন। এরা সপ্তাহে ৮৪ ঘণ্টা একটানা কাজ করে। সপ্তাহে ছুটি নেই, রেস্ট

তাদের নেই, ১৪।১৫ দিন বাদে একদিনের জন্য তাদের ছুটি বেসরকারী সংস্থায় সপ এসটাবলিসমেন্ট অ্যাক্ট অনুযায়ী ১৯ দিন ছুটি আছে কিন্তু তাদের বেলায় সেই ছুটি নেই। আরও শুনে আপনি আশ্চর্য হবেন কর্মীদের বেলায় এই অবস্থা, আর অফিসারদের বেলায় রেসিডেন্সিয়াল অফিসারদের বেলায় একটানা ৩২ ঘণ্টা কাজ করতে হয়, চিন্তা করতে পারেন?

দিনরাত কাজ করে, তার উপর আবার আরও ৮ ঘণ্টা কাজ করবে—৩২ ঘণ্টা কাজ তাদের করতে হয়। ৩২ ঘণ্টা কাজ করার পর ১৬ ঘণ্টা তাদের অফ। আর যারা নন-রেসিডেন্সিয়াল, তাদের ২৪ ঘণ্টা একটানা কাজ ২৪ ঘণ্টা তাদের অফ; এই যে অত্যাচার, এই যে পীড়ন মানুষের উপর এটা কেন? এটা চলছে সরকারী কর্মচারীদের উপর। একটা গরুর পিঠে যদি ঘা হয় তাহলে সি এস পি সি এ তাকে গ্রেপ্তার করে। আর এ'রা মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলছেন। এ'দের যে কোন্ কাঠগোড়ায় দাঁড় করান দরকার তা বুঝতে পারি না। এ'রা যে কঠোর, কত পাষাণ, কত অমানুষিক যে এরা বর্বরের মত মানুষকে দিয়ে পশুর চেয়ে বেশী খাটাচ্ছেন। এই হচ্ছে গভর্নমেণ্টের একটা ডিপার্টমেণ্ট-এর কর্মচারীদের দুরবস্থা। এদের কোন উইকলি রেস্ট নেই। আপনি জানেন ৩২।৩৬ ঘণ্টা যে কাজ করে তার জন্য, তাদের জীবনে সেই প্রেরণা তারা কোথায় পাবে—

all work and no rest make Jack a dull boy.

এদের উইকলি হলিডে-এর কথা বলব। উইকলি হলিডে যদি না থাকে রেস্ট যদি তারা না পায় তাহলে তাদের যে সংসার আছে, সমাজ আছে, স্ত্রী-পুত্র আছে তাদের প্রতি যে কিছু দায়িত্ববোধ আছে সেই দায়িত্ব তারা পালন করতে পারে না। প্রেরণা তারা কোন রকম জীবনে পায় না। তারা দেশকে সেবা করতে চায়, অথচ তাদের নিজের বাড়ীতে বুভুক্ষু মানুষগুলিকে দেখে তার বাড়ীতে অসন্তোষ পুঞ্জীভূত হয়ে ওঠে। ডাঃ রায় একবার বলেছিলেন তাদের উইকলি রেস্ট দেবেন এবং তার জন্য অর্ডারও দিয়েছিলেন। কিন্তু সেই অর্ডার আজও প্রতিপালিত হয় নি। ফজলুর রহমানকে জিজ্ঞাসা করব কেন এটা হয় নি এবং আজও কেন এই রকম অন্যায় অবিচার চলবে কেন? রেস্ট তাদের নেই, গেজেটেড হলিডে তাদের নেই, রিপাবলিক ডে, ইনডিপেন্ডেন্স ডে-তে তাদের ছুটি নেই, গান্ধী, রবীন্দ্রনাথের জন্মদিনেও তাদের ছুটি নেই। ছুটির দিনে অন্যান্য সংস্থার সরকারী কর্মচারীরা অন্যান্য কর্মচারীরা তাঁরা ওভার টাইম পান, দমকলের কর্মচারীরা ওভার টাইম পান না। ছুটির দিনে কাজ করান হবে, অথচ ওভার টাইম দেব না এর চেয়ে নির্লজ্জ কাজ যদি সরকার পক্ষ থেকে হয় তাহলে এর চেয়ে নিন্দনীয় আর কি হতে পারে? এদের এসব ব্যাপার দেখলে মনে হয় মানবিক অধিকার থেকে এরা বঞ্চিত এরা যেন একটা দানবের অধীনে চলছে। তারপর এদের মাইনের কথা। ক্যালকাটা ফায়ার ব্রিগেড ১৯৫০ সালে বেঙ্গল ফায়ার সার্ভিস-এর সঙ্গে মিশে ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিস সেখানে হল। প্রথমে যখন ক্যালকাটা-র সঙ্গে তারা জড়িত ছিল তখন ক্যালকাটা পুলিস চেয়ে এদের মাইনে বেশী ছিল, আর যখন অ্যামালগেমেটেড হল তখন তাদের মাইনে কম হল। ফায়ারম্যানরা কত পাচ্ছে? যারা স্কীল্ড ওয়ার্কার যারা আগুন নেবায়, তারা সমস্ত অ্যাপারেটাস ফিট করে, এমন কি হাওড়া পুলের উপর পাগল উঠলে তারা নাবায়, তারা আন-স্কীল্ড লেবার নয়, অথচ তাদের দিয়ে ধোয়ার কাজ করান হবে, তাদের হোজ পাইপ পরিষ্কার করতে হবে, গাড়ী ধুইতে হবে, যন্ত্রপাতি পরিষ্কার করতে হবে, স্ট্যান্ড বাই ডিউটি দেওয়াবে। এদের এসব কাজের জন্য জন্য অন্যান্য সংস্থার যেমন স্টেট বাস, পুলিস ডিপার্টমেণ্ট-এ অন্যান্য লোক থাকে, এদের বেলায় কেন থাকবে না বা তাদের দিয়ে কেন এসব কাজ করান হবে? অথচ তাদের প্রতি বিচার করা হবে না এটা হতে পারে না। সেজন্য আমি তাদের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এদের লিডারদের, স্কোয়াড-দের উপর সমস্ত দায়িত্ব, এদের অফিসার না থাকলে প্রশাসনিক দায়িত্ব এদের উপর। এরা ফায়ারম্যানদের সমান মাইনে পায়। কেবল ২০ টাকা তাদের বেশী। অথচ দেখা যাবে এদের ভবিষ্যৎ নেই। কোন প্রোমোশন নেই। অথচ কথা ছিল ৭৫ পারসেণ্ট প্রোমোশন এদের দিয়ে সাব-অফিসার করা হবে। গুণ, জ্ঞান, বিদ্যা, অভিজ্ঞতা তাদের আছে, অথচ নেই প্রতিশ্রুতি পালিত হচ্ছে না। এই হচ্ছে এদের অবস্থা। অ্যামালগেমেশন-এর পর ৩৫ পারসেণ্ট সাবসিডাইজড ক্যাস ভ্যালু ফুড-এর জন্য যোগ করা হল পুলিসের জন্য ৩৫ টাকা, আর এদের বেলায় হল ১০ টাকা।

[5-50—5-58 p.m.]

তার ফলে ফায়ার সার্ভিস-এর কর্মচারীরা কম পায় আর পুলিসের কর্মচারীরা পায় বেশী, ফায়ার সার্ভিস-এর কর্মচারীদের জন্য যে স্কেল করা হয়েছে তার উপরে যাবার উপায় নেই, অথচ পুলিস ইন্সপেক্টার যারা তাদের উপরে ওঠার সুযোগ আছে এইরূপ অবিচার এখানে চলেছে, ড্রাইভাররা শুধু ড্রাইভারের কাজ করে না, অপারেশনের কাজ করতে হয়, যারা অ্যাপ্রেণ্টিস তাদেরও বিভিন্ন ধরনের কাজ করতে হয়, এসব কাজের জন্য এরা উপযুক্ত মাহিনা পায় না, সুইপার যারা কাজ করে তাদের কাজের কোন পরিমাপ নেই, তাদের ছুটি নেই, কিছু নেই, যেন বন্য জানোয়ার পুরে রাখা হয়েছে—ঐ হরিণঘাটা ডেয়ারী ফার্মের গরুর মত। এরূপ অমানুষিক অবস্থা কেন চলবে এটাই সরকারকে জিজ্ঞাসা করি। ফায়ার সার্ভিস অ্যাক্ট যেটা সেটা হয়েছে ঐ কিল মারার গোঁসাই-এর মত। এদের অ্যামিনিটিজ দিতে পারেন না অথচ জেল জরিমানার ব্যবস্থা করছে। ফায়ার সার্ভিস অ্যাক্ট এটার পরিবর্তন করা যায় না, এটা কি অ্যামেণ্ড হতে পারে না। এর যদি কেউ প্রতিবাদ করে তাহলে তাকে যেতে হবে জলপাইগুড়ি, কুচবিহার, ওয়েস্ট দিনাজপুর—এইভাবে পানিশমেণ্ট দেওয়া হয়। উইডো পেনসান আছে সেটা কারা পায়? সাধারণ কর্মচারীরা পায় না, এমন কি হালে কারা পেয়েছে তা দেখলে দেখা যাবে উইডো পেনসন যার স্বাভাবিক মৃত্যু হয়েছে, অথচ সত্যিকারের ক্ষতিগ্রস্ত হয়েছে অঘটনে মৃত্যু হয়েছে এ ধরণের পরিবার পাচ্ছে না। রিস্ক অ্যালাউন্স কথা বলতে গিয়ে একথা বলতে হয় কলকাতায় সার্জেণ্ট পকেটে রিভালবার নিয়ে ঘোরে তাদের রিস্ক অ্যালাউন্স আছে, আর এরা যারা সেবার আদর্শে অনুপ্রাণিত হয়ে শুধু বুকের বল নিয়ে এগিয়ে যায়, আগুনের মধ্যে ঝাঁপিয়ে পড়ে, বিভিন্ন বিপদের মধ্যে ঝুঁকি নিয়ে যায় তাদের কিন্তু রিস্ক অ্যালাউন্স নেই। এই যে অবিচার এই অবিচারের বিরুদ্ধে আমার কণ্ঠ ধ্বনীত করতে চাই। আমি বলি ফায়ার সার্ভিস-এর উন্নতি করা যায় যদি না কি নূতন যন্ত্রপাতি আনা যায় এবং কায়িক শ্রম করান যায়, যদি কর্মীদের বাঁচার মত মজুরী দেওয়া যায়। কিন্তু তা সেখানে হয় না। যদি ফায়ার সার্ভিস লাইসেন্স ঠিক মত আদায় করা যায়, যে সমস্ত কারখানা বিনা লাইসেন্স-এ চলছে, তাদের যদি লাইসেন্স নিতে বাধ্য করা হয় তাহলে সেই টাকায় এই কাজ হয়। শুধু এ কাজ করলে হবে না। আমি আজকে অনেক কথা শুনলাম, এইভাবে সমাজতন্ত্র হয় না, বারবনিতা যদি কপালে সিন্দুর লাগান তাহলে সে সতী হয় না, তার সর্বাঙ্গে পারার ঘা ঢাকা যায় না আর সেই পারার ঘা নিয়ে মনে যদি সমাজতন্ত্রের ছিটে লাগান যায় তাহলে সমাজতন্ত্র হয় না।

Shri Barendra Krishna Bhowmik:

মাননীয় স্পীকার, স্যার, যে ব্যয় বরাদ্দ মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। এবার উত্তরবঙ্গের পশ্চিম দিনাজপুর ও মালদহ পাওয়ার সম্বন্ধে কথা আছে। পশ্চিম দিনাজপুরে ৯ মেগাওয়াট, উত্তর বঙ্গে ২০ মেগাওয়াট। কিন্তু জলঢাকার ২·৯ মেগাওয়াট কোথা থেকে আসবে তা নেই। বেকার সমস্যা সমাধান করতে হলে ও কৃষি ব্যবস্থার সমাধান করতে হলে সবচেয়ে বেশী প্রয়োজন পাওয়ার-এর। কিন্তু উত্তরবঙ্গে আজকে বেশী পাওয়ার নেই, এমন কি আপনি জানেন পাওয়ারলুম যা স্যাংশন হয়েছে উত্তরবঙ্গে তা পাওয়ার-এর অভাবে চালান সম্ভব হয় নি। এ ছাড়া উত্তর বাংলায় বহুরকম ইণ্ডাস্ট্রি ডেভেলপ করতে পারে এবং উত্তর বাংলায় পেপার মিল হওয়া সম্ভব বলে মনে করি। উত্তর বাংলায় রেশম শিল্প হতে পারে। সিগারেটের ফ্যাক্টরী, বালতির ফ্যাক্টরী, প্লাইউড ফ্যাক্টরী, স্পীনিং মিল এসব সম্ভবপর। কিন্তু সবচেয়ে অভাব হল পাওয়ারের, এই পাওয়ার না হলে কিছু হতে পারবে না। তিস্তা ব্যারেজ এর পাওয়ার যদি সম্পূর্ণ পাওয়া যায় তাহলে তার দ্বারা সম্ভব এবং বাংলাদেশের অন্যান্য জায়গায়ও সে পাওয়ার দেওয়া সম্ভবপর হবে।

আমার মনে হয় তিস্তা ব্যারেজে হাই পাওয়ার হতে পারে কি না সে বিষয়ে চিন্তা করা দরকার এবং এ বিষয়ে একটি হাই পাওয়ার কমিশন বসিয়ে যাতে এটা হয় সেদিকে নজর দেওয়া দরকার। এই উত্তরবঙ্গে টিউবওয়েলগুলো হতে পারছে না তার একমাত্র কারণ হচ্ছে পাওয়ারের

অভাব, এই পাওয়ার উত্তরবঙ্গে যত শীঘ্র এবং যাতে বেশী পরিমাণ হয় তার দিকে নজর আমি অর্থমন্ত্রী এবং ইণ্ডাস্ট্রি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—এবং এই বলে আমি আমার বাজেট সমর্থন করছি।

Business Advisory Committee

Mr. Speaker: Honourable Members, before I call on the next member to speak, I take the privilege to present the 18th Report of the Business Advisory Committee which at its meeting held this day in my chamber considered the question of re-adjustment of dates for disposal of the financial business for 1964-65. The Committee recommended that the general discussion on the budget be continued on Friday, the 28th February, 1964. and concluded on that date, and the business fixed for Friday, the 28th February, 1964, viz., Voting on Demands for Grants Nos. 25, 26 and 27 be taken up on Saturday, the 7th March, 1964.

The Hon'ble Jagannath Kolay: I beg to move that the 18th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The Motion was agreed to.

Shri Sanat Kumar Raha:

আমরা কাট মোশন আলোচনা করার আগে মিনিস্টার কনসার্ন ডিপার্টমেণ্টের রিপোর্ট পেলে—এগুলি আমরা আগে পেতাম—আমাদের সুবিধা হোত।

Adjournment

The House was then adjournment at 5-58 p.m. till 1 p.m. on Friday, the 28th February, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 28th February, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 11 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State and 181 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-1-10 p.m.]

Heavy industries in Murshidabad district

***151.** (Admitted question No. *530.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মাঝারি এবং ভারি শিল্প প্রতিষ্ঠার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কি কি প্রকারের শিল্প প্রতিষ্ঠিত হইবে ?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: (ক) সরকারী কোন শিল্প প্রতিষ্ঠার পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: কিছুদিন আগে আপনি বলেছিলেন এই বিধানসভায় যে মুর্শিদাবাদ জেলায় ভারী ও মাঝারি শিল্প প্রতিষ্ঠার সম্ভাবনা আছে, এখন বলছেন নাই। এই দুইটির মধ্যে কি কন্ট্রাডিকশন নেই ?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: না আমি বলেছিলাম সরকারী কোন শিল্প প্রতিষ্ঠানের সম্ভাবনা নেই। তবে বেসরকারী প্রতিষ্ঠানের তরফ থেকে মুর্শিদাবাদ জেলায় করবার জন্য যদি কোন দরখাস্ত আসে—দু-একটা এসেছে—সেগুলি আমরা রেকমেন্ড করে দিই এবং করেছিও। অতএব আপনার যে প্রশ্ন ছিল পাবলিক সেকটারে কোন শিল্প প্রতিষ্ঠিত করবেন কিনা তার উত্তরে বলেছি, না।

শ্রীদেবশরণ ঘোষ: কোন্ কোন্ প্রতিষ্ঠান চালু করবার জন্য দরখাস্ত করেছেন জানাবেন কি ?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: আমাদের কাছে দুইটি দরখাস্ত এসেছিল এবং দুইটিই আমরা রেকমেন্ড করে দিয়েছি। একটা হরিদাস মিত্র সাড়ে বারো হাজার স্পিনডিলস চালু করার জন্য মেদিনীপুর ও মুর্শিদাবাদের কোন জায়গার জন্য বলেছিলেন। আর একটা হচ্ছে রামনগর কেন অ্যান্ড সুগার কোং লিমিটেড, তারা একটা পরিকল্পনা দিয়েছিল সেটাও রেকমেন্ড করে পাঠিয়েছি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: কতদিন আগে বলেছিল এবং কতদিন আগে রেকমেন্ড করে পাঠিয়েছেন ?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ ঠিক জানা নেই, পরে জানাতে পারি।

শ্রীসনৎকুমার রাহাঃ ওয়েস্ট সিল্ক-এর কোন মিল বেসরকারীভাবে মুর্শিদাবাদে হবার সম্ভাবনা আছে এবং এই সম্পর্কে চেষ্টা করবেন গত সেশনে বলেছিলেন। ওয়েস্ট সিল্ক সম্পর্কে সরকারের কোন নির্দিষ্ট পরিকল্পনা না থাকলেও বেসরকারী প্রতিষ্ঠান হতে পারে কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ আপনি বোধহয় র-সিল্কের কথা বলছেন। মালদহ এবং মুর্শিদাবাদ এই দুইটি জায়গায় স্পান সিল্ক মিল হতে পারে। পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে ভারত সরকারের কাছে একটা দাবীও আমরা জানিয়েছিলাম। এই স্পান সিল্ক মিল মহীশূরে মাত্র একটি আছে। ভারত সরকার জানিয়েছেন যে এটা এক্সপিরিমেন্ট হিসাবে চলছে এবং এটা সাকসেসফুল না হলে অন্য কোন জায়গায় দেবেন কিনা সে সম্পর্কে স্থির সিদ্ধান্ত গ্রহণ করতে পারছেন না। সেইজন্য এটার উল্লেখ করি নি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, মুর্শিদাবাদে পাটজাত দ্রব্যের কোন শিল্প প্রতিষ্ঠা করবার জন্য কোন পরিকল্পনা আছে কিনা? এই ব্যাপারে সেন্ট্রাল রিসার্চ ইনস্টিটিউট দেখিয়েছেন যে জুট স্টিক থেকে যদি কাগজের মণ্ড তৈরী করা যায় তাহলে সেটা ভালভাবে তৈরী হবে। এখন সুইডেন থেকে নিয়ে আসা হয় তাতে বহু ফরেন এক্সচেঞ্জ বেরিয়ে যায়। মুর্শিদাবাদ জেলায় পাটের সব চেয়ে বেশী প্রডাকশন হয় এই অবস্থা লক্ষ্য করে পাবলিক সেকটরে করবার জন্য ভারত সরকারকে কোন চাপ দেবেন কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ পাবলিক সেকটরের কথা আপনি শেষকালে বলে দিলেন। আপনার রামনগর কেন অ্যান্ড সগার কোং লিমিটেড তাঁরা জুট স্টিক থেকে কাগজ করবার জন্য যে পরিকল্পনা দিয়েছিলেন সেটা আমরা রেকমেণ্ড করে দিয়েছি। তবে পাবলিক সেকটর থেকে কোন পরিকল্পনা এখন পর্যন্ত গ্রহণ করা হয় নি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ পশ্চিমবঙ্গের তরফ থেকে যেহেতু ফরেন এক্সচেঞ্জ সেভ করবেন সেই হেতু এই জিনিসটাকে পাবলিক সেকটরে নিয়ে গিয়ে প্রডাকশন করবার জন্য ভারত সরকারের কাছে কোনরকম আপনাদের বক্তব্য উপস্থাপিত করবেন কিনা—এই হচ্ছে আমার কোশ্চেন?

দি অনারেবল তরুণকান্তি ঘোষঃ এখনো পর্যন্ত করি নি, it is a matter of policy.

শ্রীদেবশরণ ঘোষ ঃ রামনগর কেন অ্যান্ড সুগার কোম্পানী মুর্শিদাবাদে ডিস্টিলারি তৈরী করবার কোন পরিকল্পনা দিয়েছে কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ ঃ আমি জানি না।

Nadia District Central Fishermen's Co-operative Society

***152.** (Admitted question No. *585.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of fthe Co-operation Department be pleased to state—

(a) how many jalkars have so far been settled by the State Government with the Nadia District Central Fishermen's Co-operative Society in the district of Nadia; and

(b) if it is a fact that this Central Fishermen's Co-operative Society in its turn after taking settlement from the State Government sublet the jalkar to other including primary societies at a much higher rental?

The Hon'ble Tenzing Wangdi: (a) 76.

(b) The Central Fishermen's Society after taking settlement of jalkar distributes the same to its affiliated societies keeping a margin of 10 per cent. over the rent assessed by the Government.

শ্রীকাশীকান্ত মৈত্র : নদীয়া জেলায় মৎস্যজীবী সম্প্রদায়ের কয়েকজনকে দুর্নীতির অভিযোগে ধরা হয়েছিল এবং এজন্য তদন্ত শুরু হয়েছে এটা সত্যি কিনা ?

The Hon'ble Tenzing Wangdi: An enquiry was ordered on the 6th February, 1964 regarding the working of the Society.

শ্রীকাশিকান্ত মৈত্র: এই এনকোয়ারী কি অবস্থায় রয়েছে ?

The Hon'ble Tenzing Wangdi: The enquiry is continuing.

Shri Kashi Kanta Maitra: If it is a fact that the Audit Department submitted a report sometime in 1963?

The Hon'ble Tenzing Wangdi: Not to our knowledge.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister kindly state on what principle after a Co-operative Society has been given Settlement in respect of certain fisheries, it is permitted to sublet the same to other societies, primary societies or affiliated societies, and earn a margin to the extent of ten per cent?

The Hon'ble Tenzing Wangdi: Settlement is made under the West Bengal Estates Manual. Under the provisions of rule 273 of the Manual the Central Fishermen's Co-operative Society is competent to distribute the fisheries, after taking settlement of the same, to its affiliated societies, keeping a margin of 10 per cent over the rent assessed by the Government.

Shri Kashi Kanta Maitra: Is the Hon'ble Minister aware that one of the complaints received is to the effect that the Central Fishermen's Co-operative Society instead of working the fisheries themselves are subletting them to other societies at a much higher rent, thereby making profit?

The Hon'ble Tenzing Wangdi: Such a specific complaint is not before us

Shri Kashi Kanta Maitra: By virtue of this policy of allowing the Central Society to settle the fisheries with other societies, are not the Government encouraging the principle of landlordism or intermediarism?

[1-10—1-20 p.m.]

The Hon'ble Tenzing Wangdi: It may be but under the provisions of Rules 273 Central Fishermen's Co-operative Society can settle the fisheries with the other societies

Shri Kashi Kanta Maitra: There is some statutory rule. That cannot certainly, you will agree with me, supersede or sublet the provisions of Bengal Co-operative Soicieties' Act. It is just an executive instruction, and, therefore I am asking if the State Government will make it a policy that

so far as the Co-operative Societies are concerned, one settlement is made with the Co-operative Societies that the Societies in their turn won't be allowed to sublet the fisheries.

The Hon'ble Tenzing Wangdi: That would be contrary to the provisions of the State Manual.

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি এইরকম অনেকগুলি সেন্ট্রাল কো-অপারেটিভ আছে, ফিসারমেন সোসাইটি যারা বাংলাদেশের ফিসরমেনদের হয়ে কাজ করবার জন্য নামে, ফিসারমেনদের নানা রকমে হ্যারাস করে এবং প্রাইমারী সোসাইটিকে তাদের বোনফিট ডিনাই করে, এইরকম সোসাইটি সম্বন্ধে আপনারা নূতন করে চিন্তা করবেন কি?

The Hon'ble Tonzing Wangdi: If any specific complaint is brought to our notice we shall certainly look into it.

Shri Bejoy Kumar Banerjee: Will the Hon'ble Minister kindly state exactly the charges against the co-operative society for which enquiries are being made.

The Hon'ble Tenzing Wangdi: It any specific questions are brought to our notice, then we shall certainly enquire and let you know There may or may not be charges.

Shri Bejoy Kumar Banerjee: The Hon'ble Minister has stated that enquiries are being made. What for enquiries are geing made? Certainly the charges are there.

The Hon'ble Tenzing Wangdi: There might be some irregularities and as such an enquiry has been started under the Co-operative Societies' Act.

Shri Sailendra Nath Adhikary: There are some irregularities.

The Hon'ble Tenzing Wangdi : There might be some.

Rehabilitation of goldsmiths

*153. (Admitted question No. *603.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) what is the plan of the Government for rehabilitation of the goldsmiths who have been thrown out of employment as a result of Gold Control Order; and

(b) what help the West Bengal Government will get from the Centre for the rehabilitation of those goldsmiths?

The Hon'ble Bejoy Singh Nahar : (a) The scheme of rehabilitation is given in the enclosed Statement I.

(b) Central assistance will be admissible as per pattern shown in Statement II.

Statement referred to in reply to clause (a) of starred question No. 153

STATEMENT I

(A) Technical training facilities for goldsmiths and their dependents

Name of Industrial Training Institutes	Number of seats Tradewise				Total seats
	Fitter	Turner	Moulder	Wireman	
I.T.I., Tollygunge	48	48	16		112
I.T.I., Gariahata	16	60	16		92
I.T.I., Howrah Homes	16	12			28
I.T.I., Hooghly	32				32
I.T.I., Kalyani		24	16		40
I.T.I., Krishnagar	48			16	64
I.T.I., Jhargram	64			.	64
I.T.I., Durgapur	..	24		..	24
I.T.I., Cooch Behar	32	12			44
	256	180	48	16	500

(B) Names of other trades in training-cum-production centres where training facilities will available.

1. Handloom.
2. Powerloom
3. Wood Industry
4. Sports goods.
5. Toy-making.
6. Ceramic.
7. Surgical Instruments.
8. Electrical fittings and furnitures.
9. Cutlery Servicing.
10. Silk Reeling.
11. Tailoring.
12. Carpentry.
13. Taxi Driving.
14. Handmade paper.
15. Twine making.

(C) In-service training—

1. Training in Clock and Watch-making.
2. Training in Ink, adhesive making and electroplating.

(D) Grant of Industrial, trade or business loans.

(E) Relaxation of upper age limit and priority consideration for purposes of appointment to service/posts under State Government.

(i) for employment as craftsmen, or semi-skilled workers in industrial establishment,—up to 45 years of age.

(ii) for employment in superior (non-gazetted) and inferior posts in non-industrial establishment/offices where recruitment is made otherwise than through a competitive examination held by the Public Service Commission—5 years.

(F) Educational facilities to the children of all eligible goldsmiths.

STATEMENT II

(I) Training Schemes sponsored by Ministry of Labour and Employments :—

The expenditure will be borne between the Centre and the State in the ratio of 60 : 40.

(II) Training Schemes sponsored by Ministry of Industries :—

The expenditure will be borne between the Centre and the State in the ratio of 75: 25—non-recurring,

50:50—recurring.

Working capital 100 per cent. loan.

শ্রীসনৎকুমার রাহা: গভর্নমেন্ট থেকে গোল্ডস্মিথদের পুনর্বাসনের জন্য যে স্কীম করা হয়েছে—যে দুটাতে ভাগ করে দেওয়া হয়েছে সে সম্পর্কে সরকারের কোন বাস্তব ছবি আছে, যে কত হাজার, লক্ষ লোককে এই পুনর্বসনের কাজে আনা যাবে?

দি অনারেবল বিজয়সিং নাহার: আমরা অ্যাপ্লিকেসনের জন্য বলেছি এবং সেই অ্যাপ্লিকেসনের শেষ তারিখ ২৯এ ফেব্রুয়ারী, তাতে আমরা জানতে পারবো কতজন আছেন ৩১এ মার্চ ১৯৬৪ সাল পর্যন্ত অ্যাপ্লিকেশন পেলে তার আমরা সঠিক বলতে পারবো।

শ্রীসনৎকুমার রাহা: এখনও কোন ফিগার পান নি?

দি অনারেবল বিজয়সিং নাহার: এখন যা ফিগার পেয়েছি তাতে ৬ হাজার ৯২,—৩১এ জানুয়ারী পর্যন্ত ৯,৩৭৫।

শ্রীসনৎকুমার রাহা: এই যে গ্রান্ট এবং লোন দেওয়া হবে ট্রেড এবং বিসনেস করবার জন্য তার অ্যামাউন্ট কত এবং কি ধরনের বিসনেস করতে দেওয়া হবে?

দি অনারেবল বিজয় সিং নাহার: বিসনেস লোন যখন দেওয়া হয় তখন আমরা ঠিক করি যেমন করেছি যে আগামী মার্চ মাসের মধ্যেই লক্ষ টাকা পর্যন্ত আমরা ডিসবার্স করবো এবং তা অ্যাপ্লিকেশনের মাধ্যমেই—ফিউচারে যে টাকা লাগবে তাও দেবার চিন্তা হচ্ছে।

শ্রীসনৎকুমার রাহা: ম্যাকসিমামটা কি করে ঠিক করবেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: সেটা নির্ভর করবে যে বিসনেস করেছে এবং তার কত লাগবে এগুলি পুরোপুরি দেখে সে বিষয়ে ব্যবস্থা করা হবে।

শ্রীসনৎকুমার রাহাঃ এডুকেশন্যাল বেনিফিট পাওয়ার সম্বন্ধে কিছু আছে কিনা? যেসমস্ত গোল্ডস্মীথদের ছেলেমেয়েরা স্কুল-কলেজে পড়েন যারা এলিজেবল হবেন গোল্ডস্মীথ বলে তাদের কি হবে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এলিজেবল যারা হবেন তারা পাবেন।

শ্রীবিজয় কুমার ব্যানার্জিঃ যেসব স্বর্ণশিল্পী ছেলেরা বেকার হয়ে গেছে যারা মারা গেছে চাকুরী করতে পারে না এমন ছেলেপুল যাদর আছে তাদের কি ব্যবস্থা আছে?

দি অনারেবল বিজয় সিং নাহার ঃ এটা রিহ্যাবিলিটেশনের প্রশ্ন—তবুও বলি যাদের এই-রকম গণ্য করা হবে তাদের জন্য ব্যবস্থা অবলম্বন করা হবে।

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ এই যে তিন লক্ষ টাকার কথা বললেন—সেটা কি ম্যাকসিমাম অ্যামাউন্ট?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ টোট্যাল অ্যামাউন্ট।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ টোট্যাল যদি হয় তাহলে আর কয়জনই পাবে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ যে কয়জন পায়।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মন্ত্রিমহাশয় বলেছেন যে যারা এলিজেবল তারাই পাবেন—কি কি কোয়ালিফিকেসন হলে এলিজেবল হবে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ তারা যে গোল্ডস্মীথ ছিলেন এই প্রমাণ দিতে পারলে হবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে যেসমস্ত লোক এলিজেবল হবে তাদের সম্বন্ধে একটা ব্যবস্থা করা হচ্ছে—কিন্তু এখানে একটা প্রশ্ন যে যেসমস্ত গোল্ডস্মীথ ইতি-মধ্যে অক্ষম হয়ে গেছে বা যাদের বাড়িতে গোল্ডস্মীথ ছিল সে মারা গিয়েছে বা আত্মহত্যা করেছে বাড়িতে এমন কেউ নেই যে সংসার চালাতে পারে এই পরিবারের কোন সমীক্ষা করেছেন কিনা, করে থাকলে তাদের সম্বন্ধে কি হচ্ছে সেটা একটু...... ?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এটা রিহ্যাবিলিটিসনের প্রশ্ন—তাদের রিলিফ থেকে কিছু ব্যবস্থা করা হবে কিনা সেটা আমি বলতে পারবো না।

শ্রীকানাই পাল ঃ নদিয়া জেলার শান্তিপুর থানায় যেসমস্ত গোল্ডস্মীথ আছেন তাদের মাসিক সাহায্য দেওয়ার কথা তা অধিকাংশ মাসে দেওয়া হচ্ছে না? এবং বর্তমানে অনেককেই সাহায্য দেওয়া বন্ধ করা হয়েছে, কারণ টাকা নেই।

দি অনারেবল বিজয় সিং নাহারঃ এই প্রশ্নের উত্তর দিতে গেলে নোটিশ চাই।

শ্রীসনৎকুমার রাহাঃ গোল্ডস্মীথদের চাকুরী দেওয়ার কথা আছে, সেখানে আদার ওয়াইজ দেন কমপিটিটিভ একজামিনেশন হেল্ড বাই পাবলিক সার্ভিস কমিশন সেগুলো কোন কোন চাকুরী মিন করছেন?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ নন-গেজেটেড পোস্টে গভর্নমেন্টের অনেকগুলো সার্ভিস আছে যেগুলি পাবলিক সার্ভিস কমিশনের দরকার হয় না।

[1-20—1-30 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আপনি কি জানাবেন যে যেসমস্ত পাবলিক প্রজেক্ট হয়েছে যেমন হলদিয়া, ফরাক্কা, সেসমস্ত জায়গায় আজ পর্যন্ত কতজন গোল্ডস্মীথকে পাঠান হয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ নোটিশ চাই।

[illegible] অধিকারী: গোল্ডস্মীথ বলতে তাঁর অভিধানে কিরকম লেখা আছে—গোল্ড-স্মীথ বলতে কি গোল্ড আর্টিসান ইনক্লুড করবে?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমার কাছে কোন সংজ্ঞা নেই, সেণ্ট্রাল গভর্নমেণ্ট যে ডেফিনিসন করে দিয়েছেন সেটাই হবে।

শ্রীসনৎকুমার রাহা: ট্রেনিং সেণ্টার-কাম-প্রডাকসন-এ যে ট্রেনিং ফেসিলিটিস দেওয়া হবে সেখানে ট্রেনিং পিরিয়ড-এ ট্রেনিদের কি দেবার ব্যবস্থা করা হবে?

দি অনারেবল বিজয় সিং নাহার: ট্রেনিং পিরিয়ড-এ তাদের শেখাবার ব্যবস্থা আছে এবং কিছু স্টাইপেণ্ড-এর ব্যবস্থা আছে—এর বেশী ডিটেইলস আমার কাছে নেই।

শ্রীসনৎকুমার রাহা: যারা ট্রেনি হতে চায় তারা কার কাছে দরখাস্ত করবে?

দি অনারেবল বিজয় সিং নাহার: এটা তো কাগজে বেরিয়েছে যে ডিরেক্টর অফ ইন্ডাস্ট্রিজ-এর ডিরেক্‌টর-এর কাছে কিম্বা আমাদের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর কাছে অ্যাপ্লিকেশন করবে—কিছু কিছু অ্যাপ্লিকেশন পাওয়াও গেছে এবং সেগুলির সিলেকশন আরম্ভ হয় নি, শীঘ্র সিলেকশন আরম্ভ হবে।

শ্রীসনৎকুমার রাহা: এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফৎ করলে আমাদের মফঃস্বলের পক্ষে খুব সুবিধা হয় সেই জন্য গোল্ডস্মীথদের ক্যাটেগরি করে যারা ট্রেনিং পেতে পারে তার মাধ্যমে যদি জানান যে গোল্ডস্মীথ যারা ট্রেনিং পেতে চান এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফৎ তাহলে সবচেয়ে সুবিধা হয় এবং এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে হলে সুষ্ঠুভাবে সমস্ত গোল্ডস্মীথ ট্রেনিং পেতে পারে। এইরকম কোন নির্দেশ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর কাছে গেছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর ডিরেক্টর-এর কাছে, সমস্ত এক্সচেঞ্জ-এ নয়। তবে এটুকুন বলতে পারি যে এ সম্বন্ধে ফর্ম ছাপান হয়েছে, বিজ্ঞাপন দেওয়া হয়েছে। সেই ফর্ম-এ যারা দরখাস্ত করবে তাদের সবায়ের শিক্ষাব্যবস্থা দেওয়া হবে। প্রথমত আমরা ৫০০ জনের ব্যবস্থা করেছি একটা ক্যাটেগরির এবং অন্য রকম করা যাবে, যেরকম অ্যাপ্লি-কেশন আসবে এবং এ বিষয়ে একটা কমিটি করা হয়েছে তাঁরা সব ঠিক করবেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: পশ্চিমবঙ্গে রেজিস্টার গোল্ডস্মীথ-এর সংখ্যা কত?

দি অনারেবল বিজয় সিং নাহার: নোটিশ চাই।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: যারা রেজিষ্টার্ড হয়েছে তাদের সকলকে সাহায্য দেওয়া হয়েছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: এখানে রেজিষ্টার্ড গোল্ডস্মীথস যারা আছেন তাঁদের রিহ্যাবিলিটেশনের বেনিফিট দেওয়া হচ্ছে আগে।

শ্রীসনৎকুমার রাহা: সেণ্ট্রাল গভর্নমেণ্ট এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্ট-এর মিলিত খরচায় যেসব ট্রেনিং স্কীম করা হয়েছে তাতে বাস্তবভাবে কোন্ কোন্ পরিকল্পনা আছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: ঐ পরিকল্পনাগুলিতে ট্রেনিং-এর বিশেষ ব্যবস্থা রয়েছে, ইণ্ডাস্ট্রিয়াল লোন-এর ব্যবস্থা রয়েছে, ক্রাফটসম্যান ট্রেনিং-এর ব্যবস্থা রয়েছে। এডুকেশন্যাল ফেসিলিটিস রয়েছে।

শ্রীসনৎকুমার রাহা: আপনাদের ৭০-৩০ এবং ৬০-৪০ যা আছে তা ছাড়া আর কোন ফারদার স্কীম আছে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: এগুলি এই স্কীম-এর মধ্যে।

শ্রীননী ভট্টাচার্য: এই যে দুটো স্কীম-এর কথা বললেন এতে কি সর্বসাকুল্যে ৩ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে?

দি অনারেবল বিজয় সিং নাহার: সেটা এ বছরের মার্চ মাসের খরচ করা হবে; তারপরের বছরের খরচের টাকা ধরা হবে।

শ্রীনিখিল দাস: এই টাকা কি সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে পেয়েছেন, না ওয়েস্ট বেংগল গভর্নমেন্ট খরচ করছেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: ওয়েস্ট বেংগল গভর্নমেন্ট এবং সেন্ট্রাল গভর্নমেন্ট-এর রেশিও আগেই বলেছি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আপনি কি বলবেন যে বেশ কিছু উদ্বাস্তু গোল্ডস্মীথ যারা সরকার থেকে ঋণ নিয়েছিলেন এবং ঋণ নেবার পর গোল্ড কন্ট্রোল অর্ডার-এর জন্য আবার যারা ডিসপ্লেসড হয়ে গেছে তাঁদের পুনরায় ঋণ দেবার ব্যবস্থা করতে গেলে আপনারা কি ভাবে তা করবেন এবং তাদের পুরানো ঋণটা রাইট-অফ করার জন্য রেকমেণ্ডেসন করবেন, না তাদের নূতন দেবেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: একবার যারা ঋণ নিয়েছে, তাদের আর একবার ঋণের দরকার হবে না। কিন্তু নূতন যারা দরখাস্ত করেছেন তাদের ঋণ দেওয়া হবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আসল কথা হচ্ছে গোল্ডস্মীথদের টাকা নেই, রিফিউজী রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে টাকা নিয়েছে, এবং নেবার পর যথারীতি জীবিকা অর্জন করছে, তারপর গোল্ড কন্ট্রোল অর্ডার-এর ফলে গোল্ডস্মীথরা ডিসপ্লেসড হল, এখন তাদের উপর লায়বিলেটি থাকার দরুন সে সুযোগ তারা পাবে কিনা? নূতন ঋণ পাবে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: আপাতত সে প্রশ্ন আমাদের সামনে আসে নি, রিহ্যাবিটেসন ডিপার্টমেণ্ট যদি লোন দিয়ে থাকেন তা পরিশোধের ব্যবস্থা রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট যা আছে তা করতে হবে এখানে এ ধরনের প্রশ্ন এখনও আসে নি, আসলে বিবেচনা করে দেখা যাবে।

শ্রীঅবনীকুমার বসু: মন্ত্রিমহাশয় কি জানাবেন ট্রেনিং-কাম-প্রোডাকসন সেন্টার-এ কতজন শিক্ষার্থী শিক্ষা নিয়েছেন?

দি অনারেবল বিজয় সিং নাহার: প্রথমেই বলেছি একজনও নিচ্ছে না।

শ্রীঅবনীকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কি ধরনের শিক্ষা তাদের দেওয়া হবে?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমি একটা লম্বা লিস্ট পড়লাম, উনি বোধ হয় শোনেন নি, তাতে এসব অনেককিছু দেওয়া আছে।

শ্রীবিজয় পাল: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন গোল্ডস্মীথদের তাদের পরিবারের কতজনকে কি ধরনের ক্ষতিপূরণ বাবদ কোন ভাতা দেওয়া হবে কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: নোটিশ চাই, এক্ষুনি বলতে পারবো না।

শ্রীনিখিল দাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, গোল্ডস্মীথদের ছেলেমেয়েদের জন্য একটা এডুকেশন গ্র্যান্ট-এর জন্য টাকা দেওয়া হয়েছিল তারা সেটা পায় নি, এটা সত্য কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: আমার জানা নেই, আপনি যদি এডুকেশন ডিপার্টমেণ্ট-এ প্রশ্ন করেন তাহলে জানতে পারবেন, তবে এটুকু বলতে পারি এডুকেশন ডিপার্টমেন্ট-এর কাছে টাকা দিয়ে দেওয়া হয়েছে।

Grand Trunk Approach Road to Memari Railway Station

***154.** (Admitted question No. *700.) **Shri Syed Abul Mansur Habibullah:** Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether the Government is aware that the Grand Trunk Approach Road to Memari Railway Station (known as abandoned G. T. Road) is badly in need of repair; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state as to when the repair work will be undertaken

The Hon'ble Syamadas Bhattacharyya : (a) Yes.

(b) The work is likely to be taken up soon.

শ্রীবিজয় পাল: এই রাস্তা কতদিনের মধ্যে হবে এবং মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে রাস্তা ঐভাবে থাকার জন্য ঐ জি টি রোড-এ ঘণ্টার পর ঘণ্টা মোটর ট্রাক, ইত্যাদি এত জাম হয়ে থাকে, সেজন্য কবে রাস্তাটা সারান হবে সেটা জানাবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমি জানি ওখানের রাস্তাটি করা খুবই প্রয়োজন, ঐ রাস্তা ১৯৫৬-৫৭ সালে ২৬ হাজার টাকায় মেরামত করান হয়েছিল এবং ১৯৫৮-৫৯ সালে ১ হাজার ৫০০ টাকায় মেরামত করা হয়েছিল, টি আর স্কীম-এ মেরামত করান হয়েছিল, তবে সেসব মেরামতের দ্বারা ভাল ফল পাওয়া যায় নি সেজন্য পি ডব্লিউ ডি-কে অনুরোধ করা হয়েছিল, তাঁরা একটা এস্টিমেট তৈরী করেছেন ৪৮ হাজার ৪ শত টাকার, সে এস্টিমেটটা পরীক্ষা করা হচ্ছে, আশা করা যায় শীঘ্রই হবে।

ডাঃ নারায়ণচন্দ্র রায়: বর্ষার পূর্বে হতে পারবে কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমরা খুবই চেষ্টা করবো।

West Bengal Khadi Centre

***155.** (Admitted question No. *713.)

শ্রীসুধীরচন্দ্র দাস : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্রকে মেদিনীপুর জেলায় ভগবানপুর থানার কাকরা খাদি কেন্দ্রের জন্য সম্প্রতি কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কিনা ;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে, ঐ অর্থের পরিমাণ কত এবং কি কি সর্তে ঐ অর্থ মঞ্জুর হইয়াছে ;

(গ) পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্রের সভাপতি ও সম্পাদক কে ; এবং

(ঘ) এই বছর আর কোন্ কোন্ সংস্থাকে পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্রের মাধ্যমে খাদি কার্যের জন্য কত টাকা দেওয়া হইয়াছে ?

The Hon'ble Tarun Kanti Ghosh :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) সভাপতি—শ্রীচারুচন্দ্র মহান্তি।

যুগ্ম-সম্পাদক—শ্রীমতি আভা মাইতি ও অপরেশ ভট্টাচার্য।

(ঘ) আর কোনও সংস্থাকে পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্রের মাধ্যমে খাদি কার্যের জন্য কোনও অর্থ দেওয়া হয় নাই।

শ্রীসুধীরচন্দ্র দাস: আমার প্রশ্নটা ভুলভাবে ছেপে বার হয়েছে, অরিজিনাল কোশ্চেনটা ছিল রিলিফ রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট-এর এবং এটা ইণ্ডাস্ট্রি ডিপার্টমেন্ট-এ চলে যাওয়ার জন্য ভয়নক মুস্কিল হচ্ছে, কারণ ইণ্ডাস্ট্রি ডিপার্টমেন্ট থেকে টাকা দেওয়া হয় নি, এটা আপনারা কারেক্ট করে নিন এবং অ্যাকসেপ্ট করে নিন, এটা রিলিফ মিনিস্টার-এর নিজের এলাকা এবং নিজের এলাকায় টাকা দেওয়া হয়েছে এবং সেজন্য এত গোলমাল হচ্ছে বলে মনে করি রিলিফ ডিপার্টমেন্ট-এর মন্ত্রীমহাশয়কে অ্যাকসেপ্ট করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় স্পীকার মহাশয়, ৮২ হাজার টাকা খাদি প্রতিষ্ঠানকে দেবার যে অভিযোগ করেছিলাম তার জবাব পাই নি, মাননীয় সুধীরবাবু এটা দিয়েছিলেন ইণ্ডাস্ট্রিতে আসার কি কারণ আছে এটা রিলিফ-এর প্রশ্ন এবং রিলিফ-এর টাকা, খাদি কেন্দ্রের জন্য দেওয়া হয়েছে, কাজেই সেভাবে কোশ্চেন এলে ভাল হয়।

[1-30—1-40 p.m.]

মিঃ স্পীকার: আপনি কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন দিয়েছিলেন।

শ্রীসুধীরচন্দ্র দাস: আপনি আমার অরিজিনাল কোশ্চেনটা দেখুন। যেটা প্লেস করা হয়েছিল তাতে ছিল একেবারে রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশনের কাছে।

মিঃ স্পীকার: ডিপার্টমেন্ট আপনার কোশ্চেনের সাবজেক্ট ম্যাটারটা দেখে কারেক্ট করে এই ডিপার্টমেন্টের কাছে রেফার করেছে।

The subject-matter of your question refers of this particular department.

শ্রীসুধীরচন্দ্র দাস: কিন্তু আমি এই কোশ্চেনটা পুট করেছিলাম রিলিফ ডিপার্টমেন্টের কাছে।

মিঃ স্পীকার: এটা রিলিফ ডিপার্টমেন্টের নয়।

শ্রীসুধীরচন্দ্র দাস: তাহলে কি আমাকে আবার নূতন করে কোশ্চেন করতে হবে রিলিফ ডিপার্টমেন্টের কাছে?

মিঃ স্পীকার: না, এটা কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রীই জবাব দেবেন এবং এটা সেইভাবেই কারেক্ট করা হয়েছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এর টেকনিক্যালিটিস বাদ দিলেও আমরা যখন একটা প্রশ্ন করি তখন একটা ইনফর্মেশনকে এলিসিট করবার জন্যই করি। এখানে দেখা যাচ্ছে একটা বিষয় যেটা গুরুতর বলে মনে হয়েছে সেইটা সম্বন্ধে অনারেবল মেম্বার সুধীরবাবু তিনি জানতে চাচ্ছেন একটা পার্টিকুলার ডিপার্টমেন্টের কাছ থেকে। এখানে টেকনিক্যালিটিস বাদ দিয়ে তাঁরা মুখ্যমন্ত্রীই হোন আর যে-কোন মন্ত্রীই হোন, তাঁকে যদি স্যাটিসফাই করেন তাহলে ভাল হয় না কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আজকে প্রশ্নটা করা হয়েছে, "পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্রকে মেদিনীপুর জেলায় ভগবানপুর থানার কাকরা খাদি কেন্দ্রের জন্যে সম্প্রতি কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কিনা?" কাজে কাজেই এর জবাব ইণ্ডাস্ট্রি মিনিস্টার দেবেন। যদি প্রশ্নটা এমন করা হোত যে, ত্রাণ বিভাগ অমুক জায়গায় ত্রাণ কার্যের জন্য কোন টাকা দিয়েছেন কিনা, তাহলে ত্রাণমন্ত্রীকে প্রশ্ন করাটা সমীচীন হোত।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, ত্রাণ বিভাগ থেকে যে টাকাটা নিয়ে আসা হয়েছিল সেই টাকাটা এই কেন্দ্রে খরচ হয়েছে কিনা এবং এই সম্পর্কে তাঁর কাছে কোন রিপোর্ট এসেছে কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: এখানে সুধীরবাবু যে কথা বললেন এই ব্যাপারে বিশ্বাস করুন আমি কিছুই জানি না। এখানে যে প্রশ্ন এসেছে তার ঠিক সত্য যে জবাব তাই দিয়েছি। তবে যে প্রশ্ন করলেন তার কিছুই আমি জানি না।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্র এটা বেসরকারী প্রতিষ্ঠান কিনা?

দি অনারেবল তরুণকান্তি ঘোষ: নিশ্চয়ই।

শ্রীননী ভট্টাচার্য: এই বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে আমরা দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রী আভা মাইতি যুগ্ম সম্পাদকের মধ্যে একজন। একজন মন্ত্রী তিনি ফুল টাইম সার্ভিস মন্ত্রী হিসাবে দেবেন কিনা এর কি কোন নিয়ম আছে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এই যে প্রতিষ্ঠান এই প্রতিষ্ঠান কোন ব্যবসা বা বাণিজ্যের জন্য নয়। খাদি এবং কুটির শিল্পের সম্প্রসারণের জন্য। এই প্রতিষ্ঠানের লাভ কেউ নিতে পারে না এবং এই প্রতিষ্ঠানের যদি কেউ সদস্য থাকেন এবং যদি তিনি মন্ত্রী থাকেন তাতে তাঁর গৌরব বৃদ্ধি হয়, তাতে তাঁর ক্ষতি হয় না।

শ্রীননী ভট্টাচার্য: আমার প্রশ্ন হচ্ছে, প্রশ্নের উত্তর দিতে গিয়ে বলেছেন এটা ব্যবসা প্রতিষ্ঠান নয়, অথচ আমরা জানি তার লাভলোকসানের খাতা আছে, সেদিক থেকে আমি জিজ্ঞাসা করছি তিনি ফুলটাইম মিনিস্টার কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: ফুল টাইম মিনিস্টার হলেও তিনি সমবায় সমিতিতে থাকতে পারেন, এবং গঠনমূলক যে-কোন কাজের সঙ্গে জড়িত থাকতে পারেন, কেবলমাত্র নিষেধ হচ্ছে তাতে যদি লাভ হয়, লাভের কোন অংশ নিতে পারেন না।

শ্রীযামিনীভূষণ সাহা: কোন প্রাইভেট ইন্ডাস্ট্রিতে কোন মন্ত্রী যুক্ত থাকতে পারেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি বলেছি এটা সেরকম কিছু ইন্ডাস্ট্রির ব্যাপার নয়—পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্র যে আইন অনুসারে রেজিস্টার্ড সোসাইটি—বেনিভোলেন্ট সোসাইটিস অ্যাক্ট, সেই সোসাইটি অ্যাক্ট অনুসারে এটা রেজিস্টার্ড অর্থাৎ এতে কেউ লাভ নিতে পারে না। আমাদের পশ্চিমবঙ্গে খাদি কেন্দ্র এই খাদি কমিশন যেটা একটা অটোনমাস বডি ক্রিয়েটেড বাই দি পার্লিয়ামেন্ট সেই অটোনমাস বডির যে কার্যধারা আছে তার সঙ্গে সংযুক্ত। খাদি কমিশন থেকে তাদের সাহায্য পায়, এবং পশ্চিমবঙ্গ খাদি বোর্ড থেকে সাহায্য পায়—ত্রাণবিভাগ সাহায্য পেয়েছে কিনা আমি জানি না, প্রশ্ন করলে সেটা জানা যেতে পারে। পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্রে যে-কোন মন্ত্রীই থাকতে পারেন, যেহেতু এটা আমাদের গঠনমূলক কার্য এবং এই কার্যে সাহায্য করবার জন্য আমরা সবসময়ই প্রস্তুত।

শ্রীযামিনীভূষণ সাহা: আমি পরিষ্কার জিজ্ঞাসা করেছি কোন প্রাইভেট ইন্ডাস্ট্রিতে কোন মন্ত্রী যুক্ত থাকতে পারেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: প্রাইভেট কোম্পানীতে নিশ্চয়ই থাকতে পারেন না, কেন না যেইসমস্ত প্রাইভেট কোম্পানী লাভ করবার জন্যই ব্যবসা করেন।

শ্রীযামিনীভূষণ সাহা: পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্র কোন ধরনের ইন্ডাস্ট্রি বা কো-অপারেটিভ?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্র সোসাইটি রেজিস্ট্রেশন এ্যাক্ট-এ রেজিস্টার্ড। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে পারি এতে কেউ লাভ নিতে পারে না, এর ক্যাপিটাল ভাঙাতে পারে না, ব্যক্তিগত স্বার্থের জন্য ব্যবহার করতে পারে না। এটা জয়েন্ট স্টক কোম্পানী প্রাইভেট লিমিটেড কোম্পানীর মতো ঠিক নয়। এটা কুটিরশিল্পের উন্নয়নের জন্যই হয়েছে। . . ।

[1-40—1-50 p.m.]

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, এখনি বললেন যে সোসাইটি অ্যাক্ট অনুসারে রেজিস্ট্রীকৃত প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গের খাদি কেন্দ্র। সুতরাং সেখানে কোন মন্ত্রী যুগ্ম সম্পাদক চেয়ারম্যান হওয়ার কোন অসুবিধা থাকে না, তিনি বলেছেন। সোসাইটি অ্যাক্ট অনুসারে রেজিস্ট্রীকৃত অন্যান্য প্রতিষ্ঠানে মাননীয় মন্ত্রীরা কি তাদের যুগ্ম সম্পাদকই হোক কি চেয়ারম্যান পদই হোক তা গ্রহণ করতে পারবেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: নিশ্চয়ই পারবেন।

শ্রীননী ভট্টাচার্য: ইণ্ডিয়ান টি প্ল্যান্টস অ্যাসোসিয়েশন এটা একটা রেজিস্ট্রীকৃত প্রতিষ্ঠান, সোসাইটি অ্যাক্ট অনুসারে সেরকম কোন প্রতিষ্ঠান মন্ত্রীরা সম্পাদক বা যুগ্ম সম্পাদক ইত্যাদি পদ গ্রহণ করতে পারেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এটা যদি লাভ করবার জন্য প্রতিষ্ঠান না হয়ে থাকে তাহলে হতে পারবে।

শ্রীননী ভট্টাচার্য: কিন্তু সাধারণভাবে ব্যবসা করে না, সোসাইটি অ্যাক্ট অনুসারে রেজিস্ট্রীকৃত প্রতিষ্ঠান, নিজেদের সোসাইটির মঙ্গলের জন্য অনেকে কিছু তো করতে পারেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এটা যদিও হাইপোথেটিক্যাল সোসাইটি অ্যাক্ট অনুসারে যে সংস্থা গঠিত হয়েছে তাদের কাছ থেকে যদি বেতন না নেয় এবং লাভের কোন অংশ গ্রহণ না করে তাহলে মুখ্যমন্ত্রী পর্যন্ত সদস্য হতে পারেন।

শ্রীননী ভট্টাচার্য: আমি এটা এজন্য বলছি, আগে একটা প্রশ্ন করেছিলাম তার উত্তর দেননি তার সঙ্গে এটা জড়িত বলে জিজ্ঞাসা করছি, ফুল ফ্লেজেড মিনিস্টারদের বিভিন্ন কাজে ব্যস্ত থাকতে হয় তিনি মন্ত্রী হিসাবে সেই সময়ের একটা ভাগ যত অল্পই হোক না কেন, ব্যবসায়েই হোক কি অন্য প্রতিষ্ঠানেই হোক রেজিস্ট্রিকৃত কোন সোসাইটিতে তাদের তাঁর কোন সময় ব্যয় করার অধিকার রাখেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: সম্পূর্ণ আছে, একটা নয়, এক হাজারটায় হতে পারে।

শ্রীকানাই পাল: মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করছি যে উনি যে বলেছেন এটা লাভের জন্য নয় এই খাদি প্রতিষ্ঠান। এটা লাভের জন্য যদি না হয়, সেখানে বেচাকেনা, সবকিছু যখন হয়ে থাকে সেটা লোকসানের ব্যাপারও নয়। কিন্তু লভ্যাংশ কারা নিচ্ছে সেটা মূল কথা। আমার প্রশ্ন হচ্ছে এই যে ব্যবসা এটা যদি লাভের জন্য না হয় তবে কি লোকসানের জন্য?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যদি লোকসানের জন্য হয় তাহলে যারা সদস্য তাঁরাই দায়ী হবেন লোকসানের জন্য।

শ্রীকানাই পাল: এটা কি তাহলে মনে করবো সামগ্রিকভাবে যারা ক্ষমতায় আসীন রয়েছে তাদের একটা বিশেষ অর্থ লোপাট করার ব্যবস্থা রয়েছে এর মধ্যে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যাঁরা খাদি এবং কুটিরশিল্পের উন্নয়নের জন্য কাজ করতে চান তারা লোকসানের দায়িত্ব নিতে পারেন এবং চিরকাল নিয়ে থাকেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি এটা জানতে চাই, আমরা খাদি উন্নয়ন চাই, কিন্তু আমাদের আর্তত্রাণমন্ত্রী দলত্রাণের জন্য সেখানে ৮২ হাজার টাকা দিয়েছিলেন শোনা যাচ্ছে, এটা সম্পর্কে জানেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মাননীয় সদস্যরা যখন প্রশ্ন করেন, বিনীতভাবে বলছি, অনুগ্রহ করে একটু ভালভাবে প্রশ্ন করেন তাহলে মাননীয়া ত্রাণমন্ত্রী তা ধরতে পারেন, মুখ্য-মন্ত্রীও তা ধরতে পারেন কিন্তু প্রশ্ন যদি না করতে পারেন তাহলে বড়ই দুঃখের বিষয়। যদি জিজ্ঞাসা করতেন মাননীয় ত্রাণমন্ত্রী মহোদয়া কি ৮২ হাজার টাকা অমুক খাদি কেন্দ্রকে দিয়ে-ছিলেন কিনা, জবাব দিলে ধরতে পারতেন, প্রশ্ন করতে না জানলে এইসব আবোল-তাবোল হয়।

[Noise]

শ্রীবলাই দাস মহাপাত্র: মাননীয় মুখ্যমন্ত্রী তিনি জবাব দিতে জানেন না, আমার প্রশ্নের উত্তর হয় নি, আমি প্রশ্ন করেছি যে মাননীয় মুখ্যমন্ত্রী জানেন কিনা যে মাননীয়া আর্ত-ত্রাণ মন্ত্রী খাদি কেন্দ্রে ৮২ হাজার টাকা কৃত্তবাস দাসের হাতে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মাননীয় সদস্য মহাশয় অনুগ্রহপূর্বক যদি এই প্রশ্ন করেন তাহলে নিশ্চয়ই জবাব দেবো।

শ্রীসুধীরচন্দ্র দাস: মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন সেখানে আমি প্রিভি-লেজের প্রশ্ন তুলছি—আমি কোশ্চেন করতে জানি না বলে উনি বলেছেন, এটা প্রিভিলেজের প্রশ্ন—তিনি আবোল-তাবোল বলেছেন, আমার অরিজিন্যাল কোশ্চেনটা রিলিফ ডিপার্টমেন্টেই দেওয়া ছিল টাকাটা মঞ্জুর হয়েছে কিনা?

মিঃ স্পীকার: না তাঁরা তা বলতে পারবেন—আমরা পাঠিয়েছি ডিপার্টমেন্টে।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আবোল-তাবোল মানে অসংলগ্ন, এখানে-সেখানে...........

[এ ভয়েস : মুখ্যমন্ত্রীর কথাগুলোও বেশ সংলগ্ন বলে মনে হচ্ছে না]

শ্রীসুধীরচন্দ্র দাস : তার মানে স্যার, আবোল-তাবোল বলবেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: এতে এমন কি তফাৎ নেই।

[গোলমাল]

শ্রীনেপালচন্দ্র রায়: এই খাদি কেন্দ্রে তিনি বিভিন্ন বিক্রয় কেন্দ্রে যে তিনি যান এবং খাদি বিক্রয় করেন আজ পর্যন্ত তিনি কত টাকার খাদি বিক্রয় করেছেন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: আমি কয়েক সহস্র টাকার খাদি নিজ হাতে বিক্রয় করেছি।

শ্রীযামিনীভূষণ সাহাঃ কিছুক্ষণ আগে মাননীয় সদস্যের সুধীরচন্দ্র দাস মহাশয়ের প্রশ্নের উত্তর দিতে গিয়ে মুখ্যমন্ত্রী বললেন সদস্য মহাশয়রা ঠিকমত বলতে জানেন না আবোল-তাবোল বলছেন, এতে আমি মনে করি সদস্যের সম্মান ক্ষুন্ন হচ্ছে, সুতরাং তিনি কি বলেছেন প্রসিডিংস দেখা হোক, এবং যদি তিনি একথা বলে থাকেন তাহলে ব্যবস্থা অবলম্বন করা হোক।

মিঃ স্পীকারঃ প্রসিডিংসটা দেখা হোক, এর পর আপনারা কিছু বলবেন?

শ্রীনিখিল দাসঃ আমাদের জ্ঞানবৃদ্ধ মুখ্যমন্ত্রী মহাশয় অনেক কিছু না জেনে যে আবোল-তাবোল উত্তর দিলেন তা থেকে একটি অতিরিক্ত প্রশ্ন করছি এই যে এখন ত্রাণমন্ত্রী এসেছেন, এখন প্রশ্নটাকে এড়িয়ে না গিয়ে সেখানে টাকা দেওয়া হয়েছে কিনা সেটা বলুন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ আমি এখনও বলবো যে মাননীয় সদস্যরা যদি এইভাবে প্রশ্ন করেন যে ত্রাণবিভাগ থেকে ৮২ হাজার টাকা দেওয়া হয়েছে কিনা, ত্রাণকার্যের জন্য, অমুক খাদি কেন্দ্রকে, তাহলে নিশ্চয়ই তিনি তাঁর উত্তর দেবেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ যামিনীবাবু যেটা বললেন, আমিও ঠিক সেই কথাটাই বলছি এবং আমরা এটা আপনার কাছ থেকে আশা করছি।

মিঃ স্পীকারঃ যামিনীবাবু বলেছেন এবং প্রসিডিংস দেখা হবে—এই তো হোল ....।

1-50—2 p.m]

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ ও'র যদি মনে কষ্ট হয়ে থাকে, তাহলে আমি এটা প্রত্যাহার করছি।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : আপনি বলেছেন যে, কোন মন্ত্রী লাভজনক প্রতিষ্ঠানে থাকতে পারেন না, তাহলে অমৃতবাজার পত্রিকা এবং যুগান্তর পত্রিকায় সংশ্লিষ্ট থাকা সত্ত্বেও তরুণবাবু কি করে মন্ত্রী আছেন?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : তরুণবাবুর নামে আদালতে যদি মাননীয় বন্ধু একটা মামলা করেন তাহলে ভাল হয়।

শ্রীদেবীপ্রসাদ বসুঃ তিনি বললেন যে যদি কেন্দ্র লাভজনক প্রতিষ্ঠান নয়, কিন্তু আমি ও'র দৃষ্টি আকর্ষণ করছি একটা ঘটনার উপর যে আমাদের ওখানে একটা খাদিকেন্দ্র হয়েছে। তাদের ভাগাড়ে গরু পড়লে শেয়াল-কুকুর পড়বার আগে ছুটে গিয়ে ছাল নিয়ে আসে, মাংসগুলো সেদ্ধ করে বিক্রি করে, হাড়গুলো ডাস্ট করে বিক্রি করে এবং গৃহস্থের ৫ টাকা করে দেন যে আমাদের ভাগাড়ে গরু এনে ফেললে ৫ টাকা করে দেওয়া হবে। আমি জিজ্ঞাসা করছি এতে লাভ হয় না কি?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : নিশ্চয় লাভ হয়, লাভের অংশ আমরা নিই না। আপনি মরে গেলে যদি কেউ বিক্রি করেন তাহলে আমি নেব।

Consolidation of jotes

***156.** (Admitted question No. *740.)

শ্রীঅনঙ্গমোহন দাসঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, একটি মৌজার বিভিন্ন জোতের স্বত্বাধিকারীকে খাজনা দেওয়ার সময়ে বিভিন্ন দাখিলা দেওয়া হয়;

(খ) সত্য হইলে, একই মৌজার একই ব্যক্তির বিভিন্ন জোতকে একই জোতভুক্ত করিবার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(গ) প্রস্তাব থাকিলে, উহা কবে কার্যকরী হইবে?

শ্রীঅনঙ্গমোহন দাস: এখানে ছাপায় একটু ভুল হয়ে গেছে। "ইহা কি সত্য যে একই মৌজায় বিভিন্ন জোতের একই সত্ত্বাধিকারী" হবে। এখানে "একই" বাদ দেবার জন্য এখন হয়ে গেছে যে উল্টো হয়ে গেছে। এটা আমি একটু নোট করতে বলছি।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) হ্যাঁ, প্রত্যেক জমার জন্য একটি করিয়া দাখিলা দেওয়া হয়। (খ) না। (গ) প্রশ্ন ওঠে না।

শ্রীঅনঙ্গমোহন দাস: একটা লোককে যদি বিভিন্ন জোতের জন্য বিভিন্ন দাখিলা দেওয়া হয় তাহলে দুদিক দিয়ে অসুবিধা হয় কি না। একজন লোককে যদি একটা জোতের মধ্যে রাখা হয় তাহলে তাদের যে পরিমাণ জমি দিতে হত, কিন্তু বিভিন্ন রকম জোতে দেবার জন্য তাদের বেশী পয়সা যাচ্ছে এবং তার উপর আবার গভর্নমেন্টের দিক থেকে ফরম বেশী যাচ্ছে এবং তহশীলদারদেরও সময় বেশী যাচ্ছে। এই সমস্ত বিচার করে গ্রামের মধ্যে একটা লোকের যত জোত আছে সবগুলো একটা জোতের মধ্যে আনবেন কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় সদস্য যা বললেন সবগুলো ঠিক নয়। তবে এই রকম একটা প্রস্তাব নিয়ে আমি ওঁর সঙ্গে আলোচনা করব।

শ্রীঅনঙ্গমোহন দাস: এখন যেভাবে দাখিলা দিচ্ছেন, দাখিলা দেবার ফলে এক একটা লোকের যে পরিমাণ রোড সেস দিতে হচ্ছে কিন্তু সবটা যদি এক সঙ্গে হোত তাহলে রোড সেস-এর পরিমাণটা কম হোত এটা কি আপনি মনে করেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমি সম্পূর্ণ একমত নই। অতিরিক্ত প্রশ্নের আকারে আপনি একটা মত প্রকাশ করলে সেটা আমি বিবেচনা করে দেখব।

Dudher bundh sluice-gate

***157.** (Admitted question No. *803.)

শ্রীনগেন দোলুই: সেচবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ঘাটাল মিউনিসিপ্যালিটি সি ওয়ার্ডে শ্রীরামপুর মৌজায় দুধের বাঁধ স্লুইস্ গেটটি বর্তমানে ভগ্ন অবস্থায় আছে;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকারের পক্ষ হইতে অবিলম্বে কোন সংস্কার করা হইবে কিনা; এবং

(গ) সংস্কারের ব্যবস্থা হইলে, কবে এই বাঁধটির মেরামত করা হইবে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) স্লুইসটি পরিত্যক্ত ঘাটাল ঘের বাঁধের অন্তর্গত। এই পরিত্যক্ত ঘের বাঁধ সরকারী দায়িত্বে পুনরায় রক্ষা করার প্রস্তাব সরকারের নাই। সেজন্য স্লুইসটি সংস্কার করা সম্ভব নয়।

(গ) (খ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:

এটা যদি না হয় পাশের এলাকায় জল সরবরাহ করবার জন্য একটা ঐরূপ কিছু করা যায় না?

The Hon'ble Shyamadas Bhattacharya:

মাননীয় সদস্যগণের অবগতির জন্য বলতে পারি যে, আমি ঐ অঞ্চলে সমস্ত ইঞ্জিনীয়ারদের নিয়ে ঘুরে এসেছি এবং অনুসন্ধান করে জেনেছি যে ঐ সমস্ত স্লুইস, ব্রিটিশ আমল থেকে ১৯২৭, ১৯৩১, ১৯৪৫ সালের নোটিফিকেশন সর্বপ্রকার পরিত্যক্ত রয়েছে। আপাততঃ প্রয়োজন হচ্ছে ঐ অঞ্চলকে শীলাবতীর বন্যার হাত থেকে রক্ষা করা। সেজন্য একটা পরিকল্পনা করবার চেষ্টা হচ্ছে।

Pasture lands

***158.** (Admitted question No. *804.) **Shri Radha Krishna Singha:** Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether any lands are reserved for the grazing of cattle in this State; and

(b) if so, what is the total acreage of the grazing fields?

The Hon'ble Shyamadas Bhattacharya: The meterials for reply are not yet ready.

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:

স্যার, এটা হেল্ড ওভার থাক? কবে এটা তাহলে হবে?

Lock-out in Dhakeswari Cotton Mill No. 3

***159.** (Admitted question No. *861.)

শ্রীবিজয় পাল: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার বার্নপুর থানার অন্তর্গত ৩ নম্বর ঢাকেশ্বরী কটন মিল গত ১৭-১৮ই সেপ্টেম্বর হইতে লক-আউট অবস্থায় আছে;

(খ) অবগত থাকিলে, ঐ মিল চালু করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(গ) ইহা কি সত্য যে, উক্ত কোম্পানী কলিকাতা হাইকোর্টে লিকুইডেশান-এর দরখাস্ত করিয়াছে?

The Hon'ble Bejoy Singh Nahar :

(ক) হ্যাঁ, ১৭ই অক্টোবর, ১৯৬৩ হইতে এই মিলে লক্ আউট ঘোষণা করা হইয়াছে।

(খ) মালিক পক্ষের সহিত এ বিষয়ে সরকার আলোচনা করিয়াছেন। আর্থিক সংকটের জন্য মালিক পক্ষ মিল চালু করিতে পারেন নাই। এখন আশা করা যায় যে মালিক পক্ষ মিল চালু করিবার জন্য ব্যবস্থা গ্রহণ করিবেন।

(গ) এরূপ কোন সংবাদ সরকারের জানা নাই।

Shri Monoranjan Roy:

শ্রমমন্ত্রী মহাশয় কি জানেন যে, ঢাকেশ্বরী মিল-এ ওয়ার্কার্সরা লক আউট ডিক্লেয়ার করবার আগে ২ মাসের মাহিনা পায় নি, তাদের পাওনা তারা এখনও পায় না, না দিলে শ্রম দপ্তর কি করবেন?

The Hon'ble Bejoy Singh Nahar :

শ্রম দপ্তর থেকে চেষ্টা করছেন যাতে নেগোসিয়েশন করার এবং কনসিলিয়েশন-এর মাধ্যমে তারা মাহিনা পায়, যদি কোর্ট-এ কেস করে তাহলে বেশী দেরী হয়ে যাবে, এবং মালিক পক্ষ বিবেচনা করছেন এপ্রিল মাসে খোলবার এবং তারা মাহিনা চুকিয়ে দেবে।

Shri Bejoy Pal:

টেক্সটাইল ওয়েজ বোর্ড, যে লাগুয়া হয় নি তা করবার জন্য কি করেছেন?

The Hon'ble Bejoy Singh Nahar :

নোটিশ চাই।

Shri Bejoy Pal:

প্রভিডেন্ট ফান্ড-এর টাকা ভাঙ্গা হয়েছে, এ সম্পর্কে কি ব্যবস্থা করেছেন তা অনুগ্রহ করে বলবেন?

The Hon'ble Bejoy Singh Nahar :

প্রভিডেন্ট ফান্ড-এর অনেক টাকা বাকি আছে, সে সম্বন্ধে কেস করা হয়েছে।

Shri Bejoy Pal:

একথা কি সত্য—এ রকম একটা মালিক, যারা শ্রমিকদের বেতন দেন না ২ মাসের, যারা ওয়েজ বোর্ড-এর কোন রকম আইন-কানুন মান্য করছে না, এই রকম মালিকের কাছে টাকা ধার দেবার জন্য রেকমেন্ডেশন করেছেন?

The Hon'ble Bejoy Singh Nahar:

লেবার ডিপার্টমেন্ট কোন রকম রেকমেন্ডেশন করেন নি।

Shri Jamini Bhusan Saha:

এই কারখানায় কত শ্রমিক কাজ করে?

The Hon'ble Bejoy Singh Nahar:

সে ফিগার ফাইল-এ নেই নোটিশ চাই।

Shri Jamini Bhusan Saha:

এই মিলে লক-আউট হবার কালে কত শ্রমিক বেকার হয়েছে?

The Hon'ble Bejoy Singh Nahar:

নোটিশ চাই।

Shri Bhadra Bahadur Hamal:

প্রভিডেন্ট ফান্ড, সার্টিফিকেট কেস করেছেন তা করে কি ফল হয়েছে এখন?

The Hon'ble Bejoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারবো।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই মালিক পক্ষের এটা এক্তিয়ার আছে যে প্রভিডেন্ট ফান্ড-এর টাকা যখন তখন তারা ভাঙ্গাতে পারেন?

The Hon'ble Bejoy Singh Nahar:

এক্তেয়ার নেই, যদি ভাঙ্গে তবে আইনতঃ ব্যবস্থা করা হয়।

Shri Nepal Chandra Roy:

আইনগত ব্যাপার মানে ১০ টাকা জরিমানা না জেলে দেওয়া হয়?

The Hon'ble Bejoy Singh Nahar:

সেটা বিচারকের উপর নির্ভর করে, জেল এবং জরিমানা দুই হতে পারে।

Shri Nepal Chandra Roy:

এরকম যখন হয়, এ আলোচনা শুধু ঢাকেশ্বরী মিলের তা নয় বাংলাদেশের বহু মালিক পক্ষ ঐ প্রভিডেন্ট ফান্ড-এর টাকা ও মাহিনা দিতে নাচার, এ খবর আমার জানা আছে, এগুলি বন্ধ করবার একটা পরিকল্পনা করবেন কি?

The Hon'ble Bejoy Singh Nahar:

যে নজীরগুলি মাননীয় সদস্যদের কাছে আছে তা আমার কাছে দিলে সেগুলির নিশ্চয়ই ব্যবস্থা করা হবে। আমি এটুকু বলতে পারি প্রভিডেন্ট ফান্ড যা বাকী আছে সেগুলি তাড়াতাড়ি আদায় করবার জন্য চেষ্টা করছি—অনেক ক্রিমিনাল কেস ফাইল হয়েছে, অনেক সিভিল কেসও ফাইল হয়েছে। এখন তাড়াতাড়ি জমা পড়ছে, বাকী থাকছে না।

Mr. Speaker: Question time is over.

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Scot Sahib's land

*160. (Admitted question No. *614.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার চর মহুলা মৌজার ৬১ বিঘা স্কট সাহেবের জমি যাহা খাস হইয়াছিল তাহা ১৩৭০ সালে যাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইতেছে তাঁহাদের নাম ও পিতার নাম কি; এবং

(খ) নূতন ১৩৭০ সালে যাহারা উক্ত জমি বন্দোবস্ত পাইবেন তাহাদের মধ্যে কতজন ভূমি-হীন কৃষক?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা প্রদত্ত হইল।

(খ) ৫ জন।

*৬১৪ নং প্রশ্নের (ক) অংশের উত্তরে উল্লিখিত তালিকা

নাম ও পিতার নাম	নাম ও পিতার নাম
১। চন্দ্র চৌধুরী, পিতা বংশী	৯। অনিল সরকার, পিতা মিছরি
২। নিবারণ সরকার, পিতা গোষ্ঠ	১০। নগেন সরকার, পিতা শ্রীহরি
৩। নিবারণ সরকার, পিতা হরিশ	১১। গোবিন্দ সরকার, পিতা কিনু
৪। সুদেব সরকার, পিতা গোষ্ঠ	১২। নিতাই সরকার, পিতা গিরি
৫। শ্রীপতি সরকার, পিতা ভামই	১৩। যমুনা চৌধুরী, পিতা ফিরিঙ্গী
৬। সত্যবান সরকার, পিতা গোপীনাথ	১৪। কুবের সরকার, পিতা গঙ্গারাম
৭। ষষ্ঠী সরকার, পিতা বগলা	১৫। বলরাম সরকার, পিতা গোবর্ধন
৮। আনন্দ সরকার, পিতা ধীরু	১৬। রমেশ সরকার, পিতা দুখীরাম

নাম ও পিতার নাম	নাম ও পিতার নাম
১৭। লক্ষ্মণ সরকার, পিতা জানকী	৩৯। সুদর্শন সরকার, পিতা মহেশ
১৮। বিপদ সরকার, পিতা নিরঞ্জন	৪০। রতি সরকার, পিতা মেথু
১৯। জিতু সরকার, পিতা শীতল	৪১। মণি সরকার, পিতা যোগেন্দ্র
২০। হাবল সরকার, পিতা হৃষিপদ	৪২। সৃষ্টিধর সরকার, পিতা জটিল
২১। রামধন চৌধুরী, পিতা গণি	৪৩। ননীগোপাল সরকার, পিতা মালরাম
২২। বলাই সরকার, পিতা অনন্ত	৪৪। মুচিরাম সরকার, পিতা শ্রীহরি
২৩। মদন সরকার, পিতা রাম	৪৫। শ্বেতা সরকার, পিতা গিরি
২৪। কালীকিঙ্কর সরকার, পিতা মণিরাম	৪৬। সূর্য সরকার, পিতা গিরি
২৫। প্রতাপ সরকার, পিতা জানকী	৪৭। কালীন্য সরকার, পিতা ভূষণ
২৬। সুদেব সরকার, পিতা জানকী	৪৮। বনমালী সরকার, পিতা নয়ান
২৭। শ্যামাপদ সরকার, পিতা জানকী	৪৯। রতন সরকার, পিতা ক্ষেপাচাঁদ
২৮। শিবু সরকার, পিতা সুরেন	৫০। ভূদেব সরকার, পিতা ঝড়ু
২৯। পাগল সরকার, পিতা রজনী	৫১। রজনী সরকার, পিতা হরিশ
৩০। শ্যামাপদ সরকার, পিতা গোবিন্দ	৫২। গোপীনাথ সরকার, পিতা ভোলানাথ
৩১। নিতাই সরকার, পিতা প্রাণকৃষ্ণ	৫৩। বাবুলাল সরকার, পিতা নারায়ণ
৩২। সন্ন্যাসী সরকার, পিতা বিশ্বম্ভর	৫৪। উদয় সরকার, পিতা বংশী
৩৩। দুলাল সরকার, পিতা অনন্ত	৫৫। রামচন্দ্র সরকার, পিতা কিষণ
৩৪। কালচাঁদ সরকার, পিতা দেবু	৫৬। পঞ্চানন সরকার, পিতা জ্যোতিষ
৩৫। দাসু সরকার, পিতা ভূষণ	৫৭। বলরাম সরকার, পিতা সুরেন
৩৬। সম্বল সরকার, পিতা ক্ষ্যাপাচাঁদ	৫৮। পঞ্চানন সরকার, পিতা কুবের
৩৭। গোবিন্দ সরকার, পিতা গোপাল	৫৯। বসন সরকার, পিতা মলিরাম
৩৮। দুখীরাম সরকার, পিতা বৈদ্যনাথ	৬০। নন্দলাল সরকার, পিতা কৃষ্ণ।

Mayna basin scheme

***161.** (Admitted question No. *745.)

শ্রীঅনঙ্গমোহন দাস: সেচবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না বেসিন স্কীম ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মঞ্জুর হইলেও এযাবৎ তাহার কাজ আরম্ভ হয় নাই কেন;

(খ) এই বৎসর তাহার কাজ আরম্ভ হইবে কিনা এবং তজ্জন্য এই বৎসর বাজেটে কত টাকা ধরা আছে এবং উহার কোন অংশের কাজ বর্তমান বৎসরে আরম্ভ করা হইবে; এবং

(গ) এই স্কীম কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) বিজ্ঞানসম্মত পরিকল্পনা প্রস্তুত করিতে হইলে সর্বপ্রথম জরীপ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা প্রয়োজন। স্বভাবতঃই জরীপ ও অনুসন্ধান কার্য্যের দ্বারা এই তথ্যাদি সংগ্রহ করা ও প্রকল্প প্রস্তুত করা সময়সাপেক্ষ। তথ্যাদি সংগ্রহ করিয়া প্রাক্‌কলন প্রস্তুত হইতেছে। এই কারণেই পরিকল্পনার কাজ এখনও আরম্ভ করা সম্ভব হয় নাই।

(খ) না। বর্তমান বৎসরের বাজেটে এই প্রকল্পের জন্য কোন বরাদ্দ নাই। সুতরাং উহার কোন অংশের কাজই বর্তমান আর্থিক বৎসরে আরম্ভ করা হইবে না।

(গ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

Ahmedpur National Sugar Mill

*162. (Admitted question No. *662.)

শ্রীসনৎকুমার রাহা: শিল্প ও বাণিজ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আহম্মদপুর ন্যাশনাল সুগার মিলের নিকট ১৯৬৩ সালে যেসকল কৃষক ইক্ষু বিক্রয় করিয়াছে তাহাদের প্রাপ্য মোট কত টাকা এখনও বাকি আছে; এবং

(খ) এই বাকী টাকা সত্বর পরিশোধের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Commerce and Industries:

(ক) আনুমানিক ১২,০০০ টাকা।

(খ) সরকারের পক্ষ হইতে বাকী টাকা পরিশোধের জন্য মিলকে অনুরোধ করা হইয়াছে।

UNSTARRED QUESTION
(to which written answers were laid on the table)

Charging of taxes by municipalities

204. (Admitted question No. 414.)

শ্রীসনৎকুমার রাহা: স্বায়ত্তশাসন এবং পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পৌর সংস্থাগুলিতে শতকরা কি হারে ভ্যালুয়েশনের উপর সর্বোচ্চ ট্যাক্স বসিতে পারে, এ সম্পর্কে সরকারের কোন নির্দেশ আছে কিনা?

The Minister for Local Self-Covernment and Panchayats:

না।

Agricultural Development Schemes during the Third Plan in Murshidabad district

205. (Admitted question No. 423.)

শ্রীসনৎকুমার রাহা: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনার মধ্যে মুর্শিদাবাদ জেলায় কৃষি উন্নতির জন্য কি কি নূতন পরিকল্পনা আছে; এবং

(খ) উক্ত পরিকল্পনার কত অংশ কার্যকরী হইয়াছে?

The Minister of State for Agriculture:

(ক) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার কার্যকালে মুর্শিদাবাদ জেলায় কৃষির উন্নতির জন্য নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহণ করা হইয়াছে:—

(১) ক্ষুদ্র সেচ প্রকল্প,

(২) গভীর নলকূপ খনন,

(৩) পাম্পিং প্ল্যান্ট সরবরাহ,

(৪) জৈব ও রাসায়নিক সার সরবরাহ,
(৫) কৃষি প্রদর্শনী কেন্দ্র স্থাপন,
(৬) উন্নত ধরনের বীজ সরবরাহ,
(৭) উন্নত কৃষি যন্ত্রপাতি সরবরাহ,
(৮) পতিত জমির পুনরুদ্ধার,
(৯) শস্য সংরক্ষণ (প্ল্যান্ট প্রোটেকশন),
(১০) উন্নত ও বৈজ্ঞানিক প্রথায় ধান চাষ,
(১১) সবুজ সার সরবরাহ, ইত্যাদি।

(খ) উপরি-উক্ত প্রকল্পগুলি গ্রহণ করিবার ফলে প্রগতির বিবরণ নিম্নে দেওয়া হইল:
(১) ৮৬টি ক্ষুদ্র সেচ প্রকল্প শেষ করা হইয়াছে ;
(২) ২৭টি গভীর নলকূপ খনন করা হইয়াছে ;
(৩) ৫১টি পাম্পিং প্ল্যান্ট সরবরাহ করা হইয়াছে ;
(৪) ১২,৫৬৭ টন টাউন কম্পোস্ট ও স্লাজ এবং ১১,৩৮১ টন রাসায়নিক সার সর করা হইয়াছে ;
(৫) ২৬১টি কৃষি প্রদর্শনকেন্দ্র স্থাপন করা হইয়াছে ;
(৬) ৩২৯ টন উন্নত ধরনের বীজ (ধান, গম, ডাইল, পাট, তৈলবীজ) সরবরাহ করা হইয়া
(৭) ২৩১টি উন্নত কৃষি যন্ত্রপাতি সরবরাহ করা হইয়াছে ;
(৮) ৮৪৫ একর পতিত জমি পুনরুদ্ধার করা হইয়াছে ;
(৯) ১৯৬১-৬৮ সাল হইতে এতদবধি ১,৩৮,৩৭৮ একর জমিতে শস্য সংরক্ষণের ব্য করা হইয়াছে ;
(১০) ১৯৬১-৬২ সাল হইতে এতদবধি ১,৪৪,৪৫৯ একর জমিতে উন্নত ও বৈজ্ঞানিক প্র ধানের চাষ করা হইয়াছে ;
(১১) ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে ১,০৩৯ একর জমিতে সবুজসার প্রয়োগ হইয়াছে।

Committee of Birbhum District School Board

206. (Admitted question No. 437.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলা স্কুল বোর্ডের অধীনে শিক্ষক ও শিক্ষিকাদের নিয়োগ-বদলির জন্য বে কমিটি করা হইয়াছে কি ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে ঐ কমিটির সভ্য কে কে আছেন?

The Minister for Education:

(ক) হ্যাঁ।
(খ) (১) সভাপতি, জেলা স্কুল বোর্ড (পদাধিকারবলে)।
(২) বীরভূম জেলা বিদ্যালয় পরিদর্শক (পদাধিকারবলে)।
(৩) সভাপতি, জেলা বোর্ড (পদাধিকারবলে)।
(৪) সহ-সভাপতি, জেলা বোর্ড (পদাধিকারবলে)।
(৫) সদর মহকুমা-শাসক (পদাধিকারবলে)।
(৬) রামপুরহাট মহকুমা-শাসক (পদাধিকারবলে)।

Provident Fund contribution by the teachers of Government-aided colleges

207. (Admitted question No. 438.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজগুলির শিক্ষক ও শিক্ষিকাদের প্রভিডেন্ট ফান্ড-এর হার বাড়াইবার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) বর্তমানে উক্ত হার কত?

The Minister for Education:

(ক) কেবলমাত্র স্পনসর্ড কলেজগুলিতে সরকার কর্তৃক প্রবর্তিত প্রভিডেন্ট ফান্ড স্কীম চালু আছে এবং ইহার চাঁদার হার বাড়াইবার কোন পরিকল্পনা বর্তমানে নাই।

(খ) বর্তমানে উক্ত হার এইরূপ:—

(১) কলেজ কর্তৃপক্ষের দেয় মূল বেতনের ৬·২৫ ভাগ।

(২) শিক্ষক বা শিক্ষিকার দেয় মূল বেতনের অন্যূন ৬·২৫ ভাগ।

Production and distribution of seeds in Government Seed Farm, Nadia

208. (Admitted question No. 449.)

শ্রীদেবশরণ ঘোষ: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার কালিগঞ্জ থানার সরকারী 'বীজ ক্ষেত্রে' ১৯৬২ ও ১৯৬৩ সালে কত পরিমাণ বীজ তৈরি হইয়াছে ; এবং

(খ) ঐ বীজ কোন্ কোন্ ব্যক্তিকে (ঠিকানা সহ) দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture:

(ক) ১৯৬২-৬৩ সালে কালিগঞ্জ থানা ফার্মে উৎপন্ন বিভিন্ন প্রকারের বীজের পরিমাণ নিম্নে দেওয়া হইল:—

আউশ ধান—৬,০০১ কিলোগ্রাম

আমন ধান—৪,৫৭৫ কিলোগ্রাম

ধৈঞ্চা—১৯২ কিলোগ্রাম

বরবটি—৩৪ কিলোগ্রাম

সয়াবীন—৫ কিলোগ্রাম

কলাই—৪২ কিলোগ্রাম

গম—২,৯২১ কিলোগ্রাম

ছোলা—৭১০ কিলোগ্রাম

সরিষা—১০৭ কিলোগ্রাম

তিসি—২০ কিলোগ্রাম

শণ—১০১ কিলোগ্রাম

(খ) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 208

Name and address of the cultivators in Kaliganj Block

(1) Aditi Kr. Das, Matiary.
(2) Arabinda Sarkar, Matiary.
(3) Abdul Goni, Bara Itna.
(4) Ajamanuddin, Bara Itna.
(5) Abdul Sallar, Bara Itna.
(6) Abdul Jalil, Bara Itna.
(7) Abdul Mallick, Bara Itna.
(8) Nuruddin, Bara Itna.
(9) Abdul Kadar, Bara Itna.
(10) Satyahari Singha, Bara Itna.
(11) Sudhamay Das, Bara Itna.
(12) Abdul Siddik, Bara Itna.
(13) Sib Kinkar Das, Chutipur.
(14) Madhusudan Saha, Akendaberia.
(15) Arabinda Biswas, Asachia.
(16) Apurba Kr. Biswas, Asachia.
(17) Baisuddin Sk., Asachia.
(18) Sampada Narayen, Asachia.
(19) Sibaram Kabiraj, Asachia.
(20) Joykrishna Mondal, Tegharia.
(21) Manmohan Mondal.
(22) Rohitali Sk., Tegharia.
(23) Mohit Ali Sk., Tegharia.
(24) Aptamaddin, Basarkhala.
(25) Anil Mondal, Asachia.
(26) Ijuddin Sk., Asachia.
(27) Bhutnath Dey, Gokulnagar.
(28) Prabir Bagchi, Gokulnagar.
(29) Sibu Paul, Gokulnagar.
(30) Rakhal Chakraborty, Gokulnagar.
(31) Ajit Kr. Dey, Gokulnagar.
(32) Chitta Dey, Chakbega.
(33) Prafulla Kr. Dey, Chakbega.
(34) Achal Rajear, Debagram.
(35) Mahadeb Sardar, Debagram.
(36) Biswanath Chatterjee, Debagram.
(37) Dijapada Dey, Debagram.
(38) Dulal Dass, Debagram.
(39) Nitai Ghose, Debagram.
(40) Nanda Gopal Banerjee, Debagram.
(41) Bhupati Ghose, Debagram.

(42) Bijoy Banerjee, Debagram.
(43) Nakal Sk., Debagram.
(44) Tenuruddin, Debagram.
(45) Panchu Das, Debagram.
(46) Bholanath Dey, Debagram.
(47) Samaresh Laha, Debagram.
(48) Gour Ghose, Debagram.
(49) Paresh Datta, Debagram.
(50) Tailakhya Nath Mitra.
(51) Suresh Mitra.
(52) Moslem Sk., Jompukur
(53) Rousonali Sk., Jompukur.
(54) Umapada Das, Debagram.
(55) Dider Hosen Biswas, Bhuga.
(56) Basirudin, Palitbegia.
(57) Farizudin, Chandpur.
(58) Golam Sk., Chandpur.
(59) Mobel Ali, Chandpur.
(60) Nur Mohammad, Chandpur.
(61) Kazimuddin, Chandpur.
(62) Fazzal Mella, Chandpur.
(63) Iman Ali Sk., Hijuli
(64) Bhagirath Rajear, Hijuli
(65) Sahama Pada, Hijuli.
(66) Jagat Mondal, Hijuli.
(67) Probodh Gopal Chatterjee, Matiary.
(68) Fatik Mondal, Matiary
(69) Durgapada Saha, Harinathpur.
(70) Amar Chatterjee, Kaliganj.
(71) Biswanath Das, Kaliganj.
(72) Bhaktipada Mondal, Kaliganj.
(73) Nrishingha Mukherjee, Debagram.
(74) Kali Kumar Mukherjee, Debagram.
(75) Hari Sadhan Mukherjee, Debagram.
(76) Panchu Gopal Mukherjee, Debagram.
(77) Sarat Sarkar, Debagram.
(78) Manmatha Pramanick, Debagram.
(79) Hari Mohan Mukherjee, Debagram.
(80) Nanda Gopal Mazumder, Debagram.
(81) Upen Das, Debagram.
(82) Ramani Das, Debagram.
(83) Basi Mohan Debanath, Debagram.
(84) Raj Kumar Debnath, Debagram.
(85) Khagendra Debnath, Debagram.
(86) Jabed Ali Sk., Kamari.

(87) Manuddin Sk., Kamari.
(88) Kached Sk., Kamari.
(89) Moula Box Sk., Kamari.
(90) Nefazuddin Ahmed, Kamari.
(91) Majihor Rahaman, Kamari.
(92) Nasiruddin, Kamari.
(93) Mohan Sk., Kamari.
(94) Sirajul Islam, Kamari.
(95) Patal Ghose, Kamari.
(96) Gurupada Ghose, Kamari.
(97) Narayan Ch. Ghose, Kamari.
(98) Suratali Sk., Kamari.
(99) Ganapati Chatterjee, Hatgachia.
(100) Sattar Mondal, Hatgachia.
(101) Golam Gaus, Noapara.
(102) Panjab Mondal, Seoratala.
(103) Moula Box Sk., Seoratala.
(104) Fajlur Rahaman, Seoratala.
(105) Akkel Sk., Seoratala.
(106) Lal Chand Sk., Seoratala.
(107) Asarat Sk., Seoratala.
(108) Harimohan Debnath, Debagram.
(109) Dubai Sk., Patharjona.
(110) Dulal Ch. Palit, Panighata.
(111) Khudiram Mondal, Panighata.
(112) Amrita Lal Tewari, Panighata.
(113) Nripendra Narayan Banerjee, Panighata.
(114) Kalimuddin Sk., Radhakantapur.
(115) Michikin Ahmed, Gobindapur.
(116) Jaher Ali Sk., Gobindapur.
(117) Abdul Sk., Gobindapur.
(118) Basanta Kr. Sinha, Gobindapur.
(119) Prabhakar Ghose, Gobindapur.
(120) Dibakar Ghose, Gobindapur.
(121) Anjuddin Sk., Gobindapur.
(122) Lal Chand Sk., Mira.
(123) Channa Ulla Mondal, Mira.
(124) Anil Das, Mira.
(125) Mir Abul Hausnath, Mira.
(126) Mir Johur Ali, Mira.
(127) Samsul Islam, Mira.
(128) Kalipada Ghose, Bhurulia.
(129) Amir Biswas, Hatgobinda.

List of cultivators of Krishnagar Block

(1) Shri Chandra Kanta Sukul, Krishnagar.
(2) Shri Tinkari Durlav, Bhutpara.
(3) Shri Jyoti Ranjan Saha, Kantalpota.
(4) Shri Niren Roy, Saktinagar.
(5) Shri Gour Gopal Sarkar, Bhatjungla.
(6) Shri Kanta Durlav, Bhatjungla.
(7) Shri Kishore Mohan Majumder, Berij.
(8) Shri Sudhir Kumar Biswas, Harishpur.
(9) Shri Ganga Das, Shimultala.
(10) Shri Mahendra Nath Biswas, Assannagar.
(11) Shri Narayan Chandra Bairagya, Nidhirpota.
(12) Shri Ram Krishna Banerjee, Nidhirpota.
(13) Shri Sudhir Kumar Ghosh, Paninala.
(14) Shri Mohammed Shaikh, Naldah.
(15) Shri Dinabandhu Paul, Khanpur
(16) Shri Adhir Kumar Biswas, Paninala.
(17) Shri Karuna Kumar Biswas, Bhandarkhola.
(18) Shri Dhirendra Nath Biswas, Hatisala.
(19) Shri Atul Chandra Biswas, Hatisala.
(20) Shri Gokul Chandra Bhattacherjee, Hatisala.
(21) Shri Jyotish Ch Santra, Gopalpur.
(22) Shri Sudhir Kr. Bhattacherjee, Bishnupur.
(23) Shri Tarapada Mukherjee, Bishnupur.
(24) Shri Narayan Kumar Dutta, Joania-bhaluka.
(25) Shri Shiba Ram Dey, Joania-bhaluka.
(26) Shri Amulya Kr. Pramanik, Joania-bhaluka.
(27) Shri Niranjan Das, Joania-bhaluka.
(28) Shri Paresh Nath Sadhukhan, Bhaluka.
(29) Shri Ayub Nabi Shaikh, Kundapara.
(30) Shri Maharaj Sarkar, Chuchia.
(31) Shri Mojahar Skaikh, Chuchia.
(32) Shri Subodh Bag, Natunpara-Bhaluka.
(33) Shri Dulal Chandra Ghosh, Jangalbash.

List of cultivators of Santipur Block

(1) Rasik Lal Saha, Pareshnathpur.
(2) Md. Hoq, Mondal, Sahebdanga.
(3) Haripada Naik, Bansdova.
(4) Gour Gopal Mukherjee, Arbandi.
(5) Shri Lokesh Indra, Sutragarhchar.
(6) Sanat Biswas, Mollaybar.
(7) Jamat Ali Shaikh, Mollaybar.
(8) Kartik Ghosh, Boalia.
(9) Biswanath Ghosh, Buincha.
(10) Abdul Latif, Fulia.
(11) Rishi Pada Saha, Buincha
(12) Amulya Ghosh, Dhakuria.
(13) Ananta Durlav, Buincha.
(14) Wayged Ali Shaikh, Gopalpur.
(15) Nabadwip Saha, Kulia.

(16) Aman Chand Saha, Kulia.
(17) Kanai Lal Dhar, Baghanchar.
(18) Umapada Mondal, Karamchapally.
(19) Sambhu Nath Garai, Banchara.
(20) Satish Biswas, Boalia.
(21) Jatin Mukherjee, Buincha.
(22) Rampada Ghosh, Bansdov.

List of cultivators of Nakashipara Block

(1) Saroj Kumar Chakraborty, Majhergram.
(2) Ahadali Sk., Chandanpur.
(3) Narayan Chandra Mondal, Sabaipur.
(4) Akatali Sk., Chandanpur.
(5) Rahim Box Sk., Chandanpur.
(6) Md. Habibar Rahman, Budbillagram.
(7) Md. Nahai Sk., Budbillagram.
(8) Md. Wadulla Sk., Budbillagram.
(9) Gopal Mondal, Kalibash.
(10) Ranjan Haldar, Kalibash
(11) Baidya Nath Ghosh, Chhoto Simulia.
(12) Niamot Sk., Bikrampur.
(13) Indra Kamal Debnath, Sonadanga.
(14) Menhajaddin Biswas, Naggdi.
(15) Ramani Mohan Das, Kanthalberia.
(16) Janabali Sk., Chinchuria.
(17) Tafazuddin Sk., Chinchuria.
(18) Ajoy Kumar Biswas, Jagadanandapur.
(19) Rakhal Sk., Belpukur.
(20) Pramatha Nath Dey, Muragacha.
(21) Kalo Modak, Muragachha.
(22) Karim Sk., Lohagachhi.
(23) Dharma Biswas, Muragachha.
(24) Khandkar Mokramali, Muragachha.
(25) Zazim Sk., Muragachha.
(26) Garib Mallik, Muragachha.
(27) Hare Krishna Biswas, Nishintapur.
(28) Fazlul Karim, Mathurnagar.
(29) Nemai Sardar, Dharmada.
(30) Sisir Banerjee, Dharmada.
(31) Shyama Roy, Karkaria.
(32) Bhakta Biswas, Dahakula.
(33) Bimalendu Biswas, Dahakula.
(34) Bhuto Sk., Dangapara.
(35) Shambhu Banerjee, Dharmada.
(36) Rakhal Das, Dharmada.
(37) Namsadali Mondal, Goal Chandpur.
(38) Mofizuddin Mondal, Goal Chandpur.
(39) Bakitulla Mondal, Goal Chandpur.
(40) Upendra Ch. Das, Goal Chandpur.
(41) Jamatali Sk., Bikrampur.
(42) Raysuddin Sk., Bikrampur.
(43) Hamijuddin Mondal, Bikrampur.
(44) Rahim Sk., Bikrampur.
(45) Meharali Sk., Bhabanipur.

(46) Sukurulla Sk., Nagadi.
(47) Maharam Hossain, Nagadi.
(48) Alijan Mondal, Bikrampur.
(49) Samsuddin Sk., Bikrampur.
(50) Nurnabi Sk., Kalinagar.
(51) Ramani Mohan Das, Kanthalberia.
(52) Zeherali Mir, Muragachha.
(53) Rahatulla Mallick, Muragachha.
(54) Ramjan Mallick, Muragachha.
(55) Golum Mohiuddin Mallick, Muragachha

B.D.O. of Beldanga Block I

209. (Admitted question No 455.)

শ্রীদেবশরণ ঘোষ: সমষ্টি-উন্নয়ন ও সম্প্রসারণ কার্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, বেলডাঙ্গা ব্লক নং ১-এ বর্তমানে কোন উন্নয়ন আধিকারিক নাই ; এবং

(খ) সত্য হইলে, কতদিন হইতে নাই এবং কেন?

The Minister of State for Community Development and Extension Services:

(ক) সত্য নহে। বর্তমান আধিকারিক গত ৮ই ফেব্রুয়ারি যোগদান করিয়াছেন।

(খ) পূর্বতন আধিকারিক অন্যত্র বদলি হওয়ায় পার্শ্ববর্তী নওদা ব্লকের আধিকারিক ৫ই ডিসেম্বর ১৯৬৩ হইতে উপরোক্ত তারিখ পর্যন্ত এই ব্লকেরও আধিকারিক হিসাবে কাজ চালাইয়াছিলেন।

Road from N. H. 34 to Kaliganj

210. (Admitted question No 478.)

শ্রীদেবশরণ ঘোষ: পূর্তবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার কালীগঞ্জ হইতে ৩৪নং জাতীয় সড়ক পর্যন্ত একটি পাকা রাস্তা তৈরীর পরিকল্পনা সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে ; এবং

(খ) উত্তর সত্য হইলে, কবে উক্ত রাস্তা তৈরীর কাজ শুরু হইবে?

The Minister for Public Works:

(ক) এবং (খ) দ্বিতীয় পরিকল্পনাকালেই ৩৪নং জাতীয় সড়কের উপর অবস্থিত দেবগ্রাম হইতে কালীগঞ্জ পর্যন্ত রাস্তাটি পাকা করিবার পরিকল্পনা গৃহীত হইয়াছিল ; কাজটি সমাপ্তও হইয়া গিয়াছে।

Under construction roads of First and Second Five-Year Plans

211. (Admitted question No. 463.) **Shri Deb Saran Ghosh:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) the names of roads with mileages which are still under construction under the First or Second Five-Year Plan for each thana of Murshidabad district with estimated costs noting particularly the nature of unfinished work with details; and

(b) If any construction work of the Roads is still unfinished or not yet started, when such work is expected to be completed or started?

The Minister for Public Works: (a) and (b) A statement is placed on the Table.

Statement referred to in reply to the unstarred question No. 211

List of roads continued in 3rd Five-Year Plan from 1st and 2nd Five-Year Plans under Murshidabad district

Serial No.	Name of project continued from 1st or 2nd Five-year Plans to 3rd Five-year Plan.	Type of Road.	Mileage.	Estimate, provision in 3rd Five-year Plan in lakhs of (rupees).	Name of Thanas through which the road passes.	Nature of unfinished works with details or work not yet started.	Expected date of completion of unfinished works or works to be started as the case may be (including upgrading works unless otherwise stated)	Remarks
1	2	3	4	5	6	7	8	9
				Rs.				
1	Tildanga-Farakka (Road connecting Tildanga R. S. with 9th mile of the proposed of Dhulian-Farakka Sec. of N. H. 34).	M. D. R.	1.10	8.44	Farakka	Not taken up.	..	.
2	Panchgram-Nabagram-Lalbagh	M. D. R.	14.00	2.40	Nabagram, Murshidabad.	Earthwork—2 miles Soling—2 miles. Consolidation—2 miles Black Top—2 miles. (One Major Bridge over Beelbasia in 3rd mile provided in 3rd Five-year Plan).	.. 1966-67 (including bridge over Beelbasia).	Upgrading and protective works provided in 3rd Five-year Plan.
3	Krishnagar-Debipur-Jalangi	O. D. R.	18.25	19.51	Ramnagar, Jalangi	Earthwork—11 miles. Soling—18.25 miles. Consolidation—18.25 miles. Black Top—18 25 miles.	.. 1967-68.	.
4	Akheriganj-Katlamari	.. O. D. R.	10.00	5.25	Bhagwangola, Raninagar.	Earth work—1 (approx. due to Homestead land). Soling—4. Consolidation—4. Black Top—10.	1967-68	.. Upgrading provided in 3rd Five-year Plan.
5	Berhampore-Harfharpara-Amtala.	O. D. R.	8.10	3.11	Berhampore Town, Hariharpara, Naoda.	Practically completed	.. 1964-65	.. Upgrading provided 3rd Five-year Plan.
6	Kuli-Burwan-Gramsalika	.. O. D. R.	6.00	3.10	Burdwan ..	Black Top—3.5	.. 1964-65	.. One major bridge in 2nd mile to be constructed when funds are available.

7	Ramnagar-Bazarsahu-Chouri-gacha-Khargraghat.	O. D. R.	26.10	12.75	Beldanga, Berhampore Town.	Earthwork—11 Soling—21. Consolidation—21 Black Top—25.	.. 1969-70	. Upgrading provided in 3rd Five-year Plan.
8	Salika-Panuti ..	.. V. R.	7.00	2.40	Bardwan ..	Works provided in 1st and 2nd Five-year Plan completed. 2nd mile being done under 3rd Five-year Plan Scheme.		Upgrading work beyond.
9	Sherpur-Bishnupur ..	V. R.	8.80	4.50	Khargram, Rampurhat.	Earthwork—2 Soling—4. Consolidation—4.	1966-67	.. Upgrading provided in 3rd Five-year Plan.
10	Bhagwangola-Lalgolaghat ..	O. D. R.	3.36	0.80	Bhagwangola ..	One major Bridge over Pillanadi	1966-67.	..
11	Sagardighi-Manigram-Gankar-Raghunathganj.	O. D. R.	14.00	3.77	Sagardighi, Raghunathganj.	Earthwork—3.50 Soling—9 00. Consolidation—11.00. Black Top—11 00	. 1967-68	..
12	Simulia-Salar-Kagram ..	O. D. R.	6.50	3.56	Bharatpur .	Soil Stabilization—6.50 Consolidation—6 50. Black Top—6.50.	.. 1966-67	.. Upgrading provided 3rd Five-year 1Pan
13	Khargram-Purulia ..	V R.	7.75	1 00	Khargram ..	Earthwork—1 4 mile Soling—3 00	. 1966-67	Upgrading provided for consolidation and black top in 3rd Five-year Jlan.
14	Sagardighi to N. H. 34 ..	V. R.	4.40	1.00	Sagardighi .	Soil Stabilization—4.40 Consolidation —4 40. Black Top—4 40.	. 1967-68	. Upgrading provided in 3rd Five-year Plan
15	Jibanti-Sherpur ..	O. D. R.	11.50	7 04	Kandi, Khargram, Berhampore town.	Soling—2 00. Consolidation—3 50.	1964-65 up to 71 miles as provided in 1st and 2nd Five year Plan.	Upgrading provided in 3rd Five-year Plan for consolidation and black top from 7 1.2M to 12M.
16	Link road from Tanya Railway Station to Tanya Health Centre.	.	0 28 ch'	0 20	..	Black Top—3 50. Not yet started		..
17	Construction of bridge over Sealmari on 23rd mile of Berhampore-Jalangi Road.	..	..	.	..	Under construction ..	1964-65	..
18	Kuli-Moregram ..	S. H.	..	.	..	Major Bridge over river Kana, Gambhira and Dwarka.	1966-67..	.
19	Kandi-Bharatpur ..	O. D. R.	7.00	..	..	Improvement work under 1st and and 2nd Five-year Plan completed.	.	Bridge over two streams of Mayurakshi Canal provided in 3rd Five-year plan.

School Inspectors in Midnapore district

212. (Admitted question No. 464.)

শ্রীঅনঙ্গমোহন দাস : শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে কতজন স্কুল পরিদর্শক নিযুক্ত আছেন ;

(খ) এই জেলায় প্রাইমারি স্কুল পরিদর্শন করিবার জন্য কয়টি সার্কেল আছে এবং প্রত্যেকটিতে এক একজন স্কুল পরিদর্শক কতদিন আছেন ; এবং

(গ) কয়জন পরিদর্শক কোন্ কোন্ সার্কেলে চার বৎসরের ঊর্ধ্বকাল ধরিয়া কার্যে নিযুক্ত আছেন?

The Minister for Education:

(ক) ৬১ জন।

(খ) ৫০টি। প্রত্যেকটিতে এক একজন স্কুল পরিদর্শক কতদিন আছেন তাহার বিবরণ ক্রোড়পত্রে দেওয়া হইল।

(গ) ২৩ জন ; কোন্ কোন্ সার্কেলে উক্ত ২৩ জন পরিদর্শক নিযুক্ত আছেন, তাহার বিবরণ পূর্বোক্ত ক্রোড়পত্রের তারকাচিহ্নিত অংশে দ্রষ্টব্য।

Appendix referred to in reply to clause (Kha) of unstarred question No. 212.

Serial No.	Name of the Circle.	Name of Sub-Inspector of Schools	Period of work in the Circle.
1	2	3	4
1.	Garbeta (East) ..	Shri Prodyot Kr. Ghosh	2 years 5 months.
2.	Danton	Shri Khelaphat Hossain	1 year 9 months.
3.	Sabong ..	Shri Arobindo Adhikari	3 years 10 months.
4.	Belpahari ..	Vacant	..
*5.	Gopiballavpur ..	Shri Bishnupada Dutta	4 years 1 month.
6.	Jhargram (East) ..	Shri Nirmal Sarkar	2 years.
7.	Belda	Shri Subodh Kumar Roy	3 years 8 months.
*8.	Narayangarh ..	Shri Sudhangshu Kumar De	5 years 6 months.
9.	Mohonpur ..	Shri Narayan Chandra Maity ..	3 years 10 months.
*10.	Nayagram ..	Shri Radhaballav Bhunia	5 years 3 months.
*11.	Tamluk (North) ..	Shri Matilal Kr. Kundu Das.	6 years 7 months.
*12.	Mahisadal (East) ..	Shri Sudhir Ranjan Das	5 years 7 months.
13.	Mahisadal (West) ..	Vacant	..
14.	Nandigram (East) ..	Shri Bankim Ch. Tripathy	2 years.
15.	Sutahata ..	Shri Jamuna Das Biswas	1 year 9 months.
16.	Moyna	Shri Birendra Nath Misra	3 years 3 months.
17.	Panskura ..	Shri Bimalendu Kr. Gajendra Mahapatra	1 month.
18.	Kolaghat ..	Shri Pramatha Nath Bansuri ..	2 years.
19.	Ghatal ..	Shri Narendra Nath Ghosh	2 years.

Serial No	Name of the Circle	Name of Sub-Inspector of Schools	Period in work in the Circle.
1	2	3	4
20.	Chandrakona	Shri Nandadulal Chanda	1 year 9 months.
*21.	Norghat..	Shri Sudhangshu Kr. Panda	5 years 7 months.
22.	Narajole	Shri Nandadulal Bag	3 years 5 months.
*23	Contai (East)	Shri Adhar Ch Maity	5 years 8 months.
24	Bhagwanpur	Shri Krishnananda Roy	3 years 10 months.
*25	Egra (South)	Shri Panchanan Mukherji	5 years 8 months.
*26	Khedgree	Shri Kshetra Mohan Giri	5 years 3 months.
*27.	Mugberia	Shri Ratan Chandra Patra	6 years 7 months.
*28	Pichhabani	Shri Amalendu Sk Manna	5 years 8 months.
29	Heria ..	Shri Swadesh R Giri	8 months
30.	Potashpur	Sk. Tayab Bux	2 years 11 months.
31.	Keshpur	Shri Monoranjan Majhi	3 years 11 months.
*32	Belaberah	Shri Benugopal Goswami	5 years 6 months.
33	Sonakhali	Shri Radhashyam Choudhury	1 year 6 months.
*34	Sadar (West)	Shri Mohadeb Paul	4 years.
35.	Garbheta (South)	Shri Bhubaneswar Manna	5 years 6 months.
36	Bhimpur	Shri Himangshu Bh Roy	2 years.
37	Debra ..	Shri Manindra K Maity	5 years 8 months.
38	Keshiary	Shri Matish Kr Muthsuddi	6 years
39	Gidni ..	Shri Janani K Singha Mahapatra	5 years 8 months.
40	Tamluk (South)	Shri Prafulla Kr. Sutradhar	5 years 6 months.
41.	Contai (West)	Shri Chunilal Haldar	10 months.
42	Ramnagar	Shri Banikanta Mishra	5 years 8 months.
43	Egra (North)	Shri Surendra Nath Roy	5 years 8 months.
44	Pingla ..	Vacant	..
45.	Nandigram (West)	Vacant	..
46	Sadar (North)	Shri Pijush K Dutta	5 years 8 months.
47.	Garbheta (West)	Shri Dhananjoy Mahato	5 years 3 months
48.	Binpur..	Shri Sunil Kr. Maity	2 years.
49	Sadar (South)	Shri Nikhil R. Sengupta	3 years 3 months.
50.	Madhpur	Shri Sukriti Ganguli	2 years 10 months.
51.	Rohini	Shri Aswini Kr. Rath	8 years.
52	Jhargram (West)	Shri Santosh Kr. Routh	2 years.
53	Sadar R. R.	Shri Hrishikesh Das Adhikari	2 years 9 months.

*Serials marked with asterisk give the names of the Sub-Inspectors who are in their Circles for more than four years.

Affairs of Jitpur Pal Institution in the district of Murshidabad

213. (Admitted question No. 470.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় জিৎপুর পাল ইনস্টিটিউশন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বীক্ষণাগার আছে কিনা ;

(খ) ইহা কি সত্য যে, বীক্ষণাগারের অভাবের কারণে সুভাষ পাল নামক উক্ত স্কুলের এক ছাত্রের প্র্যাকটিক্যাল করার ফলে সম্প্রতি মৃত্যু হয় ; এবং

(গ) সত্য হইলে—

(১) এ বিষয়ে তদন্ত হইয়াছে কিনা ;

(২) কে তদন্ত করিয়াছেন ; এবং

(৩) তদন্তের ফলাফল কি ?

The Minister for Education:

(ক) না।

(খ) না। অন্যবিধ আকস্মিক দুর্ঘটনায় সুভাষ পালের মৃত্যু হয় বলিয়া জঙ্গীপুর সার্কেলের সাব-ইনস্পেক্টর অফ স্কুলের রিপোর্টে জানা যায়।

(গ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

(৩) আকস্মিক দুর্ঘটনায় সুভাষের মৃত্যু হয়।

Dhubulia Refugee Camp

214. (Admitted question No. 489.)

শ্রীকাশীকান্ত মৈত্র: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ধুবুলিয়া উদ্বাস্তু শিবিরের কিছুসংখ্যক পরিবার ও ব্যক্তি অন্যত্র পুনর্বাসন পাওয়া সত্ত্বেও এই উদ্বাস্তু শিবিরের বহু ঘর আজও তাঁহারা দখলে রেখেছেন ;

(খ) সত্য হইলে, এইরূপ পরিবারের সংখ্যা কত

(গ) পুনর্বাসন লাভ করার পরও ধুবুলিয়া ক্যাম্পের অন্তর্ভুক্ত সরকারী ঘরগুলি দখল রাখার কারণ কি ; এবং

(ঘ) এইরূপ দখলকারীদের উঠাইয়া দিয়া এই সব ঘরগুলি তাঁবুতে বসবাসকারী এবং ক্যাম্পের অন্যান্য উদ্বাস্তুদের দেওয়ার কোন প্রস্তাব সরকারের আছে কিনা ?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) হ্যাঁ, এখনও কিছুসংখ্যক পরিবার দখল করিয়া আছেন।

(খ) ৪৮টি পরিবার।

(গ) তাহাদের মধ্যে ছেলেমেয়েদের শিক্ষা ইত্যাদির জন্য।

(ঘ) হ্যাঁ। এই সমস্ত ঘরগুলি খালি করিয়া তাঁবুতে বস[illegible] দেওয়ার চেষ্টা হইতেছে।

Alleged arms discovered by police during recent riots

215. (Admitted question No. 490.)

শ্রীকাশীকান্ত মৈত্র: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতার সাম্প্রতিক দাঙ্গায় পুলিস কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চল থেকে তল্লাসীর সময় বেআইনী অস্ত্রশস্ত্র আটক করেছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কলকাতার কোন্ কোন্ অঞ্চল থেকে এইসব অস্ত্রশস্ত্র আটক করা হয় ;

(২) এই সব বেআইনী অস্ত্রশস্ত্রের মধ্যে আগ্নেয়াস্ত্র ছিল কিনা ;

(৩) আগ্নেয়াস্ত্র থাকিলে, তাহা কি প্রকারের ;

(৪) কলকাতার কোন্ কোন্ অঞ্চল থেকে এই ধরনের মোট কত আনলাইসেন্সড ফায়ার আর্মস আটক করা হয় ;

(৫) ইহা কি সত্য যে, সব আগ্নেয়াস্ত্রগুলিতে কোন কোন নির্মাণকারী রাষ্ট্রের ছাপ ছিল ; এবং

(৬) সত্য হইলে, সেই রাষ্ট্রগুলির নাম কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) (১) বেনিয়াপুকুর, বেলেঘাটা, মানিকতলা, এন্টালী, জোড়াসাঁকো, ওয়াটগঞ্জ, তালতলা মুচিপাড়া, আমহার্স্ট স্ট্রীট, চীৎপুর, পার্ক স্ট্রীট এবং কড়েয়া থানা অঞ্চল।

(২) হ্যাঁ।

(৩) বন্দুক, রাইফেল, রিভলবার, পিস্তল এবং একটি স্টেনগানের বিভিন্ন অংশ।

(৪) থানার নাম ও আগ্নেয়াস্ত্রের বিবরণ।

জোড়াসাঁকো—একটি পিস্তল।

মানিকতলা একটি পিস্তল, তিনটি পাইপগান, একটি রিভলবার এবং একটি বন্দুক।

বেনিয়াপুকুর—একটি বন্দুক।

এন্টালী—একটি রাইফেল এবং একটি বন্দুক।

শ্যামপুকুর—একটি স্টেনগানের বিভিন্ন অংশ।

বেলেঘাটা—একটি বন্দুক।

(৫) না।

(৬) এই প্রশ্ন উঠে না।

Present refugees in Dhubulia Camp, Nadia

216. (Admitted question No. 492.)

শ্রীকাশীকান্ত মৈত্র: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় ধুবুলিয়া উদ্বাস্তু শিবিরে মোট কত উদ্বাস্তু পরিবার বর্তমানে বাস করছেন ;

(খ) এদের মধ্যে এ পর্যন্ত কতগুলি পরিবারকে কোন্ কোন্ অঞ্চলে পুনর্বাসন দেওয়া হয়েছে ; এবং

(গ) ধুবুলিয়ার সংলগ্ন অঞ্চলে নদিয়া জেলায় এই বাকি উদ্বাস্তু পরিবারদের স্থায়ী পুনর্বাসনের ব্যবস্থা করার কোন প্রস্তাব আছে কিনা?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ৪,৪৭৭ পরিবার।

(খ) "ক"-এ উক্ত পরিবারগুলি বর্তমানে আছেন। তৎপূর্বের বাসিন্দাগণের মধ্যে—হাওড়া, চব্বিশপরগনা, হুগলি, মেদিনীপুর ও জলপাইগুড়ি জেলায় বিভিন্ন অঞ্চলে সরকারী অধিকৃত জমিতে ৩১৩ পরিবারকে পুনর্বসতি দেওয়া হইয়াছে। ইহা ছাড়াও ২৫৫ পরিবারকে আন্দামান, উত্তরপ্রদেশ এবং দণ্ডকারণ্যে পুনর্বসতির জন্য পাঠানো হইয়াছে। আরও ১,০৪০ পরিবারকে ব্যারাকপুর, হুগলি, বনগাঁও, বর্ধমান এবং বারাসত মহকুমায় 'বায়নানামা স্কীমে' পুনর্বসতি দেওয়া হইয়াছে।

(গ) আপাততঃ ১১৬টি বর্তমানের ব্যবসায়ী পরিবারকে পুনর্বসতি দেওয়ার পরিকল্পনা আছে।

Expenditure and income on account of Tourism

217. (Admitted question No. 496.)

শ্রীসুধীরচন্দ্র দাস: উন্নয়নবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টুরিজিম খাতে ১৯৬৩ সালে কি কি বাবতে কত টাকা ব্যয় হইয়াছে ; এবং

(খ) ঐ সালে ঐ খাতে মোট কত টাকা কি বাবতে আয় হইয়াছে?

The Minister for Development (Tourism):

১৯৬৩-৬৪ (ডিসেম্বর ১৯৬৩ পর্যন্ত)

(ক) টুরিস্ট লজ নির্মাণ, টুরিস্ট ট্যাক্সি ক্রয় ও টুরিস্ট অফিস বাবতে মোট ব্যয়—২,৮১,৬৭১·২৯ টাকা।

(খ) টুরিস্ট গাড়িতে ভ্রমণ, উহার ভাড়া ও স্টীম লঞ্চে ভ্রমণ বাবতে মোট আয়—৮৯,৪৩৫·৫৫ টাকা।

Travelling allowance to the staff of Small Pox Eradication Scheme, Midnapore

218. (Admitted question No. 497.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বসন্ত উচ্ছেদ অভিযানে যেসকল কর্মী মেদিনীপুর জেলার কাঁথি ইউনিটে কার্য করিতেছেন তাঁহাদের ১৯৬৩ সালের টি এ-র টাকা অনেককে এ পর্যন্ত দেওয়া হয় নাই ;

(খ) ইহা সত্য হইলে, তাহার কারণ কি ; এবং

(গ) ঐ বিলের টাকা সত্বর দেওয়া হইবে কিনা?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) প্রচলিত নিয়মানুযায়ী টি এ বিলগুলি প্রস্তুত হইয়াছে কিনা এবং যাহা প্রাপ্য তাহার অতিরিক্ত দাবী করা হইয়াছে কিনা ইত্যাদি বিষয় পরীক্ষা করিবার পর সংশ্লিষ্ট অফিসারকে উহা দিবার জন্য আদেশ দিতে হয়। এইসব কারণে টি এ বিলগুলির টাকা দিতে স্বাভাবিক-ভাবেই দেরি হয়।

(গ) হ্যাঁ, উহা যথাসত্বর দেওয়া হইবে।

Manures for paddy cultivation

219. (Admitted question No. 499.)

শ্রীসুধীরচন্দ্র দাস: কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধানের জমিতে সার দেওয়ার জন্য সরকার কৃষকদিগকে গোবর সার বিতরণ করেন কি ; এবং

(খ) ধানোৎপাদন বৃদ্ধির জন্য সরকার কি কি সার ব্যবহার করেন?

The Minister of State for Agriculture:

(ক) ধানের জমিতে সার দেওয়ার জন্য সরকারপক্ষ হইতে কৃষকদিগকে সরাসরি গোবরসার বিতরণ করা হয় না, তবে গ্রামাঞ্চলে গোবরকে অন্যান্য আবর্জনার সহিত পচাইয়া জৈবসার তৈয়ারি করার জন্য একটি পরিকল্পনা ১৯৫৮-৫৯ সাল হইতে গ্রহণ করা হইয়াছে। এই পরিকল্পনার মাধ্যমে আজ পর্যন্ত ২৬৯টি উন্নয়ন ব্লকে কাজ আরম্ভ করা হইয়াছে, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যেই সমস্ত উন্নয়ন ব্লকে এই পরিকল্পনা গ্রহণ করা হইবে।

(খ) ধানের উৎপাদন বৃদ্ধির জন্য জৈব এবং রাসায়নিক উভয় প্রকার সারই সরকারী কৃষিক্ষেত্রে ব্যবহার করা হয়। জৈব সারের মধ্যে কম্পোস্ট সার, গোবর সার, তলানি সার, সবুজ সার প্রভৃতি ব্যবহার করা হয়। রাসায়নিক সারের মধ্যে অ্যামোনিয়াম সালফেট, ইউরিয়া অ্যামোনিয়াম সালফেট, নাইট্রেট, ক্যালসিয়াম, অ্যামনিয়াম নাইট্রেড, সুপারফসফেট: হাড়ের গুঁড়া, ধানের ও পাটের, আলুর ও সবজির জন্য মিশ্র সার প্রভৃতি ব্যবহার করা হয়।

Submission of report by the Drugs Enquiry Committee

220. (Admitted question No. 506.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Drugs Enquiry Committee appointed in 1962 has submitted its report;

(b) if so, when the report of the said Enquiry committee is likely to be published; and

(c) if the answer to (a) be in the negative, how far the Committee has made progress in that regard?

The Minister for Health: (a) No.

(b) Does not arise.

(c) It is expected that the Drugs Enquiry Commission will submit the report by 21st March, 1964.

Co-operative Societies in Murshidabad district

221. (Admitted question No. 538.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৫৯ সাল হইতে ১৯৬০ সাল পর্যন্ত সমবায়ের মাধ্যে মোট কত টাকা খাটিতেছে ;

(খ) মুর্শিদাবাদ জেলায় সমবায় প্রতিষ্ঠানগুলির গত পাঁচ বৎসরে মোট কত টাকা লাভ বা লোকসান হইয়াছে ; এবং

(গ) উক্ত পাঁচ বৎসরে কতগুলি সমবায় সমিতি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে?

The Minister for Co-operation:

(ক)

সাল	টাকা
১৯৫৮-৫৯	৭৯,৫৭,৯২৫
১৯৫৯-৬০	৮১,৭৬,০০০
১৯৬০-৬১	৮৭,৬৭,২৫০
১৯৬১-৬২	৮৭,২১,০২৫
১৯৬২-৬৩	৯৪,৭৭,২০২

(খ)

সাল	লাভ টাকা	লোকসান টাকা
১৯৫৮-৫৯	১,৭০,৬২৬	২,৭২,৫০৬
১৯৫৯-৬০	১,২১,৯৯৪	২,০০,০২৪
১৯৬০-৬১	২,০৬,৫১৪	২,০৭,৮৬৮
১৯৬১-৬২	১,৩০,৫৭৮	১,৩২,২৮১
১৯৬২-৬৩	১,৩১,০১৭	১,৭৯,২৭৪
	৭,৬০,৭২৯	৯,৯৪,৯৮০

(গ) উক্ত পাঁচ বৎসরে মোট ১৩৫টি সমিতির রেজিস্ট্রেশন বাতিল করিয়া দেওয়া হইয়াছে।

Fire at cold storage godown at Taratola Road

222. (Admitted question No. 543.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if it is a fact that a cold storage godown at Taratola Road in the Calcutta Port area was destroyed by fire in January, 1964; and

(b) if so—

(i) the details of the loss and damage,

(ii) the reasons of the destruction by fire, and

(iii) the action taken by the Government?

The Minister of State for Agriculture: (a) No; but two empty cold storage rooms and an ante-chamber of the carrier cold storage plant at Taratola were damaged by fire at midnight on 27th January, 1964

(b) (i) A portion of the roof, roof trusses, purlins, insulation and insulated doors have been damaged. Detailed assessment is being made to find out the extent of loss and damage.

(ii) The rooms were all locked from outside and the plant and machinery were all idle. The fire might have been caused accidentally by a spark from an engine of the shunting locomotive of the Port Commissioners. The railway line is adjacent to the plant and the machinery shed.

(iii) The Fire Brigade appeared immediately on call within 20 minutes of the occurrence, the Police also came and took position at the site, and the fire was brought under control.

Election of the Halisahar municipality

223. (Admitted question No. 550.)

শ্রীমনোরঞ্জন রায়: স্বায়ত্তশাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে চব্বিশপরগনা জেলার হালিসহর পৌরসভার নির্বাচনের তারিখ কবে প্রথম ঠিক হইয়াছিল;

(খ) ইহা কি সত্য যে, এ নির্বাচনের তারিখ কয়েকবার পিছাইয়া দেওয়া হইয়াছে;

(গ) সত্য হইলে, ঐ নির্বাচনের তারিখ কতবার পিছাইয়াছে এবং বারবার তারিখ পরিবর্তনের কারণ কি; এবং

(ঘ) কবে ঐ নির্বাচন সম্পন্ন হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) ৫ই জানুয়ারি, ১৯৬৪।

(খ) হ্যাঁ।

(গ) তিনবার, স্থানীয় নানাবিধ অসুবিধা ও অস্বাভাবিক পরিস্থিতি বিবেচনায়।

(ঘ) ২৬এ এপ্রিল, ১৯৬৪।

Circular Tram Terminus at Behala

224. (Admitted question No. 551.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the estimated expenditure for the proposed Circular Tram terminus at Behala;

(b) how much money the Government has provided for the said purpose and whether the Government has advancel any loan to the Calcutta Tramways Company Ltd. for the scheme;

(c) the Calcutta Tramways Company's share in the total expenditure; and

(d) the progress made so far?

The Minister for Home (Transport): (a) The estimate has not yet been made.

(b) No money has been provided for the purpose. Government has not advanced by loan to the Calcutta Tramways Company Ltd. for the scheme.

(c) The total expenditure will be borne by the Company. It has, however, been proposed to advance the entire expenditure as loan to the Company out of the State fund.

(d) The site around the existing Tram terminus at Behala was inspected jointly by the representatives of the Government and the Calcutta Tramways Company Ltd. A plot of land to the west of the existing Tram terminus is available and it is felt that this will serve well as Tram Depot where the tram cars would be able to make circuitous turn. The Company has been requested to submit a sketch plan of the land required for the purpose.

Production of fish in West Bengal

225. (Admitted question No. 577.)

শ্রীকাশীকান্ত মৈত্র: মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত তিন বৎসরের প্রতি বৎসর মোট কত মণ মাছ উৎপন্ন হয়; এবং

(খ) তার মধ্যে (১) রিভেরাইন ফিসারী, (২) এসচুয়ারিন ফিসারী, (৩) কালচার ফিসারী, (৪) ম্যারিন ফিসারীর উৎপন্ন মাছের অংশ কত?

The Minister for Fisheries:

(ক) বিভিন্ন রাজ্যে এই জাতীয় তথ্য কিভাবে সংগ্রহ করা যায়, তাহা কেন্দ্রীয় সরকার কর্তৃক স্থাপিত সেন্ট্রাল বোর্ড অব ফিসারীজ গত কয়েক বৎসর যাবৎ পর্যালোচনা করিতেছেন। এখনও কোন গ্রহণযোগ্য পন্থা বাহির করা যায় নাই। তবে ন্যাশনাল কাউন্সিল অব অ্যাপ্লায়েড ইকনমিক রিসার্চ কয়েক বৎসর পূর্বে পশ্চিমবঙ্গের যে টেকনো-ইকনমিক সার্ভে করেন তাহার রিপোর্ট হইতে জানা যায় যে, ১৯৫৯-৬০ সালে পশ্চিমবঙ্গে ন্যূনধিক ১,২২,০০০ (এক লক্ষ বাইশ হাজার) টন মাছ উৎপন্ন হয়।

(খ) ১৯৫৯-৬০

(১) রিভেরাইন ফিসারী	...	১৩,০০০ টন
(২) এসচুয়ারিন ফিসারী	...	১৭,০০০ টন
(৩) কালচার ফিসারী	...	৯০,০০০ টন
(৪) ম্যারিন ফিসারী	...	২,০০০ টন
		১,২২,০০০ টন

Volume of supply of milk and butter in the moffussil hospital and health centres

226. (Admitted question No. 581.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what is the approximate monthly total requirement of milk and butter inth e various mufassil hospitals, health centres, etc.;

(b) volume of present supply;

(c) how are the requirements of those two items calculated; and

(d) if Calcutta hospital and mofassil hospital patients per capita requirement calculated on similar basis?

The Minister for Health:

(a) Milk—89,700 Kg. approximately.
Butter—9,750 Kg. approximately.

(b) Same as above.

(c) The repuirements are calculated according to the needs of different categories of patients, viz., Diabetic, T.B., convalescent, children, vegetarian, etc., within the sanctioned diet rates, the average requirement being 230 grams of milk and 25 grams of butter per patient per diem

(d) Yes

Creation of a new district with Sunderban areas

227. (Admitted question No. 583.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) whether the State has any plan to form a new district with Sunderban areas; and

(b) if so, what steps, if any, are being taken in this regard?

The Minister for Home (General Administration): (a) No.

(b) Does not arise.

Taxi permits for the city of Calcutta

228. (Admitted question No. 587.)

শ্রীকাশীকান্ত মৈত্র: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইংরেজী ১৯৬৩ সালে কলকাতা শহরের জন্য মোট কতগুলি ট্যাক্সির পারমিট দেওয়া হয়েছে ;

(খ) এদের মধ্যে বাঙালী কতজন ; এবং

(গ) এদের মধ্যে বেকার স্বর্ণশিল্পী কতজন?

The Minister for Home (Transport):

(ক) ২,৭৮২ জন।

(খ) ২,৪৬৯ জন।

(গ) ৬৩৫ জন।

Establishment of a municipality at Ashokenagar

229. (Admitted question No. 596.) **Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) whether the State Government has recently received any representation from the people of Ashokenagar, police-station Habra (24-Parganas), demanding that Ashokenagar be constituted into a municipality;

(b) if the State Government has any plan to bring Asokenagar area under a municipal authority; and

(c) what are the considerations that are taken into account in deciding the issue on merits?

The Minister for Local Self-Government and Panchayats: (a) Yes.

(b) The matter is under examination.

(c) Apart from the conditions laid down in the Bengal Municipal Act for the constitution of any area as a municipality, namely, that three-fourths of the adult male population of the area should be chiefly employed in pursuits other than agriculture and that the area in question must have a total population of at least 3,000 and an average density of at least 1,000 per square mile, it is also considered whether the proposed dmunicipality, if constituted, will have sufficient financial resources for proving the necessary civic amenities.

Restriction Order regarding Supply of Sugarcane to mills

230. (Admitted question No. 609.) **Shri Sanat Kumar Raha:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state whether Government is considering to relax the restriction order regarding supply of sugarcase to mills and licences fees for crushing sugarcane for manufacturing "Gur"?

The Minister of State for Agriculture: Government are considering to abolish the reserved areas in respect of mills and to modify the West Bengal Sugarcane (Supplies to Factories) Order, 1963, accordingly. As regards licence fees it is too early to consider the question of reducing the amounts thereot since the order imposing such fees was issued only on 24th December, 1963.

Tubewells at Contai in Midnapore

231. (Admitted question No. 623.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথি মহকুমার কোন্ কোন্ থানায় কয়টি নলকূপ সরকারের পল্লী জল সরবরাহের বিভাগের ব্যবস্থাধীনে রহিয়াছে ;

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে কোন্ থানায় কতটি নলকূপ অচল ব্যবস্থায় রহিয়াছে ; এবং

(গ) ১৯৬২ ও ১৯৬৩ সালে ঐ মহকুমায় কয়টি নলকূপ পুনঃস্থাপন ও কয়টি নলকূপ নূতন স্থাপন করা হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ)	থানার নাম	মোট নলকূপের সংখ্যা	অচল নলকূপের সংখ্যা
	কাঁথি	৩৯৭	৬৫
	রামনগর	৩২১	৫৩
	খেজুরী	২০৫	৩০
	এগ্রা	৫২৯	৪৫
	পটাশপুর	৪৫৫	৪৪
	ভগবানপুর	২৪০	৩৫

(গ)	সাল	নূতন স্থাপন	পুনঃস্থাপন
	১৯৬২	৬৮	৭০
	১৯৬৩	২৬	৫৬

Import of rice in West Bengal

232. (Admitted question No. 629.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসর কোন্ কোন্ রাজ্য হইতে কত পরিমাণ চাল আমদানি করার প্রস্তাব পশ্চিমবঙ্গ সরকারের আছে ; এবং

(খ) কেন্দ্রীয় সরকার হইতে কত পরিমাণ চাল ও গম পশ্চিমবঙ্গ সরকার বর্তমান বৎসর পাইবেন তাহার কোন প্রতিশ্রুতি পশ্চিমবঙ্গ সরকার পাইয়াছেন কিনা?

The Minister for Food and Supplies:

(ক) রাজ্যসরকার কর্তৃক নিজস্ব হিসাবে চাউল আমদানির কোন নির্দিষ্ট প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই। উহা অবস্থানুসারে বিবেচিত হইবে। তবে উড়িষ্যা হইতে 'ইস্টার্ন রাইস জোন স্কীম'-এর মাধ্যমে ব্যবসায়ী মারফত আনুমানিক চার লক্ষ টন চাউল আমদানির সম্ভাবনা আছে। এতদ্ব্যতীত নেপাল হইতেও ব্যবসায়ী মারফত কিয়ৎপরিমাণ আমদানি আশা করা যাইতে পারে।

(খ) চাল এক লক্ষ টন এবং গম প্রয়োজনমত মিলিবে।

Sale of paddy and rice at fixed prices

233. (Admitted question No. 630.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কর্তৃক নির্ধারিত দরে খোলা বাজারে ধান ও চাউল পাওয়া যাইতেছে না বলিয়া সম্প্রতি সরকার কোন অভিযোগ পাইয়াছেন কি ; এবং

(খ) সরকারী নির্ধারিত দরে যাহাতে ধান ও চাউল খোলা বাজারে বিক্রয় হয় তাহার জন্য সরকার কি কি কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) এ বিষয়ে নির্দিষ্ট কোন অভিযোগ সরকারের গোচরে আসে নাই।

(খ) সরকারী নির্ধারিত মূল্যের অধিক মূল্যে ধান্য ও চাউল বিক্রয়ের ক্ষেত্রে আইনানুসারে যথাবিধি পন্থা গ্রহণ করিতে সংশ্লিষ্ট কর্মচারিগণকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Ramnagar-Farakka Road in Murshidabad

234. (Admitted question No. 633.)

শ্রীদেবশরণ ঘোষ: পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর ফারাক্কা রাস্তাটি নির্মাণকল্পে কাহাকে কন্ট্রাক্ট দেওয়া হইয়াছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তরে একাধিক ব্যক্তি হয়, তাহা হইলে কাহাকে কত মাইল দেওয়া হইয়াছে?

The Minister for Public Works (Roads):

(ক) উক্ত রাস্তা নির্মাণকল্পে একাধিক ব্যক্তিকে কন্ট্রাক্ট দেওয়া হইয়াছে।

(খ) এই সম্পর্কে একটি তালিকা পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of the unstarred question No. 234.

তালিকা

	মাইল	মাটির কাজ	ইট ও খোয়ার কাজ	ইট তৈয়ারির কাজ	পাথর সরবরাহের কাজ	কালভার্ট বা পুলের কাজ
(খ) যদি (ক) প্রশ্নের উত্তরে একাধিক ব্যক্তি হয়, তাহা হইলে কাহাকে কত মাইল দেওয়া হইয়াছে।	১ম	মেসার্স জি, কে, চৌধুরী এণ্ড কোং।	শ্রীকালিপ্রসাদ মৈত্র ..	২য় ও ৩য় মাইলে শ্রীরাধাকৃষ্ণ দত্ত।	বাজার সাহুই ট্র্যাকিং ইয়ার্ড--	৩য় ও ৫ম মাইলে ২টী কালভার্ট।
	২য়	ঐ ..	ঐ ..	..		
	৩য়	ঐ ..	ঐ ..	৭ম মাইলে। ..	মেসার্স মোহনলাল জৈন	শ্রীমধুসূদন দত্ত।
	৪র্থ	ঐ ..	ঐ ..	শ্রীদুর্গাদাস ভট্টাচার্য্য ..	চড়ই গাছ ট্র্যাকিং ইয়ার্ড	৮ম ও ১০ মাইলে ২টী কালভার্ট।
	৫ম	ঐ ..	ঐ ..	১৭ ও ১৯ মাইলে মেসার্স বি, এন, চৌধুরী এণ্ড সন্স।	মেসার্স মোহনলাল জৈন	মেসার্স ঘোষ এণ্ড রায় ইঞ্জিনিয়ারিং সিণ্ডিকেট।
	৬ষ্ঠ	জনাব আব্দুল হামিদ বিশ্বাস।	শ্রীকালিপ্রসাদ মৈত্র ও শ্রীসুভাষ চন্দ্র বসু।	.. ..	খাগড়া ঘাট ট্র্যাকিং ইয়ার্ড	১১শ, ১২শ মাইলে ২টি কালভার্ট – শ্রীঅশোক চন্দ্র রায়।
	৭ম	ঐ ..	মেসার্স ঘোষ এণ্ড রায় ইঞ্জিনিয়ারিং সিণ্ডিকেট।	২২ মাইলে শ্রীমোহনলাল জৈন।	মেসার্স ব্যান সন্স এণ্ড কোং।	
	৮ম	ঐ ..	শ্রীকালিপ্রসাদ মৈত্র।			
	৯ম	ঐ .	ঐ ..			
	১০ম	ঐ ..	ঐ ..			
	১১শ	শ্রীঅশোককুমার রায় ..	ঐ ..			
	১২শ	ঐ ..	ঐ ..			
	১৩-২৫ মাইল।	ঐ ..	এখনও কাজ আরম্ভ হয় নাই।			

Jute processing in the district of West Bengal

235. (Admitted question No. 650.)

শ্রীসনৎকুমার রাহাঃ কৃষিবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলায় পাট পচাইবার সুযোগের অভাবে বহু ভালজাতের পাট কম দামে চাষীকে বিক্রয় করিতে হয় ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কোন পরিকল্পনা গ্রহণ করিতেছেন কি?

The Minister of State for Agriculture:

(ক) পাট পচাইবার পূর্ণ সুযোগ-সুবিধা মুর্শিদাবাদ বা অন্যান্য পাট উৎপাদন এলাকাতে না থাকাতে স্থানে স্থানে পাটের কোয়ালিটির তারতম্য হয় এবং উক্ত পাট কিছু অল্প মূল্যে বিক্রয় হইয়া থাকে।

(খ) হ্যাঁ। মুর্শিদাবাদ ও অন্যান্য জেলায় পাট পচাইবার উপযুক্ত সুযোগ-সুবিধা প্রদান করা এবং উন্নত ধরনের পাট উৎপাদন করার জন্য উপযুক্ত প্রকল্প গ্রহণ করা হইয়াছে। পাটের যাতে আরও উন্নতি হয় তাহার জন্য জুট প্যাকেজ স্কীম লওয়া হইতেছে।

Delimitation of Anchal Panchayats

236. (Admitted question No. 699.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অঞ্চল পঞ্চায়েতগুলির সীমানা বণ্ট কি কি রীতি ও পদ্ধতিতে করা হইয়াছে ; এবং

(খ) এ ব্যাপারে জেলাশাসকগণের রেকমেন্ডেশন পশ্চিমবঙ্গ-সরকার গ্রহণ করেন কিনা?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) জনসংখ্যা ও আয়তন বিবেচনা করিয়া অঞ্চল পঞ্চায়েতের সীমানা নির্ধারণ করা হয়। সাধারণত ৮ হইতে ১০ হাজার লোকসংখ্যা এবং ১০ হইতে ১৫ বর্গমাইল আয়তন লইয়া অঞ্চল পঞ্চায়েত গঠিত হইয়া থাকে, তবে কোন কোন বিশেষ ক্ষেত্রে স্থানীয় জনসাধারণের সুবিধার জন্য ইহার ব্যতিক্রম করা হইয়াছে।

(খ) জেলাশাসকের সুপারিশ নিশ্চয় বিবেচনা করা হয়।

General Election of the South Suburban municipality

237. (Admitted question No. 703.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) if it is a fact that the General election of the South Suburban municipality is due to take place on or before the month of January, 1965;

(b) if the answer to (a) be in the affirmative will the Hon'ble Minister be pleased to state—

(i) whether delimitation of the constituencies for such election and preparation of electoral rolls of the said municipality have yet been done; and

(ii) if not, what steps have so far been taken in the said matter so that the election may be held in time?

The Minister for Local Self-Government and Panchayats: (a) Yes.

(b) (i) No.

(ii) The power of the State Government to divide a municipality into wards has been delegated to the Commissioner of the Division. As this power has to be exercised after consideration of the views of the commissioners of the municipality concerned, the local officers have called for the proposal for delimitation of the wards from the Chairman of the South Suburban municipality.

Construction of a bridge over the river Atreyee

238. (Admitted question No. 710.) **Shri Nathaniel Murmu:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if there is any scheme for construction of a bridge over river "Atreyee" on Balurghat-Laskarhat Road in the district of West Dinajpur;

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the amount sanctioned for the scheme: and

(ii) when the work will be started?

The Minister for Public Works: (a) No.

(b) (i) and (ii) Do not arise.

Calling Attention to Matters of Urgent Public Importance

[12—2-10 p.m.]

Mr. Speaker: I have received two notices of Calling Attention—one from Shri Mono Ranjan Baksi, Shri Bejoy Kumar Banerjee, Shri Hrishikesh Halder, Shri Birendra Narayan Ray, Shri Lakshmi Ranjan Josse and Shri Radhakrishna Singha on the subject of bomb explosion at Muktaram Babu Street on 26-2-64 and the other from Shri Mrigendra Bhattacharyya on the subject of irrigation from Kangsabati river at Kalmijole of Ghatal subdivision.

I have selected the notice of Shri Mrigenlra Bhattacharyya on the subject of irrigation from Kangsabati river at Kalmijole of Ghatal subdivision. The Hon'ble Minister will please make a statement or give a date for the same.

The Hon'ble Syamadas Bhattacharyya: The statement will be made on Tuesday next.

Migration Certificate

শ্রীযামিনীভূষণ সাহা: মাননীয় স্পীকার মহাশয়, একটা গুরুতর বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দিন কয়েক হল আমি পাকিস্তান থেকে চিঠি পেয়েছি সেই চিঠির কিছুটা অংশ পড়ে দিলেই আপনি বুঝতে পারতেন ব্যাপারটা কত গুরুতর। ভারত সরকারের পক্ষ থেকে যারা পাকিস্তান থেকে ভারতে চলে আসতে চায় তাদের মাইগ্রেশন দেওয়া হচ্ছে না এই ধরনের সংবাদ এই চিঠিতে দেওয়া হয়েছে। আমি, স্যার,

বলছি ভারত সরকার এটা বার বার বলেছেন এবং আমাদের পশ্চিমবঙ্গ-সরকারও বলেছেন যাতে করে ওখান থেকে যারা চলে আসতে চায় তারা তাতে নির্বিঘ্নে চলে আসতে পারে তার ব্যবস্থা করা হবে। কিন্তু তার ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, আর একটা চিঠিও আমি পেয়েছি তা'তে আমার এক আত্মীয় বলছেন তাদের মাইগ্রেশন সার্টিফিকেট দেওয়া হচ্ছে না এবং মাইগ্রেশন সার্টিফিকেট না পাওয়ার জন্য পাকিস্তান সরকার নানা রকম সুযোগ নিয়ে তাদের উপর অত্যাচার করছে। আমি এদিকে দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় মুখ্যমন্ত্রীর এবং আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারের প্রতি ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করবেন যাতে করে তারা মাইগ্রেশন সার্টিফিকেট পায়।

মিঃ স্পীকার : আপনি তাঁর অ্যাটেনশন ড্র করেছেন, এবার আপনি বসুন।

শ্রীকাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় এখন হাউসে উপস্থিত আছেন যদি আপনি অনুমতি দেন তাহলে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে পারি একটা বিষয়ের প্রতি। সংবাদপত্রে দেখে থাকবেন গত সপ্তাহে স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীনন্দ লোকসভায় একটা বিবৃতিতে বলেছেন এক পশ্চিমবাংলায় তিনি যেটুকু সংবাদ পেয়েছেন তাতে ২॥ লক্ষ পাকিস্তানী অনুপ্রবেশকারী পশ্চিমবঙ্গে রয়েছে এবং আজকে সংবাদপত্রে পার্লামেন্টের সমস্ত দলের সভ্যদের যে উদ্বেগ ও আশঙ্কা প্রকাশিত হয়েছে তাঁদের ভাষণের মধ্যে দিয়ে তার জন্যই আমি মুখ্যমন্ত্রীকে বলছি যে এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন এবং আশা করি আমাদের রাষ্ট্রের নিরাপত্তার খাতিরে মুখ্যমন্ত্রী এই সম্পর্কে হাউসের সামনে একটা বিবৃতি দেবেন।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : একটা কলিং অ্যাটেনশন নোটিশ দিলেই ভাল হয়।

General Discussion of the Budget for 1964-65

শ্রীতরুণকুমার সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি এই জন্য যে এই বাজেটের মধ্যে এমন কিছু ব্যবস্থা নাই যার দ্বারা সাধারণ মানুষের কোন উপকার হতে পারে। বরং আমরা দেখছি এই বাজেট চালু হলে সাধারণ মানুষের দুর্দশা বাড়বে ছ ড়া কমবে না। তাই আমি আমার বাজেট বক্তৃতা সুরু করবার সময় যে ডিমের ব্যাপার নিয়ে এই হাউসে গন্ডগোল সৃষ্টি হয়েছিল সেই ডিমের উপরেই আমার বক্তব্য রাখবো এবং বাজেটের রূপ বর্ণনা করবো। এই বাজেটের মধ্যে অনেক জিনিষই আছে কিন্তু মূল যে জিনিষ সেই জিনিষই নেই য'র দ্বারা সাধারণ মানুষের উপকার হতে পারে। দ্বিতীয়তঃ এর জবাবে নিশ্চয়ই আমাদের অর্থমন্ত্রী বা ও পক্ষের বন্ধুরা বলবেন তাতে কি হয়েছে আপনারা যাই বলুন না কেন আমাদের দেশ সঠিক পথেই যাচ্ছে এবং এর মধ্যে কোন ভুলত্রুটি নেই। তাঁরা তাঁদের বক্তব্য উপস্থিত করতে গিয়ে বিশেষ করে প্রতাপবাবু কিভাবে তাঁর বক্তব্য উপস্থিত করলেন তাতে তিনি বললেন আমাদের দেশ এক ঔপনিবেশিক অর্থনীতিপূর্ণ দেশ ছিল যদি সেই ঔপনিবেশিক অর্থনীতি থেকে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হয়, গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠা করতে হয় তাহলে যে কায়দায় যাওয়া উচিত সেই কায়দায় দেশ যাচ্ছে, সেই কায়দায়ই দেশের শক্তি বাড়াতে হবে এবং তার জন্য বিদেশ থেকে ঋণ আনতে হবে এবং দেশে শিল্প উন্নয়নের জন্য আমাদের দেশের পুঁজিবাদীদের সর্বরকম সুযোগ-সুবিধা দিতে হবে। আর কি করতে হবে—যদিও তিনি সেকথা বলেন নি—সাধারণ মানুষের ত্যাগ স্বীকার করতে হবে। ফল কি হচ্ছে? আমি বলবো ভারতবর্ষে এমন কোন লোক নেই তাদের অর্থনীতির এই যে কায়দা এই কায়দার ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে কেউ একথা অস্বীকার করতে পারে না বড়লোক আরো বড়লোক হয়েছে, গরীব আরো গরীব হয়েছে। কিছুদিন আগে ভুবনেশ্বরে যে কংগ্রেস অনুষ্ঠিত হল সেখানে স্বয়ং কামরাজ নাদার স্বীকার করেছেন যে দেশের যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে ব্যাপকভাবে ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে এবং ব্ল্যাক মার্কেটিং সমানে চলেছে এবং কনসেনট্রেশন অফ ওয়েলথ এবং মনোপলি সৃষ্টি হচ্ছে। ভুবনেশ্বর কংগ্রেসের যে ইঙ্গিত ছিল সেই ইঙ্গিতের কোন কিছুই এই বাজেটের মধ্যে প্রতিফলিত হয় নি এবং তাঁরা যতই পরিকল্পনা করুন না কেন,

যে প্রস্তাবই তাঁরা নেন না কেন এই কনসেনট্রেশন অফ ওয়েলথ যদি তাঁরা বন্ধ করতে না পারেন তাহলে জনগণের কোনই লাভ হবে না। সমাজতন্ত্র ত দূরের কথা, আমি বিশ্বাস করি না কোন দেশের শ্রমিক শ্রেণীর ক্ষমতা না পেলে সমাজতন্ত্র প্রতিষ্ঠা হতে পারে। বার্মার ঘটনার দিকে তাকিয়ে দেখুন, সিলনের ঘটনার দিকে তাকিয়ে দেখুন—আমি বিশ্বাস করি যদি বৈদেশিক পুঁজি বাজেয়াপ্ত করে সেই বৈদেশিক পুঁজিকে দেশের কাজে খাটান যায় তাহলে নিশ্চয়ই দেশের উন্নতি হতে পারে।

[2-10—2-20 p.m.]

আমাদের প্রতাপবাবু তো চৌ এন-লাই এবং ক্রুশ্চেভ-এর কথা আমাদের শোনান, কিন্তু আমি তাকে জিজ্ঞাসা কার ১৯৩১ সালে করাচীতে কংগ্রেস যে প্রস্তাব নিয়েছিল সেটা কি? তখন তিনি কংগ্রেসের সদস্য ছিলেন কি না জানি না, কিন্তু সেই যে প্রস্তাব নিয়েছিল সেটা কি? সেটা হচ্ছে ভারতবর্ষের সমস্ত কি ইণ্ডাস্ট্রি ন্যাসনালাইজ করতে হবে। কেন করতে হবে? নূতন করে সাধারণ মানুষের উপর চাপ সৃষ্টি না করে যাতে দেশ গড়া যায় তার জন্য কি ইণ্ডাস্ট্রি ন্যাসনালাইজ করতে হবে। কিন্তু আমরা দেখছি স্বাধীনতার ১৭ বছর পরেও বিদেশী পুঁজি ডেকে আনা হচ্ছে এবং সাধারণ মানুষের উপর ট্যাক্স বসিয়ে সেই টাকা টাটা, বিড়লার ঘরে পেঁছে দেওয়া হচ্ছে। এবারে আমি টাটা, বিড়লার কিছু তথ্য দেব। স্বাধীনতার আগে ভারতবর্ষে যে বিড়লা ব্যবসা করত ২৭ কোটি টাকার, স্বাধীনতার ১৭ বছর পর সাধারণ মানুষের উপর ট্যাক্স বসিয়ে সেই বিড়লার পুঁজি হয়েছে ৩০ কোটি টাকা। টাটারও সেই রকম অবস্থা হয়েছে এবং এ ছাড়া আরও ১০।১২টি পরিবার আছে যারা সমস্ত সম্পদ কুক্ষিগত করেছে। প্রতাপবাবু অনেক থিওরির কথা বলেছেন, কিন্তু টাটা, বিড়লার টাকা এমন টাকা যে বন্দুকের মধ্যে রাখলে ডিম পাড়ে। এই টাকা সাধারণ মানুষের টাকা, শ্রমিকদের টাকা, মধ্যবিত্তের টাকা, কিন্তু আশ্চর্যের বিষয় যে সেই টাকা তাদের ঘরে যাচ্ছে। এই হচ্ছে এঁদের অর্থনীতির চক্র। তারপর, সাধারণ মানুষের কি অবস্থা? শৈলবাবু বলেছেন তাদের অবস্থা খারাপ হয় নি, তবে তৃতীয় পরিকল্পনায় নাকি একটু খারাপ হয়েছে। তাঁর বক্তব্য হচ্ছে, পরিকল্পনায় যদিও ছিল জাতীয় আয় মাথাপিছু ফাইভ পারসেন্ট বাড়বে, কিন্তু তাঁর নিজের মতে ফাইভ পারসেন্ট বাড়ে নি—বেড়েছে আড়াই পারসেন্ট। কিন্তু আজ এবং গতকাল স্টেটসম্যান পত্রিকায় খবর বেরিয়েছে যে, প্রথম এবং দ্বিতীয় পরিকল্পনায় ন্যাশনাল ইনকাম কত বেড়েছে। তাঁরা যা লিখেছেন আমি সেটা পড়ে দিচ্ছি, নিউ দিল্লী,

New Delhi, February 26. India's national income (at 1948-49 prices) was Rs. 13,370 crores in 1962-63 and Rs. 13,060 crores in 1961-62 compared with Rs. 12,730 crores in 1960-61 at the beginning of the Third Plan, reports PTI.

পার ক্যাপিটা ইনকাম-এর অবস্থা কি হোল?

The per capita income at 1948-49 prices has been estimated at Rs. 294.7, Rs. 294.3 asd 293.2 in 1962-63, 1961-62 and 1960-61 respectively. These figures were given in the eleventh issue of the annual White Paper on national income released by the Central Statistical Organization.

অর্থাৎ যদি হিসেব করা যায় তাহলে দেখা যাবে তৃতীয় পরিকল্পনার গত দু' বছরে পয়েন্ট ফোর পারসেন্ট বেড়েছে। শৈলবাবু দম্ভবাজী করে বললেন দেশে অনেক দুরবস্থা থাকা সত্ত্বেও যা বাড়াবার চেষ্টা করা হয়েছিল তা যদিও হয় নি, তবে আড়াই পারসেন্ট বেড়েছে। আমি বলি এই ভুল তথ্য কেন পরিবেশন করছেন? আপনাদের সরকারী কর্মচারীরা কি নাকে সরষের তেল দিয়ে ঘুমায়? আমি চ্যালেঞ্জ করে বলছি এনটায়ার তথ্য ভুল। শৈলবাবু হয়ত বলবেন লোক বেড়ে যাচ্ছে এবং মৃত্যুর হার কমে যাচ্ছে কাজেই ন্যাশনাল ইনকাম খেয়ে যাচ্ছে। অর্থাৎ তাঁর বক্তব্য হচ্ছে কয়েক কোটি লোক যদি না জন্মাতো এবং কয়েক কোটি লোক মরে যেত তাহলে ভাল হোত। স্যার, ১৯৪৮ সালের মূল্যমানের সঙ্গে আজকের মূল্যমানের যদি বিচার করি তাহলে দেখা যাবে পার ক্যাপিটা ন্যাশনাল ইনকাম অনেক কমে গেছে।

সুতরাং মানুষ যদি না জন্মাতো, অনেক মরে যেতো তাহলে আপনাদের পরিকল্পনায় দেশে কোন কিছু হত, টাটা বিড়লার পুঁজি বাড়ত, বিদেশী শোষণ বাড়ত। কিন্তু আপনাদের পরিকল্পনার মূল ভিত্তি হল বিদেশ থেকে ঋণ পাওয়া। আমরা অ্যামেরিকার কথা বললে অনেক কথা বলা হয়, দু' দিন আগেও বিনোবাজীর মত লোক আক্ষেপ করে বলেছেন যে দেশ রক্ষার কাজ যদি অ্যামেরিকা করে, দেশের খাদ্যের অভাব মিটিয়ে দেয়, দেশের স্বাস্থ্যের উন্নতি অ্যামেরিকা করে দেয় দেশের রাস্তা ঘাটের উন্নতি অ্যামেরিকা করে তাহলে স্বাধীনতার প্রয়োজন কি? আক্ষেপ করে তিনি একথা বলেছেন। আমরা যদি একথা বলতাম প্রতাপবাবু বলতেন এঁরা চীনা পন্থী, বিনোবাজী বললে দোষ নাই। এই যে অ্যামেরিকা থেকে কোটি কোটি টাকা আনা হচ্ছে? তার কি সর্ত? যদি অ্যামেরিকা থেকে টাকা আনতে হয় তাহলে তার প্রধান সর্ত কি? শতকরা ৯০ টাকা তাদের দেশে খরচ করতে হবে, তাদের দেশ থেকে জিনিষ আনতে হবে। This is the condition of the American law,

আমরা জানি অ্যামেরিকায় দ্রব্যের যে মূল্য তা দুনিয়ার যে কোন দেশ থেকে শতকরা ৫০ টাকা বেশী দাম। দেশের সম্পদকে বিক্রী করছেন অ্যামেরিকার স্বার্থে এবং এই করছেন ১৭ বছর ধরে। শৈলবাবু সেসব কথা না বলে তিনি বলেছেন বাংলাদেশের নাকি ভাল হয়েছে। ইকনমিক রিভিউ-তে বলেছে বাংলাদেশে মাথা পিছু যে ট্যাক্সেশন তা বিহার এবং অন্যান্য দেশের তুলনায় বেশী। আমাদের নেশন বিল্ডিং এক্সপেন্ডিচার অনেক বেশী, আমি সেখানে থেকে তথ্য নিয়েই বলছি, তারা বলেছে বাংলাদেশে পার ক্যাপিটা ট্যাক্সেশন ১৫·৩ টাকা এবং জাতি গঠনের ব্যাপারে খরচ করছেন ১৭·৬ টাকা। অন্য কোন প্রদেশের সংগে যদি তুলনা করা হয় প্রপোরশনেটলী কত খরচ করা হচ্ছে? বিহারে আদায় পার ক্যাপিটা ৭·৪ আর খরচ করা হয় ১২ টাকা, মাদ্রাজে ১৪ টাকা আদায় হয়, খরচ করা হয় ২১ টাকা, কেন এখানে মাথাপিছু বেশী খরচ করা হবে না? এখানে বাংলাদেশে একটু মাটি খুঁড়লেই তার তলায় পাওয়া যায় কয়লা, এই বাংলাদেশ সম্বন্ধে অনেক বিদেশী বলে গেছেন অনেক কথা, তাহলে সেই বাংলাদেশে কেন অন্যান্য প্রদেশের চেয়ে মাথাপিছু বেশী খরচ করা হবে না? আপনারা জাতীয় স্বার্থে মাথাপিছু বেশী খরচ করতে পারেন না, বেশী ট্যাক্স নিয়েও, এটাই হল প্রশ্ন। আপনারা হয় বলবেন বাংলাদেশে মাথাপিছু আয় বেশী, আয় যেমন বেশী হচ্ছে তেমনি ট্যাক্সও বেশী হচ্ছে। বাংলাদেশে প্রাদেশিক এবং কেন্দ্রীয় ট্যাক্স যদি ধরা হয় তাহলে আমরা কি দেখতে পাই? বাংলাদেশে খাদ্যের জন্য যে পরিমাণ খরচ করতে হয় ভারতবর্ষের আর কোন দেশে খাদ্যের জন্য এত খরচ করতে হয় না, কেন না আমাদের দেশে খাদ্যের দর সব চেয়ে বেশী চড়া, খাদ্যের চড়া হলে অন্যান্য কমোডিটিসের দামও চড়ে যায়। মাছের দাম তেলের দাম অন্য কোন প্রদেশে এই রকম লাফিয়ে লাফিয়ে বাড়ে না। মুখ্যমন্ত্রী এক স্টেটমেন্ট দেওয়ার জন্য এখানে চালের দাম ৩০ টাকা থেকে ৫০ টাকা হয়ে গেছল। এই অবস্থায় সাধারণ মানুষকে নির্বাক দর্শকের মত দাঁড়িয়ে থাকতে হয়েছিল এবং যতক্ষণ না তারা আন্দোলন করেছিল ততক্ষণ কিছুই হয় নি, আর আমাদের মন্ত্রিমহাশয় দম্ভ করে বলছেন যে অনেক কিছু করেছি। বেকার সমস্যার সমাধান করবার কথা বলেছেন যে এই বেকার সমস্যা ক্ষুদ্রশিল্প এবং কটেজ ইন্ডাস্ট্রির মধ্য দিয়ে এই সমস্যার সমাধান করা হবে। দুটি পরিকল্পনায় এই শিল্পে খরচ করেছেন ৫ কোটি টাকা, এবারে ব্যয় করবেন ১০ কোটি টাকার উপর। এই ৫ কোটি টাকা ব্যয় করা হল তাতে কি ফল হয়েছে? তাদেরই হিসাব অনুসারে স্মল ইন্ডাস্ট্রিতে আয় ছিল ১৯৫৬-৫৭ সালে ৪৫·৫৯ কোটি টাকা, '৫৭-৫৮ সালে ৪৫·৮৫ কোটি টাকা, '৫৮-৫৯ সালে ৪৬·১৪ কোটি টাকা এবং '৫৯-৬০ সালে ৪৬;৪২ কোটি টাকা, ৫ কোটি টাকা ব্যয় করে মূলতঃ দেখা গেল কিছুই উন্নতি হয় নি। এবারে ১০ কোটি টাকা ব্যয় করলেও কিছু হবে না, বেকারী বাড়বে, বেকারত্ব যাবে না তারপর এটা বলা হয়েছিল যে দুর্গাপুর করলে বাংলাদেশের অনেকখানি বেকার সমস্যার সমাধান হবে।

[2-20—2-30 p.m.]

কি হল সেখানে? সেখানে আমি তথ্য দিয়ে দেখাতে পারি যে সে জায়গায় মাত্র সামান্য কয়েক কোটি আমদানী বেড়েছে। এতে কিছু হয়নি এবং বেকার সমস্যা বাংলাদেশে দিনের পর দিন ভয়াবহ আকার ধারণ করেছে। তারপর আমি বলতে চাই বাস্তুহারা সম্বন্ধে। এটা

একটা বিরাট সমস্যা এবং এটা যে আশু সমস্যা সে সমস্যা সম্বন্ধে একটা কথাও এই বাজেটের মধ্যে নেই এবং বলে দেওয়া হয়েছে বাস্তুহারা প্রশ্ন উঠলে যেই আসবে পত্রপাঠ তাকে দণ্ডকারণ্যে পাঠান হবে। আমরা অনেক সময় অনেক কথা শুনি, চৌ-এন-লাই-এর কথা প্রতাপবাবু অনেক পড়ে শোনান। আমি আপনাদের এ আই সি সি-র একোনমিক রিভিউ, ১১ই ফেব্রুয়ারী ১৯৬৪ থেকে দণ্ডকারণ্যের চেহারা সম্বন্ধে একটু পড়ে শোনাচ্ছি। তাতে বলা হয়েছে—

Dandakaranya is a vast area spread over 3 or 4 different States—M.P., Orissa, and perhaps also Andhra and Maharashtra. The land is not very good for Agriculture and would require to be improved by irrigation if agricultural families are to be rehabilitated there.

এই যদি দণ্ডকারণ্যের অবস্থা হয় তাহলে দণ্ডকারণ্যে গিয়ে কি হবে? আমি যা দেখেছি বিগত কয়েক বছরে যে, রিফিউজীদের বিভিন্ন জায়গায় পাঠান হয়েছে, তারা আবার সেখান থেকে ফিরে এসেছে। কি হবে দণ্ডকারণ্যে পাঠিয়ে? অথচ সোজাসুজি বলে দেওয়া হচ্ছে দণ্ডকারণ্যে চলে যাও। এখানে একটা অদ্ভুত মিল হচ্ছে আমাদের সরকারের সঙ্গে পাকিস্তানের। পূর্ব-বঙ্গের একটা কাগজে দেখলাম আয়ুবশাহী বলছে যেসব মুসলমানরা পাকিস্তানে চলে আসতে পারে, কিন্তু তাদের যেতে হবে ওয়েস্ট পাকিস্তান-এ, পূর্ব পাকিস্তানে থাকতে পারবে না। এ বিষয়ে আমাদের সরকারের সঙ্গে তাদের মিল আছে যে এলেই তোমাদের দণ্ডকারণ্যে পাঠান হবে। ইরিগেশন ইন্ডাস্ট্রি বাংলাদেশে করাই যায় না, আন-কাল্টিভেটেড ল্যাণ্ড এখন যা আছে যেখানে ইরিগেশন করলে পর কৃষকদের সঙ্গে দ্বন্দ্ব হবে না, সেখানে কি বাস্তুহারাদের পুনর্বাসন দেওয়া যায় না? ইন্ডাস্ট্রিজ যদি করতে হয় তাহলে তা বাংলাদেশে করুন। কিন্তু তাদের সরাসরি দণ্ডকারণ্যে পাঠানোর কি যুক্তি থাকে? এর ফলে কি হচ্ছেনা যেই ওখানে যারা এই কথা শুনবে তার আর পাকিস্তান থেকে আসবে না। এতে আপনাদের কি লাভ হবে? পাকিস্তানের হয়ত কিছু লাভ হবে। আমি কেন একথা বলছি, কারণ দু মাস আগে বাংলাদেশের একরকম চেহারা দেখলাম, আজ অন্য চেহারা দেখলাম। দাঙ্গা হলে আপনাদের বাঁচার রাস্তা আছে। কারণ, দু মাসে দেখলাম ট্রাম, জয়া, বার্ন, জেসপ স্ট্রাইক করতে চলেছে, শিক্ষকরা আন্দোলন করতে চলেছে, সরকারী কর্মচারীরা আন্দোলন করতে চলেছে, বম্বেতে যা হয়ে গেছে বাংলাদেশে সেইরকম আন্দোলন হচ্ছিল, কিন্তু এই দাঙ্গা প্রফুল্লবাবুকে নিশ্চিত করে ফেলল। কেন না আন্দোলন আর হবে না। ভিক্ষার ঝুলি নিয়ে এলে লোকে যেমন ছুড়ে পয়সা দেয়, তেমনি আমাদের সরকারী কর্মচারীদের ৫-১০ টাকা বৃদ্ধি করে এইসমস্ত আন্দোলকে স্তব্ধ করবেন, অন্য দিকে সামান্য কিছু পয়সা দিয়ে সমস্ত আন্দোলনের বিরোধীতা করার জন্য ষড়যন্ত্র করছেন। এই দাঙ্গার মধ্যে পুলিশের কার্যকলাপ সম্বন্ধে বলব। এইসময় যে কোন অপরাধ করেনি তাকে ধরা হচ্ছে এবং যে অপরাধ করেছে তাকে ছেড়ে দেওয়া হচ্ছে। আমার বাড়ির কাছের ফাঁড়ি থেকে মাত্র ১০০ গজ দূরে সেখানে দোকান লুট হচ্ছে, আগুন জ্বলছে, কিন্তু পুলিশ কিছু করেনি। অনেকে মারাও গেছে। এতে সেই কংগ্রেস আমলের কথা মনে পড়ল। দারোগা পুলিশকে বলছে ১৪৪ ধারা আছে তো কি হয়েছে ধরে আনতে পারোনি? এতে পুলিশ বললে उधर तो चार बाजू जला है। এতে ইন্সপেক্টর বললে, तुम जाकर पांच होकर पकड़ कर लाओ। तब पुलिस ने कहा कि वहां तो कारपोरेशन एरिया का डस्टबिन है कैसे पकड़ कर लाऊंगा।

এই হচ্ছে আমাদের দেশের পুলিশের অবস্থা। এই যে ঘটনা ঘটছে, আগুন জ্বলছে আপনারা যাচ্ছেন না কেন জিজ্ঞাসা করতে, তিনি বললেন এখন আমাদের যাবার উপায় নেই। তারপর শুনলাম কোন একজন ব্যক্তি তাঁর জমির দরকার সে জমি থেকে মুসলমান কয়েকজনকে উচ্ছেদ করবার জন্য আগুন জ্বালিয়েছে এবং পুলিশরাও তার সঙ্গে টাকা খেয়ে সে ব্যবস্থা করেছে। এও সেই একটা গল্পের মত, যে এক মাতাল রোজ রাস্তা দিয়ে যায় পুলিশ তাকে রোজ ধরার চেষ্টা করে এবং যেদিন তাকে ধরে ফেলেছে প্রায় সেই মাতাল কিছু পয়সা দিয়ে দিল আর সেই সময় দেখা গেল যে ইন্সপেক্টার এসে গিয়েছে সুতরাং পুলিশ তাকে বলে দিল তুমি এক কাজ করো ঐ ডাস্টবিনের মধ্যে গিয়ে দাঁড়িয়ে থাক। তখন ঐ ইন্সপেক্টার তাকে বললো, তুম

পাকাড়তা কাহে নেহী? তখন সেই পুলিশ বলে—ও'হা কেইসা জায়গা, ও-তো ডাস্টবিনমে খাড়া হায়, কর্পোরেশনক্যা কানুন হায়, হাম তো পুলিশ হায় হম কইসে পাকড়ে গা। ও সেইরকম এখানে যখন বন্দুক নিয়ে দাঁড়িয়ে আছে একটু দূরে যদি কিছু হয়, পুলিশ যাওয়ার কোন প্রয়োজন নেই। এই তো আপনাদের পুলিশী ব্যবস্থা এবং এই হচ্ছে আমাদের ১৭ বছরের ইতিহাস, আর একটা কথা বলছি, বলা হয়েছে আমরা অনেক বেশী ভাল কাজ করেছি তার কারণ হচ্ছে আমরা অনেক বেশী আমদানী বাড়িয়ে ফেলেছি। কিন্তু কি করে বাড়িয়েছেন? ছোট ছোট করে বলা হয়েছে গত বছর আপনারা মোটর ভিউকলস ট্যাক্স বাড়িয়েছেন। আপনারা বাড়িয়েছেন বিক্রয় কর আইনের সংশোধন এনে এবং বাড়িয়েছেন ইলেকট্রিসিটির উপর ট্যাক্স। এইসব বাড়িয়ে আপনারা বলছেন যে আমরা অনেক টাকা পেয়েছি। তারপর আবার শেষ পর্যন্ত কি বলছেন? বলছেন যে এবারের বাজেট চালাতে গেলে ৬০ কোটি টাকা ঋণ করতে হবে। ভাল ব্যবস্থা। এত হৈ চৈ করা হোল বাজেটের মুখবন্ধে পরে গিয়ে আবার ৬০ কোটি টাকা ঋণ করতে হবে। ঋণ করার কি ফল হবে। ঋণ করার পর ঠিক আমরা ঐ কেন্দ্রীয় সরকারের মত রাস্তা ধরবো। ক্রমশ ঋণ বাড়ছে যার ফলে এই হচ্ছে যে শুনতে পাচ্ছি কয়েক বছর বাদে ২০০ কোটি টাকা বাৎসরিক ঋণের জন্য সুদ এবং ঋণ বাবদ ফেরত দিতে হবে বিদেশীদের। সুতরাং আপনারা সেই রাস্তা নিয়েছেন। ওপরের লোকরা যখন এই রাস্তা নিয়েছে অতএব আমরাও ঐ রাস্তা নিই, আর কর বৃদ্ধির তো কোন কথা বলা হয় নি। গ্যারান্টিও দেওয়া হয় নি যে বাড়বে না। আর বাড়াতেও কোন অসুবিধা নেই কেন না, বিক্রয় কর আইনকে এমনভাবে সংশোধন করা হয়েছে যে কোন মুহূর্তে সেই আইনবলে যে-কোন জিনিসের উপরে ঐ কর চালু করে দিয়ে আপনার তহবিল আপনি ভর্তি করতে পারেন। বিধানসভায় আসার কোন প্রয়োজন নেই এবং কারও অনুমতি নিতে হবে না। হঠাৎ শুনবো অমুক ব্যাপারের উপর ট্যাক্স বসে গিয়েছে। সুতরাং এই তো করেছেন আজ বাংলাদেশের অবস্থা আপনারা এবং এই তো করতে চলেছেন। সুতরাং আপনার কাছে আমার শেষ বক্তব্যে আমি এইটুকু বলতে চাই যে, প্রতাপবাবু সেদিন বলছিলেন যে হরেকেষ্টবাবু বলেছেন যে বিপ্লব হবে দেশে। হরেকেষ্ট-বাবুর কথাটা তিনি একটু ভুল বুঝেছেন। তিনি বলেছেন এই কথা নয়, তিনি বলেছেন ভুবনেশ্বরের কোন একজন কংগ্রেসী এই কথা বলেছেন, তা ভুলে তিনি বলেছেন। আমি তাকে বলছি যে, হয়তো অনেক কংগ্রেসী বক্তারা অনেক বক্তৃতা দেবেন এরপরে এবং বলবেন যে ভুবনেশ্বর কংগ্রেসে আমাদের বিরাট কাজ হয়েছে। কি কাজ? না আমাদের অন্তত কামরাজ পরিকল্পনার মাধ্যমে দেশের সব দুর্নীতি সব ব্যবস্থা করে দেব। সব ব্যবস্থা এবার ভাল হবে যাবে। আমি বেশী দূর যাব না, একটা উদাহরণ দেব। কামরাজ পরিকল্পনার প্রথম ভিকটিম কে, সে হচ্ছে মোরারজী দেশাই। তার জায়গায় এলো কে? সৎ একজন মন্ত্রী শ্রী টি টি কৃষ্ণমাচারী। কে ইনি? ইনি হচ্ছেন সেই মুন্দ্রার গোঁড়াকলের লোক। স্যার। এই তো হচ্ছে কামরাজ পরিকল্পনা এবং কামরাজ পরিকল্পনার বাইরে এটা বললেও সোস্যালিজিমের কথা বাইরে এটা বললেও আদতে আপনাদের উদ্দেশ্য হচ্ছে আরো কি পুঁজিপতি ও শোষনকে চালু রাখা যায়। তার কি করে স্বার্থ রক্ষা করা যায় তারই এটা উদ্দেশ্য। কেন বলছি একথা, কারণ ১৯৩১ সালে আপনারা নিয়েছিলেন টি ইন্ডাস্ট্রি ন্যাসনালাইজ করবেন। এই প্রস্তাব আর আজকে ১৯৬৩-৬৪ সালে বলছেন কি করে সমাজতন্ত্র করা হবে বুঝতে পাচ্ছি না। গণতন্ত্র আগে হবে না পরে হবে। সমাজতান্ত্রিক গণতন্ত্র না গণতান্ত্রিক সমাজতন্ত্র, এই কথার কেবল জাল বুনে চলেছেন, আর আদৎ কাজ কিছু করছেন না। তাই আপনাদের ভয় কিসের, বিপ্লবের বা আন্দোলনের কথা শুনলে বা লাভের কথা শুনলে ভয় কিসের এই একটু পড়ে শোনাচ্ছি, আপনাদেরই লেখা কাগজে লিখছেন, এম ভি রামারাও, ফেব্রুয়ারী ১১ই ১৯৬৪ কামরাজ পরিকল্পনা ব্যাখ্যা করতে গিয়ে তিনি কি বলছেন। যদিও পড়বার আগে বলছি যে ভারতবর্ষে এখন এমন কোন পার্টি নেই যে অন্তত এই কথা বলে, তার পার্টি কর্মসূচি বা অন্য কোন জায়গায় যে বিপ্লব করা অত্যন্ত দরকার এবং বিপ্লব ছাড়া এ যুগে কিছু হবে না, সবাই আমরা পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসী মানি, আমরা সবাই পার্টিয়ামেন্টারি কনস্টিটিয়েন্সি মানি এবং তাকে স্বীকার করে নিয়ে নির্বাচনে নেমেছি, কিন্তু তলে তলে কি করছেন, কামরাজ পরিকল্পনার নামে এই বলা হচ্ছে।

"The menace of a violent socialist revolution implicit in the Communist programmes can be prevented only by the mobilisation of all socialist forces believing in democracy. The call to the socialist elements in the court by Shri Kamraj Nadar is made in this spirit."

কামরাজ পরিকল্পনার উদ্দেশ্য হচ্ছে, এই যে বিপ্লব সেই বিপ্লবকে ধ্বংস করার জন্য এই কামরাজ পরিকল্পনা।

[2-30—2-40 p.m.]

শ্রীহেমন্তকুমার বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পূর্ববঙ্গের লক্ষ লক্ষ সংখ্যালঘু সম্প্রদায়ের অত্যাচার নির্যাতন এবং হত্যার তাণ্ডবলীলার মধ্যে এই বাজেট আমাদের সামনে এসেছে অথচ এই বাজেটে পূর্ববঙ্গের সংখ্যালঘুদের জন্য পুনর্বাসনের কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। শৈলবাবুর ভাষণেতে সংখ্যালঘুদের সম্পর্কে কোন কথাই উল্লেখ নেই—রাজ্যপালের ভাষণে অবশ্য কিছু উল্লেখ ছিল যদিও কোন কার্যকরী কিছু ছিল না। কিন্তু এতে কিছুই নেই। তারপর শৈলবাবু চীনা আক্রমণের কথা বলেছেন, অথচ দেখা যাচ্ছে চীনা আক্রমণের প্রতিরোধের ব্যবস্থার জন্য বাজেটে কোন অর্থ ধরা হয় নি। অথচ এটা ভারত গভর্নমেন্টের অধীনস্থ। কাজেই এখানে নিরাপত্তা ব্যবস্থার জন্য কোন টাকা হয় নি। কিন্তু সিভিল ডিফেন্সের জন্য কিছুও টাকা ধরা হয় নি। বাজেটে আমাদের মূল দুটি প্রশ্ন তা দেখতে পাচ্ছি না। অর্থমন্ত্রী কোন আশার চিত্র ধরতে পারেন নাই, না বেকার সমস্যার সমাধান, না জিনিসপত্রের দাম কমানো, না জীবনযাত্রার ব্যয় কমানো এর কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। দেশের মানুষের এই বাজেট থেকে কিছুই হবে না। সাধারণ মানুষের কোন উন্নতির কোন ব্যবস্থা আমরা করতে পারছি না। কাজেই কেবল ফিগার-এর ছড়াছড়ি দেখতে পাচ্ছি। শিল্প-উৎপাদন ব্যাপারে পশ্চিমবাংলায় আমরা দেখতে পাচ্ছি না, শিল্পের উৎপাদন যে বিশেষভাবে বাড়ছে তা দেখতে পাচ্ছি না। শিল্পোৎপাদনের সঙ্গে সঙ্গে যে বেকার সমস্যা সমাধানের ব্যবস্থা বাজেটে দেখতে পাচ্ছি না। ১৯৫১-৬১ সালের সেন্সাস রিপোর্টে এই ১০ বছরে শ্রমিকের সংখ্যা জনসংখ্যার শতকরা ৩৪·৫, তা থেকে কমে ৩৩·২ ভাগ হয়েছে। শিল্প যদি বাড়ে তবে শ্রমিক সংখ্যা বাড়বে, কিন্তু শ্রমিকদের সংখ্যা কমে যাচ্ছে তাতে বেশ বোঝা যাচ্ছে শিল্পের উৎপাদন সেই অনুসারে বাড়ছে না। আর যে অন্যান্য সমস্যা রয়েছে তাতে সমাধানের কোন কিছুই দেখতে পাচ্ছি না। কৃষির উৎপাদনও তেমনি কমে যাচ্ছে। ১৯৬০-৬১ উৎপাদনের সূচক ছিল ১৩১·৮৩ ,আর ১৯৬১-৬২ সালে হোল ১৩০·১০ আর ১৯৬২-৬৩ সালে সেটা হোল ১২১·০৬। কাজেই শিল্প বাড়ছে না। কৃষির উৎপাদন বাড়ছে না। এই দুই বৎসর কৃষি উৎপাদন শতকরা ১০ ভাগ কমে গিয়েছে। কেবলমাত্র প্রাকৃতিক দুর্যোগ এবং প্রতিকূল অবস্থার কথা বললে পর আত্ম সন্তুষ্টির ভাব বা নিজেদের দুর্বলতা ও অক্ষমতা চাপা দেওয়া যায় না। সরকার যে প্রত্যেক ব্যাপারে অক্ষম ও অযোগ্যতার পরিচয় দিচ্ছেন এর থেকেই সেটা বেশ ভাল বোঝা যাচ্ছে। সমগ্র ভারতের জাতীয় আয়ের কথা বলা হয়েছে যে জাতীয় আয় বাড়ছে ৫ ভাগ। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, যে কথা বলা হয়েছিল ৫ ভাগ বাড়বে তা বাড়ে নি। ইকনমিক রিভিউতে আমরা দেখছি বেড়েছে মাত্র আড়াই ভাগ। যদিও তরুণ সেনগুপ্ত মহাশয় দেখিয়েছেন, যে ফিগার সম্পূর্ণ ভুল। আমরা দেখতে পাচ্ছি যে এইরকম ভুল আরো অনেকের মধ্যেই রয়েছে। জাতীয় আয় যা বেড়েছে তাতে সাধারণ মানুষের কোন উপকার হয় নি, সেই জাতীয় আয় বেশীর ভাগই রাঘব বোয়ালের পকেটে ও মুনাফাখোরদের পকেটে গিয়েছে, সাধারণ মানুষের কোন উপকার হয় নি। দ্রব্যমূল্য বৃদ্ধি ক্রমশই বেড়ে যাচ্ছে, জিনিসপত্রের দাম কমাবার কোন চেষ্টা নেই। এই নিয়ে দেশে যথেষ্ট আন্দোলন হয়েছে, বিশেষ করে চালের ব্যাপারে। কিন্তু সরকারের কোন চেষ্টা নেই জিনিসপত্রের দাম কমানর। অবশ্য দ্রব্যমূল্য বৃদ্ধির যে সূচক ১৯৬০-৬১ সালে ছিল ১২৪·৯, ১৯৬১-৬২ সালে ছিল ১২৫·১ এবং ১৯৬২-৬৩ সালে হয়েছে ১২৭·৯। কাজেই জিনিসপত্রের দাম ক্রমশ বেড়েই চলেছে। বাজেটে এমন কিছু নেই, কোন ব্যবস্থা নেই যে জিনিসপত্রের দাম কিভাবে কমান যাবে। সাধারণ মানুষের জীবিকার্জনের কতখানি সহায়ক হতে পারেন বাজেটে তার কোন ব্যবস্থা নেই। কলকাতার জীবনযাত্রার যে সূচক অক্টোবরের

১৯৬২ সালে ছিল ১২৬·২, পরবর্তী বৎসরে এই সময় তা বেড়ে হয়েছে ১৩৩ পয়েন্ট। কাজেই চতুর্দিক থেকে আমরা দেখি যে জীবনযাত্রার যে খরচ তার মান দিন দিন বেড়েই যাচ্ছে, ভূমি রাজস্ব বিভাগের আয় বাড়ছে না, তাও কমছে। আমরা দেখছি যে গত বৎসরের তুলনায় এই বৎসর ভূমি রাজস্ব ৮ কোটি ৬১ লক্ষ ৬২ হাজার থেকে ৮ কোটি ৬৩ লক্ষ ৩৬ হাজার দাঁড়িয়েছে। কাজেই ভূমি রাজস্ব যে বাড়ছে, তাও বাড়ছে না, সে প্রায় একইভাবে দাঁড়িয়ে আছে। কেন্দ্র থেকে আমাদের যে টাকা পাওয়া উচিত সেই ন্যায্য পাওনা, এই অ্যাসেম্বলীতে অনেক প্রস্তাব, ইউন্যানিমাস রেজোলিউশন করেছি, সেই প্রস্তাব সেখানে পাঠানও হয়েছে, অথচ আমাদের মন্ত্রীমণ্ডলী এতই অপদার্থ যে যেটা আমাদের পাওনা সেই পাওনার জন্য যথেষ্ট চাপ সৃষ্টি করতে পারছেন না কেন্দ্রের উপর বা তাদের বোঝাতে পারছেন না যে আমাদের যে ন্যায্য পাওনা সেটা আমাদের পাওয়া উচিত। আয়কর ১৯৬৩-৬৪ সালে ছিল ১৪ কোটি ২০ লক্ষ ৯০ হাজার, এবার তা হয়েছে ১৩ কোটি ৫৯ লক্ষ ১৩ হাজার। কাজেই এইভাবে আমাদের যা যা পাওয়া দরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তা আমরা পাচ্ছি না। তারপরে সংখ্যালঘুদের উপর অত্যাচারের ফলে আজকে পশ্চিমবঙ্গে একটা সংকটের রাজত্ব সৃষ্টি হয়েছে। আজকে সন্তোষপুর থেকে কতকগুলি লোক আমার কাছে এসেছিল এবং তারা বলে গেল পুলিশের ভয়ে তারা মাঠে লাঙ্গল নিয়ে যেতে পারে নি। তারা একটা নোট মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিয়েছে কিন্তু তারপরেও পুলিশের অত্যাচারের খবর আসছে। কাজেই আমরা দেখছি না সেদিকেও কোন ব্যবস্থা হচ্ছে। কাজেই আমি বলছি সরকার যদি এদিকে দৃঢ় ব্যবস্থা অবলম্বন না করতে পারেন তাহলে দেশে একটা ভীষণ অরাজকতা সৃষ্টি হবে এবং সরকারকে একটা বিরাট আন্দোলনের সম্মুখীন হতে হবে।

[2-40—2-50 p.m.]

শ্রীনরেশনাথ মুখার্জি: অধ্যক্ষ মহাশয়, আমাদের নূতন অর্থমন্ত্রী এই বছরের বাজেটের সঙ্গে আমাদের সামনে একটা ইমনমিক রিভিউ দিয়েছেন তার মধ্যে স্পষ্টই দেখা যায় আমরা কি করতে পেরেছে এবং কি করতে পারি নি। অনেক কিছুই আমবা করতে পারি নি। করতে চাই নি বলেই যে আমরা করতে পারি নি তা নয় কোন রকমেই করতে পারা যায় নি বলেই করা যায় নি। যেদিন থেকে ভাবতবর্ষ স্বাধীন হল সেদিন থেকে আমাদের ভারতবর্ষের মধ্যে যে সকল সমস্যার উদ্ভূত হয়েছিল তার আঘাত সম্পূর্ণভাবে বাংলাদেশের মানুষকে বহন করতে হয়েছে। ইতিহাসের পাতা উল্টারে দেখা যাবে '৬২ সালের প্রথম থেকেই সুরু করে গত দুই বৎসর আমাদের একটা উদ্বেগ, আশংকা এবং বিভীষিকাব মধ্যে দিয়ে কাটাতে হয়েছে। চীনের সঙ্গে সীমানা নিয়ে প্রায় সমস্ত বৎসরটা আমাদের অতিবাহিত হয়েছে, অক্টোবর মাসে যা আমরা কখনও স্বপ্নেও ভাবতে পারি নি, সোভিয়েট চীন আমাদের দেশকে আক্রমণ করলো এবং সুধু আক্রমণই নয় আমাদের দেশকে অধিকার করবার জন্য তারা এগিয়ে এলো।

প্রায় ৬ মাস এই আতঙ্ক এবং বিপদের মধ্যে কাটার পর 'ওয়ার্লড ওপিনিয়ন' যখন সম্পূর্ণ চীনের বিরুদ্ধে গেল তখন খানিকটা শান্তি পেলাম। এবারে আমি ১৯৬৩ সালের ছবি সামনে রাখি। ১৯৬৩ সালের প্রায় মাঝামাঝি থেকে পাকিস্তানের সঙ্গে কাশ্মীর নিয়ে আমাদের যে ঝগড়া সুরু হয় তার ফলে গত বছরের শেষের দিকে এবং এ বছরের গোড়ার দিকে কি হোল? দেখা গেল সংখ্যালঘুদের উপর অমানুষিক অত্যাচার সুরু হোল এবং তার ফলে হাজার হাজার বাঙ্গালী পাকিস্তানের সীমানায় এসে আর্তনাদ করতে করতে আমাদের দেশে প্রবেশ করতে বাধ্য হল। অবশ্য তার প্রতিক্রিয়া হিসেবে আমাদের দেশেও কয়েকটা লজ্জার ঘটনা ঘটেছে। যাহোক, এই অবস্থার মধ্য দিয়ে আমাদের দেশ চলছে। তারপর, আমার বন্ধু এবং কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতিবাবু বলেছেন, অর্থাৎ মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা প্রসঙ্গে বলেছেন যে, এই সমস্যার সমাধান সেদিন হবে যেদিন পূর্ববাংলার সংখ্যালঘু সম্প্রদায় নিজেদের মধ্যে সমষ্টিগতভাবে একটা 'ইউনাইটেড ফ্রন্ট' গঠন করতে পারবে। আমার চেয়ে তিনি বেশী জানেন, কিন্তু আমি মনে করি এটা একেবারে অসম্ভব কথা। যদি সম্ভব হয় তাহলে ভাল এবং

আমি তাঁর বিরোধিতা করছি না। আমি চাই সেটা সম্ভব হোক, কিন্তু আমি জানি এবং যাঁর প্রতিবাদ করেছেন তাঁরাও জানেন যে, ১০ বছর ধরে সমস্ত রকম চেষ্টা হওয়া সত্ত্বেও স: পন্থা ব্যর্থ হয়েছে এবং কঠোর হস্তে সেগুলি দমন করা হয়েছে। এমন কি অনেক সময় যাঁর চেষ্টা করেছেন তাঁদের হত্যা করা হয়েছে। তারপর, আমার বন্ধু সিদ্ধার্থবাবু বলেছেন এই সমস্যা তখনই সমাধান করা যাবে যখন এখান থেকে একটা 'কালচরাল ডেলিগেসন' পাঠান হবে এবং সেখানে সামাজিক মেলামেশা হবে। এটা খুব ভাল কথা। আজকে পাকিস্তান সরকার যদি সেই অনুমতি দেন তাহলে তার জন্য চেষ্টা করা উচির। কিন্তু আমরা কার সঙ্গে সামাজিক মৈত্রী স্থাপন করব? পূর্ব পাকিস্তানে আদিবাসী মুসলমানরা আজ কোথায়? তাদের সেখানে কোন স্থান আছে বলে আমি মনে করি না। (জনৈক সদস্যঃ আদিবাসী মুসলমান কি?) যাদের সেখানে জন্ম তারাই আদিবাসী মুসলমান। তাদের অবস্থা কি? আমরা কার সঙ্গে মৈত্রী স্থাপন করব? আজকে স্পষ্টভাবেই দেখা যাচ্ছে পূর্ব পাকিস্তানে পশ্চিম পাকিস্তানের মুসলমান নেতারা, ব্যবসায়ীরা এসে তাদের শোষণ করছে এবং পাকিস্তানের কলকাঠি এখনও তাদের হাতে। তবে এর উপায় সেদিন হবে এবং পূর্ব পাকিস্তানের আদিবাসী মুসলমানদের বাঁচবার, দাঁড়াবার উপায় সেদিন হবে যেদিন তাঁরা পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু হিন্দুদের সঙ্গে সঙ্ঘবদ্ধ হয়ে দাঁড়াতে পারবে। আমার মনে হয় সেদিনই এই সমস্যার সমাধান সম্ভব হবে, তার পূর্বে কিছু হবে না।

[2-50—3 p.m.]

আমাদের ওদিককার বন্ধুরা যে রকমভাবে এই সমস্যার সমাধান চান, তার চেয়ে আমরা বেশী চাই, এ বিষয়ে কোন সন্দেহ নাই। অধ্যক্ষ মহোদয়, এই পরিবেশের মধ্যে এই পরিস্থিতির মধ্যে, এই বিপদের মধ্যে কতটুকু কি করতে পেরেছি যদি দেখি তাহলে দেখতে পাই যে আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে অন্যান্য প্রদেশের চেয়ে ঢের বেশী এগিয়ে যেতে পেরেছি। কি করে পেরেছি ভগবানই জানেন। এই ৪ বছরের মধ্যে আমরা ৬৭ পার্সেন্ট তার মানে ১৬০ কোটি টাকা জনসাধারণের মঙ্গলের জন্য বাংলাদেশে যদি খরচ করতে পেরে থাকি তাহলে এটা গৌরবের বিষয়। বাংলার গ্রামে গ্রামে আলো দেওয়া হয়েছে, হাই স্কুল অনেক করা হয়েছে, এইরকম বহু কল্যাণকর প্রতিষ্ঠান করা হয়েছে। এটা ঠিক যে আমাদের গ্রামকে বাঁচিয়ে রাখতে হবে। গ্রামনক বাঁচালে দেশ বাঁচবে, বাংলা মধ্যবিত্ত বেঁচে থাকবে, দেশ শক্তিলাভ করবে। এটা ঠিক যে আমরা অনেক জিনিস করতে পারি নি, যেমন কলকাতা মহানগরীর যে সব উন্নয়ন পরিকল্পনা ছিল, সেগুলি করা সম্ভব হয় নি। আমি অর্থমন্ত্রীকে, যিনি পূর্বে স্বায়ত্তশাসন মন্ত্রী ছিলেন, তাঁকে অনুরোধ জানাবো যাতে কলকাতা পৌর প্রতিষ্ঠানের দিকে একটু নজর দেন। কলকাতা পৌর প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয়, এমন কি কর্মীদের বেতন দিয়ে মজদুরদের বেতন দিয়ে, কনজারভেন্সির ব্যবস্থা করে, শিশুদের জন্য, লাইব্রেরীর জন্য গ্র্যান্ট দিয়ে বিশেষ কিছুই থাকে না। কলকাতা হচ্ছে বাংলাদেশের প্রাণকেন্দ্র। কলকাতাকে বাঁচাতে না পারলে বাংলাদেশ বাঁচবে না কলকাতা শহরকে যদি বাঁচাতে না পারি তাহলে পশ্চিমবাংলা ভেঙ্গে পড়বে, সমস্ত ভারতবর্ষ ভেঙ্গে পড়বে। সেজন্য এদিকে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করি। স্লাম ক্লীয়ারেন্স ব্যাপারে সমস্ত দায়িত্ব কর্পোরেশনের হাত থেকে নিয়ে নেওয়া হয়েছে কিন্তু দুঃখের বিষয় ৩-৪ বছরে মাত্র ১,৪৩২টি টেনিমেন্ট করতে পেরেনছন। অর্থাৎ ১,৪৩২টি ফ্যামিলির ব্যবস্থা করতে পেরেছেন। আমি যখন কলকাতা কর্পোরেশন ছেড়ে আসি ১৯৫৭ সালে, তখন প্রায় ৬ লক্ষ লোক বস্তীতে বাস করে তার মানে ১ লক্ষ ৪০টি পরিবার বস্তীতে বাস করে। আজকে এই মন্থর গতিনত যদি স্লাম ক্লীয়ারেন্স-এর কাজ চলে তাহলে, ৪০০ বছর লাগবে এই ১ লক্ষ ৪০টি পরিবারের বাসের সু-ব্যবস্থা করিতে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে পপুলেশন বেড়ে গেছে, এমন বাড়ছে যে ৪০০ বছর লাগবে। এমন গতিতে বাড়ছে যাতে ভয় হয় আমাদের অর্থনৈতিক অবস্থা কি করে থাকবে? আজকে ফ্যামিলি প্ল্যানিং বলে শুধু ধর্মের কথা বলে, [illegible] কথা বলে মানুষকে

বোঝান যাচ্ছে না। এই জিনিস আজকে একটা ক্রাইম হয়ে দাঁড়িয়েছে। এই ক্রাইমটা আজকে মরাল প্রিচিং-এর দ্বারা বন্ধ হবে না, এর জন্য একটা আইনের ব্যবস্থা করা উচিত। এটা যদি আমরা না করতে পারি তাহলে এর সঙ্গে সংগ্রাম করতে করতে সমস্ত শক্তি ব্যয়িত হবে। আজকে দেশের শিল্প কেন বাড়ছে না? অনেক বন্ধু বলেছেন আমরা বিদেশের কাছে আমাদের গভর্নমেণ্ট বাঁধা দিয়ে দিয়েছি। এর সবচেয়ে বড় কারণ হচ্ছে যে আজ এই বৃহৎ শিল্প প্রতিষ্ঠান করতে হলে যেরকম ফরেন এক্সচেঞ্জ-এর অভাব তাতে আমাদের বিদেশের কাছে বিদেশী ব্যবসাদারদের কাছে সহযোগিতা চাইতে হবে এবং তাদের মেসিনারী, টেকনিক্যাল নো-হাউ নিয়ে আমাদের শিল্প গঠন করতে হবে। আজকে এটা ঠিক যে বোনাস কমিশন-এর রিপোর্ট-এর পর আমি অন্তত মনে করি যে কোনরকম প্রাইভেট সেক্টর থেকে বৃহৎ শিল্প প্রতিষ্ঠা করা সম্ভব হবে বলে আমি মনে করি না। তার কারণ ৬০ পার্সেণ্ট নেট ইনকাম যদি দিয়ে দিতে হয় তারপর এক্সেস প্রফিট ট্যাক্স ১৫ পার্সেণ্ট দিয়ে যে ২৫ পার্সেণ্ট বাকি থাকবে তাতে কোন শেয়ার হোল্ডারকে এক পয়সা দেওয়া যাবে না। আজকে সত্যিই প্রাইভেট সেক্টরকে গভর্নমেণ্ট আহ্বান জানিয়েছেন, প্রাইভেট সেক্টর দাঁড়িয়ে উঠে এর প্রতিকার করতে পারবে। কিন্তু আমি বিশ্বাস করি আজ আমাদের মঙ্গল হবে যদি গভর্নমেণ্ট সমস্ত বড় বড় শিল্প প্রতিষ্ঠানকে ন্যাস্যালাইজ করে নেন। কারণ আমি মনে করি আজ আমাদের দেশে বড় শিল্প যদি এই করেই হওয়া সম্ভব। আমার আর সময় নেই বলে আমি এটুকু বলে শেষ করছি যে এই পরিবেশের মধ্যে, এই সুযোগের মধ্যে, এই আতঙ্কের মধ্যে এই ছ বছরে আমরা যে এতটুকু এগুতে পেরেছি তার জন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি, কেবলমাত্র দলগত লয়ালটি রক্ষা করবার জন্য নয়, আমার সে সৎসাহস আছে যার বলে দলগত গণ্ডীর বাহিরে দাঁড়িয়েও একথা আমি বলতে পারি এবং প্রমাণ করতে পারি এবং সেই সৎসাহস রেখে আবার বলি যে আমরা গভর্নমেণ্টকে ধন্যবাদ দিচ্ছি যে এই বিপদের মধ্যেও তাঁরা যেটা করেছেন সেটা সরকারের কৃতিত্বের পরিচায়ক।

[3-3-10 p.m.]

শ্রীঅভয় পদ সাহাঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ১৯৬৪-৬৫ সালের যে বাজেট উত্থাপন করেছেন তা আলোচনা করলে দেখা যাবে যে, ২ কোটি ৯৭ লক্ষ টাকার এটা ঘাটতি বাজেট, এমন দেখা যাবে যে, এতে একটা ইঙ্গিত, সে ইঙ্গিত হচ্ছে সরকারী কর্মচারীদের এবং শিক্ষকগণের যে ন্যায্য দাবী আছে সে ন্যায্য দাবীর যে একটা পাওনা সে পাওনা দেবার একটা ইঙ্গিত এতে আছে। এটা লক্ষ্য করলে দেখা যাবে যে, ৫ টাকা আর ১০ টাকা এই ডিয়ারনেস এ্যালাউন্স দেবার ব্যবস্থা করা হয়েছে বলে ঘোষণা করা হয়েছে, যদিও বাজেটে তা ধরা হয় নি। এতে ২ কোটি টাকা লাগবে এবং তাদের চিকিৎসার জন্য আরও ২ কোটি টাকা লাগবে, এই ৪ কোটি টাকা ঘাটতি দেখিয়ে বলা হচ্ছে যে, তোমাদের জন্য ৪ কোটি কাটা খরচ হবে এটা সংগ্রহ করা কঠিন ঘাটতি বাজেট থেকে গেল, বলছেন ২ কোটি ২৭ লক্ষ আর বাকি এই ২ কোটি তোমাদের ৯ কোটির টাকা কি করে সংগ্রহ করবেন এটা একটা কঠিন সমস্যা ঘাটতি বাজেটে দেখতে পাচ্ছি। তারপর বাজেটে আয় বৃদ্ধি দেখিয়ে বাহবা কুড়োবার ব্যবস্থা হয়েছে। কিন্তু প্রকৃত পক্ষে সে ব্যয় আরও বৃদ্ধি পাবে, আয়ের তুলনায়, এই অনেক ক্ষেত্রে কমিয়ে দেওয়া হয়েছে, এ বৎসর রিলিফ খাতে ব্যয় বৃদ্ধি হবে, সংশোধনী বাজেটে তা ধরা হয়েছে এবং তাতে দেখতে পাচ্ছি যে ৪ কোটি ৭৩ লক্ষ ৬৬ হাজার টাকা রিলিফ খাতে ব্যয় হবে, এটা ধরা হলে ২ কোটি ৯২ লক্ষ ২৪ হাজার, এই যে প্রায় সাড়ে তিন কোটি টাকা কম রিলিফ খাতে ধরা হল তাতে দেখানো হচ্ছে যে দেশের অবস্থা ভাল, আর রিলিফ-এর প্রয়োজন নেই। কিন্তু প্রকৃত কি দেশের অবস্থা ভাল হয়েছে? টি আর জি আর একটা জিনিস প্রচলিত আছে, সেই টি আর জি আর না হলে জেলার নিস্তার নেই। জেলার লোক, পল্লী অঞ্চলে তারা অল্প জমির মালিক যার বাস করে তাদের টি আর জি আর না হলে বাঁচবার রাস্তা নেই। জেলার গ্রামাঞ্চলে এ বাবতেই হবে। কিন্তু বাজেটে দেখতে পাচ্ছি এটা কেটে দেওয়া হয়েছে। কেন এরূপ করা হয়েছে সে প্রশ্ন উঠতে পারে আরও

দেওয়া হয়েছে ভূমিহীন মজুরের অবস্থা ভাল হয়েছে, আজ ৭ লক্ষ পরিবারের জমি নেই, কৃষি মজুরে আরও ৮ লক্ষ পরিবার যাদের ২ একরের কম জমি আছে। তাদের অবস্থা কি হয়েছে এই কথা কি চিন্তা করে এই বাজেট করা হয়েছে? এটা সকলেই জানেন যে, রিলিফ-এ আরও বেশী টাকা খরচ হবে, এবং তা না করে উপায়ও নেই! যখন জেলায় জেলায় অভাব-অনটন সুরু হয় তখন ম্যাজিস্ট্রেটকেও হয়তো আসতে হয়— এস ডি ওর কাছে সব ধর্না দিতে হয়, বলতে হয় টাকা মঞ্জুর করুন তা না হলে জেলা সাব ডিভিসনের লোক না খেয়ে হাহাকার করবে, এবং আমাদের উপর হামলা করবে এবং সেখানে আমরা কি করে বসে থাকবো, সুতরাং সে টাকা মঞ্জুর করতে হবে। প্রতি বৎসর দেখতে পাচ্ছি রিলিফ খাতে কম টাকা মঞ্জুর হয়, আবার বৎসরের শেষে দেখা যাচ্ছে যে টাকা খরচ করবেন বলে ধরা হয়েছিল তার ২।৩ গুণ খরচ হয়ে যায়।

এই যে অবস্থা হয়েছে দেশে, ভূমি মজুর অল্প জমির মালিক তাদের অবস্থার উন্নতি বিন্দুমাত্র হয় নি। এই যে অবস্থা চলছে দেশে, কিছুমাত্র উন্নতি হয় নি। টি আর জি আর-এর উপর তাদের নির্ভর করতে হয়। টি আর জি আর না হলে তাদের বাঁচবার উপায় নেই। এই যে দেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে এই যে স্কীম চালু হয়েছে, অনেক জায়গায় গত বছরও চালু হোল, কিন্তু যে ব্লক প্রথম পরিকল্পনায় চালু হয়েছে সেই সব এলাকার ঐ অল্প জমির মালিক তাদের অবস্থা কি উন্নতি তারা করতে পেরেছে? বিন্দুমাত্র উন্নতি করতে পারে নি। সি ডি পি স্কীমের যে ১০ লক্ষ টাকার পরিকল্পনা এন ই এস-এর যে ৫ লক্ষ টাকার পরিকল্পনা- সেই টাকা কোথায় গেল? সেটা একটু বিচার বিবেচনা করতে হবে। আমরা জানি কোথায় গিয়েছে সে টাকা, ঐ বড় বড় জমিদার জোতদার, যারা সরকারী কর্মচারী এবং কতকগুলো দালাল সৃষ্টি করে তাদের গর্ভে ঢেলে দিয়েছে। ভূমিহীন বা অল্প জমির মালিকদের কোন উন্নতিই হয় নি। তা যদি হোত তাহলে জি আর টি আর-এর প্রয়োজন হোত না। কিন্তু দেখা যাচ্ছে যে ঐ টি আর জি আর নাহলে কোথায় দিনমজুর ও অল্প জমির মালিকের বাঁচার আর উপায় নেই। এই অর্থমন্ত্রী বলি যে এই ধাপ্পা না দিয়ে রিলিফের টাকা না কমিয়ে ঠিক টাকা লিখলেই তো হোত। তাতে অবশ্য কিছু বাহবা কমতি হোত, তাদের দেশের প্রকৃত চেহারা ফুটে উঠতো, কিন্তু আসল তথ্য গোপন করার কোন তো কারণ নেই, দেশের যে প্রকৃতাবস্থা তাতে বাজেটে এটা তুলে ধরাই উচিত। সামগ্রিকভাবে রাজ্যের যে অর্থনৈতিক অবস্থা তাতে বাজেট বইয়ের একটা জায়গা পড়লেই তো বোঝা যাবে যে রাজ্যের অবস্থা কি অবস্থায় এসে দাঁড়িয়েছে।

"Financial position of the State of West Bengal as on the 31st March, 1962 with special reference to the Public Debt and to value of the assets created."

তাতে ১৯৬২ সালের মার্চ মাস পর্যন্ত দেখা যাচ্ছে ২৬৮ কোটি ৭১ লক্ষ টাকা হচ্ছে দেনা। বলা হচ্ছে অনেক উন্নতি হয়েছে, অনেক কলকারখানা বা বাড়ি হয়েছে তার জন্যই খরচ হয়েছে, কিন্তু এটা শোধ করতে আমরা পারবো না। এতে বলছে

There are doubts in the mind of some people that heavy debts are being incurred by the State Government to finance capital expenditure which will eventually result in the deterioration of the economy of the State.

সরকার একথা মনে করে যে জনসাধারণ মনে করতে পারে এবং তার জন্য এটা দেওয়া হয়েছে— এই কৈফিয়ত, একথা তাঁরা বিবেচনা করছেন বলেই দেশের ইকনমিক অবস্থা কেন গিয়েছে, এবং আমরা যে ধার করছি তা শোধ করতেও পারবো না। এটা শোধ করবে আমাদের পর পুরুষ।

[3-10—3-20 p.m.]

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ১৯৬৪-৬৫ সালের যে বাজেট বিবৃতি আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দিয়েছেন তার সমর্থনের জন্য দাঁড়িয়েছি। আজ কয়েক দিন ধরে নানারকম আলোচনা আমি শুনতে পেয়েছি বিশেষত বলবার বিষয় ভুবনেশ্বরে আমাদের যে কনফারেন্স হয়েছে, কামরাজ নাদার, আমাদের কংগ্রেস প্রেসিডেন্ট, তাঁর যে পরিকল্পনা সেই নিয়ে নানা রকম আলোচনা হয়েছে। আমি এই কথাই আপনার কাছে বলতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কংগ্রেস একটি বৈপ্লবিক প্রতিষ্ঠান।

[হট্টগোল।]

দেশের মধ্যে কংগ্রেসই অর্থনৈতিক বিপ্লব এনেছে। (হাস্য ও হট্টগোল। এটা উপহাস করলে চলবে না। দেশের মধ্যে কংগ্রেস সামাজিক বিপ্লব নিয়ে এসেছে তাই আজকে দেশের মানুষের মনের সঙ্গে দশর প্রশাসনের সঙ্গে এবং তাদের নানারূপ উন্নতি বিধানের সঙ্গে সঙ্গে তাদের মানসিক যেরকম পরিবর্তন হচ্ছে সেই পরিবর্তনের জন্য কংগ্রেসের যেসমস্ত নীতি তারও পরিবর্তন ঘটে এবং কংগ্রেস প্রতিষ্ঠান সেই অনুযায়ী দেশের মানুষকে অনুসরণ করে তাদের মনের গতি অনুযায়ী সেইভাবে এগিয়ে চলেছে। আজ কংগ্রেসই এই বিপ্লব নিয়ে এসেছে। আজ যে বিপ্লব দেশে এসে পেঁাছেছে কংগ্রেসই সেই বিপ্লব নিয়ে এসেছে। আজ কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং তঁারা কল্যাণ রাষ্ট্র গড়ে তোলবার জন্য.........

[হট্টগোল।]

আজকে অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট প্লেস করেছেন এই বাজেট সম্বন্ধে সব কথা বলার হয়ত আমার সময় নেই, আজকে কলকাতার উন্নয়নের কথা এখানে বলা হয়েছে। এতবড় কলকাতা তার জনসংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, সেই জনসংখ্যার সঙ্গে সঙ্গে আজকে কলকাতার উন্নয়নের জন্য পরিকল্পনা দরকার, টাকা দরকার, জায়গা দরকার, তার জন্য সবরকম প্রয়োজনীয় জিনিসের দরকার। আজকে কলকাতার মানুষকে একটা ঘরের জন্য নানারকম অসুবিধার মধ্যে পড়তে হয়। আজকে বস্তি অপসারণের কথা বলা হয়েছে। আজকে কলকাতার মধ্যে বস্তি আছে তার অপসারণের কথা স্বপ্ন মাত্র। কারণ এই স্বপ্ন আমাদের কবে যে পূর্ণ হবে জানিনা। তবে এই বস্তি উন্নয়নের যে পরিকল্পনা সেই পরিকল্পনা সম্বন্ধে আমি বলতে চাই যে আজকে আমাদের এমনভাবে করা হোক যাতে বস্তিগুলিতে মানুষ মানুষের মত বসবাস করতে পারে। প্রাইভেট বস্তিগুলির যদি সরকার একটুখানি উন্নয়ন করে দেন তাহলে সেখানে মানুষ মানুষের মত বসবাস করতে পারবে। এই বস্তিগুলিতে নালা, নর্দমা, পায়খানা ইত্যাদির একটু ব্যবস্থা করে দিলেই হয়। বস্তিগুলির মধ্যে যেসমস্ত জায়গাগুলি রয়েছে তার মধ্যে একটু রাস্তাঘাট করে দিলে খুবই ভাল হয়।

সাধারণ মানুষ বেশী কিছু আশা করে না, তারা চায় একটু আলো যাতে রাত্রিবেলা তাদের ছেলেমেয়েরা পড়াশুনা করতে পারে, অন্তত একটু ইলেকট্রিক লাইটের ব্যবস্থা করা। আমি জানি না আমাদের সেই স্বপ্ন কবে পূর্ণ হবে। বস্তির লোক ইমারত গড়ে তুলবে সেটা তারা আশা করে না। হাসপাতালগুলি যদি দেখেন তাহলে দেখবেন হাসপাতালে হাসপাতালে লোকের লাইন হয়ে গিয়েছে। এদিকে যদি একটু নজর দেওয়া হয় তাহলে খেটে খাওয়া মানুষের অযথা সময় নষ্ট হয় না। আজকে হাসপাতাল খাতে যে টাকা নেওয়া হয়েছে তার জন্য আমি অভিনন্দন জানাই। তারপর ক্যালকাটা ডেভেলপমেন্ট স্কীম সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। এই পরিকল্পনার মাধ্যমে কলকাতার জলনিকাশের জন্য পঞ্চান্নগ্রাম মণিহারি স্কীম যা করা হয়েছে শোনা যাচ্ছে তার জন্য ৫৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং এই স্কীমটা ৪র্থ পরিকল্পনায় নেওয়া হবে। এত বড় কলকাতা শহর এখানে জল সরবরাহ করা যেমন দরকার তেমনি জল নিকাশের ব্যবস্থাও করা দরকার। তাই এই স্কীমটা যাতে তাড়াতাড়ি হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। এই স্কীম যদি করা হয়ে থাকে তার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাই। কারণ, ১৯৫১ সালেই ফ্লাউড কমিশন এটার খুব জরুরী দরকার আছে বলে তাদের রিপোর্টে লিখেছিলেন। আমি যতদিন থেকে এখানে এসেছি এই কথাই বলে এসেছি যে কলকাতা সামান্য একটু বৃষ্টিতেই ভেসে যায় এবং নালাগুলি বন্ধ হয়ে যায়। গ্রেটার ক্যালকাটা স্কীমের যে পরিকল্পনা আছে তার মধ্যে যদি এই ন্যাচরাল ড্রেনেজ পরিকল্পনা করা যায় তাহলে আমার মনে হয় কলকাতার জন্য আর নূতন করে ড্রেনেজ করবার কোন দরকার হবে না। এই বলে আমি মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20—3-30 p.m.]

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শৈলবাবুর বাজেট বিবৃতি পড়ে আমার সেই রূপকথার নাবালক শিশুর কথা মনে পড়ছে। রূপকথার সেই স্বপনকুমার ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখে।

সে স্বপ্ন দেখে মণি-মাণিক্যের পাহাড়ের মধ্য দিয়ে সে যাচ্ছে, সে স্বপ্ন দেখে মধুমতী নদীতে ক্ষীরের বন্যা বয়ে যাচ্ছে, সে স্বপ্ন দেখে গোলাপ ফুল বাগিচায় বুল বুল করছে। কিন্তু যখন তার ঘুম ভাঙ্গে তখন সেই স্বপ্নাশীল মানুষ দেখে তার সামনে দাঁড়িয়ে আছে একটা রাক্ষস। আমাদের শৈলবাবুও এই যে মণি-মাণিক্য খোঁজেন তাতে তাঁর একটা অদ্ভুত প্রবণতা দেখা যায়। স্যার, শৈলবাবুকে দেখে আমার সেই হাজার বছর আগে যে সংস্কৃত শ্লোকটি এক ভদ্রলোক লিখেছিলেন সেটি মনে পড়ছে এবং আমি সেটি শৈলবাবুকে স্মরণ করিয়ে দিচ্ছি। শ্লোকটি হচ্ছে,—

"শৈলে শৈলে ন মাণিক্যং
মৌক্তিকং ন গজে গজে
সাধবঃ ন হি সর্বত্র
চন্দনং ন বনে বনে।"

শৈলবাবুর বাজেটে এটাই প্রমাণিত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শৈলবাবু এবারে একটা কবিতা পড়েছেন। শরৎবাবু এক সময় বলেছিলেন, কাবুলিওয়ালা গান গায়। আমরাও দেখছি যাঁরা অর্থনীতির মাপকাঠি নিয়ে বসে আছেন তাঁদের পেটেও কবিতা গজায় এবং সেই কবিতা হচ্ছে রবীন্দ্রনাথের। তিনি রবীন্দ্রনাথের কবিতা থেকে বলেছেন, "কর্মযোগে তার সাথে এক হয়ে ঘর্ম ঝরুক পড়ে"। সুন্দর কথা। কিন্তু সেই কথাটি বলেন নি বা, বলতে চান নি যেটি করবেন। ঘর্ম এঁদের ঝরবে না বা টাটা, বিড়লা এবং কংগ্রেসের মহান নায়কদের ঝরবে না, ঘর্ম ঝরবে তাদের, যাদের ঘর্ম ঝরতে ঝরতে শুকিয়ে গেছে। ঘর্ম ঝরবে তাদের যারা বস্তিতে বাস করে, যারা অনাথ, আতুর, যারা উদ্বাস্তু, যারা কল-কারখানায় কাজ করে এবং ঝরবে আমাদের যারা তাদের নিয়ে আন্দোলন করি। আমরা দেখেছি শিশু না খেতে পেয়ে মরে, কিন্তু তার জন্য আপনাদের ঐ ঘর্ম ঝরুক পড়ে বললে হবে না। তাদেব ঘর্ম ঝরবেই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সরকাব সম্বন্ধে এবারে আমি বলব। সরকারী ঋণ সম্বন্ধে আমরা কি দেখি ধারনা আজ পর্যন্ত ৩৮০ কোটি টাকা ঋণ হয়েছে। বৃটিশ আমলে ৫০ কোটি টাকার ঋণের বোঝা ঘাড়ে ছিল, এখন সেটা বেড়েছে। এঁদের সমাজতন্ত্রের যে ব্যাখ্যা, যে টিকা তাতে বলে ঋণ বেশি করলে সমাজতন্ত্রের লক্ষ্যে পৌঁছানো যায়। স্যার, আমি যখন বেলা এগারটা, সাড়ে এগারটার সময় মাণিকতলা মেইন রোড ধরে আসছিলাম তখন দেখি ইলেকট্রিক লাইট জ্বলছে। এই দেখে আমার মনে পড়ল, "যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি"। আবার যখন রাত সাড়ে আটটার সময় তালতলা দিয়ে হেঁটে যাই, তখন দেখি ব্ল্যাক আউট। আমি জিজ্ঞাসা করি, শৈলবাবুর সমাজতন্ত্রের ইতিহাস কি, টিকা কি? ইলেকট্রিসিটি কনজাম্পশন-এর দিক দিয়ে এই দুটি মিলে এক্স ওয়ান কোয়ান্টিটি হয়েছে এবং এখন যদি এই দুটি মিলে এক্স প্লাস টু হয় তাহলে শৈলবাবুর ফাইনান্স ডিপার্টমেন্টের লোকেরা বলবেন, আমাদের এক্স কোয়ান্টিটি ছিল কিন্তু এখন আমরা সেটাকে এক্স প্লাস টু করেছি। স্যার, জমিদারের বকাটে ছেলে যেমন বাপের টাকা উড়িয়ে পুড়িয়ে দেয়, এঁরাও ঠিক সেই রকম আমাদের টাকা বকাটে ছেলের মত অপব্যয় করে যাচ্ছে।

কাজেই এদের সোস্যালিজম হচ্ছে বেশি করে অপব্যয় করার কথা বলা। আমি বলি, দয়া করে সোস্যালিজমের কথা রাখুন এবং যাতে সদ্ব্যয় করার পথ হয় অন্ততঃ আপনারা সে বিষয়ে দৃষ্টি দিন। ডিস্ট্রিবিউশন অব প্রিভিলেজেস হোক এটা সকলেই চায়। আপনাদের যে বায়াস ডেমোক্রেসি—সোস্যালিজম সেকথা ছেড়ে দিন। এঁরা যেসমস্ত সোস্যালিজমের কথা বলেন, তাতে দেখা গেছে, এই এক বছরে আরও এক লক্ষ বেকারি বেড়েছে। এই সোসালিজম সম্বন্ধে আরও কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি যে, বাংলাদেশে যেসমস্ত সওদাগরী অফিস আছে, প্রতিষ্ঠান আছে, যেসমস্ত শিল্প বাংলাদেশে আছে, যেসমস্ত সরকারী প্রোজেক্ট আছে তাতে দেখতে পাচ্ছি বাঙ্গালীকে সেখান থেকে আস্তে আস্তে সরিয়ে দেওয়া হচ্ছে। এই সোস্যালিজমে কিছু হবে না, আসামে, বিহারে, উড়িষ্যাতে সেখানে সেখানকার স্টেট গভর্ন-মেন্ট নির্দেশ দেবেন যে, সেখানে ঐ প্রদেশের ছেলেরাই কেবল চাকুরি পাবে আর বাংলাদেশের ছেলেরা কোন চাকুরি পাবে না, যাদের চাকুরি ছিল তাদের ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হবে। আর আমাদের শৈলবাবু বলছেন, ঘর্ম ঝরুক পড়ে। হ্যাঁ, তাদের ঘর্ম ঝরে পড়েছে। একটা

উদাহরণ দিচ্ছি, জার্ডিন অ্যান্ড হেন্ডারসনের, সেখানে একজন জাঁদরেল অফিসার ছিলেন, পাক ন্যাশনাল কিনা জানি না, সেই সময়ে সুরাবর্দীর টাইমে গুন্ডার সর্দার ছিল, সাড়ে তিন হাজার টাকার এই অফিসার আজ দু-তিন বছরের মধ্যে বহু বাঙ্গালীকে সে তাড়িয়েছে এবং এখনও তাড়াচ্ছে। এই হচ্ছে শৈলবাবুর সোসালিজম। সেই পুংগবটি সেখানে বসে আছে, এই রকম করে সওদাগরী প্রতিষ্ঠান থেকে উৎখাত করা হচ্ছে। আজ সোসালিজমের কথা বলছি না, আমি বলছি বাঙ্গালীকে দেখুন, বাংলার ভবিষ্যৎকে দেখুন। ফারাক্কা ব্যারাজে যে লোক নিয়ে আসে, সেখানকার যত আনস্কিল্ড লেবার সেই সমস্ত বাইরে থেকে ঝেঁটিয়ে নিয়ে আসে, বিহার, উড়িষ্যা এই সব জায়গা থেকে নিয়ে আসে, কিন্তু আমাদের বাঙ্গালীদের সেখানে নেওয়া হয় না, এখানকার যেসমস্ত শ্রমিক তাদের কাজ না দিয়ে বাইরে শ্রমিক নিয়ে আসা হচ্ছে এবং এটাই ঘটছে ফারাক্কা ব্যারেজে, আর আমাদের শৈলবাবুরা বুঝাচ্ছেন বাঙ্গালী শ্রমবিমুখ, আবার ইলেকশনের সময় এঁরাই বলবেন, কে বলে বাঙ্গালী শ্রমবিমুখ? একথা বলে বাজীমাৎ করার চেষ্টা করলে চলবে না, আপনাকে অর্থমন্ত্রী হিসাবে বলতে হবে বাঙ্গালী ছেলেদের সওদাগরী অফিসে চাকুরি না দিলে দূর করে দেব, তাদের চাকুরি দিতে হবে। (শ্রীনেপালচন্দ্র রায়ঃ ঠিক বলেছেন।) একথাটা ওঁদেব বলুন না কেন? আসলে ওঁরা সেকথা বলবেন না, আপনারা শুধু রবীন্দ্রনাথের কথা শোনাচ্ছেন। আর ঘর্ম ঝরুক পড়ে। শৈলবাবু তাঁর বাজেট বক্তৃতায় তাঁদের অপদার্থতার ইতিহাস নিজেই স্বীকার করেছেন। আজকে এগ্রিকালচারাল ডিপার্টমেণ্টে বরাদ্দ করা হয় কিন্তু তাতে কি প্রোডাকসন বেড়েছে? যেসমস্ত ফিগার আপনারা দেন সেগুলি ফিক্টিসাস ফিগার। সরকার থেকে চাল সম্বন্ধে যে ফিগার দেন তাতে অনেক ভুল আছে, তা কারেক্ট নয়। বর্ধমানে দক্ষিণ দামোদরে ধান হয় নি। বীরভূমের অনেক এরিয়াতে, মালদহের অনেক জায়গাতে ধান হয় নি। মুর্শিদাবাদ ঘাটতি, নদিয়া ঘাটতি অথচ আপনারা এ সমস্ত ফিক্টিসাস ফিগার দেন। তারপর এত যে ঘাটতি তাতে আমি জানতে চাই আজকে ১৬ বছর ধরে কি একটা ডিপার্টমেন্টকেও শায়েস্তা করতে পারেন নি? অথচ আপনারা উপদেশ দেন ঘর্ম ঝরুক পড়ে।

উপাধ্যক্ষ মহোদয়, ওঁদের নিজেদের ডিপার্টমেণ্টে কি অপদার্থতা রয়েছে সম্বন্ধে আমি বলব। ফুড পলিসি সম্বন্ধে খাদ্যের ব্যাপারে স্টেটসম্যানে লিখেছে, এডিটোরিয়াল সেটা আমি পড়ে দিচ্ছি। এটা একটা কনজারভেটিভ পেপার।

Yet prices are higher than in the corresponding period of last year, particularly when the normal tendency is for a seasonal decline at this time even in relative bad days.

[3-30—3-40 p.m.]

অথচ আজকে দেখা যাচ্ছে ও'রা খাদ্যের দাম বেঁধে দেওয়া সত্ত্বেও, চালের দাম বেঁধে দেওয়া সত্ত্বেও ২৮।৩০।৩৪ টাকা পর্যন্ত চাল বিক্রি হয়েছে। ও'রা বলছেন আমরা সমাজতন্ত্র নিয়ে আসছি। আমি মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে দেখে এলাম এবং শুনলাম অধিকাংশ জেলায় এই অবস্থা হয়েছে। এমন কি কণ্ট্রোল-এর এম আর শপ-এ যে চাল দিতেন—ইদানিং এ বলে একটা ক্রাশ দিতেন সেগুলিও বন্ধ করে দিয়েছেন। এই হচ্ছে ও'দের ব্যর্থতা এবং সেই ব্যর্থতাকে আমরা অভিনন্দন যে জানাব সেটা নিশ্চয় ও'রা আশা করেন না। এই বাজেটে যা আমরা দেখছি তাতে আমাদের মনে হয় এটাকে সমাজতন্ত্র একথা না বলাই ভাল। আপনারা যদি একটা গণতন্ত্রসম্মত সত্যিকারের জনসাধারণের বাজেট করতে পারতেন তাহলে ভাল হত। আজকে দেখা যাচ্ছে, তিন আনা মানুষের রোজগার এবং লোকসভায় ডাঃ রামমনোহর লোহিয়াও এই কথা প্রমাণ করে দিয়েছেন। মালদহ জেলার একজন বিশিষ্ট প্রধান কর্মী তিনিও হিসাব দিয়ে বলেছেন যে, তিন-চার আনার বেশি নয়। অতএব যেখানে তিন-চার আনা মাথা-পিছু আয় সেখানে সেই লোন কে শোধ করবে? কংগ্রেসের একজন কর্তা ভুবনেশ্বরে বলেছেন, এক হাজার কোটি টাকার মত আনঅ্যাকাউন্টেড মানি রয়ে গেছে এবং এখানে আমি বলছি যে, তিনশ'-চারশ' কোটি টাকার মত আনঅ্যাকাউণ্টেড মানি রয়েছে, বাংলাদেশে। সেই সমস্ত ব্লাক মানিকে উদ্ধার করার সাহস থাকে তা হলে লোন দরকার হবে না এবং বিনিয়ে বিনিয়ে "ঘর্ম ঝরিয়া পড়ুক" সেকথা বলতে হত না এবং সত্যিকারের দুর্গতি বন্ধ হত। তাই বলছি

যেখানে উনি বলেছেন, "কর্মযোগে তাঁর সাথে এক হয়ে ঘর্ম পড়ুক ঝরে", সেখানে তার আমি বলছি "তার আগে তোমরা পড় সরে।"

Shri Bhakti Bhusan Mondal:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই যে বাজেট উপস্থিত করা হয়েছে এই বাজেট সম্ব বলতে পারি যে, এই বাজেটের মধ্যে কেবল কতকগুলি ফাঁকা আওয়াজ আছে। শুধু ত নয়, এই বাজেটটা যদি আমরা স্ক্রুটিনি ক'রে দেখি তাহলে দেখব এই বাজেটে সাধারণ মানু ভাত-কাপড় এবং বাসস্থানের জন্য যা দরকার তার কোনরকম কিছু বরাদ্দ করা হয় নি যেমন গতানুগতিক বাজেট হয়, ঠিক সেইভাবেই বাজেট হয়েছে। অথচ কংগ্রেস পার্টি রেজলিউশন-এ আমরা দেখেছি মিক্সড ইকনমি, এই মিক্সড ইকনমির পর আলাদা সোস্যালিষ্ট —সোসালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি—তারপর দেখলাম ডেমোক্রেটিক সোস্যালিজম—এই রেজলিউশন তাঁদের পাশ হয়। কিন্তু গভর্নমেন্টের ফর্ম কি সেটা জানতে হলে এবং আ লিসিস করলে দেখা যায়, কি ফর্ম অফ গভর্নমেন্ট এই বাজেট পড়লে কি আমাদের মনে হ এই যে কংগ্রেস পার্টি ডেমোক্রেটিক সোস্যালিজম-এর জন্য কোনরকম চেষ্টা করছে? আপন কাছে একটা বিষয় নিয়ে দেখাচ্ছি যে, এই বাজেট মোটেই তাঁদের পার্টির যে রেজলিউশন আ সেই রেজলিউশন-এর পরিপ্রেক্ষিতে হয় নি। এই বাজেট পড়লে মার্ক্স-এর একটা কথা মনে পড়ে এই কথা বলা আছে যে, ক্যাপিটালিস্টিক সোসাইটির ওয়াচ ডগ হচ্ছে স্টেট, অর্থাৎ ভেস্টে ইন্টারেস্ট-এর যেটুকুন ইন্টারেস্ট রক্ষা করার জন্য যা প্রয়োজন সেটুকুন ক্যাপিটালিস্ট সোসাইটি বাজেটে আমরা দেখতে পাই। সেজন্য সাধারণ মানুষের ইন্টারেস্ট-এর কথা আমরা বলি রাষ্ট্র হল শাসকশ্রেণী এবং শোষকশ্রেণীর মিলনযন্ত্র এবং এই বাজেটে আমরা সেটা দেখতে পাই। এই বাজেটে প্রথমতঃ রিসিপ্ট সাইডএ যেটা আছে সেটাকে স্ক্যান করে দেখতে চাই

আমরা দেখতে পাচ্ছি, এই বাজেটে যে টোট্যাল রিসিপ্ট আছে অর্থাৎ রেভেনিউ সাইড যদি দেখি তা হলে দেখতে পাব ১৯৬০ সালেতে আর ১৯৫৪-৫৫ সালে বাজেট যা আলোচনা করি তাহলে দেখব এ বাজেট কি রকম। ১৯৬০-৬১ সালে দেখেছি টোট্যা রিসিপ্ট-এর মধ্যে ল্যান্ড রেভেনিউ এবং স্ট্যাম্প, সেলস্ ট্যাক্স, এ হল মোস্ট রিঅ্যাকশনারি ফর্ম অফ ট্যাক্স। যাঁরা অর্থনীতির ছাত্র তাঁরা জানেন, ইনডাইরেক্ট ট্যাক্স-এর মধ্যে সেলস ট্যা স্ট্যাম্প এসব হচ্ছে মোস্ট রিঅ্যাকশনারি ট্যাক্স। এ ছাড়া ল্যান্ড রেভেনিউ এসব আছে আমরা দেখেছি এই তিনটা ট্যাক্স, ট্যাক্স ফর্মস ল্যান্ড রেভেনিউ, স্ট্যাম্প, ও সেলস ট্যা ১৯৬০ সালের যে রিসিপ্ট সাইড যেটা সেটা ৪৯ পারসেন্ট হয়েছে, ১৯৬১-৬২ সালে দেখছি ৫০ পারসেন্ট হয়েছে ও ১৯৬২-৬৩ সালে দেখছি ৫৫ পারসেন্ট হয়েছে ১৯৬৩-৬৪তে ৫১ পারসেন্ট এবং ১৯৬৪-৬৫তে ৫৫ পারসেন্ট অথচ কংগ্রেসের রেজলিউশন দেখছিলা মিক্সড ইকনমি, সোস্যালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি, ডেমোক্রেটিক সোস্যালিজম অথচ যদি এই বাজেট দেখি তাহলে দেখব সবচেয়ে ওয়ার্স্ট টাইপ অফ ট্যাক্সেশন যেটা, সেটা নাকি সবচেয়ে গরিবকে হিট করে, সেই গরিবকে হিট করে ম্যাক্সিমাম পারসেন্টেজ বেড়েছে, যা আপনারা সাপ্লাই করেছেন বুক নং ১, সেটা থেকেই এসব বলছি। সেটা পড়বার পর বুঝতে পারা যাচ্ছে সোস্যা লিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি, ডেমোক্রেটিক সোস্যালিজম করা হয়েছে কিনা। তারপর আমি ট্যাক্সগুলি সম্বন্ধে বলতে চাইছি। সেলস ট্যাক্স—যেটা টাকা-আনার কথা হয়েছে তা দেখে বোধ হয় যে এর চেয়ে রিঅ্যাকশনারি বাজেট আমার মনে হয় কোন ক্যাপিটালিস্ট কান্ট্রিতে হতে পারে না। কারণ সেলস ট্যাক্স যে ইনসিডেন্স অফ ট্যাক্সেশন, সেটা যারা সবচেয়ে গরিবতম লোক যাদের মার্জিনাল ইউটিলি অফ মানি সবচেয়ে বেশি তারা অ্যাফেক্টেড হয়েছে। যে ৫ টাকা রোজগার করে তার যে ট্যাক্স দিতে হয়, যে ৫ হাজার টাকা রোজগার করে তাকে দিতে হবে সেলস ট্যাক্স, সে ধরনের এত খারাপ ট্যাক্স আর নেই। অথচ দেখা যাচ্ছে, মেজর পোরসন অফ দি ট্যাক্সেশন এটা সবচেয়ে বেশি, তারপর রেভিনিউ, ল্যান্ড ট্যাক্স, স্ট্যাম্প—এর সম্বন্ধে আমি গতবারেও বলেছিলাম। এই স্ট্যাম্প ট্যাক্স ইত্যাদি, এ শুধু রিঅ্যাকশনারি অ্যান্ড রেট্রোগ্রেড ট্যাক্স নয়, এখানে ডিসক্রিমেনেশন করা হয়েছে। দেখুন ক্যালকাটা হাইকোর্ট

অরিজিন্যাল সাইড-এ যে বড় বড় কেস হয় সে কেসগুলির কোন কোর্ট ফি লাগে না। কিন্তু গ্রামে যেখানে সাধারণত দরিদ্র মানুষ বাস করে সেখানে টাইটেল স্যুট করতে গেলে বিরাট কোর্ট ফি লাগে। গতবারও বলেছিলাম কেন এ ধরনের ডিসক্রিমিনেশন করা হয়। কলকাতার বড় বড় কেসগুলোর কোন কোর্ট ফি লাগে না যেটা দেখা দরকার। আমি তাই বলছি এভাবে বাজেট থাকার মানে হয় না। ডেমোক্রেটিক সোস্যালিস্টিকএ বাজেট হওয়া দরকার। কিন্তু আমরা যদি দেখি তাহলে এই ন্যাশন্যাল ইনকাম তা বুঝতে পারব যে, এই বাজেট কি ভাবে হয়েছে। আমাদের দেশের অনেক লোক বলে চীনের উন্নতি হয়েছে, রাশিয়ায় উন্নতি হয়েছে, সেসব দেশ সম্বন্ধে বলতে গেলে গা শিউরে উঠবে। আমি ক্যাপিটালিস্টিক দেশ যারা এখনও লিবার্টি করতে পারেন নি জনসাধারণের সেসব দেশেরও ন্যাশনাল ইনকাম পার ক্যাপিটা পার ইয়ার ইনক্রিজ করেছে, আর আমাদের দেশ ব্যর্থ হয়েছে। আমি উদাহরণস্বরূপ বলছি যেমন ইরাণের মত দেশ ৯ পারসেন্ট পার ইয়ার পার ক্যাপিটা ন্যাশনাল ইনকাম বেড়েছে, ৬ পারসেন্ট পার ক্যাপিটা পার ইয়ার বেড়েছে বার্মায়, ঘানায় বেড়েছে যা নাকি সবচেয়ে ছোট দেশ তার বেড়েছে ৫ পারসেন্ট, ব্রেজিলএ বেড়েছে ৬ পারসেন্ট, ইন্দোনেশিয়া বেড়েছে ৪ পারসেন্ট আর ইন্ডিয়ায় সে জায়গায় মাত্র ১½ পারসেন্ট বেড়েছে।

[3-40—3-50 p.m.]

শুধু তাই নয়, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫-এতে মাইনাস ·৩ তে এসেছে। কাজেই ন্যাশনাল ইনকামটা মোটেই বাড়ে নি। তার চেয়ে কমেছে। সে সঙ্গে ন্যাশনাল ইনকামটা যখন বিচার করব তখন একটা কথা মনে রাখলে ভাল হয় যে, মাত্র ১৮টি ফ্যামিলিতে আমাদের দেশে যে ন্যাশনাল ইনকাম আছে তার প্রায় ৭৮ পারসেন্ট টাকা গিয়ে জড়ো হয়। কাজেই সাধারণ লোক যে কি অবস্থায় আছে সেটা বিচার করলেই দেখা যায়। সময় বেশি নেই—আর কয়েকটি কথা বলা দরকার। প্রাইস লেবেল সম্বন্ধে। ন্যাশনাল ইনকাম সম্বন্ধে যে কথা বলা হয়েছে—এই ন্যাশনাল ইনকামটা যদি ফ্রম দি স্ট্যান্ড পয়েন্ট অফ প্রাইস লেভেল আমরা যদি স্ক্রুটিনাইজ করি তাহলে দেখতে পাব যে, প্রত্যেক বছর ন্যাশনাল ইনকাম পার ক্যাপিটা পার ইয়ার কমে যাচ্ছে। যে ইনকামটা আমাদের সরকারী তথ্যে দেওয়া হয়েছে সেটা প্রাইস লেভেল হাই হওয়ার পরে তার কম্পারেটিভ স্টাডি করে দেওয়া হয় নি। সেটা স্টাডি করলে দেখা যাবে ইনডেক্স নাম্বারটা প্রায় ৪০০ পারসেন্ট বেড়ে গেছে। তা যদি হয় তাহলে আমাদের দেশে মোটেই ন্যাশনাল ইনকাম বাড়ে নি। গর্ব করার কিছুই নেই। আর একটি কথা বলতে চাই—সেটা হচ্ছে প্রাইস লেভেল অর রাইস যেমনই বেড়ে গেছে জনসাধারণের অবস্থা আরও খারাপ হয়েছে। এই যে সোস্যালিস্টিক ইকনমির বাজেট হয়েছে, যদি চারটে টি স্টেট আছে তাতেও তো প্রায় ১৩২ কোটি টাকা পাওয়া যায়, পাট যেখানে ১৫২ কোটি টাকা পায় —কার্পাস থেকে ৫০ কোটি টাকা পাওয়া যায় কিন্তু এদের যদি ট্যাক্স করে করে বেশির ভাগ টাকা আদা করে নেওয়া হত তাহলে বুঝতাম কিছু করা হচ্ছে। কতকগুলো জিনিসের ন্যাশনালিজমের কথা থাকত—তাহলে বলতাম ডেমোক্রেটিক স্টেট করা হচ্ছে। কিছুই না করে যদি বলা হয় ডেমোক্রেটিক সোস্যালিজম করা হচ্ছে, হয় তার নিজের পার্টিকে ভাঁওতা করা হয় কিংবা জনসাধারণকে ভাঁওতা দেওয়া হয়। এইজন্য আমি বলতে চাই এই যে, সরকারী বাজেট এই বাজেটটাকে কোন রকম সাপোর্ট করতে পারছি না।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি পূর্ব-পাকিস্তান থেকে যে-সমস্ত উদ্বাস্তু আসছে সেখানে দাঙ্গা হওয়ার দরুন তাদের শুধু দণ্ডকারণ্যে নয়—বাংলাদেশ বা অন্যান্য যে কোন জায়গাতে যাতে তাদের ভাল পুনর্বাসনের ব্যবস্থা হয় সেই কথা বা দাবী জানাচ্ছি। এর পর আমি দু-একটি কথা তাদের সম্বন্ধে বলব। গত কয়েকদিন ধরে আমরা একথা বলেছি যে, জাতীয় আয় বৃদ্ধির যে হার সেটা কমে চলছে। বেকার ক্রমশ বেড়ে যাচ্ছে —মূল্যবৃদ্ধির হার বেড়ে চলেছে এবং সঙ্গে সঙ্গে যে কথাটা বাজেট উত্থাপনের সময় প্রতি বছর বছর অর্থমন্ত্রী এবং রাজ্যপালের বক্তৃতাতে থাকে যে, আর্থিক বৈষম্য দূর দিকে পা দিন

বেড়ে যাচ্ছে। এবং এতো বেড়ে যাচ্ছে যে, মহলানবীশ কমিটির রিপোর্ট মতে ভারতবর্ষের শতকরা ৮০ ভাগ সম্পদ একজনের মাত্র দখলে আছে। কি রকম ধরনের অতিকায় বৈষম্য হয়েছে এ থেকে বোঝা যায়। এগ্‌লো হল ব্যবহারিক দিক—অর্থাৎ মান্‌ষের দৈনন্দিন প্রয়োজন তার নিত্যনৈমিত্তিক প্রয়োজনগ্‌লো মেটানোর দিক। এ ছাড়াও মান্‌ষ হিসাবে আর একটা দিক আছে—সেখানে আমরা এই কংগ্রেস শাসনের অগ্রগতি বা তার কোন লক্ষণ কি আমরা দেখতে পাচ্ছি? এবং একথা পরিষ্কারভাবে বলা যায় যে, সে রকম কোন লক্ষণই আমরা দেখতে পাচ্ছি না।

আপনি জানেন, স্যার, ইংরাজ আমলে শ্‌ধ্‌ যে আমরা দাসত্বের অগাধ পঙ্কে তলিয়ে গিয়েছিলাম তাই নয়, জাতি হিসাবে তখন অবমাননার গাঢ় অন্ধকার আমাদের চেপে ধরেছিল। মাননীয় শৈলবাব্‌ যে মানবিক সত্তার কথা বললেন সেই মানবিক সত্তা সম্প্‌র্ণ অস্বীকার করে যে লোভের রথচক্র জনসাধারণের উপর দিয়ে চালিয়ে দিয়ে গিয়েছিল এবং অন্যান্য নানাবিধ দ্‌র্ব্যবহার ইংরাজ আমলে মান্‌ষের উপর হত সেই মানবিক সত্তা উদ্ধার করে জাতীয় অবমাননা দ্‌র করে আমরা যাতে ম্‌ক্ত মান্‌ষের মত আমাদের চরিত্র নীতি গড়ে তুলতে পারি সেইজন্যই জাতীয় আন্দোলন সেই সময় গড়ে উঠেছিল। দেশ যখন স্বাধীন হল তখন আশা ছিল, এমন আদর্শ দেশের সামনে রাখা হবে যেখানে ন্‌তন গণতান্ত্রিক চেতনাসম্পন্ন যে বনিয়াদ সেই বনিয়াদের উপর ন্‌তন চরিত্র নীতি গড়ে উঠবে। সমস্ত কিছ্‌ কুসংস্কারের ঊর্দ্ধে উঠে ন্‌তন সামাজিক পরিবেশ আমাদের সমাজে গড়ে তোলা হবে এই আশাই তখন করা গিয়েছিল। পাপ-প্‌ণ্য, ভাল-মন্দের বিচারকে আজকাল কুসংস্কার বলে কোন কোন জায়গায় বলা হয়। আমার জনৈক বন্ধ্‌, উনি একটি কলেজের প্রফেসার, আমাকে একদিন বলছিলেন যে, বিদ্যাসাগর মহাশয়ের প্রথম ভাগ এবং দ্বিতীয় ভাগ ন্‌তন করে লেখা দরকার যে সদা সত্য কথা বলিবে সেখানে সদা মিথ্যা কথা বলিবে এটা আজকে লেখা দরকার। আজকে আমাদের কি ন্‌তন চরিত্র নীতি গড়ে উঠছে, সেখানে কি প্রচণ্ড অরাজকতা, কি প্রচণ্ড শ্‌ন্যতা বছরের পর বছর বেড়ে উঠেছে—সেই সঙ্কট সমাধান করা তো দ্‌রের কথা, সরকারী কর্তৃপক্ষ সেই সঙ্কটকে দিনের পর দিন বাড়িয়ে তুলছেন। মাননীয় ডেপ্‌টি স্পীকার মহাশয়, পাঁচ-সালা পরিকল্পনার যে কারখানা সেই কারখানা থেকে আমরা কি মান্‌ষ স্‌ষ্টি করছি সেক্ষেত্রে মাননীয় শৈলবাব্‌ একটা খ্‌ব ভাল কথা বলেছেন যে, ব্যক্তিগত মানবসত্তার প্রতি মানবিক ম্‌ল্যের প্রতি আমাদের যে গভীর বিশ্বাস আছে সেই গভীর বিশ্বাস নিয়ে শৈলবাব্‌ এবং তাঁর সরকার গত ১৭ বৎসর ধরে সেই মানবিক সত্তার বিকাশের কিছ্‌ স্‌যোগ নাকি করে দিয়েছেন। সেদিক থেকে যদি আমরা বিচার করি, পাঁচ-সালা পরিকল্পনার দৌলতে কয়টা মান্‌ষ স্‌ষ্ট হয়েছে তাহলে আমরা দেখব, কিছ্‌ লোভী এবং স্বার্থান্ধ প্রকৃতির মান্‌ষ কিছ্‌ তৈরি হয়েছে যাদের ভোগদখলে মহলানবীশ কমিটির মতে শতকরা ৮০ ভাগ সম্পত্তি কেন্দ্রীভূত হয়ে আছে। আর একটা দ্বিতীয় শ্রেণী এই পরিকল্পনার যে কারখানা সেই কারখানা থেকে তৈরি হয়েছে যারা উঞ্ছব্‌ত্তি ও চাট্‌কারিতার সেই যে ওয়ান পারসেন্ট লোক যাদের হাতে সম্পত্তি কেন্দ্রীভূত হয়েছে তাদের বন্দনা করছেন। কংগ্রেস সরকার আমলাতন্ত্রকে এমনভাবে কুক্ষিগত করে রেখেছেন যে, তাদের আশ্রয়ে দ্‌নীতিপরায়ণ ও ঘ্‌ষখোর ও ম্‌নাফাখোরের দল সমাজের ব্‌কের উপর আজকে চেপে বসে আছে। আর একটা শ্রেণী যাকে তৃতীয় শ্রেণী বলব, যারা হতাশাগ্রস্ত, যারা খেতে পায় না, পরতে পারে না, নানাভাবে তারা অভাবগ্রস্ত এই শ্রেণীর লোক আজকে লক্ষে লক্ষে কোটিতে কোটিতে বেড়ে যাচ্ছে। আজকের দিনে কে না জানে যে, গ্রামাঞ্চলের শতকরা ৩০ ভাগ লোক খেতে পায় না, তাদের জমি নেই তাদের জি-আর টি-আর এর উপর নির্ভর করেই, বেঁচে থাকতে হয়—এইভাবে আজকে দেশে ভিক্ষ্‌কের ব্যাপকতা বেড়ে যাচ্ছে। বেকার সমস্যার কথা আজকের দিনে কে না, জানে? এই অভাবগ্রস্ত জীবনের গ্লানি, এই উঞ্ছব্‌ত্তির গ্লানি আজকে আমাদের সমস্ত দেহ-মনকে আচ্ছন্ন করে রেখেছে। ইমার্জেন্সির সময় আমরা দেখেছিলাম, দেশাত্মবোধের খ্‌ব বড় বড় কথা তখন আমাদের বলা হয়েছিল, সেই সব গত এক বৎসরে সব রসাতলে চলে গিয়েছে। দেশকে আমরা ফাঁকি দিয়েছি, দেশকে আমরা ঠকিয়েছি, লক্ষ লক্ষ, কোটি কোটি মান্‌ষকে দেশরক্ষার নামে যন্ত্রণার মধ্যে ফেলেছি এবং আমরা আরও লক্ষ্য করেছি, আমাদের এই মন্ত্রিসভা যাঁরা সমাজকে শোষণ করে দেশকে সর্বস্বান্ত

করে ফেলেছে তাঁদেরই সঙ্গে কম্প্রোমাইজ করে তাদের স্তাবকতা করে তাদের অতি লোভকে আরও বাড়িয়ে তুলেছেন এবং তাঁরা সরকারী পক্ষ পৃষ্ঠাশ্রয়ে কোটি কোটি টাকা লাভ করেছেন। দেশরক্ষার নাম করেছেন ও'রা, কোথায় দেশাত্মবোধ তার চিহ্নও আমরা দেখতে পেলাম না। সুতরাং মানবসত্তার উপর বিশ্বাস স্থাপন করে মাননীয় শৈলবাবু এবং তাঁর কংগ্রেসী সরকার আজ সমাজকে গড়ে তুলতে চেষ্টা করছেন একথা আমাদের কাছে পরিহাসের মতই শোনায়। চরিত্র নীতির কথা ও'দের মুখে শুনে আমাদের আশ্চর্য লাগে। আজ একটা প্রকাণ্ড শূন্যতায় আমাদের সমাজ আচ্ছন্ন হয়ে গিয়েছে। যেখানে চীফ মিনিস্টার নারকীয় ঘটনাকে চেপে দেবার জন্য উঠে দাঁড়ান, যেখানে যুবশক্তিকে চেপে রাখবার চেষ্টা করা হয় সেখানে এই মন্ত্রিসভার কাছে আমাদের কিছু প্রত্যাশা করার নেই। তাই আমি আজকে এই আইনসভার মঞ্চে দাঁড়িয়ে বাংলাদেশের যুবশক্তিকে এই আহ্বান জানাচ্ছি তাঁরা যেন এই অনাচার এবং অত্যাচারের জবাব দেবার চেষ্টা করেন। বাংলাদেশের যুব শক্তির কাছে এই বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4-20 p.m.]

শ্রীকানাই পালঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ চারদিন ধরে এই বাজেটের উপর আলোচনা বা সমালোচনা যা চলছে, সেই সম্পর্কে যখন প্রত্যেকটা বিষয় নিয়ে দফাওয়ারি আলোচনা হবে তখন সুযোগ-সুবিধামত আমি আমার বক্তব্য রাখবার চেষ্টা করব। আজ আমি আমার সংক্ষিপ্ত ভাষণে বাজেট আলোচনার পদ্ধতি সম্পর্কেই আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। তবে প্রসঙ্গতঃ আমি এখানে প্রথমেই বলে রাখি আমি এই প্রতিক্রিয়াশীল বাজেটের সম্পূর্ণ বিরুদ্ধে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রতি বছর যেভাবে এই সভার সামনে বাজেট উপস্থাপিত করা হয় এবং কয়েকদিন আলোচনা করার পর যেভাবে এখানে বাজেট গৃহীত হয় তাতে একটা কথা স্বাভাবিকভাবেই মনে আসে, এই সমস্ত আলোচনা ও গালগল্পের উদ্দেশ্য কি? এই সম্পর্কে আমি দু-একটি মৌলিক প্রশ্ন তুলতে চাই এবং নির্দিষ্ট প্রস্তাবও রাখতে চাই। আমাদের এই রাজ্যে বহুবিধ সমস্যা, আজকে আর্থিক সমস্যাই চরম। বিরোধী পক্ষকে এই বাজেট উত্থাপনের মাধ্যমে আজকে আমাদের দেশের অর্থনৈতিক মূল প্রশ্নগুলি বিচার-বিবেচনা করবার সুযোগ ও সুবিধা করে দেওয়া উচিত, কিন্তু যে পদ্ধতিতে বর্তমান বাজেট উপস্থাপিত হয়েছে তাতে তার উদ্দেশ্য সম্পূর্ণ ভিন্ন বলে আমার মনে হয়। উপাধ্যক্ষ মহাশয়, বাজেট অধিবেশন শুরু হবার পরে হঠাৎ একসঙ্গে সদস্যদের মাথায় নানাবিধ তথ্যসম্বলিত ১৫ সের ওজনের মাল-মশলার যে বাজেট চাপিয়ে দেওয়া হয় তাতে কি সরকার এই আশা করেন যে, সদস্যরা কয়েকদিনের মধ্যেই তা ধাতস্থ করে এই সম্পর্কে তাঁদের বিশেষজ্ঞসুলভ মত প্রকাশ করবেন? সরকারের ভেবে দেখা দরকার যে, এই ধরনের আলোচনার দ্বারা সংশোধনীয় বিতর্ককে তাঁরা কি প্রহসনে পরিণত করছেন না?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষমতাসীন দলের যাঁরা মাননীয় সদস্য, যাঁরা 'হা বা' বলে চিৎকার করছেন তাঁরা চোখ-কান বুজে সরকার যা করেন, যা বলেন তার সমর্থনে হাত তুলতে পারেন—তা তাঁরা যতবড় পণ্ডিত এবং বুদ্ধিমানই হোন না কেন। তাঁদের কোনদিনই এ ব্যাপারে কোন সমস্যা নেই বা থাকবে না কারণ তাঁদের বাজেট না পড়লেও কিছু আসে যায় না। কিন্তু বর্তমান পরিস্থিতিতে বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের পক্ষে বাজেট ভালভাবে পরীক্ষা করে বিতর্কে অংশ গ্রহণ করা সম্ভব হয় না। এর ফলে দেখছি মাননীয় সদস্যেরা প্রায়ই তাঁদের নিজেদের এলাকার সমস্যা এবং তার খুঁটিনাটি নিয়ে কিংবা বাজেটের ভাষাভাষী পরীক্ষায় যে অসঙ্গতিগুলো সহজেই চোখে পড়ে তা নিয়ে অথবা বাজেটকে কেন্দ্র করে সরকারের সঙ্গে মতবাদমূলক যে মৌলিক পার্থক্য রয়েছে তা নিয়ে সাধারণ তত্ত্বগত আলোচনা করেন। অর্থাৎ এক কথায় যে ধরনের আলোচনার প্রস্তুতি বাজেট অধিবেশনের অনেক আগে থেকে করা সম্ভব তা হয় না এবং যেসব কথা সমসাময়িক বিভিন্ন বছরের বাজেট উপলক্ষেই কম-বেশি বলা চলে এমনি ধরনের আলোচনার আশ্রয় নিতে বিরোধীপক্ষের সদস্যেরা বাধ্য হন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর ফলে বাজেটের ভেতর দিয়ে রাজ্যের সামগ্রিক অর্থনীতির যে ছবি ফুটে ওঠে সে সম্পর্কে বিশেষ করে সেই বছরের বাজেটের উপর কেবল তত্ত্বগত নয়,

তথ্য সম্বন্ধে আলোচনাটা মাঠে মারা যায়। স্যার, আজকে যাঁরা ক্ষমতায় আসীন রয়েছেন তাঁরা কিন্তু দেশের অধিকসংখ্যক লোকের সমর্থন পেয়ে গদীতে বসেন নি—এমন কি ভোটদাতাদের প্রদত্ত ভোটসংখ্যার দিক থেকে নয়। আর দেশের অধিকসংখ্যক লোক অন্য যেসব বিরোধী বা স্বতন্ত্র প্রার্থীদের ভোট দিয়ে এই সভায় পাঠিয়েছেন তাঁরা এই পদ্ধতির ফলে তাঁদের বক্তব্য উপস্থিত করতে গিয়ে সেই সুযোগ থেকে বহুলাংশে বঞ্চিত হচ্ছে। অর্থাৎ বুর্জোয়া গণ-তন্ত্রের যে অন্যতম মূল বিষয় বিরোধীপক্ষের ভূমিকা, এই পদ্ধতির দ্বারা সেই ভূমিকাকে নস্যাৎ করে তাঁরা বুর্জোয়া গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করছেন। এতে সরকারের লাভ ছাড়া ক্ষতি নেই, কারণ এই পদ্ধতির আলোচনায় সরকার একদিকে তাঁর অসংখ্য গলদ, গাফিলতি কুকীর্তি ধামাচাপা দেবার এক চমৎকার সুযোগ পান এবং অন্যদিকে মেকি তথ্য এবং পরি-সংখ্যানের ঝমঝমি বাজিয়ে সরকার বিশেষজ্ঞসুলভ ভড়ং দেখাবার এবং বিরোধীপক্ষের সমা-লোচকদের এইভাবে মুখ খোলার সুযোগ না দিয়ে সস্তায় বাজীমাৎ করে থাকেন। কাজেই আমি এই বাজেট আলোচনার পদ্ধতির সম্পূর্ণ পরিবর্তন চাই।

শ্রীনেপালচন্দ্র রায়: অন এ পয়েণ্ট অব অর্ডার। লিখিত ভাষণ কেউ পড়তে পারেন কি? এর আগে রুলিং ছিল পড়তে পারবেন না।

শ্রীকানাই পাল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনসাধারণ তথা দেশের স্বার্থে এই ক্ষতিকারক পদ্ধতির অবিলম্বে অবসান ঘটানো দরকার। সরকারের মনঃপূত না হলেও এটা ক্ষমতার অতীত নয় এবং সরকারের শুভবুদ্ধির উদয় হলে তা তাঁরা করতে পারেন। স্যার, জন-সাধারণ তাদের স্বার্থরক্ষা করবার জন্য আমাদের নির্বাচিত করে এই সভায় পাঠিয়েছেন কাজেই সেই জনস্বার্থের দিকে তাকিয়ে আমি আপনার মাধ্যমে একটি সুনির্দিষ্ট প্রস্তাব এই সভায় রাখছি। আমার প্রস্তাব হচ্ছে, বাজেট আলোচনার অন্ততঃ একমাস আগে বাজেট সম্পর্কিত বিভিন্ন পুস্তক, পুস্তিকা সদস্যদের মধ্যে বিতরণ করার ব্যবস্থা প্রবর্তন করা হোক। এ ব্যাপারে আমি সরকারপক্ষকে ভেবে উত্তর দিতে বলছি। এতে অসুবিধা কোথায়? আমার এই প্রস্তাব কার্যকরী করা হলে মাননীয় সদস্যেরা চলতি বছরের আর্থিক পরিস্থিতি সম্বন্ধে বেশ কিছুটা ওয়াকিবহাল হয়ে ভালভাবে বিতর্কে অংশ গ্রহণ করতে পারবেন এবং বাজেট আলোচনা সার্থকতার দিক থেকে এক ধাপ এগিয়ে যাবে।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[4-20—4-30 p.m.]

Shri Sankardas Banerji: Mr. Speaker, I must congratulate, in the first instance, our Finance Minister for the excellent budget he has prepared for the year 1964-65. Although I have not had the advantage of listening to the speeches of my honourable friends, I have at least had the advantage of listening to some of them I have found, as has been my experience in the past years, that my friends have been extremely critical about the budget. If they are right, then it seems to me that no good whatsoever has been done to West Bengal right from the beginning till now and they have naturally deplored for what has been done I would have them to come with constructive suggestions and criticize the budget estimates from the proper angle and to hold a proper view of the economic position of this State.

Sir, I shall make an endeavour to place before you to the best of my ability a picture of the economic position of our State. Sir, I was considering what has been the position of the national income. During the first year of the Second Five-Year Plan, the increase in the national income was 2.7 per cent. In the second year it was 2 per cent., although the expected increase was of the order of 5 per cent. If you call that a failure, well, I am willing to accept that. All that we expected has not come about. The individual income, I am sorry to say, has fallen by 3 per cent. according to statistics, but whether it is due to failure on the part of the State or to population explosion, you have yet to judge. So far as income of industries is concerned we had expected an increase of 11 per cent. but it has increased by 8 per cent. If you call that a failure you may do so, but any industrialist will tell you that it takes time for an industry to consolidate and to yield an income which it should yield. These industries are new, the industrialists are new. They are in a state of expansion. Therefore, if we have not achieved what we expected to achieve, I would not considr it a failure from my point of view.

The next thing to which I would like to draw your attention is, what we have done for the purpose of industrialising the State, for improving industry. So far as electricity is concerned, let us take the figures; in 1962-63 the State spent Rs. 9 crores; in 1963-64 the Budget allotment was Rs. 17.5 crores but in fact Rs. 20.5 crores was actually spent. In the present year we have allotted Rs. 15.5 crores. You may ask, what is the reason for which last year we had provided for Rs. 20 crores but this year the State is spending only Rs. 15 crores. Sir, enormous progress has been made and we expect that this State will be producing electricity in a manner which will be sufficient for the purpose of feeding the industries and other individual consumers.

The next thing to which I would like to draw your attention is the question of agriculture. In 1962-63 we spent in this State Rs. 3 crores 76 lakhs—that is, on pure agriculture, not associated with conservation of soil, animal husbandry, poultry etc. In 1963-64 we spent Rs. 5 crores 16 lakhs; and in 1964-65 we have allotted Rs. 9 crores 75 lakhs. Coupled with what we have allotted for soil conservation, animal husbandry and other allied heads, the amount that is going to be spent in the current year is Rs. 15 crores 85 lakhs, which clearly goes to show that we are trying to improve agriculture in this country. So long the State was seriously handicapped: we could not energise our tubewells for absence of power. Now that power is going to be provided for and money is there, we expect that agriculture is going to improve tremendously. I might point out to the honourable members of the House that we have already sunk 409 deep tubewells. The target for 1964-65 is 400, and the target for 1965-66 is 1300. When we have all these tubewells and the electrical energy is there to energise the deep tubewells, I have no doubt that we will make tremendous progress in the field of agriculture.

[4-30—4-40 p.m.]

Sir, the next point that I would like to touch is on Medical and Public Health. Sir, in 1962-63 a sum of Rs. 8 crores 23 lakhs was allotted, but, in fact, the department spent Rs. 10 crores 20 lakhs. They went beyond the allotment which has created a certain amount of difficulty so far as the Government is concerned. In 1963-64 when I was there I could not help allotting more than Rs. 5.91 crores. But at the end of the year we found enough resources and we were able to provide the department with Rs. 9 crores 40 lakhs. Everybody knows what has been done in the State of West

Bengal in the Department of Medical and Public Health—compared to Assam, Bihar and Orissa. (Laughter from Opposition benches) Neither laughter, nor sarcastic laughter, nor taunting will prove the incorrectness of the figure that I am placing before the House. In 1963-64, as I told you the budget allotment was 5.91 crores, we were able to provide resources to the tune of Rs. 9 crores 40 lakhs, and I repeat with pleasure the achievement of West Bengal is something of which this State ought to be proud of. In the current year the allotment is Rs. 8 crore 92 lakhs, but I have no doubt whatsoever that if money is needed, money will be found and the work will go on.

They only thing that I say with despair is what that State has done about family planning. I say this pointedly so that the Finance Minister will kindly take note of it. Last year this State spent only a sum of Rs. 32,000 for family planning. This year the budget allotment is only Rs. 9 lakhs. It is no good hammering on the question of population explosion and population explosion. We all know what it is due to. We know how the population is increasing. We know that there has been an increase of 33 per cent. If we know all this and if we are conscious of that fact, why is it that the State Government has not made a better allotment and made a better provision for family planning. It is no good planning. We know that the poorer classes, the middle classes and the lower middle classes are to pay expenses necessary for family planning. You have got to provide them with certain materials if necessary. If they are to undergo operation, you have to provide hospitals, clinics and so on. What will be done with Rs. 9 lakhs I utterly fail to understand. If you think it is necessary to provide Rs. 8 crores 92 lakhs for Medical and Public Health, then why has not a greater sum been provided for this? I am asking the Finance Minister to take a note of this.

Now, Sir, so far as education is concerned, I have not got a complaint to make. I take great interest in the spread of education in this country. I know what the achievements are—how many schools we have built, how many multi-purpose schools are there, how many High Schools are there, what is the total amount that is being spent on education. I am certainly conscious of it and I am certainly thankful to the department for the help they have always extended. But one thing I regret to say is this. You are constantly upgrading schools, you are allowing science to be taught, but then again during the last year it had been so and I expect during the current year you are going to insist upon the same thing viz., you are having science as one of the streams but you are not prepared to pay for accommodation; you are only prepared to pay for equipment. I would like to ask the Education Minister and Shri Sowrindra Mohan Misra who is now sitting in this very chamber as to how are they going to house the equipment if you do not provide for the accommodation? It is well known that in the past years you have paid for two streams a sum of rupees one lakh, five thousand, fifty thousand for Humanities and the rest of the amount for science, and then you are paying for equipment. Sir, I regret to say that this is complete absence of foresight on the part of the Education Department. If they do not provide for the accommodation it is no good providing money for equipment because for teaching science, I for one, I know that you have got to have a Physics laboratory, you have got to have a laboratory for Chemistry and in the absence of accommodation—I would like the Hon'ble Minister to consider where are those schools, located in the muffassil villages, going to house the equipments?

Sir, so far I have roughly touched the subjects, education, sanitation, health, agriculture and electricity, and I don't think there is much time at my disposal so that I can travel all over the place. One thing, Sir, I regret

to say is that lot of time has been spent in this House over the questions of rape, police excesses and so on. I think it is hardly appropriate to mention about those subjects. I have no doubt that the honourable members are certainly entitled to mention about police excesses. That there can be no police excesses—I do not agree. There can certainly be police excesses. There can certainly be good rasons to come up before the House and complain if a policeman or any Government official misconducts himself. But is the general discussion of the budget appropriate time?

One other thing which struck me is this. A young girl is alleged to have been an unfortunate victim of a policeman. I say it is alleged. I don't say, yes. I don't say, No. It is equally possible that it is true, it is equally possible that it is not true—we are not sitting on judgment in a case. I don't know whether that is true or untrue. Mr. Majumder seems to have known more about it as he has complained about it in the House.

Shri Apurba Lal Majumdar: Don't try to give shelter.

Shri Sankardas Banerji: I don't try to shut it up at all. If there has been rape, there has been a rape and if there has been rape there are appropriate places to agitate the question. You go to the law courts, you file a complaint and certainly it would be attended to. If a cognizable crime is committed every citizen is entitled to go and complain to the court and the matter would be taken up.

Shri Apurba Lal Majumdar: But your police has refused to accept the F I R

Shri Sankardas Banerji: Mr Majumdar, knows it better than anybody else as he is a practising lawyer that the proper place to agitate this question is not this House but before the court of law.

Shri Syed Abul Mansur Habibullah: But a person who is to proceed against a police officer must take permission of the Government itself. Sanction is required before he can go to the court of law.

Shri Sankardas Banerji: No sanction is required

[Noise and interruptions]

[4-40—4-50 p.m.]

Sir, I refuse to be interrupted by Shri Majumdar. I think I am entitled to continue my speech and finish it and that without interruption. I still firmly believe that the proper place to agitate is a court of law. If he has lost his confidence in the court of law, then I would request him not to go to the Hourah Court to make a few rupees every day

Shri Apurba Lal Majumdar: Cr.P C. is there, but why has it been flouted

[Noise]

Shri Sankardas Banerji: Sir, I again say that this is nothing but trying to create a tense atmosphere in the House by trying to be critical about the Chief Minister. There is no justification for it. Shri Majumdar knows it extremely well that the proper way to agitate is to file a petition of complaint before Baraset court or an appropriate court in 24-Parganas. After a month he comes up and takes the trouble of going to Baraset, if I may say, taking the girl for a photograph and collecting a picture for the purpose of creating agitation.

Shri Jamini Bhusan Saha: On a point of order, Sir,

স্যার, এই সাবজেক্ট নিয়ে [গোলমাল]......আপনি বলেছেন এটা প্রিভিলেজ 'কমিটিতে যাবে, কি না যাবে, সেটা আপনি ডিসাইড করবেন। এখন এই সাবজেক্টের ডিসকাশন আরম্ভ হয় বাজেটের নাম করে সে সম্বন্ধে......

Mr. Speaker:

আপনি এখন শেষ করুন, উনি এখন বলছেন, ও'কে বলতে দিন।

Shri Apurba Lal Majumdar: Can a police officer refuse to accept a cognisable case when reported to the P.S.? Let him answer straightforward what action has been taken by the police officer? Has Shri Sankardas Banerji spoken anything against the police officers who refused to accept E.I.R.?

Mr. Speaker: Mr. Majumdar, will you please take your seat?

Shri Kashi Kanta Maitra: Sir, I voice the sentiment expressed by my hon'ble friend, Shri Apurba Lal Majumder. This matter is awaiting your anxious consideration and we are all conscious about your ownimpartiality and your independence of judgement. But nonetheless it is just fit and proper that the Hon'ble member should not have made any reference to that matter and cast aspersion on the members of the Opposition who thought it fit that this matter be raised before this House because the function of the House is not simply confined to discussing certain matters in the budget and other legal problems, but certainly the House has complete authority and complete jurisdiction to discuss about police excesses. Therefore I am not asking it the hon'ble member Shri Sankardas Banerji can in his own way cast aspersion on the members of the Opposition who nonetheless thought it fit that the matter be agitated before this House and particularly when the whole matter is awaiting your anxious consideration. That is my humble question before you.

Mr. Speaker: Mr. Maitra, this matter has been referred to by Mr. Majumdar during his budget speech in this House. As I have said, the Point of Privilege is only to consider whether the Chief Minister could have said that I have given my decision.

Shri Kashi Kanta Maitra : Sir, this is not a question of decision. What Mr. Majumdar the other day in the budget discussison said, he reiterated his own previous charge

Mr. Speaker: Mr. Maitra, don't try to draw the line.

Shri Kashi Kanta Maitra: I am not trying to do so. Please allow me to make my submission.

Mr. Speaker: You have raised a point of order and I have answered it.

Shri Kashi Kanta Maitra: I am raising a new point of Order. The Point of Order is this: Shri Apurba Lal Majumdar during budget discussion reiterated his charge against the police, and he contradicted the statement made by the Hon'ble Chief Minister on the floor of the House in refutation of the statement made by another honourable member of the House, Shri Majumdar. Shri Sankardas Banerji would be within the limits of propriety and within the limits of his jurisdiction and competence to stand up and say that what the opposition was saying was not true, and he would have been perfectly justified to say that nothing happened like that. He says, the Opposition cannot raise this, it is a political slogan, it is just being used as a stick to beat the Congress with, and that he only forum where the matter can be raised is the judicial forum. Therefore, I am submitting that Hon'ble Sankardas Banerjee has no right to raise this matter and try to abfuscate the issue and prejudice a fair decision, an impartial decision that, I am sure, you will give.

Mr. Speaker: There is no point on that.

Shri Sankardas Banerjee: It was farthest from my mind to cast aspersion on any honourable member of the House.

শ্রীঅপূর্বলাল মজুমদার: তিনি যে কথা বলছেন, আমি কাশীকান্ত বাবু যে কথা বলেছেন তার সাপোর্টে বলছি, তিনি এখানে একথা বলছেন যে, অপূর্ববাবুর এখানে একথা বলবার অধিকার নেই, জেনারেল ডিসকাশন অব দি বাজেটে পুলিস একসেস সম্বন্ধে বলবার এক্তিয়ার নেই। এত বড় একটা সাংঘাতিক বিষয় যাতে আমাদের সমস্ত হাউসেরই অমর্যাদা হয়েছে তার উপর এখানে প্রত্যেক মেম্বারেরই বলবার অধিকার আছে। তিনি একথা বলতে পারেন না, হি হ্যাজ গট নো রাইট টু সে যে, অপূর্ববাবু একথা বলতে পারেন না।

Mr. Speaker: Everyone is expressing his views on the floor of the House.

Shri Apurba Lal Majumdar:

এতে তিনি আমাদের সকলের উপর আসপারসন করছেন এবং

it is not the proper forum

এবং এখানে একথা বলা চলে না

he has got no right. I think it is a breach of privilege and contempt of the House.

Shri Sankardas Banerji: I again repeat that it was farthest from my mind to cast any aspersion against any honourable member of this House, but I thought it was an inappropriate action, and assuming for a moment that such a wrong has been done I think that the proper forum was to ventilate the grievance in a court of law. No matter how powerful the members of the Treasury Bench may be, no matter what the position of the Chief Minister may be in the State, I can say as a lawyer that he has no power to interfere with the course of law nor can he stop a legal proceedings, however eminent he may be. If a crime has been committed—and I don't say that a Government official is incapable of committing a crime—surely it would have been for them to go to court and start a case without the assistance of political leaders of this country. They are quite capable of looking after themselves. I submit with confidence, certainly there wwas no reason why this question was agitated. It is only for the purpose of creating, if I may say so, a political furore.

The next thing I would like to say is, so far as I heard one of the honourable members, the last sentence that he said was that due to the taxations introduced by me I am now out of office, and that he hoped and expected that the present Finance Minister will also be out of office because of certain proposals for taxation. So far as I am concerned, I had proposed a few taxes—stamp, registration etc. not concerning the poor people at all. If anybody has any complaint regarding the raising of fees for registration, stamps, it is those whom at least my honourable friends say, they dislike.

[4-50—5 p.m.]

Sir, whether they dislike them or not I am not quite sure about it, but, at least in the well of the House, they throw out the suggestion that the richer classes should be extinguished. So, if it is directed against them, why should they complain about it?

Sir, the point that I wish to submit with confidence is that this State is certainly badly in need of funds. When I, as the Finance Minister, brought in new taxes, I thought there was enough justification for doing so because you cannot maintain the progress of this country without taxation.

Sir, I can tell you, whether it is Kamraj or any other Raj, I am out of office and I do not mind being out of office. I am not in the position in which my friends feel I am in. I am quite happy and contented. But it is true that I like upliftment of the State, I like the progress of the State, I like that the poor people of this country should be benefited and the only method of doing so is by taxation. Those who complain most, if I may repeat with confidence, pay the least and those who pay the highest are not members of this House. Therefore, it is quite clear that it is nothing but a political campaign, it is nothing more than that.

Sir, more money is needed for the welfare of the State, more money is needed for the spread of education in this State, more money is needed for family planning, more money is needed for agriculture, more money is needed for providing technical schools and more money is needed to fight unemployment. It is well-known that we have not sufficient plans to rehabilitate the unemployed people. I was looking into the figures. I found we need at least three more Polytechnic Schools with accommodation for at least 180 boys in each and five Junior Polytechnic Schools. I was working out the figures and I found that the amount that is needed is at least Rs. 12.90 lakhs. Now, where is the money to come from? It is all very well to go on repeating that there is unemployment. There is no doubt that there is unemployment. But we should remember that there will be much more unemployment in the near future with so many people coming in from East Bengal. We have got to provide for them. We cannot force people to go to Dandakaranya—some are bound to stay back with their relatives and friends. How are you going to provide them with employment? You have got to give them training so that they may become honest and decent citizens and for that the only method is to start new Polytechnics and Junior Polytechnics so that we can give them some training and some education to earn their livelihood.

Sir, what I want to impress upon the honourable members of this House is that we need more money and more money has to be found and more money will be found. I have no doubt that this can be done by the ordinary process which is known to us and that is taxation.

Shri Khalil Sayeed:

মাননীয় স্পীকার মহাশয়, আমি রিলিফ সম্বন্ধে কিছু বলব। তবে তার আগে অন্য দু-একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে আমরা শুনেছি দেশের মধ্যে যারা গুন্ডা তারা দাঙ্গা করে এবং ভাল লোকেরা দাঙ্গায় মরে। দেশের এই কয়েকটি গুন্ডার কাছে পরাজিত হয়ে আমাদের দেশের বরেণ্য নেতারা দেশ বিভাগ করেছিলেন। জানি না পাপ কে করেছিল, কিন্তু তার জন্য প্রায়শ্চিত্ত করতে হচ্ছে পাকিস্তানের হতভাগ্য হিন্দুদের এবং ভারতবর্ষের মুসলমানদের। স্যার, এই যে দাঙ্গা হোল তাতে কোথায় হিন্দু মরেছে এবং কোথায় মুসলমান মরেছে সেই ফিরিস্তি দিতে আমি আসি নি, আমার বক্তব্য হচ্ছে দাঙ্গা হয়েছে এবং মানুষ মরেছে, নিপীড়িত, নিগৃহীত এবং অত্যাচারিত হয়েছে। পাকিস্তান থেকে যারা এসেছে এবং এখানকার মুসলমানদের পুনর্বাসনের জন্য বাজেটে যদি একটা স্বতন্ত্র খাত তৈরী করে তাদের রিলিফের ব্যবস্থা করা হোত তাহলে ভাল হোত এবং দেশের পক্ষে সেটা কল্যাণকর হোত। যাহোক, এবারে আমি অন্য বিষয় নিয়ে আলোচনা করতে চাই। আমাদের জেলায় কুশমন্ডী থানায় শিলাবৃষ্টি হবার ফলে সেখানকার মানুষদের ভয়ানক ক্ষতি হয়েছে কাজেই মুখ্যমন্ত্রী তাঁর রিলিফের একটা অংশ তাদের জন্য যদি ব্যয় করেন তাহলে ভাল হয়। তারপর, বাজেটে দেখছি রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি বৃদ্ধি করার একটা প্রস্তাব আছে এবং সেটা করাও হবে। এক্ষেত্রে একটা জিনিষ ভাবা দরকার যে, জমি বিক্রি করে কারা? গরীব লোক যাদের ঋণ আছে তারা নিঃস্ব হয়ে পেটের দায়ে মহাজনদের কাছে জমি বিক্রি করতে হয় এবং তাদেরই রেজিস্ট্রেশন ফি দিতে হয়।

রেজিস্ট্রেশন ফি গরীব লোকের কাছ থেকে চলে যায় তাতে যখন তারা ক্ষতিগ্রস্ত হয় তখন তাদের এই ফি বৃদ্ধি না করে আমার মনে হয় মকুব করলেই ভাল কাজ হত। আমি অন্য একটা কথা বলি। আমার কনস্টিটিউয়েন্সী কুশমণ্ডিতে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত নাই। থানা হাসপাতাল নাই, চিকিৎসা সম্বন্ধে যথেষ্ট অব্যবস্থা এই অঞ্চলে আছে। সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয় যাতে এ বিষয়ে দৃষ্টি দেন সেজন্য অনুরোধ জানাচ্ছি।

আমি আর একটা কথা বলি, বাজেটে জমিদারদের ক্ষতিপূরণের ব্যবস্থা করা আছে, কিন্তু দুঃখের বিষয় যে সমস্ত জোতদারদের জমি নেওয়া হল সেই সমস্ত জোতদারদের ক্ষতিপূরণ কিভাবে দেওয়া হবে ইত্যাদি সম্পর্কে কিছুই বলছেন না। জমিদারদের ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে নিয়মিত না হলেও তারা কিছু পাচ্ছে। কিন্তু জোতদাররা, যাদের জমি নেওয়া হল তাদের কি দেওয়া হবে? জমির বদলে টাকা দেওয়া হবে না কি দেওয়া হবে এবং আদৌ কিছু দেওয়া হবে কিনা সে সম্পর্কে তাদের অবহিত করা দরকার।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার সংক্ষিপ্ত ভাষণে আপনাকে সাক্ষী রেখে একটি কথা বলতে চাই। সম্প্রতি দাঙ্গা হয়ে গেল, আমি সেই দাঙ্গার কথা বলছি না, কিন্তু ভবিষ্যতের কথা ভেবে বলছি, ভারতবর্ষের যারা মুসলিম নাগরিক তাদের সংবিধানের নাগরিক অধিকার যা সংবিধানে দেওয়া আছে সে অধিকার তারা পাচ্ছে না, সেটা যেন তাদের দেওয়া হয়। আমি একথা আপনাকে সাক্ষী রেখে বলতে পারি, আমি জোরের সঙ্গে একথা বলতে চাই যে যদি সে অধিকারের ষোল আনা না হোক অন্ততঃ বার আনাও মুসলমানগণ পেত তাহলে জলের তৈরী বুদবুদ যেমন জলেই মিলিয়ে যায় তেমনি মুসলমানদের তৈরি পাকিস্তান একদিন মুসলমানরাই মিলিয়ে দিবে; ভবিষ্যতে তার সেই অধিকার পায়।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: মাননীয় স্পীকার মহাশয়, পল্লী বাংলার প্রতিনিধি হিসাবে আমি এই অ্যাসেম্বলীতে এসেছি। পল্লী বাংলার কথা বলতে গেলে যে কোন সদস্যকেই একথা বলতে হবে, তিনি এপারেই থাকুন আর ও পক্ষেই থাকুন, তার প্রধান সমস্যা হচ্ছে সেচ ব্যবস্থা। পল্লীবাংলার শতকরা ৮০ ভাগ লোক জমি চাষ করে খায়। কিন্তু আমরা দেখছি যে নানা রকম যে বড় বড় প্রজেক্ট হচ্ছে তার সেন্ট পারসেন্ট পটেনসিয়েলিটি কি ইউজ করতে পাচ্ছেন? সেটা অর্থমন্ত্রীর বক্তৃতাতেই সুস্পষ্ট হয়ে উঠছে। ইকনমিক রিভিউতে দেখছি ১৯৬৩-৬৪ সালে সেচভুক্ত এরিয়ার পারসেন্টেজ বেশী তো নয়ই বরং অল ইন্ডিয়ার ফিগার থেকে কম। অল ইন্ডিয়াতে যেখানে ৭০ পারসেন্ট, আমাদের পশ্চিমবাংলায় মাত্র ৬৯ পারসেন্ট পটেনসিয়েলিটি ইউজ করি, বাদ বাকী নষ্ট হয়ে গেছে। অথচ ময়ূরাক্ষী প্রজেক্টে মাত্র ৭০ পারসেন্ট ধরেছে যেখানে, সেখানে অল ইন্ডিয়ার পারসেন্টেজ হচ্ছে ৭৩ পারসেন্ট, মজা হচ্ছে এটাও খুব গৌরবের বিষয় নয়, সমস্ত জিনিষ নষ্ট হচ্ছে। পশ্চিমবাংলা অল ইন্ডিয়া ফিগার-এর অ্যাভারেজ থেকে কম, অথচ আমরা গর্ব করছি সোশিয়ালিজম হচ্ছে, অপচয় যদি সোস্যালিস্ট প্যাটার্ন হয় তাহলে সেই ধরণের সোস্যালিজম হচ্ছে। তারপর ডি ভি সি-এর ক্ষেত্রে অবস্থা আরও শোচনীয়, পুরানো ইডেন ক্যানেলের টার্গেট ছিল ৯·৭৩ লক্ষ একর করেছেন তারা সেচ মাত্র ৪·৮০ লক্ষ একরে, তার বেশী হয়ত পারবেন না। মজার ব্যাপার হচ্ছে। ডি ভি সি কর্তৃপক্ষ আর একটা বলে দিয়েছেন যে মাত্র ৫০ হাজার(?) একরে জল দিতে পারবেন তার বেশী পারবেন না এবং তাও আবার প্রথম ৯ বছরে দিতে পারবেন না, কোন ট্যাক্সও ছাড়বেন না। এই ট্যাক্স জিজিয়া করের মত বাড়তে বাড়তে চলেছে, ১৫ টাকা করে ট্যাক্স নেবেন, কিন্তু জল দিতে পারবেন না, যখন কোন জলের দরকার হবে না তখন বন্যা হলেও ফ্লাড হলেও জল দেবেন এবং বলবেন জল দিয়েছি।

[5—5-10 p.m.]

অবশ্য ওঁদের স্ট্যাটিসটিক্স আমি বিশ্বাস করি না। কিন্তু যে স্ট্যাটিসটিক্স ওঁরা দিয়েছেন সেই স্ট্যাটিসটিক্স-এর উপরে আমি বলছি যে ক্ষুদ্র সেচ ব্যবস্থার দিকে আমাদের নজর নেই। আপনারা বড় বড় প্রোজেক্ট করছেন, বহু জমি নষ্ট করছেন, কিন্তু জল দেবার বেলায় জল নেই। এ বিষয়ে ডি ভি সি কর্তৃপক্ষ বলছেন যে জল দেব কোথা থেকে, পর্যাপ্ত জল আমরা পাচ্ছি না,

কারণ আমাদের অধিকাংশ জল নিয়ে নিচ্ছে বড় বড় প্রোজেক্টগুলি—অর্থাৎ বার্নপুর, কোক ওভেন এবং অন্যান্য সমস্ত। এই জনাই বলা হয় আমাদের ডিফেকটিভ প্ল্যানিং। আপনারা যখন প্ল্যান করেছিলেন তখন আপনাদের ধরা উচিত ছিল সেচের জন্য কত জল লাগবে, কোক ওভেন এর জন্য কত জল লাগবে, তা না হলে আপনারা একটা প্রোজেক্ট করলেন এবং প্রোজেক্ট করার পর এখন বলছেন যা জল দেবার তা আমরা এখন দিতে পারব না। সেজন্য বলছি যে বাংলাদেশের প্রত্যেকটা জেলায় ছোট ছোট সেচ ব্যবস্থা করুন তাতে অনেক উপকার হবে এবং হয়ত এর ফলে বড় বড় অফিসারদের প্রচুর টাকা ও অন্যান্য জিনিষ যেগুলি তাঁদের বাঁ, ডান পকেট হোত তা কম হবে, কিন্তু আমাদের ভাল হবে। প্রায় ৪৫০ বছর আগে একজন ফ্রেঞ্চ পর্যটক এসেছিলেন মসিয়ে বার্নিয়ার তিনি ট্রাভেলস ইন বেঙ্গল বলে একটা বই লিখেছিলেন। সেই বইটা যদি দয়া করে পড়েন তাহলে দেখবেন ৪৫০ বছর আগে আমাদের যে ছোট ছোট সেচব্যবস্থা ছিল তার দ্বারা বাংলাদেশে দুধ এবং মধুর বন্যা বয়ে যেত। কিন্তু তার অনেকগুলি নষ্ট হয়ে গেছে, বুজে গেছে, চাষের জমি নষ্ট হয়ে গেছে। কিন্তু যেভাবে তাঁরা করেছিলেন সেই-ভাবে যদি করতেন তাহলে পল্লী বাংলার অনেক কিছু বাঁচত। এটা শুধু ফ্রেঞ্চ পর্যটক বলেছেন তা নয়, স্যার উইলিয়াম উইলকক্স ১৯২০ সালে এসে একটা বই লিখেছিলেন—

Ancient system of irrigation in Bengal.

সেই বইটা যদি পড়েন তাহলে দেখবেন যে কিভাবে ছোট ছোট সেচ ব্যবস্থা পুরাকালে ছিল। তখন বড় বড় ইঞ্জিনীয়ার ছিলেন না, বড় বড় স্ট্যাটিসটিসিয়ান ছিলেন না, তাঁরা কাজ করতেন এবং সেই কাজে আমাদের পূর্ব পুরুষেরা জল নিয়ে জল সরবরাহ করতেন। ল্যান্ড রেভিনিউ সম্বন্ধে একটা কথা বলব। শৈলবাবুর ইংরেজী বক্তৃতার ১০ পাতায় দেখলাম যে খাজনা খাতে ১ কোটি টাকা অতিরিক্ত রেভিনিউ পাওয়া যাবে। কিন্তু কি করে পাওয়া যাবে স্পষ্ট করে তা বলেন নি। আমরা বুঝেছি যে যারা জমির মালিক তাদের নিশ্চয় খাজনা বাড়ান হবে, তা না হলে ওঁরা টাকা পাবেন না। এটা যদি হোত যে লিকেজগুলি আছে সেই লিকেজগুলিকে প্লাগ করে যদি ইনকাম বাড়াতেন তাহলে আমাদের কিছু বলার ছিল না। কিন্তু তা তাঁরা করবেন না, বরং তাঁরা কৃষকের উপর অতিরিক্ত ট্যাক্স চাপিয়ে টাকাগুলি আদায় করবেন এবং সেটা যেভাবেই হোক। কিছুদিন আগে আমরা সংবাদপত্রে দেখলাম আপনারা হিন্ট দিয়েছেন যে ল্যান্ড রেভিনিউ বাড়াবেন। এটা যদি হয় তাহলে একে তো গরীব চাষীরা দালাল, মহাজনদের দ্বারা শোষিত হচ্ছে, তাদের সর্বনাশ করছে, সেখানে তাদের উপর যদি ট্যাক্স বাড়িয়ে দেন তাহলে চাষী আর বাঁচবে না। কৃষিজাত দ্রব্যের মূল্য সম্বন্ধে বলতে গেলে প্রথমেই আমরা দেখছি যে ইনডেক্স নাম্বার ১৯৬০-৬১ সালে ছিল ১৩১.৮৩ সেখান থেকে ১৯৬২-৬৩ সালে বাড়া দূরে যাক কমে হয়েছে ১২১·০০। এটা নিশ্চয় আপনাদের কৃতিত্বের পরিচায়ক নয় এবং আমি বলছি বর্তমান বৎসরে ১৯৬৩-৬৪ সালে সেই ইনডেক্স আরও কমে যাবে। কারণ আপনাদের ব্যর্থ ও বন্ধা নীতি। আপনারা নিজেরা দলবাজী করার জন্য আপনাদের পেটোয়া লোক যাঁরা তাঁদের কথাই শোনেন, কিন্তু আমাদের কথা শোনেন না—মনে করেন বিরোধী দল বিরোধীতা করার জন্য সব বলছে। কিন্তু আমরা যে সমস্ত কনস্ট্রাকটিভ সাজেসান দিই সেগুলি আপনারা নেবেন না। আমাদের ভবিষ্যৎ বংশধরদের কাছে আপনারা আশীর্বাদ পাবেন যদি আমাদের কথা শোনেন। খাদ্যশস্যের ব্যাপারে পশ্চিমবাংলার রেকর্ড আলোচনা করলে দেখবো যে, একমাত্র ১৯৫৪ সালে বাম্পার ক্রপ যে হয়েছিল তা ছাড়া একটা ক্রনিক ডেফিসিট হচ্ছে ১৯৫৪ সালে যে বাম্পার ক্রপ হয়েছিল তার কোন কৃতিত্ব নেই, সে কৃতিত্ব ওপরওলার, সেবারে বাম্পার ক্রপ হয়েছিল সময় মত বৃষ্টি হওয়ার দরুন। তা ছাড়া ১৯৪৭ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত একটা ক্রনিক ডেফিসিট হয়ে আসছে। গত বৎসর চালের দর ৫০।৫৫ টাকা পর্যন্ত হয়। আপনারা আগে বলেছিলেন খাদ্য নীতির পরিবর্তন করবেন না, কিন্তু যখন মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেল এবং খাবার অভাবে যখন চূড়ান্ত সীমায় পৌছাল তখন জনসাধারণের নিজের হাতে এর ভার নিতে হল, এবং তারা যে দাওয়াই দিল তার নাম দমদম দাওয়াই। এই দমদম দাওয়াই যখন পড়ল তখন বুঝলেন যে হ্যাঁ, সত্যই কিছু করা হয় নি। তখন মুখ্যমন্ত্রী বলতে সুরু করলেন আমরা খাদ্য নীতির পরিবর্তন করবো। এর পর জনসাধারণ বিক্ষুব্ধ হয়ে নিজেদের পথ বেছে নিতে শুরু করে, তখন সে পথ বন্ধ করবার আপনার চেষ্টা করেন। এই যদি হয় তাহলে তো আপনাদের

গণতান্ত্রিক সরকার বলতে পারবো না। ভারত সরকারের পরিসংখ্যান অনুযায়ী দেখলাম যে, খাদ্যশস্যের দাম ১৯৫৬ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত খাদ্যশস্যের দর বেড়েছে ৩৭ পারসেন্ট, পশ্চিমবাংলায় অ্যাভারেজ বা খাদ্যশস্যের ঘাটতি অনেক বেশী বেড়েছে সে কথা নিশ্চয়ই অস্বীকার করবেন না, এর কারণ যে জোতদার, মিল মালিক, যারা হোর্ড করে রাখে ঐ খাদ্যশস্য তারা আপনাদের চাঁদা দেয়। এর জন্যই আপনারা চুপ করে বসে আছেন। এটা আমার কথা নয়, উড়িষ্যার মুখ্যমন্ত্রী এটা ভুবনেশ্বরে ফাঁস করে দিয়েছেন, তিনি বলেছেন আমরা তাঁদের কাছে টাকা নিই—অতএব তাকে কিছু বলতে পারবো না। ভদ্রলোক একটা সত্যকথা বলেছেন এবং ঝোঁকের মাথায় বলে গেছেন, কিন্তু যদি জোতদারদের দিকে নজর দেন তাহলে সর্বনাশের দিকে চলে যাবে, এবং বিপ্লবের পথে এসে পড়বে। সরকার যতই বলবেন এবার ফসল ভাল হবে, কিন্তু সালের ফোরকাস্ট সব উল্টো, ইনভার্স রেসিও এবার বলেছেন হবে, তাহলে নিশ্চয়ই খারাপ হবে এটা আমার কথা নয় সেন্ট্রাল মিনিস্টার, বি আর ভগত লোকসভায় বলেছেন,

"I am distressed to say that in the current year we have again been hit by the weather. It seems we have to face another year of stagnant agriculture and relative shortage of food crops."

এই দুটার মধ্যে কি কোন মিল আছে, আপনারা বলছেন খাদ্যশস্য ঠিক হবে, তার মানে হচ্ছে ভুল স্ট্যাটিকটিক্স দিয়ে আমাদের বিভ্রান্ত করবার চেষ্টা করছেন, এবং আবার যাতে দমদম দাওয়াই দিতে হয় তার চেষ্টা কি করছেন? তাছাড়া আর একটা কথা আপনার মাধ্যমে স্মরণ করিয়ে দিতে চাই সেটা হল প্রেসিডেন্ট রাধাকৃষ্ণণের বাণী, প্রেসিডেন্ট রাধাকৃষ্ণ নভেম্বর মাসে গভর্নর্স কনফারেন্স-এ বলেছিলেন যে

"We have lately heard with much concern about food riots in some parts of Calcutta. Hunger drives people mad and you cannot control hungry people by resort to force. Even if there is an overall shortage of supplies, people will not take the law in their own hands if they are convinced that shortage affects all layers of society equally and that authorities are determined to deal ruthlessly with profiteering and blackmarketing."

[5-10—5-20 p.m.]

কথাটা খুব সত্য—ফুড সর্টেজ যা আছে তা আমরা সমানভাবে ভাগ করে নিচ্ছি, আমরা এর চেয়ে আর কি করবে? কিন্তু দেখছি আপনাদের যারা পুষ্ট তাদের ঘরে খাদ্যশস্যের কোন অভাব নেই—নিমন্ত্রণের কোন বাধা নেই। তাদের বাড়ী কুকুর বেড়াল খেতে পাচ্ছে আর মানুষ ডাস্টবিন থেকে খাচ্ছে এই তো অবস্থা। ডাঃ রাধাকৃষ্ণণের বাণীকে স্মরণ রেখে একটুখানি আপনারা চলেন তাহলে আমরা আপনাদেরকে আশীর্বাদ জানাবো তা না করেন তাহলে দমদম দাওয়াই নয়—দমদমের বাবা দাওয়াওয়াই দেবো, আমরা জানি কি করে দাওয়াই দিতে হয়। শৈলবাবু নিশ্চয়ই অস্বীকার করবেন না যে পশ্চিমবাংলায় পার ক্যাপিটা ইনকাম অত্যন্ত কম। এই রেট হচ্ছে ০·৪০ পারসেন্ট যেখানে অল ইণ্ডিয়া অ্যাভারেজ হচ্ছে ১.৫ পারসেন্ট। এটা ভুললে চলবে না এটা অ্যাভারেজ, এর বেশী বা কমও আছে। এবং বাংলাদেশকে নিয়েই অল ইণ্ডিয়া হয়েছে। এতে দেখুন টাটা বিড়লা শংকরদাসবাবু এবং যারা খেতে পায় না তারাও আছে। কলকাতার হিসাবে বলি সাধারণ লোকের ক্রয় ক্ষমতার কি রকম পতন হচ্ছে। পশ্চিমবংগ সরকারের স্টেট স্ট্যাটিসটিক্যাল একটা সার্ভে করেছিল তাতে দেখা যায় যে একজন আর্নিং মেম্বারের উপর তিন জন খাচ্ছেন। মাসিক আয় ৫০ টাকারও কম আর ৩৮ পারসেন্ট হচ্ছে মাসিক আয় ১০০ টাকার মত মাত্র ওয়ান পারসেন্টের ১ লক্ষ টাকাই বলুন আর কোটিই বলুন হয়েছে। তার সংখ্যা কিন্তু মাত্র ওয়ান পারসেন্ট। এই তো আমাদের অবস্থা। কলকাতা সহরের ইনকাম হচ্ছে ১৫ কোটি টাকার মত, তার মধ্যে কয়েকজন দালাল আছে। গত শীতকালীন অধিবেশনে লোকসভায় নন্দ স্বীকার করেছিলেন যে জনসাধারণের ৫০ পারসেন্ট-এর দৈনিক আয় বার আনা অর্থাৎ মাসিক সাড়ে বাইস টাকা। স্বাধীনতার পর ১৭ বছর হয়ে গেল—বহু কথা, বহু প্ল্যান হোল কিন্তু তার আলটিমেট রেজাল্ট যদি এই হয় তাহলে আর কি বলবো। কিছুই বলার নেই শুধু দমদম দাওয়াই।

শ্রীসৈয়দ আব্দুল মনসুর হবিবুল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট অধিবেশনের সভায় যোগদান করতে গিয়ে প্রথমেই আমি ধন্যবাদ না জানিয়ে থাকতে পারছি না এইজন্য যে আমরা আমাদের বর্তমান মুখ্যমন্ত্রীর মারফত আমাদের দেশের একজন প্রাচীন দেশপ্রেমিকের নাম করেছেন, তিনি হচ্ছেন মুকুন্দ পণ্ডিত। তাঁর কথা মুখ্যমন্ত্রী সম্প্রতি আমাদের জানিয়েছেন এবং তাঁরই একটা কথা দিয়ে আমি এই বাজেটে আমার বক্তব্য বলতে আরম্ভ করবো। মুখ্যমন্ত্রী বলেছেন সেই মুকুন্দ পণ্ডিতের ধার ছিল অনেক। ধানবাড়ীর যে প্রথা তখনকার দিনে ছিল তার দুঃখের কাহিনী এবং তখনকার সমাজের একটা উৎপীড়নের একটা চিত্র মুখ্যমন্ত্রী মুকুন্দ পণ্ডিত সম্পর্কে যে কথা বলেছেন তার থেকে ফুটে উঠেছে। প্রাক্তন উপমন্ত্রী শ্রীমতী ব্যানার্জীর মারফত মুখ্যমন্ত্রী যে কাগজ থেকে বলেছেন আমি সেটা পেয়েছি। মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন সেটায় তখনকার সমাজ জীবনের একটা উৎপীড়নের চিত্র তাঁর কাছে ফুটে উঠেছে। আমাদের থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানের যে অবজেক্টিভ আছে তার মধ্যে গ্রাম্য মানুষের সম্বন্ধে বলা আছে "to eliminate elements of exploitation and social injustice within agrarian system, to provide security for the tiller of the soil, and assure equality of status and opportunity to all sections of the rural people",

এইটা আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রাম্য মানুষ সম্বন্ধে বলা আছে। গত কয়েক বৎসর ধরে আমাদের মন্তেশ্বর এলাকায় যে অবস্থা চলেছে এবং এখনও যে অবস্থা চলেছে তাতে সেখানকার মানুষের অবস্থা মুকুন্দ পণ্ডিতের সময়ের চেয়ে কোন রকম উন্নত হয়েছে বলে মনে হয় না। মুকুন্দবাবুর সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে তখন এক মণে ১০ সের বাড়তি দিতে হত। এখন আমাদের দেশে যা প্রচলিত আছে, মন্তেশ্বর এলাকায় যাঁরা গিয়েছেন তাঁরা জানেন, ভাদ্র মাসে আশ্বিন মাসে ৪৪ টাকা পর্যন্ত ব্যাগে অর্থাৎ বস্তায় ধান নিতে হয়েছে, সেটা এখন দুই বস্তা করে শোধ দিতে হচ্ছে। এই হচ্ছে বর্তমানে শুধু মন্তেশ্বর এলাকায় নয়, গ্রাম বাংলায় বর্তমানে এই অবস্থা অনেক জায়গায়ই চলছে। নভেম্বর মাসের ১লা তারিখ থেকে মুখ্যমন্ত্রী আমাদের আশ্বাসিত করেছিলেন যে উড়িষ্যা থেকে অনেক চাল আসবে। আমি তখন তাঁর এই কথাকে আশীর্বাদ দিতে পারিনি এইজন্য যে আমি মনে করেছিলাম এটা ধান উঠবার পর দাম পড়াবার একটা কৌশল মাত্র। আমি দেখেছি এটা শুধু আমার মন্তেশ্বর এলাকায় হয় নি, এমনও হয়েছে যে লোককে জমি লিখে দিতে হয়েছে আমি শোধ দিলে ফেরত পাবো এই রকম এক টাকা করে কোবলা বা এগ্রিমেণ্ট-এ লেখা আছে, কিন্তু অনেক জায়গাতেই তাদের নেবার ক্ষমতা নেই। কাজেই আজকে যেখানে মন্তেশ্বরে ক্যানাল এলাকা আছে সেখানে এক হাজার—পাঁচশত সেখানে জমির দাম উঠেছে, হয়ত দুই তিন মণ ধানের জন্য জমিও ছেড়ে দিতে হবে। এই অবস্থা চলছে।

[5-20—5-30 p.m.]

আপনি এই বাজেট বক্তৃতায় পাবেন, বাজেটে আমাদের ঋণের ব্যবস্থা করা হয়েছে ৬ কোটি, আগের চেয়ে অনেক উন্নত। আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী যেমন দেখালেন, ফিগার দিয়ে অনেক কিছুই দেখান যায়, ২ কোটি থেকে ৩ কোটি, ৩ কোটি থেকে ৪ কোটি এমনি করে কিন্তু দাঁড়ালো কি, তাতে লাভ কি হল? ব্রিটিশ আমলে ১২ কোটি ছিল টোটাল বাংলাদেশের জন্য এখন সে জায়গায় ১৩৫ কোটি হয়েছে সত্যিই ত অনেক বেশী করেছেন, অনেক গুণ বেশী করেছেন। আগে যেখানে ৩ টাকায় এক বস্তা খোল ছিল সেখানে এখন অনেক বেশী হয়েছে, আগে যেখানে ৪০ টাকা একটা বলদের দাম ছিল এখন ২॥ শত ৩ শত টাকা দিয়ে একটি বলদও পাওয়া যায় না। তারপর এই যে ৬ কোটির কথা বললেন এর কত পরিমাণ প্রকৃত কৃষকের কাছে যাচ্ছে? সুতরাং তুলনামূলক হিসাব করলে দেখতে পাবেন যে স্টেপ বাই স্টেপ আমাদের প্রতাপবাবু যে কথা বললেন সেটা প্রগ্রেসের দিকে যাচ্ছে না, সেটা রিগ্রেসের দিকেই যাচ্ছে—জমির ভ্যালুয়েশন বেড়ে যাচ্ছে, বলদের দাম বেড়ে যাচ্ছে, সাধারণ চাষীকে উন্নত করবার জন্য, অ্যাগ্রেরিয়ান ইকনমিকে তুলে ধরবার জন্য সাহায্য করতে পারছে না। আমি আরো কতকগুলি কথা বলছি যেমন ধরুন আমার মন্তেশ্বর এলাকায় আপনারা সকলেই জানেন ওখানকার হাজরা মহাশয়রা বিখ্যাত লোক তাঁরা আমার নিকট একটা চিঠিতে বলেছেন—ঐ চিঠি পড়ার বিতর্কের পর যদিও আমার একটু সন্দেহ হচ্ছে তথাপি

আমি এই চিঠিটা একটু পড়ে দিচ্ছি। "বর্ধমান জেলার মন্তেশ্বর থানার কুসুম গ্রাম ইউনিয়নের অন্তর্গত সিংহলিয়া একটি গণ্ডগ্রাম অধিবাসীর সংখ্যা প্রায় দু' হাজার। গত বৎসর এখানে ফসল হয় নাই, কারণ এখানে ক্যানেল নাই আর ঈশ্বর বৃষ্টি দেন নাই। গ্রামের অধিকাংশ লোকেরই মাঘ মাস হতে খোরাকী ধান্য নাই। একটি ঘর ছাড়া বাকী সবই দুঃস্থ পরিবার এবং বসন্তে মারা গিয়েছে ১০ জন" ইত্যাদি ইত্যাদি, এই সব কথা তাঁরা বলেছেন। বাংলাদেশে এই যে বসন্তের প্রকোপে লোক মারা যায়া যায় তাতে আমাদের পাবলিক হেলথ ডিপার্টমেন্ট খুব সাহায্য করছে না। আপনারা থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানের কথা অনেকবার তুলে ধরেছেন, কিন্তু সিংহলিয়া গ্রাম এবং শুধু সিংহলিয়াই নয় বর্ধমান জেলার যে সব জায়গায় এখন পর্যন্ত ক্যানেল যায় নি, গত বৎসরের শোষণের পরে সেই সমস্ত জায়গার কৃষককুলের অবস্থাটা কি? তারা অত্যন্ত দুঃস্থ, এবং তারা আমাদের ত্রাণ মন্ত্রীর এলাকায় পড়ে না, কারণ আমাদের এস ডি ও সাহেব প্রায়ই বলে থাকেন আপনার ওটা ক্যানেল এরিয়া, আপনাকে ত কিছু দিতে পারি না। ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি বলতে পারি, তাঁকে আমি ধন্যবাদ জানাই—এখানে আমার একটা কবিতার কথা মনে পড়ে গেল, **मुश्किल तम हुआ दो मैंने तुम्हें आशिक बना डाला** ।

তাঁকে আমি বলছি আমার মন্তেশ্বর এলাকায় ত্রাণ ব্যবস্থায় শতকরা দুই জনের বেশী গ্রাচুইটাস রিলিফ পাবে না। তারপরে যেটা নাকি ক্যানাল ফেড এরিয়া নয় তাদের অবস্থা আরো কঠিন। এবারে ধানের দাম, আলুর দামের ব্যাপারে কৃষককুল ভীষণভাবে মার খাবে, এবার আলুর চাষীরা সাংঘাতিকভাবে আঘাত প্রাপ্ত হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ আছে, ২৮ টাকা দরে খোল কিনতে হয়েছে বীজ ১৪ টাকা দরে কিনতে হয়েছে। এবার যদি ভাল আলুর চাষ হত যেটা নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী গর্ব করেছেন তাহলে আলু চাষী ৫ টাকা দর পেতো। এই যেখানে কৃষির অবস্থা সেখানে আমি মোটেই মনে করতে পারি না স্টেপ বাই স্টেপ প্রগ্রেসের দিকে যাচ্ছে। ১৯৩০ সালে মাঠের ধান মাঠে পড়ে থাকতো, চাষীরা জমি চাষ করতে পারে নি কিন্তু আজকে নিশ্চয়ই সে অবস্থা নেই। লোকসংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে, মাঠে মাঠে চাষও অনেক বেড়েছে, কিন্তু কৃষকদের দিকে তাকিয়ে দেখতে গেলে দেখা যাবে এখনও পর্যন্ত তারা ক্ষতিগ্রস্ত অবস্থায়ই আছে। একটা কথাই আমি শুধু বলবো ট্রাইবাল ওয়েলফেয়ারের কথা আমাদের বলা হয়, টিলার অফ দি সয়েল সেই ট্রাইবালদের কথাই আমি বলছি, সুন্দরবন এলাকায় মুণ্ডাজাতীয় আদিবাসী আছে। হাইকোর্টে এদের একাধিক কেস করতে গিয়ে আমি দেখেছি যে এদের উচ্ছেদ থেকে রক্ষা করা যায় না, জজ সাহেব বলেছেন

Well, Mr. Hbbibullah, you can go over to the other place where you can agitate this point. So, I have taken the cue from the Hon'ble Justice of the High Court.

আমি আপনাদের কাছে বলছি যে আমাদের যে প্রজাস্বত্ব আইন, জমিদারী ট্রান্সফার সম্বন্ধে যে বিধি-নিষেধ ছিল এবং ভাগচাষী মুণ্ডা আদিবাসীদের উচ্ছেদ করা সম্বন্ধে অন্ততঃ প্রজাস্বত্ব আইনে তাদের যে অধিকার ছিল—যে ম্যাজিস্ট্রেটের কাছে পার্মিশন না নিলে ট্রাইবালদের উপর হাত দেওয়া যায় না সেই ব্যবস্থাও কি এদের জন্য করা যায় না? আপনি এখানে তাদের এমপেডিমেন্টস এবং এক্সপ্লয়টেশন থেকে রক্ষা করবার কথা বলেছেন, গত ১৬ বৎসরের মধ্যেও কি এ ব্যবস্থা করা যেতো না? বাংলাদেশে যে শতকরা ৭।৫ জন সাঁওতাল ও আদিবাসী রয়েছে তাদের রক্ষা করার জন্য কি কোন ব্যবস্থা করা যায় না? করা যায় যদি সেই দৃষ্টিভঙ্গী থাকে।

মূলতঃ আমার প্রশ্ন এখানেই শেষ করলাম—দীর্ঘ সময় আলোচনা করব না। এবারে আমি কতগুলি গ্রামের কথা বলব এবং সেটা হচ্ছে বন্যা নিরোধ সম্পর্কে এবং মডেল ভিলেজ স্কীম সম্পর্কে। কালনা, কাটোয়া, অজয় নদীর তীরে হয়েছে এবং ঢাকঢোল বাজিয়ে দেখান হোল, খবরের কাগজে ছাপা হোল, বিল্ড ইওর ওন হাউস। এখন দেখছি সেই ইটগুলো স্তূপাকার হয়ে রয়েছে। কোথায় গেল মডেল ভিলেজ? পরলোকগত ডাঃ রায় স্মরণীয় ব্যক্তি—প্রথমে তাঁকে উপহাস করেছিলাম, কিন্তু পরে দেখলাম কিছুটা হয়ত কাজ হতে পারে। কিন্তু এখন সেই মডেল ভিলেজ লণ্ঠন দিয়ে খুঁজে বেড়ালেও পাওয়া যাবে না। এরকম আরও অনেক বিষয় রয়েছে। এবারে আমি ত্রাণের বিষয় একটি কথা বলব। আমাদের ত্রাণমন্ত্রী মাঝে মাঝে আমাদের

অনেক কথা শোনান যে কেমনভাবে তিনি ত্রাণ করছেন। এই ত্রাণের ব্যাপারে একটা জিনিষ দেখতে পাচ্ছি তথাকথিত কমিটিগুলো যে আছে সেগুলো কখন বসে তা টের পাই না এবং কিভাবে যে ব্যবস্থা করা হয় তাও টের পাই না। আমার কথা হচ্ছে গ্রাচুইটাস রিলিফের যদি এতই ব্যবস্থা করা হয়ে থাকে এবং আমাদের দেশকে যদি গ্রাচুইটাস রিলিফের উপর নির্ভর করতে হয় তাহলে অন্তত এটা ঠিক করা হোক যে, কিছু লোককে পার্মানেণ্ট রিলিফের মধ্যে নিয়ে আসা হবে। প্রত্যেক কমিটির স্যাংসন-এর মধ্য দিয়ে সব ব্যবস্থা হয় এবং দেখছি কিছু পাচ্ছে এবং কিছু মারা যাচ্ছে। এরকম না করে একটা স্থায়ী ব্যবস্থা করা হোক। তারপর রিলিফের টাকা এত দেব এটা না করে এটা চালু করা হোক যে, দুঃস্থ এলাকাকে রিলিফের মধ্যে আনব এবং এই ব্যবস্থা পাকা করা হোক। তারপর আমি শহর এলাকার কিছু কথা বলব, অর্থাৎ যেসব জায়গায় প্রাইভেট ইলেকট্রিসিটি কোম্পানী আছে সে সম্বন্ধে কিছু বলব। ইলেকট্রিসিটি আইনে নিয়ম করা হয়েছে, সংশোধন করে বলা হয়েছে যে লোক ইলেকট্রিসিটি চায় সে পেতে পারে। আগে ব্যবস্থা ছিল বাড়ীর মালিক যদি যোগ না দেয় তাহলে পাবে না—সেটা সংশোধন করা হয়েছে। কিন্তু সমস্ত জায়গায় ইলেকট্রিসিটি কোম্পানী সেকসন টেন চাপাচ্ছে। এর ভেতর টাকা খাবার ব্যবস্থা আছে। ইন্সপেক্টরদের বাড়ীওয়ালারা টিপে দিয়ে আসে, টাকা খাওয়ায় এবং তার ফলে ইলেকট্রিসিটি পায় না। এরকম জুলুম চলছে। তাঁদের সঙ্গে যে যোগাযোগ আছে একথা বার বার বলা হয়েছে। স্যার, আমি আগেকার বক্তব্য বলেছি যে, বি এন ইলিয়াস কোম্পানী এবং চন্দননগর ইলেকট্রিসিটি কোম্পানী প্রাইভেট ইলেকট্রিসিটি কোম্পানী। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে তারা আমাদের ইলেকট্রিসিটি ডাইরেক্ট রেট-এর চোখের সামনে এরকম জুলুম করছে। আমি যা বললাম তার চেয়ে বিস্তারিত আলোচনা এ বিষয়ে আর করব না এবারে আমি বিচার বিভাগের প্রশ্নে আসছি। যেগুলি এখনও বিচারাধীন অবস্থায় রয়েছে সেগুলি নিয়ে আমি আলোচনা করব না। কিন্তু এটুকু বলব যে, বিচার বিভাগে একটা সংকট দেখা দিয়েছে এবং সেটা বললে মোটেই বেশী বলা হবে না। কোর্ট, কাছারীতে কি অবস্থা হয়েছে সেটা আপনারা সকলেই জানেন এবং আলিপুর কোর্টে দেখেছি সেখানে যে মামলা হয় তার রেকর্ড উধাও হয়ে যায়, পাওয়া যায় না। কি করে যে উধাও হয়ে যায় তা বলা যায় না। জজ সাহেবের কাছে নালিশ করলে কিছু হয় না এবং অফিসাররাও শাস্তি পায় না এরকম একটা অরাজকতা রয়েছে। হাইকোর্টে জে পি মিত্র-র যে কেস চলছে সে সম্বন্ধে আমি কিছু বলছি না, কিন্তু এটা দেখছি যে, বিচার বিভাগে একটা সংকট উপস্থিত না হলে একজন বিচারক আর একজন বিচারকের বিরুদ্ধে মামলা করতে প্রস্তুত হয় না বা একজন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট একজন সাব-জজ-এর বিরুদ্ধে কেস করে না। কাজেই এ বিষয়ে গভর্নমেণ্ট-এর সচেতন হওয়া উচিত এবং বিচার বিভাগে যে অবস্থা হয়েছে সেটা কেন হয়েছে সে বিষয়ে তদন্ত করা উচিত এবং বিচার বিভাগ যাতে সুষ্ঠুভাবে চলে সেই ব্যবস্থা করা উচিত। তবে এই যে চলছে না তার কারণ হচ্ছে গভর্নমেণ্টের হস্তক্ষেপ, অ্যাডমিনিস্ট্রেশন-এর হস্তক্ষেপ এবং আমি তার উদাহরণ দিচ্ছি। আমার কনস্টিটিউয়েন্সী মন্তেশ্বর এলাকায় ১৯৬২ সালের মার্চ মাসে আমার নির্বাচনের কর্মীরা একটা কেস-এ জড়িত হয়, কিন্তু প্রাইমা ফেসী কেস নেই বলে ম্যাজিস্ট্রেট ফেলে রেখেছেন। এতদিনে মাত্র একটি সাক্ষী হয়েছে এবং লোকগুলাকে গিয়ে গিয়ে ফিরে আসতে হচ্ছে।

[5-30—5-40 p.m.]

পুলিস বলছে লোককে, হ্যারাস করাই আমাদের লক্ষ্য, এই রকম কাজ চলেছে, ম্যাজিস্ট্রেটের সমর্থন অনুযায়ীই এই কাজ চলছে, এবং দেখুন অ্যাডমিনিস্ট্রেশনকে কিভাবে গভর্নমেন্ট সমর্থন করে যাচ্ছে—আলিপুর কোর্টে এক একটি ম্যাজিস্ট্রেট আছেন এবং সেখানে তাঁদের ভেস্টেড ইন্টারেস্ট হয়ে গেছে। ৫।৭ বছর ধরে এক একটি পোস্টে তাঁরা আছেন, পরিবর্তন করা দরকার হচ্ছে না, এইভাবে বিচার বিভাগের মধ্যে অ্যাডমিনিস্ট্রেশনের হস্তক্ষেপ, কংগ্রেস দলীয় যা তা রকম প্রভাব, সমস্ত রকম অব্যবস্থা চলেছে, আজকে যে অরাজকতা চলেছে তা থেকে আমাদের পরিত্রাণ পাওয়া অত্যন্ত প্রয়োজন। অন্যান্য বিষয়ে আর আলোচনা করতে চাই না। এখন আমাদের ডি অই আর নিয়ে গত এক -দেড় বছর ধরে যে দাপট চলেছে, অন্যায় জুলুম চলেছে, তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি স্যার, জানেন কে কোথায় কখন কি বলেছে,

চীন আক্রমণ করেছে কি করে নি, তাকে ডিফেন্স অফ ইন্ডিয়া রুলে ধরা হয়েছে। অনেকে বিচারপ্রার্থী হয়েছে, অনেকে খালাশ হয়েছে, আবার অনেকের শাস্তিও হয়েছে। একটি জায়গায় কেস করা হয়েছে একটি খবরের কাগজের লেখকের বিরুদ্ধে, তিনি কি লিখেছেন পড়ে দিচ্ছি। কি মারাত্মক অবস্থা দেখুন।

"They indulged in such motivated publications apparently to see both the communities again out in direct action and thus attempted to disgrace the State and other administrative action of the Government by way of very naked and dirty criticism against the local executive staff."

সেই আর্টিকলে যা লেখা হয়েছে তার রেলিভেন্ট পোরশন হচ্ছে এই। এই পর্যন্ত উভয় সম্প্রদায়ের প্রায় দেড় শতাধিক ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে, তাহাদের মধ্যে অধিকাংশ মুসলমান আছেন। প্রতিক্রিয়াশীল কোন কোন মহল্লা হইতে প্রচার করা হইতে থাকে যে মুসলমানরাই দাঙ্গা বাধাইতে আসে। কিন্তু যে কোন বিবেকবান ও যুক্তিবাদী মানুষ স্বীকার করিবেন যে কোন দেশে সংখ্যালঘুগণ কেন অশান্তি সৃষ্টি করিতে চাহে না। উভয় সম্প্রদায়ের যাহাদের ধরা হইয়াছে, আমাদের ধারণা তাহাদের মধ্যে অনেকেই নিরীহ ও নিরপরাধ ব্যক্তি আছেন। শ্যামের বাঁশী শ্রীরাধাকে যেমন ব্যাকুল করিয়াছিল তেমনি আজ লোককে বিব্রত করিয়াছে সহরের অনেক হিন্দু মুসলমানকে বড়বাবুর ডাক। বড়বাবু ডাকছেন একথা শুনিলে তাহাদের মুখের রক্ত পায়ে নামিয়া গোদ হইবার উপক্রম। খোদা রক্ষা করুন, বড়বাবুর ডাক আর কাহাকেও যেন শুনিতে না হয়।"

এই প্রবন্ধ লেখার জন্য নাকি অত্যন্ত সাম্প্রদায়িক উস্কানি দিচ্ছেন। দেশকে রসাতলে নিয়ে যাচ্ছে বলে ডি আই রুলে ভদ্রলোককে গ্রেপ্তার করা হয়েছে। এতে কোথায় সাম্প্রদায়িকতা আছে, হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের কথাই আছে। তবে একটি শব্দ আছে। অধিকাংশ মুসলমান। এটা ফ্যাক্ট হতে পারে এটা ভুল হতে পারে, অন্যায় হতে পারে। সেটা সার্চ করে দেখা হোক। কিন্তু এজন্য এই ভদ্রলোককে ডি আই আর এতে ধরা হবে কেন, সেটা আমার মাথায় আসে না। এই যে পাবলিকেশন যার

So relevant portions of the aforesaid publication are indicated herein.

তাতে দেখা যাচ্ছে দেশের মানুষের ব্যক্তিস্বাধীনতা এভাবে খর্ব হতে আরম্ভ করেছে। এ জিনিষ সম্বন্ধে আমাদের অবহিত হওয়া প্রয়োজন, প্রত্যেক মানুষেরই এটা কর্তব্য। এখানে আমি হিন্দু মুসলমানের প্রশ্ন আনতে চাই না। যে কোন লোক তিনি হোন না কেন হিন্দু হোন, মুসলমান হোন, এই রকম ধরণে যদি এফ আই আর করা হয় তবে তিনি বিব্রত হতে বাধ্য। কাজেই মানুষকে এইভাবে আক্রমণ করলে মানুষ বিব্রত হবে। এ বিষয়ে লক্ষ্য রাখা দরকার। আজকে দাঙ্গাহাঙ্গামা হওয়ার পর যে পুলিশী রাজত্ব চলেছে তাতে পুলিসের বড়বাবুদের সুবিধা হচ্ছে। এর বেশী বলা দরকার হবে না, এটা সবাই জানে, এখানে তা বলছি না। চীনের আক্রমণের পর থেকে এক দেড় বছর ধরে যে এফ আই আর করা হয়েছে সেই সব বিষয়ে তদারক করে দেখা হোক সত্যই কতটুকু ন্যায়-অন্যায় করা হয়েছে।

আর একটি বিষয়ে আমি বলেই আমার বক্তব্য শেষ করবো। আজকে আমাদের দেশের সামগ্রিক পরিস্থিতি লক্ষ্য করেই বলছি আজকে যে গণতন্ত্রের সঙ্কট উপস্থিত হয়েছে তা থেকে আমাদের উদ্ধার পেতে হবে। এখানে হিন্দু-মুসলমান প্রশ্নই বড় প্রশ্ন নয়। আজকে প্রশ্ন হচ্ছে সামগ্রিকভাবে আগে যেমন প্রাক্তন ভারতবর্ষে বলা হত ভারতবর্ষের সংগ্রামশীল মানুষ লড়াই করে গেছে দেশের সমৃদ্ধির জন্য, তেমনি আজকে দেশকে ভালবেশে, দেশের মানুষকে ভালবেসে সকলে মিলেমিশে থাকুক এটাই চাই এবং দুর্ভিক্ষের বিরুদ্ধে সংগ্রাম করুক নগ্ন দারিদ্র্যের বিরুদ্ধে সংগ্রাম করুক এটাই গণতান্ত্রিক মানুষ চায়।

এই লড়ায়ের জন্য আরও সকলকে যাতে কিভাবে আনতে পারি সেদিকে দৃষ্টিভঙ্গী দিলে দেশ সমস্যা সমাধানের দিকে অনেকটাই এগিয়ে যাবে, অন্যদিকে দেখলে সমস্যার সমাধান হবে না।

The Hon'ble Saila Kumar Mukherjee: Mr. Speaker, Sir, I have listened with respectful attention for four days to nearly 60 speakers who have taken part in the general discussion of the Budget. Sir, several charges have been made against the Treasury Bench. Sir, when I was listening to the speeches I was reminded of a very good phraseology in the art of advocacy, viz., when you have not a good case to present before the court you start by abusing the other side. Here I have found that the arguments which have been advavnced by my friends of the opposition are nothing but hurling abuses and charges against us which I shall answer one by one.

The first charge that they have made is that we have bragged and boasted and paraded about our achievements. They have said, অত বড়াই কিসের Sir, I most respectfully and humbly submit that in my 27 pages speech there is not a single word, or a single line where Government wanted to take credit for the achievements. Our achievement, summarised uring the 15 years, that the income has risen from 10 crores to 135 crores and the expenditure has risen from 9 crores to 125 crores—a meteoric sharp rise in the curve without a downward trend for one year even in the last 15 years—is certainly a matter for which in the very first paragraph of my speech I have congratulated the people of West Bengal, and the people of West Bengal do not include only those who are supporters of this side, they do include the honourable members of the opposition and their numerous supporters in the country. Therefore, this charge that we have paraded is groundless although we could legitimately parade and take pride for what we have one because we trust our people, we have confidence in our people and we do know that our people has contributed to this increase during the last few years.

The second charge against us is that we have suppressed and concealed facts. Nothing can be farther from truth. This year a book has been published for the first time, viz., the "Economic Review", and I have seen many friends on the opposite building up their arguments from the facts furnished here. These facts show not only our achievements but our failures, our difficulties and drawbacks and the hurdles that we have to cross. Therefore, there is no question of hide and seek.

Another matter, I was expecting during these 4 days from the 60 speakers who took part in the discussion to point out any instance of our wrong statement of figure or jugglary of figure or misstatement of figure; but not a single such instance has been cited.

Sir, the next serious charge is that "we are building a capitalistic economy and are tied to the apron-string of Anglo-American block, and have opened the door for economic exploitation by imperialist powers; we by our massive foreign aid with political strings attached to it are paving the way towards ruin and our national income has been reduced."

[5-40—5-50 p.m.]

Sir, this argument of being tied to the Anglo-American Bloc has been repeated ad nauseum particularly by my friends on the Communist bloc. While going through the budget speech for the last several years since independence I find this argument repeated ad nauseum. Sir, it is too late in the day to say that during the year 1963 we have been tied to the Anglo-American Bloc. They now too well that it is not correct. They have made out time and again that we should tie ourselves to the Communist Bloc. They know too well that it is not correct. They have made out time and again that we should tie ourselves to the Communist Bloc. They know that if they admit that it will knock the bottom of their argument that we are

৭ হাজার স্যাম্পেল পরীক্ষা করা হয়েছে। চাষীদের এটা বিনা পয়সায় পরীক্ষা করে দেওয়া হয়। গভর্নমেন্ট ফার্মে সার্টিফিকেসনের জন্য এই টেস্ট করে দেওয়া হয়। রানাঘাট এগ্রিকালচারাল ডিমনেস্ট্রেসন ফার্ম ইন্দো-জাপানীজ একটি এগ্রিমেন্ট অনুযায়ী করা হয়েছে। মাননীয় সদস্যগণ জানেন যে চালের উৎপাদনে জাপান কৃতিত্ব দেখিয়েছে। সুতরাং জাপানী পদ্ধতিতে চালের উৎপাদন বাড়ানো সম্পর্কে এখানে প্রদর্শন করার জন্য জাপানী কৃষকদের এনে এখানে থানা ফার্মে চাষ করতে দেওয়া হয়েছে। প্রথম বছর এরা ভাল কিছু করতে পারে নি, অনেক দেরীতে চাষ আরম্ভ করেছিল প্রথম বছর তাই একর প্রতি ২২ মণ হয়েছিল, দ্বিতীয় বছর আউস, আমন, গম নিয়ে ৮০ মণ প্রতি একরে হয়েছে এবং আশা করা যাচ্ছে আরও উৎপাদন বাড়বে। এই ফার্মে ধানের উৎপাদনের জন্য জাপানী বিশেষজ্ঞদের নিয়ে শিক্ষা দেবার জন্য আমরা ব্যবস্থা করছি এবং এদের যে সমস্ত যন্ত্রপাতি আছে সেগুলি অত্যন্ত সুন্দর হালকা এবং আমাদের এখানকার উপযোগী, সেই যন্ত্রপাতি সম্বন্ধে আমাদের এখানে যেসব এক্সপার্ট আছে তাদের শিক্ষা দেবার ব্যবস্থাও করা হচ্ছে। বীজ সম্পর্কে বলতে গিয়ে বলতে হয় দার্জিলিংয়ে যে আলুর একরকম রোগ হয়েছিল সেই রোগকে মুক্ত করার জন্য আমরা হল্যান্ড থেকে আলু আনিয়েছিলাম। সারের কথা বলতে গেলে রাসায়নিক সার ছাড়াও আমাদের জৈব সারের উপর জোর দিতে হবে, কারণ প্রয়োজন অনুযায়ী সব সময় রাসায়নিক সার ঠিক পাওয়া যায় না। আর চাষীদের ক্রয়ক্ষমতার মধ্যেও রাসায়নিক সার পাওয়া যায় না। আমাদের ২৬৯টি ব্লকে কম্পোস্ট ম্যানিওর করার জন্য চেষ্টা করা হয়ে এবং এটা করার ব্যাপারে আমাদের ৮শত ভি এল ডব্লিউকে এবং ৪ হাজার ভিলেজ লিডারকে আমরা ট্রেনিং দিয়েছি। ২৫ লক্ষ টন আমরা রুর‍্যাল কম্পোস্ট পাবো বলে আশা করছি। তাছাড়া যাতে এই গোময় সার হিসাবে ব্যবহার হয় তার জন্য পাকা কম্পোস্ট পিট এবং ইমপ্রুভড ক্যাটেল সেট করবার জন্য আমরা শতকরা ৫০ ভাগ সাহায্য দিয়ে থাকি। আমরা এর জন্য ১০ লক্ষ টাকা বাজেটে ধরেছি। তা ছাড়া কৃষি বাজেটেও ১০ লক্ষ টাকা ধরা হয়েছে। বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে কম্পোস্ট সার করার জন্য সাহায্য দেওয়া হয়। ৩৫টি মিউনিসিপ্যালিটিকে দেওয়া হয়েছে এবং কম্পোস্ট সারের খুব ডিম্যান্ড আছে তা সকলেই জানেন এবং এবার আমরা আশা করছি যে ৪০ হাজার টন কম্পোস্ট সার আমরা পাবো। কলকাতার যে তলানি সার তাও আমরা এ বছর ৭ হাজার টন বিলি করতে পারবো বলে আশা করছি। সবুজ সার আমাদের জমির পক্ষে প্রয়োজন, কৃষির উন্নতি যাতে হয়। তাই সেগুলি তৈরীর চেষ্টা হচ্ছে এবং আমরা চাষীদের মধ্যে ধইঞ্চা বিতরণ করছি। আমরা ১০ হাজার মণ ধঞ্চে সিড পাবো এবং ১৫ হাজার মণ বাইরে থেকে আনবো। এবং শতকরা ৫০ ভাগ সাবসিডি দিয়ে আমরা এই বীজ বিক্রি করবো চাষীদের মধ্যে। কেমিক্যাল ফার্টিলাইজার অ্যামনিয়াম সালফেটের ব্যবহার আমাদের আগেকার চেয়ে অনেক বেড়েছে। যেখানে আগে ছিল প্রতি বৎসর ৩৫ হাজার টন সেকেন্ড প্ল্যান কালে, এখন আমরা দেখছি ১,২৩,৭০০ টন এই বৎসর হয়েছে। তাছাড়া এই সার নিয়ে যাবার জন্য যানবাহনের খরচ বাড়াতে, শ্রমিকের খরচ বাড়াতে, গানিব্যাগ ও পেট্রোলিয়াম ইত্যাদির দাম বাড়াতে গভর্নমেন্ট ঠিক করেছেন এ্যাডিশনাল চার্জ বহন করবেন এবং তার জন্য ৩ লক্ষ ২৭ হাজার টাকা আরো ধরেছি।

তারপর আসছে সেচ। বড় নদী পরিকল্পনা ছাড়া আমাদের ক্ষুদ্র এবং মাঝারি সেচ পরিকল্পনা আমরা অনেকগুলি গ্রহণ করেছি এবং এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে গভীর নলকূপ পরিকল্পনা যেখানে নদী উপত্যকা পরিকল্পনা নেই সেই সব জায়গায়। আমাদের ৪২৬টি নলকূপ এযাবৎ খনন করা হয়েছে। ১৫৬টিতে আমরা বিদ্যুৎ সংযোগ করতে পেরেছি। মাননীয় সদস্যরা জানেন বিদ্যুতের অভাব আমাদের আছে সেইজন্য আমাদের বাকিগুলিতে আমরা এখন পর্যন্ত বিদ্যুৎ সংযোগ করতে পারি নি, তবে আমরা আশা করছি এই বৎসরের জুনের মধ্যে আরো ৮০টিতে বিদ্যুৎ সংযোগ আমরা করতে পারবো। আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে বাকি সময় আছে তার মধ্যে এক হাজারটি গভীর নলকূপ খনন করতে পারবো বলে আশা করছি। গভীর নলকূপ এলাকায় আমরা দেখতে পাচ্ছি যে যেখানে নিশ্চিত সেচের ব্যবস্থা আছে সেই সব জায়গাতে ক্রপ প্যাটার্ন বদলে যাচ্ছে। উত্তর চব্বিশ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ এই সব এলাকায় গভীর নলকূপ যেখানে আছে, সেখানে আগে জল স্রোত না

এখন আলু হচ্ছে, আগে সেখানে গম হোত না এখন সেখানে গম হচ্ছে এবং সেখান থেকে দু-তিনটি ফসল আমরা এই সব গভীর নলকূপ এরিয়াতে পাচ্ছি। তা ছাড়া নদী এলাকায় রিভার লিফ্‌ট ইরিগেশন বা নদী থেকে পাম্প চালিয়ে সেচের জন্য ব্যবস্থা করা হয়েছে। আমরা এ যাবৎ ১৭টি নদী পাম্পের পরিকল্পনা সুরু করেছি। ৩১টি আমরা শীঘ্রই বসাবো, সমস্তই প্রস্তুত হয়ে আছে এবং আরো ৪৮টি স্কীম আমরা পরীক্ষা করে দেখছি। ৪৮টি যা এখনই হচ্ছে তার জন্য ৩০ হাজার একর জমিতে আগে থেকে ফসল বৃদ্ধি পাবার সম্ভাবনা হবে। এ ছাড়া ৬,৮১৮টি ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট স্কীমে, পুষ্করিণী উন্নয়ন করা হচ্ছে যার ফলে ৩,০৯,৭২২ একর জমিতে জলসেচের ব্যবস্থা হওয়া সম্ভব হবে।

সেচ ছাড়াও কীটনাশক যে ব্যবস্থা সেটারও প্রয়োজন। কারণ শস্য উৎপাদন করলেই হয় না, আমাদের বহু শস্য কীট-পতঙ্গের দ্বারা নষ্ট হয়। এই ব্যবস্থাটা আমাদের খুবই ভালভাবে কাজ করছে এবং খুবই জনপ্রিয় হয়েছে। গ্রামাঞ্চলে শতকরা ৫০ ভাগ থেকে ৭৫ ভাগ সাবসিডি দিয়ে আমরা এই প্ল্যান্ট প্রটেকশনের ব্যবস্থা করে থাকি। যেখানে ব্যাপক কীটপতঙ্গের আক্রমণ হয় সেখানে আমরা শতকরা ৭৫ ভাগ সাবসিডি দিই। এ যাবৎ আমাদের আছে ৫,৫২৫টি হ্যান্ড স্প্রেয়ার এবং ২,২৪০টি হ্যান্ড ডাস্টার, আমরা এইগুলি শতকরা ৫০ ভাগ অর্থাৎ অর্ধেক দামে বিক্রি করেছি এবং বর্তমানে যেখানে আমাদের জমি কম অথচ উৎপাদন বাড়াতে হবে সেখানে আমাদের উন্নত এবং আধুনিক পদ্ধতিতে কৃষির ব্যবস্থা করতে হবে এটা মাননীয় সদস্যরাও নিশ্চয়ই উপলব্ধি করবেন। এবং সেইজন্য আমাদের উন্নত ধরনের কৃষি যন্ত্রপাতি ব্যবহার করবার জন্য চেষ্টা করতে হবে। উন্নত যন্ত্রপাতি ব্যবহার করবার জন্য

9-20—9-30 a.m.]

মাননীয় সদস্যরা যাতে চাষীদের মধ্যে প্রচার করেন এবং তাদের বোঝান সেইজন্য আমি তাঁদের কাছে আবেদন জানাবো। এই উন্নত ধরনের যন্ত্রপাতি আমরা শতকরা ৫০ ভাগ সাবসিডি দিয়ে অর্থাৎ অর্ধেক দামে চাষীদের কাছে বিক্রি করবো। গভর্নমেন্ট ইতিমধ্যেই মোটামুটি ইম্পলিমেন্টস তার মানে বলদ চালিত ট্রাক্টরস শতকরা ৫০ ভাগ সাবসিডি দিয়ে বিলি করবার জন্য টাকা মঞ্জুর করেছেন। তা ছাড়া ৮ লক্ষ টাকা সরকার মঞ্জুর করেছেন বলদ চালিত পাম্পের জন্য এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, চাষীদের উন্নততর পদ্ধতিতে চাষের কাজ শেখাবার জন্য আমাদের অনেকগুলি প্রদর্শনী কেন্দ্র আছে এবং এইরকম প্রায় ১০ হাজার প্রদর্শনী কেন্দ্র খোলা হয়েছে যেখানে এইসব উন্নততর পদ্ধতি অবলম্বন করে চাষীদের চাষের কাজ শেখান হয়। এইগুলি যেখানে নিশ্চিত সেচের ব্যবস্থা আছে সেখানেই প্রধানত, বিশেষ করে গভীর নলকূপ এলাকায় আমরা খুলছি এবং এইসব জায়গায় আমি আগেই বলেছি গম এবং আলুর চাষ হচ্ছে। জলের উপরেই আমাদের বেশী করে জোর দিতে হবে। যার জন্য গভর্নমেন্ট ইনটেনসিভ এগ্রিকালচারের জন্য ডিস্ট্রিক্ট প্রগ্রাম গ্রহণ করেছেন এবং আমাদের পশ্চিমবঙ্গে এমন একটা জেলা নেওয়া হয়েছে সেটা বর্ধমান জেলা, যেখানে সেচের সুনিশ্চিত ব্যবস্থা আছে। তাছাড়া যেখানে সমবায় সমিতি শক্তিশালী সেখানেই আমরা প্রথম নির্বাচন করেছি। এই প্যাকেজ প্রগ্রামের কাজ আরম্ভ হয়েছে এবং ১,৫৯,৪১৪ জন কর্মচারী এবং বহু বেসরকারী ব্যক্তিকে এই প্যাকেজ প্রগ্রাম সম্পর্কে শিক্ষা দেওয়া হয়েছে, ৫০ হাজার ফার্ম প্রটেকশন প্ল্যান্ট এক লক্ষ জমির জন্য তৈরী করা হয়েছে যেখানে চাষীরা ঋণ পাচ্ছে কো-অপারেটিভ সোসাইটির মারফত। ২৮ লক্ষ ২২ হাজার টাকা বর্ধমান সেন্টারে কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে তারা ইতিমধ্যেই ঋণ পেয়েছে। এই প্যাকেজ প্রোগ্রাম ৩১ হাজার মেট্রিক টন রাসায়নিক সার বিতরণ করা হয়েছে এবং ৩ হাজার সয়েল টেস্ট করা হয়েছে এবং ৮৫২টি অ্যাডমিনিস্ট্রেটিভ প্লট লে-আউট করা হয়েছে খারিফ সিজিনের জন্য এবং লোক্যালি এই প্রগ্রামে ৩ লক্ষ ৯৬ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। এগ্রিকালচারাল ইম্পলিমেন্টের কথা আমি আগেই বলেছি। ইম্পলিমেন্টস ব্যবহারে শিক্ষা লাভ করবার জন্য এবং মেরামত করবার জন্য বর্ধমানে একটা এগ্রিকালচারাল ইম্পলিমেন্টস ওয়ার্কস স্থাপিত হয়েছে এবং দেখা যাচ্ছে বর্ধমানে প্যাকেজ প্রগ্রাম সম্পর্কে অত্যন্ত আশা এবং উৎসাহের সঞ্চার হয়েছে এই রাজ্যে কৃষি, খাদ্যশস্য ছাড়াও নারিকেল, কাজু বাদাম এবং সুপারীর জন্য আমরা

নিজেদের নার্সারি করেছি এবং শতকরা ৪০ ভাগ সাবসিডি দিয়ে সেটা বিক্রি করি এবং ব্যাপক-ভাবে যাতে এগুলি লাগান যায় তার জন্য আমরা চেষ্টা করছি, বিশেষ করে সুন্দরবন এলাকায় যেখানে একটার বেশী ফসল হয় না এবং আপনারা জানেন সেখানে নারিকেল এবং সুপারী ব্যাপকভাবে বিলি হয়েছে জলপাইগুড়িতেও সুপারী হবার সম্ভাবনা আছে হয়ত সেখানেও আমরা করবো।

কৃষি সম্পর্কে প্রয়োজনীয় শিক্ষা দেবার জন্য আমরা টেকনিক্যাল অফিসারদের হায়ার এডুকেসন-এর জন্য ইউ এস এইড প্রোগ্রার এবং কলম্বো প্ল্যান-এ বাইরে পাঠাই এবং ভারত গভর্নমেন্ট-এর কৃষি সম্পর্কে শিক্ষা দেবার জন্য যে ব্যবস্থা আছে সেখানেও ছাত্রদের পাঠিয়ে থাকি। যেসব গ্রামসেবক ট্রেনিং সেন্টারে আছে সেখানে গত দু-বছরে ১ হাজার গ্রাম সেবককে ট্রেনিং দিয়েছি এবং আরও দুটি গ্রামসেবক ট্রেনিং সেণ্টার খুলছি—একটি বাঁকুড়ায় এবং আর একটি পশ্চিম দিনাজপুরে। ব্লক-এ যে সমস্ত টিউবওয়েল খারাপ হয়ে যায় সেগুলি মেরামতের ব্যাপারে ফিটার মেকানিকদের শিক্ষা দেবার জন্য বর্ধমান এবং ফুলিয়ায় দুটি কারখানা আছে এবং আরও ৪টি খুলব। গ্রাম সেবকদের এইসব ফিটার মেকানিক এবং ভিলেজ আর্টিজেনদের মত ট্রেনিং দেবার ব্যবস্থা করছি। তারপর, চাষীর ছেলেদের শিক্ষা দেবার জন্য ৬টি ব্লক-এ ফার্ম আছে। এই পরিকল্পনা আমরা গ্রহণ করেছি এবং সেখানে যারা কাজ করবে তাদের শিক্ষাকালীন কিছু পারিশ্রমিক দেব। আপাততঃ আমরা এই পরিকল্পনা গ্রহণ করেছি এবং আমাদের সকলের সমবেত চেষ্টায় কৃষি উৎপাদন যাতে বাড়ে তার জন্য সহযোগিতা কামনা করছি। এই কথাগুলি বলে আমি এই ব্যয়বরাদ্দ উত্থাপন করলাম, আশা করি মাননীয় সদস্যগণ এটা সমর্থন করবেন।

Mr. Speaker: All the cut motions, excepting cut motions Nos. 13(1) and (2), 16(a) and 47, under Grant No. 22 are in order. They may be taken as moved.

Shri Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri A. R. Besterwitch: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Birendra Narayan Ray: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Kanai Pal: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads

"31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Scheme of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar: Sir, I be to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Subodh Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Mrigendra Bhattacharyya: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Sunil Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100

Shri Adwaita Mandal: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100

Shri Nani Bhattacharjee: Sir I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads

"31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Radhika Dhibar: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Gopal Basu: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Mrigendra Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্টেট মিনিস্টারের বক্তৃতা খুব মনোযোগ সহকারে শুনলাম, কারণ আমি গ্রামের লোক, গ্রামে থাকি এবং কৃষির সঙ্গে আমার ওতঃপ্রোত সম্পর্ক আছে। তাঁর বক্তৃতা শুনে প্রথমেই একথা বলতে হয় যে, এই সরকারের, এই অপদার্থ সরকারের অপদার্থতাই হচ্ছে কৃষি বাজেটের এক চরম নিদর্শন। স্যার, বাংলাদেশ কৃষিপ্রধান অঞ্চল এবং শতকরা ৭০ জনের উপর লোক কৃষির উপর নির্ভরশীল। প্ল্যানিং কমিশন থেকে আরম্ভ করে সকলেই একথা স্বীকার করেছেন যে, কৃষির উন্নতি ছাড়া ভারতবর্ষ এবং বাংলাদেশের উন্নতি করা সম্ভব নয় এবং সেকথা চিন্তাও করা যায় না। স্যার, ১৬ বছর একটানা কংগ্রেসী শাসন চলছে এবং এই দীর্ঘ সময়ের মধ্যে দুইটি পরিকল্পনা শেষ হয়ে গেছে এবং তৃতীয় পরিকল্পনার তিন বছর শেষ হয়ে গেল এবং কম করে হলেও এই দীর্ঘ সময়ের মধ্যে কৃষির জন্য, সমষ্টি উন্নয়ন পরিকল্পনায় এবং সেচ প্রভৃতি ধরে প্রায় ১২৫ কোটি টাকা খরচ হয়েছে। কিন্তু এসব সত্ত্বেও এবং দীর্ঘ সময় ব্যয় করার পর কৃষি উন্নয়ন ক্ষেত্রে আমরা কি দেখছি? এবারে আমি অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা দিয়েছেন এবং বইতে যেসব অঙ্ক দিয়েছেন তা থেকে কিছুটা তুলে ধরছি। বাজেট বইএর তিন পাতায় তিনি বলেছেন যে, "কৃষি উৎপাদনের অসফলতাই ইহার প্রধান কারণ"। তারপর বলেছেন, "১৯৬২ সালের জাতীয় আয়ের উপর ১৯৬২-৬৩ সালে মাত্র দুই-শতাংশ বৃদ্ধি পাইয়াছে এবং মাথাপ্রতি আর বস্তুত তিন শতাংশ বৃদ্ধি পাইয়াছে। কৃষি উৎপাদনে অসফলতাই ইহার প্রধান কারণ"। তারপর বলেছেন, "১৯৫০ সাল হইতে ১৯৬১ সাল পর্যন্ত কৃষি উৎপাদন অত্যন্ত শ্লথগতিতে অর্থাৎ বার্ষিক তিন পয়েণ্ট পাঁচ-শতাংশ বৃদ্ধি পাইয়াছে"। তাহলে অর্থমন্ত্রীর বক্তৃতা থেকেই আমরা দেখছি যে, আমাদের কৃষির উন্নতি অত্যন্ত সামান্যই হয়েছে এবং অত্যন্ত শ্লথগতিতে চলছে। টেবেল টু, পেইজ ৪৬-এ ইকনমিক রিভিউ-র যে তথ্য দিয়েছে সেটা আমি প্রথমে ধরছি। বাংলাদেশের লোকের ভাত প্রধান খাদ্য এবং সেই চালের উৎপাদন সম্বন্ধে বলছে যে, ১৯৫৫-৫৬ সালে চালের উৎপাদন হয়েছিল ৪২ লক্ষ ১২ হাজার পয়েন্ট থ্রি মেট্রিক টন এবং ১৯৬২-৬৩ সালে চালের উৎপাদন হয়েছে ৪৪ লক্ষ ১০ হাজার পয়েন্ট ৭ লক্ষ টন।

[9-30—9-40 p.m.]

এবং যে সমস্ত খাদ্য উৎপাদন হয়েছে তা কম হয়েছে। ফুড গ্রেন যেখানে ১৯৫৫-৫৬ সালে ১৩৯·৫ মেট্রিক টন হয়েছিল ১৯৬২-৬৩ সালে হয়েছে ৮৯·২ মেট্রিক টন। টোটাল ফুড গ্রেন হিসাব করে যদি দেখি তা হলে দেখব টোটাল ফুড গ্রেন ৪৭ লক্ষ ২২·২ হাজার মেট্রিক টন হয়েছিল ১৯৫৫-৫৬ সালে আর ১৯৬২-৬৩ সালে হয়েছে ৪৮ লক্ষ ৬৮·৪৮ হাজার মেট্রিক টন। অর্থাৎ কৃষি উৎপাদন অতি নগণ্য।

টাকার অঙ্কের কথা তিনি বলেছেন। প্রচুর টাকা আমাদের খরচ হচ্ছে। কিন্তু বাজেটে যে টাকা ধরা হয় এখন গুরুত্বপূর্ণ ব্যাপার কৃষি বাজেট, সেই বাজেটে যে টাকা ধরা হয় সেই টাকা তাঁরা খরচ করতে পারেন না। ১৯৬১-৬২ সালে কৃষি খাতে ৬ কোটি ৮০ লক্ষ ৬০ হাজার টাকা ধরা হয়েছিল, খরচ হয়েছে ৪ কোটি ৭১ লক্ষ ৫৯ হাজার টাকা, ১৯৬২-৬৩ সালে ধরা হয়েছিল ৭ কোটি ৭০ লক্ষ ৬ হাজার তিনশত টাকা, খরচ হয়েছে পাঁচ বছরে ৪ লক্ষ ৯৬ হাজার টাকা। যে টাকা বরাদ্দ আছে সেই টাকা খরচ হয় না, প্রচুর টাকা রয়ে গেছে যেখানে কৃষিক্ষেত্রে আরও বহু টাকা খরচ করা দরকার। ১৯৬৪-৬৫ সালে ১০ কোটি ৩০ লক্ষ ৯৬ হাজার টাকা আমরা যে দেখছি ধরা আছে তা যে এই বছরে খরচ হবে না তা নিশ্চয়ই অনুমান করা যায়। এ ছাড়া আমরা দেখি, উৎপাদন বাড়াবার জন্য সরকার যে বই দিয়েছেন তাতে ১৫০টি আইটেম আছে। এতে দেখছি, তাঁরা থার্ড প্ল্যান-এ ধরেছেন ১৩ হাজার নলকূপ বসাবেন। মন্ত্রিমহাশয়-এর যে বাজেট বক্তৃতা শুনলাম তাতেও তা বলেছেন, কিন্তু আমাদের যে বই দেওয়া হয়েছে সেই বইয়ে বলা হচ্ছে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে টারগেট ছিল ১৩ হাজার

Deep tubewell, during the Third Five Year Plan, since the inception of the scheme 409 Deep Tubewells were drilled of which 155 were energised and are in operation covering an area of 22,540 acres.

তার মধ্যে দেখছি মাত্র তৃতীয় পরিকল্পনায় ৩ বছরে ১৩০০-এর মধ্যে ৪০৯টি বসানো হয়েছে এবং যেগুলি বসানো হয়েছে তার মধ্যে ১৫৫টি চালু আছে। তৃতীয় পরিকল্পনায় এই প্ল্যান সাকসেসফুল হবে না—১৩০০ নলকূপ বসানোর প্ল্যান সাকসেসফুল হবে না। এটা বাজেট বক্তৃতা থেকেই বোঝা যায়। তা ছাড়া আর যেসমস্ত স্কীম আছে তাতেও কতটা সফলকাম হবেন তাতে সন্দেহ আছে। তা ছাড়া এই সরকারের কৃষি দপ্তরের অপদার্থতা এতখানি যে দীর্ঘ ষোল বছর দেখছি তাদের উপর চাপ দেবার জন্য তার বার বার ঘৃণ্য ম্যালথুশিয়ান থিওরীর কথা এই আইন সভায় পরিবেশন করছেন এবং তাঁরা এটা বলে চলেছেন যে, জন্ম-নিয়ন্ত্রণ না করলে শিশুর জন্মহার রোধ না করলে খাদ্য উৎপাদন সম্ভব নয়। আমি মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করি, দেশ স্বাধীন হবার পর বাংলাদেশের গড় উৎপাদন যেখানে সাড়ে তিন মণ ছিল ১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পরও বিঘা প্রতি উৎপাদন সাড়ে তিন মণই রয়ে গেছে, সেটা কেন আপনারা বাড়াতে পারেন নি। আপনারা তো প্রচুর টাকা খরচ করেছেন। বহু পরিকল্পনা করেছেন, তথাপি কেন উৎপাদন বৃদ্ধি হয় না? এই উৎপাদন বৃদ্ধি না করার ব্যর্থতা ঢাকা দেবার জন্যই দেশবাসীকে বার বার এই কথা বলা হচ্ছে যে, জন্ম নিয়ন্ত্রণ না করলে শিশু জন্মরোধ না করলে আমাদের খাদ্যোৎপাদন হতে পারে না, স্বয়ংসম্পূর্ণ হতে পারে না।

এইভাবে তাঁরা নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য এই কথা বলছেন। এটা ঠিক যে, শূন্যে বাড়ি করা যায় না। এদের খাদ্যোৎপাদনের ব্যর্থতার মূল কারণ হচ্ছে কৃষকদের প্রতি চরম অবহেলা। কিন্তু তাদের দিকে দৃষ্টি না দিয়ে গ্রামদেশে যে সমাজতন্ত্র, গ্রামদেশে যে জমিদারী প্রথা তাকে তাঁরা কায়েম করে রেখেছেন। এই ব্যর্থতার আর একটা প্রধান কারণ হচ্ছে, ভূমি-সংস্কারের ব্যর্থতা। দীর্ঘ ১৬ বছর হল ভূমি সংস্কার হয় নি। সরকার থেকে যদিও ১৯৫৪-৫৫ সালে দেশের লোককে ভাঁওতা দেবার জন্য জমিদারী ক্রয় আইন পাশ করা হয়েছে। আপনারা যেখানে লক্ষ লক্ষ জমি পেতে পারতেন সেই অবস্থা সরিয়ে রেখে তাঁরা জমিদারী ক্রয় আইন পাশ করেছেন এবং এটা প্রায় দশ বছর হয়ে গেল। এই ১০ বছর আইন পাশ হবার পর যেখানে আপনারা বলেছিলেন প্রচুর উদ্বৃত্ত জমি পাবেন, কিন্তু আপনাদের হিসাবে দেখা যায়, অতি কম জমি পেয়েছেন এবং যাও পেয়েছেন তাও কৃষকদের মধ্যে বিলি করা হয় নি। এ ছাড়া হাজার হাজার বিঘা জমি এই সমস্ত জোতদাররা লুকিয়ে রেখেছে আপনাদের সহায়তায়। এঁরাই মন্ত্রিত্ব চালাচ্ছেন, তাই এঁদের আপনারা চটাতে ভয় পাচ্ছেন। সেজন্য তারা যে হাজার হাজার বিঘা জমি লুকিয়ে রেখেছে, ছেলে-বউ-ভাগ্নের নামে সেই সমস্ত জমিকে উদ্ধার করে নিয়ে এসে বিলি করার ব্যবস্থা হয় নি। বিভিন্ন দেশের ইতিহাস পড়লে দেখা

যায়—আমি চীনের কথা বলব না, কংগ্রেসী বন্ধুরা এখন সব রুশপন্থী হয়ে গেছেন, এখন তাঁরা রাশিয়ার লেজুড় ধরেছেন, অথচ আমাদের একদিন তাঁরা রাশিয়ার দালাল বলে গালাগালি দিতেন, কিন্তু এখন তাঁরা রাশিয়ার কথা বলছেন—হরিনাম বলতে বলতে যদি ভাল হয় তো ভাল। যেসমস্ত দেশ কয়েক বছর হল পরাধীনতার শৃংখল ছেড়ে নিজেদের মুক্ত করেছেন সেই দেশের যদি কৃষি ব্যবস্থার উন্নতি দেখি তা হলে দেখব আমাদের চেয়ে তারা অনেক দূর এগিয়ে গেছে। তারা কৃষিতে নিজের দেশকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য কৃষির ব্যাপক সংস্কার করে কৃষককে জমি দিয়ে খাদ্যোৎপাদন বাড়াতে পেরেছেন। অথচ আমরা ষোল বছরে সেই কাজ করতে পারি নি। শুধু তাই নয়, হাজার হাজার যে ভাগচাষী ছিল যারা জমির উপর নির্ভর করে খেতেন সেই ভাগচাষীকে উচ্ছেদ করা হয়েছে এবং সেই ভাগচাষীকে উচ্ছেদ করার জন্য কোন ব্যবস্থা করা হয় নি। ফলে যে কৃষক উৎপাদন করবে, যার জমির সংগে ওতঃপ্রোত দ্বিতীয়তঃ এই জমিদারী ক্রয় আইনের ফলে লক্ষ লক্ষ মধ্যবিত্ত লোক যাদের কিছু কিছু মধ্যস্বত্ব জমি ছিল তাঁরা দুঃস্থ কৃষকের চেয়ে নীচে এসে গেছেন। তাদের জমি কেড়ে নিয়েছেন, তারা ক্ষতিপূরণ না পাবার ফলে জীবিকার সংস্থান হারিয়ে ফেলেছেন। তাদের পুনর্বসতির কোন ব্যবস্থা না করার ফলে গ্রামদেশে মধ্যবিত্ত শ্রেণী আজকে ভেংগে গেছে এবং ফলে কৃষকের উপর আরও বেশি চাপ পড়ছে।

[9-40—9-50 p.m.]

ভূমিহীন কৃষকের সংখ্যা ভয়াবহভাবে বেড়েছে। দেশ স্বাধীন হবার পর ভূমিহীন কৃষক ছিল শতকরা ২০ জন, যদিও এ ব্যাপারে সরকারের কোন স্ট্যাটিসটিকস নেই তবুও বলব আজকে গ্রামদেশে ভূমিহীন কৃষকের সংখ্যা শতকরা ৩০ জন—যাদের একবারে জমি নেই। যাদের গতর একমাত্র সম্বল, তারাও কি কাজ পায়? চাষের তিন মাস বাদে তারা মজুরি পায় না, তাদের জীবিকানির্বাহের অন্য কোন সংস্থান নেই। আমি গত বৎসর দু-একটা ইউনিয়ন ঘুরে দেখেছি, সেখানে ৪০০-৫০০ জনকে ড্রাইডোল দেওয়া হচ্ছে, এ ব্যাপারে যে কি করবেন জানি না, কারণ যেখানে তিন মাস ছাড়া বাকি সব সময় ড্রাই ডোলের উপর বাঁচতে হয়, সেখানে কি হবে। এবারে স্বাধীনতার ১৬-১৭ বৎসর পরেও সেখানে গলা ফাটিয়ে কৃষি-ব্যবস্থার অনেক উন্নতি হয়েছে, এসব ধাপ্পা ছাড়া আর কিছু নয়। তৃতীয় হচ্ছে কৃষককে ঋণ থেকে মুক্তি দেওয়া। আমাদের দেশে কৃষকের মেরুদণ্ড ভেংগে গেছে। ঋণের চাপে তাদের অবস্থা ভীষণ শোচনীয়, পূর্বে তাদের অবস্থা খারাপ ছিল কিন্তু বর্তমানে জিনিসপত্রের মূল্য বেড়েছে এবং গত দশ বৎসর কোন প্রকার ভূমি সংস্কার হয় নাই। কৃষকের ঋণের সংখ্যা আরও বাড়ছে। সরকার থেকে কৃষিঋণ ২০ টাকা দেওয়া হয়ে থাকে যার ৩।৪ বিঘা জমি থাকে, কিন্তু ২০ টাকা কৃষিঋণে কি হবে, এই ২০ টাকা কৃষিঋণে কদিন চলবে এবং তাতে কি উন্নতি হতে পারে, এ থেকেই বোঝা যায় কৃষককে ঋণ দেওয়া ধাপ্পাবাজী ছাড়া আর কিছু নয়। তাতে তারা চাষ করতে পারে না, যা পায় তা পর্যাপ্ত নয়; যে ঋণ দেওয়া হয়ে থাকে, এটা ঠাট্টা বললেও অত্যুক্তি হয় না। এ বৎসরের বাজেটে কয়েক লক্ষ টাকা ধরা হয়েছে গরু কেনার জন্য। এ টাকা কিছুই নয়। আমি আগে বলেছিলাম, অন্ততঃ দুই একর পর্যন্ত যাদের জমি আছে সেসব কৃষকদের সরকার ঋণ মকুব করে দিন। এর কারণ এই ঋণ তারা দিতে পাচ্ছে না। আজ এসব দেবার জন্য চাষী তার উৎপন্ন খাদ্য যে কোন দামে বিক্রি করছে; বেশি টাকা তা থেকে পায় না। এসব কারণে বেশি ফসল হচ্ছে না। সেজন্য আমি বলছিলাম, এসব থেকে উদ্ধার পাবার জন্য তার ঋণ মকুব করে দেওয়া হোক যাতে চাষী শান্তিপূর্ণভাবে তার চাষের কাজে মনোনিবেশ করতে পারে। কৃষির উন্নতির প্রধান যে কাজ, তা আজ পর্যন্ত হয় নি। শতকরা ৭০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা হয় নি। আকাশের দিকে চেয়ে তাদের সব সময় বসে থাকতে হয়। এ বৎসর কিছুটা ফসল হয়েছে, আবার অনেক জায়গায় ফসল হয়ও নি। নিম্ন জায়গায় ফসল নষ্ট হয়ে গেছে, জলের অভাবে ঠিক সময় মত বৃষ্টির অভাবে ফসল হয় না। যে বৎসর বৃষ্টি ঠিক সময় মত হয় সে বৎসর ভাল উৎপাদন হয় দেখা যায়। প্রকৃতির আশীর্বাদের উপরেই চাষ হয়, এবং প্রকৃতির আশীর্বাদ না থাকলে এবং যেখানে সেচের জল অপর্যাপ্ত সেখানেও আবার কৃষকদের কৃষিঋণ দেওয়া হয় না, যাও বা দেওয়া হয় তা অল্প

দিকে খরচ হয়ে যায়। কোন বৎসর দেখা যায় হেজে গেছে, আবার দেখা যায় কোন বৎসর জলের অভাবে নষ্ট হয়। কৃষকদের মূলধনের উপর ঋণ দেওয়া হয় না। সামান্য টাকাই কৃষিঋণ দেওয়া হয়। এই সামান্য যে টাকা দেন তাতে কৃষির উন্নতি করা যাবে না। সমস্ত পশ্চিম বাংলায় ৩৮ লক্ষ টাকা ঋণ দিয়েছেন। এতে কি গরু কেনা যাবে? একটা গরু কিনতে ২৫০ টাকা থেকে ৩০০ টাকা লাগে। এতে কি গরু কেনা যাবে তা আপনারা বুঝতে পারবেন—এক একটা গরু কিনতে আড়াইশত টাকা করে দাম, আটাশ লক্ষ টাকা তা হলে কয়টি গরু হবে এবং কয়টি কৃষক পাবে, ইউনিয়নে দু কি তিন কি চারটি লোক পাবে। অর্থাৎ এইভাবে কৃষকদের সাহায্য করার ব্যবস্থার নমুনা। এটা আমলাতান্ত্রিক কাঠামো, একটি উদাহরণ দিচ্ছি—যেটুকু বা টাকা খরচ করে আমলারা, সেটা তারা অপব্যয় যে করে, তা আমরা সকলেই জানি। কংগ্রেসীরাও অনেকেই বলেছেন আপনাদের যে কঠোর মনোভাব তা থেকে আমাদের বিরত হওয়ার জন্য। আমরা কলিং অ্যাটেনশনে দিয়েছি, এখনও বলছি যে, ঘাটালেতে বাঁধ দেওয়ার জন্য ছয় সপ্তাহ আগে অর্ডার গেল কিন্তু আজ পর্যন্ত আরম্ভ করা হয় নি যার ফলে বহু পিঁয়াজের চাষ, ধানের চাষ ইত্যাদি নষ্ট হয়ে গেল। এখন চাষীরা যে বীজ ফেলেছে সেটাও নষ্ট হয়ে যাচ্ছে। এই হল অবস্থা...... ।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: মিঃ স্পীকার, স্যার, এই এগ্রিকালচার বাজেটে যে টাকা দেওয়া হয়েছে —আমরা বার বার বলে আসছি যে, এটা সবচেয়ে বেশি ইম্পর্টেণ্ট খাত—এতে আরও বেশি টাকা দেওয়া দরকার। গতবারে বলেছিলাম, এবারেও বলছি—বাজেটের তুলনায় যত টাকা দেওয়া দরকার ছিল তা দেওয়া হয় নি। কিন্তু দেওয়া হলেই বা কি হবে? দিলেও সেই টাকা খরচ হবে না, যে টাকা খরচও হবে, তা প্রকৃত কৃষকদের হাতে গিয়ে পড়বে না। সরকার অনেক সময় বলে আমরা অনেক টাকা খরচ করে অনেক কিছু করছি, গতকালের স্টেটসম্যান কাগজে তা দেওয়া আছে, সেটা পড়লেই বুঝা যায়। আমি একটা প্যারাগ্রাফ পড়ে দিই—

1953-54 and 1963-64, the weather conditions being identical, the production of rice 1953-54 was 5.2 million tons and in 1963-64 it was 5.3 million tons

কাগজটা পড়লেই ভাল বোঝা যায় যে, দশ বছর ধরে আমাদের কি উন্নতি হয়েছে। এবং ইকনমিক রিভিউ যে বইটি আমাদের এনারা দিয়েছে সেটা যদি দেখা হয় গ্রাফ নং ২০, ২২, তাতে পরিষ্কারভাবে লেখা আছে—১৯৫৬-৫৭ যে অবস্থায় ছিল প্রায় ১৯৬২-৬৩ ঠিক সেই অবস্থাতেই আছি। সেই সঙ্গে ইউ. এন. ও-র ফুড অ্যান্ড এগ্রিকালচার, এটা যদি কনসাল্ট করি পেজ ১৮-তে যে গ্রাফটা আছে তা দেখলে আমরা বুঝতে পারব যে আমাদের খাদ্যের অবস্থা কি। সেইজন্য আমি বলি যে, এগুলো চিন্তা করে দেখা দরকার। কম্পেয়ার করে দেখা উচিত। দেখলে মনে হয় আমাদের যে কিছু করেছেন সেটা সম্বন্ধে কোন সন্দেহ নেই। বহুবার প্রফুল্লবাবু একটা তর্কের অবতারণা করেন খানিকটা জুট হওয়ার জন্য বেশি করে এগ্রিকালচারের যে ল্যান্ড ছিল সেটা সম্পূর্ণ অসত্য। কারণ পুরুলিয়া এবং যে কিছু জমি আমাদের এসেছে সম্পর্ক আছে, সেই কৃষক যদি জমি না পায় তা হলে কি করে ফসল উৎপাদন হতে পারে। তার জন্য সেটা তিনি মনে করেন না। তাতে প্রায় ৭ হাজার লক্ষ একর জমি আমাদের এই বাংলাদেশে এসেছে। সেটা যোগ করে দেখেন নাই।

[9-50—10 a.m.]

কাজেই আমি বলতে চাই, তিনি যতই বলুন যে, আমরা অনেক টাকা খরচ করছি বা আমরা দেশের প্রগ্রেস করছি, যদি তিনি ভালভাবে বিবেচনা করে দেখেন তা হলে দেখবেন তা নয়। এর মূল কারণ ও'রা ধরতে পারেন নি এবং সেটা তাঁদের প্র্যাকটিক্যাল অভিজ্ঞতা নেই। আমি মনে করি, চাষীর যদি উন্নতি করতে হয় তা হলে আগে দেখতে হবে, এগ্রিকালচারাল পিজ্যাণ্টস এবং কাল্টিভেটারসদের সমস্যাটা কি এবং এই সমস্যাটা সম্পূর্ণ উপেক্ষা করে তাঁরা যত রকম স্কীমই করুন সে স্কীম ফেলিয়োর হবে। ১৯২৮ সালে ইন্ডিয়ান রয়াল কমিশন যে কথাটা বলেছিলেন সেটা হচ্ছে যে, ভারতের কৃষক ঋণ নিয়ে জন্মায়, ঋণের মধ্যে বেঁচে থাকে এবং ঋণ নিয়েই মরে। আজকে যদি আমরা চাষীর দিকেই তাকাই, তা হলে আমরা দেখতে

পাই, প্রত্যেকটি চাষী ঋণের দায়ে জর্জরিত হচ্ছে, যেমন ক্রপ লোন, ক্যাটেল পার্চেজ লোন এবং ইরিগেশন ডেভেলপমেন্ট ট্যাক্স ইত্যাদির দায়ে তাদের এমন অবস্থা হয়েছে যে, তাদের হাতে মোটেই পয়সা থাকে না। এই ঋণের অবস্থা সম্বন্ধে একটা টোট্যাল ইনভেস্টিগেশন করা দরকার এবং এই ইনভেস্টিগেশন করার জন্য একটা কমিশন বসানো দরকার এবং যদি দেখা যায়, ক্যাপাসিটি টু পে এগ্রিকালচারিস্টদের নেই তাহলে ঋণের টাকা তাদের মকুব করে দিতে হবে অথবা ঋণের বোঝা স্কেলিং ডাউন করে দিতে হবে বা দেওয়া উচিত বলে আমি করি তা না হলে কৃষক বাচবে না বা এগ্রিকালচারের কোন রকম উন্নতি হবে না। সংগে সংগে আর একটা কথা আমি এখানে বলব যে, তাদের জন্য ক্রেডিট ফেসিলিটিজের প্রভিশন করতে হবে এবং এই ক্রেডিট ফেসিলিটিজ যদি না দেওয়া যায় তা হলে তারা বাঁচবে না এবং বিশেষ করে আমাদের বাংলাদেশে আজকে আপনারা জানেন কৃষকরা কি অবস্থায় ঋণ নেয়। আজকে আমাদের দেশে যেভাবে কৃষকদের ঋণ দেওয়া হয় তাতে এগ্রিকালচারের কোন রকম উন্নতি হতে পারে বলে আমি মনে করি না। সংগে সংগে আর একটা জিনিসও আমাদের বিবেচনা করতে হবে, সেটা হচ্ছে ল্যান্ড রিফর্ম এবং ল্যান্ড টেনিয়োর আইন সম্পূর্ণ ঢেলে সাজতে হবে এবং যদি ল্যান্ড টেনিয়োর ভালভাবে না করা যায়, তা হলে আমি বলব, কোন রকমেই এগ্রিকালচারাল প্রোডাকশন বাড়তে পারে না। আজকে এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে যে, ভাগচাষী কৃষক জমি পাচ্ছে না কারণ এটা আইন করে দেওয়া হয়েছে ৬০-৪০ কিন্তু কৃষক বা ভাগচাষী তাদের জমির প্রচুর ডিমান্ড থাকা সত্বেও তারা জমি পাচ্ছে না। তারপর সিকিউরিটি অব টেনিয়োর যদি না থাকে এবং তাদের রাইটস টু টেনিয়োর যদি স্থির না থাকে তা হলে কোয়ালিটি এবং কোয়ান্টিটি কোনটাই বাড়তে পারে না এবং লোকে যদি উৎসাহিত হয়ে ভালভাবে চাষের কাজ না করে তা হলে কোন রকমেই এগ্রিকালচারাল প্রোডাকশন বাড়তে পারে না। তাই আমি মাননীয় মন্ত্রি মহাশয়কে বলছি যে, এটা একটু ভালভাবে বিবেচনা করে দেখবেন। সংগে সংগে আর একটা কথা বলছি যে, ভূমি সংস্কার করে কৃষকদের হাতে জমি দিতে হবে কারণ আমরা জানি এমন অনেক জমিদার আছেন, এমন অনেক জোতদার আছেন যাঁরা কখনও গ্রামে যান না এবং যারা প্রকৃত চাষী তাদের যদি জমি না দেওয়া যায়, তা হলে কখনই এই সমস্যার সমাধান হতে পারে না। তারপরে আর একটা সমস্যার কথা আমি বলব যে, খাদ্যদ্রব্যের যে মার্কেট প্রাইস তা স্টেবিলাইজ করতে হবে এবং প্রাইস লেভেল যে হারে বাড়বে, সেই হারে ফসলের দাম বাড়াতে হবে। যদি প্রাইস স্টেবিলিজেশন না করতে পারা যায়, তা হলে পর কৃষক ও ভাগচাষীদের অবর্ণনীয় দুঃখ-কষ্টের মধ্যে পড়তে হবে। তারপরের কথা হচ্ছে, ল্যান্ড রিক্ল্যামেশন। ল্যান্ড রিক্ল্যামেশনের আশু প্রয়োজনীয়তা রয়েছে, কারণ যে হারে আমাদের পপুলেশন বেড়ে চলেছে, তাতে ল্যান্ড রিক্ল্যামেশন না করলে আমাদের ভীষণ অসুবিধা হবে। আমরা জানি, বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া, বর্ধমান, এইসব জায়গায় বহু ফ্যালো ল্যান্ড পড়ে আছে, সেই সমস্ত ল্যান্ডে এখন কোন চাষ হয় না এবং তাদের মেন প্রব্লেম হচ্ছে নট ড্রেন আউট বাট ড্রেন অব দি ওয়াটার, তার মানে ইরিগেশনের যদি কোন ব্যবস্থা করা যায় তাহলে যে সমস্ত জমি আজকে ইরিগেশনের অভাবে পড়ে আছে সেই সব ফ্যালো জমিতে চাষ হবে। তারপরে সবচেয়ে বেশী লক্ষ্য দিতে হবে ইনটেনসিভ কাল্টিভেশনের উপর এবং এর জন্য কতকগুলি জিনিসের খুবই প্রয়োজন। মাননীয় মন্ত্রি মহাশয় ফার্টিলাইজার সম্বন্ধে অনেক কথা বলেছেন, আমাদের বাংলাদেশে কোন ফার্টিলাইজার ফ্যাক্টরি নেই এবং আমাদের এখানে যে পরিমাণ ফার্টিলাইজার আসে তা অতি নগণ্য এবং মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, প্রতি একরে জাপানে দশ টন করে ফার্টিলাইজার দেওয়া হয়। আমার মনে হয় দুর্গাপুরে যে ফার্টিলাইজার ফ্যাক্টরি করার কথা ছিল সেটা না করার দরুণ বিশেষ ক্ষতি হচ্ছে এবং আমি মনে করি, এ বাজেটে এটা থাকা উচিত ছিল। এই বলে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

Arrest of Shri Nimai Chand Murmu

[10—10-10 a.m.]

শ্রীঅশোককৃষ্ণ দত্ত: মাননীয় স্পীকার মহাশয়, আমি রুলস অব প্রসিডিওর এ্যান্ড কনডাক্ট অব বিজনেস ইন দি ওয়েস্ট বেংগল লেজিজলেটিভ এ্যাসেম্বলী, রুল ২০১-এর প্রতি আপনার দৃষ্টি

আকর্ষণ করছি এবং এই ব্যাপারে একটি প্রিভিলেজ-এর কোশ্চেন রেইস্ করতে চাই। রুল "২৩১-এ বলা হয়েছে, "When a member is arrested on a criminal charge or for a criminal offence or is sentenced to imprisonment by a court or is detained under an executive order, the committing Judge, Magistrate or executive authority, as the case may be, shall immediately intimate such fact to the Speaker indicating the reasons for the arrest, detention or conviction, as the case may be, as also the place of detention or imprisonment of the member in the appropriate form set out in the Third Schedule".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের খবরের কাগজের প্রতি আপনার দৃষ্টি আকর্ষিত হয়েছে কিনা জানিনা, কিন্তু যদি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই আপনি দেখেছেন এই হাউসের কমিউনিষ্ট পার্টির মাননীয় সদস্য নিমাইচাঁদ মুর্মু ক্রিমিনাল চার্জ অব আউটরেজিং দি মডেস্টি অব এ উয়োম্যান এ্যারেস্টেড হয়েছেন। আমি যতদূর জানি তাতে দেখছি আপনার দপ্তরে এ সম্বন্ধে কোন খবর আসেনি। হাউস সেসন-এ রয়েছে, কিন্তু একজন মেম্বার ক্রিমিনাল চার্জ-এ এ্যারেস্টেড হয়েছে এবং সেটা আপনাকে ইনটিমেট করা হোলনা। এই খবর খবরের কাগজে বেরিয়েছে এতে হাউসের প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে বলে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি কোশ্চেন অব প্রিভিলেজ রেইস্ করছি।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন : তাঁকে জামিনে ছেড়ে দেওয়া হয়েছে বলে বোধহয় জানান হয়নি।

মিঃ স্পীকার : আই উইল লুক ইনটু দি ম্যাটার।

শ্রীননী ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, বাজেটের সঙ্গে ইকনমিক রিভিউ যেটা দেওয়া হয়েছে তাতেই স্বীকার করা হয়েছে যে কৃষি উৎপাদন বাংলাদেশে হ্রাস পেয়েছে সুতরাং এ সম্বন্ধে খুব বেশী কিছু মন্তব্য নূতন করে করার আর প্রয়োজন নেই। আসল কথা হচ্ছে প্ল্যান-এ যে সমস্ত টাকা তাঁরা কৃষিখাতে বরাদ্দ করেন বলে বলেন এবং বাংলা সরকার কৃষির জন্য যে সমস্ত টাকা বরাদ্দ করছেন সেটা কাদের কাছে যাচ্ছে সে সম্বন্ধে আমি কিছু আলোচনা করব। মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশে কৃষি পরিবারের সংখ্যা ৩২ লক্ষ এবং সেন্সাস্ রিপোর্টে যা দেওয়া আছে তাকে ভিত্তি করেই একথা বলা যায় যে, শতকরা ৫০টি পরিবার ৫ একর বা ৫ একরের বেশী জমির মালিক, শতকরা ২১ পয়েন্ট ৯টি পরিবার ভূমিহীন কৃষক, শতকরা ২৮টি পরিবার সামান্য কিছু জমি থেকে আরম্ভ করে ৫ একর পর্যন্ত জমির মালিক। এই অবস্থা লক্ষ্য করছি। মুখ্য মন্ত্রি মহাশয় অনেক সময় উৎপাদকের কথা বলে থাকেন। উৎপাদক যদি সামগ্রিকভাবে বলা হয় তাহলে এই ৩২ লক্ষ লোককেই উৎপাদক বলা যায়। কিন্তু আসল কথা হচ্ছে প্রত্যক্ষ উৎপাদক কার এবং তাদের অবস্থা কি? তাদের অবস্থা যদি বুঝতে হয় তাহলে বলতে হয় ৫ একর থেকে ১০ একর পর্যন্ত জমির মালিকের সংখ্যা যদি ধরা যায় তাহলে দেখা যাবে ৯ লক্ষের মধ্যে সাড়ে চার লক্ষ হচ্ছে তারা। যারা নিজের হাতে চাষ করে, লাঙ্গল ঠেলে সেই রকম লোকের সংখ্যা হচ্ছে সাড়ে চার লক্ষ এবং তাদের সংখ্যা পারসেন্টেজ-এর হিসাবে ১৪ পারসেন্ট। আমি আগে বলেছিলাম ৫ একর পর্যন্ত জমির মালিক ২৮ পারসেন্ট এবং এই সমস্ত মিলে ৬৪ পারসেন্ট লোক প্রত্যক্ষ উৎপাদক এবং প্রত্যক্ষ উৎপাদকদের দিকে তাকিয়েই প্ল্যান তৈরী করা হয়েছে। এই প্রত্যক্ষ উৎপাদকদের কাছে যে সমস্ত বরাদ্দ ধরা হয়েছে তা ফার্টিলাইজার খাতে হোক, জলসেচ খাতে হোক, কৃষিঋণ সংক্রান্ত ব্যাপারেই হোক তাতে শতকরা ৬৪ জন প্রত্যক্ষ কৃষক, প্রত্যক্ষ চাষী তার কতখানি পেয়েছেন? এর বাইরে যারা আছে তারা হয় আধিয়ার, আর নাহয় ১০ একরের বেশী জমির মালিক বর্গাপ্রথায় চাষ করে। গ্রামের অভিজ্ঞতার দিক থেকে যদি দেখা যায় তাহলে দেখা যাবে যারা এ্যাকচুয়াল টিলার্স তার শতকরা ৬৪ ভাগের কাছে এই সমস্ত বরাদ্দের টাকা ছিটেফোটা গিয়ে পড়েনা। এটা গিয়ে পড়ে গ্রামের বড় বড় জোতদারদের হাতে এবং তারা নানাভাবে এটা নিয়োজিত করে। তারা কখনও এটা ব্যক্তিগতভাবে কাজে লাগান এবং এগুলি মামলার আকারে আমাদের জেলায় আছে।

সুতরাং এই অবস্থা আমরা লক্ষ্য করছি। সেজন্য যে বরাদ্দ ধরা হয়েছে এ পর্যন্ত কৃষি-ব্যবস্থার ক্ষেত্রে নানা গলদ থাকতে পারে, দুর্নীতি থাকতে পারে এফিসিয়েন্সীতে গলদ থাকতে পারে কিন্তু সব থেকে মূল দিক প্ল্যান-এর লক্ষ্য কি? লক্ষ্য হচ্ছে সেখানে ৬৪ পারসেন্ট লক্ষ্য নয়, প্ল্যান-এর লক্ষ্য হচ্ছে ১৪ পারসেন্ট প্রত্যক্ষভাবে যারা চাষ করে না। এবং যতক্ষণ পর্যন্ত এই অবস্থা থাকবে ততক্ষণ পর্যন্ত কৃষির উন্নতি অন্ততঃ শতকরা ৬৪ জনের স্বার্থে হবে না এবং সেখানে আত্মীয়বৃন্দের স্বার্থে হবে না, ১৪ জনের স্বার্থে উন্নতি হতে পারে, কৃষি ফলন হতে পারে, সেগুলির ফলভোগ হয়ত ১৪ জন মাত্র করতে পারে। আর কেউ করতে পারবে না। এই অবস্থার দিকে আমি সর্বপ্রথমেই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে গোটা প্ল্যানে অর্থ বরাদ্দ করার লক্ষ্য হচ্ছে গ্রামাঞ্চলে অর্থনীতিকে গড়ে তোলার চেষ্টা করা, তার জন্য নানা রকম জটিলতা গ্রামীণ অর্থনীতিতে দেখতে পাচ্ছি। এই যে অর্থনীতি এটা ধনিক অর্থনীতি। আমি আগেই আমি বলেছি শতকরা ১৪ জন ১০ একরের মালিক এবং সঙ্গে সঙ্গে তারা গ্রামের মহাজন গোষ্ঠীর সাথে মিলে একটা দালালশ্রেণী, পাইকারশ্রেণী গড়ে উঠছে যেটা বলতে পারা যায় ধনিক কৃষক মহাজনশ্রেণী এবং তাদের স্বার্থের দিকে তাকিয়েই বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে এবং এই প্ল্যান-এ তাদের যাতে মঙ্গল হয় উত্তরোত্তর উন্নতি হয় সেদিকে নজর রাখা হয়েছে। সেই কারণে আমরা দেখছি বাংলাদেশের সাধারণ কৃষক যারা মধ্যবিত্ত কৃষক এবং আঁধিয়ার তাদের কোন স্বার্থসিদ্ধ হচ্ছে না। ঠিক সেই রকমভাবে দেখছি এই যে এ্যাগ্রেরিয়ান পপুলেশন-এর শতকরা সিক্সটি-ফোর পারসেন্ট ঋণগ্রস্ত এবং তাদের ঋণের বোঝা বছর বছর বেড়ে যাচ্ছে। সর্বভারতীয় ষ্ট্যাটিষ্টিক্ যখন নেওয়া হয় তাতে দেখা যায় কৃষি ঋণের পরিমাণ বছর বছর বেড়ে যাচ্ছে। ঠিক বাংলাদেশের ষ্ট্যাটিষ্টিক নিতে যেয়ে দেখতে পাই যে সাধারণ কৃষক আঁধিয়ারের উপর ক্রমাগত ঋণের বোঝা বাড়ছে এবং তারাই হচ্ছে শতকরা ৬৪ ভাগ, অল্প জমি সম্পন্ন কৃষক শতকরা ২১ জনকে আঁধিয়ার যতক্ষণ পর্যন্ত এই অবস্থার পরিবর্তন না হচ্ছে ততক্ষণ পর্যন্ত যতই আমরা প্ল্যান-এ বরাদ্দ ধরিনা কেন সামগ্রিকভাবে সমস্ত কৃষকের স্বার্থে কৃষির উন্নতি হবে না। কৃষি ফলন বাড়বে, সব কিছু বাড়বে গ্রামের ১৪ জন বড় বড় জোতদার এবং সঙ্গে সঙ্গে কিছু গ্রাম্য মহাজন এবং পাইকার, মিডলম্যান যারা তাদেরই বেনিফিট হবে। এই ব্যবস্থাই হচ্ছে। পণ্যের দরের দিকে লক্ষ্য করলে একথা বলতে পারা যায়, সেখানে প্রাইস বেশী হবে, ইনসেনটিভ হবে বলা হয়েছে, কিন্তু যেখানে এগ্রিকালচার ইন্ডাষ্ট্রী-র ল্যাংবোট হবে, এ্যাপেনডেজ-এ পরিণত করা হয়েছে সেখানে আমরা দেখতে পাচ্ছি ক্যাস ক্রপ-এর দাম দিন দিন বাড়ছে ফুড ক্রপ প্রডাকসন দিন দিন কমছে এটাই লক্ষ্য করছি। আগে এগ্রিকালচার স্বয়ংসম্পূর্ণ একটা নীতিতে চলত শিল্প আর একটা নীতিতে চলত কিন্তু যখন কৃষি শিল্পের অধীন করা হয়েছে ক্যাস ক্রপ তৈরীর দিকে শিল্পের দিক থেকে যারা উৎপাদক এল প্রাইসের আকারেই হোক বিভিন্ন আকারেই হোক ক্যাস ক্রপ-এর মূল্য বাড়ানোর দিকে চেষ্টা করে আসছে। সঙ্গে সঙ্গে লক্ষ্য করছি বিভিন্ন মূল্য গ্রাফ-এর দিকে। সেখান থেকেও যে জিনিস দেখতে পাচ্ছি তাতে এটাই দেখতে পাই উৎপাদন কমে যাচ্ছে। এই ধরণের কনফ্লিক্ট দেখা দিয়েছে গোটা ভারতবর্ষে। বাংলাদেশকে সেদিক থেকে যদি বাঁচাতে হয় তাহলে প্ল্যান-এর আউটলুক বদলাতে হবে এবং নূতন করে প্ল্যান নিতে হবে শতকরা ২১ জন আঁধিয়ারের স্বার্থ রক্ষা করার জন্য শতকরা ৬৪ জন কৃষককে রক্ষা করার জন্য।

[10-10—10-20 a.m.]

Shri Nepal Chandra Roy : Sir, on a matter of grave public importance,

কম্যুনিষ্টরা চীনের নামে আমাদের দেশের সর্বনাশ করছেন, কিন্তু আজকে খবরের কাগজে দেখলাম যে তাঁরা আমাদের দেশের মেয়েদেরও সর্বনাশ করছে। এই ঘটনার পর আমাদের আর রাস্তায় বেরুবার উপায় নেই।

Mr. Speaker: Mr. Roy, the attention of the House has already been drawn this matter. You need not add anything.

Shri Parbati Charan Hazra:

স্যার, মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে উপস্থিত করেছেন তার প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং তিনি যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন তার মধ্যে আমাদের দেশে বর্তমানে যে বিভিন্ন উন্নতি সাধিত হচ্ছে তার চিত্র তিনি এখানে উপস্থিত করেছেন। আমাদের এই ভারতীয় ইউনিয়নের মধ্যে পশ্চিম বাংলার মত সমস্যাসংকুল এবং জনবহুল রাজ্য আর দ্বিতীয় আছে বলে আমার জানা নেই। তা সত্ত্বেও আমাদের এই পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের মধ্য দিয়ে ধীরে ধীরে উন্নতির পথে এগিয়ে যাচ্ছেন এটা অস্বীকার করার উপায় নেই। কৃষি বিষয়ে আমাদের যথেষ্ট উন্নতি যে হচ্ছে তার একটা চিত্র আমাদের প্রতিমন্ত্রী যা দিয়েছেন সেটা যদি দেখি তাহলে দেখব যে ধান, পাট বা আলু ইত্যাদি ফসলের উৎপাদন ১৯৪৭-৪৮ সাল থেকে থেকে ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এটারও যদি আমরা ফিগার দেখি তাহলে পরিষ্কার বুঝতে পারব যে ১৯৪৭-৪৮ সালে চালের উৎপাদন ছিল প্রায় ৪৫ লক্ষ টন, বর্তমানে সেটা দাঁড়িয়েছে ৫২ লক্ষ টন; আলুর উৎপাদন পূর্বে ছিল ২½ লক্ষ টন, বর্তমানে সেটা হচ্ছে ৮ লক্ষ টন; পাটের উৎপাদন পূর্বে ছিল ৮ লক্ষ গাঁট, কিন্তু বর্তমানে সেটা দাঁড়িয়েছে ৩২ লক্ষ গাঁটে। এ সত্ত্বেও অপর পক্ষের মাননীয় সদস্য একজন বলে গেলেন যে বিশেষ কিছু উন্নতি হয়নি। তাঁরা যদি এই তুলনামূলক হিসাবটা উপলব্ধি করেন তাহলে নিশ্চয় বুঝতে পারবেন ১৯৪৭-৪৮ সালের পর থেকে আজ পর্যন্ত কৃষি বিষয়ে যথেষ্ট উন্নতি হয়েছে। এই প্রসঙ্গে একটা কথা এখানে রাখতে চাই যে পশ্চিম বাংলায় চাষযোগ্য জমি যা ছিল তার অধিকাংশই চাষের কাজে নিয়োগ করা হচ্ছে এবং চাষের যা পদ্ধতি তা ব্যাপকভাবে সব জমিতেই প্রয়োগ করা হচ্ছে। কিন্তু বর্তমানে সেই ব্যাপক চাষের পরিবর্তে এখন নিবিড় চাষের প্রতি নজর দেওয়া হয়েছে। এর পূর্বে কৃষিমন্ত্রী বলেছেন যে নিবিড় চাষের জন্য যে প্যাকেজ প্রোগ্রাম বর্ধমান ডিস্ট্রিক্ট-এ সুরু হয়েছে। এই প্যাকেজ্ প্রোগ্রাম-এর উদ্দেশ্য হচ্ছে অল্প পরিমাণ জমিতে সমস্ত রকম সুযোগ সুবিধা দিয়ে যাতে অধিক পরিমাণে ফলন পাওয়া যেতে পারে? আমাদের দেশে চাষযোগ্য জমির প্রায় অধিকাংশই চাষের কাজে নিয়ে আসা হয়েছে। কিন্তু সেখানে ব্যাপকভাবে চাষ করার বদলে নিবিড়ভাবে চাষের প্রয়োজন। এর পূর্বে মাননীয় সদস্য ভক্তিভূষণ মণ্ডল মহাশয় এটা স্বীকার করেছেন যে ব্যাপকভাবে চাষের পরিবর্তে এমন নিবিড় চাষের প্রয়োজন।

আমাদের এই প্রোগ্রাম সম্বন্ধে দেখতে পাচ্ছি যে নিবিড় চাষের প্রয়োজন যথেষ্ট আছে, এবং সেচ অঞ্চলে এটা বিশেষভাবে গ্রহণ করা যেতে পারে। বর্ধমান জেলাকে পরীক্ষামূলকভাবে গ্রহণ করা হয়েছে, কেননা এখানে সেচের যথেষ্ট উন্নতি হয়েছে, এর পরে সেচের প্রসারের সঙ্গে সঙ্গে অন্যান্য জায়গাও নিবিড় চাষের প্রোগ্রাম গ্রহণ করা হবে যার ফলে উৎপাদন আরও বাড়াতে পারি। এই প্রসঙ্গে যে সমস্ত কার্যকরী পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, এবং তার মধ্যে আছে সেচের প্রসার। দামোদর পরিকল্পনা, ময়ূরাক্ষী পরিকল্পনা, কংসাবতী পরিকল্পনা ছাড়াও, কৃষি বিভাগের মাধ্যমে বহু জায়গায় সেচের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, এ ছাড়াও এখনও বহু অঞ্চল রয়েছে। বিশেষ করে আমি একটা অঞ্চলের কথা জানাতে চাই মুণ্ডেশ্বরী নদীর কাছে পশড়া অঞ্চলের মধ্য দিয়ে খাল প্রবাহিত হয়েছে, এবং মুণ্ডেশ্বরী আজকে মজে গেছে। কিন্তু খালটা সংস্কার করে, স্লুইস গেটের স্থাপন করে? সেচের ব্যবস্থা গ্রহণ করা হয় তাতে চাষের উন্নতি হবে, এবং আমরা পরীক্ষামূলকভাবে দেখেছি কোন কোন জায়গায় স্টেট রিলিফের মাধ্যমে খালের কাজ বাঁধ বেঁধে দিয়ে যথেষ্ট উপকার পাওয়া গেছে। আমি শুনলাম খালটা সংস্কারের জন্য গ্রহণ করা হয়েছে। যাতে আশু হয় তার জন্য পূর্তমন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এগুলির লক্ গেট্-এর ব্যবস্থা করা দরকার, এ ছাড়া পুষ্করিণী খনন, গভীর নলকূপ খনন, ইত্যাদি লিফ্ট ইরিগেসন্-এর ব্যবস্থা করা। এই সঙ্গে আর একটা কথা উল্লেখ করতে চাই সরকারের মাধ্যমে যে পাম্পিং প্ল্যান্ট ডিস্ট্রিবিউশন্ করা হয় এর প্রতি। যে সমস্ত কারলোসকার মেসিন দেওয়া হয়েছিল তা ভাল হয়েছে, কিন্তু কিছু দিন আগে বিভিন্ন জায়গায় যে, টেক্সট টুল মেসিন দেওয়া হয়েছিল সেগুলি অকেজো হয়ে গেছে। যারা এ সব মেসিন গ্রহণ করেছিল তারা যথেষ্ট পরিমাণ ক্ষতিগ্রস্ত হয়েছিল। তাদের এই মেসিন সরকার যদি পরিবর্তন করে দেন তাহলে তাদের উপকার সাধিত হবে। নিবিড় চাষের কথা আমি আগেই বলেছি। স্যার

একটা জায়গায় একা ঠিক ফসল উৎপাদনের ব্যবস্থার কথা বলবো। এই প্রসঙ্গে আমি তারকেশ্বর থানার কথা বলতে চাই, ঐ জায়গায় সেচ ব্যবস্থার সুবিধা আছে। সেখানে অধিক ফলন উৎপাদন করা যেতে পারে। বি-ডি-ও, ও এ-ঈ-ও, তাঁরা যেখানে সেচ ব্যবস্থা ভাল থাকে সেখানে বোরো ধান উৎপাদনে উৎসাহিত করেন। গত বৎসর পরীক্ষামূলকভাবে ৭০।৮০ বিঘা জমিতে বোরো চাষ হয়, এ বৎসর হাজার বিঘা জমিতে ঐ চাষ করা হচ্ছে। আশা করা যায় সেখানে যথেষ্ট ফলন হবে। যে জায়গায় সেচ ব্যবস্থার সুযোগ সুবিধা আছে সেখানে একাধিক ফসল ফলান যেতে পারে।

10-20—10-30 a.m]

Shri Jiban Krishna Dey :

মিঃ স্পীকার, স্যার, সম্প্রতি ক্ষুধা থেকে মুক্তি আন্দোলনে—দারিদ্র্য এবং ক্ষুধা কাকে বলে বুঝাবার জন্য ভারতবর্ষ এক বিশেষ জায়গা দখল করেছে। বিশ্ববাসীকে বুঝাতে গেলে ক্ষুধা এবং দারিদ্র্য আজ ভারতবর্ষকে বাদ দেওয়া চলে না। ভারতবর্ষ আদর্শ স্থান। বহু খবরের কাগজে এটা উঠেছে—দেশে এ নিয়ে অনেক বিতর্কের ঝড় উঠেছে এটা আপনি জানেন। এর মূলে হচ্ছে আমাদের শাসক দল এবং আমাদের শাসন নীতি বিশেষতঃ কৃষিক্ষেত্রে। আমাদের দেশ কৃষিপ্রধান দেশ এবং কৃষি ছিল আমাদের প্রধান উপজীবিকা—ভারতবর্ষের যা কিছু ঐতিহ্য আজ গড়ে উঠেছে এর উপর। কামধেনু আর নেই আজ লক্ষ লক্ষ ভূমিহীন চাষী তাদের আর গরু নেই সে চিরদিনের মত চলে গেছে। আজকে এই সব ভূমিহীন চাষী ভূমি থেকে উৎসন্ন চাষী তাদের আজ পিঠ বেঁকে গেছে, আজ যদি বলিষ্ঠ গরু যদি করতে হয়, যেটা শাসক দলের নির্বাচনী প্রতীক—সেই গরু একমাত্র তাতে হয়তো দেখতে পাওয়া যাবে, গ্রাম বাংলায় আজ আর তার কোন চিহ্ন খুঁজে পাওয়া যাবে না। আমাদের রাষ্ট্রমন্ত্রী তিনি যখন বক্তৃতা করলেন এ সম্পর্কে তিনি কিছু বলেন নি। তাঁর বক্তব্যে আছে আমরা কি করতে যাচ্ছি—অর্থাৎ শাক দিয়ে মাছ ঢাকার ব্যবস্থা—কেন্দ্রীয় পরিকল্পনা মন্ত্রী বক্তৃতা যদি দেখি তিনি বলেছেন যে আমাদের কৃষিক্ষেত্রের উন্নতি সন্তোষজনক তো নয়ই বরং সেখানে উৎপাদন হ্রাস পেয়েছে; তিনি বলেছেন সার, ঋণ সময় মত কৃষকদের দেওয়া যায় নি,—ফসল বৃদ্ধি করতে গেলে যে পরিমাণে কৃষকদের উৎসাহিত করা দরকার আমরা তা পারি নি। এবং না পারার জন্য বলেছেন—ভূমি সংস্কারের যে আইন তাতে যা বিপদ সেটা কেন্দ্রকে পাঠাবর জন্য। আমার মনে হয়েছিল যে আমাদের কৃষিমন্ত্রী তিনি তাঁর বক্তব্যে কি হিসাবে তাঁরা এই বাংলাদেশ সম্পর্কে কেন্দ্রে দিতে চাচ্ছেন তার একটা প্রতিফলন আমরা দেখতে পাবো। আসলে কোন ভাল নমুনাই তাঁর বক্তব্যের ভেতর খুঁজে পেলাম না। অন্য দিকে দেখি ভূমি সংস্কার আইন যেটা আমাদের এখানে হয়ে গেছে সেটা সম্পর্কে কেন্দ্রে যে রিপোর্ট তাতে যে পরিমাণে জমি পাওয়া আমাদের উচিত ছিল, পাওয়া যায় নি। যা কিছু পাওয়া গেছে তাতে—শাসক দলের আশ্রিত যারা, যে সমস্ত জমির মালিক তাদের যদি কংগ্রেসের শীল থাকে,—যদি তারা কেউ হন, তাহলে পরে তাদের জমি ধরা হয় না। এই আইন-সভার ভূতপূর্ব সদস্য শ্রীযতীন্দ্রনাথ সরকার,—সে ভদ্রলোক ৪০ বিঘা জমি,—তার বাড়ীর সাথে লাগাও জমি সেই জমি তিনি বিক্রি করে বসে আছেন। সেটা গভর্নমেন্টে ভেস্টেড জমি। এরকম হাজার হাজার জোতদার, জমিদার তারা ভেস্টেড জমি তারা দখল করে বিক্রি করে বসে আছে। আজকে পর্যন্ত তার কোন ব্যবস্থা করা হয় নি। রংপুরে ঐ রিফিউজি টাকা দিয়ে কিনে যারা বসেছে,—আজ পর্যন্ত সেটা রেজেস্ট্রি হয় নি। তারা দখল পর্যন্ত পায় নি,—এই রকম হাজার হাজার জায়গায় হয়ে আছে। এই যে সামান্য জমি পাওয়া গেল সরকারের হাতে সেটা কৃষকদেরও দেওয়া গেল না—রিফিউজিদেরও দেওয়া হোল না।—পরিকল্পনার আজকে যে উদ্দেশ্য ছিল সেটা ব্যর্থ হয়ে গেছে। কৃষি সম্পর্কে প্রথমে সকলের নজর দেওয়া দরকার। আমরা জানি যে কৃষিজাত যে সমস্ত ফসল তা আজ পর্যন্ত—সেদিকেও ঠিক হোল না,—তামাক চাষী তো কান্তে কান্তে হয়রান হয়ে গেছে—আপনাদের আবেদন-নিবেদন করেছে। এক বছর আগে আমরা যখন গ্রেপ্তার হলাম,—আর আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন কুচবিহারের তামাকের চাষের জন্য একটা তদন্ত কমিটি করবেন—কিছু একটা যে করা উচিত সেটা তিনি স্বীকার করেছিলেন। এখনও তার সম্পর্কে কোন রিপোর্ট আমরা পাই নি। সেটা সম্বন্ধে যে কি হোল তার একটি কথাও আমরা

জানতে পারি নি। এক মণ তামাকের এর যদি হয় ত্রিশ টাকা সরকারের ট্যাক্স সেখানে হয় না— –৬২ টাকা! কৃষক যদি ত্রিশ টাকা পায় আর গভর্নমেণ্ট সেখানে যদি ঐ রকম টাকা পায় তাহলে ক অবস্থা ভেবে দেখুন। আলুর অবস্থা কি? কোল্ড স্টোরেজ যদি থাকতো বহু বড় বড় ব্যক্তিগত মালিকানায় যে ব্যবস্থা হয়েছে—গভর্নমেণ্ট তা করলেন না,—করলে কি হোত? বাজারে ছয় টাকা মণ দরে আজকে আলু বিক্রয় করতে হোত না। আলু চাষী, পাট চাষী, তামাক চাষী বাঁচলো না, জমি যার পাওবার কথা সে জমি পেলো না, কৃষি উন্নতি তাহলে কি করে হবে। আজকে আমরা জানি যে বিভিন্ন জায়গায় এর আগে আমরা বাস্তু জমির খাজনা মাপের যেটুকু বিবাদ তার মধ্যেও আজকে তহশীলদারের উপরে দায়িত্ব দেওয়া হয় নি যে তোমরা খুঁজে নাও যে কে এই আইনের আওতায় পড়ে এবং সেই অনুপাতে যাতে তাদের খাজনা মাফ হয়, তার ব্যবস্থা করা হোক। এইটুকু বিধান থাকলে কবে থেকে পিটান হলো, কবে থেকে ঢোল পিটান হলো এর অপেক্ষায় কৃষকরা যে জানতো না, এই অবস্থাটা হতো না, তার ব্যবস্থা হতো। না জানাবার জন্য বহু কৃষক এই সুযোগ থেকে বঞ্চিত হয়ে গেলো আমরা দেখেছি আমাদের কৃষিবিভাগে কতগুলো অজ্ঞ, এমন চরম অজ্ঞ লোক বসে আছে যাদের অপদার্থতার কোন তুলনা মেলে না। তারা আশ্বিন মাস ছাড়া কার্তিক মাস ছাড়া বীজ ধান বিলি করতে পারেন না। কোন জায়গায় বীজ ধান বিলি করতে গেলে আশ্বিন-কার্তিকের আগে সেই বীজ বিলি হয় না। শেষে বীজ ধান কৃষকেরা পেটের তাড়নায় খেয়ে ফেলল এবং কি রকম এদের অজ্ঞতা আপনারা জানবেন। আমি গতবার জেল থেকে প্রশ্ন করেছিলাম যে আমার ওখানে যে বিরাট ঝড় হয়ে গেলে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে গিয়েছেন এক মন্ত্রী গেছেন তাঁরা নিজেরা দেখে এসেছেন। আমি বলেছিলাম তাঁরা চোখের জল ফেলেছেন। আমার কাছে ছবি আছে আমি দেখবো তাঁদের চোখের জল ফেলার ছবি। সেই চোখের জল ফেলে কি তাঁরা বুঝে এলেন এবং কি তাঁরা বললেন আমাকে উত্তর দিলেন যেহেতু ৫ই বৈশাখের মধ্যে ফসল কাটা হয়ে গিয়েছিলো, ধান এবং পাট কাটা হয়ে গিয়েছিলো, সেই জন্য ঐ একটা গ্রামের খাজনা মাপের কোন প্রশ্ন আসে না। আমরা বাংলাদেশের বিভিন্ন সহর গ্রামে থাকেন আমি চ্যালেঞ্জ করে বলতে পারি ৫ই বৈশাখের মধ্যে বাংলাদেশে কোন গ্রামে কোন জায়গাতে পাট কিংবা আউস ধান কাটা হয় না এই রকম অজ্ঞ সমস্ত লোকেরা ত্রাণ দপ্তর যদি দখল করে বসে থাকেন এবং এই যদি তাঁরা বলেন তবে কোন দিনই কৃষকের সমস্যা মিটবে না, মিটতে পারে না। আমি এই কথা বলে যে বাজেট তিনি হাজির করেছেন তার বিরোধিতা করছি।

[10-30—10-40 a.m.]

Shri Kamal Kanti Guha :

মিঃ স্পীকার, স্যার, কৃষি খাতে ব্যয়বরাদ্দ মঞ্জুরী করবার জন্য যে বক্তব্য মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের সামনে হাজির করেছেন সেই বক্তব্যের মধ্যে আমরা লক্ষ্য করেছি কৃষকদের বেঁচে থাকবার কোন কথা তার মধ্যে নেই। আজকে কৃষকদের বাঁচাতে গেলে ফসলের ন্যায্য মূল্য দেওয়া প্রয়োজন যেকথা আমরা বার বার এই হাউসে বলেছি কিন্তু সে সম্পর্কে কোন বক্তব্য এই বরাদ্দের মধ্যে রাখা হয় নি। আমরা গত দুই বৎসর ধরে বার বার এই কথা বলেছি যে পাট এবং তামাকের একটা সর্বনিম্ন ন্যায্য মূল্য বেঁধে দেওয়া দরকার। সরকারের তরফ থেকে বলা হয়েছে যে কলকাতায় পাটের বাজারর ৩০ টাকা হলে মফঃস্বলের কো-অপারেটিভ সোসাইটিগুলি সেই পাট ২৮ টাকা করে কিনবে এই আশ্বাস দিয়েছিলেন কিন্তু প্রকৃতপক্ষে আমরা এই মরশুমে দেখেছি যে ১৮।১৯।২০ টাকা করে পাটকলগুলি কৃষকদের কাছে পাট কিনেছে আর কো-অপারেটিভ সোসাইটিগুলি যে পাট কিনেছে তার পরিমাণ খুবই সামান্য। আমি আমার এলাকার কথা বলতে পারি তাঁরা সেখানে মাত্র ৩০০ মণ পাট কিনেছে। যেখানে হাজার হাজার মণ পাট উৎপন্ন হয় সেখানে মাত্র ৩০০ মণ পাট কিনে পাটের নিম্নগতি রোধ করা যাবে না। সেই জন্য আমি একটা কথা বলেছিলাম যে পাটের ন্যায্য মূল্য বাঁধা দরকার এবং তামাকের ন্যায্য মূল্য বাঁধা দরকার। সমগ্র উত্তর বাংলায় তামাকের মূল্য থেকে যে আয় হয় তা দিয়ে চাষীদের ৬ মাস চালাতে হয়। জীবনবাবু বলেছেন যে তামাকের জন্য চাষীদের ৩০ টাকা বিক্রয় কর দিতে হয়। আমরা এই হাউসে বার বার বলেছি তামাক চাষীদের যে অসুবিধা আছে, আইনকানুন যেগুলি আছে, কেন্দ্রীয়

সরকারের সঙ্গে যোগাযোগ করে তার সংশোধন করা দরকার, সংশোধন করে ৩১শে আষাঢ়ের মধ্যে তামাক বিক্রি করে ফেলতে হবে, তার ফলে ৩১শে আষাঢ়ের মধ্যে পাইকার এবং আড়তদাররা তামাকের দরটা নীচে রাখবার চেষ্টা করে। আমরা বলেছিলাম সে যদি তামাক ধরে রাখবার চেষ্টা করে তাহলে তাকে মণকরা ৭৫·১০ নয়া পয়সা সেন্ট্রাল এক্সাইজ ডিউটি দিতে হবে। এটা কৃষকদের পক্ষে অত্যন্ত মারাত্মক কথা। শুধু তাই নয় মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কৃষককে সরকারের ফরমাস অনুযায়ী গোডাউন করতে হবে এবং সে গোডাউন হবে টিনের এবং তার ভিত্তি হবে পাকা এবং সেই গোডাউনে যে তামাক থাকবে তার রিটার্ন ১৫ দিন অন্তর দাখিল করতে হবে। একজন কৃষকের পক্ষে এই কাজ করা সম্ভব নয়। কাজেই আমি অনুরোধ করবো আপনি কেন্দ্রীয় সরকারের কাছে এই কথা লিখুন ৩১শে আষাঢ় না করে তামাকের বিক্রি করবার জন্য তাকে পার্মিশন নিতে হয় এই সব বিধি-নিষেধ সৃষ্টি করে তামাক চাষীকে যে মহাজনের মুখে ঠেলে দেওয়া হচ্ছে তার থেকে যে বাঁচাবার জন্য চেষ্টা করেন। ১৯৬২ সালে আমি মুখ্যমন্ত্রীকে একটা প্রশ্ন করেছিলাম তামাকের একটা ন্যায্য মূল্য বেঁধে দেবার জন্য, মুখ্যমন্ত্রী মহাশয় তখন বলেছিলেন যে আসামে যে দাঙ্গা হয়েছিল তার দরুন আসামে যে পাটের বাজার ছিল তা নেমে যায় এবং তামাকের দরও নেমে যায়। কিন্তু আমি জিজ্ঞাসা করছি ১৯৬৩ সালে কেন তামাকের দর কম হবে। এখন তামাক ৩০ টাকা দরে বিক্রি হয়ে যাচ্ছে। যাই হোক ফসলের ন্যায্য মূল্যের কথা আমরা এই হাউসে বার বার বলেছি এবং ফসলের ন্যায্য মূল্য যদি না দিতে পারেন তাহলে যতই ক্ষুধা বন্ধ কর আন্দোলন করুন না কেন, অধিক উৎপাদন কর আন্দোলন করুন না কেন, সমস্তই ব্যর্থ হয়ে যাবে যদি কৃষকদের আপনারা ন্যায্য মূল্য না দিতে পারেন। একদিকে তাদের জীবনযাত্রার সব জিনিষের দামই বেড়ে যাচ্ছে এবং তারা যে জিনিষ উৎপাদন করে এবং যে জিনিষ বিক্রয় করে তাদের জীবনযাত্রা নির্বাহ করতে হয় সেই জিনিষ মহাজনের কাছে অল্প মূল্যে তুলে দিতে হয় বলে তাদের সংসার চলবার মত কোন সংস্থান থাকে না, এদিকেও নিশ্চয়ই লক্ষ্য দিতে হবে। তারপর তামাক চাষীরা সার পায় না। বি ডি ও অফিসে দরখাস্ত করে হয়রাণ, পাবেন পাবেন করতে করতে যখন সময় উত্তীর্ণ হয়ে যায় তখন তারা হয়ত কিছু সার পায়। আমি এই সম্পর্কে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তিনি বলেছিলেন তদন্ত করে দেখবেন। সেই তদন্ত তিনি করেছেন কি না এবং করে থাকলে তার ফলাফল কি হয়েছে আমি জানি না। কারণ তিনি হাউসে এই বিষয় তাঁর বক্তব্য রাখেন নি। আমরা জানি না আমাদের উত্তর বাংলায় কি পরিমাণ সার যায়। যে সার যায় সেই সার চা বাগানের মালিকরা চোরা পথে কিনে নিয়ে চায়ের আবাদের জন্য কাজে লাগান এবং সমস্ত সারই চোরা বাজারে বিক্রি হয়ে যায়। তারপরে আর একটা কথা হচ্ছে পাট চাষীরা হয়ত আরো দু'-তিন টাকা বেশী পেতে পারতো যদি না গুপ্ত পথে পাকিস্তান থেকে হাজার হাজার মণ পাট না আমাদের দেশে আসতো। আজকে যদি পাকিস্তানের পাট আসা বন্ধ করতে হয় তাহলে একটা জিনিষ করা দরকার, সেটা হচ্ছে সমস্ত বর্ডার অঞ্চলে তামাক চাষী ও পাটের কৃষকদের রেজিষ্ট্রেশন দেওয়া উচিৎ যে কত বিঘা জমিতে তারা চাষ করবে এবং কত উৎপাদন হল সেটা জানাবে এবং পার্মিশন নিয়ে তারা বিক্রি করবে, তাহলে দেখা যাবে আমাদের সীমান্তবর্তী জেলায় এইভাবে গুপ্ত পথে পাট আসা বন্ধ হবে।

শুধু পাট আসে না, এই চোরা পথে দুর্নীতি আসে এবং আর আসে পাকিস্তানের অনুপ্রবেশকারীরা। দেশের স্বার্থে এগুলি বন্ধ করা উচিত। স্যার, ওখান থেকে পাট আসে এবং তার বদলে আমাদের দেশ থেকে সোনা যায়। তারপর মন্ত্রিমহাশয়কে আর একটি কথা বলতে চাই এবং সেটা হচ্ছে এই কৃষকদের নিয়ে যেভাবে পার্টিবাজী করছেন সেটা অত্যন্ত দুঃখের কথা। জেলায় জেলায় ডিপ-সিংকিং টিউবওয়েল কমিটি করা হয়েছে কিন্তু সাইট সিলেকসন-এর জন্য বিরোধীপক্ষের কাউকে তার মধ্যে নেওয়া হয় নি। কুচবিহারে যে কমিটি করেছেন সেখানে মহেন্দ্র ডাকুয়াকে নিয়েছেন, আর কাউকে নেন নি। এর চেয়ে লজ্জাজনক কথা আর কি হতে পারে যে বিরোধী পক্ষের কোন লোককে নেওয়া হয় নি। তারপর, কুচবিহার সদর মহকুমায় ডিপ-সিংকিং টিউবওয়েল করেছেন, কিন্তু সেখানে যে সমস্ত ষ্টাফ থাকেন তাঁরা মাইনে পাচ্ছেন আর মুরগী পালছেন এবং নিজেদের এরিয়ায় আলু, কপি প্রভৃতি চাষ করছেন। অথচ আশ্চর্যের

বিষয় গ্রামের লোক জল পায় না। কুন্ডিবাড়ী এবং দেওয়ানহাটে যে দু'টি ডিপ-সিংকিং টিউব-ওয়েল আছে সেখানে কি তাঁরা এক ছটাক জলও দিয়েছেন? কাজেই দেখা যাচ্ছে এইভাবে তাঁরা জাতীয় অর্থের অপচয় করছেন এবং যে জিনিষ আছে তাও কাজে লাগাচ্ছেন না। তারপর ডেভেলপমেন্ট অফ ক্যাস ক্রপ। ১৯৬২ সাল থেকে আপনার কাছে বলে আসছি যে ডেভেলপমেন্ট অফ ক্রপ-এ তামাক ভালভাবে উৎপন্ন হয়, কিন্তু উত্তরবঙ্গে সেই জন্য কোন অর্থ বরাদ্দ করা হয় না। কুচবিহারের দিনহাটা মহকুমায় সেন্ট্রাল গভর্নমেন্ট সীমাবদ্ধ গন্ডীর মধ্যে একটা প্রচেষ্টা করেছিলেন, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার কৃষকদের দিকে লক্ষ্য রেখে তার জন্য কিছু করছেন না। কুচবিহার থেকে তামাক ডিউটি হিসেবে সেন্ট্রাল গভর্নমেন্ট ৩ কোটি টাকা পান, কিন্তু তার বদলে তামাক চাষীদের জন্য জল, সার, মার্কেটিং এবং গোডাউন-এর ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করছেন না। আপনারা পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে নিশ্চয়ই এই জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করতে পারেন। তারপর, উত্তরবঙ্গের কৃষি সম্বন্ধে আপনারা অত্যন্ত অবহেলা দেখাচ্ছেন। আজ পর্যন্ত উত্তরবঙ্গে আপনারা একটা কৃষি কলেজ করলেন না। আমার বক্তব্য এবং আবেদন হচ্ছে উত্তরবঙ্গের কুচবিহারে যে কৃষি স্কুল আছে সেটাকে কৃষি কলেজ-এ রূপান্তরিত করুন এবং সেখান থেকে উত্তরবঙ্গের সন্তানরা যাতে চাষবাস শিখতে পারে সেই ব্যবস্থা করুন। তারপর, স্কীম ফর এক্সপেরিমেন্টাল ক্রেডিট অফ ইন্ডিয়ান বিটলনাটস ইন কুচবিহার ডিস্ট্রিক্ট। স্যার, কুচবিহার জেলায় যে সুপারী হয় অন্যান্য জেলায় সেই অনুপাতে কম হয়। আমাদের পশ্চিমবাংলা সুপারীর দিক থেকে ঘাটতি এবং সেই হিসাবে পাকিস্তান থেকে না আনলে চলে না। কুচবিহার জেলায় গত কয়েক বছর ধরে সুপারীর উৎপাদন যাতে বৃদ্ধি ঘটে, চারাগাছ যাতে পায় তার জন্য একটা পরিকল্পনা করেছিলেন এবং তার জন্য টাকাও স্যাংশন করেছিলেন। কিন্তু দেখছি কিছুই হয় নি এবং কেন যে হয় নি তাও জানি না। কাজেই এদিকে নজর দিন। তারপর, উৎপাদন বৃদ্ধি করবার জন্য প্যাটার্ন অফ ফার্মিং প্রগতিশীল করা দরকার, কিন্তু সেদিকে নজর দেন নি। প্যাটার্ন অফ ফার্মিং-এর দিক থেকে আমরা ৫ রকম জিনিস দেখেছি, পেজেন্ট ফার্মিং, ক্যাপিটাল অর এস্টেট ফার্মিং, স্টেট ফার্মিং, কলেকটিভ ফার্মিং কো-অপারেটিভ ফার্মিং। কিন্তু আমাদের দেশে সেই পেজেন্ট ফার্মিং এর দিকটা পড়ে আছে। এখনও তারা একটি হাল এবং একটি লাঙ্গল নিয়ে ঠুক ঠুক করছে। এই নিয়ে আপনারা বলছেন পণ্যের উৎপাদন বাড়াব, ক্ষুধা দূর করব, দুর্ভিক্ষ দূর করব। অথচ আমরা দেখছি আরও যে সমস্ত উন্নতিশীল ফার্মিং আছে এবং কো-অপারেটিভ ফার্মিং আছে সেদিকে আপনারা নজর দিচ্ছেন না। আমরা জানি ভারতবর্ষের প্রতিক্রিয়াশীল মানুষের চাপে পড়ে আপনারা এই প্রচেষ্টা বন্ধ করেছেন, কিন্তু সত্যিকারের দেশের দুর্ভিক্ষ যদি দূর করতে হয়, আবাদ যদি বৃদ্ধি করতে হয়, উৎপাদন যদি আরও উঁচু স্তরে নিয়ে যেতে হয় তাহলে কো-অপারেটিভ ফার্মিং করা নিশ্চয়ই দরকার। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[10-40—10-50 a.m.]

শ্রীপুরঞ্জয় পরামাণিক:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষিবিভাগ-এর যে ব্যয়বরাদ্দ উত্থাপন করা হয়েছে আমি তা পূর্ণ সমর্থন করছি। আমি যে জেলার অধিবাসী সেই জেলাকে বলা হয় পশ্চিম বাংলার শস্য ভান্ডার। খাদ্য শস্যের দিক থেকে বর্ধমান জেলাকে অন্যান্য জেলা অপেক্ষা উন্নত বলে শস্য ভান্ডার বলা হয়। তার কারণ দু'টি। একটি হচ্ছে কৃষক সমাজ পরিশ্রমী, আবার বর্ধমান জেলার বহু অংশে ক্যানাল জল পায় বলে তার কৃষি কার্যের সুবিধা হয়। এখন এই ক্যানাল সম্প্রসারণের জন্য চাষীরা কৃষিকার্যে মনোযোগী হয়েছে এবং ফসল উৎপাদনের দিকে রয়েছে। আমাদের বর্ধমান জেলায় এখন নিবিড় চাষ প্রকল্পের পরীক্ষা-নিরীক্ষা চলছে। এই ক্যানাল কল্যাণের স্বচ্ছলতা উৎপাদনের ক্ষমতা এবং অন্য ধরণের সমবায় প্রথা এবং কৃষকদের অক্লান্ত পরিশ্রমে এই জেলাকে নিবিড় চাষ প্রকল্পের অন্তর্ভুক্ত করেছে। ১৯৬২ সালে আমাদের মন্ত্রিমহাশয় বলেছিলেন বর্ধমান জেলার লোকদের কৃষিকার্য শিখতে হবে না, তারা কৃষিকার্য ভালভাবেই জানেন। তব

উদ্বোধনী সভায় উপস্থিত তদানীন্তন সেচমন্ত্রী অজয়বাবু কৃষিমন্ত্রী তরুণবাবুকে উদ্দেশ করে বলেছিলেন এরা যদি সময় মত জল পায় বীজ সার ইত্যাদি যথা সময়ে পায় তবেই আশাতীত উৎপাদন বৃদ্ধি পাবে। বর্ধমান জেলা প্যাকেজ প্রোগ্রামের অন্তর্ভুক্ত হওয়ায় আশাতীত ফল লাভ করা গেছে। প্রথম বছরে ৬ লক্ষ মণ ধান্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এবং অন্যান্য জমি যেগুলি প্যাকেজ প্রোগ্রামের বহির্ভূত, সেই জমির উৎপাদনের চেয়ে গড়ে উৎপাদন ৬ মণ বেশী হয়েছে। গত বছর যেখানে উৎপাদন ছিল ২১ থেকে ২২ মণ একেবারে সেখানে ২৬।২৭ মণ হয়েছে। প্যাকেজ প্রোগ্রামের অন্তর্ভুক্ত হলে একর প্রতি ৩৩ মণ ধান পাওয়া গেছে। এখন মাত্র এই প্যাকেজ প্রোগ্রামে ১ হাজার গ্রাম, ১ লক্ষ একর জমি, তথা ৫০ লক্ষ কৃষক পরিবার এই প্যাকেজ প্রোগ্রামের অন্তর্ভুক্ত হয়েছে এবং আশা করা যাচ্ছে আগামী ৪ বছরের মধ্যে ৭ লক্ষ একর জমি আড়াই লক্ষ কৃষক পরিবার এই প্যাকেজ প্রোগ্রামের কর্মসূচীর অন্তর্ভুক্ত হবে, সেই সময়ে দেখা যাবে ৪০ থেকে ৬০ ভাগ কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে।

আমাদের জেলায় একটা এলেকা আছে যেখানে গড়ে ৫ মণও ফলে না, পূর্বে এমন ছিল না, সেখানে সোনা ফলত। বর্ধমান জেলার দক্ষিণে অঞ্চলে জামালপুর রায়না থানায় ৮০টি গ্রামে আট হাজার একর জমিতে জলের অভাবে সেচের ক্ষতি হয়েছে।

সেখানে দেখা যাচ্ছে আগে দামোদরের হানা মুখ দিয়ে জল প্রবাহিত হোত সেই জলের সাহায্যে এই সমস্ত জমি চাষ-আবাদ হোত এবং চাষীরা প্রচুর ফসল লাভ করত। কিন্তু এই ডি ভি সি হবার পর গত ৮।১০ বছরে এই হানামুখ দিয়ে সেই জল আর প্রবাহিত হয় না। এর কারণ হচ্ছে ২টা। একটা হচ্ছে জলধরা নির্মিত হবার পর বন্যার প্রকোপ কমেছে এবং হানা মুখগুলি বন্ধ হয়েছে। ১৯৫৭ সালে বন্যা হবার পর যে বন্যা তদন্ত কমিশন সর্দার মানসিং-এর নেতৃত্বে গঠিত হয়েছিল তারা দামোদর বন্যার জন্য ৩৩টি হানা মুখ বর্ধমানের দক্ষিণ দামোদর অঞ্চলে বন্ধ করার জন্য সুপারিশ করেছিলেন। এই সমস্যা সমাধানের জন্য যে চেষ্টা হয় নি তা নয়, বহুভাবে আবেদন নিবেদন করা হয়েছে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বহু চেষ্টা করা হয়েছিল, তখন কৃষি বিভাগের সুপারিনটেন্ডিং ইঞ্জিনীয়ার বলেছিলেন ২৭শে জানুয়ারী, ১৯৬১ সাল যে থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে এই সমস্ত অঞ্চলে গভীর নলকূপ স্থাপন করে কৃষিকার্যে সহায়তা করা হবে। কিন্তু দুঃখের বিষয় আজকে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সমাপ্তির পথে, অথচ এখনও পর্যন্ত সেখানে ডিপ টিউবওয়েল প্রোথিত করার কোন চেষ্টা দেখা যাচ্ছে না। তৃতীয় যোজনাকালে পশ্চিম বাংলায় ১,৩০০ ডিপ টিউবওয়েল স্থাপন করার স্থির করেছেন। সরকারী কর্মচারীদের কর্মকুশলতার ফলে ৮০৯টা নলকূপ পোঁতা হয়েছে এবং আগামী বৎসরে বলছেন ৪০০টা নলকূপ স্থাপন করবেন এবং তার জন্য ২ কোটি ২৮ লক্ষ টাকা মঞ্জুর করেছেন এবং তৃতীয় যোজনায় ৯ কোটি ৫৭ লক্ষ ৫২ হাজার টাকা মঞ্জুর করেছেন। জেলাকে প্যাকেজ প্রোগ্রাম-এর অন্তর্ভুক্ত করা হয়েছে। খাদ্যোৎপাদনের জন্য অনেক চেষ্টা করা হচ্ছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার জন্য যেখানে চেষ্টা চলছে সেখানে আমাদের দক্ষিণ দামোদর অঞ্চলকে অবহেলা করার কোন কারণ বুঝি না। খাদ্য স্বয়ংসম্পূর্ণ করার জন্য এবং পরমুখাপেক্ষী না থাকবার জন্য কৃষিখাতে অন্যান্য বৎসরের তুলনায় ব্যয়বরাদ্দ করা হয়েছে। কিন্তু দক্ষিণ দামোদর অঞ্চলের লোকেরা এতে খুশী নয়। তারা মনে করছে কৃষির উন্নতির জন্য কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে, কিন্তু তাদের অবস্থার কিছু পরিবর্তন দেখা যাচ্ছে না। সর্বশেষে কৃষি বিভাগের প্রতিমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী কৃষিখাতে ১৩ কোটি ৮৬ লক্ষ ১৯ হাজার টাকা বরাদ্দ দাবী করেছেন। আমি নীতিগতভাবে এর বিরোধীতা করছি। কারণ আমি মনে করি বাংলাদেশে কৃষিনীতির ব্যর্থতার জন্য এই রাজ্য চিরদুর্ভিক্ষ দেশে পরিণত হয়েছে। অবশ্য রাষ্ট্রমন্ত্রী বা অর্থমন্ত্রী এটা স্বীকার করবেন না সেটা বুঝতে পারি। এখন যদি তাই হয় যে বাংলাদেশে দুর্দশা নেই এবং যদি মন্ত্রিমহাশয় সব ব্যবস্থা করে থাকেন তাহলে এখানে দুর্ভিক্ষ হয় কেন?

এবং প্রতি বছর দুর্ভিক্ষ খাতে কোটি কোটি টাকা বরাদ্দ করতে হয় কেন? মন্ত্রিমহাশয় কৃষি উন্নয়নের জন্য যা কিছু প্রয়োজন সব করেছেন—তিনি উন্নত বীজের ব্যবস্থা করেছেন, পাটের বীজের ব্যবস্থা করেছেন, থানা ফার্মের ব্যবস্থা করেছেন, ডিপ-টিউবওয়েল-এর ব্যবস্থা করেছেন, ছোট ছোট ইরিগেশন-এর ব্যবস্থা করছেন, জাপানী প্রথায় চাষের ব্যবস্থা করে কি করে উন্নত ধরনের চাষ হতে পারে তার ব্যবস্থা করেছেন, ট্যাংক ইম্প্রুভমেন্ট করেছেন, কীটনাশক ওষুধের, বলদচালিত পাম্পের ব্যবস্থা করেছেন, প্যাকেজ প্রোগ্রাম করেছেন। তবু বাংলাদেশের এমন দুর্ভাগ্য যে কালকে অর্থমন্ত্রী মহাশয় বক্তৃতা দিয়েছিলেন যে বাংলাদেশ অর্থনীতির ক্ষেত্রে প্রগতির পথে চলেছে এবং কৃষিক্ষেত্রে বেড়ে চলেছে। তাঁর কালকের বক্তৃতা শুনে মনে হচ্ছিল যে বিদেশের কোন ভোজ-সভায় বক্তৃতা দিচ্ছেন, আর আমরা যেন বসে বসে শুনছি।

[10-50—11 a.m.]

তিনি একটুও স্মরণ করতে পারেন নি যে, মায়ের কাছে মাসির কথা বলা হচ্ছে। আমরা পল্লী থেকে এসেছি আমরা কলকাতায় থাকি না, ধান গাছে তক্তা হয় এটা কলকাতার লোকই জানে, কিন্তু পাড়াগাঁ থেকে যারা এসেছে তারা জানে কোথা থেকে তক্তা হয়। কাজেই সেখানের প্রকৃত অবস্থা কি তারা জানে। এই পল্লীগ্রামের দুরবস্থার কথা সেখানকার লোক জানে. আজকে দু'টা জিনিষ দেখতে পাচ্ছি। প্রথম কথা হচ্ছে এই দপ্তর এত বড় অপদার্থ যা বাংলাদেশের আর কোন দপ্তর নয়। বহুসংখ্যক অফিসার এখানে রয়েছে। কেবল অফিসার-এর সংখ্যা একটু বললেই সব বুঝতে পারবেন ১ জন সেক্রেটারী, ১ জন ডাইরেকটার, ২ জন অ্যাডিশনাল ডাইরেকটার ১০ জন ডেপুটি সেক্রেটারী, কেবল সেক্রেটারীর ছড়াছড়ি। তা ছাড়া সুপারিনটেন্ডেন্ট, ইন্সপেক্টর, ইত্যাদি কয়েকশত লোক বাংলাদেশে ছড়িয়ে আছে, তবুও এতবড় অপদার্থ যে, প্রতি বৎসর খাদ্য ঘাটতি হচ্ছে। এটা আমার কথা নয়। যে টাকা বরাদ্দ করা হয় সে টাকা এরা খরচ করতে পারেন না। ১৯৬১-৬২ সালে এই ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেটা সবচেয়ে বেশী প্রয়োজন এই কৃষি এবং সেচ খাতে ৯ কোটি ৪১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, তারা খরচ করলেন ৩ কোটি ১৩ লক্ষ টাকা। ৬ কোটি ২৮ লক্ষ টাকা খরচ করতে পারলেন না। এ থেকেই এঁদের যোগ্যতার পরিচয় পাচ্ছি। তারপর ১৯৬২-৬৩ সালে এই খাতে ৯ কোটি ১৯ লক্ষ টাকা বরাদ্দ হল, মাত্র খরচ হল ৪ কোটি ৩৮ লক্ষ টাকা, ৪ কোটি ৮১ লক্ষ টাকা খরচ করতে পারলেন না। তা ছাড়া আমি দেখাবো কৃষি ক্ষেত্রের কি উন্নতি হয়েছে, এটা আমার কথা নয় সরকারী হিসাব থেকেই বলছি। ১৯৬০-৬১ সালে ৫৩ লক্ষ টন চাল উৎপাদন করলেন, ১৯৬১-৬২ সালে ৪৭ লক্ষ টন, ১৯৬২-৬৩ সালে ৪৩ লক্ষ টন, ১৯৬৩-৬৪ সালে ৩৯ লক্ষ টন, সরকারী হিসাবে ২২ লক্ষ টন ঘাটতি বলা হয়েছে। তারপর অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করে দেখান যে কৃষি দপ্তর কিভাবে চলেছে। যেখানে ১৯৫০-৫১-র ১০০-কে সূচক ধরলে আমরা দেখি অংক সেখানে দাঁড়িয়েছে ৬৭ ভাগ ধান-চালের, কেরালা ৪৩ ভাগ, মাদ্রাজ ১০২ ভাগ, আসাম ১৫ ভাগ, উড়িষ্যা ৬ ভাগ এবং পশ্চিম বাংলা বাড়ান ১.৫১ ভাগ, এই হল যোগ্যতা। তারপরও আমাদের অর্থমন্ত্রী বলেছেন যে ধান-চালে আমরা একটু পিছিয়ে আছি, কিন্তু সমগ্র কৃষিতে এগিয়ে আছি। আমি সেটা দেখেছি ১৯৫০-৫১ সালকে যদি সেই ১০০ সূচক ধরা হয় সেখানে আজ কৃষি বাড়ান ৩০.২, বিহার বাড়ায়, ৬৬.৭, মধ্যপ্রদেশ বাড়ায় ৭৭.৭, কেরালা বাড়ায় ৪৫.৩, মাদ্রাজ বাড়ায় ৪৪.৪, পাঞ্জাব বাড়ায় ৪০.৪, রাজস্থান বাড়ায় ৭১.০, পশ্চিম বাংলার ঘাটতি হল চার পয়েন্ট। সকলে বাড়াল আর পশ্চিম বাংলার ঘাটতি হল। এই হচ্ছে কৃষি বিভাগের ব্যাপার। এঁরা মনে করেন বেশী টাকা খরচ করলেই প্রগতিও বেড়ে যাবে। আমাদের অর্থমন্ত্রী সেদিন অর্থদপ্তর ভার নিয়ে ৮৪ জনকে নিয়ে পরিকল্পনা কমিশনের কাছে গিয়েছিলেন। এরূপ পৃথিবীর কোথাও আছে কি না জানি না। তিনি ৮৪ জনকে নিয়ে গিয়েছিলেন পরিকল্পনা খাতে টাকা সংগ্রহের জন্য। সেখানে মুখ্যমন্ত্রী গেলেন, সেচমন্ত্রী গেলেন, তিনজন মন্ত্রী গিয়েছিলেন, গেজেটেড অফিসার গিয়েছিলেন ৫১ জন, নন-গেজেটেড ৩০ জন, এইভাবে মোট ৮৪ জন গিয়ে হাজার ৩০।৪০ টাকা খরচ করে এলেন, পরে এই এত টাকা তাও পাবেন কি না জানি না। একটা রিপ্রেজেন্টেশন দেবার জন্য ঐ রাইটার্স বিল্ডিংস থেকে ১ জন মন্ত্রী দ্বারা ২ জন মন্ত্রীর দ্বারা হল না, বা ১ জন ৫

সেক্রেটারী বা ২ জন সেক্রেটারীর দ্বারা হল না, তিনি সমগ্র রাইটার্স বিল্ডিংসকে নিয়ে গিয়েছিলেন তত্ত্বাবধানের জন্য। লজ্জা হয় কত বড় অযোগ্য এঁরা এটা ভেবে। যা ১ জন বা ২ জন সেক্রেটারীর দ্বারা হয় সেখানে ৮৪ জনকে নিয়ে যেতে হয়েছে রিপ্রেজেন্টেশন দেবার জন্য, এ থেকেই প্রমাণ করতে হয় গভর্নমেন্ট-এর যোগ্যতা কতখানি। আর একটা বিষয় আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। দুঃর্ভিক্ষ খাতে অনেক টাকা খরচ করা হয়েছে ১৯৫৭-৫৮ সালে ৭ কোটি টাকা, ১৯৫৯-৬০ সালে ৫ কোটি টাকা, ১৯৬০-৬১ সালে ৭ কোটি টাকা, ১৯৬২-৬৩ সালে ৫ কোটি টাকা, ১৯৬৩-৬৪ সালে প্রথমে ২ কোটি, তারপর আরও বাড়িয়েছেন। কাজেই দেখতে পাওয়া যাচ্ছে বাংলাদেশের কি দুরবস্থা। কাজেই আমি দেখাতে চাই যে এই বাংলাদেশের সতিাকারের অবস্থা। সৎ ব্যবস্থা করলে এই অবস্থা হোত না। আমি নিবেদন করি সরকারের এই রকম অবস্থা হওয়ার জন্য সমস্ত দিক নষ্ট হয়ে যাচ্ছে। কৃষকদের মধ্যে কোন উৎসাহ সৃষ্টি করতে পারে নি। একটি সাজেসন দিই সেচ বিভাগ, কৃষি বিভাগ সমষ্টি উন্নয়ন এবং সমবায়—এগুলো যদি একটা ডিরেক্টারের আন্ডারে রাখা হয় কারণ এগুলি সবই পরস্পরের সংগে সংশ্লিষ্ট। কারণ এক ডিপার্টমেন্ট বলবে করো আর এক ডিপার্টমেন্ট বলবে করো না এই অবস্থাই চলবে—কাজেই কৃষি উৎপাদনের জন্য যেটা দেশের অর্থনীতি, সেই জন্য এটাকে একটা ডিরেকটার-এর আন্ডার-এর মধ্যে নেই। একটা ক্ষমতা সম্পন্ন কমিটির হাতে এটা করতে দিন। সেখানে একটা ট্রাইব্যুনাল করা হবে,—যদি কোন সরকারী কর্মচারী বা যদি কেউ অক্ষমতার পরিচয় দেন তাহলে তাকে শাস্তি নিতে হবে। আজ শেষে আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই বাংলাদেশের এই দুরবস্থার জন্য যেখানে দুর্ভিক্ষের জন্য লক্ষাধিকের জায়গা বিক্রি হয়ে গেছে। সময়ে যদি কৃষকদের ঋণ না দিতে পারেন, যদি তার গরুর চিকিৎসার ব্যবস্থা করতে না পারেন—তাদের যে শতকরা ৭৫ জন অশিক্ষিত তাদের যদি শিক্ষিত করে তুলতে না পারেন তাহলে যত কোটি টাকাই খরচ করুন কেন কৃষি উন্নতি এতে কিছুতেই হবে না।

Shri Narendra Nath Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহাশয় রাষ্ট্রমন্ত্রী যে কৃষি দাবী পেশ করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। যারা এখানে বলছেন যে কৃষির কোন উন্নতি হয় নি আমি তাদের সাথে একমত নয়। কৃষির অনেক উন্নতিই হয়েছে, অবশ্য আমরা যা আশা করেছি সেরকম উন্নতি হয় নি। আজকে কৃষির উন্নতির জন্য সরকার যে প্রচেষ্টা রেখেছেন সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। কারণ, আমরা দেখেছি কৃষির উন্নতির জন্য বিভিন্ন স্তরে প্রচেষ্টা করেছেন সেচের ব্যবস্থা করেছেন, সার দেবার প্রচেষ্টা চলছে সারের জন্য বহু ফার্ম হয়েছে। ১৬৪টি ডিমনেস্ট্রেসন ফার্মের ভিতরে আমি সেগুলি পর্যবেক্ষণ করেছি এবং দেখেছি যে কৃষির উন্নতি আজকে হতে চলেছে। এই ডিমনেস্ট্রেটিভ ফার্মের একটি বিরাট মূল্য আছে, এটা দেখে চাষীরা উৎসাহিত হয়েছে, কি করে আজকে উন্নতি করা যায় তার চেষ্টা করছে। আমি চাষের অভিজ্ঞতা সম্পন্ন লোক হিসাবে এ কথা আমরা পরিষ্কার করে বলতে পারি যেটা মূল বস্তু সেটাই আমি সরকারের কাছে আনছি। সয়েল টেস্টিং-এর ব্যবস্থা আমরা যদি করতে না পারি, গ্রামের চাষী সে চাষ বোঝে—সে বোঝে কিন্তু কোন জায়গায় কি ফসল ভাল হবে তার সম্বন্ধে কোন অভিজ্ঞতা নেই। যদি সে ভাল বীজ পায়,—ভাল জো পায়, ভাল জায়গা পায়, তাহলে নিশ্চয় সে অধিক ফসল ফলাতে পারবে। তবে কোন্ জমিতে কি ফসল ভাল হবে সে সম্বন্ধে তার অভিজ্ঞতা কোথায়? তাহলে হয়তো অধিক ফসল ফলতো।

[11—11-10 a.m.]

যদি ঠিক ঠিকভাবে সার দেওয়া যায় তাহলে ফসল দ্বিগুণ কিম্বা আরো বেশী হয় এই অভিজ্ঞতা আমরা সঞ্চয় করেছি। আমরা দেখেছি যে, যে সাধারণ চাষী আমাদের নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য যোগান দেয় তাদের চাষের কাজে আরো ভাল করে আত্মনিয়োগ করবার জন্য এবং তাদের উৎসাহিত করবার জন্য আমরা সেইরকম কোন প্রচেষ্টা রাখতে পারি নি। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, আজকে সাধারণ চাষীর আর্থিক মান এত নিচে নেমে গিয়েছে যে তাদের পক্ষে উৎসাহ উদ্দীপনা নিয়ে চাষের কাজ

করা সম্ভব নয়। নদীয়ার ১৫ শত গ্রামে সাড়ে বারো শত ক্রেডিট সোসাইটি আছে তা থেকে বিগত কয়েক বৎসর ১১ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছিল, এবার ৪৫ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে, তাতে চাষীর কিছু উন্নতি হয়েছে ঠিকই, কিন্তু চাষের আরো উন্নতি হওয়া দরকার। চাষীরা আজকে মহাজনের কাছে বিক্রি কবলা লিখিয়ে দিয়ে যে দুই-তিন বিঘা জমি যাদের অবশিষ্ট ছিল তাও বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। চাষীর হাতে আজকে যে ন্যূনতম পরিমাণ জমি আছে তার জন্য তাদের যথেষ্ট পরিমাণে ঋণের ব্যবস্থা করবার জন্য নূতন করে চিন্তাধারা রাখতে হবে। আমি মনে করি এইজন্য একটা কমিটি নিয়োগ হওয়া প্রয়োজন জেলা ভিত্তিতে। যেখানে তাঁরা দেখবেন চাষীরা ঋণ পেলে চাষের কাজে আত্মনিয়োগ করতে পারে সেখানে কমিটি নিশ্চয়ই তাদের ঋণ পাইয়ে দেবার ব্যবস্থা করবেন। জমিদারী প্রথা বিলোপসাধন হবার পরে চাষীরা আশা করেছিল আমরা জমি পাবো জমির মালিকানা পাবো কিন্তু জমিদারী বিলোপ হওয়া সত্ত্বেও চাষীরা আশানুরূপ জমি পায় নি। তার কারণ জমিদারী বিলোপ হবার সাথে সাথে অনেক জমিদার আইনের সুযোগ নিয়ে বহু জমি বেনামী করে রেখে দিয়েছে। সেইজন্য আমি অনুরোধ করবো সেই জমি বারা করবার জন্য একটি উপযুক্ত বিভাগ নিয়োগ করা হোক যাতে করে তাঁরা জমি বের করে সেইসমস্ত জমি চাষীদের মধ্যে বিতরণ করতে পারে। চাষের উন্নতি করতে হলে, প্ল্যান্ড এগ্রিকালচার করতে গেলে জমির ফ্রাগমেন্টেশন রোধ করতে হবে এবং সেটা সমবায়ের ভিত্তিতেই সম্ভব হতে পারে এবং আজকে আমাদের সরকারী দপ্তর বৈজ্ঞানিক উপদেশ দিয়েও চাষীদের সাহায্য করতে পারেন এবং সরকারকে আমি আবার বলবো যে আজকে চাষের উন্নতি করতে হলে জনসাধারণের সহযোগিতার প্রয়োজন আছে।

Shri Monoranjan Baksi:

মাননীয় স্পীকার মহাশয়, কৃষি খাতে আলোচনা করতে গিয়ে সর্বপ্রথম আমার একটা কথা মনে পড়ছে বারে বারে, কয়েক বৎসর পূর্বে ভারতের প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরু মাইথনে গিয়ে একটি সাঁওতাল মেয়েকে দিয়ে বোতাম টিপিয়ে মাইথন ড্যাম উদ্বোধন করিয়েছিলেন। আজকে যদি আমরা দুর্গাপুর কোক চুল্লি দেখি, নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং দেখি, তাহলে আমার মনে হয় যে এইগুলির আজকে কোন প্রয়োজন এবং হওয়া উচিত ছিল না। মাইথন ড্যাম উদ্বোধন করতে গিয়ে যে সাঁওতাল মেয়েকে দিয়ে বোতাম টিপিয়েছিলেন সে এখনও বেঁচে আছে কিনা আমি জানি না। আজকে আমাদের পশ্চিম বাংলার মাননীয় কৃষিমন্ত্রী কৃষি প্রসঙ্গে বললেন যে আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং তিনি আরো বলেছেন যে আজকে আমাদের জমিতে সারের ব্যবহারও বেড়েছে। তিনি, আজকে যারা নাঙ্গল দিয়ে জমি চাষ করে, তাদের সথাই উল্লেখ করেছেন, কিন্তু আমরা দেখলাম না তাঁর ভাষণের মধ্যে কোথায়ও যারা কৃষি মজদুর তাদের কথা উল্লেখ করেছেন, তাদের কথা আজকে আমরা ভুলেই বসেছি। কিন্তু যে কৃষক বা মজদুর জমি চাষ করে তারা আজকে কি খেয়ে জমি চাষ করবে এবং কি খেয়ে তাদের পেট ভরবে এই কথা তাঁরা একবারও চিন্তা করেন নি, তাদের কথা একবারও উল্লেখ নেই। তারা আজকে যেভাবে বসবাস করে এবং তাদের ছেলেমেয়েরা যেভাবে থাকে, তাদের লেখাপড়া কিভাবে হবে তার কোন উল্লেখ এই ভাষণের মধ্যে নেই। আজকে জমির মালিকেরা কিভাবে কৃষি মজদুরদের শোষণ করছে তার কোন উল্লেখ আমরা এই ভাষণের মধ্যে পাই নি। আজকে যদি কৃষি মজদুর না বাঁচে তাহলে কৃষি উৎপাদন কিছুতেই বাড়তে পারে না এবং আমাদের এই কৃষিপ্রধান বাংলাদেশে যদি কৃষি শ্রমিক যারা যায় তাহলে বাঙ্গালী নিশ্চয়ই নিশ্চিহ্ন হয়ে যাবে। আমরা দেখছি তাদের বর্তমান স্ট্যান্ডার্ড অব লিভিং-এর এতটুকু উন্নতি করবারও ব্যবস্থা নেই। এইবারে আমি আমার বর্ধমানের কথা বলছি, আমাদের বর্ধমান জেলায় ইনটেনসিভ এগ্রিকালচারাল প্রগ্রামে যে প্যাকেজ স্কীম হয়েছে তাতে খুবই উন্নতি হয়েছে। সুতরাং আমরা চাই আমাদের বর্ধমান জেলাতেই শুধু নয়, এটা সমস্ত পশ্চিম বাংলায় ছড়িয়ে পড়ুক এটাই আমরা চাই। তারপর কৃষকদের উৎপাদনের জন্য যে দীর্ঘমেয়াদী ঋণ দেওয়া হয় দুঃখের বিষয় সেই টাকা সরকার রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া থেকে ২ পার্সেন্ট সুদে ধার করছেন এবং কৃষকদের দিচ্ছেন ৯ পার্সেন্ট সুদে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় কথা হচ্ছে আজকে আমাদের কৃষি বিভাগ এবং সেচ বিভাগের মধ্যে অহি-নকুল সম্পর্ক। কোন

গ্রিকালচারাল স্কীমে কৃষি বিভাগ এক কথা বলেন আর সেচ বিভাগ অন্য কথা বলেন যার ফলে দশের কৃষির উন্নতির ব্যাঘাত হচ্ছে। আমার চতুর্থ কথা হচ্ছে যে আমার কেন্দ্র আউসগ্রাম তে অক্টোবর মাসে অজয় নদীর বন্যায় ভেসে যায়। আমি বলেছিলাম তখন যে অজয়ের বন্যা নয়ন্ত্রণ তা করতে পারলে শুধু শুধু কৃষি উন্নয়নের কথা বলে কোন লাভ হবে া। এই অজয় নদী শুধু বর্ধমান জেলাতেই নয় বীরভূম জেলাকেও প্লাবিত করে দেয়।

[1-10—11-20 a.m.]

বং একটা বিরাট অংশের উৎপাদন ব্যাহত হয়। কাজে কাজেই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের াছে অনুরোধ করছি যে, যেমন দামোদর ভ্যালি কর্পোরেশন করা হয়েছে তেমনিভাবে অজয় ভ্যালি কর্পোরেশন করা হোক। এটা যদি করা হয় তাহলে এই এলাকার কৃষকদের স্বার্থ রক্ষা রা হবে। তারপর, বর্ধমানে দেখছি সরকার বড় বড় পরিকল্পনা করছেন। কিন্তু আমার নর্বাচন কেন্দ্র আউসগ্রাম যেখানে পণ্ডিত নেহরু গিয়েছেন এবং মন্ত্রিমহাশয়ও গিয়েছেন এবং সখানে আমরা দেখেছি সেটাকে জঙ্গল এলাকা বলে বলা হয় সেখানে এমন অনেক এলাকা রয়েছে যখানে সামান্য একটু ক্যানেল কেটে দিলে জল আসে। আমরা বাস্তব অভিজ্ঞতা থেকে দেখেছি সেই জল আসে। কিন্তু যাঁরা এগ্রিকালচার এক্সপার্ট, ইরিগেসন এক্সপার্ট তাঁরা বলেন জল াসতে পারবে না। অর্থাৎ যাঁরা এক্সপার্ট, যাঁরা সাইকোলজি জানেন তাঁরা মনে করেন এই কাজ তে পারে না। স্যার, কৃষকদের প্রতি এঁদের কোন সহানুভূতি আমরা দেখি না এবং সহ-যোগিতার মনোভাবও দেখি না, তাঁরা শুধু স্যুট, প্যান্ট পরে মনে করেন আমরা অন্য রকম জীব, অন্য রকম পদার্থ। এরকম করলে কিছু হবে না। কৃষকদের উন্নতি করতে হলে তাদের প্রতি দরদ বং সহানুভূতি দেখাতে হবে। তারপর, ছোট ছোট জমির যারা মালিক তারা প্রাণের দায়ে মি মর্টগেজ দেয় এবং তার পরিবর্তে লোন নেয়। কিন্তু আমরা দেখছি তারা সেই লোন শাধ দিতে পারে না বলে তাদের জমি নিলাম হয়ে যায়। কাজেই আমার বক্তব্য হচ্ছে আমাদের দশের যারা সত্যিকারের চাষী, যারা আমাদের দেশের আশা-ভরসা, যারা সব সাধকের বড় সাধক অর্থাৎ যারা চাষা তাদের রক্ষা করুন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Golam Yazdani:

াননীয় স্পীকার মহাশয়, আজকে যে বাজেট ব্যয়-বরাদ্দ উপস্থিত করা হয়েছে আমি তার বরোধিতা করছি। এটা আজকে কেউ অস্বীকার করতে পারবেন না যে, কৃষি আমাদের দেশে তটা গুরুত্বপূর্ণ। আমাদের দেশের লোককে বাঁচাতে হলে ফসল বাড়ান দরকার এবং লোক-সংখ্যা যে বেড়ে যাচ্ছে সেই সমস্যার সমাধান করতে হলেও কৃষির উৎপাদন বাড়ান দরকার। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে এ ব্যাপারে যেরকমভাবে মনোযোগ দেওয়া কর্তব্য সরকার তা দেন া। আমি এই প্রসঙ্গে দু-চারটে কথা তাঁর সামনে তুলে ধরছি এবং আশা করছি তিনি তা নেবেন। তিনি বলছেন আমাদের আওতায় যে জমি এসেছে তা হোল শতকরা ৮৭ ভাগ। আমি জিজ্ঞাসা করি যে সমস্ত জমি কৃষির আওতায় রয়েছে তার সবগুলোতে কি ধান হয় বা স সম্বন্ধে তিনি কি কিছু জানেন? আমি দেখিয়ে দিতে পারি সরকারের গাফিলতির জন্য হাজার হাজার বিঘা জমিতে কোন ফসল হয় না। এর উদাহরণস্বরূপ আমি বলতে চাই যে সমস্ত জমিতে ফসল হতে পারে অথচ হয় না তার কারণ হোল সেচ বা ইরিগেসন-এর অভাব। শুধু তাই নয়, সরকারের আরও ঔদাসীন্য রয়েছে। হাড়োয়া থানায় রানীগাছীতে একটা বাঁধ ভেঙ্গে যায় এবং বিদ্যাধরী নদী থেকে নোনা জল এসে সেখানটা ভরে যায় এবং তার ফলে ১১ হাজার বিঘার ফসল নষ্ট হয়েছে। সেখানে যদি এই বাঁধ দেওয়া যায় তাহলে সেখানে ফসল হতে পারে। কিন্তু এঁদের গাফিলতির জন্য সেখানকার লোকেরা ফসল থেকে বঞ্চিত হচ্ছে। তারপর, হারোয়া থানার ৭০-৭১-৭২ নম্বর লটে স্লুইস গেট-এর অভাবে ৪০ হাজার বিঘায় আমন ধান হয় নি, সেটা মেছো ঘেরিতে পরিণত হয়েছে। এখন আমি বলবো ইরিগেশন ডিপার্ট-মেন্টের সঙ্গে সহযোগিতা যদি না হয় তাহলে হাজার হাজার বিঘা জমিতে ফসল হবে না এবং এই বিষয়ে কৃষি দপ্তরও ওয়াকিবহাল থাকে না, সেজন্য আমি বলছি যে আমি মনে করি এই

কৃষি দপ্তর এবং ইরিগেশন ডিপার্টমেন্ট একই মন্ত্রীর হাতে আসা উচিত। এটা হলে তারা বুঝতে পারবে কোথায় সেচ ব্যবস্থা করলে বেশী ফসল হবে। মন্ত্রিমহাশয়কে এটা বলতে পারি এত পতিত জমি বাংলাদেশে রয়েছে যে সেগুলি উদ্ধার করলে হাজার হাজার জমি উদ্ধার হতে পারে। আমি উদাহরণ দিয়ে বলতে পারি যে মালদহে জলঙ্গী নদীর ধারে হাজার হাজার বিঘা পতিত জমি রয়েছে, সেখানে যদি সেচের ব্যবস্থা করা যায় তাহলে হাজার হাজার বিঘা জমিতে ধান হতে পারে। এ বিষয়ে সরকার কোন মনোযোগ দেন না। হবিবপুর থানায় গতবার ৫০ ভাগ একরে ধান হতে পারে নি। কারণ হচ্ছে অনাবৃষ্টি। অথচ সেখানে টিউবওয়েলের ব্যবস্থা করতে পারলে এ জিনিস হত না। সেখানে সেচের ব্যবস্থা নাই। চাষের জন্য অবশ্য আরও অনেক জিনিসের প্রয়োজন। যেমন সার, বীজ ইত্যাদি। এ সম্বন্ধে বলা প্রয়োজন। কেমিক্যাল সার সাধারণ লোক নিতে পারে না। আমরা দেখেছি ধইঞ্চা সার একটা ভাল সার, এ বিষয়ে কেন সক্রিয় উদ্যম নেই আমি বুঝতে পারি না।

তারপর কথা হল যে চাষীরা আমাদের ফসল উৎপন্ন করবে তাদের প্রতি যদি চরম অবহেলা থাকে বা তাদের যদি সহানুভূতির অভাব থাকে তাহলে কি করে চাষের উন্নতি হবে? আমি এখানে বলতে পারি, ভেস্টেড যে জমিগুলি রয়েছে সেগুলি যদি কৃষকদের হাতে দিয়ে দেওয়া হয় সেই জমিতে ফলন হতে পারে। কিন্তু সেই জমিগুলি এখনও দেওয়া হয় নি। আমি গত ৯ই অগাস্ট ১৯৬৩ সাল একটা প্রশ্ন দিয়েছিলাম, তার নম্বর হচ্ছে আন-স্টারড ৩৮২, তাতে আমি জিজ্ঞাসা করেছিলাম খরবা থানার মালতীপুর অঞ্চল প্রধানের কতটা জমি ভেস্ট করেছে, তাতে গভর্নমেণ্ট উত্তর দিয়েছেন লিখিতভাবে ১০৩ বিঘা, তার মধ্যে তিনি ৭৩ বিঘার ফসল ভোগ করছেন, এই হচ্ছে অবস্থা। সরকার নিজেই স্বীকার করেছেন যার জমি ভেস্ট করেছে তিনি ভোগ করছেন ৭৩ বিঘার ফসল। তাহলে কৃষকরা কি করে জমির ফসল পাবে? এই অবস্থা সারা বাংলাদেশে দেখতে পাচ্ছি, এবং এটা এত ব্যাপক যে মন্ত্রিমহাশয়ও জানেন।

এখানে আমি একটা কথা বলবো। গত বৎসর যে সাম্প্রদায়িক দাঙ্গা হয়ে গেল তাতে হাজার হাজার গ্রাম বিধ্বস্ত হয়েছে, চাষীর চাষের যন্ত্রপাতি পুড়ে নষ্ট হয়ে গেছে। আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সেই চাষীদের কতটা সাহায্য করা হয়েছে জানি না। কিছুদিন আগে আমি সেখানে গিয়েছিলাম, তাদের লাঙ্গল দিয়ে এবং অন্যান্য কিছু দিয়ে তাদের সাহায্য কিছু করা হয়েছে। এই সমস্ত চাষীদের কি অবস্থা হবে? তাদের হাতে এমন কোন অর্থ বা জিনিস নেই যা দিয়ে তারা চাষের ব্যবস্থা করতে পারে।

আমি আর একটি বিষয়-সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল মাননীয় মন্ত্রিমহাশয় থেকে অনেকেই বলেছেন যে আমাদের দেশে অনেক ফসল হয়, নারিকেল সুপারির কথা অনেকেই বলেছেন। বাংলাদেশে আর একটা ফসলের খুব সম্ভাবনা রয়েছে, সেই সম্বন্ধে বলেন নি। সেটা হল রেমি ক্রপ। চীনা ঘাস সেটার কথাও বলা হয়, গভর্নমেণ্ট পুস্তকে রয়েছে, এগ্রিকালচার ডিপার্টমেণ্ট থেকে প্রচার করেছে, মিঃ এইচ কে নন্দীও বলেছে কিছু সম্ভাবনা রয়েছে। এই রেমি বহুদিন থেকেই আমাদের দেশে হত এবং এখনও জলপাই-গুড়ি, কোচবিহার এবং মালদহ জেলায় হয়। রেমি ঘাসের আঁশ থেকে সুতা তৈরী হয় এবং নানারকম প্রয়োজনীয় জিনিস তৈরী হতে পারে। কোচবিহার মালদহ জেলার লোকে এ থেকে মাছ ধরার জাল তৈরী করে। এ জিনিস এত সূক্ষ্ম যে এ থেকে সুন্দর সুন্দর জিনিস তৈরী হতে পারে। এই সুতো সিল্ক থেকেও মনোরম এবং চার গুণ শক্ত।

[11-20—11-30 a.m.]

রেমি সুতো দিয়ে কাপড় যদি তৈরী করি তাহলে সেই কাপড় শক্ত হয়। হিস্ট্রিতে সেই কথা লেখা আছে। এটা দেখা গেছে যে ইজিপসিযান মমিগুলো যে কাপড় দিয়ে ঢেকে রাখা হয় সেই ঢাকা কাপড় রেমিগ্রাস দিয়ে তৈরী এবং দেখা গেছে যে ৪ হাজার বছর পর্যন্ত সেই কাপড় টিকে থাকে। এই যে রেমি গ্রাস, এই রেমি গ্রাস-এর একটা দারুণ সম্ভাবনা রয়েছে টেক্সটাইল ইণ্ডাস্ট্রির। এটা চীন, ভারতবর্ষ এবং ফরমোসায় চাষ হয়। ইণ্ডাস্ট্রির সম্ভাবনা থাকায় আমেরিকা এবং অস্ট্রেলিয়ার

দৃষ্টি এই রেমি গ্রাসের দিকে পড়েছে। কিন্তু সেখানে চাষ করা সম্ভব নয় বলে অন্য দেশ থেকে তারা এই রেমি গ্রাস আনছে। ভারতবর্ষে এক হাজার একরে রেমি চাষ হয় এবং এই রেমি আসাম ও বাংলাদেশে হয়। আসামে নওগাঁ, গোয়ালপাড়া এবং বাংলাদেশে কোচবিহার, জলপাইগুড়ি এবং মালদহে হয়। এক্সপেরিমেন্টাল বেসিস-এ জলপাইগুড়ির মোহিতনগরে যে কৃষি ফার্ম আছে সেখানে চাষ হয় এবং দেখা গেছে এর ফলে সুন্দর জিনিস হচ্ছে। এর চাষ সম্বন্ধে একটা অসুবিধা আছে যে এর থেকে শাঁস ছাড়ান একটা মুস্কিল ব্যাপার। এটা যন্ত্র দিয়ে করতে হয়। কিন্তু সেই অসুবিধা এখন আর নেই, কারণ বিভিন্ন দেশ যন্ত্রপাতি তৈরী করে ফেলেছে। জাপান এমন মেসিন তৈরী করেছে যাতে রেমি ঘাঁস থেকে শাঁস ছাড়ান সুবিধা হয় এবং দেখা গেছে জাপানী মেসিন দিয়ে এমনভাবে শাঁস তোলা যায় যে যার দ্বারা আমরা অনেক কাজ করতে পারি। এরদ্বারা কাপড় তৈরী হতে পারে, এবং গত দ্বিতীয় মহাযুদ্ধের সময় প্যারাসুটের জন্য রেমি সুতো ব্যবহার করা হয়েছে। এমন কি এ জিনিস মোটর-এর টায়ার-এর কাজেও লাগতে পারে। এইভাবে এই যে ফেব্রিক-এর দ্বারা আমরা ফরেন এক্সচেঞ্জ উপায় করতে পারি এবং সেটার সম্ভাবনাও রয়েছে। সুতরাং এই রেমি ঘাস উৎপাদন করবার দিকে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করি। তারপর তামাকের কথা আমার পূর্ববর্তী বক্তা যা বলেছেন সেটা আমি সমর্থন করি। কোচবিহারে সবচেয়ে বেশী তামাক হয়। অথচ এই তামাকের লাইসেন্স কি এত বেশী যে আমরা যদি স্ট্যাটিসটিকস দেখি তাহলে দেখব যে এর চাষ কমে যাচ্ছে। এই লাইসেন্স ফি-টা কম হওয়া দরকার যাতে তামাকের চাষ বেশী হয়। পরিশেষে আমি আর একটা ফসলের কথা বলব, সেটা হচ্ছে বোরো ধান। বৈশাখ, জ্যৈষ্ঠ মাসে খাদ্যসঙ্কট দেখা যায়। এই বোরো ধানের শতকরা ৫০ ভাগের বেশী হয় মালদহ জেলায়, প্রায় ৫ লক্ষ টন হয়। এই ধান যাতে কাল্টিভেসন বেশী হয় এর জন্য কৃষি দপ্তর থেকে কোন প্রচেষ্টা নেই। খাল, নালা যেখানে আছে সেখানেই এটা বেশী হয়। বর্ধমান, হুগলী, হাওড়ায় যে বিলগুলি আছে, সেব নষ্ট হয়ে যাচ্ছে। সেচ ব্যবস্থা না হলে যে বোরো ধান হতে পারে না সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সর্বশেষে, আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হল মালদহের আম। মালদহের আম এমন কি বিলেতে পর্যন্ত এক্সপোর্ট হচ্ছে এবং ফরেন এক্সচেঞ্জ আসার ব্যবস্থা হচ্ছে। অথচ সেই আমের যাতে ভালোভাবে চাষ হয় তারজন্য ভাল ব্যবস্থা করা হচ্ছে না। এ দিকেও আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shrimati Sudha Rani Dutta:

মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন করছি। আমাদের কৃষিপ্রধান দেশ। যেখানে কৃষি ব্যবস্থা এখনও আমাদের অন্য সমস্ত অর্থ-নৈতিক চেষ্টার উপরে প্রভাব বিস্তার করে রয়েছে সেখানে কৃষি উৎপাদনে ধাপে ধাপে উন্নতির সন্তোষজনক হার ঠিক করার খুবই প্রয়োজন আছে আমি মনে করি।

স্বাধীনতার পর থেকে কৃষি উন্নয়নের জন্য সেচ, সার, উন্নত ধরনের বীজ ও কীটনাশক দ্রব্য ব্যবহার প্রভৃতি নানাপ্রকার পরিকল্পনা নেওয়াতে আমাদের পশ্চিম বাংলায় চাল উৎপাদন প্রতি ৫ বছরে গড়ে প্রায় ৯ লক্ষ টন বেড়েছে। কিন্তু এই উৎপাদন বাড়লেও, জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে তাল রাখতে পারছে না। ফলে ঘাটতি থেকেই যাচ্ছে। আবার যে বছর অনাবৃষ্টি বা অতি-বৃষ্টি হয়ে ফসলের ক্ষতি করে, সে বছর আরও বেশী ফসল ঘাটতি হয়, খাদ্যসংকট দেখা দেয়। যেমন গত বছর ঘটেছিল।

এই কারণে চালের উৎপাদন বাড়ানোর জন্য সরকার এবং জনসাধারণের সমবেত শক্তি নিয়োগ করা উচিত। আবার আমাদেরও খাদ্যের অভ্যাস পরিবর্তন করে কিছু কিছু গম খাওয়া উচিত। চালের ঘাটতি থাকলেও পাট ও আলুর উৎপাদনের অগ্রগতিতে প্রশংসার দাবি করতে পারে। স্বাধীনতার পর থেকে পাট উৎপাদন ৭ লক্ষ গাট থেকে ৩২ লক্ষ গাট হয়েছে। যদিও এর জন্য চালের উৎপাদন প্রায় কিছুটা ব্যাহত হয়েছে কিন্তু বৈদেশিক মুদ্রা ভারতবর্ষ অনেক উপায় করেছে। আলুর উৎপাদন প্রায় আড়াই লক্ষ টন থেকে ৮ লক্ষ টন বেড়েছে। এ ছাড়াও পশ্চিম-বাংলায় গম, ডাল, শাক, সবজি উৎপাদনের বৃদ্ধিতে নিশ্চয়ই প্রশংসার দাবি করতে পারে।

পশ্চিমবাংলায় চাষের জমি কম। কারণ লোক বসতি বেশী। এর জন্য অল্প জমিতে বেশী উৎপাদন কি করে হোতে পারে সেই দিকে আমাদের জোর দিতে হবে। আমরা জানি কৃষি বিভাগের বিশেষজ্ঞরা কি করে উৎপাদন বাড়ান যায় এর জন্য বিভিন্ন গবেষণা করছেন। এর ফলে কিছু কিছু উন্নতিও হয়েছে।

আমাদের আরও সেচের দরকার। বড় সেচ পরিকল্পনা ছাড়াও ছোট ছোট সেচ পরিকল্পনার বিশেষ প্রয়োজন আছে বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়ার মত শুষ্ক ও কাঁকড় জমিতে যেখানে জলের কষ্ট। সঙ্গে সঙ্গে এই দুই জিলায় ভূমিক্ষয় নিবারণের পরিকল্পনা গ্রহণ ও বনভূমি সৃজন করা উচিত।

[11-30—11-50 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বাঁকুড়া জেলার গ্রামাঞ্চলের প্রতিনিধি, বাঁকুড়া জেলায় সম্পূর্ণ জলে পুষ্ট হয়, তাই নদী বাঁধা হয়ে থাকা সত্ত্বেও বৃষ্টি ভাল না হলে এই পরিকল্পনাগুলি থেকে কৃষিভিত্তিক, কৃষির উন্নতির উপর জেলার সামগ্রিক উন্নতি নির্ভর করে। বাঁকুড়া জেলা এখন পর্যন্ত মূলতঃ বৃষ্টির ওপর নির্ভরশীল। যে সমস্ত নদী বাঁধা হয়েছে সেই সব নদী বৃষ্টির সময়ে জল পাওয়ার অসুবিধা হয় এবং তার ফলে চাষের ক্ষতি হয়। এ অবিশ্যি বাঁকুড়া জেলারই মাত্র সমস্যা নয়, পশ্চিমবঙ্গে বেশির ভাগ নদী বাঁধ পরিকল্পনারই এই সমস্যা। বাঁকুড়া জেলায় মূলতঃ কংসাবতী জলাধার থেকে জল পাওয়া সুরু হলেই চেহারা বদলে যাবে। আগামী ১৫ই অগাস্ট প্রথমে এই কংসাবতী জলাধার থেকে জল ছাড়া হবে। মাননীয় সেচ মন্ত্রী জানিয়েছেন প্রায় ১ লক্ষ একর জমিতে জল দিতে পারবেন। আমরা পশ্চিমবঙ্গ সরকারকে এবং ভূত-পূর্ব সেচমন্ত্রী শ্রীঅজয় মুখার্জী এবং বর্তমান সেচ মন্ত্রী শ্রীশ্যামাদাস ভট্টাচার্য মহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মাননীয় সেচমন্ত্রী কয়েকদিন পূর্বে বাঁকুড়ায় কংসাবতী জলাধার কেন্দ্রে গিয়েছিলেন। তিনি নির্দেশ দিয়ে এসেছেন যে সরকার নিজ খরচে কংসাবতী জলাধারের পাশে কয়েকটি কৃষি প্রদর্শনী ক্ষেত্র স্থাপন করতে। তাঁর এই নির্দেশে আমরা খুব উপকৃত হব। কাঁকর জমিতে জল পেলে কি ভাবে চাষের কাজে লাগানো হবে তা সরকার যদি নিজে করে দেখান তবে তা ঐ অঞ্চলের অধিবাসীদের পথ দেখাবে।

তা ছাড়া ছোট খাল বাঁধ, ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট স্কীম-এ প্রচুর জমি বাঁকুড়া জেলায় উপকৃত হয়েছে।

উপজাতি কল্যাণ দপ্তর থেকে বিনা খরচে সরকার যে সব অটো ফ্লো করে দিয়েছেন তাতে উপজাতিদের জমির চেহারা বদলে দিয়েছে।

কৃষি বিভাগ থেকেও অটো ফ্লো করা হচ্ছে। প্রতিটি অটো ফ্লো থেকে ২।৩টি চাষ হচ্ছে। দ্বি-ফসলা হচ্ছে বিভিন্ন বহুমুখী বিদ্যালয়ে এগ্রিকালচার স্ট্রিম যোগ করে শিক্ষা দপ্তর গ্রাম অঞ্চলকে উপকার করেছেন। কারণ গ্রামের ছেলে উন্নত প্রথায় চাষ পদ্ধতি হাতে-কলমে এবং থিওরেটিক্যাল শিক্ষা পেয়ে চাষের উন্নতি করতে পারবে। এই প্রসঙ্গে আমি বলব যারা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় থেকে কৃষি বিষয়ে পাশ করছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তারা এখনও ফার্স্ট প্রেফারেন্স পাচ্ছে না। এখনও সাইন্স অগ্রাধিকার পাচ্ছে। তা অবিলম্বে বন্ধ করা উচিত। এগ্রিকালচারাল কলেজ-এ কৃষি বিষয়ে যারা পাশ করেছে তারাই ভর্তি হতে পারবে আগে। কারণ নয়ত তাদের ভবিষ্যতে পড়া ঐখানেই শেষ হচ্ছে। এর ব্যবস্থা আরও ব্যাপক করতে সরকারকে অনুরোধ জানাচ্ছি।

নদীয়া, মেদিনীপুর, চব্বিশপরগনা জেলায় যেমন ডিপ টিউবওয়েল ইরিগেসন-এর ব্যবস্থা হয়েছে, তেমনি বাঁকুড়া জেলায় করবার জন্য অনুরোধ করছি। পরীক্ষামূলকভাবে বড়জোড়া, সোনামুখীর ৫টি জায়গায় স্থাপন করা হয়েছে। কিন্তু বিভিন্ন থানায় ডিপ টিউবওয়েল করা উচিত। যেখানে বিদ্যুতের ব্যবস্থা নেই সেখানে ডিজেল চালিত ডিপ টিউবওয়েল-এর ব্যবস্থা করলে বাঁকুড়া জেলার খুব উপকার হবে। পশ্চিমবঙ্গে এবার চাষের উন্নতিতে রাষ্ট্রকলস পেয়েছে আমরা সকলেই জানি। বাঁকুড়া জেলা বিশেষ পুরস্কার পেয়েছে। এর দ্বারাই প্রমাণ হয়

কৃষি বিষয়ে বাঁকুড়া জেলা কত বেশি উন্নতি করেছে। শিল্পে অনগ্রসর বাঁকুড়া জেলার কৃষির দিকে সরকারের সস্নেহ মনোযোগ আমি আকর্ষণ করছি। সবশেষে আমি এই কথা জানাতে চাই রাসায়নিক সারের জন্য যাতে কৃষি অগ্রসর ব্যাহত না হয়, তারজন্য দুর্গাপুরে কৃষি কেন্দ্র স্থাপিত হয় সে দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned for 15 minutes)

(After Adjournment)

[11-50—12 noon.

Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহোদয়, কৃষি ব্যবস্থার জন্য যে বাজেট বরাদ্দ হয়েছে এবং মনোযোগ সহকারে যা দেখলাম তাতে দেখলাম যে কৃষি বিষয়ে যে মৌলিক পরিবর্তন আমাদের সরকারের আনা উচিত ছিল তা আনতে পারেন নি, সেইজন্য নীতিগতভাবে আমি এই বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের মন্ত্রিমহাশয় নিজেই বলেছেন যে ১ বর্গমাইলে লোক বৃদ্ধি হাজার ৩২ লোক বৃদ্ধি হয়ে চলেছে এটা শুনতে পাচ্ছি কিন্তু কৃষি যে পুরানো কায়দায় চলেছে তার দিকে যদিও টাকা বেশী বরাদ্দ হয়েছে তা দিয়ে কৃষি ঋণ দিয়ে এই ব্যবস্থা করলে আমার মনে হয় কিছুই হবে না। আপনারা বলেন সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠন, এখন বলছেন গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা ইত্যাদি- কিন্তু কৃষি ব্যবস্থার মাধ্যমে কখনই হতে পারে না। বর্তমানে সমস্ত জমি জাতীয়করণ করবার দরকার হয়েছে- অবশ্য জাতীয়করণ করলে ফসল যে বাড়বে তাতে কোন সন্দেহ নেই। ভূমি সংস্কারের নামে যে প্রহসন হয়ে চলেছে যারা সত্যিকারের চাষী তাদের জমি দেওয়া সম্বন্ধে কোন ব্যবস্থা হোল না, কেবলমাত্র সেই জমিগুলো ঘোরফের করে রাখা হোল সেই জোতদার, জমিদারদের হাতে। সেইজন্য প্রয়োজন সমস্ত জমি রাষ্ট্রীয়করণ করা। রাষ্ট্রীয়করণ করতে গেলে বড় বড় জোতদারদের গায়ে হাত পড়বে সেইজন্য আপনারা ভয় করবেন—যদি তা না পারেন তাহলে বর্তমান ক্ষেত্রে আপনারা যে সিলিং বেঁধে দিয়েছেন যে ৭৫ বিঘার বেশী জমি রাখতে পারবে না,—সেখানে সেই ৭৫ বিঘা জমি এক প্লটে রাখবার চেষ্টা করুন। জমি উত্তরাধিকার সূত্রে খণ্ডবিখণ্ড হয়ে যাচ্ছে,- হস্তান্তর করার জন্য খণ্ডবিখণ্ড হয়ে যাচ্ছে, এগুলি বন্ধ করে পুরানো প্রথা ত্যাগ করে বর্তমান প্রথায় যদি চাষ করেন তাহলে কোন ভুল নেই যে ফসল বৃদ্ধি হবে। আমাদের মুখ্যমন্ত্রী এই থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান বইটায় তিনি বলেছেন

"Food production schemes are somewhat different from various schemes of other sister departments which are executed by the officials directly. But here the schemes are to be executed through the farmers living in interior villages with low investment capacity and widely prevalent illiteracy. Improved agricultural practices are to be diffused amongst the farmers properly before they leave their age-old practices and adopt new ones.

"It is also at the same time very difficult to bring about a revolutionary change, as visualised, through the agency of the Government only unless there is mass resurrection and an agricultural-bias is created in the minds of all well-wishers of the State".

এ সম্পর্কে আপনারা কি ব্যবস্থা করেছেন? আজ পর্যন্ত আপনাদের কর্মচারীরা গ্রামাঞ্চলে সাধারণ কৃষকদের মনে কোনরকম উৎসাহ, উদ্দীপনা সৃষ্টি করতে পারে নি। যারা ভাগচাষী ক্ষেতমজুর আজকে তাদের অবস্থা অসহনীয় হয়ে পড়ছে। যারা ভাগচাষী অর্থাৎ টিলার্স অফ দি ল্যান্ড তাদের যদি চাষের সময় উপযুক্ত সাহায্য না করতে পারেন তাহলে উৎপাদন বাড়ান আকাশ-কুসুম কল্পনা মাত্র। আপনারা গ্রামাঞ্চলে ওয়্যার হাউস করেছেন, ভাল কথা, কিন্তু ক্ষেতমজুর, ভাগচাষীরা যাতে ঋণ পায় কনসেশন রেটে সরকার থেকে তার যদি ব্যবস্থা না করতে

পারেন তাহলে কৃষকদের আপনারা অধিক খাদ্য ফলাও আন্দোলনে কিছুতেই উৎসাহিত করতে পারবেন না। আমাদের বীরভূম জেলায় একটা সুগার মিল স্থাপিত হয়েছে, কিন্তু সেই সুগার মিল উঠে যাবার উপক্রম হয়েছে, কারণ সেখানে প্রচুর আখ চাষের ব্যবস্থা থাকা সত্ত্বেও সরকার সেখানে কোনরকম আখ চাষের ব্যবস্থা করেন নি। আমাদের বীরভূম জেলা প্রধানত কৃষিপ্রধান জায়গা, আজকে যদি সেই মিলকে বাঁচাতে হয় তাহলে মিলের চারধারের এলাকায় প্রচুর পরিমাণে ইক্ষু জন্মাতে হবে। বর্তমানে যেসব আখ জন্মায় তাও আনবার ব্যবস্থা নেই, রাস্তার অভাবে। এই আখ উৎপাদনের যাতে ব্যবস্থা হয় তার জন্য আমি মন্ত্রিমন্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ বাংলাদেশে আখের ফলন একেবারে কমে গিয়েছে এবং তার জন্য আজকে বাংলাদেশের লোকের যে একটা প্রধান খাদ্য গুড় ও মুড়ি, তাও খেতে পাচ্ছে না। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি যাতে ব্যাপকভাবে আখ চাষের ব্যবস্থা হয়। মন্ত্রিমহাশয় বলেছেন রাসায়নিক সারের অভাবের জন্য আজকে আমাদের কৃষি কাজ অনেক ব্যহত হচ্ছে। যদি কৃষকদের সাবসিডি দেওয়া প্রয়োজন হয় তাহলে সাবসিডি দিয়ে হলেও গ্রামাঞ্চলের কৃষকদের উৎসাহিত করতে হবে যাতে করে তারা ইক্ষুর চাষ বৃদ্ধি করতে প্রেরণা পায়। আজো পর্যন্ত আমাদের বীরভূম জেলার বিভিন্ন বাজারে কৃষকদের কাছ থেকে বে-আইনীভাবে মণ প্রতি ৫ সের পর্যন্ত ফালতু আদায় করা হয়, এটা সম্পূর্ণ বে-আইনী, এটা বন্ধ করার জন্য আমি সবিশেষ অনুরোধ জানাচ্ছি। সেইজন্য আপনারা ডাইরেক্টলি যাতে ব্যাপকভাবে কো-অপারেটিভে চাষের ব্যবস্থা হয় সেই ব্যবস্থা করুন। তারপর আর একটা ব্যাপার হল, আমাদের দেশে পোস্তর চাষের কোন ব্যবস্থা নেই। এই পোস্ত বীরভূম জেলা এবং বাঁকুড়া জেলার লোকেরা প্রচুর পরিমাণে খায় এবং এই পোস্ত চাষের যাতে ব্যবস্থা হয় তারজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের ঋণভার জর্জরিত কৃষককুল আজ এক দারুণ অর্থনৈতিক বিষয়ের মধ্যে দিয়ে চলেছে। সাধারণভাবে আজকে আমাদের বেশীর ভাগ কৃষক বছরে মাত্র তিন মাস-এর মত খেতে পায় বাকি নয় মাসের তাদের অন্ন সংস্থানের কোন ব্যবস্থা নেই। অন্য দিকে গায়ের রক্ত জল করে মাটির বুক চিরে যে ফসল ফলায় তা থেকে তাদের খরচও কুলায় না। এই অবস্থায় সরকারের যে ব্যবস্থা গ্রহণ করা উচিত ছিল এবং যে ধরনের বৈজ্ঞানিক পরিকল্পনা গ্রহণ করা উচিত ছিল সেই ধরনের কোন পরিকল্পনা কংগ্রেস সরকারের আছে বলে দেখতে পাচ্ছি না এবং যেসমস্ত পরিকল্পনা আমাদের সামনে তুলে ধরা হয়েছে সেই সমস্ত পরিকল্পনার মধ্যে এত বেশী টেকনিকাল ডিফেক্ট আছে যে বাংলাদেশের চাষীর পক্ষে সেই পরিকল্পনা অনুযায়ী কাজ করা সম্ভব হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই অনগ্রসর কৃষিপ্রধান দেশে প্রথমেই যা প্রয়োজন ছিল এবং এখনও আছে, সেটা হচ্ছে উপযুক্ত সংখ্যক কৃষি বিশেষজ্ঞ। আমাদের বাংলাদেশে মান্ধাতা আমলের কৃষি ব্যবস্থা এখনও চালু আছে যার ফলে পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় কৃষির ব্যাপারে আমরা অনেক পিছিয়ে আছি। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করবো আজকে যদি আমাদের কৃষি ব্যবস্থার পরিবর্তন করতে হয় তাহলে উপযুক্ত কৃষি বিশেষজ্ঞ সংগ্রহ করে তাদের পরামর্শ নেবার প্রয়োজন আছে। মাননীয় স্পীকার মহাশয়, গ্রামাঞ্চলে ব্লক এলাকায় যেসমস্ত ইরিগেশন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সাধারণ চাষীর যা অর্থনৈতিক অবস্থা তার জন্য এই সমস্ত পরিকল্পনা সবই ব্যর্থ হয়ে গিয়েছে।

মন্ত্রিমহাশয় বলেছেন বলদে টানা ইরিগেসন পাম্পের ব্যবস্থা সরকার করেছেন, কিন্তু বাংলাদেশে এই ধরণের পরিকল্পনা কোথাও কার্যকরী হয় নি। এই যে কার্যকরী হয় নি তার কারণ হচ্ছে আমরা জানি এক জায়গায় একত্রে ৯ বিঘা জমি যদি থাকে তাহলে সেই জমির মালিক এই সুযোগ পাবে। কিন্তু আমরা জানি বাংলাদেশের চাষীদের জমি বিভিন্ন অঞ্চলে খন্ড খন্ড অবস্থায় আছে, হয়ত কারুর ৯-১০ বিঘা জমি আছে কিন্তু সেই জমি বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে এবং তার ফলে তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে অন্যান্য প্রয়োজনীয় বিষয়গুলি করা নিশ্চয়ই দরকার, কিন্তু কৃষি বিশেষজ্ঞ ছাড়া এই অনগ্রসর দেশের উন্নতি করা আদৌ সম্ভবপর নয়।

[12—12-10 p.m.]

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি সম্বন্ধে আলোচনা করার পূর্বে আমি সর্বপ্রথমে পশ্চিমবঙ্গ সরকারের প্রকাশিত পুস্তক থেকে দুটি লাইন শোনাতে চাই। "উন্নতির পরিকল্পনা" এই পুস্তিকায় ২৩ পৃষ্ঠায় বলা হয়েছে, "একদিকে বড় বড় জমিদার এবং অন্য দিকে তার পাশাপাশি দুঃখ-দারিদ্র্যে পীড়িত চাষীর দল। দেশের একি অবস্থা? এ অবস্থা থাকতে দেওয়া চলবে না।" তারপর ৩৫ পৃষ্ঠায় "নীরব বিপ্লব" শীর্ষক প্রবন্ধে বলা হয়েছে, "শুনেছ কিভাবে আস্তে আস্তে গ্রামের জীবনধারা আগাগোড়া বদলে যাচ্ছে?" আমরা সকলেই মেনে নিয়েছি যে সমাজ উন্নয়ন একটা চমৎকার ব্যাপার। কিন্তু সমাজ উন্নয়ন এবং নীরব বিপ্লব কাগজ-কলমে প্রচার করলেও প্রতি বিপ্লবের ভূমিকা কোথায় গিয়ে যে পেঁাছাবে তা নিজেরাও বোধ হয় জানেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে, সমাজের পরিবর্তন এবং নীরব বিপ্লব করতে গিয়ে এই বই ছাপাবার ৯ বছর পরও আমরা দেখছি সেই সামন্ততন্ত্র ও জমিদারী ব্যবস্থা না থাকলেও সেই জমিদারী ঢং-এ শোষণ এখনও চলছে। ঢলতা, কোশুরী, মনিকাটা, হাওয়াবাদ, সুদ, চক্রবৃদ্ধি হারে সুদ, পুঁজির অভাব এবং তারপর বিক্রি কবলা নামে একটা জিনিস সৃষ্টি হয়েছে যার ফলে হাজার টাকার মাল ২০০ টাকায় পাওয়া যায়। সামন্ততান্ত্রিক বিশেষ ব্যবস্থায় এই জিনিস যে ঘটে যাচ্ছে এর নাম কি বিপ্লব? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আমি আর একটা জিনিস জানাতে চাই। পণ্ডিতজীর প্রশ্ন ছিল আমাদের জাতীয় আয় গেল কোথায়? পণ্ডিতজীর এই প্রশ্নের উত্তরে মহলানবীশ সাহেব গবেষণা করে জানিয়ে দিয়েছেন এটা কোথায় যায়, কিভাবে যায় এবং তার একটা সংখ্যাতত্ত্ব আমাদের সামনে হাজির করেছেন। রিজার্ভ ব্যাংকের এক সমীক্ষায় জানা গেছে যে, ১৯৬২ সালের জুন মাস পর্যন্ত সারা ভারতবর্ষের গ্রামে প্রতি পরিবারের ঋণের বোঝা ৪২৯ টাকা এবং গ্রামের কৃষি পরিবারের ঋণের বোঝায় আবদ্ধ হয়ে আছে। তারপর আরও ঋণ চেয়েছে এবং স্থায়ী মূলধন গঠনে বাংলাদেশ পিছিয়ে রয়েছে। সবচেয়ে বেশী পাঞ্জাব, ১০ হাজার ৮৪২ টাকা আর বাংলাদেশ মাত্র ৪০০ টাকা। রিজার্ভ ব্যাংক এই তথ্য পরিবেশন করেছে।

আমি আর একটি তথ্য জানাবো মহলানবীশ জানিয়েছেন। সেটা হচ্ছে আমাদের জমি কিভাবে কনসেনট্রেড হয়ে গিয়ে সামন্ততান্ত্রিকে রূপান্তরিত করে মহাজনী শোষণের মাধ্যমে নূতন কায়দায় ধনতন্ত্রের মাধ্যমে সামন্ততন্ত্রকে টিকিয়ে রাখা যায়, তারই নূতন কৌশল। সেটা হচ্ছে আমাদের প্রশান্ত মহলানবীশের রিপোর্ট, সেটা থেকে দেখতে পাই আমাদের গ্রামসমাজে টপ টেন পার্সেন্ট ৫৮ পার্সেন্ট জমির মালিক। অর্থাৎ সমাজে যারা ধনী শ্রেষ্ঠ গ্রাম এলাকায় তাদের শতকরা দশ ভাগ লোক ৫৮ ভাগ জমির মালিক এবং শতকরা ৫ ভাগ লোক ৪১ ভাগ জমির মালিক এবং শতকরা এক ভাগ লোক ১৬ ভাগ জমির মালিক। কাজেই নীরবে ভূমি বিপ্লবের দৃষ্টান্ত অতি চমৎকার। সমাজ উন্নয়নের ধারা অতি চমৎকার। আমরা ৯ বছর আগে আবাদী থেকে নূতন সিগনালের ট্রেন ছেড়েছিলাম, সেই সিগনাল ছিল সমাজতান্ত্রিকের সিগনাল। সেই সিগন্যাল অনেক জায়গায় ঠোক্কর খেয়ে ধাক্কা খেয়ে গোহাটি, ইন্দোর, জয়পুর, অমৃতসর, দিল্লী, নাগপুর বহু জায়গায় বাধা খেয়ে আজ ভুবনেশ্বরে এসে নূতন সিগন্যাল দেখা দিয়েছে, সে সিগন্যাল হচ্ছে গণতান্ত্রিক সমাজতন্ত্রের সিগন্যাল। এইরকম সিগন্যাল দেওয়ার আপত্তি নেই, আপত্তি হচ্ছে ধোঁকা দেওয়ায়। আপনারা সিগনাল দিন, হরিনাম করুন, রাম নাম করার জন্য মরা বলতে বলতে রাম নাম বেরিয়ে পড়ুক আপত্তি নেই। ভূতের মুখে রাম নাম বললে হয়ত ভূতও পবিত্র হতে পারে, কিন্তু কথা হচ্ছে যে রেলগাড়ি আবাদী থেকে ছেড়ে দিলেন সেই রেল ড্রাইভার যে কোথায় ডি-রেইল করে দেবে কেউ জানে না। রাষ্ট্রপতি ডাঃ রাধাকৃষ্ণন উত্তরপ্রদেশে সমাবর্তন উৎসবে বলেছেন যে ভারতের কৃষিক্ষেত্রে বিজ্ঞ নেতৃত্ব প্রশাসনিক যোগ্যতার অভাব। আজকে শৈলবাবু বাজেট বক্তৃতায় বলেছেন নেতৃত্বের অভাব নেই, বিজ্ঞতার অভাব নেই। রাষ্ট্রপতি ডঃ রাধাকৃষ্ণন এদের লক্ষ্য করেই বলেছিলেন, কিন্তু আমাদের বাংলাদেশের মন্ত্রীরা সেই রকমই, উপদেশ নেবেন না। আমরা, বাংলাদেশের লোক, চাই উপদেশ নিয়ে কিছুটা কাজ

করতে, তথাপি উদ্ধত ভরে আমাদের অর্থমন্ত্রী এবং আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী যিনি কৃষি বিভাগে আছেন, তাঁরা আত্ম সন্তুষ্টির মনোভাব দেখাচ্ছেন। তাঁরা একবারও বলছেন না সারা ভারতবর্ষের কৃষিতে কি তথ্য আছে। সারা ভারতবর্ষের যে লক্ষ্য ছিল সেটা উৎপাদন করতে আমরা ব্যর্থ হয়েছি। আমরা গত ৮ বছরের মধ্যে পুরুলিয়া পেয়েছি ইছলামপুর পেয়েছি, সাত লক্ষ একর আপনারা জমি পেয়েছেন। কিন্তু তা পেয়েও ১৯৫৩ সালে যা ছিল খাদ্য আজকে ১৯৬৩ সালেও একই জায়গায় আছেন, বরং তার চেয়ে কম। কি লজ্জার কথা। বিশেষ করে ইছলামপুরের ৭ লক্ষ একর জমি পেয়েছেন, তথ্য যদি ভুল হয় জানিয়ে দেবেন, এই জমিটা পাবার পর, ১৯৫৫-৫৬ সালে যে ফিগার ছিল উৎপাদন বিষয়ে সেই জায়গায়ই ঘুরপাক খাচ্ছেন কেন? অনেক উন্নতির বিষয় আপনারা খবর দিয়েছে, ভূমি সংস্কার, ভূমি সংরক্ষণ, সেচ এবং অন্যান্য নানা রকম অফিসার দিয়ে গ্রুপ লোন ইত্যাদি দিয়ে, সমবায় প্রথার মাধ্যমে কতরকম উন্নতির কথা বলেছেন, সেচ দেবার গভীর নলকূপ বসিয়ে কতরকম উন্নতির কথা বলেছেন, প্রথম পরিকল্পনা থেকে তৃতীয় পরিকল্পনা পর্যন্ত কত কোটি টাকা খরচ করেছেন, কিন্তু এত খরচ করার পর আমরা কোন্ জায়গায় আছি বাংলাদেশে কৃষিতে সেটাই আমাদের বলতে হবে। আলুর কিছুটা উন্নতি হল কিংবা ফসলের কিছু উন্নতি হল, টুকরো টুকরো বিচার করে, সামগ্রিকভাবে কৃষিমন্ত্রীর কোন দায়িত্ব নেই। সেভাবে অনুশীলন করায় মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয় আমাদের দেশে অনেক কাজ করার আছে যদিও আমরা সমাজতন্ত্রে এইভাবে যাব এটা বিশ্বাস করি না। কেন না সমাজতন্ত্রবাদে যেতে গেলে যে নেতৃত্ব এর প্রয়োজন এই নেতৃত্ব সমাজতন্ত্রের যোগ্য নয়। এই নেতৃত্ব অপদার্থ, এরা শ্রমিক বিরোধী কৃষক বিরোধী, শ্রমিক এবং কৃষককে বাদ দিয়ে সমাজতন্ত্র হয় না।

সর্বশেষে আমি এক্সটেনশন সার্ভিসের কথা বলতে চাই। আমাদের পাট এমন একটা জিনিস সেটা শুধু বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষে সব থেকে বেশী ফরেইন এক্সচেঞ্জ আর্ন করে। অথচ সেই পাট কাচাবার জায়গা আমাদের নেই। চাষীর হাতে বেশী পুঁজি নেই বলে তাদের রোজগার করাবার ক্ষমতা নেই। আমি আরও বলবো যে এক্সটেনশন সার্ভিস করেছেন গ্রামে গ্রামে, ন্যাশনাল এক্সটেনশন মারফৎ আমি নিজে জানি যে সাবসিডি দিয়ে আমাদের দেশের কৃষককে ইনসেনটিভ দেবার চেষ্টা করেন, কিন্তু এখানেও যারা বড় বড় জোতদার জমিদার তাদের সঙ্গে কন্ট্রাক্ট থাকে।

তারা বাকি টা পায়। ঠিক এইভাবে কৃষি দপ্তর, ব্লক এবং এন ই এস-এর মধ্যে দুর্নীতি চূড়ান্তভাবে চলছে এর একটা শেষ সীমানায় আসা উচিত বলে আমি মনে করি।

[12-10—12-20 p.m.]

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কৃষি বিষয়ে আলোচনা করতে গিয়ে পূর্বেকার বাংলার কবিদের কথা মনে পড়ছে। কবি বলেছেন এই বাংলাকে, "সোনার বাংলা"। তিনি আরও বলেছেন, এই বাংলা "ধনধান্যে পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা"। কিন্তু আজকে দেখছি ধনধান্যে শূন্য ভরা আমাদের এই বসুন্ধরা। কেননা, বিদেশ থেকে লক্ষ লক্ষ টন খাদ্য আসছে বাংলায়, আর বাংলায় জনসাধারণ সেই বাহিরের দান থেকে জীবিকা নির্বাহ করছে। শুধু তাই নয় আজ বাংলার লক্ষ লক্ষ লোক আধ পেটায় আছে। আমাদের জেলায় বহু লোক না খেয়ে মারা গেছে। সেই পূর্বেকার সোনায় বাংলার এটা কেন হচ্ছে? এইদেশে আগে বহু জঙ্গল ছিল। সেই জঙ্গলের দ্বারা বর্ষা হত এবং সেই বর্ষার দ্বারা চাষ হত। কিন্তু কংগ্রেস সরকার সেই জঙ্গলকে শেষ করে দিয়েছে এবং তার জন্য বর্ষা হচ্ছে না। আগে যে মাঠ ছিল সেই মাঠে জল গড়িয়ে পড়ত এবং তার দ্বারা ধান উৎপন্ন হত। কিন্তু আজকে মাঠে আল দিয়ে যেটুকু জল গড়ায় তাতে ক্ষেতের বাহিরে চলে যায় এবং তাতে জমির ক্ষতি হয়। ডিসেম্বর মাসের আনন্দবাজারের রিপোর্ট-এ ২৪ পরগণার বসিরহাট, হাসনাবাদ থানার কারের বাঁধ এবং বারুইপুর থানার নবগ্রাম, নয়া বৃন্দাবন খালের সম্বন্ধে আছে।

হাসনাবাদ থানার মধ্যে ১৫ হাজার বিঘা জমি পতিত হয়ে গেছে। এই অঞ্চলে আগে খুব ধান হত। বারুইপুর থানার বহু হাজার হাজার বিঘা জমি অনাবাদী হয়ে পড়ে আছে। সেখানকার ফটো বেরিয়েছে। সেখানে ১৫ হাজার বিঘায় যে লক্ষ লক্ষ ধান হত তা সব নষ্ট হয়ে যাচ্ছে। কৃষি আজ জাতীয় জীবনের সবচেয়ে বড় জিনিস। অথচ সরকার আজ পর্যন্ত কোন উন্নতির ব্যবস্থা করছেন না। জেলায় মডেল কৃষি ফার্মে আজও কোন ব্যবস্থা করা হয় নি, উন্নত ধরনের বীজ সাপ্লাই করা হয় নি। আমরা শুনলাম আমাদের কৃষিমন্ত্রী বললেন গ্রামে একমণ করে বীজ দেওয়া হয়। প্রত্যেক গ্রামে ৩০০।৪০০ পরিবার বাস করে, সেখানে গ্রামে যদি একমণ বীজ সাপ্লাই করা হয়—সেটাও জ্যৈষ্ঠমাসে নয়, ভাদ্র মাসে—তাতে কি কাজ হবে? শুধু তাই নয়, জনসাধারণকে চাষের শিক্ষা দেবার কোন ব্যবস্থা নেই। জৈবিক সারকে সারে পরিণত করার কোন ব্যবস্থা হয় নি। সবচেয়ে দুঃখের বিষয় আমাদের পুরুলিয়া জেলায় সরকার থেকে সেচব্যবস্থা করা হয় নি যার জন্য প্রত্যেক বছরে দুর্ভিক্ষ হচ্ছে। আরও আশ্চর্যের বিষয় যে, সারের জন্য আজকে শস্য হচ্ছে না, অথচ আমাদের এখন যে সার রয়েছে সেই সারের আমরা অপব্যবহার করছি। আমি এটা মানুষের পায়খানার সারের কথা বলছি। এই সারের দ্বারের দ্বারা অনেক ফসল হতে পারে। কিন্তু এই সারের ব্যবহার করার কোন ব্যবস্থা নেই। এর পরিবর্তে আমাদের যে রাসায়নিক সার দেওয়া হচ্ছে তা আমাদের মাটি নষ্ট করে দিচ্ছে। কিন্তু সরকার আমাদের পায়খানা সারের কোন ব্যবস্থা করছেন না। শুধু তাই নয়, উপযুক্ত শিক্ষার কোন ব্যবস্থা নেই। এই সামাজিক শিক্ষার কোন ব্যবস্থা না করে কৃষি আয়কর বসানো হচ্ছে, যার জন্য কৃষক আরও শস্য উৎপাদন করতে সাহস পাচ্ছে না। তারা নিজেরা যদি কোন খাদ্যশস্য উৎপাদন করে তবে গভর্নমেন্টকে কর দিতে হবে, এই কর ব্যবস্থা চাষীদের কৃষিকাজ করবার শক্তি নষ্ট করছে। এই কৃষি আয়করে যারা ধনী লোক তাদের সুবিধা হচ্ছে, মহাজনরা ইনকাম ট্যাক্স দিচ্ছে, মহাজনেরা গরিব চাষীর উপর ট্যাক্স লাগাচ্ছে, যেমন দোকানের জিনিসের দর বাড়ায় আমাদের গ্রামের অবস্থা। তারা জর্জরিত হয়ে যাচ্ছে, সেসবের প্রতিকার করার জন্য কোন ব্যবস্থা হয় নি। যেখানে পঞ্চায়েত আছে, সেখানে বলদ লোন দেন। বলদ লোন ৩০০ বা ৪০০ টাকা পাওয়া যায়, কিন্তু তাও পাওয়া যায় না। ৪০০ টাকা সরকারের ক্ষেত্রে থাকলেও সরকারের লোকেরা সেখানে ১০০ টাকা করে দেয়। তারা ১০০ টাকায় বলদ কিনবে না পেটে খাবে সে বিচার সরকারের নেই। গ্রুপ লোন কৃষি কাজের জন্য দেওয়া হয়, এই লোন ২৫ টাকা দেওয়া হয়। এই ২৫ টাকায় লোক চাষের কি কাজ করবে? সে নিজে কি করে খাবে, এ সবের প্রতিকার করা হয় না। এই স্বৈরাচারী সরকার সব শেষ করে দিচ্ছে। আজকে পুরুলিয়া জেলায় যেভাবে সব মাঠ পড়ে আছে তাতে যদি গবেষণা করার ব্যবস্থা করা যায় তা হলে সেখানে কাজুবাদাম হতে পারে। আমরা শুধু আজ নয়, বরাবর বলেছি, সেখানে বিঘায় ৫০ মণ করে উৎপাদন করা হয়েছে কিন্তু সরকার থেকে সেখানে বিশেষ ব্যবস্থা করে সেসব বাড়ানোর কোন ব্যবস্থা করা হয় নি, সেসব সাপ্লাই-এর ব্যবস্থা নেই। সেখানে মাঠ পড়ে রয়েছে, সেখানে ডাল জাতীয় জিনিস হওয়া দরকার তা করা হচ্ছে না। খাদ্যের মধ্যে সবচেয়ে বড় জিনিস প্রোটিন। মানুষের সবচেয়ে প্রয়োজনীয় জিনিস প্রোটিন। আজ আমরা দুধ, মাংস, ডিম ইত্যাদি কিছুই খেতে পাচ্ছি না। এই খাদ্যের মধ্যে যেটা উৎপাদন করলে সব জিনিস পাওয়া যায় সেটা হচ্ছে সোয়াবিন। সোয়াবিন দুধের সমস্ত কাজ করতে পারে। এতে প্রোটিন মাংসের চেয়ে দু গুণ বেশী, ডিমের চেয়ে তিন গুণ বেশী এবং দুধের চেয়ে ১২ গুণ বেশী। কিন্তু সরকারের কোন খাদ্য ভাণ্ডারে এ জিনিস দেখতে পাবেন না। এই প্রোটিন জাতীয় খাদ্য সোয়াবিন উৎপাদন না করলে, ভবিষ্যতে প্রোটিন জাতীয় খাদ্যশস্যে সম্পূর্ণতা লাভ করতে পারা যাবে না। খাদ্যের একটা মস্তবড় অংশের সমস্যার সমাধান হবে না। এই প্রোটিন উৎপাদন না করে আমাদের সরকার আমাদের কিভাবে ধ্বংস করছে আমি তার একটা প্রমাণ দিচ্ছি। চাষাদের বলা হচ্ছে, বৈজ্ঞানিক উপায় ছাড়া চাষ হয় না। হালের দ্বারা চাষ হয় কিন্তু সেই হাল যে তৈরি করছে, যে কিনছে সরকার তাদের জোর করে জেলে দিচ্ছে। সরকার রায়পুরের বাজার, বড়দা গ্রাম ইত্যাদি গ্রামে ধরে ধরে চাষাদের জেলে দিচ্ছে।

[নয়েজ]

সোমবার হাটবার। ঐদিন চাষারা যদি হাল কিনতে আসে তবে সে হাল সরকার কেড়ে নিচ্ছে, তাদের ধরে জেলে দিচ্ছে এর প্রমাণ আছে। আমরা এই বিষয় আলোচনাকালে এই স্বৈরাচারী সরকারকে বলে দিতে চাই যে, এই ভাঁড়ামি চলবে না, কারণ মানুষ ধ্বংসের মুখে চলে যাচ্ছে, যদি এই আইন সংশোধন করা না হয়, তা হলে বাংলা অনিবার্য তার ফল পাবে, সরকার ধ্বংসের মুখে চলে যাবে।

[12-20—12-30 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অনগ্রসর পশ্চাৎপদ হওয়ার প্রধান কারণ হচ্ছে কৃষি সমস্যা। এই কৃষি সমস্যা সমাধানের জন্য মুখ্যমন্ত্রী যে ফিরিস্তি দিয়েছেন তা দেখে মনে হচ্ছে, দেশের উন্নতির জন্য যেন কোন ব্যবস্থাই তিনি বাদ রাখেন নি। কিন্তু ফল যা হয়েছে, তা থেকে প্রমাণ হবে যে, সরকার এই ব্যাপারে কতটুকু অগ্রসর হতে পেরেছে বা এই ব্যাপারে অগ্রসর হতে না পারার জন্য সরকারের কোন্ দৃষ্টিভংগী কোন্ মনস্তত্ব দায়ী রয়েছে। আজকে গ্রামের দিকে তাকিয়ে দেখতে পাচ্ছি যে, চাষীর ঋণের বোঝা দিনের পর দিন বৃদ্ধি করা হচ্ছে। তাদের মাথা নুয়ে পড়ছে- ঋণের ভারে, ফসলের ভারে নয়। শোষণের ভারে এবং সর্বপ্রকারের অত্যাচারের ভারে। আমরা দেখছি যে, চাষীদের যে জিনিস কিনতে হচ্ছে কলকারখানাজাত নিত্য প্রয়োজনীয় জিনিস—তার দাম দিনের পর দিন বেড়ে চলেছে। আর ধনিক সরকার তার দাম অনেক ক্ষেত্রে বেঁধে দিয়েছে। কিন্তু চাষীদের যে ফসল তার দাম বাঁধার দিকে সরকারের সত্যিকারের কোন সদিচ্ছা নেই। আজকে কৃষি সমস্যার সংগে ভূমি সমস্যা ওতঃপ্রোতভাবে জড়িয়ে রয়েছে। সেই সমস্যা সমাধানের জন্য যে আইন সরকার পাশ করেছিলেন সেটা ব্যর্থ হয়েছে। আজকে এই আইনের ফলে যেটুকু জমি ভূমিহীন চাষীর হাতে যাবার কথা তারা বলেছিলেন তার উপর কুঠারাঘাত করা হচ্ছে। তার কারণ এই ভূমি সমস্যা সমাধানের জন্য যে বলিষ্ঠতা দরকার, যে সামগ্রিক অর্থনৈতিক পরিকল্পনার দরকার এবং শক্তিশালী প্রতিক্রিয়াশীল শক্তির বিরুদ্ধে দাঁড়াবার যে ক্ষমতার দরকার তার কোনটাই এমন কি চাষীদের সংগে সরকারের যে ঘনিষ্ঠ যোগাযোগ থাকা দরকার তা কিছুই নেই। বরং যেটুকু ছিল তা আজকে বিচ্ছিন্ন হয়ে গেছে—কোন অস্তিত্ব নেই এবং যোগাযোগটা শোষকশ্রেণীর সংগে আরও ঘনিষ্ঠ হয়ে উঠেছে- ফলে আমরা দেখছি সরকার চাপে পড়ে যেসমস্ত আইন পাশ করছে সেগুলি কৃষকদের জন্য নয়—জনসাধারণকে বিভ্রান্ত করে, যাদের কাছে এই সরকারের টিকি বাঁধা রয়েছে সেই জমিদার-জোতদারদের হাতকে আরও পুষ্ট করা। ফসলের দাম বাঁধা ছাড়াও যদি চাষীর সমস্যা সমাধান করতে হয় তা হলে সংগে সংগে যে সারের কারখানা, ট্রাক্টর এবং অন্যান্য যে মেসিনের প্রয়োজন হবে চাষের জন্য, তার কারখানার যে প্রয়োজন রয়েছে সেইদিকে সরকারের দৃষ্টি নেই।

আজকে চাষের উন্নত ব্যবস্থার জন্য কলকারখানারও উন্নত ব্যবস্থার আশু প্রয়োজন কিন্তু সেদিকে সরকারের দৃষ্টি নেই। আজকে সরকার এখানে-ওখানে কতকগুলি অবাস্তব ও উদ্ভট পরিকল্পনা নিয়ে এসে এই দেশের জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করছেন যার জন্য সেই সমস্ত পরিকল্পনা সবই ব্যর্থ হয়ে যাচ্ছে। এই কম্যুনিটি ডেভেলপমেন্ট স্কীম আমেরিকা থেকে ধার করে নিয়ে এলেন, সেখানকার চাষের সমস্যা আর আমাদের দেশের চাষের সমস্যার মধ্যে যে আকাশ-পাতাল তফাৎ সে কথা বিবেচনা না করে তাঁরা সেই পরিকল্পনা চালু করবার চেষ্টা করে শুধু শুধু অর্থেরই অপচয় করেছেন এবং সমগ্র পরিকল্পনাও তার জন্য ব্যর্থ হয়েছে। আমি মনে করি, অবিলম্বে এই সব পরিকল্পনা পরিত্যাগ করা দরকার এবং সামগ্রিকভাবে একটা সুষ্ঠু বৈজ্ঞানিক পরিকল্পনা গ্রহণ করার প্রয়োজনীয়তা রয়েছে। বাংলার কৃষকসমাজের একটা বৃহৎ অংশ, এটা আমার কথা নয়, কংগ্রেসীরাই বলে থাকেন তাঁরা নাকি তাদের বিশ্বাস দিয়েছেন এবং তারা ভোট দিয়ে তাঁদের গদীতে বসিয়েছেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, তাঁরা তার প্রতিদানে সেই কৃষকসমাজকে কি দিয়েছেন? আজকে তাঁদের এই প্রশ্নের জবাবদিহি করতে হবে, আজকের এই অ্যাসেম্বলির সংখ্যাধিক্য সেদিন কোন কাজেই লাগবে না।

The Hon'ble Prafulla Chandra Sen:

মননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিতর্কে আমি বেশি সময় নিতে চাই না, সামান্য কিছু সময় নেব, বিতর্কের মূলে উত্তর স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় মহাশয় দেবেন। আমি যখন এখানে এসে বক্তৃতা শুনছিলাম তখন একজন মাননীয় বন্ধু, একেবারে বামের, তিনি বললেন আজকে আমরা নাকি রুশপন্থী হয়ে গিয়েছি, আর তিনি নাকি চীনপন্থী। তা আমরা সব পন্থী। ভারতবর্ষ যে নীতি গ্রহণ করেছে তাতে আমরা চীনপন্থীও বটে, রুশপন্থীও বটে, আমেরিকাপন্থীও বটে। কেননা, আমরা আজকে শান্তি চাই। কোন দেশ থেকে যদি কোন কিছু প্রস্তাব আসে তা আমরা নিশ্চয়ই গ্রহণ করব অবশ্য যদি সেটা সম্মানজনক শর্তে হয়। তা আমরা রুশপন্থীও হই নি, চীনপন্থীও হই নি। ও পক্ষের মাননীয় বন্ধুর নিশ্চয়ই স্মরণ আছে আমরা এক সময়, খুব বেশি দিন আগের কথা নয়, চীনপন্থীও ছিলাম, হিন্দী চীনী ভাই ভাইও আমরা বলেছিলাম। আজকে আমরা শান্তি চাই।

আজকে বাজেট বক্তৃতায় মাননীয় সদস্যগণ অনেক কথাই বলেছেন। আমরা সকলেই কৃষির উন্নতি চাই। আমাদের ভারতবর্ষে এবং বিশেষ করে পশ্চিম বাংলায় যদি আমরা কৃষি উন্নতি না করতে পারি তা হলে আমাদের সামগ্রিক অর্থনীতির উন্নতি হবে না। এটা সকলেই স্বীকার করবেন। যদি কেউ বলেন, পশ্চিম বাংলায় কৃষির উন্নতি হয় নি তা হলে আমি বলব যে, তিনি একটা রংগীন চশমা চোখে দিয়ে জিনিসটা দেখছেন। আমাদের মাননীয় স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় মহাশয় এই বাজেটের আয়-ব্যয় উত্থাপন করবার সময় বলেছেন, আমাদের এখানে আলুর ফলন বেড়েছে, পাটের ফলন বেড়েছে এবং অন্যান্য জিনিসেরও ফলন বেড়েছে। একজন মাননীয় সদস্য বললেন, আমরা ভেতো বাঙ্গালী, চালের কি ফলন বেড়েছে তার জবাব দিন কারণ চাল না হলে আমাদের চলে না। সত্যি কথা চাল না হলে আমাদের চলে না, ভাত আমাদের চাই-ই। তা আমার ব্যক্তিগত মতামত হচ্ছে আমাদের পশ্চিম বাংলায় যত জমিতে চাষ হয়, আবাদ হয়, তার মধ্যে এমন অনেক জমি আছে যে জমি নিকৃষ্ট জমি, মার্জিনাল, সাব-মার্জিনাল যাকে আমরা বলি, সেই জমিতেও আমরা চাষ করি। আমাকে জিজ্ঞাসা করলে আমি বলব, সেই সব জমিতে চাষ না করলেই ভাল। তা না হলে আমাদের ভূমি স্বাস্থ্য ঠিক থাকবে না, ভূমিক্ষয় এমন সাংঘাতিকভাবে হবে যে, তখন আমাদের কাঁদতে হবে। আজকে আমরা সেইজন্য চাই না আর বেশি জমিতে চাষ হোক এবং মাননীয় স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় মহাশয় আপনাদের জানিয়েছেন যে, শতকরা ৮৭ ভাগ জমিতে চাষ-আবাদ করার চেষ্টা করা হচ্ছে। জমি ব্যবহারের দিক থেকে পৃথিবীর অন্যত্র কোথায়ও এত অধিক জমিতে চাষ হয় না। এটা কোন প্রশংসার কথা নয়, এটা আতঙ্কের কথা, আশঙ্কার কথা। এখানে বাঁকুড়া জেলার কথা বলা হয়েছে, বীরভূম জেলার কথা বলা হয়েছে, গড়বেতা থানার জমির কথা বলা হয়েছে, পুরুলিয়া জেলার জমির কথা বলা হয়েছে। এই সব জায়গার জমিতে যদি আমরা চাষ করতে পারি তা হলে নাকি দেশের পক্ষে কল্যাণকর হবে। আমি মাননীয় সদস্যদের বলতে পারি যে, আজকে আমাদের পশ্চিম বাংলায় শতকরা ১৩ ভাগও বনভূমি নেই। আমাদের এ সম্পর্কে যাঁরা বিশেষজ্ঞ তাঁরা বলেন, শতকরা ৩০ ভাগ যদি বনভূমি থাকে তা হলে জমির স্বাস্থ্য ভাল থাকবে কিন্তু আমাদের ১৩ ভাগও বনভূমি নেই। তৎসত্ত্বেও আমরা গর্ব করে বলতে পারি আমাদের পাটের ফলন বেড়েছে, আলুর ফলন বেড়েছে, ধানেরও ফলন বেড়েছে এবং পুরুলিয়ার ও ইসলামপুরের যে অঞ্চল আমাদের পশ্চিম বাংলার সঙ্গে যুক্ত হয়েছে তা ধরে আমরা হিসাব করে দেখেছি। আমাদের এখানে বছরে বছরে ধানের ফলন যদি দেখা যায় তা হলে আমরা বলতে পারি, হ্যাঁ অমুক অমুক বছরে হয়ত কম হয়েছে, পৃথিবীতে এবং আমাদের পশ্চিম বাংলায় এমন কোনদিন আসবে কিনা আমি জানি না, খুব বৈজ্ঞানিক উন্নতি যখন হবে, অ্যাটম শক্তিকে যখন মানুষের কল্যাণের কাজে আমরা নিয়োগ করতে পারব তখন হবে কিনা আমরা জানি না, তবে আমরা দেখতে পাচ্ছি অদূরভবিষ্যতেও আমাদের সমস্ত জমিতে আমরা সেচের ব্যবস্থা কোনদিনই করতে পারব না। আমাদের পশ্চিম বাংলায় সব রকম সেচের ব্যবস্থা যা আছে তা ধরলেও ২০।২২ লক্ষ একর জমিতে আমরা জল দিতে পারি না।

[12-30—12-40 p.m.]

এখানে আমাদের মাননীয় সদস্যা সুধারানী দত্ত বলেছেন, কংসাবতী থেকে জল পাওয়া যাবে: কংসাবতী থেকে জল পেলে এবং আমরা যেসমস্ত ছোট, বড় এবং মাঝারি সেচব্যবস্থা করছি তা থেকে জল পেলেও পশ্চিম বাংলায় বোধ হয় এমন অবস্থা কোনদিন আসবে না যে, ৪৫ লক্ষ একরের বেশি জমিতে আমরা জল দিতে পারব। আমরা সমস্ত জমি চাষ করতে পারছি না—আমাদের ১ কোটি ৩৪ লক্ষ একর জমিতে চাষ হয়। আমি সেদিন দেখছিলাম মাদ্রাজ এবং অন্ধ্রে ধানের ফলন আমাদের চেয়ে ঢের বেশি এবং তার কারণ হচ্ছে অন্ধ্র সমস্ত রকম ধানের জমিতে সেচ ব্যবস্থা করেছে। অবশ্য তাদের দেশের অবস্থা ঐ রকম—অর্থাৎ আমাদের মত ৮৭ ভাগ জমিতে চাষ হয়। সেইজন্যই বলছিলাম আমরা আলোচনা করব, তর্ক-বিতর্ক করব, সমালোচনা করব ঠিকই, কিন্তু তখন এইসব বিস্তৃত উদাহরণ দিতে হবে। কিন্তু তৎসত্ত্বেও বলছি, ১৯৫১ সালে যে ৫ বছর শেষ হয়ে গেল সেই ৫ বছরের হিসেব না করলে বোঝা যায় না চাষের জন্য কতটা আকাশের উপর নির্ভর করতে হয়। আমরা বরাবরই বলে থাকি পশ্চিম বাংলায় ৫ বছরের মধ্যে এক বছর বন্যা হয়, ২ বছর শুকা হয়, ১ বছর প্রভূত ফলন হয় এবং ১ বছর স্বাভাবিক ফলন হয়। কাজে কাজেই ৫ বছরের হিসেব করতে হবে। মাননীয় সদস্যগণ যে পক্ষেরই থাকুন, তাঁদের বলছি, পশ্চিম বাংলায় আমরা যে ১ কোটি ৩৪ লক্ষ একর জমি চাষ করি, তার যদি হিসেব নিতে হয়, তা হলে পাঁচ পাঁচ বছরের হিসেব ধরতে হবে। পাঁচ পাঁচ বছর ধরে যদি হিসেব করি তা হলে দেখব আমাদের কৃষির বেশ উন্নতি হয়েছে। ১৯৫১-৫২ সালে যে ৫ বছর শেষ হয়েছে তাতে আমরা ৩৮ লক্ষ টনের বেশি চাল উৎপাদন করেছি পুরুলিয়া এবং ইসলামপুর ধরে। তারপর, ১৯৫৬-৫৭ সালে যে ৫ বছর শেষ হল তাতে ৪৫ লক্ষ টনের বেশি হয়েছে এবং তার পরের ৫ বছরও ৪৫ লক্ষ টনের বেশি করেছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, গত বৎসর আমাদের ভাল ফসল হয় নি কিন্তু তৎসত্ত্বেও আমি গত ৩ বছরের গড় বা অ্যাভারেজ করছিলাম এবং তাতে দেখলাম ৪৮ লক্ষ টন চাল উৎপাদন হয়েছে। তা হলে দেখা যাচ্ছে ৩৮ থেকে ৪৮ হয়েছে—অর্থাৎ আমরা ১০ লক্ষ টন বাড়িয়েছি। তারপর, আপনি জানেন আমরা কয়েক লক্ষ একর জমি ধান থেকে নিয়ে পাটে দিয়েছি এবং আমাদের পাটের উৎপাদন বেড়েছে। যেখানে আগে আমরা এক একরে আড়াই গাঁট পেতাম এখন সেখানে ৩ গাঁট পাচ্ছি। আমাদের উদ্দেশ্য হচ্ছে সাড়ে তিন গাঁট পাট উৎপাদন। আমাদের আরও পাট উৎপাদন করতে হবে এবং এটা করতে হবে আমাদের কৃষক এবং শিল্পের মঙ্গলের জন্য। যা হোক, এতে দেখা যাচ্ছে আমাদের পশ্চিম বাংলায় কৃষির উন্নতি হচ্ছে। আর একটা কথা আমি মাননীয় সদস্যদের স্মরণ রাখতে বলি যে, আমরা কৃষির জন্য সার দিচ্ছি। ১৯৬২-৬৩ সালে আমরা ১ লক্ষ টন রাসায়নিক সার বিক্রি করেছিলাম লোককে দিয়েছিলাম। গত বছর দিয়েছি ১ লক্ষ ২৩ হাজার টন। আমাদের রাসায়নিক সার বেশি হচ্ছে না, সব রকম মিলিয়ে যা হচ্ছে তাতে আমাদের যা প্রয়োজন এবং ২০ পাউন্ড করে যদি সার দেই তা হলে আমাদের ৭ লক্ষ টন রাসায়নিক সার দরকার। কিন্তু আমরা হয়ত ২ লক্ষ টন পাব। কাজে কাজেই আমরা প্রয়োজনমত সার দিতে পারছি না এবং এই যে পারছি না, এটা পশ্চিমবঙ্গ সরকারের দোষ, ত্রুটি, গাফিলতি বা কর্তব্যে অবহেলা নয়, এরকম অবস্থা সর্বভাবতে রয়েছে। তবে আমাদের দেশের লোকেরা সার নিচ্ছেও না। আমাদের একজন মাননীয় সদস্য কৃষকদের মঙ্গলের জন্য দুঃখের সঙ্গে বললেন, মশাই, আপনারা যা সার দিচ্ছেন তা লক্ষ লক্ষ কৃষক পাচ্ছে না, এটা বড় বড় জোতদাররা নিচ্ছে। এটা সত্য নয়। আমরা গরিব কৃষকদের কৃত্রিম সার সরবরাহ বাবত ঋণ দিচ্ছি এবং কোন বছর ২৮ লক্ষ টাকা, কোন বছর ৩০ লক্ষ টাকা এ বাবত দেই। গত বছর ২৮ লক্ষ টাকা মঞ্জুর করেছিলাম, কিন্তু ব্যয় হয়েছিল ১২ লক্ষ না ১৮ লক্ষ টাকা। এ বছর ৩০ লক্ষ টাকা দিয়েছি, কিন্তু তা ব্যয় হয় নি।

যেকথা বলবার জন্য একথা বলছিলাম, মাননীয় সদস্যরা সেটা শুনলে ভাল হয়। আমাদের পশ্চিম বাংলার কৃষকরা গত বছর ৫ কোটি টাকার রাসায়নিক সার কিনেছেন, তার মধ্যে ৪ কোটি ৮৮ লক্ষ কি ৮০ লক্ষ টাকার সার নিজেরাই নগদ টাকা দিয়ে কিনেছেন। একজন মাননীয় সদস্য বললেন, গ্রামগুলিতে কিছুই দেখা যায় না। এখনও আমাদের অনেক উন্নতি দরকার। সেটা স্বীকার করছি, কিন্তু গ্রামে গেলে কি দেখছি? কৃষকের ছেলেমেয়েরা পাঠশালায় পড়ছে।

আজকাল যে কোন গ্রামে গেলে মাননীয় সদস্যরা দেখতে পাবেন সেখানে স্কুল হয়েছে, আমাদের রাধাকৃষ্ণবাবু ঘাড় নাড়ছেন, তাঁর জেলায় স্কুল করেছেন, আমাদের কৃষকের ছেলেমেয়েরা স্কুলে যাবার জন্য পাগল। এখন স্কুলে গেলে, মাননীয় সদস্য মহাশয়, বই কিনতে হয়। কিশলয় বই কিনতে গেলে তার অর্থ বই কিনতে হয় কি হয় না সেটা অন্য ব্যাপার, কিন্তু আজকে পল্লীগ্রামে গেলে কি দেখতে পাই? কৃষকের ছেলেমেয়েরা বিদ্যালয়ে যেতে চায়, বই কিনে। আজকে এই অবস্থা হয়েছে। আজকে গ্রামে যদি যান, চোখ যাঁদের নাই, তাঁদের কথা বলছি না, যাঁরা রঙীন চশমা পরে যাবেন তাঁদের কথা বলছি না, আজকে আমাদের দেশের উন্নতি যতটা চাই ততটা হয় নি, কিন্তু আমরা এগিয়ে চলেছি। সমাজতান্ত্রিক ধাঁচেই হোক আর গণতান্ত্রিক ধাঁচেই হোক যেটা আমরা গর্বের সংগে বলছি করব। রাশিয়াও সমাজতন্ত্র প্রতিষ্ঠা করে নি, করবে বলে করতে পারে নি, চীনও পারে নি। এখন একজন কংগ্রেসের মাননীয় সদস্য বললেন, আপনি শুনলে অবাক হবেন, চীনদেশে প্রতি বর্গমাইলে ১৫০ জন লোক বাস করে রাশিয়াতে এক এক বর্গমাইলে বাস করে ২৭ জন লোক, জাপানে এক এক বর্গমাইলে ৬৮০ জন বাস করে, ইংলন্ডে এক এক বর্গমাইলে বাস করে ৭৮০ জন, বিশেষ করে ইউরোপে সবচেয়ে ঘনবসতিপূর্ণ নেদারল্যান্ডে প্রতি বর্গমাইলে ৮৯৫ জন বাস করে, আর আমাদের পশ্চিম বাংলায় প্রতি বর্গমাইলে বাস করছে ১,০৩২ জন। আমরা যদি কৃষির উন্নতি না করতে পারতাম তাহলে মাননীয় সদস্যদের বক্তৃতা অন্য রকম হত। একজন মাননীয় সদস্য বললেন যে, আমাদের দেশে ভূমিহীন কৃষকের সংখ্যা বাড়ছে।

[12-40—12-50 p.m.]

আমি সংগে সংগে আমাদের ২ বছরের আদমসুমারি দেখলাম ১৯৫১ এবং ১৯৬১ সালের। ১৯৫১ সালে পশ্চিম বাংলায় লোকসংখ্যা ছিল ২ কোটি ৬৩ লক্ষ, আর ১৯৬১ সালে পশ্চিম বাংলার লোকসংখ্যা হয়েছে ৩ কোটি ৪৯ লক্ষ এবং আজকে ৩ কোটি ৭২।৭৭ লক্ষ হয়েছে। কৃষক, মজুর ইত্যাদির শতকরা হিসাব কমে গেছে। তা হলে এতে কি প্রমাণিত হচ্ছে? এটা আমাদের ভাববার কথা এবং যদি ভাবেন তা হলে আর হাসতে হবে না। আমাদের দেশে সত্যিই উন্নতি হচ্ছে। সেজন্য আমাদের দেশে সমাজতান্ত্রিক ধাঁচে নয়, গণতান্ত্রিক সমাজব্যবস্থা যে আসছে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় সদস্যরা যতই হাসুন না কেন এটা আসছে এবং ভারতবর্ষের এটা করতে হবে, সকলকে নিয়ে করতে হবে। কারণ তা না হলে আমাদের কম্যুনিস্ট বন্ধুরা ভোটে আসতেন না, জোর করে ক্ষমতা দখল করতেন। তাঁরা মনে করেন, যদি কম্যুনিস্টদের ক্ষমতায় আসতে হয় তা হলে জোর করে ক্ষমতা দখল ছাড়া চলবে না। কি করে আসবেন ব্যালট বক্স-এর মাধ্যমে আসবেন। গণতন্ত্র না থাকলে জ্যোতিবাবু এখানে না থেকে বাহিরে অন্যরকম করতেন। কেননা তিনি ভারতবর্ষের লোকের শুভবুদ্ধির উপর বিশ্বাস করেন. ভারতবর্ষের লোক যে গণতন্ত্র মেনে নিয়েছেন, তাতে বিশ্বাস করেন এবং বিশ্বাস করেন বলেই আজকে এখানে ৪৭।৪৮ জন কম্যুনিস্ট সদস্য আছেন। সেজন্য এটা ঠাট্টার কথা নয়, এটা চিন্তা করে দেখা দরকার। আমি বলব এটা গর্বের ব্যাপার। ভারতবর্ষ জগতে এমন একটা নূতন জিনিস দেখাচ্ছেন যা ইতিপূর্বে কোথাও হয় নি। চীনে হয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কি কালকের খবরের কাগজে পড়লাম যে কালোবাজারীর জন্য সোভিয়েট রাশিয়ায় ৯ জন লোককে গুলী করে মারা হয়েছে। আগে মহামান্য স্টালিনের আমলে এসব খবর বেরুত না। কাজেই সমাজতন্ত্রের কথা বলা যত সহজ, কার্যে তত সহজ নয়। এ বিষয়ে অনেক চেষ্টা করতে হবে এবং আমরা চেষ্টা করছি তবে এটা কঠিন কাজ। কিন্তু আমরা নিশ্চয় করতে পারব সে বিষয়ে কোন সন্দেহ নেই।

বিরোধী দলের একজন মাননীয় সদস্য ঠিক কথাই বলেছেন যে, আমাদের এই দাংগায় অনেক লাঙ্গল নষ্ট হয়ে গেছে। আমি আমাদের কৃষিবিভাগ এবং ত্রাণবিভাগকে নির্দেশ দিয়েছি যে, যাদের লাংগল নষ্ট হয়েছে তাদের প্রত্যেককে লাংগল দিতে হবে। একজন বন্ধু বললেন, আপনারা কেন গরু দেবেন না? নিশ্চয় আমরা দেব আমরা গরু কেনার জন্য ঋণ দেব, লাংগল অমনি দেব। আজ সেজন্য আমরা যে পথে চলেছি সেখানে কৃষির যে উন্নতি হচ্ছে সে বিষয়ে সন্দেহ নেই। আর একটা কথা বলব, সেটা হচ্ছে যে, কৃষি উন্নয়নের কাজটা রাতারাতি হয় না। কে একজন বললেন যে, এটা শূন্যে বাজী ফেলা নয় তিনি এটা খুব সত্যি

কথা বলেছেন। এটা ঠিক যে কৃষি উন্নয়নের যে কাজ সেটা খুব ধীরে ধীরে করতে হবে। আমাদের দেশে ৩৮ হাজার গ্রাম, লক্ষ লক্ষ কৃষক—কারুর ২ বিঘা জমি, কারুর এক বিঘা জমি আছে। তাঁরা যেভাবে কাজ করছেন এর ফল ২।৪ বছরে পাওয়া যাবে না—এর ফলের স্বরূপ হল—যাকে ইংরাজীতে বলে কিউমুলেটিভ এফেক্ট। আমার সামান্য জমি আছে। আমার দেড় কাঠা জমি—এমন কিছু নয়—কোন যত্ন নেওয়া হয় নি, কিন্তু আমার একজন মুসলমান কর্মী আছে সে আমার ঐ দেড় কাঠা জমিতে চাষ করে। এবার আলুর ফসল খুব হয় নি। সে ঐ দেড় কাঠা জমিতে চাষ করে সাত মণ দশ সের আলু পেয়েছে এবং সেই আলু আমি আমাদের অনেক মন্ত্রীদেরও দিয়েছি। আমার জমি খুব ভাল নয় এবং তাতে আমি সবুজ সার ব্যবহার করেছি। আমি খুব বেশি পরিমাণে রাসায়নিক সার দিতে পারি নি। তখন পাওয়া যাচ্ছিল না বলে। আমাদের এই সরকারী কৃষিক্ষেত্রগুলি সম্বন্ধে আমি যখন প্রথমে কৃষি বিভাগের ভার নিই তখন আমার নিজের খুব মন খারাপ হয়ে গিয়েছিল এই ভেবে যে, এসব কৃষিক্ষেত্রে খুব ভাল কাজ হচ্ছে না। আমাদের ১৮৬টা কৃষিক্ষেত্র আছে। এর মধ্যে ১১০টা ঠিক ঠিকভাবে চলছে। ৯৬টা কৃষিক্ষেত্র থেকে হিসাব যা পেয়েছি তা দেখে খুব আনন্দ ছিল। ৯৬টা কৃষিক্ষেত্রের মধ্যে ২৮টা বাদ দিলে বাকী সব কৃষিক্ষেত্রই লাভ করছে। এই লাভ মানে হচ্ছে এস্টাব্লিশমেন্ট খরচ ধরে—অর্থাৎ সেখানে যে বেশি বেতন দেওয়া হয় সরকারী কর্মচারীদের সেই বেশি বেতন দিয়েও তারা লাভ করছে।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আর একটা কথা জানাতে চাই। আমাদের সরকারী কৃষিব্যবস্থার জন্য যা জমি পাই তা ভাল জমি নয়; যদি ভাল জমি অধিকার করতে যাই তা হলে দরখাস্ত পড়ে। সুতরাং বাধ্য হয়ে খারাপ জমি নিয়ে আমাদের কাজ করতে হচ্ছে। এসব জমি নিয়ে আমাদের অনেকে নিন্দা করেছে, হেসেছে, অনেকে অভিযোগও করেছে। কিন্তু আজকে অনেকে অভিনন্দন জানিয়ে কথা বলছে। আজকে ১৮৬টার মধ্যে ৯৩টা সরকারী কৃষিক্ষেত্রের হিসাব আমি বার বার দেখেছি। এবং তাদের মধ্যে অধিকাংশ কৃষি-ক্ষেত্রের এস্টাব্লিশমেন্ট, বেতন ইত্যাদি দিয়েও লাভ হচ্ছে। এটা আমাদের কম গর্বের কথা নয়। আজকে সেজন্য ছোট ছোট কৃষক যাঁরা, যাঁদের দু-তিন বিঘা জমির মালিকানা তাঁরাও এসব দেখে কাজ করবার উৎসাহ পান এবং এরূপ একজন মাননীয় সদস্য বললেন যে, এরূপ কাজে ভাল ফল পাওয়া যাচ্ছে। এখনও দেখা গেছে যে, তিন বিঘা জমি থেকে সংসার চালানো হচ্ছে। কাজেই নিবিড় চাষ যাতে চলে তা করতে হবে। আমার কাছে নিবিড় চাষ সম্পর্কে যে হিসাব এসেছে তাতে দেখছিলাম পশ্চিমবঙ্গ মাত্র দু বৎসরে যা করেছে তাতে অন্যান্য রাজ্য থেকে সে পিছিয়ে নেই বরং এগিয়ে গেছে। আমার বলবার কথা—মোটমাট এই যে কৃষির ব্যাপারে আমাদের দুঃখ পাবার কারণ নেই। আজকে পাট, আলু, ধান, চা, ইত্যাদির জমি যা চাষের আওতায় এনেছে, সেচের মাধ্যমে তা যদি ধরি এবং সেকথা যদি চিন্তা করি তা হলে মাননীয় সদস্যগণ স্বীকার করবেন যে, আমাদের কৃষিবিভাগ কিরূপ সন্তোষজনক-ভাবে কাজ করছে এবং আমাদের যে লক্ষ্য আছে সে লক্ষ্যে পোঁছাতে পারব।

[12-50—1 p.m.]

The Hon'ble Smarajit Bandyopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, জবাব প্রায় সবই মুখ্যমন্ত্রী দিয়েছেন। আমি বক্তব্য খুব সংক্ষেপে রাখব। অনেক মাননীয় সদস্য বলেছেন, আমি নাকি আত্মসন্তুষ্টির মনোভাব প্রকাশ করেছি এবং উন্নয়নের ফিরিস্তি দিয়েছি। আমি এই কথা বলছি—উন্নয়ন সত্যই যথেষ্ট হয়েছে, কিন্তু তবুও উৎপাদনে ঘাটতি আছে এবং ঘাটতি পূরণের জন্য সর্বশক্তি নিয়োগ করতে হবে এবং তা করবার জন্য যেসব পরিকল্পনা করা হয়েছে তার একটা বিবৃতি দেওয়া হয়েছে মাত্র। মাননীয় সদস্যগণ বারবার বলেছেন, ঘাটতি পূরণের কথা। মাননীয় সদস্য দেবশরণ ঘোষ মহাশয় বলেছেন যে, তিন একর জমির মালিক ছাড়া বলদচালিত পাম্প দেওয়া হয় না। এটা ঠিক নয়, এরূপ কোন বাধানিষেধ নেই। শ্রীকমলকান্তি গুহ কোচবিহারে নারিকেল এবং সুপারির চারা যা দেওয়া হত তা বন্ধ করে দেওয়া হয়েছে বলেছেন। এটা ঠিক নয় এরূপ দেওয়া হত এবং হবে। আমরা দেখেছি, কোচবিহারের ফার্ম ১৯৬৩-৬৪ সাল থেকে ৬০ হাজার ফার্মকে দেওয়া হচ্ছে। সুপারি এবং নারিকেল দশ হাজার বিলি করা

হয়েছে। শ্রীগুহ তামাকের ন্যায্য দরের কথা বলেছেন। এটা ভারত সরকার নির্ধারণ করেন। সুতরাং পশ্চিমবঙ্গ সরকারের এতে হাত নেই। ভারত সরকারের সঙ্গে লেখালেখি চলছে। পাটের দর তাঁরা বেঁধে দিয়েছেন আসাম বটম তিরিশ টাকা এবং তামাকের কথা মনে রাখতে হবে যে, তামাকের দর কমানোর অন্যতম কারণ, আজকাল লোকে আর হুঁকোয় তামাক খায় না। হুঁকোয় তামাক খাওয়া একেবারে উঠে গেছে বললেই হয়। একমাত্র সিগারেটের তামাক করতে পারলে মার্কেট পাওয়া যেতে পারে। সেজন্য দিনহাটায় টোব্যাকো রিসার্চ স্টেশন ভারত সরকারের পক্ষ থেকে করা হয়েছে। সেখানে গবেষণা করা হচ্ছে কি করে উন্নত ধরনের তামাক করা যায়। তার ফলে যদি ভাল তামাক পাওয়া যায় তা হলে মার্কেট আরও বাড়াতে পারা যাবে।

শ্রীরাধানাথ চট্টরাজ ইক্ষুচাষ বাড়াবার কথা বলেছেন--বাড়াতে কোন আপত্তি নাই। তবে রামনগর সুগার মিল এলাকায় ভাল চাষ হয় আমরা সেখানে সার দেবার ব্যবস্থা যারা চাষ করে তাদের করেছি। ঈশ্বরবৃত্তি, চলতা সম্পর্কে মাননীয় সদস্য শ্রীসনৎ রাহা এবং আরও অনেকে বলেছেন, এ সম্পর্কে আমি বলছি যে, একটি মার্কেটিং রেগুলেশন বিল আসছে--সবই হয়ে গেছে কিছু খুঁটিনাটি বাকি আছে। শীঘ্রই সেই বিল বিধানসভায় আনছি। রেটিং-এর ব্যবস্থা সম্বন্ধে শ্রীসনৎ রাহা বলেছেন--সে সম্পর্কে পরিকল্পনা কমিশনের সদস্য শ্রীশ্রীমন নারায়ণ বলেছেন তিনি এখানে এসেছিলেন পূর্বাঞ্চলে পাট কাঠার জন্য তিন কোটি টাকা পরিকল্পনা কমিশন মঞ্জুর করেছেন। আমরা সেটা ঋণ বা অনুদান কি হিসাবে পেতে পারি সে সম্বন্ধে আমরা আলোচনা করছি। এ সম্বন্ধে চূড়ান্ত কিছুই হয় নি। গোলাম ইয়াজদানি সাহেব বলেছেন যে, ৮৭ ভাগ জমি কি সবই ধান হয়? আমি তো বলি নি যে, সবই ধান হয়। হাড়োয়া এবং সুন্দরবন এলাকার সমস্যা সম্বন্ধে তিনি বলেছেন--আমি বলছি যে, সেখানে নারিকেল চাষের ব্যবস্থা করা হচ্ছে এবং সেখানে আরও কি কি চাষ করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। রেমী সম্পর্কে শ্রীগোলাম ইয়াজদানি বলেছেন রেমি সম্পর্কে আমাদের চেষ্টা করা হচ্ছে আমরা জাপানে স্যাম্পল পাঠিয়েছি তাঁরা পরীক্ষা করে দেখছেন--অবশ্য এটা কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ বিভাগের ব্যাপার। তাঁরা আমাদের ফলাফল জানালেই এই রেমি তৈরি করবার যন্ত্রপাতি জাপান থেকে আনিয়ে আমরা নিশ্চয়ই রেমি চাষের ব্যাপক ব্যবস্থা করব। বোরো চাষ ভাল হচ্ছে না একজন মাননীয় সদস্য বলেছেন। আজকের এখানে মাননীয় সদস্য শ্রীপার্বতীচরণ হাজরা বলেছেন, তারকেশ্বরে বোরো চাষ ভাল হয়েছে এবং মালদায়ও হবে বলে আশা করি। অনেকে অনেক বিষয় আলোচনা করেছেন সেগুলির কৃষির সঙ্গে কোন সম্পর্ক নেই। ভূমিহীনদের ভূমি দিতে হবে এ সম্পর্কে অবশ্য কোন সন্দেহ নেই কিন্তু এটা আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী রয়েছেন তিনি দেখছেন। আমরা সেজন্য জমিদারী উচ্ছেদ করেছি-- এবং উদ্বৃত্ত জমি ভূমিহীনদের কি করে দেওয়া যায় সে সম্পর্কে নানা চেষ্টা হচ্ছে। গ্রামদান বিলও সেজন্য এসেছে। একথা আজকে গর্বের সঙ্গে স্বীকার করতে হবে জমিদারী প্রথা বিলোপ সাধন এবং ভূমিহীনদের ভূমি দিতে হবে বলে এই ভূমি সংস্কার আইন বাংলা অন্য প্রদেশ থেকে অগ্রণী আছে এবং এ বিষয়ে বাংলা সর্বপ্রথম পদক্ষেপ করেছে। আমরা সবাই স্বীকার করি যে ভূমিহীনকে ভূমি দিতে হবে না। আমাদের ডেমোক্রেটিক সোস্যালিজম সম্বন্ধে অনেকে কটাক্ষ করেছেন। আগেও সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি নিয়ে সমালোচনা করা হত, এখনও করা হচ্ছে। আমাদের মাননীয় সদস্য শ্রীহরেকৃষ্ণ কোনার বললেন যে, আমাদের পক্ষের অনেক সদস্য বলেছেন যে, আমরা যদি সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠন করতে না পারি তা হলে হিংসাত্মক বিপ্লব হয়ে যাবে।

[1—1-11 p.m.]

একথা ঠিক যে, আমরা সোস্যালিজম চাই, ডেমোক্রেটিক ওয়েতে চাই, তার মানে আমরা চাই শান্তিপূর্ণ পন্থায় আইনের সাহায্যে যেমন আমরা জমিদারী প্রথার বিলোপ সাধন করেছি, যেমন আমরা সামন্ততান্ত্রিক প্রথার বিলোপ সাধন করেছি, তেমনি আমরা সমাজতান্ত্রিক সমাজ-ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চাই। রেভলিউশনেও আমাদের আপত্তি নেই, আমরা হিংসাত্মক রেভলিউশনের বিরুদ্ধে এটাই আমরা বলেছি। সেদিন মাননীয় সদস্য তরুণ সেনগুপ্ত মহাশয় রামা রাওয়ের কথা বললেন এবং সেদিন তিনি তাঁরা একটা উদ্ধৃতিও দিয়েছিলেন। অবশ্য তিনি

আমাদের কংগ্রেসের কোন কর্মকর্তা নন। আমরা যে সামাজিক বিপ্লব চাই সেটা শান্তিপূর্ণ পন্থায়ই চাই এবং একথা খুবই সত্যি, কংগ্রেস যদি তার ভূমিকা ঠিকমত পালন না করতে পারে তা হলে হয়ত হিংসাত্মক পথে এই বিপ্লব হতে পারে। আমি প্রভিন্সিয়াল কংগ্রেস সম্মেলনে বিডন স্কোয়ারে একথা তারস্বরে বলেছি, ভুবনেশ্বরের প্রস্তাব অনুযায়ী যদি শান্তিপূর্ণ উপায়ে আমরা সমাজতন্ত্র প্রতিষ্ঠা না করতে পারি, তা হলে হিংসাত্মক পথে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে, তাতে আশ্চর্য হবার কিছু নেই। প্রসঙ্গক্রমে আমি ঐ প্রস্তাব উল্লেখ করতে চাই

"The Congress is working for a revolution in the economic and social relationships in Indian society. The revolution is to be brought about through radical changes in the attitudes and outlook of the people as well as institutions through which they have to function. This changes has to be achieved by peaceful means and with the consent of the people while preserving and fostering the democratic methods and values as enshrined in the Constitution of India'."

সেদিন মাননীয় সদস্য, বোধহয় শ্রীসনৎ রাহা বলেছেন, পশ্চিম বাংলার কোন লোক সোস্যালিজমের কথা বলে না, আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই ভুবনেশ্বরে বোধ হয় আমিই একটি সংশোধনী এনেছিলাম যে, সোস্যালিস্ট স্টেটের জায়গায় সোস্যালিস্ট সোসাইটি বসানো হোক এবং জয়পুরে যে ডেমোক্রেটিক সোস্যালিজমের নোট গৃহীত হয় এবং সেই সম্পর্কে বিভিন্ন প্রাদেশিক কংগ্রেস কমিটির মতামত জানতে চাওয়া হয়, আমাদের পশ্চিম বাংলার কংগ্রেস কমিটির তরফ থেকে একটা সাব-কমিটি গঠিত হয়, তাতে আমি ছিলাম এবং ডাঃ প্রতাপ চন্দ্র প্রভৃতি ছিলেন এবং আমরা আমাদের প্রাদেশিক কংগ্রেস কমিটি থেকে যে অভিমত দিয়েছিলাম, তার কিছু কিছু ভুবনেশ্বরে গৃহীত হয়েছে তাঁদের আমি এটা এই প্রসঙ্গে জানাতে চাই। এই যে লিমিটস্ টু প্রপার্টি অ্যান্ড ইনকাম

particularly in urban areas

সেটা আমাদেরই সাজেশন ছিল।

"It is necessary to bring about a limitation of incomes and property in private hands. This limitation should apply specially in respect of inherited wealth and urban property."

এটা পশ্চিম বাংলার সাজেশন ভুবেনেশ্বরে গৃহীত হয়েছিল। আমাদের এখানে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা সত্ত্বেও প্রাকৃতিক দুর্যোগে যখন ফসল হানি হয় তখন অনেকে অনেক রকম উপহাস করেন কিন্তু সেদিন আমি কাগজে দেখছিলাম সোভিয়েট রাশিয়াতেও প্রাকৃতিক দুর্যোগের জন্য ফসল হানি হয়। আমাদের মুখ্যমন্ত্রী যখন খাদ্যাভাবের জন্য আলু খেতে বলেন, তখন এখানে অনেক পরিহাসের কথা শুনি। অথচ কাগজে দেখলাম, সোভিয়েট প্রধানমন্ত্রী মিঃ ক্রুশ্চেভ রাশিয়ার জনগণকে খাদ্যাভাবের দরুণ বেশি করে আলু ও সব্জী খেতে বলেছেন। সোভিয়েট রাশিয়ার প্রতি আমাদের শ্রদ্ধা আছে, তারা আমাদের মিত্র রাষ্ট্র। তাদের হেয় করবার জন্য বলছি না। রাশিয়ার মত অতখানি বিজ্ঞানে উন্নত দেশেও যদি প্রাকৃতিক দুর্বিপাকে ফসল হানি ঘটে থাকে তা হলে এটা আমাদের দেশের পক্ষে এমন কিছু দোষের নয় বলেই মনে করি। এই বলেই আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি এবং আমার ব্যয়-বরাদ্দের প্রস্তাবকে সমর্থন জানানোর জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি।

Shri Lutfal Hoque:

আমাদের অন্য কোন অঞ্চলে গরু দিয়ে ফসল খাইয়ে দেওয়া হচ্ছে। আমাদের সমাজজীবনে এই যে একটা বিড়ম্বনা এর থেকে আমাদের কৃষকরা কি করে রক্ষা পাবে এ সম্পর্কে আমি কৃষিমন্ত্রীর বক্তব্য শুনতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হয়েছে যে এটা বন্ধ করতে হবে।

Mr. Speaker: I now put all the cut motions except Nos. 15, 32 and 4[illegible] on which division has been claimed.

The motions were then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sreemohan Thakur that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr Radhanath Chattoraj that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re 1, was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re 1 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re 1, was then put and lost.

The motion of Shri Birendra Narayan Ray that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Kanai Pal that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Gopal Basu that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr Radhanath Chattoraj that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Tarapada Dey that the motion of Rs. 13,86,29,000 for expenditure under Grant No 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Subodh Chowdhury that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Mrigendra Bhattacharyya that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Adwaita Mandal that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Radhika Dhibar that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gopal Basu that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ganesh Ghosh that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mondal that the demand of Rs. 13,86,29,000 for expenditure under Grant No. 22, Major Heads "31-Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 13,86,29,000 for the expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Re. 1 was then put and a division taken with the following result:—

NOES—90

Abdul Bari Moktar, Shri
Abul Hashem, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charu Shila
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Ghosh, The Hon'ble Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Jana, Shri Mrityunjoy
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Debendra Nath

Maitra, Shri Birendra Kumar
Maiti, The Hon'ble Abha
Majhi, Shri Budhan
Mallick, Shri Ashutosh
Mitra, Shrimati Biva
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Wangdi, The Hon'ble Tenzing
Ziaul Haque, Shri Md.

AYES—31

Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Bakshi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Chattoraj, Dr. Radhanath
Choubey, Shri Narayan
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Ganesh

Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kisku, Shri Mangla
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Bhakti Bhusan
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand

The Ayes being 31 and the Noes 90, the motion was lost.

The motion of Shri Hare Krishna Konar that the demand of Rs. 13,86,29,000 for the expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100 was then put a" a division taken with the following result:—

NOES—90

Abdul Bari Moktar, Shri
Abul Hashem, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil

Dhar, Shrimati Charu Shila
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
Ghosh, The Hon'ble Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Jana, Shri Mrityunjoy
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahammed Giasuddin, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, The Hon'ble Abha
Majhi, Shri Budhan
Mallick, Shri Ashutosh
Mitra, Shrimati Biva
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Singhadeo, Shri Shankar Narayan

Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Wangdi, The Hon'ble Tenzing
Ziaul Haque, Shri Md.

AYES—31

Adhikary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Bakshi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Chattoraj, Dr. Radhanath
Choubey, Shri Narayan
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Ganesh
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kisku, Shri Mangla
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Bhakti Bhusan
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Suchand

The Ayes being 31 and the Noes 90, the motion was lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand of Rs. 13,86,29,000 for the expenditure under Grant No. 22, Major Heads "31—Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES—90

Abdul Bari Moktar, Shri
Abul Hashem, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, The Hon'ble Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas

Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charu Shila
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, The Hon'ble S. M.
